I think the question of referring to the Government of India does not arise at all so far as the emplovees of the State Government are concerned. With regard to the part-time officers, no reference was made to the Government of India.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Office of profit under th Crown has already been defined by an Act of the Legislature. I woul like to find that out. So, I cannot accept the amendment at this stage We will see about it later on.

The question that clause 2 do stand part of the Bill was then put an agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then pu and agreed to.

The Hon'ble Dr. Bidran Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1959, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Private Fisheries Protection (Amendment) Bill, 1959.

The Hon'ble Hem Chandra Naskar: Sir, I beg to introduce the Private Fisheries Protection (Amendment) Bill, 1959.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Hem Chandra Naskar: Sir, I beg to move that the Private Fisheries Protection (Amendment) Bill, 1959, be taken into consideration.

১৯৫২ সালের অক্টোবরের মাঝামাঝি, পশ্চিমবঙ্গে যে সমস্ত আইন ও প্রবিধান বলবৎ ছিল, সেগুলি পরীক্ষা করবার এক সিদ্ধান্ত রাজ্যসরকার গ্রহণ করেন। তদনুযায়ী সরকার গঠিত রাজ্য-আইন কমিশনের নিকট

Bengal Private Fisheries Protection Act (Bengal Act II of 1889).

সমীক্ষা করবার উদ্দেশ্যে প্রেরণ করা হয়। উক্ত আইন কমিশন উল্লিখিত আইনটি সমীক্ষার পর আইনটির কয়েকটি ধারার সংশোধনের সুপারিশ করেন। ঐ সুপারিশগুলি আইনে পরিণত করাই বর্তমান সংশোধনী বিলটির মুখ্য উদ্দেশ্য। সংশোধনী বিলটির মুখ্য বিধানগুলি আমি পাঠ করছি:—

(ক) আইনটির ২য় ধারায় "প্রাইভেট ফিসারিজ" সংজ্ঞা বর্তমানে সীমাবদ্ধ অর্থে ব্যবহৃত হচ্ছে। এর প্রয়োগক্ষেত্র প্রসার করা প্রয়োজন।

(খ) আইনটির ৩য় ধারায় "নেভিগেবল রিভার" সংজ্ঞা পূর্বাপেক্ষা পরিষ্কারভাবে ব্যক্ত করা প্রয়োজন।

(গ) আইন লঙ্ঘন নিবারণকল্পে পূর্বাপেক্ষা অধিকতর নিরোধমূলক এবং কার্যকরী শাস্তির ব্যবস্থা করা দরকার।

অতএব, এই বিলটি আপনার মাধ্যমে এই সভায় বিবেচনার জন্য পেশ করছি।

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1959.

Sir, I would have been happy if the Private Fisheries Protection Act had been repealed because there is no necessity of keeping alive this Bengal Act II of 1889. At the time when this Act was passed, private owners were the owners of fisheries and they were in difficulty in protecting their nets and keeping watch over their fisheries. Therefore, it was felt at that time that an Act was necessary. In 1889, i.e. about 70 years ago there was no effective legislation for checking all these unruly elements who came upon the private fisheries, who took away the nets and took away the fishes caught in those nets. Therefore, at that time an Act was necessary to check these criminal trespasses or thefts. At that time, the Indian Penal Code or the Criminal Procedure Code was not in the field. Therefore, protection was afforded to the fishermen under that Act. But now the offences which have been contemplated here can be effectively and better dealt with by the existing laws, such as the Criminal Procedure Code and the Indian Penal Code. So, the protection which is contemplated in this Bill is not necessary—it is for protection of these private fisheries. You know, after the passing of the Estates Acquisition Act, what kind of fisheries can be retained by the private owners.

[6-30—6-40 p.m.]

According to the West Bengal Estates Acquisition Act tank fisheries are protected and no other fishery remains. All of them have vested in the State. Now only for the protection of tank fisheries this Act is obsolete and this should not be revived again. I would say that an attempt has

been made to give a premium to the owners of the private fisheries. The **premium is in this way,** i.e. **by way of a change of definition** of the **navigable rivers. In this Act** navigable river has not been defined. This **definition** you will **get** from the alluvion and diluvion Regulation of 1825. **There** you will **see** that the navigable river has been defined in this way, **i.e.,** if a river is not navigable at any time of the year, i.e., when there **is the** lowest ebb or even the river cannot be crossed by the persons without **swimming,** then that river becomes a navigable river and tidal river. Other **rivers** are not. But here you are trying to change the definition of the **navigable** river and you are trying to say even the private khals and other **small** creeks which are dried up at certain times of the year should also be **regarded** as navigable rivers for the purpose of giving premium to the owners of private fisheries. I would say that this is not a beneficial bit of legislation which will do benefit to any section of the people except the owners of private fisheries who are trying to evade in the matter of estates acquisition and to enjoy the benefits of those properties depriving the State from the benefits of them.

Again, there is another thing which is this, i.e., when a man is caught, **he** is punished, he is fined and put to jail but there is a peculiar way of punishment which has been afforded to the private owners of the fisheries in several clauses of this Act. You will see, Sir, that at the time of passing the judgment, the Magistrate may give some portion of the fine to **the** deprived owners but if the provision is compulsorily made that the men **who** are found guilty shall have to pay the price, then that is an additional burden which is being put on them. So this is high time in the day or at **this** stage this Act is a misfit. Therefore, I would request you to repeal **this** Act totally and make suitable amendments of Section 6 of the Estates Acquisition Act whereby the State will get the benefit of these big *jheels* and fisheries and the private owners will remain the owners of the tanks the **area** of which is circumscribed.

Shri Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of January, 1960.

স্পীকার মহাশয়, আমি একটা সার্কুলেশন মোশন দিয়েছি এই জন্য যে ফিসারী সংক্রান্ত ব্যাপারে যে পদ্ধতি আইন পাশ করার পরে চলছে তাতে করে এর যে সমাধা হবে এবং প্রকৃতপক্ষে সেইসমস্ত জমি কবে চাষে আসবে সে সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। সেজন্য এই ব্যাপারে গুরুত্বপূর্ণ এমেন্ডমেন্ড দেওয়ার প্রয়োজন আছে এবং সাধারণ মানুষের সাজেশন নেওয়ার প্রয়োজন আছে। কারণ আমরা দেখছি যে, যে ফিসারীগুলি ছিল সেই ফিসারীগুলি উঠে যাওয়া তো দূরের কথা নূতন করে ফিসারীর আবার জন্ম হচ্ছে। এ ছাড়া আইনে এমন ব্যবস্থা আছে যে তাতে চাষের জমির জন্য ফিসারীগুলিকে উদ্ধার করা এখনও পর্যন্ত সম্ভব হয় নি। নানারকম আইনের ফ্যাকড়া রয়েছে, একবার তার তদন্ত হচ্ছে, তারপর আবার তাদের বিরুদ্ধে মামলা হচ্ছে—হাইকোর্টে এই সমস্ত কেস পেন্ডিং থাকছে যার ফলে আইনগত ব্যাপারে এত খুঁটিনাটি ত্রুটি রয়ে গেছে, যেগুলি সম্পূর্ণরূপে পরিবর্তন করে নতুন করে যদি ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে এই ফিসারী হাতে আসা খুব মুস্কিল আছে। সেজন্য এটা একটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি সেজন্য মনে করি যে আমাদের চিন্তা করার প্রয়োজন আছে এবং সাধারণ মানুষের মতামত নেওয়ার প্রয়োজন আছে যে কোন্ কোন্ পদ্ধতি গ্রহণ করলে পর এই ফিসারীগুলিকে সত্যিকারের উদ্ধার করা যেতে পারে এবং চাষের জমিতে পরিণত করা যেতে পারে। ২ নম্বর হচ্ছে যে ছোট ছোট যেসমস্ত খাল বিল আছে এবং যেগুলি স্বাভাবিক চ্যানেল সেগুলি এর অন্তভুক্ত হচ্ছে কেন সেটা আমি বুঝতে পারলাম না—সেটা ক্ল্যারিফাই-এর প্রয়োজন আছে। বিভিন্ন জায়গাতে জমির মধ্য দিয়ে যে অসংখ্য সাধারণ খালবিল আছে সেগুলি হচ্ছে ওয়াটার প্যাসেজ—যেগুলি দিয়ে জলসেচ হয় সেগুলি আবার ফিসারী হিসাবে ব্যবহৃত হয় যার ফলে চাষের জমি ক্ষতিগ্রস্ত হয় এবং বিপন্ন হয়। প্রতি বছর এই ঘটনা ঘটছে। এখানে যে

নকগুলি রাখবার চেষ্টা হচ্ছে সেগুলিকে অন্তর্ভুক্ত করে সেগুলিকে আরো সংস্কার করে ষের জমিকে আরও চাষের ব্যবস্থা করা হচ্ছে কি না সেটা আমি এর স্বারা বুঝতে পারছি না। জন্য সেটা পরিষ্কার হওয়ার প্রয়োজন আছে। ৩ নম্বর হচ্ছে, ট্যাঙ্ক ফিসারী বলতে আগের- রে যে ডেফিশিন ছিল, যে আইন পাশ হয়েছিল, ট্যাঙ্ক ফিসরী ডেফিনিশন অনুসারে বড় বড় মির মালিকের বহু জমি যেগুলি চাষের জমিতে আসতে পারে সেগুলি ঐ মাছের চাষে পরিণত র এবং সেই-ই মালিক থাকবে—সেইগুলি বর্তমানে যে আইন আছে সেই আইনে উদ্ধারের ান ক্ষমতা বা কোন ব্যবস্থা আছে বলে আমরা দেখতে পাচ্ছি না। সেজন্য ঐ ব্যাপারে গুরুত্ব- র্ণ অ্যামেন্ডমেন্ট দেওয়ার প্রয়োজন আছে। সেইজন্য এই ব্যাপারে অভিজ্ঞতা নিয়ে ভাল করে বেচনা করে যদি সংশোধন দেওয়ার ব্যবস্থা না হয় তাহলে এই ধরনের টুকিটাকি ব্যবস্থার মধ্য য়ে এটার পরিবর্তন হতে পারে বলে আমি মনে করি না। সে কারণ আমার নিজের যে ভিজ্ঞতা সেটা হচ্ছে এই যে বিল পাশ হয়েছিল অর্থাৎ যে আইনটা আছে সেই আইনের স্বারা মরা কতটুকু অগ্রসর হতে পেরেছি সেটার অভিজ্ঞতা নিয়ে নতুন করে এটাকে সংশোধন করার য়োজন আছে। তা করতে হলে পর সাধারণ মানুষের মতামত নেওয়ার প্রয়োজন আছে, যারা ভোগী তাদের মতামত নেওয়ার প্রয়োজন আছে যে কোন্ পদ্ধতি গ্রহণ করলে এগুলি হাতে সতে পারে এই বিবেচনা করে এই বিল সাকুলেশনে রাখার জন্য দাবী করছি।

The Hon'ble Hem Chandra Naskar:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করতে চাই যে এই আইনটা পাঠিয়ে ওয়া হয়েছিল রাজ্য আইন কমিশনের কাছে এবং যে ধারাগুলি সংশোধন করতে হবে সেগুলি রা পাঠিয়ে দিয়েছেন। তারপরে সেগুলিকে ফিসারী ডিপার্টমেন্ট থেকে সংশোধন করে ঙ্গকে এই আইনসভায় পেশ করা হয়েছে। এটা কারো ক্ষতি করার জন্য হয় নি। আর ন্তবাবু যে ছোট ছোট খালের কথা বললেন সেগুলি এর আওতায় আসে না। নেভিগেবল গার অনেক সময় হয়ত শুকিয়ে যায়—বছরের মধ্যে ৩-৪ মাস জল থাকে কিন্তু বাকী সময় থাকে না। সেগুলিকে যাতে আবার নেভিগেবল রিভার বলে ধরা হয় সেজন্য এই বিলটা া হয়েছে এবং নেভিগেবল রিভার বলে সেগুলিকে ধরলে গভর্নমেন্টের তাতে বেশি লাভ হবে আমার বক্তব্য।

The motion of Shri Hemanta Kumar Ghosal that the Bill be circulated the purpose of eliciting opinion thereon by the 31st of January, 1960, s then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda falls through.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that the Private heries Protection (Amendment) Bill, 1959, be taken into consideration, then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and eed to.

[10—6-47 p.m.]

Clause 2

Mr. Deputy Speaker: Amendment No. 6 of Mr. Panda is out of order.

Shri Basanta Kumar Panda: Sir, the spirit of both the amendments is e. I do not move the amendment.

The question that clause 2 do stand part of the Bill was then put and eed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and ed to.

Clause 4

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 4(1)(iii), lines 2 to 6, for the words beginning with "shall be sold" and ending with "for such contravention" the words "shall be forfeited to the State" be substituted.

Sir, in the proposed Bill the provision is for the words "shall be forfeited" the words "shall be sold and the sale proceeds shall be paid to the persons of whom the right of fishery in the private waters belongs, under orders of the court trying any offence for such contravention". Now, an offence is committed and for this criminal offence the man is punished—the net and other things which are detected are sold, which are not the properties of the owner of the fishery. These are properties of the man who has committed an offence by trespassing into the private fishery. So, these things should be forfeited to the State Why should the owner of the fishery be given a reward of those articles? He is not the original owner of the property.

The Hon'ble Hem Chandra Naskar:

ডেপ্‌টি স্পীকার মহাশয়, একজনের সম্পত্তিতে আর একজন চ্যুতি করে মাছ ধরলে এবং কোর্টের বিচারে চুরি প্রমাণিত হলে তার যে আর্থিক ক্ষতি হয় সেটা প্রাইভেট ফিসারী হোলেও সে সরঞ্জামের বিক্রয়লব্ধ অর্থ পাবে। এটা যদি গ্রহণ করা যায় তাহলে জলাশয়ের মালিকরা আর্থিক ক্ষতিপূরণ পাবে না সেটা ঠিক নয় -মালিকপক্ষ সরকারই হোক, আর সাধারণ লোকই হোক আংশিক ক্ষতিপূরণ পাবে।

The motion of Shri Basanta Kumar Panda that in clause 4(1)(iii), lines 2 to 6, for the words beginning with "shall be sold" and ending with "for such contravention" the words "shall be forfeited to the Sttate" be substituted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Hem Chandra Naskar: I beg to move that the Private Fisheries Protection (Amendment) Bill, 1959, as settled in the Assembly be passed.

Sj. Saroj Roy:

মিঃ ডেপ্‌টি স্পীকার, স্যার, মিঃ পান্ডা এখানে একটা প্রশ্ন তুলেছিলেন মন্ত্রী মহাশয় সে সম্বন্ধে কোন জবাব দিলেন না। আমি আর একটা জবাব তাঁর কাছে থেকে চাচ্ছি প্রাইভেট ফিসারী সম্বন্ধে। এই হাউসে বহু বছর থেকে এ সম্বন্ধে নানা রকম প্রশ্ন উঠেছে, নানা রকম প্রবলেম উঠেছে। তা ছাড়া ফিসারী সম্বন্ধে নানা রকম সমস্যা আছে নানা দিক থেকে। কিন্তু আজ পর্যন্ত একটা সামগ্রিক ভাবে বিল সরকারের তরফ থেকে কেন আনা হচ্ছে না? এই হচ্ছে আমার ফার্স্ট কোয়েশ্চন। আমার সেকেন্ড কোয়েশ্চন হল এই যে ১৮৮৯ সালের অ্যাক্ট, যে অ্যাক্ট বৃটিশ পিরিয়ড থেকে চলে আসছে, সেই অ্যাক্টটাকে এত ধীরে ধীরে টিটবিটস্ করে কেন সংস্কার করছেন? সমগ্র দিক বিবেচনা করে একটা সামগ্রিকভাবে বিল আনছেন না কেন? আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে এর জবাব পাবো।

The Hon'ble Hem Chandra Naskar:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের সকল সভ্যজনদের জানাতে চাই—আমরা ঐ ১৮৮৯ সালের যে আইনটি বলবৎ আছে, সেটা রাজ্য আইন কমিশনের কছে পাঠাই, এবং তাঁরা যেভাবে আইনটা সংশোধন করে দিয়েছেন সেটা গ্রহণ করবার জন্য আমি এই আইন-সভার ক.ছে পেশ করছি।

The motion of the Hon'ble Hem Chandra Naskar that the Private Fisheries Protection (Amendment) Bill, 1959, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.47 till 3 p.m. on Tuesday, the 24th November, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 24th November 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker Shri Ashutosh Mullick in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 205 Members.

[3—3-10 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, so far as my questions are concerned, these may kindly be held over because I have got the papers just now and I cannot answer them now

Mr. Deputy Speaker: All these questions are held over till tomorrow.

Enquiry about the expunction of a portion of an adjournment motion

Sj. Ganesh Ghosh:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ে। গতকাল আমাদের ব্লকের শ্রীযুক্ত সুহৃদ মল্লিকচৌধুরী এ্যাডজোর্নমেন্ট মোশন পড়ে দেবার পর উনি একটা বক্তৃতা দিয়েছিলেন, যে বক্তৃতা সম্বন্ধে আপত্তি উঠেছিল। আপনি তখন বললেন বক্তৃতা এক্সপাঞ্জ করে দেওয়া হবে। আপনার সিদ্ধান্ত নিশ্চয়ই ঠিক, কিন্তু আজ কাগজে দেখলাম ওনার মোশনের শেষটা এক্সপাঞ্জ করে দেওয়া হল। আপনি তো তখন এ্যাডজোর্নমেন্ট মোশন সম্বন্ধে কিছুই বলেন নি, পরে কেন এই সিদ্ধান্ত নিলেন জানাবেন।

Mr. Deputy Speaker:

তাড়াতাড়ি এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলেন, অফিস সেটা একজামিন করে নি, আমিও সেটা দেখি নি। এ্যাডজোর্নমেন্ট মোশন-এর নিয়ম হল—এটা এডিট করে দেখতে হবে—প্রপার্লি ফ্রেমড হয়েছে কিনা, কোন অংশ ফিট ইন করে কিনা। সেটা দেখা হয় নি। পরে দেখা গেল যে তাতে ডিটেলস দেওয়ার কোন প্রয়োজন নাই এবং সেটা না দিলেও এডজোর্নমেন্ট মোশন-এর কোন ক্ষতি হয় না, তাই অফিস থেকে এডিট করার পর অবজেকশানেবল যেটা সেটা বাদ দেওয়া হয়েছে, অন্য কিছু বাদ করা হয় নি।

Sj. Ganesh Ghosh:

ডেপুটি স্পীকার মহাশয়, প্রয়োজন অপ্রয়োজনটা যিনি এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছেন তাঁর উপরেই ছেড়ে দেওয়া উচিত।

Mr. Deputy Speaker:

অফিস একজামিন করে দেখে এবং যা ফিট ইন করে না তা এডিট করে বাদ দেওয়া হয়। সেই জন্যই এই মোশনটা এডিট করে দেওয়া হয়েছে।

Sj. Suhrid Mullick Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি বলেছেন যে এডিট করেছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে যে আপনি এডিট করে তা যদি একসেপ্ট করতেন তাহলে কথা ছিল। কিন্তু এই এ্যাডজোর্নমেন্ট মোশান যখন একসেপ্ট করা হয় নি, তখন এ প্রশ্ন উঠে না। এবং যে পদ্ধতি এখানে চলে আসছে তাই আপনার অনুসরণ করা উচিত ছিল।

Mr. Deputy Speaker:

কোন এ্যাডজোর্নমেন্ট মোশানএ কনসেন্ট দেওয়া না দেওয়া ডিফারেন্ট ম্যাটার। এর সঙ্গে তার কোন সম্পর্ক নেই।

Sj. Suhrid Mullick Chowdhury:

এই এ্যাডজোর্নমেন্ট মোশানটায় আপনি কনসেন্ট দেন নি। যেটায় কনসেন্ট দেন নি সেটা এডিট করবার প্রয়োজন ছিল না। এবং এটা আপনি আমাকে পড়তে দিয়েছিলেন এবং যা আমি হাউসএর সামনে উপস্থাপিত করেছিলাম সেটা সভা শেষ হবার পর কার প্রেস রএ পড়ে, কার নির্দেশে তা পরিবর্তন করলেন। আমি আপনার প্রতি কোন অসম্মান প্রদর্শন করতে চাই না, কিন্তু এইরকম ঘটনা যদি ঘটতে থাকে তাহলে যে আইনের উপর ভিত্তি করে আপনি চলেন......

Mr. Deputy Speaker:

ওসব বাজে কথা বলবেন না। এটা এই হাউসএর পদ্ধতি ছিল না। আগে কখনই এ্যাডজোর্নমেন্ট মোশান হাউসএ পড়তে দেওয়া হোত না। তারপর ১৯৫২ সালের পর থেকে যে-কোন কারণেই হোক হাউসএ এটা পড়তে দেওয়া আরম্ভ হোল। এখানে যদি লাস্ট মোমেন্টে এইরকম মোশান দেওয়া হয় তাহলে সমস্ত কিছু ঠিকমত একজামিন করা যায় না। এই কারণেই এডিট করা প্রয়োজন দয়ে পড়ে। আগে যে মোশানএ কনসেন্ট দেওয়া হোত না তা হাউসএ পড়তে দেওয়া হোত না। যেকোন কারণেই হউক এখন সেটা পড়তে দেওয়া হচ্ছে। কিন্তু আমি সেটা পছন্দ করি না। তবে আমাকে কেউ ইনফ্লুয়েন্স করে কেউ কিছু করাতে পারবে না।

Dr. Ranendra Nath Sen:

স্যার, এখানে একটা নিবেদন আছে। এখানে যা হচ্ছে তা কোন মোশান দিলে তা যদি এডিট করার প্রয়োজন হয় তা এডিট করে তারপর স্পীকার বা ডেপুটি স্পীকার তার কনসেন্ট দেবেন অথবা দেবেন না। কিন্তু কাল এর ব্যতিক্রম হল কেন?

Mr. Deputy Speaker:

এটা কনসেন্ট দেওয়া হয় নি ঠিক কিন্তু মোশানএ যেটা দেবার প্রয়োজন নেই সেটাই দেওয়া হয় নি। যেটা কনসেন্ট দেওয়া হয় না সেটা হাউসে ডিসকাশানও করতে দেওয়া উচিত নয় আমি মনে করি।

Sj. Suhrid Mullick Chowdhury:

আমার বলার কথা হচ্ছে মোশনএর উপর কনসেন্ট রিফিউজ্‌ড্‌ লিখে পাঠিয়ে দেওয়া হয়েছে এবং তারপর এটা আপনার ডিপার্টমেন্ট থেকে এখানে এসে সেটা পড়ে দেবার জন্য। এবং তা সভার সামনে উপস্থিত করা হল। তারপর সভা শেষ হয়ে যাবার পর এটা করা হল। এই ধরনের জিনিস যদি সভায় চলতে থাকে তাহলে আমাদের সভার যে গাম্ভীর্য আছে, যার প্রতি আমরা সম্মান দেখাই সেটা ভবিষ্যতে নষ্ট হয়ে যাবে। যেখানে আমরা এই সভায় সমস্ত রকম আইন প্রণয়ন করি সেখানে ভবিষ্যতে এ জিনিস চলতে দেওয়া উচিত নয়।

Sj. Niranjan Sengupta:

সব মোশানএর বেলায় কি এই নীতিতে দেখেন, না এই ব্যাপারে পার্টিকুলারলি এই নীতি গ্রহণ করা হয়েছে?

Mr. Deputy Speaker:

হ্যাঁ, সব ক্ষেত্রেই করা হয়।

Sj. Niranjan Sengupta:

সবগুলিই কি এইভাবে এ্যালাউ করেন?

Mr. Deputy Speaker:

হ্যাঁ, তাই করা হয়।

Sj. Niranjan Sengupta:

অন্যগুলিকেও কি বদল করা হয়?

Mr. Deputy Speaker:

এই জিনিস সব ক্ষেত্রেই করা হয়।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

এখানে আমার জানবার কথা হচ্ছে যে, আপনি বলেছেন যে সব স্পিচই করা হয়। এবং যেখানে দরকার হয় সেটা এক্সপাঞ্জড করা হয়। সুতরাং মোশনএর মধ্যে যেসব অবজেকশানেবল পোরশন থাকে তা বাদ দেওয়া হয়। এ্যাডজোর্নমেন্ট মোশানএ যা অবজেকশানেবল পোরশন বা যে বহু অবান্তর জিনিস থাকে তা বাদ দেওয়া হয় এবং সেটা পড়তে দেওয়া হয়।

Mr. Deputy Speaker:

আগে পড়তে দেবার রীতি ছিল না।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

আমি সেকথা বলছি না। আমার জিজ্ঞাসা হচ্ছে যে এ্যাডজোর্নমেন্ট মোশান আপনি ডিস এ্যালাউ করছেন কিন্তু এ্যাডজোর্নমেন্ট মোশানএর যেসব পোরশন আপত্তিকর তা এক্সপাঞ্জড করার পর তা যখন পিউরিফাইড হল তখন তা একসেপ্টেবল হবে কিনা।

Mr. Deputy Speaker:

আমি মোশান পড়তে দিয়েছি।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

আপনি অনুগ্রহ করে দেখবেন যে, প্রেসে এ্যাডজোর্নমেন্ট মোশানএর বডির কোন কোন অংশ যা অবজেকশানেবল বলে মনে করা হয়েছে তা বাদ দেওয়া হয়েছে।

Mr. Deputy Speaker:

আমার যা বলবার আগেই বলেছি।

[3-10—3-20 p.m.]

GOVERNMENT BILL

The West Bengal Children Bill, 1958

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the West Bengal Children Bill, 1958, as reported by the Joint Select Committee, be taken into consideration.

Sir, the report of the Joint Select Committee is already before the House. It will appear from the report that the Joint Select Committee had altogether five sittings and all the members were mostly present in all those meetings. They have gone clause by clause into the merits, in most of the clauses they have, after careful consideration, suggested certain modifications and changes which have been accepted by the Joint Select Committee. If you kindly look into paragraph 6 of the report, you will find the main changes which have been introduced in the original Bill. Sir, I do not like to take the valuable time of the House by going through the passages which may be seen in the Joint Select Committee report. However, I would like to add one thing that we would have been happy had the report been an unanimous one The main ground for dissent given by my honourable friends—Shri Amarendra Nath Bose and others—deals with implementation of the Act when passed into law. Sir, I may assure you that the Government is as anxious as anybody else to see that the Act is implemented throughout West Bengal as early as possible. But, Sir, you must admit that there are certain preliminaries which have to be settled before this can be done. Government will give its best attention to speed up the whole process and we expect that it will very soon be brought into force throughout West Bengal. There are various preliminaries, such as trained personnel, accommodation, finance which are to be settled before this could be done. I fully appreciate the anxiety of my friends opposite and also of my friends on this side who are anxious to see that this Act is brought into force immediately throughout West Bengal. I have already said that these preliminaries have to be settled before this could be done. This Bill provides for various homes, such as reformatories, industrial and borstal schools and also after-care homes for juvenile delinquents and other children. Sir, I may inform the House that Government have already taken certain steps towards implementation of this Bill when it will be passed into law. Government have already acquired a plot of land and a building in Berhampore—the building is known as "Babulbona Kuthi" which is to accommodate the borstal school for delinquent children. The plans and estimates of this building have alreay been sanctioned and the current year's budget provides for a sum of Rs. 4 lakhs 18 thousand for its construction and repairs and removation. Government have also acquired a plot of land for establishment of a borstal school for non-delinquent children within the compound of the present borstal school at Berhampore. The current year's budget provides for Rs. 3 lakhs for this purpose. The plans and estimates have already been finalised. There is a provision for after-care home under this Act. I may assure you that the Government is as anxious as anybody else and share the same views and opinions of the opposition members as also the members of this side for the welfare of these children. You will be glad to hear, Sir, that the Government have already acquired a plot of land from the Education Department. Most of my friends from Murshidabad District must be knowing it that the Education Department has given a plot of land to the Social Welfare Department to start an after-care home near the Banjatia House and the construction work has already been started. There are other provisions of this Act for which funds are to be found out and in the Third Plan there must be sufficient funds so that the implementation of the Act is not in any way obstructed.

The principle of the Bill has already been discussed and accepted by this House when this Bill was originally placed before this House in the June-July session and the merits and principles of the Bill have been scrutinised. So I will not be taking too much time of this House because the principles of the Bill have already been accepted. Only this much I will say and I will be failing in my duty if I do not express my grateful thanks to those members of the public who have helped all along while in the process of drafting of this Bill, and also to those members from the Social Welfare Board for the valuable help and suggestions. I am grateful to the National Federation of Indian Women, The National Council For Child Welfare and also to those members of the All India Womens' Conference, All Bengal Womens' Union who came personally before the Select Committee to put forward their valuable suggestions and gave evidence.

With these words, Sir, I move my motion for the acceptance of the House.

Dr. Abu Asad Md. Obaidul Ghani: Mr. Deputy Speaker, Sir, I fully endorse the statement just now made by the Hon'ble Minister. So far as the spirit of the Bill and the main objectives of the Bill are concerned, there was no dissent in the Select Committee. In fact, she is very correct when she says that our observations mainly related to the implementation of the Bill when it would be enacted into law. In fact, we do believe that a Bill which was long overdue had been brought before this House. Everybody knows that in a vast country like India and in a poor and backward country like India, there are millions of children who go about without anybody to take care of them. It is quite in the fitness of things that the State should come forward to chalk out a programme for their bringing up, their education and their welfare in order to build them up into useful citizens of India. So naturally there cannot be any two opinions on the subject at all. Useful discussions were made in the Select Committee also. We made certain observations as we felt necessary for their being placed before the House when the Bill finalised in the Select Committe. In fact, we tried our best to bring home to the Government the importance of the Bill, the seriousness of the problem of delinquency among children.

[3-20—3-30 p.m.]

Sir, it will be quite proper to bring to the notice of the House through you a very recent report that we got in the press. It was from the United Nations Headquarters, dated the 30th October. "The General Assembly Social Committee today recommended a special study of juvenile delinquency at the international level. The Secretary-General is already empowered to study the problem under United Nations Social Programme. The Committe today urged him to give delinquency the urgent attention which its increasing gravity deserves." Sir, I beg to submit that an observation which was made at the United Nations Headquarters is doubly true and very acute for a country like India. The problem is really very serious and that is why we wanted to bring to the notice of the sponsors of the Bill that at least sections of the Bill should indicate that the State Government was fully competent to deal with the problem which would immediately come up as soon as the Bill was enacted and the law was enforced in the country. Merely having a Bill passed, a very good Bill for the matter of that, what other purpose will it serve except to serve as a window dressing for the Government propaganda machinery, that the legislature meets every year twice or thrice and that it passes some very good laws. But the problem is what arrangements have the Government made to implement those laws properly and to give them that shape which is really going to be useful for the country. As you will see, Sir, the very first point that we suggested was that the State Government should fix a target for the

implementation of this law throughout the State. If we do not do that, just a law in the statute book will not be of much use to the State. We admit as the Hon'ble Minister just now said that this cannot be done overnight. Certainly not, we know that. Even in Calcutta only you cannot do it, not to speak of the whole State. That is the reason why Government should fix a target for it, say, two years or three years, whatever may be the term, during which period the Government will be fully prepared to deal with the very serious problem that faces the whole State today—the problem of juvenile delinquency. That is why we suggested and we still would very sincerely commend to the Hon'ble Minister to please accept the amendment that the Government should fix a target, say of two years or, if the Government so pleases, the period may be increased by one year, within which the Act should be implemented throughout the State. Sir, the other point which we wanted to bring to the notice of the Select Committee was that we expect that after twelve years of independence, after so much experience in the administration of the country, our Government should be in a position to bring up a more comprehensive Bill, a Bill which could deal in a more useful way with this problem than what had been done so far Well, the Government admitted, and I think the Hon'ble Minister will admit today, also, that this new Bill is nothing but an accumulation of various Acts passed at various times during the last fifty years. That is what we said, that is what we thought that Acts which have been passed in the early twenties were not really adequate for the increasing magnitude of the problem today. What we want is that along with the accumulation of these different laws passed at different stages not only should they be modified to suit the present conditions but certain fresh aspects of the new developing society should be incorporated within those laws.

Sir, in fact our present amendments will convince you that it is not our object to alter the character of the Bill at all or to change the principles or any basic idea underlying the Bill. Our object is to improve the Bill, make it a more forceful law, and shape it into something which will enable the country to hope that within the next two, three or four years certain tangible actions will be taken by the State Government towards a solution of this huge problem.

Sir, as I told you, the laws incorporated in this respect are as old as 1897, 1922, 1928 and the last one was passed in 1943. Even after the 1943 amendment during the last 16 years have we got nothing new to add? Have we learnt nothing new or has there been no change in our State during the last 15, 16 or 20 years? That is why we drew the attention of the Hon'ble Minister to certain deficiencies in the Act, e.g., the arrangement that is going to be made for those delinquent children when they are taken into custody of the Government institutions Is it that the law only provides for their well being, welfare and education according to the prescriptions which are entirely at the disposal of the local authorities who are there? As for the local authorities we repeatedly tried to suggest that more qualified and competent men should be appointed there. The Government pleaded their inability to man those institutions with people who are adequately qualified to deal with this sort of problem. They have stated that such personnel do not exist in our country. Even that should have been impressed. If that sort of qualification is incorporated in the Bill at least there will be an attempt not only by the Government but also by the people to have more qualified men in order to man these institutions so that the children can be brought up in proper lines.

Again, the institutions which are going to crop up all over the State, not only in Calcutta proper but elsewhere also, will be absolutely insufficient. Besides, as the Hon'ble Minister has just now said, an institution is growing

up in Berhampore, and we expect that these institutions will grow up in other places also, when the Government will find it difficult to man them with properly qualified people.

In the State Children Board and the local Boards of Visitors we have suggested that such men should be appointed who will have some knowledge of child psychology, health, education and technical training, because these institutions are supposed to give technical training to these children. Proper people should be taken in these Boards. They should have representatives from certain authoritative bodies, e.g., Indian Medical Association, the Association of Engineers, the Universities, teachers, and other specialists and scholars who have made a special study of children phychology. They will go into the problem, offer their advice on the proper functioning of these institutions, and keep a proper check on the working of these institutions to see that the children are not brought up in a way which is not congenial to the national requirements but are brought up according to the requirements of the healthy growth of a child. The amendments that we have suggested will only enrich a Bill like this if they are considered and incorporated in the Bill before putting the Bill to the vote in order to pass it into a law.

Of course, we know that as a procedure of the Legislative Assembly if a certain majority of people are of a particular notion and if the Government sponsors a Bill and if the Government members decide to have it passed into law, they can do it by sheer majority, but a Bill which concerns the children of the country, which concerns the future hope of our country should at least be free from that. I hope that the honourable members opposite also will try to give a little open thought to it, a little independent thinking to it and try to help our Hon'ble Minister to give certain shape to the Bill and to make some provision inside the Bill so that the Government is compelled to take it seriously and implement it within a certain definite time.

With these few observations I finish what I have to say at this stage.

[3-30—3-40 p.m.]

Sj. Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই বিলটা আমরা সমর্থন করি। বহু ভাল বিল আসে যা আমরা সমর্থন করি, তারপর তা কার্যে পরিণত হয় না। একটা একটা করে এইরকম অনেক বিলের নাম আমরা এখানে উপস্থিত করতে পারি। আশাকরি এ বিলেও যেন সেই দশা না হয়। এই বিলের যে বিরাট উদ্দেশ্য—অনাদৃত এবং অপরাধী শিশুদের মানুষ করা—এই কথাটা এর মধ্যে থাকা উচিত ছিল, কিন্তু বিলে রয়েছে তাদের
relating to the custody, protection treatment and rehabilitation
এর কোনটার ভিতরে মানুষ করার যে আদর্শ তা আসে নি, তাতে দুঃখ পাচ্ছি। আমাদের দেশে যে হিউম্যান ওয়েস্টেজ, ছোট ছোট শিশুরা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, খেতে পাচ্ছে না, পয়সা ভিক্ষা করছে তাদের মুখের দিকে তাকিয়ে দেখেছি তাদের মুখে কিরকম ইনটেলিজেন্স রয়েছে, তাদের কিরকম অন্তর্নিহিত শক্তি রয়েছে তা তাদের চেহারা দেখলে বোঝা যায়। কিন্তু বিলের ভিতরে সে এ্যাপ্রোচ নেই, সেইজন্য আমরা দুঃখ পাচ্ছি। আমরা তাদের জেল কাস্টডিতে রাখব এই আদর্শ নিয়ে বিল আসা উচিত নয়, এদের মানুষ করব এই আদর্শ নিয়ে আসা উচিত ছিল। আজকে অনাদৃত শিশুই অপরাধী শিশু হবে, কিন্তু বিলে অপরাধী শিশুদের উপর জোর দেওয়া হয়েছে। অপরাধী শিশু একটা ফল, এ কন্সিকুয়েন্স। অনাদৃত শিশু, ফার্স্ট সে অনাদৃত থাকে বলে তারপরে অপরাধী হয়, সেই অনাদৃতের ভেতরে যাদের যাদের ফেলা হয়েছে তাদের মধ্যে সম্পূর্ণ সকলকে ধরা হয়েছে বলে আমার মনে হয় না। অনেক বাড়ীতে আমি জানি যে ছেলেকে মারপিট করা হয়, খেতে দেওয়া হয় না, সেইসব ছেলে এই বিলের আওতায়

আসে না। আপনারা বোধ হয় খবরের কাগজে পড়েছিলেন বিলাতে এক মা তার তিন ছেলের ভেতর দুই ছেলেকে প্রতিদিন কম করে খাইয়ে রাখত আর এক ছেলেকে বেশি করে খাওয়াত। এমনি করে সেই ছেলে দুইটি প্রায় মৃত্যুর মুখে চলে যায়, তখন পাড়াপ্রতিবেশীরা এসে পুলিসকে ডেকে সেই দুইটি ছেলেকে বাঁচায়। যেখানে বিমাতা আছেন সেখানে এই সমস্ত ঘটনা ঘটছে। এই অভিজ্ঞতা আমি অন্য জায়গায় দেখেছি, তাদের সঙ্গে পরিচয়ে জেনেছি কি ভীষণ কষ্টের ভিতর দিয়ে সেই ছেলেরা দিন যাপন করছে তাদের সামনে হয়ত এক ভাই ভাল খাচ্ছে আর এক ভাইকে পান্তা খাওয়ানো হচ্ছে, মাছ দেওয়া হচ্ছে না, এক ভাই ঘি দুধ খাচ্ছে আর এক ভাইকে কিছু দেওয়া হচ্ছে না—এই সমস্ত আমরা দেখেছি এবং আমার মনে হয় এই বিলের আওতায় সেই সমস্ত হতভাগাদের আনবার চেষ্টা করা উচিত। তারপর তাদের এনে কি করবেন আপনারা যারা অপরাধী শিশু তাদের পাঠাবেন রিফর্মেটরী স্কুলে, তাদের পাঠাবেন বোর্স্টাল স্কুলে, তাদের পাঠাবেন ইন্ডাস্ট্রিয়াল স্কুলে। আমি জিজ্ঞাসা করতে চাই বোর্স্টাল স্কুল আমাদের দেশে কত বছর ধরে আছে তার একটা স্ট্যাটিস্টিকস মন্ত্রী মহাশয় দেন যে ১০ বছর ধরে কি ২০ বছর ধরে আমাদের দেশে বোর্স্টাল স্কুল ছিল, তাতে এতগুলি শিশু এবং ডেলিংকোয়েন্ট পাঠান হয়েছিল, তাদের মধ্যে এতগুলি রিকভার্ড হয়ে টু নরম্যান লাইফ, যদি না হয়ে থাকে তাহলে আপনাদের উপর বিশ্বাস করব কি করে। সরকারীভাবে তাদের আবার বলি দেওয়া হবে। এতদিন তারা বেসরকারীভাবে বলি হচ্ছিল, সমাজ তাদের মেরে ফেলছিল। আজ সরকার তাদের হাতে নিয়ে আবার কি করছেন তা আমাদের জানাবেন একটু, সেই বোর্স্টাল স্কুলে আপনারা ছেলেদের কি করছেন, সেখান থেকে তাদের কটা মানুষ হয়েছে কিংবা বোর্স্টাল স্কুল বাদ দিন, যারা অনাদৃত শিশু তাদের নিয়ে ট্রেনিং দেবেন, ট্রেনিং দেওয়ার পরে? আমি দেখছিলাম শ্রদ্ধেয়া মৈত্রেয়ী বসু একটা প্রস্তাব করেছিলেন যে এদের এমপ্লয়মেন্টের কি ব্যবস্থা হবে? আপনারা তাদের শিখিয়ে-টিখিয়ে কি আবার বড় চোর করে দেবেন, গাঁটকাটা করে দেবেন? তার হাত থেকে এদের বাঁচাতে হবে। আমি বলছি এগুলি হচ্ছে

institution for creating more criminals.

আমি সেদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিলের আলোচনা করতে গেলে সেইসব শিশুদের কথা ভেবে আমাদের দুঃখ হয় কান্না আসে। পশ্চিমবঙ্গ রাষ্ট্রের তরফ থেকে তাদের জন্য যদি কিছু করতে পারি তাহলে আমরা নিজেদের কৃতার্থ মনে করব, এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

Sj. Chitto Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের এই হাউসে জয়েন্ট সিলেক্ট কমিটির রিপোর্ট পেশ করার জন্য এবং তার সঙ্গে যে উদ্বোধনী মন্তব্য প্রকাশ করা হয়েছে তার জন্য সর্বপ্রথমে আমি অভিনন্দন জানিয়ে গুটিকয়েক বক্তব্য আপনার সামনে রাখবো। এটা ঠিক যে অত্যন্ত পুরাতন কয়েকটি আইনের কিছু কিছু অংশকে একত্রে সম্বলিত করে এই বিলটা প্রণয়ন করা হয়েছে। আমরা আশা করেছিলাম ভারতবর্ষের বর্তমান অবস্থায় যে নূতন দৃষ্টিভঙ্গী আমাদের হওয়া দরকার, নতুন সমাজব্যবস্থা প্রণয়ন করা সম্পর্কে যে নতুন দৃষ্টিভঙ্গির কথা আমরা চিন্তা করি এবং সেই নতুন দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গতি রেখে শিশু কল্যাণ সম্পর্কে আমাদের যে মনোভাব বা দৃষ্টিভঙ্গি হওয়া উচিত তার খানিকটা প্রতিফলন আমরা এই বিলে পাব, কিন্তু সেই ধরণের নতুন দৃষ্টিভঙ্গি এখানে প্রতিফলিত হয় নি দেখে আমরা হতাশ হয়েছি। গোটা কয়েক পুরাতন আইনের বিশেষ বিশেষ অংশগুলি একত্রে সম্বলিত করে একটা আইন আনবার চেষ্টা করা হয়েছে। অবশ্য এটা অভিনন্দনযোগ্য এই কারণে যে এর দ্বারা খানিকটা আমাদের শিশুদের কল্যাণ করবার ক্ষেত্রে সরকার যে মনোযোগী হয়েছেন একথা আমরা বুঝতে পারছি। কিন্তু আমার কথা না বলে ভারতবর্ষের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু শিশু কল্যাণ সম্পর্কে যে মন্তব্য করেছেন আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে তা রাখতে চাই। তিনি ১৯৫৬ সালে একথা বলেন যে আজ যদি আমরা শিশুদের প্রতি দৃষ্টিপাত না করি তবে ভারতবর্ষকে নতুনভাবে এক জটিল সমস্যার সম্মুখীন হতে হবে। আর এক জায়গায় তিনি বলেন জনসংখ্যার বিফলতার দরুণ আমাদের দেশে শিশু কল্যাণ বিধানের দায়িত্ব বিরাট এবং

উৎকট। অসংখ্য শিশু আবশ্যকমত খাদ্য ও বস্ত্র পায় না—শিক্ষার কথা তো ছেড়েই দিলাম। আমাদের দেশে কোটি কোটি শিশু অনাথের মত বেড়িয়ে বেড়ায় যেন তাদের দেখাশুনা করবার কিছুই নেই। কিছুক্ষণ আগে আমাদের শ্রদ্ধেয় দেবেনবাবু বললেন অনেক শিশু যারা সত্যই অবহেলিত তারা সমাজজীবনে পুনঃপ্রতিষ্ঠা লাভ করে নাগরিকজীবনে আমাদের সাহায্য করতে পারে একথা কখনও মনে করতে পারে না যার ফলে চিরকাল হিনমন্যতার ভেতর তাদের জীবনযাত্রা নির্বাহ করতে হবে এবং একথা ভেবে তারা সবসময় ম্রিয়মান থাকে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন সংবাদপত্রে—বিশেষ করে যুগান্তর পত্রিকায়, হোটেলবয়দের ব্যাপারটা—সেই সমস্ত ছোট ছোট ছেলে কিশোরদের মর্মন্তুদ জীবনের কাহিনী তারা প্রকাশ করেছেন। আপনি যদি কোলকাতায় বিভিন্ন ছোটখাট রেস্তোরাগুলিতে যান তাহলে দেখতে পাবেন সেখানে যেসমস্ত ছেলেরা হোটেলবয়ের কাজ করে তাদের জীবন কতখানি মর্মান্তিক। তাদের জিজ্ঞাসাবাদ করে জানতে পারবেন সেই সমস্ত কিশোর বালকদের হোটেলের পরিচারকবৃত্তি গ্রহণ করার পেছনে কি কি মর্মান্তিক কাহিনী রয়েছে।

[3-40—3-50 p.m.]

তা ছাড়া বিভিন্ন বাড়িতে বাড়িতে অল্প বয়স্ক ছেলেরা চাকরের কাজ করেন। অবশ্য মালিক হিসাবে কাউকে চাকর হিসাবে রাখবার সকলের অধিকার আছে। কিন্তু একথা শোনা যায়, সেই সমস্ত কিশোর, যারা ভৃত্য বা পরিচালক হিসাবে কাজ করেন, তাদের উপর অযথা অবিচার ও অত্যাচার করা হয়। তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। তা ছাড়া অল্প বয়স্ক ছেলেদের শ্রমিক হিসাবে বিভিন্ন জায়গায় নিয়োগ করে তাদের উপর শোষণ চালান হচ্ছে পুঁজিবাদী ব্যবস্থায়, সেখান থেকে তাদের মুক্ত করবার জন্য এই আইনে কোন বিধিব্যবস্থা নেই। কাজেই শুধু মাত্র ওয়েস্ট বেঙ্গল চিল্ডরেন বিল এটার নাম না করে আমাদের প্রধান মন্ত্রী শ্রীজওহরলাল নেহরু যে প্রকৃত কথা ভেবেছিলেন যে শিশুরা হচ্ছে আমাদের জাতির ভবিষ্যৎ সম্পদ, তাদের প্রতি সামগ্রিক দৃষ্টি রেখে এবং সঙ্গে সঙ্গে সমাজতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্র যদি করতে চান তাহলে শিশুদের জন্য যে নতুন ও সুষ্ঠু পরিকল্পনা দরকার তার কোন ইঙ্গিত এখানে নেই। কাজেই আমি মাননীয় মন্ত্রী মহোদয়াকে অনুরোধ করব এই আইন তিনি করছেন এবং ভালভাবে প্রয়োগ করতে সরকার যথেষ্ট চেষ্টা করবেন বলে কথা দিচ্ছেন। কিন্তু এখানে একটা কথা মনে রাখা দরকার যেমন যথেষ্ট শিক্ষিত পারসোনেলএর দরকার হবে এই সমস্ত ব্যবস্থা পালন করবার জন্য সঙ্গে সঙ্গে সরকারের হাতেও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে রাখা দরকার। আমি জানি না মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে সেই তথ্য আছে কিনা। কলকাতায় কত এই ধরণের অনাদৃত বালকবালিকা আছে যাদের পিতামাতা তাদের দায়িত্বভার গ্রহণ করতে চান না, তাদের জীবনযাত্রা কিভাবে চলছে সেটা চিন্তা করা দরকার। শুধু তাই নয় সংবাদপত্রের মারফত দেখা যায় এক ধরনের বিশিষ্ট ব্যবসায়ী আছে, তারা শিশুদের ব্যবহার করে ভিক্ষুক করবার জন্য এবং ভিক্ষা ব্যবসায়ী কাজেতে তাদের লাগান হয়। গতকাল অরবিন্দবাবুর প্রস্তাবে দেখলাম তিনি বলেছেন বাংলাদেশে, কলিকাতা শহরে ভিক্ষাবৃত্তি শুধু মাত্র খুন্নিবৃত্তির জন্য নয়, ভিক্ষা ব্যবস্থা রাখা হয়েছে, ঐ যারা বড় বড় ব্যবসায়ী তাদের মুনাফার জন্য। আপনি হয়ত লক্ষ্য করে থাকবেন অনেক অনেক বিকলাঙ্গ শিশু এই শহরে আছে, শুনা যায় যে ইচ্ছা করে তাদের বিকলাঙ্গ করে রাখা হয়েছে। ভিক্ষাবৃত্তিতে যোগাবার জন্য ছোট ছোট ছেলেমেয়েদের ধরে নিয়ে যাওয়া হয়। প্রচুর পরিমানে মুনাফা শিকার করবার জন্যে তাদের উপর অমানুষিক অত্যাচার করা হয়। মেয়েদেরও এইরকমভাবে বিশ্রী স্থানে নিয়ে যেয়ে নানাভাবে তাদের ঘৃন্য ব্যবসায় লাগান হয়। যদি প্রকৃতপক্ষে শিশুদের কল্যাণ করতে চান তাহলে এদিকে দৃষ্টি না রেখে গুটিকতক আইনের বস্তা পচা বুলি আমাদের সামনে রাখলে শিশুদের প্রতি কর্তব্য শেষ করা যায় না। কাজেই, আমাদের কথা আর না বাড়িয়ে যে নতুন কয়েকটি কথা বললাম এই আইন প্রয়োগ করবার আগে সরকারের হাতে এই বিষয়ে প্রয়োজনীয় তথ্য থাকা দরকার তা বিবেচনা করে দেখবেন। আমি মাননীয়া মন্ত্রী মহোদয়াকে অনুরোধ করব যে কলিকাতা এবং তার উপকণ্ঠে এবং পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় অনাদৃত শিশুদের সম্পর্কে—তাদের জীবনযাত্রা সম্পর্কে এবং তাদের পিতামাতার বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে যেন একটা পরিসংখ্যান তৈরী করবার জন্য তিনি সচেষ্ট হন।

Sj. Dhirendra Nath Dhar:

ডেপ্যুটি স্পীকার মহোদয়, এই যে আইনটি আমাদের সামনে উপস্থিত করা হয়েছে এ সম্পর্কে এর আগে একদিন আলোচনা হয়েছিল। সেই সময় চিল্ডরেনস বিল বলতে আমরা কি বুঝি অর্থাৎ আমাদের দেশের শিশুদের রক্ষার জন্য কি ব্যবস্থা হওয়া উচিত ইত্যাদি আলোচনা হয়েছিল এবং সেখানে আমাদের বক্তব্য খুব পরিষ্কার ছিল নিশ্চয়ই। চিল্ডরেন বিল বলতে কি হওয়া উচিত? যখন পৃথিবীতে অন্যত্র আমরা দেখতে পাই ছেলেদের মানুষ করবার জন্য স্টেটএর সমস্ত প্রচেষ্টা নিবদ্ধ করা হয়েছে তখন আমাদের দেশে যখন নতুন আইন করা হচ্ছে তখন সেদিক আমাদের দৃষ্টি রেখেই আইন করতে হবে। দুঃখের বিষয় এই আইনের মধ্যে সেই পুরাতন কথা এবং কিছু নতুন কথা। পুরাতন কথা এই যে ছেলেদের মনে করা হয় তারা ক্রিমিনাল যেহেতু তাদের বয়স ১৮ বছরের কম সেজন্যে তাদের বর্স্টাল স্কুল এবং পুলিস হেপাজতে রাখবার ব্যবস্থা হয়েছে, তার সংগে নতুন কথা হচ্ছে, ডেলিনকোয়েন্ট এবং নেগলেকটেড চাইল্ড। তবে এটা প্রশংসনীয় যে নেগলেকটেড চাইল্ডদের উপর এই স্টেটএর নজর পড়েছে। কিন্তু ডেলিনকোয়েন্ট কথাটায় ঠিক কি বুঝাতে চেয়েছেন জানি না—এটা ইংরাজী শব্দ এর যথার্থ বাংলা কি জানি না, কিন্তু ইংরাজী অর্থে সেইসব ছেলেরা যাদের পিতামাতা বা গার্জেন তাদের মানুষ করতে পারেন নি বা তারা মানুষ হয় নি, কোন কারণে বিপথগামী হয়েছে—তারা ঘরের ছেলে, মা-বাপ তাদের ত্যাগ করছেন না। এক্সপার্ট রেখে এদের জন্য এফিসিয়েন্ট টিচারস সৃষ্টি করা এবং এঁদের মারফৎ সেই ছেলেদের মানুষ করে তোলার যে দৃষ্টিভংগী সেই দৃষ্টিভংগী এই আইনে নেই। তারপর শিশুদের যারা নানাভাবে ব্যবহার করছে অসৎ কার্যে তাদের কঠোর শাস্তিবিধানের কথা বা সেরকম কঠোর দৃষ্টিভংগী এই আইনে দেখতে পাচ্ছি না। এদেরকে দায়িত্বশীল নাগরিক করবার কথা বলা হয়েছে বটে, কিন্তু তার কোন গ্যারান্টি এর মধ্যে নেই। যদি বুঝতাম এদের এমন মোশন এখন পরিবেশের মধ্যে মানুষ করা হবে যে তারা কখনও বুঝতে পারবে না যে তারা জেলের মধ্যে আছে বা খুব রেসট্রিকটেড পরিবেশে রয়েছে বা কঠোর পাহারায় আছে তাহলে কিছু আশা করবার ছিল। সাধারণ ঘরের ছেলেদের মত স্বাভাবিক পরিবেশে শিক্ষা দিয়ে মানুষ করে তোলবার কোন ব্যবস্থা এই আইনে নেই। শেষ কথা এই আমার বিশেষ করে বলবার যে কথা তা হল এই যে শিশুদের রক্ষা করবার লক্ষ্য যদি এই আইনে থাকত তাহলে আমি খুব সুখী হতাম। শিশুদের রক্ষা করা আজকের দিনে একটা বড় সমস্যা। কেবলমাত্র পুলিসের উপর ভরসা না রেখে রাষ্ট্রের তরফ থেকে তাদের রক্ষার ব্যবস্থা করা উচিত। দেখতে পাই পুলিসের যখন নজরে আসে যে কোন শিশু বিপথগামী হচ্ছে, অপরাধজনিত কোন কাজ করছে তখন তাকে নিয়ে ম্যাজিস্ট্রেটের কাছে হাজির করে এবং তারপর আইন অনুসারে তার ব্যবস্থা হয়।

[3-50—4 p.m.]

ডেপ্যুটি স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন বর্তমান কলকাতা শহর এবং শিল্পাঞ্চলে শিশুদেরই প্রধান বাহন হিসাবে ব্যবহার করা হয় এই চোলাই মদের ব্যবসায়ে। এই যে শিশুদের প্রধান বাহন করে ব্যবসা চালান হচ্ছে এটা পুলিসের অজানা নয়, অনেকেরই অজানা নয়। কিন্তু তা সত্ত্বেও পুলিসের তরফ থেকে অথবা রাষ্ট্রের তরফ থেকে আইনের সেরকম কোন ব্যবস্থা নাই যাতে শিশুদের এই সমস্ত খারাপ ইনফ্লুয়েন্স থেকে রক্ষা করা যায়। শিশুরা খারাপ সংস্পর্শে পড়ে পাকা চোর হিসাবে শিক্ষিত হয়, কিন্তু আমরা দেখি তা থেকে শিশুদের রক্ষা করার কোন ব্যবস্থা নাই। শিশুদের সাধারণ অভাব হচ্ছে জামাকাপড়ের নানতম খাদ্যের, সে ব্যবস্থা নাই। যে শিশুর পিতা অসমর্থ—যার সঙ্গতি নাই সে শিশুকে কি করে রক্ষা করবে? চিলড্রেন বিলএ যদি তাদের প্রোটেকশনএর ব্যবস্থা না থাকে তাহলে এই চিল্ডরেন বিল নামেই থেকে যাবে। এর প্রতিকার হিসাবে বোর্স্টাল স্কুলএর কথা এখানে অনেক সভাই বলেছেন। কিন্তু আমাদের দেশে এই শিশুদের মন নিয়ে সত্যই কোন চর্চা হয় নি বা তার ব্যবস্থা নাই। এখানে ডেলিনকোয়েন্টসদের শাস্তি দেবার ব্যবস্থা হয়েছে ফাইনএর মারফত বা ইন্টার্ন করে, কিন্তু বিশেষজ্ঞদের নিয়ে এমন কোন ব্যবস্থা করা হয় নি যাতে দেশের সর্বসাধারণ শিশুদের এবং সংগে সংগে তাদের পিতামাতাকে শিক্ষিত করা যায় যাতে ভবিষ্যতে আর ডেলিনকোয়েন্ট চিলড্রেন সৃষ্টি না হয়।

Sj. Apurba Lal Majumdar:

ডেপ্‌্টি স্পীকার মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ার এ বিল সমর্থন করছি এবং সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। আমি আশা করেছিলাম যে কতকগুলি বিষয় বিশেষভাবে এই আইনের মধ্যে ব্যবস্থা করা হবে, কিন্তু সেগুলি না থাকার জন্য আমি মন্ত্রী মহোদয়ার দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি এবং আমার বক্তব্য সে সম্পর্কে পেশ করছি।

শিশু এবং কিশোরদের মধ্যে অপরাধপ্রবণতা দীর্ঘদিন ধরে এবং পৃথিবীর সবদেশেই দেখা যায় এবং এই সম্পর্কে অনেক গবেষণা, অনেক আলোচনা সমালোচনা হয়েছে। বর্তমান যুগে আমাদের জ্ঞানের ক্ষেত্র প্রসারের সংগে সংগে আমরা এটা উপলব্ধি করতে পারছি যে, যে কারণে শিশুদের মধ্যে বা কিশোরদের মধ্যে অপরাধপ্রবণতা দেখা দেয় সেগুলি হল শিশুর মন ও পরিবেশ। শিশু অবস্থায় মন যখন কাঁচা থাকে তখন যদি তাদের ঠিকভাবে পরিচালিত করার চেষ্টা করা হয় তাহলে পরিণত বয়সে তাদের এই অপরাধপ্রবণতা থেকে রক্ষা করে তাদের সুস্থ ও সবল নাগরিক করে দেশোন্নতির কাজে সুস্থ মানুষের মত নিয়োগ করতে পারি। কিশোরদের মধ্যে এই অপরাধপ্রবণতা যদি প্রবলভাবে দেখা দেয় তাহলে সমাজের
values, established rights endangered
হয়ে যায়। সেজন্য বলছি ১৯২২ সালের চিল্ডরেন এ্যাক্টএ বোর্স্টাল স্কুল এবং রিফরমেটরি স্কুলএর ব্যবস্থা থাকা সত্ত্বেও বাংলাদেশের শিশু ও কিশোরদের অপরাধপ্রবণতা থেকে বাঁচান কতটা সম্ভবপর হয়েছে? আমি দেখেছি বিশেষ করে কলকাতা এবং হাওড়া স্টেশনএর পাশে ফুটপাথের ওপর—কিছুদিন থেকে লক্ষ্য করছি—প্রায় ৫০টি কিশোর, সাত বছর থেকে ষোল বছর বয়সের, এরা ডাস্টবিন থেকে আরম্ভ করে খাবার দোকান পর্যন্ত সর্বত্র ঘুরাঘুরি করছে। দু'মাস কিংবা ছ'মাস পরে দেখা যাবে নতুন নতুন ছেলে এসে, নতুন নতুন কিশোর ও শিশু এসে সেই জায়গায় স্থান নিয়েছে। আমি দীর্ঘদিন ধরে লক্ষ্য করে দেখেছি শুধু এখানেই নয় শ্যামবাজারের মোড়ে শিয়ালদা স্টেশনেও এরকম বহু রয়েছে। রিফরমেটরি এবং বোর্স্টাল স্কুল থাকা সত্ত্বেও এই সমস্ত শিশুদের সুস্থ নাগরিক হিসাবে গড়ে তুলতে পারে নাই।

তার অনেকগুলি কারণ আছে, সেই কারণগুলি কেন দূর করতে পারেন নি। সেই যে অক্ষমতা, সেই অক্ষমতা দূর করা যায় নি এবং লজ্জার কথা এই যে, এই অক্ষমতা এই দেশের আইনের মধ্যে দিয়েও দূর করার চেষ্টা হয় নি। যার ফলে এখনও আমরা দেখতে পাচ্ছি, বাংলাদেশের অধিক সংখ্যক শিশু ও কিশোরের মধ্যে অপরাধপ্রবণতা আগের থেকে বেশি পরিমাণ দেখা দিয়েছে। এর মূল কারণ হচ্ছে এবং সকলেই বিশ্বাস করে—অন্ততঃ এই বিষয় যে আলোচনা হয়েছে তার থেকে যে খবর পেয়েছি তাহলে সামাজিক এবং মানসিক কতকগুলি পরিস্থিতি এবং পারিপার্শ্বিক অবস্থার চাপে এই শিশু ও কিশোরদের মধ্যে অপরাধপ্রবণতা দেখা দেয়। এই সম্পর্কে সেন্ট্রাল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড বিস্তারিত আলোচনা করেছে এবং তারা এ্যাডভাইসারি বডি নিযুক্ত করেছেন যার সম্পর্কে বিস্তারিত আলোচনা করে কিভাবে রিফরম করা যায়, কিভাবে শিশু ও কিশোরের অপরাধ কমান যায়, তাদের জীবন সুন্দরভাবে গড়ে তোলা যায় সেই সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। এবং তাতে তারা যেসব সাজেশান দিয়েছে তার মধ্যে আফটার কেয়ারএর উপরেই তারা বেশি জোর দিয়েছে। এইসব বোরসটাল স্কুল কিম্বা রিফরমেটরি স্কুল থেকে যেসমস্ত শিশুরা বেরিয়ে আসবে পরবর্তীযুগে তাদের কিভাবে সমাজজীবনে প্রতিষ্ঠিত করবে তার বিস্তারিত আলোচনা তারা করে গিয়েছে। কিন্তু আমাদের এই আইনের মধ্যে সেই সমস্ত লিপিবদ্ধ করা হয় নি। সেইজন্য প্রধানতঃ মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করি যে, যে সারটিফায়েড স্কুল বিশেষ করে তাদের কেয়ারএর জন্য সেন্ট্রাল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড যে বক্তব্য রেখে গিয়েছে যে, যখন ছেলেরা বোর্স্টাল স্কুল থেকে বাইরে বের হবে তখন তারা যাতে পারিপার্শ্বিকে অবস্থার সংগে খাপ খাইয়ে জীবন যুদ্ধে জয়ী হতে পারে তার দিকে নজর দেওয়া দরকার। এ ছাড়া
skilfur supervision of after-care by efficient officers
এবং ২নং হল প্রোটেকশন। এখানে প্রোটেকশানএর কথা বিশেষ করে বলছি এই জন্য যে প্রোটেকশনএর সম্বন্ধে কোন কথা আইনের মধ্যে নেই। আমরা দেখেছি যে ছোট ছোট শিশুরা

রাস্তায় ঘুরে বেড়ায়, তারা বিশেষ কোন অপরাধ করে না কিন্তু পুলিসের খাতায় নাম লেখতে হয় বলে তাদের এগেনস্টএ পুলিস হ্যারাসমেন্ট হয়, তাদের

Section 54 Criminal Procedure Code

করে নিয়ে যায় এবং তাদের কেসএর বিরুদ্ধে কোন ফাইনাল রিপোর্ট না থাকায় তাদের ছেড়ে দেওয়া হয়। এই রিপ্রেসিভ মেথডএর বিরুদ্ধে প্রোটেকশান দেওয়া দরকার। সোস্যাল ওয়েল-ফেয়ার কমিটি তাদের মন্তব্য এই সম্বন্ধে দিয়েছেন। তা ছাড়া লিয়াশন অফিসার কথা বলা হয়েছে। বোর্স্টাল স্কুল থেকে বেরিয়ে যাতে পরিবারের মধ্যে বাস করতে পারে এবং তার যাতে একটা স্বাভাবিক সুন্দর অবস্থা সৃষ্টি হতে পারে তার সাজেশন সেন্ট্রাল ওয়েলফেয়ার বোর্ড দিয়েছে। কিন্তু এই আইনের মধ্যে সেন্ট্রাল ওয়েলফেয়ার বোর্ডএর সেই সমস্ত সাজেশনস দেখি না। সেদিকেও আমি মন্ত্রী মহোদয়ার বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করছি। এ ছাড়া বোর্ডের কাছ থেকে কতগুলি তথ্য দেওয়া হয়েছে এবং সারটিফায়েড স্কুল ও ইনডাসট্রিয়াল স্কুলএর কথা বলেছে। এটা ভুল কথা যে সারটিফায়েড স্কুলএর কথা এখানে বলা হয়েছে। কিন্তু ইন্ডাস্ট্রিয়াল স্কুল সম্পর্কে বলতে পারি যে বাংলা দেশে ইনডাস্ট্রিয়াল স্কুল নেই। বাংলাদেশের বাইরে বম্বে, মাদ্রাজ প্রভৃতি জায়গায় ইণ্ডাস্ট্রিয়াল স্কুল আছে। এই ইন্ডাস্ট্রিয়াল স্কুলএ কিভাবে ছাত্ররা গড়ে উঠতে পারে তার বিস্তারিত আলোচনা করেছে এবং তারা চারটা বক্তব্য রেখেছে। স্কুল থেকে বেরিয়ে আসবে যারা তাদের

further education and vocational education

দেবার জন্য ইণ্ডাস্ট্রিয়াল স্কুলএ ১৪ বৎসরের নিম্ন বয়স্ক ছাত্রদের সুযোগ দেওয়া হবে। কিন্তু ১৪ বৎসরের মধ্যে ভোকেশনাল ট্রেনিং সম্পূর্ণ হওয়া সম্ভব নয়। কারণ ইন্ডাস্ট্রিয়াল স্কুলএ ফারদার এডুকেশনএর যে সুযোগ সেই সুযোগ এই আইনের মধ্যে কোথাও নেই।

[4—4-10 p.m.]

কাজেই যে কাজ শিখবে সেটা অর্ধেক কাজ। তাতে জীবিকার্জনের কোন সুযোগ পাবে না। দ্বিতীয়তঃ,

accommodation and maintenance after discharge—Borstal school

থেকে বেরিয়ে আসার সঙ্গে সঙ্গে যদি থাকবার না জায়গা থাকে এবং পরিবারে তার স্থান না হয় তাহলে অরফেন বয়দের হোস্টেলএ মেইনটেনেন্স কিভাবে সম্ভবপর হবে সে সম্পর্কে যদি সরকার থেকে কোন ব্যবস্থা না থাকে তাহলে আইন করে কোন লাভ হবে না।

The need for return and adjustment to the family and to help in finding job situation.

এই দুটো বিষয় একান্ত অপরিহার্য অংশ হিসাবে থাকা উচিত এই আইনের মধ্যে, যাতে ফেমিলির মধ্যে ফিরে গিয়ে থাকতে পারে সেই বিধান থাকা উচিত, তদুপরি আর্থিক সাহায্যের ব্যবস্থাও থাকা উচিত। ৮নংএ আমি একথা বলার চেষ্টা করেছি, কারণ আমাদের দেশে মানুষ যদি জীবিকা-র্জনের সদুপায় না খুঁজে পায় তাহলে স্বাভাবিকভাবে অপরাধপ্রবণতার দিকে বেশি করে ঝুঁকে যায়। যদি এই সব অরফেন ছেলেদের কোনরকম প্রোটেকশন বা মেনটিনেন্স পাবার সুযোগ করে না দেওয়া হয়, তাদের চাকরির সংস্থান না করা হয় তাহলে তারা আবার অপরাধের পথেই পা বাড়াবে। কিন্তু এই আইনের মধ্যে আমরা কোথাও খুঁজে পাই না বোর্স্টাল স্কুল বা রিফর্মেটারি থেকে বেরিয়ে আসার পর তাদের জন্য জীবিকার্জনের ব্যবস্থা করা হল কিনা। তারপর সেকসন ১৭ এবং ১৭এ; বলা হচ্ছে গবর্নমেন্ট পরে এ সম্পর্কে রুলস তৈরি করবেন। কিন্তু সেখানেই আমার আপত্তি। কারণ, এটা অত্যন্ত ইনিস্পরাল এফেয়ার এবং আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, বোর্স্টাল স্কুল থেকে বেরিয়ে আসার পর আবার নতুন করে অপরাধপ্রবণতার দিকে ঝুঁকে যায় এবং অপরাধ করে বসে। বর্তমানে আইন করা হচ্ছে ১৪ বৎসর বয়সে পর্যন্ত নেওয়া হবে বোর্স্টাল স্কুল, চিলড্রেন এ্যাক্ট অফ ১৯২২তে দেখছি এই ব্যবস্থা ছিল যাতে করে ১৮ বৎসর পর্যন্ত বোর্স্টাল স্কুলএ ভর্তি হতে পারে এবং ইন্ডাস্ট্রিয়াল স্কুলএ এডুকেশন পেয়ে স্বাধীনভাবে জীবিকার্জন করতে পারে। এই আইনে সেটা বন্ধ করে দেওয়া হচ্ছে। অবশ্য কোন কোন ক্ষেত্রে ট্রেনিং শেষ না হলে ১৮ বৎসর পর্যন্ত রাখবার ব্যবস্থা

এই আইনে আছে; আগে ছিল ২১ বৎসর বয়স পর্যন্ত সেখানে ভর্তি করা যাবে। তারপর, যেটা এখানে বিশেষ করে বলা উচিত ছিল সেটাই এই আইনে দেখতে পাচ্ছি না—বোর্স্টাল স্কুল থেকে বেরিয়ে আসার পর আফটার কেয়ার সম্পর্কে সোস্যাল ওয়েলফেয়ার কমিটি এবং সেন্ট্রাল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড তাদের বক্তব্য সুস্পষ্টভাবে আমাদের কাছে রেখেছেন। তাঁদের সেই বক্তব্যগুলিই এই বিলের প্রধান বিষয় হওয়া উচিত ছিল। কিন্তু সেই রেসপনসিবিলিটি এখানে গভর্নমেন্ট নেন নি—সেই দায়িত্ব থেকে তাঁরা সরে দাঁড়াবার চেষ্টা করেছেন। সেইজন্য আমি বিলের এই দুর্বলতার তীব্র নিন্দা করি। আমি আশা করি বিলের এই দুর্বলতা দূর করে যাতে আমাদের দেশের কিশোররা অপরাধের পথ থেকে সরে এসে সুস্থ ও স্বাভাবিক নাগরিকের জীবননির্বাহ করতে পারে মন্ত্রী মহাশয় এই আইনের মধ্যে সেই ব্যবস্থা করবেন।

Sj. Sunil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ বিল সম্পর্কে আমি কিছু বলতে চাই। যখন এই বিলটা প্রথম এই হাউসে উপস্থাপিত করা হয়েছিল তখন আমরা এই বিল সম্পর্কে কয়েকটা প্রসঙ্গ উত্থাপন করেছিলাম এবং আশা করেছিলাম যে, সিলেক্ট কমিটিতে সেই ধরণের কিছু কিছু পরিবর্তন থাকবে। অবশ্য সিলেক্ট কমিটিতে বিলটার কিছু কিছু প্রয়োজনীয় পরিবর্তন সাধিত হয়েছে তাতে কোন সন্দেহের অবকাশ নাই—বিশেষ করে বিলের যে অংশে প্রবেশন অফিসার, আফটারকেয়ার অর্গেনাইজেশন সম্পর্কে বিধান রাখা হয়েছে সেকশন ১৭ এবং ১৭এ-তে এই দুটো ধারা সংযোজন দ্বারা বিলের নিশ্চয়ই উন্নতি সাধন করা হয়েছে। কিন্তু যেটা সবচেয়ে বড় প্রশ্ন সেটা হল শিশুদের নিরাপত্তা সিকিউরিটি অফ দি চিলড্রেন, শিশুদের নিরাপত্তা সম্পর্কে সামগ্রিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিলের যেসব সংশোধন হওয়া প্রয়োজন ছিল, সিলেক্ট কমিটি থেকে সেইভাবে সংশোধিতও পরিবর্তিত হয়ে বিলটি বেরিয়ে আসে নি। এখানেই হল প্রথম আপত্তি। এবং এ সম্পর্কে আমি এখনো বলব যে, যদি এই বিল থেকে কোন রকম সার্থকতা আমরা পেতে চাই তা হলে শিশুদের সিকিউরিটি সম্পর্কে দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিলটা রচনা করা দরকার। কারণ,

in the last analysis, the security of the children provides the security of the Nation

একথাটা মাননীয় মন্ত্রী মহোদয়াকে মনে রাখতে বলছি। তারপর, আমার বক্তব্য হল, যেসমস্ত ইমপ্রুভমেন্ট করা হয়েছে প্রোবেশনারি অফিসার এবং আফটার কেয়ার অর্গেনাইজেশান সম্পর্কে তার ভিতরও ত্রুটি রয়েছে। বলা হচ্ছে, প্রবেশনারি অফিসার বাড়ীতে যাবেন এবং বাড়ীতে গিয়ে আফটার কেয়ার অর্গেনাইজেশনএ যাবেন—সেসমস্ত ডেলিকোয়েন্টদের সাময়িকভাবে ছেড়ে দেওয়া হয়েছে বা তাদের পেরেন্টস ও গার্ডিয়ানরা সাময়িকভাবে তাদের নিয়ে গিয়েছেন, তাদের বাড়ীতে যাবেন। কিন্তু এখানে প্রশ্ন হল, তাদের যদি সোস্যালি ইনসুলেট না করা যায়, যে পরিবেশে থাকার জন্য ডেলিকোয়েন্টস সৃষ্টি হয় সেই পরিবেশ থেকে যদি তাদের পৃথক না করা যায় তাহলে প্রোবেশনারি অফিসাররা তাদের বাড়ীতে গিয়ে কি করবেন? আমি অনেক প্রোবেশন অফিসারকে জানি—তাঁরা নিষ্ঠার সঙ্গে তাঁদের কর্তব্যপালন করেন এবং ডেলিকোয়েন্ট শিশুদের মমতার সঙ্গে স্বাভাবিক ও সুস্থজীবনে পুনর্বাসনের চেষ্টা করেন। কিন্তু তাঁরা হতাশ হয়ে গিয়েছেন। কয়েকজন প্রবেশন অফিসার আমাকে ব্যক্তিগতভাবে একথা বলেছেন যে, যদি সোস্যাল ইনসুলেশন না করতে পারা যায় তাহলে তাঁদের প্রচেষ্টা ব্যর্থ হতে বাধ্য। কারণ, বিলের ভিতরে পিউরিটিভ ব্যবস্থা রয়েছে, শাস্তির ব্যবস্থা রয়েছে, কিন্তু প্রিভেনশনএর কোন ব্যবস্থা নাই। যদি প্রিভেনশন এবং ইনসুলেশনএর ব্যবস্থা করতে পারা যায় তাহলে প্রোবেশনারি অফিসাররা যত নিষ্ঠার সঙ্গেই কার্যে অগ্রসর হোন না কেন, তাদের সেই প্রচেষ্টা ব্যর্থ হতে বাধ্য। এই বিলের আরও একটা অংশের প্রতি আমি মাননীয় মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। নেগলেকটেড চাইলডএর যে ডেফিনেশান দেওয়া হয়েছে সে সম্পর্কে আমার বক্তব্য রয়েছে। নেগলেকটেড চাইল্ড সম্পর্কে বলছেন ২(আই)(টু-আই)তে যে,

has no home or settled place of abode or is found wandering without any ostensible means of subsistence, or is found destitute, whether he is an orphan or not.

এখন প্রশ্ন হল, আজকে যে অর্থনৈতিক অবস্থার ভিতর সাধারণ মানুষ—সাধারণ পরিবারের মানুষ জীবনযাপন করছে তাতে পিতামাতার পক্ষে বহু সন্তানের দায়িত্ব নেওয়া সম্ভব নয়। আমরা বিধানসভার সদস্য নির্বাচিত হয়েছি এবং বিধানসভার সদস্য নির্বাচিত হওয়ার ফলে জনসাধারণের মনে, বিশেষ করে দরিদ্র জনসাধারণের মনে আমরা একটা আশা জাগিয়েছি যে, আমাদের কাছে এলে তাদের জীবনের সব সমস্যার প্রতিকার হবে এই কারণে বহু পিতামাতা আমাদের সঙ্গে সাক্ষাৎ করতে আসেন তাঁদের বক্তব্য বলবার জন্য। এখানে নেগলেকটেড চাইল্ডএর যে ডেফিনিশন দেওয়া হয়েছে—

if he is found destitute, or wandering without any ostensible means of subsistence

এই প্রসঙ্গটা যদি এখানে পরিষ্কারভাবে না দেওয়া থাকে তাহলে বহু পিতামাতাকে বাধ্য করা হবে তাদের সন্তানসন্ততিদের রাস্তায় ঠেলে দিতে।

[4-10—4-20 p.m.]

সুতরাং আইনের যে উদ্দেশ্য তা শুধু ব্যর্থই হবে না বরং এর দ্বারা সাধারণ শিশুদের মধ্যে অপরাধপ্রবণতা বোধ জাগিয়ে তুলবেন এবং তারা মিথ্যার আশ্রয় নিতে বাধ্য হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই প্রসঙ্গে অন্য কয়েকটি রাজ্যের চিলড্রেনস এ্যাক্ট সম্বন্ধে মাননীয়া মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫২ সালের ইউ. পি-র চিলড্রেন এ্যাক্টএ বলছে—

The object of this Act as stated in the preamble is the custody, protection, treatment and rehabilitation of children.

কিন্তু চিলড্রেনের ডেফিনেসনএ আমি এখানে কিছুই দেখতে পাচ্ছি না। এখানে রিহ্যাবিলিটেশন অব দি চিলড্রেন বলতে মনে হয় যে সমস্ত রকম শিশুই এই আইনের মধ্যে আসছে। তারপর এই আইনের বৈশিষ্ট্যের দিকে আমি মাননীয়া মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে—

under one of them the sale to a person under 12 years of age of any cigarette, biri, tobacco, etc., whether for his own use or not is made an offence.

আমি জানি বাংলাদেশে যে আইন আছে—বেঙ্গল স্মোকিং এ্যাক্ট অব ১৯১৯, বেঙ্গল জুভেনাইল স্মোকিং এ্যাক্ট অব টু ১৯১৯—তাতে বলা আছে যে ১৬ বছরের নিচে শিশুদের কাছে কেউ কোন রকম কুবাক্য, সিগারেট ইত্যাদি বিক্রি করলে তাকে সাজা দেওয়া হবে। আমার বক্তব্য হল যে শিশুদের মধ্যে যদি এ্যাডিকটস সৃষ্টি করবার সুযোগ থাকে তাহলে তাদের মধ্যে অপরাধপ্রবণতা স্বভাবতঃই আসবে। বেঙ্গল জুভেনাইল স্মোকিং এ্যাক্ট অব ১৯১৯ তার প্রয়োগের কথা আমরা কখনও শুনিনি এবং এর ফলে ছোট ছোট ছেলেদের মধ্যে এডিক্টস সৃষ্টি হচ্ছে। এই ধরনের

smoking addicts, drinking addicts

সারা সমাজে পরিব্যাপ্ত হচ্ছে এবং এর ফলেই অপরাধপ্রবণতা বেড়ে যাচ্ছে। সুতরাং ইউ পি-র চিলড্রেনস এ্যাক্টএ যে ব্যবস্থা রয়েছে তার দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বোম্বে আইনের দুই একটি বৈশিষ্ট্যের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ডেস্টিটিউট এ্যান্ড নেগলেকটেড চিলড্রেন সম্বন্ধে সেখানে বলছে—

Any child without a home or found wandering without settled place of abode, without visible means of subsistence or found begging, etc., for a consideration, destitute or illegitimate child living on charity or a child without a parent or guardian or if has a parent or guardian who is unfit to exercise or incapable of exercising or not exercising proper care and guardianship, any child known to have association or living with prostitutes or persons of criminal and drunken habits, any child living or residing in or remaining in a place of prostitution or any child otherwise likely to fall into bad association or to be exposed to moral danger, or is likely to enter upon a life of a criminal, etc.

আমার বক্তব্য হল এই যে নেগলেকটেড চিলড্রেন এবং ডেসটিচুট চিলড্রেন সম্বন্ধে বোম্বে আইনে যে সংজ্ঞা রয়েছে সেটা যদি আমরা গ্রহণ করি তাহলে আর্থিক সঙ্কটে পড়ে পরিবারের পিতামাতা যেসমস্ত শিশুদের পরিত্যাগ করেন এবং যারা অনাহারক্লিষ্ট হয়ে অপরাধপ্রবণতার পথে গা ঢেলে দেবে তাদের তখন আমরা রক্ষা করতে পারব। সেইজন্য আমি মন্ত্রী মহোদয়কে বলছি যে বোম্বের ১৯৩৮ সালের এ্যাক্টে নেগলেকটেড চিলড্রেনদের সম্বন্ধে যে সংজ্ঞা দেওয়া রয়েছে সেই সংজ্ঞা গ্রহণ করে যাতে নেগলেকটেড চিলড্রেনদের পরিধি ব্যাপকতর করে আমরা শিশুদের নিরাপত্তার সম্ভাবনাকে বৃদ্ধি করতে পারি এবং তাদের মধ্যে অপরাধপ্রবণতাকে কমাতে পারি এ সম্পর্কে আমি আপনাকে আর একটু চিন্তা করতে বলছি। এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি এবং এই বিলের যে সমস্ত ত্রুটি রয়েছে তার সংশোধনের দাবী জানাচ্ছি।

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I have listened to the speeches made by my friends opposite. May I be permitted to say that they have been labouring under an exaggerated idea of the scope and object of the Bill. Perhaps they mean that all the children of the State should be brought within the purview of this Bill for their general welfare. I submit, Sir, that the scope of the Bill is a very limited one. If you look at the preamble it is just to consolidate and amend the law relating to the custody, protection, treatment and rehabilitation of juvenile delinquents and of other children in need of care, protection and certain other matters. So long these children were being governed by three or four Acts. I like to mention them. They are, the Reformatory School Act, 1897, so far as it applies to West Bengal, the Bengal Children Act, 1922, the Bengal Borstal Schools Act, 1928, the Bengal Vagrancy Act, 1943, as far as it applies to the children of West Bengal. The scope of the Bill has already been mentioned and the spirit has already been accepted by the House and most of the arguments placed in this House by the members opposite were discussed, even in the amendments they have suggested, and so I will not go into details now but shall reply when those amendments will come up. One thing I would like to tell Shri Apurbalal Majumdar. He is entirely wrong—though he is renowned lawyer—when he says that the neglected children have not been covered and that the begging in public resorts has not been covered, or when he says there is no scope for Probation Officers to function, or when he says there is no after-care home or organisation envisaged in the Bill. I am very sorry that he did not go through the Bill properly, if he did so he would have found that they are provided in the Act. Sir, he has questioned the wisdom of the Government of West Bengal in giving this Government power to make rules under section 45. Sir, all the Bills are passed in the Assembly and provision is made for making rules and if there is any difficulty in the way of implementation that is covered by rule-making Power. The rules are never placed in the Assembly. They are generally published in the gazette. I do not agree with him when he says that statutory provision should be made in the body of the Bill to deal with the children—neglected children—who need care and protection, delinquents and non-delinquents. If any exigency arises Government must have power to make rules to meet that situation.

Shri Sunil Das points out that the words 'and unable' should be inserted after the word 'unfit'. He says that the children of the widows or of those who are not capable of looking after their children due to poverty or physical infirmity, etc., should be covered. Of course 'unfit' means physically and mentally and economically unfit too. I understand his point and I can assure him that they will be brought within the purview of this Act.

[4-20—4-30 p.m.]

Sir, there has been much criticism in this House regarding the merits of borstal schools and industrial schools. I need not go into it. Begging has already been brought within its purview and some amendments even say

that not only begging in a place of public resort but begging in private houses also should be stopped. Sir, I will deal with it elaborately when I discuss that matter, but I can now safely say that begging in a place of public resort, in a place like Shambazar or in a station area, to which Shri Apurba Lal Majumdar and Shri Chitto Basu referred, has all been covered and begging will be stopped in public places. Sir, I need not waste the time of the House by dealing with other points because they will be covered when I deal with the amendments.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the West Bengal Children Bill, 1958, as reported by the Joint Select Committee, be taken into consideration was then put and agreed to.

Clause 1

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 1(1), in line 2, for the word "Children" the words "Child Welfare" be substituted.

I further beg to move that in clause 1(3), in lines 5 and 6, the words "and different dates may be appointed for different provisions of this Act or for different areas" be omitted.

By my first amendment, Sir, I wish to change the name of the Bill. Instead of calling it simply 'Children Bill', I think it will be better if we call it 'Child Welfare Bill'.

By my second amendment I would like to omit some portion from clause 1(3). Sub-section (3) reads like this: "This section shall come into force at once. The remaining provisions of this Act shall come into force in such area or areas and on such date or dates as the State Government may, by notification in the Official Gazette, appoint, and different dates may be appointed for different provisions of this Act or for different areas". If my amendment is accepted, then simply Government will fix a particular date for the application of the whole Act in a particular area. But if this option is left, then the entire provisions of this Act may be made nugatory by inaction on the part of the Government. I can point out certain Acts which are beneficial and if they were implemented at the very moment they were passed, much good service could have been done to the people of the State, for example, the Land Reforms Act. Section 1 of the Land Reforms Act contains three sub-sections and one of the sub-sections is to this effect that Government has option to declare any part of that Act effective in any particular area as it likes. The Act has come into force on the 31st March, 1956. Now we are at the end of 1959. There are many benevolent provisions in that Act regarding land reforms, such as changing the character of the raiyats conferring of many rights to the raiyats and so on, but except Chapter III of that Act which was already existing in the Bargadars Act, no other new benevolent provision of the Act has been brought into force up till now. Although about four years have elapsed, still that Act is not being implemented. So, I would say that although this Act is a beneficial one, if this option is left with the Government, I am sure that the benevolent provisions of this Act will not be brought into operation. Only the benevolent sections will remain in the statute book to be served as sermons but not to be utilised in practice. Therefore, I would request the Hon'ble Minister to delete this portion of the sub-section so as to make it self-sufficient.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 1(1), in line 2, for the word and figures "Act, 1958" the words and figures "Welfare Act, 1959" be substituted.

এটা ১৯৫৯ তো হবেই, কারণ ১৯৫৮ সালে বিলটা প্রথমে এসেছিল, আমরা ১৯৫৯ সালে এসে পৌঁছেছি কাজেই এটাকে ১৯৫৯ করতেই হবে। ওয়েলফেয়ার এ্যাক্ট আমরা এইজন্য বলছি যে

বাংলাদেশের বাইরে অন্য জায়গায় চিলড্রেন সম্পর্কে যেসমস্ত এ্যাক্ট আনা হয়েছে বা আমরা এখনে যে এ্যাক্ট আনছি তার মুখ্য উদ্দেশ্য হল ওয়েলফেয়ার এবং সেই মুখ্য উদ্দেশ্যকে আমরা এই বিলের সামনে এইজন্য রাখতে চাই যে, যাতে আমাদের এ সম্পর্কে ইন্টারপ্রিটেশন এবং একটা পরিষ্কার ধারণা সবসময় থাকে যে এই আইনের মাধ্যমে আমরা আমাদের কিশোরদের ওয়েলফেয়ার করবার জন্য চেষ্টা করছি এবং তাই যখন এর মুখ্য উদ্দেশ্য সেইজন্য ওয়েলফেয়ারটা যোগ করে দিতে প্রস্তাব করছি।

Shri Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that in sub-clause (1) of clause 1, in line 2, for the figure "1958" the figure "1959" be substituted.

Shrimati Manikuntala Sen: Sir, I beg to move that the following proviso be added to clause 1(3), namely:—

"Provided that all provisions of this Act are enforced throughout the State within a period of two years of the enactment of this Act".

ডাক্তার গণি তাঁর বক্তৃতায় যা বলেছেন সেইটাই অর্থাৎ এই বিলটা পাশ হলে এটাকে দুই বছরের মধ্যে কার্যকরী করার কথা যেন এতে উল্লেখ থাকে। একথা আমি আরও বিশেষভাবে এইজন্য বলছি যে একেত এই বিলের স্কোপ অত্যন্ত কম, আমরা যতটুকু আশা করেছিলাম যে সিলেক্ট কমিটিতে গিয়ে হয়ত স্কোপ কিছু বৃদ্ধি করা যাবে কিন্তু তাতে আমরা একটু হতাশ হয়েছি—এই স্কোপ কিছু বাড়ানো গেল না। যে টেকনিক্যাল আউট লাইন ছিল সেই টেকনিক্যাল আউট লাইনের মধ্যে বসে আমাদের এধার ওধার করতে হয়েছে, বিশেষ কিছু একে উন্নত করা যায় নি অর্থাৎ ওয়েলফেয়ার বলতে গেলে যা বোঝায় সেই সামগ্রিকভাবে চাইল্ড ওয়েলফেয়ার এই বিলে অন্তর্ভুক্ত করা যায় নি। শিশু সমস্যা সম্বন্ধে যে জিনিসটা আমাদের সামনে অত্যন্ত প্রকট হয়ে আছে সে সম্পর্কে বিস্তৃত আলোচনা করারও ক্ষেত্র সেটা হয় নি এবং সে সম্পর্কে কেবল সমাধানের প্রস্তাব আনাও এই বিলের পরিধির মধ্যে সম্ভব ছিল না। সুতরাং সে দিক থেকে আমরা হতাশ হয়েছি। অন্ততঃ যেটুকু স্কোপ এর মধ্যে আছে ডেলিংকোয়েন্ট চিলড্রেন সম্পর্কে, নেগলেকটেড চিলড্রেন সম্পর্কে তাও শুধু একটা কাগজের জিনিস না হয়ে এটার জন্য বিশেষ করে দুই বছরের একটা সীমা আমি দিতে চাচ্ছি, কারণ এটা খুব আশংকা যে এই বিলটা কার্যকরী হতে দীর্ঘদিন লাগবে। গভর্নমেন্টের একটা জিনিস আমরা সকলেই জানি যে ঘর-বাড়ী তুলতে তুলতে অনেক সময় যায়। বড় বড় বাড়ী তুলতে তুলতে, প্ল্যান-টান বা অনেক টাকা-পয়সার ব্যাপার-ট্যাপার ইত্যাদি করতে করতে যদি ১০-২০ বছর লেগে যায় তাহলে হল না, টাকাও খরচ হবে সময়ও নষ্ট হবে, আমাদের যা উদ্দেশ্য সেই উদ্দেশ্যের পথে খুব কম আমরা অগ্রসর হলাম এইভাবে আইন শেষ হয়ে না যায়; এতে আমাদের আশংকা যেমন আছে তেমনি থাকবে কারণ জিনিসটা খুব টেকনিক্যাল। কতকগুলি বর্স্টাল স্কুলস বা হোমস আছে যেখানে চিলড্রেন আছে। এখন তাদের টেনে নিয়ে কিছু না করলে একটা দুর্ঘটনা ঘটে যাবে এমন নয়। সুতরাং এটা ডিলে হতে পারে। আমাদের মুখ্যমন্ত্রী ইচ্ছা করলে এটা আরও পাঁচ বছর ঠেকিয়ে রাখতে পারেন, টাকা নেই এসব কথা বলে। সুতরাং একটা অসুবিধার প্রশ্ন এসে যাবে যদি না একটা সময়ের সীমারেখা রাখা হয়। আমরা প্রতিদিন খবরের কাগজ খুললে কংগ্রেসের সভানেত্রী শ্রীযুক্তা ইন্দিরা গান্ধীর বক্তৃতা পড়তে পাই এবং তাতে শিশুকল্যাণ সম্পর্কে নানা কথা বলা হয় এবং এটা এত জরুরী বিষয় যে এর দিকে দেশশুদ্ধ মানুষের দৃষ্টি আকর্ষণ করা হয়। আমাদের প্রধানমন্ত্রীও শিশুদের কথা আমাদের সকলকে স্মরণ করিয়ে দিয়ে থাকে কিন্তু সে সমস্ত অনেক দূরের ব্যাপার। সেখানে সামগ্রিক শিশুসমস্যা এবং তার সমাধানের প্রশ্ন আছে এর মধ্যে সেসব কিছু নেই। টেকনিকাল ধরনের শিশু কল্যাণের ব্যবস্থা আছে এবং তা করতে আমাদের পশ্চিমবংগ সরকার যদি এত দীর্ঘ সময় যেন তাহলে সেটা খুবই অন্যায় হবে। অবশ্য আমি বলছি না যে তারা দীর্ঘ সময় নেবেন কিন্তু সময়টা উল্লেখ করতেই বা অসুবিধা কি আছে—দু বছরের মধ্যে এটা কার্যকরী করা হবে একথা বলতে আপত্তি কি আছে? ডাক্তার রায় যদি আমাদের বলেন যে দু বছরে পারবে না, তিন বছর চাই তাহলে আমি এটা উইথড্র করে তিন বছর করতে প্রস্তুত আছি। কিন্তু একটা সময়ের সীমারেখা বলুন যে কবের মধ্যে করবেন।

ঘরবাড়ী তুলতে কত সময় নেবেন—এসব কথা একটু পরিষ্কার হয়ে যাওয়া দরকার। সেজন্য শেষ মুহূর্তে হোলেও আমি আবার বলছি যে এটা আমাদের সিলেক্ট কমিটিতে অনেক আলোচনা হয়েছে এবং আমার ধারণা বিলের যিনি উত্থাপক তিনি এ বিষয়ে আমার সংগে একমত। একমাত্র মুখ্যমন্ত্রীকে যদি রাজী করানো যায় তাহলে হয়ত এটা হয়ে যায়। সেজন্য আমার আবেদন হচ্ছে যে দু বছরের মধ্যে এটকে কার্যকরী করা হবে এবিষয়ে তিনি আমাদের অন্ততঃ একটা প্রতিশ্রুতি দিন।

[4-30—4-40 p.m.]

Shri Sunil Das:

ডেপুটি স্পীকার মহাশয়, আমার এ্যামেন্ডমেন্ট হ'ল—

Sir, I beg to move that the following proviso be added to clause 1(3), namely:—

"Provided that not more than two years shall elapse before it is extended to the whole of West Bengal".

আমার পূর্ববর্তী বক্তা শ্রীমতী সেন যে এ্যামেন্ডমেন্ট এনেছেন আমার এ্যামেন্ডমেন্ট একই ধরণের শুধু একটু ভাষাগত পর্থক্য আছে। সুতরাং আমি আর হাউসের বেশি সময় নিতে চাই না। আমার মনে হয় এটা খুবই সংগত প্রস্তাব। তা না হলে একটা সেন্স অব ডাইরেকশন, সেন্স অব পার্পাজ এই বিলে থাকবে না। সুতরাং বিলটাকে যদি সেন্স অব ডাইরেকসন, সেন্স অব পার্পাজ দিতে হয় তাহলে এরকম একটা টাইম লিমিট রাখতে হবে। তা না হলে অন্যান্য বিল সম্পর্কে সাধারণ লোকের যে ধরণা আছে এটার সম্বন্ধেও সেই ধারণা থেকে যাবে যে কোনদিন এই বিলটা কার্যকরী হবে না এবং এই বিলের যে উদ্দেশ্য রয়েছে শিশু নিরাপত্তার ব্যবস্থাপনা সেই উদ্দেশ্য গোড়াতেই ব্যর্থ হবে।

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, the amendments of this clause fall into two categories,—one dealing with the welfare of the children in general and another is about the time required for implementation of the Act. Sir, about welfare in general, I have already said in my reply that the scope is very limited. It only deals with delinquent, uncontrollable and neglected children. So it does not come and if these amendments are accepted, they will give an exaggerated idea of the scope of this Bill which is not intended. So I cannot accept those amendments. The next category of amendments is about the implementation of this Bill when passed into law. Sir, I have already discussed that the implementation of this Act will involve various things. It will require finance, trained personnel and accommodation. We are not yet ready with all those things. This point was elaborately discussed in the Joint Select Committee and the Committee after due deliberation came to the decision that no statutory limit should be imposed in the body of the Bill but it is desirable and Government accepted that—that Government will implement it throughout West Bengal within a period of two years after the Act is passed into law. Sir, I also sincerely believe that it is essential that it should be done as early as possible and I also appreciate the anxiety that has been expressed by my friends, Shrimati Manikuntala Sen, Shri Sunil Das and others about the speedy implementation of this Act. I have placed the facts before them and I expect that this point won't be pressed by my friends. Government will make it an obligatory thing, even if they wish to do it, without making a statutory limit of two years. So I am not going to accept those amendments. There is another amendment about change of the year from 1958 to 1959 put forward by Shri Ardhendu Naskar. It is just a simple amendment. The Bill was intended to be passed in 1958, it is going to be passed in 1959. This is an official amendment. I accept it and at the same time I oppose the amendment put forward by Shri Apurba Lal Majumdar who not only

gives the year but has changed the name of the Act as envisaged in the Bill. I oppose the amendment because it is not a Bill for the welfare of the children in general.

The motion of Shri Ardhendu Sekhar Naskar that in sub-clause (1) of clause 1, in line 2, for the figure "1958" the figure "1959" be substituted, was then put and agreed to.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 1(1), in line 2, for the word "Children" the words "Child Welfare" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 1(1), in line 2, for the word and figures "Act, 1958" the words and figures "Welfare Act, 1959" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 1(3), in lines 5 and 6, the words "and different dates may be appointed for different provisions of this Act or for different areas" be omitted, was then put and lost.

The motion of Shrimati Manikuntala Sen that the following proviso be added to clause 1(3), namely:

> "Provided that all provisions of this Act are enforced throughout the State within a period of 2 years of the enctment of this Act.",

was then put and lost.

The motion of Shri Sunil Das that the following proviso be added to clause 1(3), namely:—

> "Provided that not more than two years shall elapse before it is extended to the whole of West Bengal.",

was then put and lost.

The question that clause 1 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

Shri Apurba Lal Majumdar Sir, I beg to move that in clause 2(b), in line 4, for the word "fourteen" the word "twelve" be substituted.

I beg to move that in clause 2(f), in line 4, for the word "fourteen" the word "twelve" be substituted.

I beg to move that in clause 2(h), in line 2, after the words "an offence" the words "involving moral turpitude" be inserted.

I beg to move that in clause 2(i)(iii), in line 1, for the words "is unfit" the words "behaves cruelly or unable" be substituted.

I beg to move that in clause 2(l), in line 5, after the word "delinquents" the words "who have not attained the age of twelve years" be inserted.

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহেদয়, এই ক্লজ(২)তে আমার পাঁচটা এ্যামেন্ডমেন্ট আছে। প্রথম এ্যামেন্ডমেন্ট যেট সেটা বোর্স্টাল স্কুল সম্পর্কে। সেখানে ক' বছরের ছেলে বা কত বছর বয়স পর্যন্ত থাকতে পারবে তার ডেফিনিশান দেওয়া হয়েছে। এখানে ১৪ বৎসর আছে সেখানে আমি বলেছি ১২ বৎসর করবার জন্য। এর কারণ যারা শিশু বা কিশোর তাদের মানসিক ডেভালেপমেন্ট সম্পর্কে যতটুকু জ্ঞান আমরা অর্জন করতে পেরেছি তাতে দেখা যায় যে এগার বছর যে ছেলের পূর্ণ হয়ে যায় তার একটুকু বিদ্যাবুদ্ধি জন্মায় যে সে যে কাজটা করছে সেটা

অন্যায় কিনা এবং সেটা করা অন্যায় কিনা তা বুঝতে সক্ষম হয়। সেদিক থেকে যে ১৪ বছরের সীমারেখা টানা হয়েছে তা যদি কনভিকটেড হয় কম করে ১৪ বছরের কনভিকটেড পারসনকে বোর্স্টাল স্কুলএ নেওয়া হবে, তার কম বয়সে যদি কোন শিশু কনভিকটেড হয়ে থাকে তাকে নেওয়া হবে না, এটা ঠিক নয়। আমরা ইন্ডিয়ান পেন্যাল কোডএ দেখেছি এগার বছর হয়ে গেলে তখন কোন অপরাধ করলে সেই অপরাধের জন্য তাকে পুরা সাজা দেওয়া হয় এবং এটা প্রমাণ করতে হয় না যে তার মেন্টাল ডেভালপমেন্ট হয়েছে কিনা এবং যে অপরাধ কাজ করেছে সেই অপরাধ সম্পর্কে পরিষ্কার জ্ঞান তার নেই। কাজেই দেখা যাচ্ছে ১২ বছরেই আমাদের কিশোরদের মধ্যে মেন্টাল ডেভালেপমেন্ট হয়ে যায়। এই জন্যে ১২ বছরে শিশু যদি অপরাধ করে এবং কোন কারণে কনভিকটেড হয়ে থাকে তাকে বোর্স্টাল স্কুল-এ না নেবার মধ্যে কোন যুক্তি নেই।

দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট হল একই রকম ধারার উপরে ইন্ডাসট্রিয়াল স্কুল সম্পর্কে বলা হয়েছে ১৪ বছরের বেশি বয়স না হলে সেখানে নেওয়া হবে না। সেখানে কনভিকসানএর কোন প্রশ্ন নেই—নট কনভিকটেড বলে এরকম বলা আছে—

who are not juvenile delinquents.

তাদেরই সেখানে নেওয়া হবে। তাদের নেওয়া হলে সেখানে যখন দেখা যায় ১২ বছরে মোটামুটি মেন্টাল ডেভালপমেন্ট হয়ে যায় তখন ১২ বছরের বয়স থেকে নেবার জন্য অনুরোধ করছি।

আমার ১১নং

amendment juvenile delinquency

কিরকম তার ডেফিনিশান দেওয়া হয়েছে—

It means a child who has been found to have committed an offence.

কিন্তু অফেন্স তো বহু রকমের আছে, এখানে সে সম্পর্কে কিছু নেই। সেজন্যে আমি বলেছি ইনভলভিং মরাল টারপিচুড। অবশ্য এর আগে আমরা দেখেছি চিলড্রেন এ্যাক্টএ প্রাইভেট প্রোপার্টির বিরুদ্ধে যদি কোন অফেন্স হয়ে থাকে তাহলে সেই অফেন্সকে বেশি করে ধরে সেই সমস্ত ছেলেকে বোর্স্টাল অব রিফরমাটরি স্কুলএ পাঠানর ব্যবস্থা আছে। কিন্তু এখানে অফেন্সটা খুব ওয়াইড করে রাখা হয়েছে ধরুন একটা ছেলে সামান্য একটা ঢিল ছুঁড়েছে তার জন্য সেকসান ৩৩৭এ তার কনভিকশান হয়ে গেল, এরকম কনভিকশান বহু কোর্টে আমরা দেখেছি। অথচ এর মধ্যে কোন

moral torpitude or private property

এর বিরুদ্ধে এমন কিছু অপরাধ নেই।

[4-40—4-50 p.m.]

শুধু তা নয় খেলতে গিয়ে একটা ছেলের চোখ নষ্ট করে দিল। তার সাজা অবশ্য দেওয়া উচিত। আইন অনুসারে প্রচুর সাজা দেওয়া যায়। তার মানে পারমানেন্ট ডিসফিগারমেন্ট হয়ে গেল, সেকসান ৩২৬এ সেটা আসতে পারে। কিন্তু এই সমস্ত ক্ষেত্রে যে অপরাধ এগুলি লঘুভাবে দেখা উচিত। এই সমস্ত ছেলেরা যারা এই অফেন্স করবে তাদের এই বোর্স্টাল, ইন্ডাস্ট্রিয়াল স্কুলএ পাঠাবার যুক্তি থাকতে পারে না। সেজন্যই বলছি ডেফিনিশান চেঞ্জএর প্রয়োজন। লিমিটেড অফেন্স যেমন ধরুন খেলাচ্ছলে যা ঘটে, যেটা মরাল টারপিচুট নয় সেই সমস্ত ক্ষেত্রে আইনের প্রয়োগ না করলেই ভাল হবে।

তারপর এ্যামেন্ডমেন্ট নং ১৩, নেগলেকটেড চাইল্ড কিভাবে বলব। ডেফিনেশন দিতে গিয়ে সকশান ৩-তে বলা হয়েছে—

has a parent or guardian who is unfit to exercise or does not exercise proper case.

এই আনফিটএর জায়গায় বিহেবস কুয়েলি অর আনএবল এটা বলতে চাচ্ছি। আনএবল কথাটা একটু আগে মন্ত্রী মহোদয়া বললেন কিন্তু কোথাও আইনে সেটা এক্সপ্লিসিটলি নাই। গারডিয়ান

অর পেরেন্টস যদি তাদের ভরণপোষণ করতে না পারে তাহলে তাদের যেখানে দৃষ্টি দেওয়া হবে, এই আইনের আওতায় আনা হবে এবং নেগলেকটেড চাইল্ড হিসাবে বিবেচনা করা হবে। কিন্তু হয়ত তাঁর সৎ উদ্দেশ্য আছে, এই হাউসেও আমরা প্রচুর সৎ উদ্দেশ্য ব্যক্ত করে থাকি, বক্তৃতায় বলে থাকি কিন্তু যখন আমরা গভর্নমেন্টএর সামনে আসি বিচারক ম্যাজিস্ট্রেটই হোক সেশান জজই হোক আর হাইকোর্টই হোক বিচারকের দৃষ্টিভঙ্গি নিয়ে যখন আইনের সূক্ষ্ম ব্যাখ্যা করি তখন আমাদের পায়াস উইসএর কোন মূল্য তারা দিতে পারেন না। সেজন্য ইমপ্লিসিট না রেখে পরিষ্কার করে দিন যাতে কোন প্রশ্ন না থাকে। এজন্য এটাকে প্রশ্নের অতীত করে বলে দেওয়া দরকার যে যারা অক্ষম পিতামাতার সন্তান, যে পিতামাতা আর্থিক অক্ষমতার জন্য ছেলেমেয়েদের ভরণপোষণ করতে পারে না, এডুকেশন দিতে পারে না, খাওয়াপরা দিতে পারে না সেই সমস্ত ছোট ছোট ছেলেমেয়েদের নেগলেকটেড চাইল্ড হিসাবে যদি গ্রহণ করতে রাজী থাকেন তাহলে আইনের মধ্যে সেটা পরিষ্কারভাবে বলে দেওয়া দরকার। মন্ত্রী মহাদয়া আশা করি কি বলছি ঠিক বুঝতে পারছেন কারণ যতই সৎ উদ্দেশ্য থাকুক অনেক সময় কোর্টএর ইন্টারপ্রিটেশনএ সেই সৎ উদ্দেশ্য ব্যর্থ হয়ে যায়। এটাই আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি। সেজন্যই এটা পরিষ্কার রাখা দরকার যে আনফিট হলে আনএবেল হলে সে ক্ষেত্রে আমরা যেন গ্রহণ করি। তারপর ১৮ নম্বর এমেন্ডমেন্ট হচ্ছে—

after the word "delinquents" the words "who have not attained the age of 12 years" be inserted.

অবশ্য রিফরমেটারি স্কুল দুরকম। এক ধরণের স্কুল থাকা উচিত। অফেনন্ডারসদের জন্য। আর এক ধরণের থাকবে নন অফেন্ডারসদের জন্য। আর ১২ বছর সীমারেখা আমি যথেষ্ট বলে মনে করি সেজন্য আমি ১৮নং প্রেস করছি না। তবে দুটোই রইল কিন্তু যেখানে অফেন্ডারস এবং নন-অফেন্ডারস হবে সেখানে এটা প্রেস করছি না।

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 2(i)(i), in line 1, the words "of public resort" be omitted.

Sir, I also beg to move that in clause 2(k), in line 1, the words "institution or" be omitted.

Sir, I further beg to move that in clause 2(l), in line 2, the words "or certified" be omitted.

Sir, my first amendment is for deleting the words 'of public resort' in sub-section (i)(i). It runs thus: "Neglected Child means a child who is found in any street or place of public resort, etc.". By using these words only a child who will be found in any street or place of public resort—he will be a neglected child. If you omit this expression, then scope of the definition will be larger, i.e., a neglected child means a child who is found in any street or place begging or receiving alms. If a child is found at a place other than a public resort, will he not be a neglected child? That is my question. Suppose a child is found in the school premises or in a college compound or suppose in a private house, a child who is neglected in care, there is nobody to take care of him, though he is not roaming for the time being at a public resort, will he not be a neglected child? By using this epithet of 'of public resort' you are evading certain children. If a child is found somewhere else in that status or in that posture, he shall not come within the definition of neglected child. But if you omit this, then he will be a neglected child wherever he may be found in any street or place begging or receiving alms. If a boy is begging not in a public resort but in the house of a private gentleman or if he is found receiving alms from any man at a place which is not a public resort, still then he will be a neglected child. So by omitting these three words you are enlarging the definition of 'neglected child' keeping the spirit of this section in tact.

My other two amendments are with regard to the principle. Here in this Bill a principle has been accepted or recognised to this effect that reception house shall not only be established and run by the State but reception house may be such an institution to which recognition may be given. Therefore, the responsibility of opening or running reception houses becomes a joint responsibility. It becomes a public responsibility. It also becomes a private responsibility. There are certain institutions where such children are kept and if the Government thinks that recognition should be given to them, it will extend that recognition to such institutions. I say that reception houses which are established or run by the Government—they are manned by Government servants and they will be governed by the rules framed under this Act, but the houses which are of private management—I do not expect that similar rules and similar terms and similar advantages and disadvantages will not be there. There is no hard and fast rules by which these private institutions will be governed by the vigilant inspection of Government Officers or Officers of this Department. Therefore, my recommendation is not to recognise any private institution for running similar or parallel reception house. With that object in view I have proposed this amendment The 'reception home' means any institution or place established or recognised by the State Government. I wish to delete the words "institution or" and the words "or recognised".

[4-50—5 p.m.]

There cannot be any question of giving recognition to any private institution or bringing the private institutions within the scope of this Bill. Let the private institutions be there and let Government not stand in the way of those private institutions. It is also the responsibility of Government to run these institutions and I hope that such homes will be covered by this Act. About the 'reformatory school'—reformatory school means a reformatory, industrial or borstal school, certified under section 7. There may be private schools and you certify them and recognise them to be reformatory schools and so you see the spirit of the institution. Sir, these are my amendments.

Shri Sunil Das: Sir, I beg to move that in clause 2(i)(iii), in line 1, after the word "unfit" the words "and unable" be inserted.

I also move that in clause 2(k), in line 1, for the words "or place" the words "or home" be substituted.

স্যার, নেগলেকটেড চাইল্ডদের যে সংজ্ঞা, তার পরিধি আরও বিস্তৃত ও বর্ধিত করবার জন্য আমি এখানে বলছি। কারণ আনফিট এবং আনএবেল এই দুটোর মধ্যে একটু তফাৎ আছে কনোটেশনএর ব্যাপারে। আনফিট হল অসুস্থতাবশতঃ অক্ষমতা এই ভাব কনোটেশান। কিন্তু যাঁরা আনএবেল তাঁরা অন্য দিক থেকেও যেমন অর্থনৈতিক দিক থেকে বা অন্যান্য দিক থেকে অক্ষম। এখানে তাদেরও এই বিলের আওতার মধ্যে আনবার জন্য বলছি। এবং কনসিডারেশান স্টেজএ মাননীয়া মন্ত্রী মহোদয়াও বলেছেন সেই ধরণের ছিলড্রেনদের এই নেগলেকটেড চাইল্ডদের ডেফিনেশানএর অন্তর্ভুক্ত করা হবে। তাই করবার জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। তারপর আমার ১৬নং এ্যামেন্ডমেন্ট। আমি এখানে 'অর প্লেস'এর জায়গায় 'অর হোম' বলেছি, কারণ শুধু প্লেস বললে একটা অস্পষ্টতা থেকে যায়। প্লেস বললে বাড়ীঘর ছাড়া এক খণ্ড জমিও বোঝাতে পারে। সেজন্য একটা প্রপার কনোটেশান দিয়ে হোমটা ইনসার্ট করবার জন্য বলছি যাতে করে এই ভেগনেশটা দূর করা যায়। আশা করি মন্ত্রী মহাশয় এই এ্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন।

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I do not think the amendments put forward by Shri Apurbalal Majumdar are necessary. He wants to change the age from 14 to 12. Borstal school means a borstal school established or certified by the State Government under section 7, intended for the

reception of juvenile delinquents of and above the age of fourteen years. There is a provision to keep children and delinquents—up to the age of 21. That means that Mr. Majumdar envisages to keep the children of the age group of 12 to 21 years which is highly undesirable. I do not think it will be very wise to accept his amendments. I oppose them. By his another amendment he suggests that after the words "an offence" the words "involving moral turpitude" be inserted. Sir, why should I do that? It should be left to the discretion of the court. Our programme and plan is to give maximum benefit to the maximum number. If we restrict the scope we will be restricting the number of such children and delinquents who will be benefited by this Act. So I do not think there is any point in accepting his suggestion. The court will decide that in the best interest of the child concerned. I oppose this amendment also.

By the next amendment, Shri Basanta Kumar Panda seeks to omit the words 'public reasort'. He asks whether begging in the street will come within the purview of this Act. Of course, it will because a street is a place of public resort. He has also spoken about begging in a college compound. Of course, it will also come within its purview—it is also a place of public resort. By omitting the words "public resort", if he means that begging will be stopped in private houses also, I may point out that this will give rise to various complications. Will the public appreciate the idea of the police people going inside a private building or a private house and stopping beginning altogether? I do not think they will resent. We can expect the co-operation of the public in that behalf. It will give rise to many complications if we allow the police to go and enter into private houses. It also means that a lot of expenditure will have to be incurred in order to retain such a big force only to pursue begging cases. I do not think the honourable member envisaged all these things when he moved his amendment. Sir, I oppose this amendment.

Shri Apurba Lal Majumdar has again pointed out that the word "unfit" is not wide enough to cover all such cases. Sir, I am not a lawyer, but we have consulted our legal experts and they say that the word "unfit" is not at all vague and that it will cover all cases of mental, physical or economic unfitness and it will also cover cases of parents or guardians who behave very cruelly with their children or who employ their children for begging or taking alms. I think the word itself is quite clear and no connotation or denotation need be made to it. Sir, I oppose this amendment. Shri Sunil Das has also raised this point and I oppose his amendment.

Shri Basanta Kumar Panda, by his amendment No. 15, wants to omit the word "institution". Why should it be omitted? This Act contemplates two sorts of institutions—one Governmental and the other certified, i.e., non-governmental institutions certified by Government to implement this Act. I do not think we should accept his amendment because no parallel institution will give rise to any complication, as he suggests. Government is not economically in a position to maintain all the institutions and establishment from the Government fund. There should be some private institutions and Government will just give recognition to such institutions by giving certificates. So, I oppose this amendment. By his next amendment, Shri Sunil Das wants to substitute the word "please" by the word "home". The word "place" covers "home" also. The word "place" carries a wider sense and include "home" also.

In his next amendment, Shri Basanta Kumar Panda again takes objection and seeks to omit the words "certified". Under clause 15(2), the State Government may cerify a non-governmental institution for carrying out the purposes of this Act. So, I cannot accept his amendment.

Shri Apurba Lal Majumdar has withdrawn his amendment No. 18.

Sir, I oppose all the amendments.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(b), in line 4, for the word "fourteen" the word "twelve" be substituted was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(f), in line 4, for the word "fourteen" the word "twelve" be substituted was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(h), in line 2, after the words "an offence" the words "involving moral turpitude" be inserted was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(i)(i), in line 1, the words "of public resort" be omitted was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(i)(iii), in line 1, for the words "is unfit" the words "behaves cruelly or unable" be substituted was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 2(i)(iii), in line 1, after the word "unfit" the words "and unable" be inserted was then put and lost

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(k), in line 1, the words "institution or" be omitted was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 2(k), in line 1, for the words "or place" the words "or home" be substituted was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(l), in line 2, the words "or certified" be omitted was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(l), in line 5, after the word "delinquents" the words "who have not attained the age of twelve years" be inserted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[The House was then adjourned for 15 minutes.]

[After adjournment]

5-15—5-20 p.m.]

Clause 3

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Sunil Das: Sir, I beg to move that after clause 4(2), the following sub-clause be added, namely:—

> "(3) The State Government shall appoint Probation Officers for every Juvenile Court for reports regarding antecedents and other relevant matters of the juvenile offenders and for their supervision when dealt with under section 22(2) of the Act.".

ক্লজ ৪এ জুভেনাইল কোর্ট কি করে গঠিত হবে এবং জুভেনাইল কোর্ট কে প্রিজাইড করবেন সে সম্বন্ধে বিলে দুটি ব্যবস্থা আছে—সাব-সেকশন (১) এ্যান্ড সাব সেকশন (২)এ। কিন্তু

আমি এর সঙ্গে আর একটা সাব-সেকশন (৩) যোগ করতে বলছি। সেকশান ২২(২)তে জুভেনাইল অফেন্ডারদের ব্যবস্থাপনার প্রসঙ্গ যখন আসবে তখন স্টেট গভর্নমেন্ট থেকে প্রত্যেক জুভেনাইল কোর্টের সঙ্গে একজন প্রবেশান অফিসার যাতে নিযুক্ত করেন সে কথা বলা হয়েছে। এখানে সেকশান ২২(২)এ আছে—

"Section 22(2).........Where the Court makes an order under clause (c) of sub-section (1), it may further direct that the juvenile delinquent be placed under the supervision of a person to be appointed by the Court with his consent for such period as may be specified in the order.

তিন বছরের জন্য প্রভিসান দেওয়া হল প্রবেশান অফিসারকে। এই ৩ বছরের ভেতর যদি এমন কোন সংবাদ আসে যে জুভেনাইল অফেন্ডার বিল ঠিক মত চলছে না তার সম্পর্কে আবার পিউনিটিভ ব্যবস্থা করা দরকার তাহলে সেই জুভেনাইল ডেলিনকোয়েন্টকে আবার কোর্টের সামনে হাজির করা হবে এবং কোর্টের নির্দেশ অনুযায়ী তাকে বোর্স্টাল স্কুলে বা রিফরমেটরী স্কুলে পাঠান হবে। এখানে আমি বলতে চাচ্ছি যে জুভেনাইল ডেলিনকোয়েন্ট যখন কোর্টের সামনে যাবে তখন তার সম্পর্কে তথ্যগুলো কে দেবে? প্রোবেশন অফিসারকে তথ্যগুলো নিশ্চয় দিতে হবে। আমাদের এই বিলে জুভেনাইল ডেলিনকোয়েন্টদের

on probation of good conduct release

করে দেবার ব্যবস্থা রয়েছে। ৩ বছর সে থাকতে পারে এবং এই ৩ বছরের ভেতর যদি তার বিরুদ্ধে কোন অভিযোগ আসে তাহলে তাকে আবার কোর্টের সামনে হাজির করা হবে। তাদের এ্যান্টিসিডেন্ট এবং তাদের সম্পর্কে সমস্ত তথ্য প্রবেশান অফিসারের জানা থাকবে এবং এই প্রবেশান অফিসার যদি কোর্টের সঙ্গে যুক্ত না থাকে তাহলে সেখানে জুভেনাইল অফেন্ডার সম্পর্কে কোর্টের কোন সঠিক ব্যবস্থা গ্রহণ করা খুব অসুবিধা হবে। সেজন্য বলছি যে প্রবেশান অফিসারের স্বার্থকতাই সেখানে আছে। এবং আমার যতদূর মনে পড়ে যে ইংলিশ এ্যাক্টেও এই ব্যবস্থা রয়েছে। সুতরাং আমি বলছি যে ক্লজ ৪এর সংগে আর একটা সাব-ক্লজ জুড়ে দেওয়া হোক এবং সেখানে বলা হোক যে প্রত্যেক জুভেনাইল কোর্টের সংগে একজন প্রবেশান অফিসার এ্যাপয়েন্ট করা হবে। অর্থাৎ জুভেনাইল কোর্টে সেই প্রবেশান অফিসার জুভেনাইল অফেন্ডারের প্রবেশান পিরিয়ডের চলাফেরা, গতিবিধি সম্পর্কে সমস্ত তথ্য কোর্টের সামনে হাজির করবেন। আশা করি মন্ত্রী মহাশয় আমার এই সংগত এমেন্ডমেন্ড গ্রহণ করে একটা অসম্পূর্ণতাকে সম্পূরণ করবেন।

[5-20—5-30 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, this is a matter of detail and it may well be considered when rules are made under section 45 and specially under section 45(f) which says "the officers to be appointed to carry out the purposes of this Act, their powers and duties and the terms and conditions of their service". This can be done under this section.

The motion of Shri Sunil Das that after clause 4(2), the following sub-clause be added, namely:—

> "(3) The State Government shall appoint Probation Officers for every Juvenile Court for reports regarding antecedents and other relevant matters of the juvenile offenders and for their supervision when dealt with under section 22(2) of the Act."

was then put and lost.

The question that caluse 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 5(b), in line 1, after the words "area, by" the words "any one of the following courts which will be specially empowered by the State Government for the purpose" be inserted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ ৫এর জুরিসডিকশান সম্পর্কে এখানে বলা হয়েছে জুভেনাইল কোর্ট যে এলাকায় থাকবে—যেমন (এ)তে বলা হয়েছে—সে সম্পর্কে আমার কোন প্রশ্ন নেই। কিন্তু জুভেনাইল কোর্ট যে এলাকায় থাকবে না সে সম্পর্কে আইনে যে বিধান করা হয়েছে সেটা হোল এই যে—

in any other area, by the High Court, Court of Sessions, a Presidency Magistrate and Magistrate of the first class having jurisdiction to try the case.

আমি এখানে বলতে চাইছি যে কেন কোন এলাকার

High Court, Court of Sessions or Presidency Magistrate

এর অধীনে থাকবে বা সবগুলেই থাকবে তা কিছুই বোঝা যাচ্ছে না। যেমন ধরুন কোলকাতা সেট প্রেসিডেন্স ম্যাজিস্ট্রেটএর জুরিশডিকশানএ থাকবে না হাই কোর্টএর জুরিসডিকশানএ থাকবে তা কিছুই স্পেশিফিকেলি বলা হয় নি। তার মানে এই যে কনকারেন্ট জুরিসডিকশানএ একই কেস হাই কোর্ট ডিল করতে পারছে না এবং সঙ্গে সঙ্গে সেশন কোর্ট বা

first class Presidency Magistrate deal

করতে পারছে না। এই জন্যই আমার এ্যামেন্ডমেন্টএ পরিষ্কার করে একথা বলা হয়েছে যে

specially empowered by the State Government for the purpose.

এটা এইজন্য বলছি যে কোলকতার ক্ষেত্রে প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট করবেন না হাই কোর্ট করবেন এ যদি না থাকে তাহলে একটা কেস হয়ত প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটএর কাছে গেল, আর একটা কেস হয়ত ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেটএর কাছে গেল আবার আর একটা হয়ত হাই কোর্টএ গেল। কাজেই প্রত্যেকটি স্পেসিফিকএর জন্য কোন কোন এলাকা বা জুরিসডিকশানএর ভিত্তিতে এক একজন ম্যাজিস্ট্রেট ডিমারকেট করা উচিত যে এই কেস ঐ ম্যাজিস্ট্রেটএর ঘরে যাবে বা এই কেস অমুক জায়গায় যাবে এরকমভাবে জুরিসডিকশান লিমিটেড থাকা দরকার। এ যদি না হয় তাহলে এই কনকারেন্ট জুরিসডিকশানএ অনেক সময় অসুবিধা হবে যে কার কাছে বা কোথায় কেস ফরওয়ারড হবে। যেমন একজন লোককে হয়ত পুলিসের কাস্টোডিতে নেওয়া হোল তখন তার গার্ডিয়ান বা পেরেন্টসদের খুজতে হবে যে কেসটি কোন কোর্টএ ফরওয়ার্ডেড হোল। সেইজন্য সমস্ত ক্ষেত্রে একটা লিমিটেশান বা একটা বাঁধাধরা নিয়ম থাকা দরকার এবং এরকমভাবে স্পেশালি এমপাওয়ার করা উচিত যে এই এই ক্ষেত্রে অমুক ম্যাজিস্ট্রেটএর কাছে যাবে বা এই এই ক্ষেত্রে অমুক জায়গায় যাবে। যদি এরকম ব্যবস্থা না হয় তাহলে আমার মনে হয় যে অনেক কমপ্লিকেশানস দেখা দেবে। এই কথা বলে আমি আমার এ্যামেন্ডমেন্ট প্লেস করছি।

Shri Basanta Kumar Panda: Sir, in this amendment of mine I find that there is a mistake and therefore, I propose a verbal amendment, i.e., instead of "City Civil Court" it should be "City Sessions Court".

I move that in clause 5(b)(i), for the words "The High Court" the words "The City Sessions Court" be substituted.

The Hon'ble Purabi Mukhopadhyay: Court of Sessions will include City Sessions Court.

Shri Basanta Kumar Panda: No, it means the District Judge and Additional District Judge acting as Court of Sessions. City Sessions Court is a special court with limited powers. Whole Sessions is not covered. The sessions offences are partially tried by City Sessions Court and partially by the High Court. Big cases, e.g., murder cases involving punishment for more than seven years, are tried in the High Court. Sessions offences are divided. However, in clause 5(b) you have named certain courts and where a Juvenile Court has not been established you are giving jurisdiction to such courts. Now, if you say "High Court" which has jurisdiction over the whole area of West Bengal and any area where you have not established such courts High Court has got power and also "a Magistrate having

jurisdiction to try the case" in mafussil area has got power there will be overlapping of powers. So I propose instead of "High Court" it should be "City Sessions Court".

There is another thing. In the High Court there is congestion which is admitted, and, therefore, you have minimised the congestion by establishment of City Civil Court and City Sessions Court. So, why do you bring in High Court again here? Another point is that the High Court will act here as Original Court which has also appellate and revisional jurisdictions. With regard to these powers of the High Court this House is not competent to say anything in spite whatever Act we may pass here. The High Court's power under Articles 226, 227, 228, cannot be interfered with by us. Now, we are giving the same High Court a power under clause 5(b), but if anybody is dissatisfied with the judgment where will he go? He loses the forum because under Article 227 the same court while passing an order cannot revise the same order. Your purpose will be served if you delete the word "High Court" which is in most cases an appellate court because of the original area and for the original area of Calcutta you have established the Presidency Magistrate's Court and City Sessions Court. Here again, as Mr. Majumdar has said, the powers of the City Sessions Court, the High Court and the Presidency Magistrates' Court will be conflicting. Therefore, if you omit "High Court" without substituting anything for it and retain the other Courts the entire area of West Bengal will be covered. Let the High Court remain as Original Court. Let clause 5(b)(i) be deleted, or if you have no objection you may say "City Sessions Court". Then the High Court will remain aloof for the purpose of revision of any decision that may be arrived at in any of the other courts.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, Mr. Majumdar in his amendment wants to empower the State Government to confer power to these courts. I do not understand the spirit behind this suggestion because this is already there in the Act.

[5-30—5-40 p.m.]

So there is no point in empowering the State Government to exercise its power for conferring power to carry out the purpose of this Act. This is already there in section 5. The State Government will not take the responsibility. These rights and powers are given by the Act itself—in any other area by the High Court, Court of Sessions, Presidency Magistrate and Magistrate of the First Class having jurisdiction to try the case. So I oppose the amendment.

4. *Import of rice into Calcutta Industrial area.*—As regards imports of rice into Calcutta, it is not a fact, as alleged by the Committee, that the relevant statistics had not been kept. The figures were being maintained. 24.3 lakh maunds of rice and 2.9 lakh maunds of paddy were imported up to 10th February, 1958.

5. *Penalties for contraventions.*—The Committee had a wrong impression that adequate provision for penalties for contraventions was not there in the West Bengal Rice and Paddy Control Order, 1957. Any contravention under the said order is punishable under section 7 of the parent Act, viz., Essential Commodities Act, where the penalties recommended by the Committee had already been prescribed including confiscation of stocks.

6. *Cases of contraventions.*—From September, 1957, to August, 1958, 1,070 cases of different types were actually started by various officers duly empowered under paragraph 11 of the West Bengal Rice and Paddy Control Order, 1957.

7. *Cordoning staff.*—Originally during the control days enforcement of cordoning was managed by the Food Department. Later, after decontrol the cordoning personnel were diverted to other departments and the Food Department no longer had any cordoning organisation. Enforcement of cordoning in 1957 was from the outset the job of the Police Department, and not of the Food Department. The police force was strengthened as speedily as possible and in particular to increase the effectiveness of the vital State cordon it was arranged by the third week of December, 1957, that the West Bengal National Volunteer Force would be entrusted with the work and the staff actually joined the posts within a week of the decision, i.e., by the end of December, 1957.

8. *Barrier gates.*—Barrier gates constructed in the days of control were no longer there in 1957. They had to be obtained by tenders and installed afresh. This naturally took some time.

9. *Motor vehicles.*—A large number of motor vehicles acquired during the control days was later disposed of after decontrol. The department's existing resources in respect of motor vehicles are known to be inadequate and the question of purchasing some vehicles is now under active consideration by Government.

10. *Fixation of export quotas for districts.*—The Committee complained that in some cases export quotas were not fixed in a scientific manner owing to lack of correct statistical information. The truth is that the department had to take tentative decisions long before harvesting on the basis of the Preliminary Forecast based on eye estimation of the standing crop.

The alleged frequent changes of policy regarding exports from the surplus district of Birbhum were entirely due to emergencies that arose in the district of Birbhum and in the three deficit districts of Calcutta, Nadia and Murshidabad which were depending on Birbhum for their supplies. The Food Department in any case does not consider it either possible or desirable to have a firm policy regarding exports or imports for an isolated district of the State for the whole year.

11. *Issue of permits.*—The Committee's main points regarding issues of export permits are (*i*) that the Assistant Regional Controllers of Procurement and Deputy Assistant Regional Controllers of Procurement exceeded the limit of 1,100 maunds per consignment prescribed by the Directorate of Food and (*ii*) that there was some discrimination in favour of some particular individuals or groups.

The limit of 1,100 maunds could always be exceeded with the permission of the District Magistrate of the exporting district. This restriction was considered necessary as the Assistant Regional Controllers of Procurement and Deputy Assistant Regional Controllers of Procurement were not very senior officers. The Committee apparently failed to appreciate the fact that the limit could always be exceeded by the authority which imposed the limit, viz., the Directorate of Food, without consulting the District Magistrates who derived their authority in this matter from the Directorate itself. What actually happened was that is some cases the Directorate exceeded the limit of its own accord on the basis of demands received from the District Magistrates of some deficit areas. The two specific cases of Ranjan and Sonakhali Rice Mills in Birbhum mentioned by the Committee were duly covered by the principle just mentioned. The case of Ranjan is included in the group of 11 Rice Mills of the Dubrajpur group mentioned in the Committee's report. The cases of these 11 Rice Mills were that their natural markets were the industrial areas of Asansol and Calcutta and that they had no trade contacts with Nadia and Murshidabad. Moreover, freight charges for transporting rice from Dubrajpur to these two deficit areas were very high. The Directorate accordingly issued instructions to the Assistant Regional Controller of Procurement at Suri for allowing movements under permits from Dubrajpur Rice Mills to Asansol and Raniganj to the extent of 10,000 maunds to maintain supplies urgently needed in those industrial areas.

As regards other cases of alleged discrimination pointed out by the Committee, the actual facts are stated below—

(*a*) *Anandimata Rice Mill of Burdwan.*—This mill was allowed to export some rice produced from U.P. paddy. This was done to encourage the welcome flow into West Bengal of paddy from other States. Other mills in identical circumstances were also given this facility and the question of discrimination does not therefore arise.

(*b*) *Balaram Saha, Natun Bazar, Nadia.*—This man was a nominee of the District Magistrate, Nadia, for the purpose of importing rice from Birbhum. He was allowed to import from Birbhum within the quota allowed by the Directorate on the basis of the District Magistrate's demands and there was no question of any discrimination.

(*c*) *P. N. Ray, S. N. Saha, Saraswati Rice Mill, Fullora Rice Mill, R. P. Chanda and G. P. Chanda Rice Mill.*—They were allowed to move some fine rice whose normal market was Calcutta and also some other rice produced out of high-priced old stocks of paddy.

(*d*) *N. P. Chanda.*—On the basis of representations received from dealers of all districts it was decided that high-priced old stocks of rice (produced before 1st December, 1957) should be freed from levy. This decision applied to all millers who had old stocks and there was no discrimination.

(e) *Sabitri Devi Firm and Nouri (India) Co.*—These two firms were allowed to move some rice on the basis of previous trade contracts for the purpose of helping to meet the requirements of the highly deficit Calcutta Industrial area.

(f) *Sri Natobar Traders.*—This firm was under contract with South Eastern Railway for supply of 5,000 maunds of rice to the Railway Grain Shop at Adra (Purulia). They were allowed to move the necessary rice from Birbhum at the request of the General Manager (Grains), South Eastern Railway.

12. *Procurement through D. P. agents.*—The Committee complained that procurement through D.P. agents was a failure. D.P. agents were set up originally with an eye to the possibility of paddy procurement on old pre-decontrol lines. The final plan approved by the Central Government was to limit procurement to a 25 per cent. levy on Rice Mills only. The D.P. Agents' set-up became redundant as a result and so it was given up. There is no question of failure as the circumstances under which it was thought that the D.P. agents would function did not arise at all.

13. *Birbhum purchase in January, 1958.*—The Committee has itself hesitated in its report to refer to this so-called problem of January purchases in Birbhum. Certain rice deliveries were provisionally accepted before statutory prices had been fixed by the Government of India for the different varieties and before quality assessment by the technical staff of the Inspection Branch of the Food Department. The purchases were finalised at the prescribed rates after proper assessment of quality and after fixation of statutory prices by the Government of India. There were only technical corrections of original certificates issued provisionally and no irregularities of any kind.

14. *Instructions to Assistant Regional Controllers of Procurement and procurement through levy.*—The Committee has complained that clear instructions were not issued by the Directorate to the mofussil procurement staff regarding the method of procurement from Rice Mills, assessment of production by the mills, inspection of rice, assessment of "Batta," etc. The Assistant Regional Controllers of Procurement and Deputy Assistant Regional Controllers of Procurement and Inspector-Assessors and other mofussil procurement personnel had been selected from those who had worked previously in the Procurement Branch during the control days. In the control days the levy on Rice Mills was 100 per cent. up to 1952 and 33⅓ per cent. in 1953. Previous instructions were available in detail in the mofussil procurement offices and the personnel were all experienced and kept close touch with the Directorate. The Deputy Director in charge of Procurement also toured the districts extensively to help the field staff in procurement. The mofussil procurement offices also regularly received all copies of Government orders, notifications, etc. They never faced any difficulties due to lack of instructions from headquarters on basic principles. Decisions depending on local peculiarities were naturally expected to be taken by the experienced Assistant Regional Controllers of Procurement and Deputy Assistant Regional Controllers of Procurement.

As regards provision for the checking of mills, it is true that the staff which the Food Department could manage to mobilise was not fully adequate. The supervisory organisation is being further strengthened, though the norm of one Inspector-Assessor for every one of the 500 Rice Mills will not be a practical proposition, as its cost will be prohibitive apart from the difficulty of obtaining the required number of trained personnel of integrity.

The average production of rice by Rice Mills from January to June during the control days (1948-1953) was approximately 2 lakh tons, 25 per cent. of which would be 50,000 tons. As against this actual levy purchases in West Bengal during January to June, 1958, were 65,000 tons, as mentioned in the Committee's report. The efficiency of the checks now applied cannot therefore be justifiably questioned.

15. *Staff position.*—The Committee complains that the Food Department's postings of staff were defective in many cases. The truth is that one cannot have ideal postings in a situation where the total staff strength is hopelessly inadequate. As regards the allegations of some people sitting idle in some areas, there are seasonal fluctuations in the volume of work in various offices and in the Food Department in particular steps have to be taken beforehand in many cases to meet eventualities which may not sometimes materialise. Also the quantity procured is not the only index of the importance of a particular procurement office. Basirhat with the Sundarbans and the Pakistan border to look after is no less difficult from the administrative point of view than Bankura or Birbhum. In any case isolated phenomena referred to by the Committee do not necessarily indicate defective staff planning in the Food Department.

16. *Target of levy procurement.*—Originally on the basis of the maximum milling capacity of the Rice Mills in a good crop year it was estimated that a 25 per cent. levy would fetch 1½ lakh tons. When, however, the final estimate of Aman production was received and it showed heavy deficit in rice production, the Food Department reduced its expectation from the levy to 75,000 tons in 1958. Actually 87,000 tons of rice was procured by levy from Rice Mills in 1958.

17. *Committee's recommendations.*—(1) Minimum prices payable to producers of paddy and maximum prices chargeable by producers, wholesalers and retailers of rice and paddy throughout West Bengal under the Essential Commodities Act, 1955, have been fixed with the concurrence of the Central Government. These statutory prices have come into force from 1st January, 1959.

For wheat the maximum price chargeable by retailers and for wheat-products the maximum prices chargeable by producers, wholesalers and retailers throughout West Bengal have been fixed under the West Bengal Anti-Profiteering Ordinance, 1958.

Maximum and minimum prices have to be fixed always in consultation with the Government of India. Before recommending the maximum and minimum prices for the coming year to the Government of India, the West Bengal Government duly consulted the local traders and other experts. The question of appointing a Committee to go into the matter at the State level does not therefore arise at this stage.

(2) Under the West Bengal Rice and Paddy Control Order, 1957, all persons dealing in rice and paddy, in quantities exceeding 10 maunds, are required to take out licences and to submit fortnightly returns of their stocks and transactions to the Licensing Officers. It will be seen therefrom that the State Government had already introduced a system of watching the activities of the dealers before receiving this particular recommendation of the Committee.

A close watch is also kept over the activities of the traders in wheat and wheat-products and any profiteering by them is punished under the Anti-Profiteering Ordinance and also under the Imported Foodgrains (Prohibition of Unauthorised Sale) Order, 1958, recently promulgated by the Central Government.

(3) Work of the West Bengal Government's statistical organisation has been appreciated by the Foodgrains Enquiry Committee (Asoka Mehta Committee).

Crop production figures are obtained by the latest scientific method of random sample surveys and there are modern and fairly well-equipped Statistical organisations not only in the State Statistical Bureau of the Finance Department but also in the Food and Agriculture Departments. The comments of the Committee on the so-called discrepancy between the Food and Agriculture Departments' estimates of our cereal deficit in 1958 are wholly misconceived. There was never any discrepancy at any stage. What happened was that on the basis of the Preliminary Forecast of the Agriculture Department based on eye estimation reports from local Officers long before the harvest, the deficit was originally estimated to be 12 lakh tons. Later after 2 or 3 months, when the State, Statistical Bureau's results based on actual crop cutting experiments came in, it was found that the crop was much better than had been originally estimated and the actual deficit in 1958 would be 7 lakh tons. The Committee's comments on the discrepancy regarding figures for West Dinajpur for 1958 owe their origin to a misunderstanding of a similar nature.

The scope for further improvement of any organisation is of course always there and the question of further strengthening of the statistical organisation of the West Bengal Government is under consideration.

(4) It is generally recognised that under conditions of decontrol there should be no large-scale procurement in a deficit State like West Bengal, as such procurement will result in withdrawal from the market of unduly large quantities and would thereby push up the market prices. On this view of the matter it is felt that in a deficit State like West Bengal it is not desirable to procure more than 10 per cent. of the marketable surplus which is estimated at about 25 per cent. of the gross production. In 1958 the total rice production was 42 lakh tons. The marketable surplus was 10.50 lakh tons. The procurement target at 25 per cent. would come up to 1 lakh tons against 87 thousand tons actually procured.

The traders generally sell paddy to the Rice Mills and thus indirectly come within the purview of the levy. It is not desirable normally to impose any levy on the stock of the traders in a deficit State like West Bengal, as that would create scarcity conditions in the local markets. On the same ground the husking mills which mainly process consumers' paddy have to be left out of levy. Even in the days of total control on the Rice Mills and overall rationing in Calcutta, the husking mills were left out of control.

(5) The department agrees with the recommendation of the Committee that a Control Order, once promulgated, has to be enforced strictly although minor amendments are sometimes necessary to suit local needs or changed conditions without any damage to its main principle.

(6) In 1958 the West Bengal Government allowed some traders to import rice from Orissa with the concurrence of the Central Government and of the Government of Orissa, for supply to the deficit districts. The department selected the traders originally for supply to the North Bengal districts of Darjeeling, Jalpaiguri, Cooch Behar, West Dinajpur and Malda and later on for supply to the districts of Nadia, 24-Parganas and Howrah. Permission was given for import of nearly four lakh maunds though the actual quantity imported was about one and a half lakh maunds. The traders had to enter into an agreement with Government, in which it was stipulated that they should charge a profit of not more than 5 per cent. of the actual landed cost on their sales and that they should sell the imported stocks as per directions of the Deputy Commissioner or the District Magistrate of the importing district concerned.

During 1959 the Central Government will procure the entire surplus stock of Orissa for distribution to deficit States. The question of allowing private traders to import rice or paddy from Orissa on their own accounts does not arise at this stage during the current year.

18. *Conclusion.*—The general reaction of the department to the Committee's report is that the most unfortunate aspect of the whole matter is that the Committee in a hurry perhaps did not find time to hear the views of the senior officers of the department before arriving at their conclusions Examination of the officials of the department by the Committee would have presented the rise of many of the misconceptions found in the Committee's report in regard to the questions of planning, policy, law and statistics. This is not to say that some improvement in detailed working could not have been effected in the actual execution of the plan adopted by the department. The difficulties of building up a suitable organisation after 3 years of decontrol, however, stood in the way and any sober assessment is bound to certify that within the limitations imposed by circumstances over which the Food Department had no control, the department did make a fairly good job of the programme it had to adopt in a period of transition. In fact the Committee itself said in its report that "the Government of West Bengal has tried to do the best in a difficult situation."

The department's objections to most of the adverse comments of the Committee on its detailed working do not of course apply to the Committee's recommendations, most of which have been found to be well worth trying out and are being actually implemented by Government.

Sj. Deben Sen:

স্যার, সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করবার আগে আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা নিবেদন করতে চাই। এটা একটা ভ্যালুয়েবল ডকুমেন্ট, কোয়েশ্চেনস অ্যান্ড আনসরসএর ভিতর দিয়ে এর সমস্ত ইমপ্লিকেশনস এবং ইম্পর্ট্যান্ট পয়েন্টস আমরা হাউসএর কাছে আনতে পারি না। সুতরাং এই ডকুমেন্টএর উপরে যদি একটা ডিসকাশান এঁরা অ্যালাউ করেন তা হলে আমি সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন ক'রে সময় নিতে চাই না।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি মাননীয় সদস্যকে বলতে পারি, যেসমস্ত কথা এই রিপোর্টে উল্লিখিত হয়েছে সেসব একবার না হাজারও বার এখানে বলা হয়েছে। পুনরায় তা নিয়ে আলাদা আলোচনা করবার প্রয়োজনীয়তা আছে ব'লে মনে করি না। আমাদের ডিপার্টমেন্ট থেকে যে মেমোরান্ডাম দেওয়া হয়েছে তাতে প্রত্যেকটি বিষয়ের খুঁটিনাটি জবাব দেওয়া আছে। সুতরাং সাপ্লিমেন্টারি প্রশ্ন করবার অবকাশ আছে ব'লে মনে করি না।

Sj. Deben Sen:

কিন্তু এই রিপোর্টের বহু ত্রুটি এখানে বের করা হয়েছে, সেগুলি সম্পর্কে তো আমাদের প্রশ্ন রয়েছে।

Mr. Deputy Speaker:

দেবেনবাবু, আপনি প্রশ্ন করুন।

Sj. Deben Sen:

আমার প্রশ্ন হচ্ছে, এই যে রিপোর্ট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে এই রিপোর্ট কি কেবিনেটের সামনে পেশ করা হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় এ প্রশ্ন এখানে উঠে না।

Sj. Deben Sen:

উঠে কি না উঠে সেটা তো ডেপুটি স্পীকার মহোদয় বলবেন।

Mr. Deputy Speaker:

উনি প্রশ্ন করছেন রিপোর্টটা কেবিনেটএ পেশ করা হয়েছিল কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্ন থেকে কেবিনেটএ এটা গিয়েছিল কিনা এ প্রশ্ন কি ক'রে আসতে পারে? সমস্ত জিনিসটা যদি দেবেনবাবু ভাল ক'রে পড়তেন তা হ'লে বুঝতে পারতেন।

Sj. Deben Sen:

স্যার, আপনি যদি আমার প্রশ্নটাকে মঞ্জুর করেন তা হ'লে ও'কে বলতে হবে, এই জিনিসটা কেবিনেটএ পেশ করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Crandra Roy:

কেবিনেটএ কি হয়েছিল সেটা আমরা জানাব না।

Sj. Deben Sen:

কি হয়েছিল জানতে চাই নি, জানতে চাইছি কেবিনেটএ গিয়েছিল কি না?

Mr. Deputy Speaker:

কেবিনেটএ পেশ করা হয়েছিল কিনা সেইটা দেবেনবাবু জানতে চাইছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

স্যার, এতে মনে হচ্ছে, দেবেনবাবু সমস্ত জিনিসটা পড়েন নি। যা জবাব দিয়েছি তার অতিরিক্ত আমি কিছু বলতে পারব না।

Sj. Deben Sen:

যে মেমোরান্ডাম খাদ্যবিভাগ থেকে আমাদের সামনে রাখা হয়েছে সেই জিনিসটা কি কেবিনেটএ প্লেসড হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কেবিনেটএ কি হয়েছিল তা আমরা বলব না।

Sj. Deben Sen:

সেই রিপোর্ট এবং মেমোরান্ডাম সম্পর্কে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টএর দায়িত্ব আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি যে বিশদ উত্তর দিয়েছি তার বাইরে আমার আর কিছু বলবার নেই।

Sj. Deben Sen:

আমি তার বাইরে কিছু জিজ্ঞাসা করছি না। রিপোর্টের দায়িত্ব গভর্নমেন্ট নেবেন কিনা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The report must have gone to the Cabinet. Any man with common sense can understand that.

[3-10—3-20 p.m.]

Sj. Deben Sen:

ডেপুটি স্পীকার মহাশয়, আপনি প্রথম পৃষ্ঠায় আসুন। তাতে আছে,

The Governor in pursuance of a resolution of the Department of Food and Supply appointed the following committee.

এখানে আমি বুঝতে পারছি না, কেবিনেট কিভাবে কতদূর সংশ্লিষ্ট। এই রিপোর্টএ বলছে ফুড ডিপার্টমেন্টএর রেজলিউশন অনুযায়ী গভর্নর একটা কমিটি করেছেন। আমি জানতে চাই, তা হ'লে এতে গভর্নমেন্ট কি কেবিনেটএর কোন দায়িত্ব আছে কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এখানে আপনার যা বলবার আছে বলুন।

Sj. Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন—মাঝে মাঝে যেসমস্ত অর্ডার আন্ডার দি এসেনসিয়াল কমোডিটিজ অ্যাক্টএ বেরোয় যেমন

West Bengal rice and paddy control order of August 1957 and West Bengal Rice Movement Control Order from 1958.

এই যে অর্ডারগুলি কি কেবিনেটএর সঙ্গে পরামর্শ ক'রে দেওয়া হয়েছে, না কি ফুড ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর সঙ্গে কেবিনেটএ কি হয়েছে না হয়েছে, কেবিনেটএ কি উপস্থাপিত হয়েছে না হয়েছে, আমি তার জবাব দেব না।

Sj. Deben Sen:

আমি বলছি এই যে অর্ডার বের করেন এটা গভর্নমেন্ট অ্যাজ এ হোল না কি, শুধু ফুড ডিপার্টমেন্ট?

The Hon'ble Prafulla Chandra Sen:

অনেক অর্ডার কেবিনেটএ আসে আবার অনেক অর্ডার বের করতে কেবিনেটএ যাওয়া প্রয়োজন হয় না।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

এটা কোন্ ক্যাটিগোরিতে পড়ল?

The Hon'blt Prafulla Chandra Sen:

কোন দরকার নাই বলবার, আপনার কি প্রশ্ন আছে করুন। যেই কমিটি ফর্ম করুক না কেন

It is for the cabinet to look after it.

Sj. Deben Sen:

এই যেসমস্ত অর্ডার রিপোর্টএ আছে, কোন প্ল্যান নাই, এটা কি খাদ্যমন্ত্রীর বিরুদ্ধে যেমন পড়ছে, কেবিনেটএর বিরুদ্ধেও পড়ছে?

The Hon'ble Prafulla Chandra Sen: That is a matter of opinion.

এটা প্ল্যানহীন কি প্ল্যানহীন নয়, সেটা এই প্রশ্নের জবাবে আসে না।

Sj. Deben Sen:

আপনার কাছে উত্তর চাই না, এটা রিপোর্টেই আছে যে প্ল্যান নাই। আমি বলতে চাইছি এটা কি খাদ্যমন্ত্রীর বিরুদ্ধে হচ্ছে, নাকি কেবিনেটএর বিরুদ্ধে হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

খাদ্যমন্ত্রীর বিরুদ্ধেও নয়, কেবিনেটএর বিরুদ্ধেও নয়। মাননীয় সদস্য মহাশয় এই প্রশ্ন থেকে এটা আসে কিনা দেখুন, যদি তারপর কোন অতিরিক্ত প্রশ্ন আসে আমি নিশ্চয়ই উত্তর দেব। কিন্তু এর বাইরে কিছু উঠতে পারে না।

Sj. Deben Sen:

প্রশ্নে আপনার বেশি অসুবিধা হবে, সেজন্য বলেছিলাম ডিসকাশান চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাকে জিজ্ঞাসা করলে বলব, ডিসকাশানএর কোন প্রয়োজন নাই।

Mr. Deputy Speaker:

দেবেনবাবু, আপনি প্ল্যান কি প্ল্যান নাই এরকম ভেগ কোয়েশ্চেন করবেন না, ডাইরেক্টলি প্রশ্ন তরুন টু এলিসিট ইনফরমেশন কোন পলিসি, কোন প্ল্যান আছে কি নাই, এইসব বিষয় কোন প্রশ্ন করতে পারেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Your question is whether report of the enquiry into the affairs of the Food Department made by a Committee with Shri Tarun Kanti Ghosh as Chairman will be circulated amongst the members of the Legislature of this State. The reply is 'yes'. A copy of the report is laid on the table.

Secondly, whether any actions have been taken on the basis of the report. The answer is that memorandum of the department on the report showing inter alia details of action taken is also laid on the table. You can ask supplementary on the basis of that.

Sj. Deben Sen:

অনুগ্রহ করে পেজ ২২, প্যারাগ্রাফ ২৮, কনক্লুসনে আসুন।

The general reaction of the department to the Committee's report is that the most unfortunate aspect of the whole matter is that the Committee in a hurry perhaps did not find time to hear the views of the senior officers.

এই যে ওপিনিয়ন এটা কি আপনার ওপিনিয়ন না কেবিনেটের ওপিনিয়ন।

The Hon'ble Prafulla Chandra Sen:

ব'লে দেওয়া হয়েছে যে, ডিপার্টমেন্ট মন্তব্য করেছে, না কি কেবিনেটএ গিয়েছে না গিয়েছে, এটার উত্তর দেব না।

Mr. Deputy Speaker:

কেবিনেটএর ওপিনিয়ন কিনা এটা জিজ্ঞাসা করবেন না। কেবিনেটএর ওপিনিয়ন কি তা কেন বলবেন?

The Hon'ble Prafulla Chandra Sen: That is the comment made by my department, whether it went up to the Cabinet or not I cannot say.

Sj. Deben Sen:

খাদ্যমন্ত্রীর অভিমত কি এই যে, এই কমিটি কয়েকটি অর্বাচীন লোক নিয়ে তৈরি হয়েছে যার জন্য তাদের কোন অভিমত বা রেকমেন্ডেশনএর কোন মূল্য নেই?

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I do not propose to answer that

Mr. Deputy Speaker:

আপনার এই প্রশ্ন কমিটির পার্সোনেলদের সম্বন্ধে কভার করে না।

Sj. Deben Sen:

মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি, ফার্স্ট অর্ডার যা অগাস্ট ১৯৫৭এ দেওয়া হয় তা থ্রুআউট ওয়েস্ট বেঙ্গল চালু করতে তিনমাস লাগল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen: That is no supplementary.

Sj. Deben Sen:

এই দেরি হবার জন্য জনসাধারণের প্রতি অবিচার করা হয়েছে। এটা ইচ্ছাপূর্বক দেরি করা হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা আপনি ধরে নিচ্ছেন।

Sj. Deben Sen:

এতে জনসাধারণের প্রতি অবিচার করা হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি আবার দেবেনবাবুকে বলব যে, যে প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে তার উপর সাপ্লিমেন্টারি করতে চান করুন। কোয়েশ্চেন হচ্ছে রিপোর্টটা সার্কুলেট করা হয়েছে কিনা, তার উত্তরে বলা হয়েছে, "হয়েছে"। (বি) এবং (সি)-তে কোন অ্যাকশন নেওয়া হয়েছে এবং হোয়াট আর দি অ্যাকশনস, তার উত্তরে বলা হয়েছে memorandum of the department on the report, etc.

Sj. Deben Sen:

স্পীকার মহাশয়, আমরা আগে এই রিপোর্টটা পাই নি। আজকে আমাদের এই রিপোর্টটা দেওয়া হয়েছে। সেইজন্য আমাদের ব'লে দিন যে, আমরা এই রিপোর্টটা ডিসকাস করতে পারব কিনা?

Mr. Deputy Speaker:

এই রিপোর্ট থেকে আপনি একটা মোশন দিন না কেন।

Sj. Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি এই রিপোর্টএর দিকে আনছি। এতে বলেছে যে, কোন প্ল্যান ছিল না, অর্ডার দেবার। এবং প্ল্যান ছিল না এর উদাহরণস্বরূপ বলা যায় যে, অর্ডার অগাস্ট মাসে প্রোমালগেটেড করা হয় কিন্তু এই অর্ডার সমগ্র বাংলাদেশে চালু করতে তিন মাস লেগে গেল এবং ইতোমধ্যে ব্যবসায়ীরা সমস্ত লুটপাট ক'রে নিল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনি রিপোর্টটা কাইন্ডলি পড়ুন এবং তারপর অন দি রিপোর্ট প্রশ্ন করুন।

Sj. Deben Sen:

আমি রিপোর্টটা খুব ভালভাবে পড়েছি এবং আমি যে-কোন জজএর কাছে পরীক্ষা দিতে প্রস্তুত আছি। আমি এই রিপোর্ট লাইন বাই লাইন পড়েছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি দেবেনবাবুকে অনুরোধ করছি যে, তিনি এটা ভাল ক'রে পড়ুন এবং পড়ার পর যদি প্রশ্ন থাকে তা হলে নিশ্চয়ই করবেন। কিন্তু আমি বিশ্বাস করি, যেভাবে মেমোরান্ডাম দেওয়া হয়েছে তার উপর কোন অতিরিক্ত রেলিভ্যান্ট প্রশ্ন আসতে পারে না।

Sj. Deben Sen:

মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, আপনি বইটার ১৭ পৃষ্ঠা দেখুন—এক্সপোর্ট ফ্রম ক্যালকাটা। আপনি বলেছেন

The committee had a wrong impression.

আমরা জানি না গভর্নমেন্ট যে কমিটিই করেন, প্রত্যেক ব্যাপারে তা হেয় করেন

The committee had a wrong impression that there was no restriction on export of rice from Calcutta. Under notification No. 7338F.S., dated 15th November, 1957, Calcutta was merged in the bigger cordon placed round the industrial areas of 24-Parganas and the district of Howrah.

সুতরাং কলিকাতার উপরে রেস্ট্রিকশন ছিল। তা হলে ১৯৫৮এ আপনি এই অর্ডার বের করলেন কেন? এই অর্ডারএ স্পেসিফিক্যালি বলা হয়েছে ক্যালকাটা থেকে এক্সপোর্ট হ'তে পারবে না, কলিকাতার ভিতরে আনতে পারবে না, বাইরেও নিতে পারবে না উইদাউট এ স্পেসাল পারমিশন যদি ফিফটিন্‌থ নভেম্বরএ এই অর্ডার থেকে থাকে তা হলে আবার এই অর্ডার সিক্সথ ফেব্রুয়ারি ১৯৫৮এ করতে হ'ল কেন?

[3-20—3-30 p.m.]

Mr. Deputy Speaker:

দেবেনবাবু, আপনি তো সবই বুঝতে পেরেছেন, আপনি এখানকার বহুদিনের মেম্বার। আপনি একটা মোশন দিন যে,

Let the Enquiry Committee report be discussed.

আমি মনে করি, টু মাই মাইন্ড, এতে সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন আসে না, তবু আমি বলছি, আপনি একটা মোশন দিন যে

Let the Enquiry Committee Report be discussed.

Sj. Deben Sen:

তবে তাই হোক।

Sj. Canesh Chosh:

স্যার, আমরাও চাই, এ রিপোর্টটা ডিবেটেড হোক।

Amount distributed for reconstruction and repairs of houses affected by fire and cyclone in Howrah district

*12. (Admitted question No. *715.) **Shri ABANI KUMAR BASU:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state the amount distributed, thana by thana, as relief in the years 1956-57 and 1957-58 up to August, 1957, respectively, in Howrah district for—

(a) reconstruction and repair of houses damaged by fire; and

(b) reconstruction and repair of houses damaged by cyclone?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN): A statement is laid on the Table.

Statement referred to in reply to starred question No. 12.

Name of thana.	Amount distributed for reconstruction and repair of houses damaged by fire.		Amount distributed for reconstruction and repair of houses damaged by cyclone.	
	1956-57	1957-58 (up to August, 1957).	1956-57	1957-58 (up to August, 1957).
	Free house-building grant.	Free house-building grant.	Free house-building grant.	
	Rs.	Rs.	Rs.	Rs.
Sankrail ..	75	Nil	Nil	Nil
Panchla ..	150	Nil	Nil	Nil
Domjur ..	125	Nil	Nil	[illegible]
Jagatballavpur ..	200	Nil	Nil	Nil
Uluberia ..	2,100+500 (agricultural loan).	Nil	5,185	Nil
Bagnan ..	2,087.50	575	5,335	Nil
Shyampur ..	2,800	150	15,60	Nil
Amta ..	875+515 (agricultural loan).	100	Nil	Nil
Bauria ..	100	Nil	1,320	Nil

Amount of loans advanced in the transferred areas of Chopra, Islampur, etc.

***13.** (Admitted question No. *1211.) **Shri MUZAFFAR HUSSAIN:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state up till now how much money has been advanced by the way of loans (agricultural loans, etc.) in the transferred area of police-stations Chopra, Islampur, Goalpokher and Karandighi by the Government of West Bengal?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN): Rs. 56,450 as agricultural loan.

Supply of coal for house-building scheme in the flood-affected areas of Birbhum district

***14.** (Admitted question No. *1525.) **Dr. RADHANATH CHATTORAJ:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(ক) বীরভূম জেলায় বন্যাবিধ্বস্ত অঞ্চলে গৃহনির্মাণের জন্য গবর্নমেন্ট কত টাকায় কত টন কয়লা ক্রয় করিয়াছিলেন;

(খ) লাভপুর থানায় তাহার পরিমাণ কত;

(গ) ঐ কয়লা বহন করিয়া আনিতে ও বীরভূম জেলার বিভিন্ন জায়গায় পাঠাইতে সরকারের কত টাকা খরচ হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, উক্ত কয়লা অধিকাংশ গুঁড়া এবং উক্ত কয়লাদ্বারা ভালভাবে ইট পোড়ান হয় না;

(ঙ) ঐ কয়লা কত পরিমাণ বিলি করা হইয়াছে এবং কত মজুত আছে; এবং

(চ) টারফেল্ট [illegible] কত আনা হইয়াছে, কত বিলি হইয়াছে, কতগুলি টারফেল্টের বাড়ী নির্মাণ হইয়াছে এবং কত মজুত আছে?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(ক) ৬,৪৮৬ টন ১৮ হন্দর কয়লা; মূল্য—৯৬,২৮৯·৯২ টাকা।

(খ) ১,১০৫ টন ১০ হন্দর।

(গ) ৪৪,০৪৪ টাকা।

(ঘ) হ্যাঁ, উক্ত কয়লা ৬০ পারসেন্ট গুঁড়া, তবে ইহা ইট পোড়াইবার উপযোগী।

(ঙ) ২,৬৯৬ টন ১০ হন্দর বিলি হইয়াছে এবং ৩,৮৩০ টন মজুত আছে।

(চ) ৫২৪ রোল টারফেল্ট আসিয়াছিল, ৪ রোল বিলি হইয়াছে, ১ খানি টারফেল্টের বাড়ী (মডেল) নির্মাণ হইয়াছে এবং ৫২০ রোল মজুত আছে।

Sj. Mihirlal Chatterjee:

কোন বৎসর কেনা হয়েছে এই সমস্ত কয়লা এখানে বৎসরের কোন উল্লেখ নাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

১৯৫৬ সালে যে বন্যা হয়েছিল তারপর আমরা যে "বিল্ড ইওর ওন হাউস" স্কীম গ্রহণ করেছিলাম [illegible] ১৯৫৭-৫৮ সালে।

Sj. Mihirlal Chatterjee:

যে কয়লা কেনা হয়েছে তা কি এখনও প'ড়ে আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা অনেক পুরানো ব্যাপার আমি এখন বলতে পারব না, (Asked for notice)

Sj. Mihirlal Chatterjee:

কোয়েশ্চেনটা হয়ে গিয়েছে অনেক আগে। এতদিন পরে তার উত্তরটা আমরা পাচ্ছি। এতদিন পরেও মন্ত্রিমহাশয় জানাতে পারেন নি কয়লাগুলি এখনও পড়ে আছে কিনা এবং তার জন্য তিনি নোটিস চাচ্ছেন—এরকম হ'লে কি ক'রে হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি এটা অনেক পুরানো ব্যাপার, নোটিস না দিলে আমার পক্ষে বলা সম্ভব নয়।

Sj. Radhanath Chattoraj:

এই যে কয়লা মজুত আছে তিন হাজার টনের উপর এটা দিয়ে এখন কি করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা জেলা ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দিয়েছি বিক্রি করবার জন্য।

Sj. Radhanath Chattoraj:

থানা থেকে যে কয়লাগুলি চুরি হয়ে যাচ্ছে এ খবর জানেন কি?

0

The Hon'ble Prafulla Chandra Sen:

এ খবর আমার জানা নাই।

Sj. Radhanath Chattoraj:

এবারও সেখানে বহু ঘরবাড়ি ফ্লাডএ ভেঙ্গে গিয়েছে, সেই মজুত কয়লাগুলি দিয়ে কি এবার ঘরবাড়ি তৈরি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো বলেছি, এটা অনেকদিনের কথা, কাজে কাজেই কি বাকি আছে এখন আমি কিছুই বলতে পারি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

প্রায় ১৫ কোটি ইট তৈরি হয়েছে, ৬ হাজার ইটের জন্য দেড় টন ক'রে কয়লা লাগে, এখন হিসাব ক'রে দেখতে হবে, কত কয়লা বাকি আছে, সেটা না জেনে উনি আপনাকে কি ক'রে বলবেন।

Sj. Mihirlal Chatterjee:

প্রায় ৯৬ হাজার টাকার কয়লা নেওয়া হয়েছিল রিলিফের জন্য। যাতায়াতের জন্য খরচ হয় ৪৪ হাজার টাকা। এই কয়লা দ্বারা কতগুলি গৃহ নির্মিত হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি নোটিস চাই।

Sj. Mihirlal Chatterjee:

আচ্ছা, অন্তত ১০০টি গৃহ নির্মিত হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

গোটা বাংলাদেশে প্রায় ২২ হাজার গৃহ নির্মিত হয়েছে।

Sj. Mihirlal Chatterjee:

গোটা বাংলাদেশের খবর আমি জানতে চাই নি, বীরভূম জেলায় যেখানে ৯৬ হাজার টাকার কয়লা আনলেন এবং যার জন্য ৪৪ হাজার টাকার মত খরচ পড়ল, সেখানে অন্তত ১০০টি গৃহ নির্মিত হয়েছে কিনা সেটাই আমার জিজ্ঞাস্য।

The Hon'ble Prafulla Chandra Sen:

বীরভূম জেলায় যতসংখ্যক গৃহ নির্মিত হয়েছে, সেকথা আপনার প্রশ্নে আপনি উল্লেখ করেন নি, সেজন্য এখন বলতে পারছি না—নোটিস দিলে বলতে পারব।

Sj. Radhanath Chattoraj:

এই যে কয়লা চুরি হয়ে যাচ্ছে এই চুরি বন্ধ করার কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি দেখব।

Sj. Hare Krishna Konar:

এইমাত্র মিহিরবাবু বললেন, ৯৬ হাজার টাকার কয়লা এবং তার বহন খরচা ৪৪ হাজার টাকা—মোট ১ লক্ষ ৪০ হাজার টাকা খরচ পড়েছে—আপনি কি আন্দাজেও বলতে পারেন না—আপনি তো এত স্ট্যাটিস্টিক্স জানেন—বীরভূমে ১০০টা কি ২০০টা কি ৫০টা গৃহ নির্মিত হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, বলতে পারব না।

Sudden rise in prices of essential commodities during June and July, 1958

***15.** (Admitted question No. *2106.) **Shri SHYAMA PRASANNA BHATTACHARJEE:** Will the Hon'ble Hinister in charge of the Food Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত কয়েক দিনের মধ্যে (জুন-জুলাই, ১৯৫৮) চাল, ডাল, চিনি গুড় প্রভৃতি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম অত্যন্ত বাড়িয়া যাইতেছে;

(খ) সত্য হইলে, কি কি কারণে হঠাৎ এভাবে দর বৃদ্ধি ঘটিতেছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, অল্প আয়ের পরিবারগুলি হঠাৎ এই দরবৃদ্ধির জন্য অত্যন্ত কষ্টে পড়িয়াছে; এবং

(ঘ) সরকার এই অবস্থার প্রতিকারের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(ক) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য যে কিয়ৎ পরিমাণে বাড়িয়াছে, ইহা সত্য।

(খ) যদিও ইহা অনুসন্ধান সাপেক্ষ, তথাপি নিম্নলিখিত কারণগুলিকে বিশেষভাবে এ প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারেঃ

(১) ঘাটতি অর্থনীতিজনিত মুদ্রাস্ফীতি।

(২) দীর্ঘকালব্যাপী অনাবৃষ্টি।

(৩) বর্ষাকালীন স্বাভাবিক মহার্ঘতা।

চিনির মূল্যবৃদ্ধির কারণস্বরূপ কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক রপ্তানি নীতিরও উল্লেখ করা যাইতে পারে।

(গ) সরকার এ-বিষয়ে অবহিত আছেন।

(ঘ) মডিফায়েড রেশনিং মারফত ন্যায্য মূল্যে চাউল ও গম বা গমজাত দ্রব্য বিক্রয়ের ব্যবস্থা পূর্বাহ্নেই চালু করা হইয়াছে। এতদ্ব্যতীত অবস্থাবিশেষে খয়রাতি সাহায্যের ব্যবস্থাও চালু আছে। কার্য-বিনিময়ের মাধ্যমে ও মজুরী হিসাবে গম বা গমজাত দ্রব্য দেওয়া হইতেছে।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

আমার জিজ্ঞাস্য হচ্ছে, যে যে কারণে দর বেড়েছে তার মধ্যে বলছেন ১নংএ, অর্থনীতিজনিত মুদ্রাস্ফীতি'—মুদ্রাস্ফীতি দীর্ঘদিন ধরেই হচ্ছে—সুতরাং হঠাৎ দর বৃদ্ধির কারণ এটা কি করে হল? তিনি কি হিসাব করে দেখেছেন কি পরিমাণ টাকা বেড়েছে বাজারে এবং সেই অনুপাতে জিনিসপত্রের দর বৃদ্ধি হয়েছে নাকি এটা তিনি আন্দাজে বলছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা সকলেই জানেন কি কি ফ্যাক্টরএর দরুন দর বৃদ্ধি হয় তার মধ্যে এটাও একটা কারণ।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

সেই সময় কি প্রচুর টাকা বাজারে সরকার ছেড়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারি না, দর বাড়ার একটা কারণ হচ্ছে এই।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

সেটা একটা কন্টিনিউয়াস ফ্যাক্টর; কয়েকদিনের মধ্যে চাল ডাল এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম হঠাৎ বেড়ে গেল—এর সঙ্গে মুদ্রাস্ফীতির কি করে যোগাযোগ করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে অন্যান্য কারণও দর্শান আছে।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

তৃতীয় কারণ বলছেন, বর্ষাকালীন স্বাভাবিক মহার্ঘতা;—আমি জিজ্ঞাসা করছি বাড়ল কেন, তিনি বলছেন স্বাভাবিক মহার্ঘতা—এর মধ্যে তফাৎটা কি বুঝতে পারলাম না।

The Hon'ble Prafulla Chandra Sen:

যা আপনি বোঝেন।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

মন্ত্রী মহাশয় কতগুলি কারণ দেখিয়েছেন—কিন্তু যারা একচেটিয়া ব্যবসাদার তারা মাল আটকে রেখে, মজুত রেখে দর বাড়ায় সেসম্পর্কে মন্ত্রী মহাশয় কিছু জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

জানলে নিশ্চয়ই উল্লেখ করতাম।

[3-30—3-40 p.m.]

Sj. Shyama Prasanna Bhattacharjee:

আপনি (ঘ)-এর উত্তর দিয়েছেন যে দর বাড়ছে এবং তার ব্যবস্থা হচ্ছে, কিন্তু এই দর বাড়ার জন্য দেশের লোকের যাতে ক্ষতি না হয় তার প্রতিকারের ব্যবস্থার কথা মন্ত্রী মহাশয় চিন্তা করছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ঘ)-এর উত্তরে বলে দেওয়া আছে।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

জিনিসপত্রের দাম যাতে যারা বাড়ায় তাদের সায়েস্তা করার ব্যবস্থার হবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এসব কথার কোন উল্লেখ হয় না।

Sj. Sasabindu Bera:

(ঘ)-এর উত্তরে বলা হচ্ছে যে মডিফায়েড রেশনিংএর মারফৎ চাল, ডাল, গম এবং গমজাত দ্রব্য বিক্রি ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু মডিফায়েড রেশনিং-এর দোকান মারফৎ বিক্রি চাল, চিনি গুড় ইত্যাদির দাম কম বলে কি সরকার মনে করেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এগুলি সম্বন্ধে প্রশ্ন নেই বলে, কোন কিছু উল্লেখ করা হয় নি।

Sj. Chitto Basu:

আপনি (ঘ)-এর জবাবে বলেছেন অনুসন্ধান সাপেক্ষ, কিন্তু আসলে আমাদের রাজ্যসরকার এই কারণগুলো সম্পর্কে কি কোন অনুসন্ধান কার্য চালাচ্ছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা খুব যে ভালভাবে অনুসন্ধান কার্য চালাচ্ছি তা নয়, তবে আমরা মনে করি যে আরও ভালভাবে এই অনুসন্ধান কার্য চালান উচিত।

Sj. Chitto Basu:

আপনারা কি পদ্ধতিতে অনুসন্ধান কার্য চালাবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এখন তা বলতে পারব না।

Sj. Chitto Basu:

আপনি যে ৩টি কারণের কথা উল্লেখ করেছেন—ঘাটতি অর্থনীতিজনিত মুদ্রাস্ফীতি, দীর্ঘকাল-ব্যাপী অনাবৃষ্টি, বর্ষাকালীন স্বাভাবিক মহার্ঘতা—কিন্তু আপনি কি মনে করেন না যে আপনার নিজের নীতির ব্যর্থতাই প্রধানতঃ এই মূল্য বৃদ্ধির জন্য দায়ী?

The Hon'ble Prafulla Chandra Sen:

মোটেই তা আমি মনে করি না।

Sj. Ganesh Ghosh:

এই জবাবগুলি কোন বছরের

The Hon'ble Prafulla Chandra Sen:

৩১শে জুলাই, ১৯৫৯ সাল।

Sj. Ganesh Ghosh:

আমি যদি অন্য একটা প্রশ্ন করি তার উত্তর পাব কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্ন তো আগে করুন।

Sj. Ganesh Ghosh:

অল্প কিছুদিন হল চিনির দাম হঠাৎ যে বেড়ে গেছে এ সম্বন্ধে আপনি আমাদের কিছু এনলাইটেন করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারি তবে এ থেকে এ প্রশ্ন ওঠে না।

Release of steel for free sale by West Bengal Government

***16.** (Admitted question No. *2125.) **Shri SAMAR MUKHOPADHYAY:**

(*a*) Will the Hon'ble Minister in charge of the Supplies Department be pleased to state if it is a fact that in 1957 nearly 19,000 tons of steel out of the total arrival of 22,000 tons under "State Non-Agricultural Quota" was allowed to go to "free sale"?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the reason thereof;

(*ii*) whether the State quota has been reduced as from period I of 1958; and

(*iii*) if so, the reasons therefor?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(*a*) No.

(*b*) (*i*) Does not arise.

(*ii*) Yes.

(*iii*) For adjustment of excess supply made by the Government of India to this State.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই যে ১৯ হাজার টন স্টীল এই সময়ে ফ্রি সেলে গিয়েছিল বলে যেটা জিজ্ঞাসা করা হয়েছিল সেটা তিনি অস্বীকার করেছেন, কিন্তু এই সংখ্যাটা কম না বেশী—অর্থাৎ ১৯ হাজারের জায়গায় ১৮ হাজার না ২০ হাজার—বলে তিনি অস্বীকার করছেন সেটা তিনি বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা বিভিন্ন হেড-এ য়্যাসেটমেন্ট পেয়ে থাকি। অর্থাৎ নন-এগ্রিকালচারাল, স্মল-স্কেল ইন্ডাস্ট্রি ইত্যাদি প্রত্যেকটাতে আমরা য়্যালটমেন্ট পাই। কিন্তু য়্যালটমেন্ট দেবার সঙ্গে সঙ্গে মাল আমাদের কাছে এসে পেঁাছায় না। ১৯৫৭ সালে আমরা মাত্র ১৪ হাজার ২২৫ টন পেয়েছিলাম এবং এর মধ্যে ৪ হাজার ২৭০ টন ছিল পপুলার ভ্যারাইটি—যেমন করোগেটেড আইরন সিট, রডস জয়েস্ট—এবং ৯ হাজার ৯৫৫ টন ছিল আনপপুলার ভ্যারাইটি—অর্থাৎ যেগুলো সহজে কাটে না। একটা নিয়ম আছে যে কতকগুলি জিনিস ৬০ দিনের মধ্যে যদি আমরা না কাটাতে পারি তাহলে সেটা ফ্রি সেলে যাবে, আবার কতকগুলি জিনিস যেমন সীটস ইত্যাদি ৯০ দিনের মধ্যে যদি আমরা পারমিট দিয়ে না কাটাতে পারি তাহলে সেগুলো ফ্রি সেলে যাবে। এখানে যেটা ঘটে সেটা হচ্ছে যে এক এক সময় হঠাৎ মাল যা আসে সেগুলোকে ৬০ দিনের মধ্যে কাটান সম্ভবপর হয় না এবং সেই কারণেই ফ্রি সেলে দেওয়া হয়।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি বললেন যে কতগুলি কারণে ফ্রি সেল দিতে হয়। কিন্তু এখানে আপনি যে টোটাল সংখ্যা দিলেন তার মধ্যে কত অংশ ফ্রি সেল-এ চলে গিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

১৯৫৭ সালে ৯,১৩৯ টন ফ্রি সেল-এ গিয়েছে এবং তার মধ্যে ৮,৩৫৪ টন হচ্ছে আনপপুলার ভ্যারাইটি এবং ১,৩৭০ টন হচ্ছে পপুলার ভ্যারাইটি।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি বললেন যে কতগুলি ফ্রি সেল-এ গিয়েছে, কিন্তু যেগুলি যায় নি বলে ইনফরমেশন আছে তার অধিকাংশই কি ব্ল্যাক মার্কেটিং-এ গিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

ফ্রি সেল-এ গেলে পর তা হোয়াইট মার্কেট-এ যাবে না ব্ল্যাক মার্কেট-এ যাবে তা বলা যায় না। তবে আনপপুলার ভ্যারাটিগুলি ব্ল্যাক মার্কেট-এ যাওয়ার সম্ভাবনা কম।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মন্ত্রী মহাশয় আপনি এ খবর জানেন কি যে ফ্রি সেল-এ যাওয়ার ফলে এবং যেগুলি যায় নি বলে উল্লেখ করেছেন তাতে ১৯৫৭ সালে অনেক ফ্যাক্টরিতে স্টীল-এর অভাবে কাজ বন্ধ করে দিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের বোঝা উচিত যে মালগুলি সহজেই ফ্যাব্রিকেট করা যায় তা' আমরা পাইনি। এবং আনপপুলার ভ্যারাইটি মাল ফ্যাব্রিকেট করবার যে সমস্ত ফ্যাক্টরি আছে তারা তা' নিলনা বলেই ঐ অবস্থা হয়েছে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনার পাশে আমাদের শ্রমমন্ত্রী মহাশয় বসে আছেন। গত বৎসর তার ঘরে একটা মিটিং হয়েছিল এবং সেখানে সকলেই কমপ্লেন্ট করেছিলেন যে বাজারে স্টীল নেই এবং সমস্ত স্টীলই ব্ল্যাক মার্কেট-এ গিয়েছে। এ ঘটনা কি আপনার জানা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্ন আসে না।

Sj. Narayan Chobey:

আপনি বলেছেন যে ১৯৫৮ সালে কোটা কম হয়েছে, আমি জিজ্ঞাসা করছি যে কোটা কত কম হয়েছে, কত ছিল এবং কত করা হয়েছে? তারপর তিন নম্বর-এ আপনি ইয়েস বলেছেন—এর মানে কি?

The Hon'ble Prafulla Chandra Sen: The question is: "will the Hon'ble Minister be pleased to state if it is a fact that in 1957 nearly 19,000 tons of steel out of the total arrival of 22,000 tons under "State Non-Agricultural Quota" was allowed to go to "free-sale"?—the answer is 'No'.

He asks "what is the reason thereof?—the answer is "Does not arise" and the next question is: (ii) whether the State quota has been reduced as from period 1 of 1958—the answer is "yes".

Sj. Narayan Chobey:

এ বৎসরের কোটা কমান হয়েছে কিনা বলতে পারেন?

(No reply.)

Sj. Saroj Roy:

আপনি কতগুলো মেটেরিয়ালস সম্পর্কে বললেন যে যদি ঐগুলির পারমিট ৬০ দিনের মধ্যে না পায় তাহলে তা ফ্রি সেল-এ চলে যায়। কিন্তু আমার সাপ্লিমেন্টারী এখানে যে ঐগুলি ফ্রি সেল-এর সুবিধা করে দেওয়ার জন্যই কি এজেন্টদের যথা সময়ে পারমিট দেওয়া হয় না?

The Hon'ble Prafulla Chandra Sen:

মোটেই তা' নয়।

Sj. Saroj Roy:

আপনার কাছে যদি উদাহরণ দেওয়া যায় তাহলে আপনি তা দেখবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন প্রয়োজন নেই।

Sj. Saroj Roy:

মাল থাকে এজেন্ট-এর কাছে। প্রথমে আপনার ডিপার্টমেন্ট থেকে বলা হয় যে কোথায় মাল আছে তার খোঁজ নিন। কিন্তু সেই সমস্ত খোঁজ নিয়ে যখন পারমিট চাওয়া হয় তখন দেন না এবং এইভাবে আস্তে আস্তে ৯০ দিন পার করে দেন—এর কারণ বলবেন কি?

(No reply.)

Sj. Rabindra Nath Mukhopadhyay:

তাহলে এই ব্ল্যাক মার্কেট-এর কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে ঐ ৬০ দিন এবং ৯০ দিন সেটা আমরা করি না, কেন্দ্রীয় সরকার থেকে ধার্য করা হয়।

Registered quota-holders of steel

***17.** (Admitted question No. *2132.) **Shri SHAIKH ABDULLA FAROOQUIE:** Will the Hon'ble Minister in charge of the Supplies Department be pleased to state—

(a) the number of consumers and manufacturers, respectively, who are registered as quota-holders of steel in the Directorate of Consumer Goods;

(b) whether every manufacturer who is registered as a quota-holder gets a quota in each period;

(c) if not, ground or grounds on which a registered quota-holder is not allotted any quota in any period; and

(d) what is the maximum number of the cases of non-allotment of quotas in any one period during 1957?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(a) Number of manufacturers registered with the Directorate of Consumer Goods as active quota-holders of steel is 625. There is no fixed number of other consumers such as house-builders, ship-repairers, etc., who receive materials on application to this Directorate.

(b) No.

(c) The main reasons are—

(1) Suspension of activities of factory.

(2) Non-submission of production returns or failure to account for past allotments.

(3) Failure to produce Corporation or Municipal Trade Licence or that Receipt in spite of warnings.

(4) Failure to lift the allotted quota by the factory in the past which depended on its private supply.

(5) Receipt of any adverse report of the Enforcement Branch of the Police on the utilisation of the materials allotted to a factory.

(d) During period III/1957-58 (October-December, 1957) 120 Industries were not allotted any quota. Of those, the number of Steel Processing Industries was 45 and of Small-Scale Industries was 75.

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

Loans to flood-affected people of Burdwan district

3. (Admitted question No. 188.) **Shri Phakir Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(a) the total number of petitions for gratuitous relief from homeless persons in the flood-affected areas in the district of Burdwan—

(i) disposed of,

(ii) awaiting disposal,

(iii) of which the amount has been distributed, and

(iv) of which the amount still remains to be distributed;

(b) the total number of group loan petitions for house-building in the flood-affected areas in the district of Burdwan—

(i) disposed of,

(ii) awaiting disposal,

(iii) of which the amount has been distributed, and

(iv) of which the amount still remains to be distributed; and

(c) total number of individual loan petitions in the flood-affected areas in the district of Burdwan—

(i) disposed of,

(ii) awaiting disposal,

(iii) of which the amount has been distributed, and

(iv) of which the amount still remains to be distributed?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(a) and (b) Nil.

(c) House-building loan	...	22,544
Artisan loan	...	4,300
(i) House-building loan	...	11,440
Artisan loan	..	1,213
(ii) House-building loan	...	11,104
Artisan loan	...	3,087
(iii) House-building loan	...	4,895
Artisan loan	...	1,213
(iv) Nil.		

Banagram Town Relief Committee

4. (Admitted question No. 1506.) **Shri Ajit Kumar Ganguli:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) মিউনিসিপ্যাল অঞ্চলে সরকার কোন মিউনিসিপ্যাল রিলিফ কমিটির ব্যবস্থা করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, বনগ্রাম মিউনিসিপ্যালিটিতে ঐ প্রকার রিলিফ কমিটি আছে কিনা; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উহার সভ্য কাহারা, এবং

(২) ১৯৫৭-৫৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ইহার কোন অধিবেশন হইয়াছে কিনা?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) এবং (খ) হ্যাঁ।

(গ) (১)—

(১) পৌর-প্রধান, বনগ্রাম পৌরসভা।

(২) শ্রীইন্দ্রগোপাল চট্টোপাধ্যায়।

(৩) শ্রীনলিনী দে।

(৪) শ্রীঅজিতকুমার গাঙ্গুলী, এম-এল-এ।

(৫) শ্রীমণীন্দ্রভূষণ বিশ্বাস, এম-এল-এ।

(৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক, বনগ্রাম।

(গ) (২) না।

[3-40—3-50 p.m.]

Sj. Ajit Kumar Ganguli:
ইন্দ্রগোপাল চট্টোপাধ্যায় এবং নলিনী দে, এ'রা রিলিফ কমিটিতে কিভাবে এলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
উহার সভ্য কাহারা উত্তর দেওয়া হয়েছে, কিভাবে এলেন, কোথা থেকে এলেন আমি বলতে পারি না।

Sj. Ajit Kumar Ganguli:
আপনি কি জানেন যে এ'রা মণ্ডল কংগ্রেসের সভ্য?

The Hon'ble Prafulla Chandra Sen:
মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে অজিত গাঙ্গুলী কংগ্রেসের সভ্য নয়।

Subdivisional Relief Committee, Banagram

5. (Admitted question No. 1507.) **Shri Ajit Kumar Ganguli:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) বনগ্রাম মহকুমায় সরকার কোন মহকুমা রিলিফ কমিটির ব্যবস্থা করিয়াছেন কিনা; এবং
(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ কমিটির সভ্যসংখ্যা কত এবং সেই সভ্য কাহারা,

(২) ১৯৫৭-৫৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এই কমিটির কোন অধিবেশন হইয়াছে কি, এবং

(৩) অধিবেশন না হইলে, ইহার কারণ কি?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) হ্যাঁ।

(খ) (১) এগারজন—

(১) মহকুমা শাসক।

(২) শাখাধিকারিক (সেচন)।

(৩) শাখাধিকারিক (বাস্তু)।

(৪) সমষ্টি উন্নয়ন আধিকারিক, বনগ্রাম।

(৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক, বাগদা।

(৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক, গাইঘাটা।

(৭) শাখাধিকারিক (কৃষি), বনগ্রাম।

(৮) শ্রীঅজিতকুমার গাঙ্গুলী, এম-এল-এ।

(৯) শ্রীমণীন্দ্রভূষণ বিশ্বাস, এম-এল-এ।

(১০) শাখা-স্বাস্থ্যাধিকারিক, বনগ্রাম।

(১১) শাখা-নিয়ামক, খাদ্য এবং সরবরাহ, বনগ্রাম।

(২) না।

(৩) কারণ এই কমিটি ১৯৫৮ সালের মার্চ মাসে গঠিত হইয়াছে।

আমি বলছি একজন মানুষকে তার ইচ্ছার বিরুদ্ধে যদি পুলিস ভ্যানের মধ্যে ৫ মিনিটও আটক রাখা হয় কোন মামলার কাস্টডিতে না নিয়ে, অ্যারেস্ট না করে তাহলে পেনাল কোডের ৩৪২ ধারা অনুসারে যে আটক রাখবে তার বিরুদ্ধে একটা অভিযোগ হয় এবং সেটা কগনিজেবল অফেন্স—এটা কি মন্ত্রী মহাশয় জানেন এবং তিনি কি জানেন, যদি কেউ তাঁকে ভ্যানের মধ্যে আটক রেখে থাকেন তাহলে তার বিরুদ্ধে ৩৪২ ধারায় কোন মামলা দায়ের করা হয়েছে কি না ?

Mr. Deputy Speaker:

আপনি ইরেলিভ্যান্ট প্রশ্ন করবেন না।

Alleged lathi-charge by police at Mathabhanga in June, 1958

***23.** (Admitted question No. *1987.) **Shri Niranjan Sengupta:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) if it is a fact that police made lathi-charge on peaceful satyagrahis at Mathabhanga in the first week of June, 1958; and

(*b*) if so, whether Government consider the desirability of making an inquiry into the matter?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) No.

(*b*) Does not arise.

[3-20—3-30 p.m.]

Sj. Niranjan Sengupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই প্রশ্নটা করেছিলাম ১৭ই জুন, ১৯৫৮, আজ হচ্ছে ২৬এ নভেম্বর, ১৯৫৯ এবং এটা শর্ট নোটিশ কোয়েশ্চেন, এই রকম ভাবে প্রশ্নের জবাব দেওয়ার কোন অর্থ হয় ?

The Hon'ble Kali Pada Mookerjee:

এই রকম প্রশ্নের কনসেন্ট দরকার, ইউজুয়াল কোয়েশ্চেন হলে আলাদা কথা। এখানে কনসেন্ট পাওয়া যায় নি।

Sj. Niranjan Sengupta:

কনসেন্ট দেওয়া হয় নি কেন সেটাও জানান দরকার।

The Hon'ble Kali Pada Mookerjee:

অফিসে জানান হয়েছে।

Sj. Niranjan Sengupta:

আপনি বলেছেন যে সেখানে লাঠি-চার্জ হয় নি। কিন্তু আপনি কি জানেন সেখানে যারা আহত হয়েছিল তাদের এস ডি ও ডেকে নিয়ে হাসপাতালে পাঠিয়েছিলেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

এস ডি ওর কাছে বলা হয়েছিল যে তাদের উপর লাঠি-চার্জ করা হয়েছে, তখন তার উত্তরে এস ডি ও বলেন—"আপনারা আমার কাছে রিটন্ কমপ্লেইন্ট দিন, আমি এ সম্বন্ধে অনুসন্ধান করবো"। কিন্তু আজ পর্যন্ত কোন রিটন্ কমপ্লেইন্ট পেঁছায় নি, অনুসন্ধানও হয় নি।

Sj. Niranjan Sengupta:

এস ডি ও তাদের হাসপাতালে পাঠিয়েছিল, এটা কি আপনি জানেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

তা আমার জানা নেই। যেটা আমি জানি সেটা বললাম।

Sj. Ganesh Ghosh:

এই যে আপনি 'না' বলেছেন, সেটা এস ডি ওর কাছে থেকে খবর নিয়ে, না, সংশিলষ্ট থানার কাছ থেকে খবর নিয়ে বলেছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমাদের যা সোর্স আছে, সে হচ্ছে এস বি এবং ডি এম। এদের মারফতে খবর এসেছে।

Sj. Ganesh Ghosh:

যে পুলিস মাথাভাঙ্গাতে মাথা ভেঙ্গেছে, তাদের কাছে খবব চেয়ে পাঠিয়েছিলেন, না, অন্য কোন সোর্স থেকে খবর নিয়েছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমাদের সোর্স হচ্ছে এস বি, ডি এম, তাঁরা বলেছেন।

Sj. Ganesh Ghosh:

পুলিসও ত আপনাদের একটা সোর্স, সেই সোর্স কি বলেছে যে লাঠি চার্জ হয় নি?

The Hon'ble Kali Pada Mookerjee:

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছেন।

Sj. Ganesh Ghosh:

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছেন—
There was no lathi-charge?

The Hon'ble Kali Pada Mookerjee:

লাঠি-চার্জ সম্বন্ধে এস ডি ও যা বলেছেন, সেই কথাইত বললাম।

Sj. Ganesh Ghosh:

কুচবিহারের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কি সেই করা বলেছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

কুচবিহারের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নন্, ডেপ্যুটি কমিশনার বলেছেন।

Sj. Niranjan Sengupta:

ডেপ্যুটি কমিশনারের রিপোর্টের উপর নির্ভর করে আপনি জবাব দিচ্ছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমাদের ইউজ্যুয়াল সোর্স হচ্ছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস ডি ও।

Sj. Niranjan Sengupta:

আমার প্রশ্ন হচ্ছে ঐ রিপ্লাইটা কার কাছ থেকে পেয়েছেন? এস পি না, আর কারও কাছ থেকে?

The Hon'ble Kali Pada Mookerjee:

রিপ্লাই আমি আই জির কাছ থেকে পেয়েছি। এস পির কাছ থেকে আই জির কাছে যায়, তার থেকে হোম ডিপার্টমেন্ট।

Sj. Khagendra Kumar Roy Choudhury:

হাসপাতালে যেখানে আহতদের পাঠান হয়, সেখান থেকে কি খবর নিয়েছিলেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

সে প্রশ্নত এখানে হয় না।

Shifting of under-trial prisoners with rope tied round their waists

***24.** (Admitted question No. *2121.) **Shri Amarendra Nath Basu:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) if it is a fact that under-trial prisoners in West Bengal are shifted from police van to court lock-up and from court lock-up to court with rope tied round their waists; and

(*b*) if so, the reasons thereof?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): Not ordinarily. The use of ropes in the case of undertrial prisoners is only resorted to when there is reasonable apprehension of their being violent or to prevent escape of dangerous prisoners.

Sj. Amarendra Nath Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, তাঁর কাছে কোন ভদ্রলোক অভিযোগ করেছিলেন কি না যে তাকে কোমরে দড়ি দিয়ে কোর্টে হাজির করা হয়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

এরকম কলকাতার বাইরে একটা কেস হয়েছিল এবং সেখানে অ্যাকশন নিয়েছিলাম। এখানকার কোন কেস-এর কথা আমার স্মরণে নেই।

Sj. Amarendra Nath Basu:

আপনি কি সংবাদ রাখেন যে কোর্টে এইভাবে আন্ডারট্রায়াল প্রিজনারদের নিয়ে যাওয়ার জন্য বিচারক পুলিসকে ধিক্কার দিয়েছেন এই বলে যে এরকম লোক বা এরকম একটা ছেলেকে কোমরে দড়ি বেঁধে কেন আনা হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমার কাছে এরকম খবর নেই। আপনি যদি কোন স্পেসিফিক কেস দেন তার প্রতিকার করব এবং অন্যায়কারীর শাস্তিবিধানের ব্যবস্থা করব।

Non-intimation of reasons of arrest to persons immediately after their arrest

***25.** (Admitted question No. *2122.) **Shri Amarendra Nath Basu:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) if it is a fact that in West Bengal when any person is arrested the reasons for arrest are not made known to the accused persons immediately after arrest as required under Article 22(1) of the Constitution of India; and

(*b*) if so, what are the reasons thereof?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Canesh Chosh:

এমন ঘটনা বহু ঘটেছে যেখানে পুলিস অ্যারেস্ট করল, কিন্তু কোন ধারায় অ্যারেস্ট করল জানায় না, যার ফলে শ্রীঅমরেন্দ্র বসু মহাশয়ের কাছে কয়েকটি পরিবার এসে উৎকণ্ঠা প্রকাশ করেছেন এবং আমাদের কাছেও অনেকে এবিষয়ে উৎকণ্ঠা প্রকাশ করেছেন। তাঁরা বলেন যে পুলিস ধরে নয়ে যায় কিন্তু কোন ধারায় ধরল তা জানায় না।

The Hon'ble Kali Pada Mookerjee:

জানান হয়। যদি কোন ক্ষেত্রে না হয়ে থাকে তাহলে আমাকে বলবেন। জানানই হচ্ছে রীতি এবং প্রচলিত পদ্ধতি।

Sj. Canesh Chosh:

এ সম্বন্ধে কি বিভিন্ন থানায়, সারা পশ্চিমবাংলায় সুস্পষ্ট নির্দেশ আপনাদের আছে যে কাউকে গ্রেপ্তার করা হলে তাকে কোন ধারায় গ্রেপ্তার করা হল তা বলতে হবে?

The Hon'ble Kali Pada Mookerjee:

হ্যাঁ, আছে,

Sj. Canesh Chosh:

১৯৫৩ সালে যখন আমাদেরই গ্রেপ্তার করা হয়েছিল তখন জানান হয় নি কোন ধারায় ধরেছিল।

The Hon'ble Kali Pada Mookerjee:

পি ডি অ্যাক্ট-এ হলে আলাদা কথা।

Sj. Jatindra Chandra Chakravorty:

গত খাদ্য আন্দোলনের সময় হাওড়াতে এবং কলকাতাতে বহু নিরীহ লোককে ধরে নিয়ে যাওয়া হয়েছিল......

The Hon'ble Kali Pada Mookerjee: This is errelevant.

Mr. Deputy Speaker:

যতীনবাবু, এটা খাদ্য আন্দোলনের প্রশ্ন নয়।

Sj. Jatindra Chandra Chakravorty:

আগে কি প্রশ্ন করি সেটা শেষ পর্যন্ত শুনুন। খাদ্য আন্দোলনের সময় বহু লোককে ধরে নিয়ে যাওয়া হয়েছিল কিন্তু তাদের কোন্ ধারায় ধরা হয়েছিল তা তাদের জানান হয় নি। এটা কি মন্ত্রী মহাশয় জানেন?

Mr. Deputy Speaker:

ও প্রশ্ন এখানে আসে না। আপনি নোতুন করে প্রশ্ন দিন—জবাব পাবেন।

Shri Ajit Kumar Ganguly: Sir, I invite your attention to question (a)—if it is fact that in West Bengal when any person is arrested the reasons for arrest are not made known to the accused persons immediately after arrest. The answer is not satisfactory.

Mr. Deputy Speaker:

এটা তো জেনারেল ভাবে আছে। আপনাকে তাহলে স্পেসিফিক প্রশ্ন দিতে হবে। স্পেসিফিক জানতে হলে স্পেসিফিক কোয়েশ্চেন করতে হবে।

[3-30—3-40 p.m.]

Sj. Dhirendra Nath Dhar:

তাহলে উনি এটাই কি বলতে চাচ্ছেন যে এখন থেকে থানায় না গিয়ে ও'র বাড়ীতে গিয়ে গার্জেনরা কমপ্লেন্ট করবে বা খবর নেবে?

Mr. Deputy Speaker:

আমি যে কারণে যতীনবাবুর প্রশ্ন অ্যালাউ করি নি, সেই কারণেই আপনার প্রশ্ন অ্যালাউ করি না—। স্পেসিফিক প্রশ্ন করুন।

Sj. Dhirendra Nath Dhar:

বার বার যা হয়ে থাকে, ১৬ নম্বর গোকুল বড়াল স্ট্রীটে যেয়ে কি খবর নিতে হবে, যতদিন উনি মন্ত্রী থাকবেন—এখন থেকে আরম্ভ করে ততদিন কি এই করতে হবে—এটাই তিনি বলতে চাচ্ছেন?

[No reply.]

Sj. Apurba Lal Majumdar:

যখন আসামীকে অ্যারেস্ট করা হয়, তখন সংগে সংগে কি অপরাধ তা জানিয়ে দেওয়া হয়, এটাই কি বলছেন? কোন্ স্টেজ-এ, তাকে ফরোয়ার্ড করার আগেই কি কোন্ সেকশন-এ অ্যারেস্ট করা হয়েছে জানিয়ে দেওয়া হয়?

The Hon'ble Kali Pada Mookerjee:

থানায়ই জানিয়ে দেওয়া হয়।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে থানায় অ্যারেস্ট করে নিয়ে এল ১৪৭ ধারায় অপরাধ করেছে কিন্তু কোর্টএ পাঠাবার সময় দেখা গেল সেকশন ৩৭৯ ইত্যাদি অ্যাড করা হল অর্থাৎ গ্রেভার সেকশন যোগ করে দেওয়া হয় এটা ঠিক কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

ফার্দার ইনভেস্টিগেশনএ হয়তো সেরকম কিছু রিভিল হয়ে থাকতে পারে।

Sj. Apurba Lal Majumdar:

ফার্দার ইনভেস্টিগেশনের ব্যাপার নয়, সংগে সংগে চার্জ হয়ে যায় এবং থানায় শুধু যে খবর দেওয়া হয় না তা নয় সেখানে আসামীকে ডান্ডা মারা হয় হাতুড়ি মারা হয়।

Mr. Deputy Speaker:

কোন আর্গুমেন্ট করবেন না।

Increase in the number of street accidents in South Suburban Municipality

***26.** (Admitted question No. *2209). **Shri Rabindra Nath Mukhopadhyay:** (a) Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(i) that on 7th July, 1958, there was a serious accident caused by a taxi on the Diamond Harbour Road within the South Suburban Municipality resulting in the death of a boy;

(ii) that again on 8th July, 1958, there was another accident by a bus (No. 83) on the same road within the South Suburban Municipality as a result of which a girl student of Barisha Vivekananda College received injuries; and

(iii) that the rate of street accidents within the South Suburban Municipality has increased during the last one year?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister to pleased to state—

(i) how both the accidents took place;

(ii) what action, if any, has been taken by Government in respect of the said accidents; and

(iii) what preventive measures, if any, have been or are being taken by Government against street accidents in the South Suburban Municipal areas?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (a) (i) and (ii) Yes.

(iii) No.

(b) (i) and (ii) Both cases are *sub judice*.

(iii) R. T. Patrols have been introduced. Traffic Police men have been posted for the control and the regulation of traffic and to tighten up enforcement measures.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি যে (থ্রি আই)তে বলেছেন নো এটা আমি জানতে চাচ্ছি কিসের ভিত্তিতে বললেন যে অ্যাক্সিডেন্ট বাড়ে নি?

The Hon'ble Kali Pada Mookerjee:

ফ্যাক্টস-এর ভিত্তিতে, ১৯৫৭ সালের জানুয়ারি মাস থেকে জুলাই পর্যন্ত হয়েছে ৭৮টি কেস আর ১৯৫৮ সালে হয়েছে ৭২টি, সেজন্যই বলেছি - "নো"।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি কি জানাবেন পুরো ১৯৫৭ সালে এবং পুরো ১৯৫৮ সালে পর পর কিভাবে অ্যাকসিডেন্ট হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

নোটিশ না দিলে ফিগার জানাতে পারবো না।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি এখানে গত বছর একটা উত্তরে জানিয়েছিলেন যে ১৯৫৭ সালে ১৫৬টি কেস এবং তার মধ্যে ১২৫টি ফ্যাটাল কেস।

The Hon'ble Kali Pada Mookerjee:

সে হয়ত অন্য জায়গায়, বেহালায় নয়।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

না—ঐ এলেকারই।

The Hon'ble Kali Pada Mookerjee:

আমার মনে নাই।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার কাছে রিপোর্ট আছে এবং এটা আপনাদের ওখান থেকেই নেওয়া, সেই রিপোর্টএ আছে ১২৫টি ফ্যাটাল কেসঃ তারপর উত্তরে বলেছেন বোথ কেসেস আর সাবজ্বুডিস—এতো অনেক দিন আগেকার প্রশ্ন, এখন কি হচ্ছে বলতে পারবেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমার খবর আছে ফেব্রুয়ারিতে সাবজ্বুডিস, তার পরের খবর নাই।

Mr. Deputy Speaker:

আপনি সেই কোয়েশ্চেনএর রেফারেন্স এবং নাম্বার অ্যান্ড ডেট দিতে পারেন?

Sj. Rabindra Nath Mukhopadhyay:

তা বলতে পারি না পরে ফাইল দেখে বলবো।

Mr. Deputy Speaker:

অলরাইট, তাহলে এখন কিছু করার উপায় নেই।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এখানে (বি) (থ্রি আই)-তে বলেছেন প্যাট্রোল ট্র্যাফিক পুলিস-এর ব্যবস্থা করা হয়েছে। আপনি কি জানেন এইরূপ ব্যবস্থা আগেও ছিল এবং সেটা থাকার ফলেও বিশেষ কোন উন্নতি হয় নি?

The Hon'ble Kali Pada Mookerjee:

অনেক উন্নতি হয়েছে। সেখানে যে কনফারেন্স হয়েছিল তাতে ডি আই জি ট্র্যাফিক উপস্থিত ছিলেন, আপনারাও উপস্থিত ছিলেন এবং সেই কনফারেন্সএ যে আলাপ-আলোচনা হয়েছিল সেই অনুসারেই ব্যবস্থা করা হয়েছে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি কি জানেন এই থানার অবস্থা অবশ্য অন্যান্য থানার খবরও একই রূপ—যে বিভিন্ন লরী, বাস এমন কি রিকশা পর্যন্ত যারা এই পথ দিয়ে চলাচল করে তাদের মধ্যে এই থানা থেকে একটা ডাক হয়?

Mr. Deputy Speaker:

এটা সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন নয়।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি কি জানেন, যে এই সব লরী, বাস যারা ট্র্যাফিক রুল ভায়লেট করে অ্যাকসিডেন্ট করে তাদের সঙ্গে পুলিসের একটা রেগুলার অ্যারেঞ্জমেন্ট আছে যে বৎসরে এত করে দেবে এই রকম এটকা ডাক হয় এবং তারপর তাদের পাস দেওয়া হয়?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি জানি না তবে স্পেসিফিক কেস দিলে অনুসন্ধান করতে পারি।

[3-40—3-50 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

স্যার, আমি প্রশ্ন করছি, প্রত্যেকটা গাড়ীপিছু নেওয়া হয়—এর স্পেসিফিক কেস আমি আপনাকে দিতে পারি—এ ব্যাপারে আপনি এনকোয়ারী করবেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

স্পেসিফিক কোয়েশ্চেন করুন, উত্তর পাবেন।

The Hon'ble Prafulla Chandra Sen: The question refers to the increase in the number of street accidents in South Suburban Municipality. How does this question arise out of that.

Sj. Ramanuj Haldar:

ও'র প্রশ্নের এটাই রিলিভেন্ট যে, স্পেসিফিক কেস দিলে তিনি এনকোয়ারী করবেন কি না—

The Hon'ble Kali Pada Mookerjee:

স্পেসিফিক কেস আমার কাছে লিখে পাঠাবেন, নিশ্চয়ই এনকোয়ারী করা হবে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

পুলিস ট্রাফিক রুলস ভায়লেট করে, এর এনকোয়ারী করবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

স্পেসিফিক কেস আপনি জানাবেন, তখন দেখা যাবে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমি জিজ্ঞাসা করছি আপনি এনকোয়ারী করবেন কি না—

Mr. Deputy Speaker:

আপনি তো জানতে চাচ্ছেন এনকোয়ারী করা হবে কি না—

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি তো বলেছি এনকোয়ারী করা হবে।

Construction of a stadium in Calcutta

***27.** (Admitted question No. *2444.) **Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether necessary arrangements to construct a "Sports Stadium" in Calcutta under the Sports Act have been made;

(b) if so, the details of arrangements made by the Government; and

(c) if not, the reasons as to why construction of the stadium is being delayed?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): The question of building a stadium in Calcutta has been under the active consideration of Government for some years. In June, 1957, Government took over possession of the Cricket Ground except the partially constructed stadium known as the "Ranji Stadium". It is in the hands of a Receiver appointed by the High Court. Subsequently, a suit regarding the possession of the Cricket Ground has been instituted against Government and this is still pending in the High Court. Nothing can be done at the Eden Gardens till the suit is disposed of.

Government is also considering a proposal for constructing a stadium in the Maidan for which a scheme has been prepared and has also approached the Government of India for location of sites and other preliminaries. No further information is available at present

Dr. A. A. Md. Obaidul Ghani: I would request you to refer to your answer to question 21—the title to the Eden Gardens vests in the State Government. Does that title include the Cricket Ground?

The Hon'ble Kali Pada Mookerjee: Yes, it includes the Cricket Ground subject to the suit which is pending against the Government.

Dr. A. A. Md. Obaidul Ghani: If the title includes the Cricket Ground how can there be a suit against the Government?

The Hon'ble Kali Pada Mookerjee: You may be in possession of something but still there is no want of litigant public to sue you for the possession of that.

Dr. Kanailal Bhattacharjee:

আপনি বলছেন ইডেন গার্ডেনএর ঐ পোর্শনটা ইনক্লুডস ক্রিকেট গ্রাউন্ড - আমার প্রশ্ন হল, এর টাইটেলটা কি আপনাদের পজেশনএ আছে, এখন স্টেট গভর্নমেন্টএর পজেশনে আছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

এখানে তো বলা হয়েছে বর্তমানে এটা রিসিভারএর হাতে আছে, রিসিভার অ্যাপয়েন্টেড বাই দি হাই কোর্ট—মামলার এখনো নিষ্পত্তি হয় নি।

Sj. Sunil Das:

আপনার উত্তর থেকে বোঝা গেল না সরকার স্টেডিয়াম করবার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন কি না - ইডেন গার্ডেনএর মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্টেট গভর্নমেন্ট স্টেডিয়াম করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

স্টেডিয়াম করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, সেই পরিকল্পনা ইমপ্লিমেন্টেড হতে চলেছে। আমরা জায়গা চেয়ে জায়গা পেয়েছি ইন্ডিয়া গভর্নমেন্টএর কাছে। এখন কোন্ মডেলএ স্টেডিয়াম হবে সেই সমস্ত জিনিষ এক্সপার্টরা বিচার করছেন।

Sj. Sunil Das:

ইডেন গার্ডেনএ স্টেডিয়াম করার যে সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন সেটা কি স্টেডিয়াম?

The Hon'ble Kali Pada Mookerjee:

ময়দানে যেটা হচ্ছে সেটা হচ্ছে ফুটবল, আর এটা হচ্ছে ক্রিকেট অ্যান্ড আদার স্পোর্টস অ্যান্ড গেমস স্টেডিয়াম।

Sj. Sunil Das:

ময়দানে কোন্ জায়গায় স্টেডিয়াম হবে সে সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ডিফেন্স মিনিস্ট্রী থেকে লোক এসে দেখে গিয়েছেন—তাঁরা দুটো অলটারনেটিভ বিবেচনা করছেন মোস্ট লাইকলী এলেনবেরো কোর্সএ হবে। ১৬ একর জমি পাওয়া যাবে - তবে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয় নি কথবার্তা চলছে।

Sj. Sunil Das:

গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অনুমতি দিয়েছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

পাওয়া গিয়েছে।

Dr. Jnanendra Nath Majumdar:

মন্ত্রী মহাশয় বলেছেন এই ব্যাপারটা বর্তমানে অ্যাকটিভ কনসিডারেশনএ আছে, এই অ্যাকটিভ কনসিডারেশনটা কি কোনদিন শেষ হবে না—যাই হোক, আমি জানতে চাই, এক্সপার্টরা কতদিনে তাঁদের মতামত দেবেন।

The Hon'ble Kali Pada Mookerjee:

যথাসম্ভব শীঘ্রই দেবেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

আপনি বললেন আপনারা ডিটেলস্ বিবেচনা করছেন স্টেডিয়ামএর জন্য, এই স্টেডিয়ামএ কত লোকের বসবার বন্দোবস্ত করা হচ্ছে জানাবেন কি? আপনি আরো বলেছেন যে, স্টেডিয়াম কতবড় হবে ইত্যাদি ব্যাপার বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। আমরা সংবাদপত্রে দেখেছি।

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি তো বলেছি এসব এখন সরকারের বিবেচনাধীন আছে।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমরা সংবাদপত্রে দেখেছি আপনারা রোমান অলিম্পিক স্টেডিয়াম এবং লেনিনগ্রাড স্টেডিয়াম যেরকম সেই ধরণের স্টেডিয়াম করার বিষয় চিন্তা করছেন - এখন আমার জিজ্ঞাস্য হচ্ছে, যে পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে তা কি ধরনের এবং কত বড় হবে?

The Hon'ble Kali Pada Mookerjee:

চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত এই ব্যাপারে কোন কথা বলা সঙ্গত মনে করি না।

Sj. Apurba Lal Majumdar:

আপনি জানিয়েছেন যে, একটা স্কীম প্রিপেয়ার্ড হচ্ছে, এই স্কীমএ ময়দানের কোন পাশে স্টেডিয়াম করার পরিকল্পনা করা হয়েছে সেটা বলে দিন।

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি বলেছি।

Sj. Apurba Lal Majumdar:

কোন জায়গা সিলেক্টেড হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

স্টেডিয়াম করার জন্য স্কীম হয়েছে, এখনো অনেক ব্যাপার বাকী আছে, লে আউট এবং অন্যান্য ব্যাপার চিন্তা করে দেখতে হবে।

[3-50—4 p.m.]

Sj. Dhirendra Nath Dhar:

এখানে দুটো কন্সিডারেশন এর কথা বলা হয়েছে আমার প্রশ্ন এই যে প্রথম কন্সিডারেশনটা করে শুরু হয়েছে এবং দ্বিতীয়টাই বা করে শুরু হয়েছে? তারপর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই যে প্রোপোজাল স্কীম- যার সম্বন্ধে খবরের কাগজে কিছু কিছু পড়েছি, এগুলো কি? এ ছাড়া এখানে আপনি বললেন যে স্কীম লে আউট হয়েছে। এই সব খবরগুলি পেলে আমার আর কোন প্রশ্ন নেই।

Mr. Deputy Speaker:

আপনি আর একবার ভাল করে বলুন।

Sj. Dhirendra Nath Dhar:

আমার কথা হোল যে প্রথম কন্সিডারেশন অর্থাৎ ঐ ইডেন গার্ডেন-এ রঞ্জি স্টেডিয়াম যেটা নিয়ে হাইকোর্ট পর্যন্ত চলছে সেই কন্সিডারেশনটা গভর্নমেন্ট করে থেকে শুরু করেছেন? তারপর আপনি যে ঐ ময়দানের ব্যাপারটা বললেন, সেটাই বা করে থেকে শুরু করেছেন? এই দুটো ডেট পেলেই আমার আর কিছু বলবার নেই।

Mr. Deputy Speaker: He would require notice for that.

Theft of 20 tanks from Kharagpur Railway Workshop

*28. (Admitted question No. *2472.) **Shri Narayan Chobey:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether Government are aware that 20 big tanks were stolen from the Carriage Shop under Railway Workshop at Kharagpur recently; and

(b) if so, whether police could detect the case and whether any case has been started in the matter?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (a) Yes.

(b) A case has been started and the matter is under investigation.

Sj. Narayan Chobey: It is replied that 20 tanks have been stolen from the workshop.

আমার প্রশ্ন হোল, এই যে ২০টি ট্যাঙ্ক চুরি হোল এ খবর আপনারা কবে পেলেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

এখনে যেদিন খবর এসেছে সেদিন পেয়েছি।

Sj. Jagannath Kolay:

ঐ ভাবে দাঁড়িয়ে না থেকে বসে পড়ুন।

Shri Narayan Chobey: Sir, I want your protection. The Minister is not on his legs but who is Mr. Kolay that he will ask me to sit down. What right he has to ask me like that?

The Hon'ble Kali Pada Mookherjee: The tanks were stolen on the 17th November 1958.

Sj. Narayan Chobey:

এই যে ২০টি ট্যাঙ্ক ওয়ার্কসপ থেকে চুরি হোল, এ কি একদিনেই হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee: In one day.

Sj. Narayan Chobey:

আপনি বলেছেন যে এ ব্যাপারে কেস স্টার্ট হয়েছে, আমি জিজ্ঞাসা করছি যে কার বিরুদ্ধে স্টার্ট হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

দুজনের বিরুদ্ধে স্টার্ট হয়েছে। একজন হোল দ্বিজেন সাহু আর একজন হোল নন্দ সাহু।

Sj. Narayan Chobey:

ওয়ার্কসপ থেকে যখন চুরি হোল তখন সেখানের কোন অফিসিয়াল-এর বিরুদ্ধে কেস চালু হয়েছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

এব্যাপারে ইনভেস্টিগেশন হচ্ছে, সে সব কমপ্লিট না হলে কি করে বলব।

Sj. Narayan Chobey:

আপনি বললেন যে ইনভেস্টিগেশন হচ্ছে, কিন্তু ওয়ার্কশপের ভেতর থেকে যখন মাল চুরি হোল তখন আর পি এফ বা পুলিস অফিসারের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

বাইরে থেকে কেন লোক এসে চুরি করে নিয়ে গেলে আর পি এফ দায়ী হবে কেন? তবে যখন ইনভেস্টিগেশন চলছে এর রেজাল্ট দেখে যাকে যাকে অপরাধী মনে হবে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে।

Sj. Narayan Chobey:

মন্ত্রী মহাশয় জানেন কি যে খড়্গপুর ওয়ার্কশপ হোল প্রোটেক্টেড এরিয়া অফ দি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট।

The Hon'ble Kali Pada Mookerjee:

হ্যাঁ, খড়্গপুর ওয়ার্কশপটা প্রোটেক্টেড এরিয়া হতে পারে।

Sj. Narayan Chobey:

প্রোটেক্টেড এরিয়া থেকে চুরি হলে আর পি এফ দায়ী হবে না কেন?

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন হয় না।

Sj. Dhirendra Nath Dhar:

যে ২০টি ট্যাঙ্ক চুরি হোল তার সাইজ কত এবং দাম কত?

The Hon'ble Kali Pada Mookerjee:

ঐ ট্যাঙ্কগুলোর ক্যাপাসিটি হোল "৩৮ গ্যালন"।

Sj. Saroj Roy:

যে ট্যাঙ্কগুলো চুরি হোল পুলিস তা রিকভার করতে পেরেছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

হ্যাঁ, একটি ট্যাঙ্ক রিকভার করেছে। তবে শুধু তার পার্টস পাওয়া গেছে।

Sj. Saroj Roy:

এগুলো যখন ক্যারেজশপ থেকে চুরি হয়েছে তখন ঐ ক্যারেজশপের যিনি চার্জ-এ ছিলেন মানে ইন চার্জ অফ দি ক্যারেজশপ, তাকে অ্যারেস্ট করা হয়েছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি তো পূর্বেই বলেছি যে ইনভেস্টিগেশন হচ্ছে। কাজেই এই ইনভেস্টিগেশন-এর ফলে যাদের এর সঙ্গে যোগাযোগ আছে বলে মনে হবে তাদের শাস্তির ব্যবস্থা হবে। দি ম্যাটার ইজ আন্ডার ইনভেস্টিগেশন।

Sj. Saroj Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা হয়ত সাপ্লিমেন্টারি নাও হতে পারে তবুও এটা ওয়ার্কশপ থেকে চুরি হয়েছে তাতে দেখা যাচ্ছে যে ঐ শপ-এর যারা চার্জ-এ থাকেন তাদের গায়ে পুলিসের হাত কখনও পড়ে না এবং এর ফলে আজ পর্যন্ত চুরি বন্ধ হয় নি। কাজেই যারা এই সমস্ত মালের চার্জ-এ থাকেন তাদের সম্পর্কে যদি ইনভেস্টিগেশন না করেন তাহলে এই ধরনের চুরি কোনদিনই বন্ধ হবে না।

Mr. Deputy Speaker:

এখানে এই প্রশ্ন হয় না।

Sj. Ananda Gopal Mukhopadhyay:

এটা কি সত্য যে দুজন লোক ঐ চুরির দায়ে ধরা পড়েছে তারা শ্রীনারায়ণ চোবে মহাশয়ের সমর্থক?

Sj. Narayan Chobey:

একজন লোকের সম্বন্ধে এ রকম করে বলা এটা কি আপনি অ্যালাউ করবেন?

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন আমি ডিসঅ্যালাউ করেছি।

Number of murders committed in Burdwan Sadar subdivision from January to December, 1958

***29.** (Admitted question No. *2540.) **Shri Phakir Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) the number of murders committed within the Sadar subdivision in the district of Burdwan from January to December, 1958;

(*b*) the cases of detection; and

(*c*) conviction, if any?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) Seventeen.

(*b*) Eight cases have so far been sent up for trial. Six cases are still under investigation.

(*c*) The remaining six cases are pending trial in court.

Sj. Haridas Dey:

মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরে বলেছেন ঐ "বি" তে যে

right cases have so far been sent up for trial. Six cases are still under investigation যেটা ঐ "সি"তে আছে,

and the remaining six cases are pending trial in court—

এগুলো যোগ করলে দেখা যায় ২০টি হয়। কিন্তু আপনি এখানে কোয়েশ্চেন-এ বলেছেন ১৭টি—এটা বুঝতে পারলাম না।

The Hon'ble Kali Pada Mookerjee:

৮ এবং ৬ যোগ করলে ১৪ হয়, আর ঐ ৬টা পেন্ডিং রয়েছে। সিক্স কেসেস আর আন্ডার ইনভেস্টিগেশন।

Adjournment motions

[4—4-10 p.m.]

Sj. Apurba Lal Majumdar: Mr. Deputy Speaker, Sir, I have got an adjournment motion which runs as follows:—

The proceedings of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., that on 21st November 1959, Surjya Karar of Village Jujersha, P.S. Panchla, District Howrah, died on the village pathway due to starvation while moving from one place to another for a relief token for drawing some foodstuff which he could not procure even with his best efforts for the last few days. This starvation death which

is primarily because of the inadequate relief and unnecessary delay in distributing the same in the flood-affected areas of Panchla Police Station where a number of distressed people are living on starvation level, is greatly agitating the minds of the local people and is being resented by the public in general.

Sj. Saroj Roy: Sir, my adjournment motion is this—

This Assembly do now stand adjourned to discuss a matter of urgent public interest and of recent occurrence, viz. the situation arising out of the failure of the Government to distribute up till now the adequate quantities of seeds for 'Ravi crops' particularly potato and onion to the peasants in all the flood-affected areas under the Ghatal Subdivision and the Police Stations of Keshpur and Garbeta in the district of Midnapore.

Telegram for posting of a Punjabi in Dandyakarayana.

Sj. Haridas Mitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা গুরুতর ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কালকে সন্ধ্যাবেলায় দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের কাছ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি। সেই টেলিগ্রামটা আপনার সামনে পড়তে চাই। সেটা হচ্ছে:—

Jagatdalpur Haridas Mitra Assembly House Calcutta.

Fletchers Removal Spells.

Disaster for Dandyakarayana Khanna Plans.

To Bring Punjabis.

Pray Adjournment Motion.

এমন ৪ জনের এতে নাম আছে যে ৪ জন এখানে থাকতে বিভিন্ন ক্যাম্পে ক্যাম্পে অত্যন্ত উৎসাহী হয়ে ঘুরেছিলেন দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের নিয়ে যাবার ব্যবস্থা করবার জন্য। আমরা আজ কয়েকদিন ধরে বিভিন্ন খবরের কাগজে বিশেষ করে কালকের আনন্দবাজার, যুগান্তর এবং অন্যান্য কাগজে দণ্ডকারণ্যের যেসমস্ত খবর বেরিয়েছে তাতে দেখেছি যে ফ্লেচারকে পদত্যাগে বাধ্য করান হয়েছে। আমরা দেখেছি এখান থেকে জে কে রায় গিয়েছিলেন এবং তিনি আনন্দবাজারের কাছে একটা স্টেটমেন্ট দিয়েছেন। এ সম্বন্ধ কালকে আজকে যুগান্তর কাগজে আমরা দেখেছি যে নতুন অ্যাডমিনিস্ট্রেটর আসছে এবং সেখানকার সেক্রেটারী, জয়েন্ট সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী দণ্ডকারণ্য ব্যাপারে যাঁরা আছেন তারা সবাই প্রায় পাঞ্জাবী এবং যাঁরা অত্যুৎসাহী হয়ে দণ্ডকারণ্যে গিয়েছেন সেই উদ্বাস্তুরা এতে অত্যন্ত হতাশ হয়ে পড়েছেন। আমি মিনিস্টারের কাছ থেকে একটা স্টেটমেন্ট চাচ্ছি কারণ ব্যাপারটা কি আমি বুঝতে পারছি না।

Mr. Deputy Speaker:

আমি সব শুনেছি, টেলিগ্রামটা আমাকে দিন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দণ্ডকারণ্য সম্বন্ধে সংবাদপত্রে যে সব নানা রকম সংবাদ বেরুচ্ছে সেইসব খবরের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। কারণ দণ্ডকারণ্য প্রোজেক্ট পশ্চিমবঙ্গ-সরকারের কর্তৃত্বাধীনে নেই, এটা কেন্দ্রীয় রিহ্যাবিলিটেশন মিনিস্ট্রির অধীনে। তবে এটা আমরা সকলেই জানি যে সেখানে যিনি অ্যাডমিনিস্ট্রেটর ছিলেন—মিঃ ফ্লেচার, তাঁর বদলে আর একজন অ্যাডমিনিস্ট্রেটর এসেছেন। তিনি পাঞ্জাবী কি গুজরাটী কি মারাঠী তাদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। কাজেই আমাদের সঙ্গে ওখানকার অ্যাডমিনিস্ট্রেশনএর কোন সম্পর্ক নেই। আমরা একটা বিষয়ে মাত্র ইন্টারেস্টেড, সেটা হচ্ছে এই যে আমাদের এখানে যারা আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসেছেন এবং ক্যাম্পে বহুদিন ধরে বাস করছেন তারা সেখানে যাতে যতশীঘ্র পুনর্বাসন পেতে পারে এটাই আমাদের সরকারের সম্পর্ক এবং আমরা জানি সেখানে অনেক,

বাঙালী কর্মচারী আছে, আমাদের পশ্চিমবঙ্গ-সরকার অনেক বাঙালী কর্মচারী পাঠিয়েছেন. তারা সেখানে কেন্দ্রের অধীনে কাজ করছেন। এটা আমরা জানি দণ্ডকারণ্যে প্রায় প্রত্যেক সপ্তাহে লোক যেতে আরম্ভ করেছে এবং আগামী বছরের মধ্যে বহু পরিবার সেখানে পুনর্বাসন পাবে।

Sj. Haridas Mitra:

স্যার, আমরা এই পুনর্বাসন ব্যাপারে উদ্বিগ্ন হয়ে আছি। এমনি করে যদি দণ্ডকারণ্য সম্বন্ধে এই যে টেলিগ্রাম আসছে, খবরের কাগজে বেরুচ্ছে এই ব্যবস্থা যদি চলতে থাকে তাহলে বাঙালী উদ্বাস্তুদের রিহ্যাবিলিটেশনের ব্যাপারটা প্রফুল্লবাবু বা এখানকার সরকার কি এমনি করে একেবারে উড়িয়ে দিতে পারেন যেমনভাবে উড়িয়ে দেবার চেষ্টা করছেন? এইটাই আমার পরিষ্কার জিজ্ঞাস্য।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার আর কিছু বলবার নেই।

Date for discussion of the report of the Food Enquiry Committee and nationalisation of Oriental Gas Co.

Sj. Ganesh Ghosh:

মিঃ ডেপুটি স্পিকার, স্যার, দুটো বিষয় আমি আপনার কাছে রাখতে চাই। আপনার ডিপ্যার্টমেন্ট থেকে একটা সার্কুলার পেলাম, কালকে খাদ্য রিপোর্ট সম্পর্কে একটা যে মোশান দেয়ার কথা আপনি বলেছিলেন সেই মোশানটা দেয়া হয়েছে। সেই মোশানটা আপনি গ্রহণ করেছেন কি না জানি না। কবে এটার উপর আলোচনা হবে সে সম্পর্কে আপনি যদি একটা ডেট স্থির করে দেন তাহলে আমরা তৈরি হতে পারি—এটা হচ্ছে প্রথম।

Sj. Bijoy Singh Nahar:

এই যে একটা সার্কুলার দেয়া হয়েছে এটায় লেখা আছে নো-ডে-ইয়েট-নেমড্ মোশন। এটার মানে ঠিক আমরা বুঝতে পারি নি।

Sj. Ganesh Ghosh:

আর দ্বিতীয় হচ্ছে, শনিবারে বোধ হয় গ্যাস কোম্পানী ন্যাশনালাইজেশনের বিলটা আনবে। এ সম্পর্কে ডাঃ রায়ের সঙ্গে আমার কথা হয়েছিল। এই গ্যাস কোম্পানীর গত ৫ বছরের একটা গড়পড়তা আয়ের উপর নির্ভর করে তাদের ক্ষতিপূরণ দেয়া হবে। আমি ডাঃ রায়কে বলেছিলাম যেন তাদের ব্যালেন্স সিটের কপি আমরা পাই। ডাঃ রায় বলেছিলেন এটা ছাপিয়ে দেয়া হবে—ক্যালকাটা গেজেটে পাওয়া যাবে। আমি আপনার কাছে বলছি যে শনিবারে যদি এটা আলোচনা হয় তাহলে আমাদের আজকেই তা দেওয়া উচিত। আর একটা কথা, এই যে গ্যাস কোম্পানি সরকার গ্রহণ করছেন এর আগে একটা এনকোয়ারী কমিটি করা হয়েছিল যার ভিত্তিতে এটা গ্রহণ করা হচ্ছে। সেই রিপোর্টটা আমরা চাই, তা না হলে এ সম্পর্কে আলোচনা করা সম্ভব নয়।

Mr. Deputy Speaker:

আচ্ছা আমি দেখছি।

Wastage of milk by Keventer Company

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আমি আপনার সামনে উপস্থিত করছি। কোলকাতাতে এমনিই আপনি জানেন যে দুধ সরবরাহের পরিমাণ অত্যন্ত কম কিন্তু তা সত্ত্বেও গত তিনদিন ধরে কোলকাতা সহরে শত শত মণ দুধ আজকে নর্দমায় ঢেলে দেয়া হচ্ছে। ক্যাভেন্টার কোম্পানীতে মালিকের সঙ্গে শ্রমিকদের বিরোধ চলার জন্য সেখানে শ্রমিকদের জব্দ করার উদ্দেশ্যে তারা শতশত মণ দুধ আজকে নর্দমা দিয়ে ঢেলে দিচ্ছে। গত ১০ বছর ধরে সেই

শ্রমিকদের এক পয়সাও মাইনে বাড়ে নি এবং সেই জায়গায় শ্রমিকদের জব্দ করার জন্য শতশত মণ দুধ এই অবস্থার মধ্যে নর্দমা দিয়ে আজকে ঐ কোম্পানী ঢেলে দিচ্ছে। সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন সেটা জানতে চাই। টুডে ইজ দি থার্ড ডে।

Mr. Deputy Speaker:

শুনুন এই হাউসের একটা নিয়ম আছে। আপনি জিনিসটা এভাবে বল্লে তার জবাব দেয়া যায় না।

[4-10—4-20 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, আজকে তিন দিন ধরে এই জিনিস চলছে। গভর্নমেন্ট, এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন বলুন। তাড়াতাড়ি......

Mr. Deputy Speaker:

যতীনবাবু, এই হাউস-এর একটা নিয়ম আছে—ওভাবে বললে তো হবে না। আপনি একটা শর্ট নোটিস কোয়েশ্চেন দিন অথবা একটা মোশন দিন।

Messages

Secretary (Shri A. R. Mukherjea): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"Message

The Court Fees (West Bengal Amendment) Bill, 1959, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 25th November, 1959, and is returned herewith to the West Bengal Legislative Assembly with the intimation that the Council has no recommendation to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 25th November, 1959.

(2)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 25th November, 1959, agreed to the Dentists (West Bengal Amendment) Bill, 1959, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 25th November, 1959.

(3)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 25th November, 1959, agreed to the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1959, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 25th November, 1959.

(4)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 25th November, 1959, agreed to the Private Fisheries Protection (Amendment) Bill, 1959, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 25th November, 1959.

I beg to lay the copies on the table.

GOVERNMENT BILLS

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1959.

Clause 2.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2(1), line 3, for the words "one month" the words "three months" be substituted.

I also move that in clause 2(2), in the proposed sub-section (2)(a), lines 7 and 8, for the words "one month of the date of such" the words "two months of the date of the order or on monthly instalments as specified in the preliminary order" be substituted.

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, ক্লজ (২)-তে আমার দুটো অ্যামেন্ডমেন্ট আছে। একটি অ্যামেন্ডমেন্ট হল যেখানে সাব-সেকশন (টু-আই)-এতে বলা হয়েছে উইদিন ওয়ান মান্থ আমি সেখানে থ্রি মান্থস এই সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছি। এজন্য এটা দিয়েছি যে এর আগে যখন ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট ১৯৫৬ পাস হয় তখন অনেক মাননীয় সদস্য একথা বলেছিলেন এবং আমাদেরও ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে একথা জানি যে যখন কোন মামলায় কোন ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে সেকশন ১৩ অনুসারে মামলা দায়ের করা হয় তখন সমন সার্ভ করার এক মাসের মধ্যেই ভাড়াটিয়াকে তার বাকী ভাড়া অর্থাৎ যে ভাড়াটা সে অ্যাডমিট করে নেয় সেই ভাড়া কোর্টে জমা দিতে হবে। এতে অনেকখানি প্র্যাকটিক্যাল ডিফিকালটিস আছে সেটা হয়ত মন্ত্রী মহাশয়ও নিজে স্বীকার করবেন। তিনি নিশ্চয় এটা স্বীকার করবেন যে অত অল্প সময়ের মধ্যে ভাড়ার টাকা টেনান্ট-এর মিটিয়ে দেওয়ার ইচ্ছা থাকলেও দেওয়া সম্ভব নয়। ১৯৫০ সালে যে আইন ছিল সেই আইনে ৪০ দিন সময় নির্দিষ্ট ছিল। সেটা কমিয়ে ১৯৫৬ সালে এক মাস করা হল। যখন এই নতুন বিলের মধ্য দিয়ে আমরা সেকশন ১৭ সংশোধন করছি তখন আর সামান্য কয়েকটা দিন বাড়িয়ে দিলে এমন কিছু অসুবিধা হোত না। অবশ্য কালকে মন্ত্রী মহাশয় একথা বলেছিলেন যে ইচ্ছা যদি করে তাহলে সেই ভাড়াটে তার বাকী ভাড়ার পরিমাণ প্রয়োজন সাপেক্ষ ইচ্ছানুরূপ কমিয়েও বলতে পারেন এমন কি এক টাকাও বলতে পারেন। কিন্তু এটা ভুললে চলবে না যে এমন অনেক ভাড়াটিয়া আছেন যারা সমস্ত ভাড়া এক সঙ্গে জমা দিতে চান—কোন মিথ্যার আশ্রয় নিতে চান না—অর্থনৈতিক কারণে সময়মত হয়ত ভাড়া দিতে পারেন নি। তাদের ক্ষেত্রে একটু সময় পেলে ভাড়া দেওয়াটা সহজসাধ্য হয় এবং তার ব্যবস্থা থাকলে ভাল হত। অবশ্য নীতির দিক থেকে সরকার যা করছেন সেটার পরিবর্তন হয় নি. অবশ্য এই বিষয়ে সরকারের সঙ্গে আমি একমত নই একথা আমি আগেই বলেছি। কিন্তু এই সামান্য সময় যদি একটু বাড়িয়ে দিতেন ভাল হত এবং এইজন্যই আমি প্রস্তাব দিয়েছি অন্ততঃ তিন মাস করা হোক। এই তিন মাসের মধ্যে হয়ত ভাড়াটের পক্ষে যারা সত্যি কথা বলে সমস্ত বাকী ভাড়া জমা দিতে চায় সেটা তাদের পক্ষে জমা দেওয়া সম্ভব হবে।

তার পর আর একটি অ্যামেন্ডমেন্ট আছে। আমার অ্যামেন্ডমেন্টএ বলেছি
that in clause 2(2) in the proposed sub-section etc.
এটা এইজন্য চাইছি যে অনেক সময় দেখা যায় যে ভাড়ার যে অ্যামাউন্ট সেই অ্যামাউন্ট ভাড়াটের এক সাথে দেবার ক্যাপাসিটি নেই: সেজন্যে কোর্টকে এমন ক্ষমতা দেওয়া হোক যে প্রিলিমিনারী অর্ডারএ যে ভাড়া দেওয়ার কথা নির্দিষ্ট করে দেওয়া হবে সেটা যাতে বাই ইনস্টলমেন্ট দেওয়ার সুযোগ ভাড়াটে পায়। তা না হলে এই আইনের ১৭ ধারায় বা ১৩ ধারায় টেনান্ট-এর বিষয়ে যে সমস্ত বিধি এখানে আছে তাতে বাধ্য হয়ে অধিকাংশ সময় প্রোটেকশন নেবার জন্য বা টাকা দেবার অক্ষমতার কারণে ভাড়াটেকে তার ভাড়া যদি ছয় মাসের বাকী থাকে তা সে স্বীকার করে নিতে পারে না এবং একটা মিথ্যা জবাব তাকে দিতে হয় এবং জবাবে বলে যে কোন ভাড়াই তার কাছে পাওনা নেই। এই প্রোটেকশন তাকে নিতে হয় আর কোন উপায় না থাকায়। যদি এখানে রিগোরাসনেস কিছু কমিয়ে দেওয়া হত এবং ভাড়া জমা দেওয়ার ব্যবস্থা ইনস্টলমেন্টএ করে দেওয়া হত তাহলে এই মিথ্যার আশ্রয় না নিয়ে ভাড়াটে সত্যি কথা বলত। সরকার যে উচ্ছেদের

নীতি নিয়েছেন সেই ভাড়াটে পীড়ন নীতির ভিত্তিকে অটুট রেখেও অন্ততঃ এর মধ্যে যাতে কিছুটা সুযোগ ভাড়াটেকে দেওয়া হয় তার ব্যবস্থা করতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এবং এই সংশোধন প্রস্তাবটি গ্রহণ করতে আবেদন জানাচ্ছি।

Sj. Ardhendu Sekhar Naskar: Sir, I beg to move that in clause 2, in the proposed clause (a) of sub-section 17, after the words "as soon as possible" the words "within a period not exceeding one year" be inserted.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Deputy Speaker, three speakers have spoken on the amendment suggested by Mr. Panda that some people have deposited their money in the Rent Court with the Rent Controllr instead of in the Court and that has become only a technical default. They also referred to the High Court judgment which set aside this order and they also referred to another High Court judgment and Mr. Panda was kind enough to give me the reference. I called the Rent Controller today, but he could not give me correct information. If I find that a large number of persons are involved, then I shall take up the matter. I can give this assurance, but on present information, I cannot change the law accordingly. That is the first point.

The second point was raised by Mr. Sunil Das. He said that the two processes should be telescoped together—the preliminary hearing and the final hearing. I think that would be difficult, because there may be certain disputes in courts for ownership and so on. Therefore, let there be two hearings. In order to put a time-limit, our Chief Whip has brought an amendment which I accept and I oppose all other amendments.

The motion of Shri Basanta Kumar Panda that before sub-clause (1) of clause 2 the following be inserted, namely:—

"(A1) in sub-section (1) of section 17 of the West Bengal Premises Tenancy Act, 1956, after the words 'deposit in Court' the words 'or with the Controller' shall be inserted and shall be deemed always to have been inserted;"

was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(1), line 3, for the words "one month" the words "three months" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(2), in the proposed sub-section (2)(a), lines 2 and 3, the words "and the period for which default may have been made, by the tenant" be omitted, was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 2(2), in the proposed sub-section (2), for the paragraphs (a) and (b) the following be substituted, namely:—

"having regard to the rate at which rent was last paid, and the period for which default may have been made, by the tenant, and having regard to the provisions of this Act, make an order within a period not exceeding six months determining the rate of rent and the amount to be deposited in court or paid to the landlord and either fixing the time within which the amount shall be deposited or paid or, as the case may be, directing that the amount already deposited or paid be adjusted in such manner and within such time as may be specified in the order."

was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2(2), in the proposed sub-section (2)(a), lines 7 and 8, for the words "one month of the date of such" the words "two months of the date of the order or on monthly instalments as specified in the preliminary order" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that the following proviso be added to clause 2(2), namely:—

"Provided that the provision of sub-sections (1) and (2) of section 17 of the West Bengal Premises Tenancy Act, 1956, as amended by this Act shall apply to suits, appeals and proceedings pending in trial appellate and revisional courts and the time limit of one month for making the deposit in court, payment to the landlord or making the application to court shall not apply thereto."

was then put and lost.

The motion of Shri Ardhendu Shekhar Naskar that in clause 2 in the proposed clause (a) of sub-section (2) of section 17, after the words "as soon as possible" the words "within a period not exceeding one year" be inserted, was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

[4-20—4-30 p.m.]

Clause 3.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3 in the proposed sub-section (7), line 19, for the word "thirty" the word "sixty" be substituted.

The Controller shall not pass any order of forfeiture until after the expiry of 30 days from the date of the publication of such general notice.

স্যার, ক্লজ, ৩, লাস্ট প্যারা দেখুন, জেনারেল নোটিশএর কথা যেখানে আছে। ইনডিভিজুয়াল নোটিশ দিতে বহু খরচ হয়ে যায় একথা সত্য সেজন্য সেই সমস্ত জায়গায় ইনডিভিজুয়াল নোটিশএর পারবর্তে জেনারেল নোটিশ, নিউজ পেপারে পাবলিশ করা হচ্ছে। পুরানো আইন ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট ১৯৫৬এর সঙ্গে যে বিরোধিতা সেটা হল এই জেনারেল নোটিশ দেবার জন্য। জেনারেল নোটিশ দেবার ৩০ দিন পর ৩১ দিনের দিন ইচ্ছা করলে কোর্ট অর রেন্ট কন্ট্রোলার সেই টাকা, যা জমিদারের প্রাপ্য, যে টাকা টেনান্ট, কোর্টএ জমা দিয়েছে সেই টাকা ফরফিট বা বাজেয়াপ্ত করতে পারে। এখানে আমি ৩০ দিনের জায়গায় ৬০ দিন বলছি। এজন্য বলছি আগে ইনডিভিজুয়াল নোটিশ পাবলিকেশন দেওয়া হত—এখন সেটা নিউজ পেপারএ পাবলিশ করে দেওয়া হবে।

The Hon'ble Bimal Chandra Sinha:

কেন, রেজিস্টার্ড পোস্টএ তো দেওয়া হবে।

Sj. Apurba Lal Majumdar:

আগে ছিল ইনডিভিজুয়াল এখন জেনারেল, একসঙ্গে নিউজ পেপারএ পাবলিশ হবে এবং লাস্ট নোন অ্যাড্রেসএ জানানো হবে—এত টাকা জমা আছে, নিয়ে যাও। হয়ত সেই নোটিশ তার কাছে পৌঁছুবে না যার জন্য নিউজ পেপারএ নোটিশ দেবার বন্দোবস্ত। আগে ইনডিভিজুয়াল ছিল, তখন আলাদা ছিল; এখন জেনারেল হচ্ছে, অনেকগুলি নাম এক সঙ্গে নোটিশএ দেবে। এখন হয়ত তারা নিজেরা না আসতে পারে, ইনফরমেশন না পেতে পারে এবং অনেকগুলির নামের মধ্যে নিজের নাম খুঁজে নাও পেতে পারে, সুতরাং ৩০ দিন টাইম দেওয়া হচ্ছে। এই ৩০ দিনের মধ্যে যদি টাকা নেবার বন্দোবস্ত না করে তাহলে ৩১ দিনের দিন সেই টাকা

করফিট বা বাজেয়াপ্ত করে নিতে পারে। সেজন্য আমি প্রস্তাব করছি যে টাইম বাড়িয়ে দেওয়া হোক ৩০ দিনের জায়গায় ৬০ দিনের করা হোক। এটা কনসিডার করা দরকার কারণ অনেক সময় এই টাকার উপর নির্ভর অনেকের করতে হয় সুতরাং তাদের প্রাপ্য টাকা গভর্নমেন্টের ঘরে চলে যাবে—সেজন্য কিছুদিন সময়টা বাড়িয়ে দেওয়া হোক, এ ছাড়া এই অ্যামেন্ডমেন্টএ বলার বেশী কিছু নাই।

Shri Sunil Das: Sir, I beg to move that in clause 3, in the proposed sub-section (7), line 20, for the words "the publication of such general notice" the words "issue of such notice by registered post", be substituted.

আমার অ্যামেন্ডমেন্ট আনার উদ্দেশ্য হল এই বিলে ড্রাফ্টিংএর যে অস্পষ্টতা সেই অস্পষ্টতার দরুন বুঝা যাচ্ছে না এই যে জেনারেল নোটিশ দেওয়ার ৩০ দিন কিভাবে ধরা হবে। আগে যে প্রভিশন ছিল সেকশন ২১, সাব-সেকশন (৩)-তে বলা ছিল নোটিশ পাঠাতে হবে রেজিস্টার্ড পোস্টএ, অফিসএ টাঙ্গান হবে আর লোকাল নিউজ পেপারএ দিতে হবে। এই তিনটা শর্ত ছিল। এখন অবশ্য বিলে দেখা যাচ্ছে রেজিস্টার্ড পোস্টএ নোটিশ দেওয়া হবে, অফিসএ নোটিশ দেওয়া হবে এবং তার সংগে যোগ করা হচ্ছে যে জেনারেল নোটিশ দেওয়া হবে—

in such a form as may be prescribed from time to time to the effect that rents deposited by tenants during the period mentioned in the notice in favour of the landlords, etc.,

যদি এই রকম একাধিক জেনারেল নোটিশ দেওয়া হয় তাহলে কোন নোটিশ থেকে ৩০ দিনের এক্সপায়রি ধরা হবে সে সম্বন্ধে বিলের ড্রাফটিং-এর মধ্যে একটা অস্পষ্টতা আছে বলে মনে হচ্ছে। সেজন্য জেনারেল নোটিশ ফ্রম টাইম টু টাইম না ব'লে যদি ইসু অফ দি রেজিস্টার্ড পোস্ট থেকে ৩০ দিন ধরা হবে বলে ধার্য করে দেওয়া যায় তাহলে তার মধ্যে স্পষ্টতা আসে না। তা না হলে পিরিয়ডটা আনডিফাইন্ড থেকে যাবে এবং তা নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হবে—এবং এই ল্যাকুনার ভিতর দিয়ে নানা রকম লিটিগেশনএর প্রশ্ন আসবে। এটার প্রতি আমি মাঃ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আমার মনে হয় আমার এই সাজেশনটা নিলে ক্ল্যারিটি আসবে। পিরিয়ডটা স্পেসিফাই করবার ব্যবস্থা হবে বলে আমি আশা করি।

The Hon'ble Bimal Chandra Sinha: Unfortunately, Sir, I have not been able to follow properly the argument put forward by Shri Sunil Das. Sir, the new section lays down clearly that "Before passing an order of forfeiture, the Controller shall give a notice to the landlord or to the person or persons claiming to be entitled to receive the rent in deposit, by registered post at he last known address of such landlord or person or persons... etc". Therefore, the proposal that he is making for the notice to be sent by registered post is already there......

Shri Sunil Das: It says "The Controller shall not pass any order of forfeiture until after the expiry of thirty days from the date of the publication of such general notice" and not after the expiry of the posting of the notice.

The Hon'ble Bimal Chandra Sinha: The Controller knows best how to count the 30 days. If he means another notice that would be contradictory and superfluous. Regarding Shri Apurba Lal Majumdar's amendment, I may say that the period cannot be extended......

Shri Apurba Lal Majumdar: I think you will agree with me that many landlords cannot withdraw their money in time because they cannot get information from the court. I speak from my personal experience.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 3, in the proposed sub-section (7) line 19, for the word "thirty" the word "sixty" be substituted was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 3, in the proposed sub-sub-section (7), line 20, for the words "the publication of such general notice" the words "issue of such notice by registered post" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1959, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

THE BURDWAN UNIVERSITY BILL, 1959.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the Burdwan University Bill, 1959.

(The Secretary then read the title of the Bill).

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I beg to move that the Burdwan University Bill, 1959, be taken into consideration.

Sir, the need for establishing new universities in West Bengal has been keenly felt for some time. The Calcutta University has for a long time served the cause of higher education not only for Bengal but for large areas outside Bengal.

[4-30—4-40 p.m.]

In recent years its jurisdiction has been restricted within the confines of the State of West Bengal. Inspite of this drastic reduction in the area of its jurisdiction, however, the teaching accommodation in the colleges of the Calcutta University and in the University itself has been stretched to the utmost limit as a result of the abnormal increase in the number of students going up for higher education in the State. The position is likely to get worse in the future not only due to further increase in the number of students but also as a result of the fact that seven of the big colleges in Calcutta will have to reduce the number of their students considerably as required by the University Grants Commission. In 1948, the number of students who appeared in the Intermediate, First Degree and Post-Graduate Degree Eaminations of the Calcutta University were respectively 13,556, 4,068 and 900. In 1958, i.e., within 10 years, the corresponding numbers were 44,111, 18,888 and 1,787. The urge for higher education is still on the increase and the facilities which can be offered by the colleges of the Calcutta University and the University itself are proving and will continue to prove too inadequate to cope with the growing numbers, particularly in respect of the Post-Graduate courses. In order that greater facilities may be made available to the ever-growing student population in West Bengal, legislation is being undertaken to establish a new teaching and affiliating University whose jurisdiction will extend over the entire Burdwan Division excluding the district of Howrah.

Shri Subodh Banerjee: And also the district of Midnapore.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Not as proposed in the Bill.

Shri Subodh Banerjee: You are going to propose that.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am not going to propose it.

Apart from the usual humanities and science subjects, the proposed University is expected to provide in the near future special facilities for teaching technological subjects, e.g., engineering, mining, metallurgy and the like. This will serve the special needs of the highly industrial area within the jurisdiction of the proposed University.

Sir, I do not know if many of us realise how unwieldly the enrolment of the Calcutta University and of the colleges thereunder has been in recent years. West Bengal is well-advanced in education. Inspite of that, we are blessed with only one affiliating University. There have been two new Universities in recent years—the Jadavpur University and the Viswa Bharati University, but, after all, they are teaching Universities with

restricted jurisdiction. It is only the Calcutta University which is a teaching as well as an affiliating University. Now, the enrolment of the Calcutta University has become very heavy—the Calcutta University is perhaps one of the most over-crowded and over-burdened Universities not only in India but even if we take into consideration—areas outside India too. In recent times—I mean in July this year—there was a Commonwealth Education Conference at Oxford and there Sir Keith Murray, Chairman of the University Grants Committee, in U.K., made a statement regarding university education in Great Britain. We find in his statement that there are 22 Universities and 3 University Colleges in the United Kingdom, but what is their enrolment altogether?

Sir Keith Murray says: "Perhaps one of the most striking feature to every visitor is the wide difference in their sizes, ranging from the University College of North Staffordshire with 689 students to the Federal University of London with over 21,000 students. Omitting the Universities of Oxford, Cambridge and London and counting separately the Durham University and the constituent Colleges of the University of Wales, none in October 1958 had over 6,000 students while 15 had under 2,000. Compared with the older Universities established in other countries, the British Universities are small". He further states: "There are just now about only one lakh full time students in all the Universities and Colleges in Great Britain".

We have got only one Board of Secondary Education which will send out students who will be taught in these Universities. If one Board of Secondary Education is there in West Bengal and three Universities there should be a sort of symmetry between these Universities, or according to the local requirements three Boards of Secondary Education should spring up with regard to these regions. I, therefore, suggest that attempts should be made to maintain the standard of the new University of Burdwan at par with that of the University of Calcutta. Because in Jadavpur what do we see? I am giving you one instance. The students who have got Honours in B.A. or B.Sc. are first of all taken in M.A. or M.Sc.; those who have got Pass or Distinction do not go to the city; they go to Jadavpur. The First-Class marks in the Calcutta University is 60 and above, Second-Class is 40 and above and Third-Class is 36 and above; but in Jadavpur there are only two classes—first-class 60 and above and second-class 40 and above. Therefore, those students who get marks between 40 and 59, if Calcutta and Jadavpur were at par, would get second-class. Mr. Das says that there is dearth of professors but dearth of professors cannot and should not permanently stand in the way of making new Universities. I would, therefore, ask the Hon'ble Minister to see that suitable materials are found for the purpose of running these Universities.

There are other points which I shall say in my observations in connection with my amendments. I say, therefore, that I welcome this Bill but at the same time I have got a great grievance that the elite of the city have been given no chance to consider this and give their expression of opinion. Therefore, I have suggested for a very short circulation so as to get the considered opinion of the different educationists. I do not think that the opinion of the Calcutta University is relevant for the purpose because the Calcutta University is losing some portion of its territory. So it will at once react. Anybody whose territory is taken away, whatever may be the consideration, will react. Therefore, the opinion of the Calcutta University is not relevant but he opinion of the elites who have got dispassionate views and who are not in special favour of anything will be necessary.

Dr. Radhakrishna Pal:
মাননীয় ডেপ্‌টি স্পীকার, স্যার, বর্ধমান ইউনিভার্সিটি সম্পর্কে বলতে গিয়ে একটা কথা আমার মনে পড়ল, সেটা আমি দাস সাহেবকে স্মরণ করিয়ে দিতে চাই—অর্থাৎ, আমাদের শিশির দাস মহাশয়কে। স্যার আশ্‌তোষ যখন ভাইস-চ্যান্সেলর অফ দি ক্যালকাটা ইউনিভার্সিটি তখন পাঁচকড়িবাব্‌ তাঁর 'নায়ক' পত্রিকায় তাঁকে খ্‌ব গালাগালি দিতেন। এজন্য স্যার আশ্‌তোষ তাঁকে একদিন ডেকে পাঠান ডেকে বলেন, কি, পাঁচকড়ি, তুমি আমাকে এত গালাগাল কর কেন? তিনি বলেন, স্যার, আপনাকে গালাগালি না দিলে আমার 'নায়ক' কাটে না। সেইরকম দাস সাহেব ডাঃ রায়কে গালাগাল দিয়ে দেখাচ্ছেন, দেখ, আমি এক্সভাইস-চ্যান্সেলরকে গালাগাল দিয়েছি, আবার চিফ মিনিস্টারকেও গালাগাল দিতে পারছি। আমি দাস সাহেবকে স্মরণ করিয়ে দিচ্ছি—লাভলি মিত্র, তিনি এম এ-তে থার্ড ক্লাস পেয়েছিলেন, কিন্তু তাঁর কেমিস্ট্রি সমগ্র প্‌থিবীতে খ্যাতিলাভ করেছে। দাস সাহেব বিলাতে ছিলেন, এবং বিলাতে তিনি দেখে এসেছেন যে,—এখ্‌নি বন্ধ্‌বর হরিদাস মিত্রের সঙ্গে আমার এ বিষয় নিয়ে কথাবার্তা হচ্ছিল—ইংলন্ডে ৭০০ করে ছেলে

নিয়ে একটা রেসিডেন্সিয়েল ইউনিভার্সিটি এবং তিনি জানেন, সেখানে ১৫০ ইউনিভার্সিটি আছে। আমি দাস সাহেবকে বলছি, তিনি বেশ করে ডাঃ রায়কে গালাগালি দিন, তাতে তাঁর ক্লায়েন্ট বাড়বে এবং তিনি তাঁদের বলতে পারবেন, দেখ, আমি ডাঃ রায়কে গালাগাল দিয়েছি। এটাই আমার কৃতিত্ব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কলকাতায় আমরা ২।৩ ঘণ্টার মধ্যেই আসতে পারি, কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আমাদের কষ্ট করে যেতে হবে, বর্ধমান আমাদের কাছে

[6-20—6-30 p.m.]

"দুস্তর পারাবার হে"— ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে আমাদের যোগাযোগ খুব বেশী। আমরা এই ইউনিভার্সিটিতে ৬।৭টা ভাইস-চ্যান্সেলর দিয়েছি—স্যার আশুতোষ মুখোপাধ্যায়, তদীয় পুত্র ডাঃ শ্যামাপ্রসাদ, স্যার দেবপ্রসাদ সর্বাধিকারী, ভূপেন্দ্রনাথ বসু, স্যার গুরুদাস ব্যানার্জী ডাঃ জ্ঞানচন্দ্র ঘোষ। এ ছাড়া তারকনাথ পালিত মহাশয়ের বিরাট টাকার অবদানে যে বিরাট মন্দির গড়ে উঠেছে আমরা তো তার প্রতিবাদ করিনি। আমরা জানি যে যতই ইউনিভার্সিটি গড়ে উঠবে ততই বাংলাদেশ বা ভারতবর্ষের সুখ্যাতি সারা পৃথিবীময় ছড়িয়ে পড়বে। আমি তাই "দাস সাহেব"-কে বলি যে ডাঃ রায়কে সমালোচনা করা সহজ কিন্তু তাকে অনুসরণ করা কঠিন। তিনি বিদ্বান লোক আশাকরি এতে তার সম্বিৎ ফিরে আসবে। মানুষকে গালাগালি দিলে মর্যাদা বাড়ে না বরং তাতে ক্ষুণ্ণই হয়। বর্ধমান ইউনিভার্সিটি করছেন বলে আমি আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়কে কংগ্রাচলেশন জানাচ্ছি। বিলেতে যেমন প্রতিটি ইউনিট এ ৭।৮টি করে রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটি আছে, তেমনি আমাদের বাংলাদেশে যতই ইউনিভার্সিটি বাড়বে ততই বাংলাদেশের সম্মান বৃদ্ধি হবে। তাই পণ্ডিত নেহেরু বেলেঘাটায় বলেছিলেন যে তিনি একটা বিরাট অর্গানিজেশন। সুতরাং, গালাগালিতে কোন ফল হয় না, তাতে আমাদের স্বর্ণ, লৌহ বিবাদের মতন হয় অর্থাৎ "লোহার আগুনে তোমার বর্ণ হোল কালো।" আমাদের "দাস সাহেব"ও ঐ পর্যায়ে পড়েন। যাহা হোক, বর্ধমান ইউনিভার্সিটি বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Mihirlal Chatterjee:

স্যার এই বিলের উপর আমি আমার সংশোধনী প্রস্তাব এই সভার সামনে রাখছি।

Sir, I beg to move that the Burdwan University Bill, 1959, be circulated for the purpose of eliciting opinion thereon by 31st January, 1960.

অর্থাৎ ২ মাসের মধ্যে এই বিলের উপর জনমত সংগ্রহ করা হোক এই প্রস্তাব আমি করতে চাই। এই বিলকে বিলম্বিত করার জন্য বা বর্ধমান ইউনিভার্সিটি যাতে না হয় তার একটা চেষ্টা হিসাবে আমি এই প্রস্তাব করছি না। প্রকৃত প্রস্তাব আমি চাই যে বর্ধমানে নূতন একটা ইউনিভার্সিটি করা সম্বন্ধে বাংলাদেশের জনমত নেওয়া হোক। আমরা যেসমস্ত এ্যামেন্ডমেন্ট এনেছি সেই এ্যামেন্ডমেন্টের মধ্যে দেখছি যে শ্রীজগন্নাথ কোলে, চীফ হুইপ অফ দি গভর্নমেন্ট, এমন একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন যার অর্থ হচ্ছে যে মেদিনীপুর জেলা বর্ধমান ইউনিভার্সিটির আওতার বাহিরে থাকবে। স্যার, গত ১৪ই নভেম্বর ক্যালকাটা গেজেটে এই বিল প্রকাশিত হয় এবং আমরা এই বিল পাই ১৮।১৯।২০শে নভেম্বর। আমরা আমাদের নিজের কনস্টিটুয়েন্সির মধ্যে এই বিলের উপর আলোচনা করার কোন সুযোগ পাই নি। মেদিনীপুর জেলার যাঁরা এই বিধানসভার সভ্য তাঁরাও হয়ত এইরকম সুযোগ পান নি। গভর্নমেন্ট মেদিনীপুর জেলার এবং অন্যান্য জেলার জনমত জানবারও কোন সুযোগ গ্রহণ করেন নি। মেদিনীপুর জেলা থেকে বিধানসভার সভ্যগণ যখন একমত হয়ে গভর্নমেন্টকে জানিয়েছেন যে তাঁরা এই বিলের বিরোধী, তখন সরকারের তরফ থেকে এই সংশোধনী প্রস্তাব এসেছে যে মেদিনীপুর জেলাকে এই বিলের আওতার বাহিরে রাখা হোক। একটা বিল ক্যালকাটা গেজেটে প্রকাশের ১০ দিনের মধ্যে যদি গভর্নমেন্টকে তার সুপরিকল্পিত পরিকল্পনার সংশোধন করতে হয়, তাহলে আমি মনে করি যে এই বিল সম্বন্ধে গভর্নমেন্টকে আরও বেশী চিন্তা করার প্রয়োজন আছে। কারণ বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলী ইত্যাদি জেলাসমূহের কোন অভিমত আমরা এখনও তেমন ভাবে জানতে পারিনি। এমন কি আমাদের নিজের নিজের কনস্টিটুয়েন্সির সঙ্গে আলোচনা করার কোন সুযোগও আমরা পাই নি।

স্যার, ক্যালকাটা ইউনিভার্সিটি বহুদিনের পুরানো ইউনিভার্সিটি। এই ইউনিভার্সিটির অঙ্গচ্ছেদ করার ব্যবস্থা এই বিলে করা হচ্ছে। অঙ্গচ্ছেদ করা উচিত কি উচিত নয় বা বর্ধমান ইউনিভার্সিটির প্রয়োজন আছে কি না আছে সেটা বিশেষ গুরুত্বপূর্ণ কথা এবং সে সম্বন্ধে আমি পরে বলব। আমার ব্যক্তিগত অভিমত হয়ত থাকতে পারে যে বর্ধমানে ইউনিভার্সিটি হোক কিন্তু আমার ব্যক্তিগত অভিমত সমস্ত জেলার অভিমত হতে পারে না। আমি শ্রীহরেন রায়-চৌধুরী মহাশয়ের সঙ্গে একমত যে বাংলাদেশে একাধিক ইউনিভার্সিটি তৈরি করার যথেষ্ট স্কোপ আছে। আমরা জানি ৫০ বছর আগে ইংলণ্ডে ৯টা ইউনিভার্সিটি ছিল—অক্সফোর্ড, সেফিল্ড, কেম্ব্রিজ, লীডস, এডিনবরা, গ্লাসগো, লণ্ডন, ডারহাম, ম্যানচেষ্টার। যদি ৪ কোটি লোকের শিক্ষার জন্য ৫০ বছর আগে ইংলণ্ডে ৯টা ইউনিভার্সিটি থাকতে পারে তাহলে ৫০ বছর পরে, আমাদের বাংলাদেশে ৩টার জায়গায় ৪টা ইউনিভার্সিটি হলে যে সব কিছু রসাতলে যাবে এমন কথা আমি মনে করি না। কিন্তু আমি মাননীয় মন্ত্রী হরেনবাবু কিংবা তাঁর গভর্নমেন্টকে জিজ্ঞাসা করতে চাই যে, ক্যালকাটা ইউনিভার্সিটির এই পরিধি খর্ব করার আগে ক্যালকাটা ইউনিভার্সিটির মত তাঁরা গ্রহণ করেছেন কিনা? তাঁর স্টেটমেন্ট অফ অবজেক্টস এন্ড রিজন্স-এর মধ্যে বলেছেন যে পরীক্ষার্থীর সংখ্যা ১৯৪৮ সালে যা ছিল ১৯৫৮ সালে এম এ, এম এ সি-তে পরীক্ষার্থীর সংখ্যা তার ডবল হয়েছে। বি এ, বি এস সি-তে ৩ গুণ বেড়েছে এবং ইন্টারমিডিয়েট ৩½ গুণ বেড়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটি কি বাংলা গভর্নমেন্টকে কোন সময় এমন কিছু জানিয়েছেন যে আমরা এত বেশী পরীক্ষার্থীর সংখ্যা আর ম্যানেজ করতে পারছি না এবং আমাদের ইউনিভার্সিটির কিছু পরিমাণ এলাকা কেটে বাদ দেওয়া হোক? যাই হোক, কেন জানি না হরেনবাবু কিম্বা আমাদের বাংলা গভর্নমেন্টের মগজে ঢুকেছে যে পরীক্ষকরা পরীক্ষার্থীর সংখ্যা ম্যানেজ করতে পারছে না। এখন মার চেয়ে মাসীর দরদ বেশী। এতদিন যাবত যাঁরা বাংলাদেশের শিক্ষার দায়িত্ব পালন করে আসছেন তাঁদের অভিমত জানবার কোন চেষ্টাই করা হল না। কিন্তু অপরদিকে আমরা দেখছি হঠাৎ বাংলা গভর্নমেন্টের মগজে ঢুকল যে একটা নূতন ইউনিভার্সিটি করতে হবে এবং রাতারাতি একটা বিল গেজেটে পাবলিশ করা হোল। ১২ দিনের মধ্যে সেটা পাস করাবার চেষ্টা সরকার করছেন। এত তাড়াতাড়ির যে কি কারণ তা আমরা বুঝতে পারছি না। ক্যালকাটা ইউনিভার্সিটির অভিমত জানলে এমন কি রামায়ণ, মহাভারত অশুদ্ধ হোত? স্যার, ভারতে প্রদেশগুলির পুনর্বিন্যাস যখন হয় তখন সারা ভারতবর্ষে যে যে স্টেটের কিছু পরিমাণ অঙ্গহানি হচ্ছে সেই স্টেটের একটা অভিমত নেওয়া হয়েছিল। অথচ আমাদের এখানে যখন ক্যালকাটা ইউনিভার্সিটির জুরিসডিকশান খণ্ডিত করা হচ্ছে তখন ক্যালকাটা ইউনিভার্সিটির এই বিল সম্বন্ধে কি অভিমত সেটা জানবার সুযোগ কি তাদের দেওয়া হবে না? স্যার, যেসমস্ত এলাকা এতদিন যাবত এই ক্যালকাটা ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত আছে তারা এই অন্তর্ভুক্ত থাকার জন্য গর্ব বোধ করে। ক্যালকাটা ইউনিভার্সিটি সারা ভারত এবং বাংলাদেশের একটা শ্লাঘার বস্তু। বর্ধমান বিভাগে বহু কলেজ আছে, বহু ছাত্র আছে, বহু অভিভাবক আছে, বহু শিক্ষাবিদ আছেন যাঁরা এক সময়ে ক্যালকাটা ইউনিভার্সিটির ছাত্র ছিলেন বলে নিজেরা গর্ব বোধ করেন এবং ডিগ্রিধারী বলে গর্বিত হন।

[6-30—6-40 p.m.]

স্যার, যেসমস্ত জেলা এই ইউনিভার্সিটির আওতায় পড়বে সেইসমস্ত জেলার লোকের কোন মতামত না নিয়ে, কলেজগুলিকে জিজ্ঞাসা না করে, কলেজের গভর্নিং বডিকে জানতে না দিয়ে মাত্র এই বিধানসভার কয়েকজন লোক একত্রে আলোচনা করে রাতারাতি এই বিলটাকে পাশ করে নেবেন? স্যার, আপনাকে একটা মজার গল্প বলি, শুনুন। ১৯ তারিখে বিলটা পাবার পর আমি একটা স্পনসোর্ড কলেজে গিয়ে এই বিলটা দেখাই এবং জিজ্ঞাসা করি আপনারা এই বিলটা দেখেছেন কি? স্যার, সরকারী স্পনসোর্ড কলেজের প্রিন্সিপাল, প্রফেসরস কেউ এই বিলটা দেখেন নি। সরকার যদি তাড়াতাড়ি করে এইভাবে একটা বিশ্ববিদ্যালয়কে জন্ম দেন, তবে যথেচ্ছাচার করা হবে। অন্ততঃপক্ষে যেসমস্ত কলেজ এর আওতার মধ্যে পড়বে সেই সমস্ত কলেজের প্রিন্সিপালগণের কি মতামত তা জানবার সুযোগ আমরা পেলাম না, যেসমস্ত ছাত্র এই ইউনিভার্সিটিতে পড়বে তাদের গার্জেনদের কি মতামত তা জানবার সুযোগ পেলাম না, যেসমস্ত জেলাগুলি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে পড়বে তাদেরও অভিমত জানবার সুযোগ আমরা পেলাম না। স্যার, এত তাড়াহুড়া করে বিলটা পাস করার এমন কি প্রয়োজন হয়ে পড়েছে?

৩১শে জানুয়ারি ১৯৬০ সাল পর্যন্ত জনমত সংগ্রহের জন্য যদি এই বিলটাকে সার্কুলেট করা যায় তাহলে কংগ্রেস পক্ষের সদস্যরা তাতে রাজী হবেন না কেন? কংগ্রেস পক্ষীয় লোকেরা মেদিনীপুরকে এই বিলের আওতার বাইরে নিয়ে যাবার ব্যাপারে যদি মত প্রকাশ করে থাকে, তাহলে কংগ্রেস পক্ষের লোকেরা অন্য জেলাকে তাদের মতামত ব্যক্ত করবার সুযোগ দেবেন না কেন? যেহেতু মন্ত্রী হরেন রায়চৌধুরী মহাশয় এই বিলটা এনেছেন সেইহেতু জো হুকুম বলে বিলটাকে পাস করাতে হবে? স্যার, বর্ধমান ইউনিভার্সিটি হওয়া সম্বন্ধে ব্যক্তিগতভাবে আমার কোন অমত নেই, কিন্তু আমি এই কথা বলব যে বর্ধমান ইউনিভার্সিটি করতে গিয়ে ক্যালকাটা ইউনিভার্সিটির যদি ক্ষতি হয় তাহলে আমরা এর ঘোর বিরোধী। তাঁর কারণ, সরকার এখন পর্যন্ত প্রাইমারী এডুকেশন কমপালসারী করতে পারলেন না। সেকেন্ডারী এডুকেশন ব্যাপারে সেখানে ১১ ক্লাস স্কুল হয়েছে, সেই সমস্ত স্কুলগুলোতে উপযুক্ত সংখ্যক শিক্ষক শিক্ষয়িত্রী সরবরাহ করতে পারেন নি। বিভিন্ন জেলায় নানা জায়গাতে স্পেনসোর্ড কলেজ হয়েছে, সেই স্পেনসোর্ড কলেজগুলিতে বিভিন্ন সাবজেক্ট পড়াবার জন্য সব সময় প্রফেসার পাওয়া যায় না এবং প্রফেসার না থাকার জন্য ক্লাস না হওয়ার বহু কমপ্লেন্ট শোনা যায়। আমরা কখনও কখনও সেই কমপ্লেন্ট ডাঃ রায়ের কাছে পাঠিয়েও দিয়েছি। রানীগঞ্জ কলেজে ৩ মাস যাবত কয়েকটি সাবজেক্টের কোন প্রফেসার ছিল না—হিস্ট্রির প্রফেসার ছিল না, ফিজিক্স-এর প্রফেসার ছিল না, কেমিস্ট্রির প্রফেসার ছিল না, বায়োলজির প্রফেসার ছিল না—অনেক কলেজে এটা নিত্যনৈমিত্তিক ব্যাপার। স্যার, আমি আর একটা কথা বলতে চাই যে বর্ধমান ইউনিভার্সিটি সংক্রান্ত ব্যাপারে আমার মত সমর্থনের দিকে হলেও বিলের কতকগুলি ব্যবস্থার আমি ঘোর বিরোধী। তার প্রধান কারণ হচ্ছে যাঁরা কলেজে কলেজে অধ্যাপক হিসাবে শিক্ষার কাজ চালাচ্ছেন তাঁদের কোন রিপ্রেজেন্টেসানের ব্যবস্থা এই বিলের কোন জায়গাতে নেই। যে অধ্যাপক সমাজ পশ্চিমবঙ্গে শিক্ষার প্রদীপ জ্বালিয়ে রেখেছে, যারা বহু ক্লেদ ও গ্লানির জ্বালা নীরবে বহন করছে সেই টিচার্স, প্রফেসারস, ডিমনস্ট্রেটর্স, লেকচারার্সদের বিশ্ববিদ্যালয়ের পরিচালক সভায় কোন রিপ্রেজেন্টেসানের ব্যবস্থা এই বিলের মধ্যে নেই কেন?

Sj. Benoy Krishna Chowdhury:

ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের দেশের অর্থনৈতিক জীবনকে যদি উন্নত করতে হয়, তাহলে আমাদের দেশে সর্বরকম ইউনিভার্সিটি শিক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। দেশ গঠন প্রধানতঃ মানুষের দ্বারা হবে এবং সেইজন্য মানুষকে দেশ গঠনের উপযোগী করে নেওয়ার প্রয়োজনীয়তা প্রত্যেকটি পশ্চাৎপদ দেশ অনুভব করে। সেইজন্য বিশেষ করে, একটা পশ্চাৎপদ দেশ নতুন স্বাধীনতা লাভের পর যখন দ্রুত উন্নতির পথে এগোবার চেষ্টা করে, তখন তার কাছে সর্বরকম শিক্ষাক্ষেত্র বিস্তারের প্রয়োজনীয়তা আছে। এখানে সংখ্যা তুলে এমনভাবে ভুলিয়ে দেবার চেষ্টা হয়েছে যেন ইতিমধ্যে বহু শিক্ষা ব্যবস্থা আমরা লাভ করেছি। এখানে সংখ্যা তোলা হয়েছে যে ১৯৪৮ এবং ১৯৫৮ সালে এই ১০ বৎসরের তুলনামূলক হিসাব দিয়ে দেখাবার চেষ্টা করা হয়েছে যে যেখানে ১৩ হাজার ৫ শত ৫৬ জন ছেলে ইন্টারমিডিয়েট পরীক্ষা দিয়েছিল ১৯৪৮ সালে সেখানে ১৯৫৮ সালে ৪৪ হাজার ১ শত ১১ জন; যেখানে ৪ হাজার ৬৮ জন ডিগ্রী পরীক্ষা দিয়েছিল ১৯৪৮ সালে সেখানে ১৯৫৮ সালে ডিগ্রী পরীক্ষা দিয়েছে ১৮ হাজার ৮ শত ৮৮ জন; তার পোষ্ট গ্র্যাজুয়েটের সংখ্যা যেখানে ছিল ৯০০ জন ১৯৪৮ সালে সেখানে ১৯৫৮ সালে হয়েছে ১ হাজার ৭ শত ৮৭ জন। কিন্তু এই ১০ বছরে একটা ঘটনা লক্ষ্য করেন নি। ইংলন্ড সম্পর্কে রিপোর্ট করতে গিয়ে বার্লো কমিটি বা অন্য কমিটি লক্ষ্য করেছেন যে যুদ্ধের পরে শিক্ষার ব্যাপারে বিভিন্ন জায়গায় ছাত্রসংখ্যা বৃদ্ধি পাওয়ার অন্যতম কারণ হচ্ছে ডিমোবিলাইজেশন। তেমনি এখানেও প্রধান কারণ হচ্ছে বাংলা বিভাগ এবং পূর্ববঙ্গ থেকে বহু ছাত্র এখানে এসেছেন। কাজেই এটা ব্যাপক শিক্ষা বিস্তৃতির পরিচায়ক নয়। ২-৩টা প্রশ্ন এখানে উঠেছে যেগুলি আমি মনে করি প্রাসঙ্গিক এবং যেগুলির আলোচনা হওয়া উচিত। এই প্রস্তাবিত যে ইউনিভার্সিটি তার এলাকা কোন কোন জেলা নিয়ে হওয়া উচিত, তা নিয়ে বিচার এবং আলোচনার অবকাশ আছে এবং শিক্ষার দিক থেকে সমস্ত কিছু বিবেচনা করে কোথায় সুবিধা হয় সেটা দেখতে হবে। সেদিক থেকে প্রশ্ন উঠেছে উত্তরবঙ্গে একটা ইউনিভার্সিটি করবার প্রয়োজনীয়তা অত্যন্ত বেশি, কিন্তু সেটা বড় কথা নয়। প্রধান যে কথা যেটা সবচেয়ে প্রথম লক্ষ্য করা উচিত সেটা হচ্ছে, এই যে ইউনিভার্সিটি করা হচ্ছে এটার দ্বারা কি শুধু কোলকাতার

যে চাপ, সেই চাপকে সরানো হচ্ছে? তা যদি হয় তাহলে ইউনিভার্সিটির দিক থেকে বিবেচনা করে দেখতে হবে যে, ইউনিভার্সিটির প্রধানতঃ তিনটে কাজ। একজামিনিং ইউনিভার্সিটি হিসাবে এ্যাফিলিয়েটেড কলেজে পরীক্ষার ব্যবস্থা করবেন—সেটা এমন কিছু ব্যাপার নয়, তার জন্য বিশেষ করে কয়েকটা আলাদা আলাদা ইউনিভার্সিটি করলে হোত। আজকাল যে সংখ্যক ছাত্র পরীক্ষা দেয়, তাতে ট্যাবুলেট করে অনেক সময় রেজাল্ট বের করতে দেরী হয়—তার কারণ হচ্ছে, এত সংখ্যক পরীক্ষার্থীর জন্য একটা কেন্দ্র থেকে সব কিছু করা অসম্ভব। সেদিক থেকে ডিসেন্ট্রালাইজেশনের কাজে আরো একজামিনিং ইউনিভার্সিটি প্রয়োজন আছে, কিন্তু তার চেয়ে যেটা বড় কথা সেটা হচ্ছে পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং, পোষ্ট গ্রাজুয়েট টিচিং ইউনিভার্সিটির প্রয়োজনীয়তা রয়েছে। আমাদের দেশের প্রয়োজনীয়তার দিক থেকে এটা একটা ভয়ংকর ব্যাপার। তারপরে প্রত্যেকটা ইউনিভার্সিটির সাথে রিসার্চএর যথেষ্ট সুযোগ থাকা দরকার, রিসার্চএর সুযোগ না থাকলে হয় না। স্টেটমেণ্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনএ বলবার চেষ্টা করেছেন যে, কতকগুলি বিশেষ টেকনোলজিক্যাল বিষয়ে শিক্ষা দেয়া হবে। একটা চিঠিও এখানে উদ্ধৃত করা হয়েছে এবং সেখানে টেকনোলজিক্যাল বায়াস কথাটা ব্যবহার করা হয়েছে, যদিও বায়াস শব্দটা ভাল নয় কিন্তু একটা ফুল ফ্লেজেড ইউনিভার্সিটি, তার টেকনিক্যাল এডুকেশন বলতে কি বুঝায়? কাগজে বেরিয়েছে রুড়কীতে সমাবর্তন উৎসব উপলক্ষে বক্তৃতা দিতে গিয়ে প্রেসিডেন্ট রাজেন্দ্র প্রসাদ বলেছেন বিজ্ঞান তার সেই উদ্ভাবনী শক্তি নিয়ে মানুষকে শক্তি দিল, সেই শক্তির প্রয়োগ কিভাবে হবে—তার জন্য প্রয়োজন অন্য শিক্ষা। সেজন্য মনুষ্য বিকাশের দিকটা রয়েছে কিন্তু হিউম্যানিটিজ তার গুরুত্ব খর্ব করে নয়। অন্যভাবে এটা করতে হবে। টেকনোলজি বলতে বিজ্ঞান শিক্ষা, পিওর সায়েন্স সেটা মনে রাখতে হবে। এরকম অনেক জিনিস কেম্ব্রিজে হয়েছে, বিভিন্ন জায়গায় হয়েছে। জার্মানী বা ইউরোপের বিভিন্ন জায়গায় শুধু টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি আছে এবং অনেক জায়গায় ইউনিভার্সিটির সাথে অ্যাটাচড কলেজ আছে। আমি লন্ডন ইউনিভার্সিটির কথা বলছি, সেখানে ইম্পিরিয়াল কলেজ অফ টেকনোলজি আছে, লন্ডন স্কুল অফ ইকনোমিকস আছে। এখানে আপনি যদি প্রয়োজন মনে করতেন তাহলে দুর্গাপুরকে কেন্দ্র করে আপনি করতে পারতেন, কিন্তু সেটা শুধু উদ্দেশ্য নয়, কারণ এ জিনিস চাইবো না যে বর্ধমান ইউনিভার্সিটিতে একজন পোষ্ট গ্রাজুয়েট তিনি আর্টস হোন, সায়েন্স হোন, তাঁর ষ্ট্যান্ডার্ড অফ টিচিং কম হোক। সেখানে ফান্ডামেন্টাল রিসার্চের দিক থেকে সুযোগ সুবিধা দেওয়া দরকার এবং সেদিকে কাজে লিপ্ত থাকবে—এ জিনিস হলে পর ভাল হোত।

[6-40—6-50 p.m.]

তখন সেদিকে লক্ষ্য রাখতে হবে। এখানে একজন টেকনোলজিক্যাল বায়াসএর কথা বলে গেলেন। সেখানে কিভাবে ইউনিভার্সিটি গঠিত হবে তা পড়লাম ক্লজ ৮এতে দেখলাম এখানে টেকনোলজিক্যাল বায়াস কথাটার একটা অত্যন্ত কদর্থ করা হয়েছে। সেখানে একজন ম্যানেজারকে নিয়ে আসা হয়েছে। যার কথা বলা হয়েছে শ্রী কে কে সেন—আমি অন্ততপক্ষে তিনি একজন আই সি এস অফিসার হলেও তাকে যথেষ্ট ভাল লোক বলে মনে করি। কিন্তু আমি অবাক হয়ে যাই যে যাঁরা এত করলেন—চিত্তরঞ্জন লোকোমটিভএর ম্যানেজারএর কথা ভাবলেন, দুর্গাপুরের ম্যানেজারএর কথা ভাবলেন, হিন্দুস্থান ষ্টিলএর ম্যানেজারএর কথা ভাবলেন, তাদের একবারও খড়্গপুর টেকনোলজিক্যাল ইনস্টিটিউটএর ডাইরেক্টরএর কথা মনে এল না, মেদিনীপুর হয়ত পরে এই বিশ্ববিদ্যালয় থেকে বাদ যাবে, কিন্তু এখন তো রাখা হয়েছে। কি রকম একটা দৃষ্টিভঙ্গী এখানে রয়েছে। শুধু আমার কথা নয়—ইয়ার বুক অফ এডুকেশন, ১৯৫৫ এবং এই বই যাঁরা লিখেছেন তাদের মধ্যে রয়েছেন কলম্বো ইউনিভার্সিটির বিশিষ্ট টিচার জর্জ জে, টি ফ্রেডেরিক, লন্ডন ইনস্টিটিউট অফ এডুকেশনএর জোসেফ লয়েড- এ'রা বলেছেন আনডেভেলপড কাউন্ট্রিস হিসাবে ইন্ডিয়ার নাম করে বলেছেন,

"as a result of British Government's policy Indian Universities were never autonomous in themselves by scholars. They were controlled by administrators and the influence of Government was powerful and direct, though this is not to say that professorial opinion plays no part. Political

agitation also strongly influenced the pattern of Government. Under such conditions it was hardly possible for the universities to establish their motto".

এই জিনিস তারা ওয়ার্নিং দিয়ে গেছেন এবং এটা মনে রাখতে হবে, আমি অত্যন্ত দীর্ঘ আলোচনায় যাচ্ছি না, এই নিয়ে যারা আলোচনা করেছেন তারা দুটো বিষয় নিয়ে আলোচনা করেছেন অ্যাকাডেমিক ফ্রিডাম অ্যান্ড সোস্যাল রেসপন্সিবিলিটি এই দুটোর সংগতি রেখে গোল্ডেন মিন নিয়ে যদি ইউনিভার্সিটি পরিচালিত না হয়, তাহলে ইউনিভার্সিটিতে কোন কাজই হবে না। বিভিন্ন ফ্যাকাল্টিজ সেখানে কি পড়াবেন? সাধারণভাবে পড়ান আর এক্সামিনিংএর ব্যবস্থা এক জিনিস। কিন্তু এর জন্যে যারা জীবন ভরে সাধনা করছেন, যারা বিশেষজ্ঞ তারাই ঠিক করতে পারবেন। তা ছাড়া সাধারণ কোন লোক, তিনি যতই ভাল অ্যাডমিনিস্ট্রেটর হন, তার পক্ষে এ জিনিস ঠিক করা সম্ভব নয়। সেজন্যে প্রত্যেক দেশেই ফ্যাকাল্টিজগুলির একটা বিশেষ গুরুত্ব এবং দায়িত্ব দেওয়া হয়েছে। সেদিক থেকে এখানে কিছুই করা হয় নি। আমাদের একথা ভাবতে হবে ১৯৫১ সালের পর তিনটি ইউনিভার্সিটি অ্যাক্ট এসেছে। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৫১ সালে হয়েছে। স্বাধীনতার পর নোতুন ওরিয়েন্টেশন অফ থিংকিং যদি এসে থাকে তাহলে ১৯৫১ সালে ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট করলেন, তারপর যাদবপুর করলেন, আবার এখন করছেন, কিন্তু তবুও এদের মধ্যে সিমিলারিটি নেই—ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট যখন করেছেন, তখন ব্যাপকতর ভিত্তি নিয়ে সিনেট করেছেন সেই সিনেটও কলকাতার আশেপাশে যেখানে যত ধরনের শিক্ষা ব্যবস্থা এবং ওই ধরনের প্রতিষ্ঠান আছে, সেই সমস্ত প্রতিষ্ঠানগুলির হেড নিয়েছেন ইলেকটিভ বেসিসএ। কিন্তু একটা জিনিস মনে রাখতে হবে শিক্ষা যারা নেবে বা পাবে সেখানে সাধারণভাবে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অভিভাবকদের রিলেশন থাকা দরকার। আমরা লক্ষ্য করেছি ইংল্যান্ডএর ক্ষেত্রে একমাত্র অক্সফোর্ড কেমব্রীজএর মত জায়গায় অ্যাকাডেমিসিয়ান ছাড়া লেম্যানদের কোন সম্পর্ক নেই। স্কটিশ ইউনিভার্সিটিগুলিতে যেমন এডিনবার্গ, গ্লাসগো, অ্যাবার্ডিন সেগুলি ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৮৯৯এর উপর ভিত্তি করে হয়েছে, সেখানে অ্যাকাডেমিসিয়ান অ্যাট দি সেম টাইম লেম্যান উভয় দিক থেকে প্রতিনিধিত্ব থাকে।

একটা কথা আমরা শুনতে পেয়েছি। এই বিল রচনার ব্যাপারে যার হাত আছে, তিনি বর্ধমানে একটা আলোচনা সভাতে এই রকম মত ব্যক্ত করেছেন যে, আজকাল বিভিন্ন জায়গায় যে রকম দলাদলি থাকে তা থেকে বিশ্ববিদ্যালয়কে মুক্ত রাখতে একটা ব্যবস্থা করতে হয়েছে। এখানে মনে রাখতে হবে আমাদের সমাজ জীবনে যদি দলাদলি থাকে, তাহলে কোন প্রতিষ্ঠান থেকে রাজনীতিকদের বাদ দিলেই সমাজ দলাদলি থেকে মুক্ত হয় না। দলাদলি কোথায় নেই? আমরা জানি বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে দলাদলি আছে আই, সি, এস অফিসারদের মধ্যে দলাদলি আছে। দলাদলি থেকে কোন জায়গা মুক্ত আছে? ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট অনুসারে ডি পি আই, যিনি, তিনি অত্যন্ত প্রত্যক্ষভাবে আরও সূক্ষ্মভাবে শিক্ষার সঙ্গে যুক্ত থাকেন তাকে বাতিল করে সেক্রেটারী, এডুকেশন ডিপার্টমেন্ট তাকে করা হল। তিনি জানেন চিরকাল ডি, পি, আই এবং সেক্রেটারী, এডুকেশন ডিপার্টমেন্ট এই দুই পদ দখল করে থাকা যাবে না, তবুও দলাদলি সুযোগ নিতে ছাড়েন নি। সুতরাং দলাদলি সর্বত্র আছে অন্য দেশেও এই নিয়ে আলোচনা হয়ে থাকে। এখানে দেখা গেল কয়েকজন অফিসিয়াল এবং কিছু ইন্ডাস্ট্রিয়ালিস্টদের আমদানি করা হচ্ছে। একজন বললেন ভবিষ্যৎ কর্মসংস্থানের উদ্দেশ্যে এটা করা হয়েছে, কিন্তু এইভাবে কি এমপ্লয়মেন্টএর সমস্যার সমাধান হয়? এই রকম উদ্দেশ্য যদি গোড়া থেকে থাকে, তবে সেটা বড় ভীষণ অবস্থা। এককালে ইংরাজ আমলে আমাদের যে শিক্ষার ব্যবস্থা চালু ছিল, তার মুখ্য উদ্দেশ্য ছিল, তাদের শাসন ব্যবস্থা বজায় রাখবার উপযুক্ত অ্যাডমিনিস্ট্রেটর এবং অফিসারস সৃষ্টি করা। ইন্ডাস্ট্রিয়াল ম্যাগনেটদের প্রয়োজনমত তাদের ক্যাডার সাপ্লাই করবার জন্য ইউনিভার্সিটিকে যদি একটা ফ্যাক্টরী মনে করে থাকেন, তাহলে শিক্ষার অত্যন্ত বিকৃত ব্যাখ্যা করা হবে। মনে রাখতে হবে যে যুগে বসে তাঁরা সকলে শিক্ষার আলোচনা করছেন তখন শিক্ষা জগতে নব নব চিন্তাধারার বিকাশ দেখা দিচ্ছে। পশ্চাৎপদ ভারতের কথা বাদ দিন—সবচেয়ে ধনতান্ত্রিক ব্যবস্থায় উন্নত যাকে মনে করা হয়, সেই আমেরিকা নোতুনভাবে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজতে চাইছেন। তারা বুঝতে পেরেছেন

তাদের শিক্ষা ব্যবস্থায় মৌলিক কোন গলদ রয়েছে, তাই তারা কতকগুলি ক্ষেত্রে পিছিয়ে গেছে। সেখানে যখন রিথিংকিং হচ্ছে, তখন সেসব কথা বিবেচনা করে, সেই দৃষ্টিভঙ্গীর পরিপ্রেক্ষিতে আমাদের শিক্ষা ব্যবস্থার ফান্ডামেন্টাল দিকগুলি চিন্তা করবার প্রয়োজন আছে। তা চিন্তা না করে আজ এইভাবে নোমিনেটেড বডির উপর শিক্ষা ব্যবস্থাকে ছেড়ে দেওয়া হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি ক্রমে ক্রমে এখানে শিক্ষার যেমন চাহিদা বাড়ছে তেমনি আবার ইউনিভার্সিটি কেমন হবে, কি পদ্ধতিতে চলবে, কি শিক্ষা ব্যবস্থা থাকবে ইত্যাদি সম্বন্ধে লোকের ধারণাও নানাভাবে ব্যাপকতর হয়ে উঠছে। এখানে একজন বললেন, আমরা যা করছি সেটা হল গ্রামীণ বাংলার উপযুক্ত ইউনিভার্সিটি; কিন্তু আমি বলি সেটা হচ্ছে না। একদিকে পশ্চিমবাংলার সর্বত্র দারুণ খাদ্যাভাব সেখানে ফুড প্রোডাকশন বাড়ানর কথা চিন্তা করা হচ্ছে। দেখতে হবে যে এলাকা নিয়ে এই ইউনিভার্সিটি হচ্ছে, সেই এলাকাগুলি দামোদর ভ্যালী কর্পোরেশনএর অন্তর্গত। যে জেলাগুলিই হোয়াট রিমেইন্স অফ বেঙ্গল খাদ্য উৎপাদনের দিক থেকে বলতে বুঝি সেই জেলাগুলিই এই বিশ্ববিদ্যালয়ের আওতায় পড়ছে।

[6-50—7 p.m.]

শুধু ইঞ্জিনিয়ারিং কলেজ খুললেই হবে না। এমন কি এই যে পলিটেকনিক, তা যেন প্রতি জেলায় জেলায় খুলে ওপেনিংএর ব্যবস্থা করা হয়, তাহলে কিছুটা কাজ হবে। এইভাবে ইউনিভার্সিটি করে সিলেক্টিভ স্টুডেন্টস নিয়ে যদি তাদের ভালভাবে শিক্ষিত করা হয়, তাহলেই কাজ হবে, নইলে এম এস, সি পাশ কিংবা এম, এস, সি বি এল তৈরি করে কোন লাভ হবে না। এসব জিনিস মনে রেখে আস্তে আস্তে এগুতে হবে, এটাই বলতে চাইছি। শিক্ষার ব্যবস্থা সিরিয়াসলি যাতে হয়, এটাই দেখতে হবে। নইলে কলকাতা বিশ্ববিদ্যালয়ে দেখছি ১১১টি পোস্ট ভ্যাকান্সি রয়েছে, ইংরাজীতে ৩২টি, বাংলায় ১২টি, সংস্কৃতে ৭টি, ইতিহাসে ৮টি, ফিলোজফিতে ৭টি, ইকোনমিকসএ ৪টি, ম্যাথেমেটিকসএ ৩টি, ফিজিক্সএ ৮টি কেমিস্ট্রিতে ১১টি, বোটানীতে ৯টি, জিওলজিতে ১টি—এ ধরনের ব্যবস্থা আপনারা করে রেখে দিচ্ছেন। বিশেষ করে উল্লেখ করবো কেমিস্ট্রি এবং ফিজিক্সএ তো প্রফেসর পাওয়াই যায় না; কাজেই এইসব শিক্ষকদের বেতন টেতন সম্বন্ধে একটু ভাবুন।

তারপর প্রধান কথা হল কলকাতা বিশ্ববিদ্যালয়কে ১৬ লক্ষ টাকা দেবেন এক বছরে কিন্ত একটা ইউনিভার্সিটি স্টার্ট করতে যাচ্ছেন, তার জন্য ফিনান্সিয়াল প্রভিশন কোথায়। কিছুটা গিফট এনডাউমেন্ট পাওয়া যাবে কিন্তু কতটা ম্যাটেরিয়ালাইজ করবে তার ঠিক নাই; কিন্তু এত বড় ব্যাপারে ফিনান্সিয়াল বেসিস কোথায়? শুধু স্বপ্নে ছবি দেখলে কাজ হবে না। আমার মনে আছে স্বর্গত হরেন্দ্রকুমার মুখার্জি মহাশয় একবার কনভোকেশন অ্যাড্রেসএ বলেছিলেন বিলাতের দৃষ্টান্ত দিয়ে যে, অন্ততঃপক্ষে টু-থার্ড অফ দি টোটাল এক্সপেনডিচার সরকার থেকে দেওয়া উচিত। রেকারিং গ্রান্টএর ব্যাপারে আমরা দেখছি ১৯৫১ সালের ফিগার থেকে বলছি প্রায় ১৬ মিলিয়ন পাউন্ড, প্রায় ২২ কোটি টাকা বৃটিশ এক্সচেকার থেকে দেওয়া হয়েছে। আর গ্রেট বৃটেনএ লন্ডন ইউনিভার্সিটি পেয়েছে ৫ মিলিয়ন পাউন্ড, প্রায় ৭ কোটি টাকা। আমাদের এখানে তার কি ব্যবস্থা? সেজন্য স্বভাবতই এ প্রশ্ন আসে টাকার ব্যবস্থা না হলে কি করে হবে? আমরা দেখেছি ইংলন্ডে দু হাজার ৪ হাজার নিয়ে এক একটি ইউনিভার্সিটি রয়েছে। আমাদের এক মেদিনীপুরেই প্রায় ২২ হাজার স্টুডেন্ট রয়েছে, সেদিক থেকে মেদিনীপুরের ছাত্র সংখ্যা লন্ডনের সকল ফিগারএর চেয়ে বেশি। সেজন্য আমাদের এখানে আরও বেশি ইউনিভার্সিটি গঠন করবার স্কোপ রয়েছে, কিন্ত আমি কোন কন্ডিশন প্রিসিডেন্ট করতে চাই না আজকে লক্ষ্য রাখতে হবে যাতে প্র্যাকটিকাল এডুকেশন বাড়ে। এই সমস্ত দিকে যেন নজর রাখা হয় এবং এডুকেশন ব্যবস্থার উপর অফিসিয়াল কন্ট্রোল না পড়ে সেটা অফিসিয়াল ডোমিনেটেড না হয়।

Sj. Dasarathi Tah:

বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য যে প্রস্তাব এসেছে বিলে আমি তাকে অকুণ্ঠিতভাবে সমর্থন ও অভিনন্দন জানাচ্ছি। উপাধ্যক্ষ মহোদয়, আজকে বিরোধী পক্ষ থেকে যাঁরা এ সম্পর্কে ভাষণ দিয়েছেন, আমি তা শুনেছি এবং তাতে এটা দেখেছি কেউ কেউ আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রীশিশির দাসের বক্তৃতার স্থূলরূপই দেখেছেন, তার সূক্ষ্মরূপ দেখেন নি। তাঁর বক্তৃতায় তিনি

সরকারকে এবং সরকারী নীতিকে চরমভাবে সমালোচনা করেছেন, সে সম্বন্ধে সম্পূর্ণ আমরা এক মত। কিন্তু তিনি বলেছেন যে সত্যই আমাদের বর্ধমানে যদি ইউনিভার্সিটি হয় বা আর কোথাও হয় তাতে তাঁর আপত্তি নাই, যদি সেখানে সত্যিকার শিক্ষক এবং শিক্ষার ব্যবস্থা থাকে। আমারও ঠিক সেই কথা।

আজ থেকে ৫ বছর আগে ১৯৫৫ সালে ১১ই মার্চ এই বিধান সভায় আমিই প্রথম বর্ধমানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুরোধ করেছিলাম সরকারকে আজ সেটা প্রায় কার্যকরী হতে চলেছে দেখে বিশেষভাবে আমি আজ খুসী। এ'রা প্রায় প্রত্যেকেই বিকেন্দ্রীকরণের কথা বলেন, আমি সেটাই এই প্রসঙ্গে তৎকালীন মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিতে চেয়েছিলাম, যে অন্যান্য দেশে ও রাজ্যে বিশ্ববিদ্যালয়ের যে সংখ্যা আছে, আমাদের এই পশ্চিমবঙ্গে তা নিশ্চয়ই নাই। উত্তর প্রদেশে ৫টা, বিহারে দুটা এবং অন্ধ্রে ও বোম্বের বিশ্ববিদ্যালয়গুলির কথা উল্লেখ করেছিলাম, তখন আমি এই কথাও বলেছিলাম যে, আমাদের এই রাজ্যে লোকসংখ্যার অনুপাতে বিশেষকরে কলকাতার বাইরে আরও কয়েকটি বিশ্ববিদ্যালয় হওয়া দরকার। পশ্চিমবঙ্গের মফঃস্বল শহরের মধ্যে বর্ধমান শহরে ইহা সর্বাগ্রে করা প্রয়োজনীয়তার কারণস্বরূপ বলেছিলাম। দামোদরের দুর্গাপুর ব্যারেজ হয়েছে তাতে বাঁকুড়া এবং সীমা নির্ধারণ ব্যবস্থা হলে পুরুলিয়া প্রভৃতি অঞ্চল যা বাংলায় আসবে ঐ অঞ্চলের সঙ্গে বর্ধমানের ঘনিষ্ট সংযোগ হবে এবং ইলামবাজারে অজয়ের পুল সম্পূর্ণ হলে বীরভূম, মুর্শিদাবাদ ও উত্তর বঙ্গের সঙ্গে বর্ধমানের সংযোগ হবে। ইতিমধ্যেই বর্ধমানের চতুর্দিকে এমন কি গ্রামাঞ্চলেও বহু কলেজ স্থাপিত হয়েছে। আমাদের মেদিনীপুরের বন্ধুরা মনে করেছেন বর্ধমানে ভাল শিক্ষা হবে না, সেখানে ভাল টিচার্স অ্যান্ড প্রফেসর যাবেন না, সেটা একটা বেকারের বিশ্ববিদ্যালয় হবে ঠিক এই কথাই আমি আমাদের আসল শিক্ষামন্ত্রী ডাঃ রায়কে বলেছিলাম শিক্ষামন্ত্রী তো 'ব' কলম মন্ত্রী হয়ে বসে আছেন। ডাঃ রায়কে গত অধিবেশনের পূর্বে এক কমিটি মিটিংএ বিধান সভার অধিবেশন বসাতে এত দেরী করছেন কেন প্রশ্ন করায়, তখন ডাঃ রায় বলেছিলেন তোমাদের বর্ধমান ইউনিভার্সিটি বিল এখনো তৈরী হয় নি। তারপর দেখা গেল ঐ অধিবেশন অনেক পরে বসলো বটে কিন্তু বর্ধমান ইউনিভার্সিটি বিলের কোন উচ্চ বাচ্য ঐ অধিবেশনে তোলা না। আমার অভিযোগ, ঐ অধিবেশনে বিলটি প্রচার করে মতামত প্রকাশের সুযোগ দিয়ে এই অধিবেশনে পেশ করলে ভাল হোতো এবং এরূপ তাড়াহুড়ো করে এটা পাশ করাতে হোতো না। যদি প্রারম্ভিক বক্তৃতাটাও ডাঃ রায়ের মুখ থেকে হোত তাহলে অনেক জিনিস পরিষ্কার হোত। আমাদের শিক্ষামন্ত্রী এখানে রয়েছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করছি, তিনি কি মনে প্রাণেই বর্ধমান বিশ্ববিদ্যালয় করতে চাচ্ছেন তিনি নিজে এ পর্যন্ত একবারও বর্ধমান ইউনিভার্সিটির জায়গা দেখে এসেছেন কি? তিনি এখনো দেখতে যান নি। বর্ধমান মহারাজের গোলাপ বাগে আগে পশুশালা ছিল সেটা উঠে যাবার পর তার স্থান দখল করলেন কংগ্রেস। অর্থাৎ সেখানে কংগ্রেস সম্মেলন হওয়ার পর সরকার গোলাপ বাগ ও রাজবাটীকে নিয়ে ভবঘুরেদের আড্ডা করেছিলেন। সেটা তুলে দিয়ে ঐ স্থানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৯৫৫ সালে আমি যে প্রস্তাব করেছিলাম সেটা এখন কার্যকরী করছেন দেখে সরকারকে আবার ধন্যবাদ দিচ্ছি। কিন্তু তবু আমি আরেকবার আমাদের শিক্ষামন্ত্রীকে বলব জায়গাটা তাঁর একবার দেখে আসা উচিত ছিল। কোথায় ক্লাস হবে না হবে, তার কিছুই ঠিক নেই সেখানে ক্লাস হবার উপযুক্ত জায়গা নাই। শুনছি রাজ কলেজে নাকি পোস্ট গ্রাজুয়েট ক্লাস হবে। বর্ধমান রাজ কলেজ সরকারী পরিচালনাধীনে আসার পর সেখানে না আছে অ্যাটলাস, না আছে অ্যাপারেটস ইত্যাদি কিছু নাই। সরকার যেখানেই হাত দেয় সেখানেই এই অব্যবস্থা। তাই সরকারী পরিচালনায় এই প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে শিক্ষা সম্বন্ধে মানুষের মনের আতংক এখনো দূর হয় নি। সেজন্যই বলছি যদি সত্যিকারের আদর্শ বিশ্ববিদ্যালয় করতে চান এবং সকলকে দেখাতে চান যে বর্ধমান বিশ্ববিদ্যালয় করে মফঃস্বলে আদর্শ স্থানীয় শিক্ষা ব্যবস্থা করছেন, তাহলে আমরা কেউ প্রতিবাদ করব না। আপনারা এই বিশ্ববিদ্যালয় হতে মেদিনীপুর হাওড়া জেলা বাদ দিয়েছেন। এদিকে কল্যাণীতে নাকি একটা বিশ্ববিদ্যালয় হবে সেটা কি যাদবপুরের মত রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটি হবে তা জানি না। সেজন্য আমি এখানে মুর্শিদাবাদ ও নদিয়াকে এই বিশ্ববিদ্যালয়ের অধীন আনবার প্রস্তাব করছি। নদিয়ার সংগে আমাদের যোগাযোগ অত্যন্ত নিবিড়। শ্রীচৈতন্য গৌরাঙ্গদেব আমাদের কাটোয়ায় মাথা মুড়িয়ে কেশব

ভারতীর কাছে দীক্ষা নিয়েছিলেন, এজন্য নদিয়াকে নিলে আমরা খুসি হব এবং নদিয়ার এতে আপত্তি থাকার কারণ নেই। তা ছাড়া নবদ্বীপটি ভাগীরথীর বামতীরে বর্ধমানের সহিত সংশ্লিষ্ট। সরকারী নীতির উপর আস্থা নাই বলেই মেদিনীপুর বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আসতে সাহস করছে না। আমার বিশ্বাস বর্ধমানের সহিত যাতায়াতের সহজ সংযোগ হলে অবশেষে মেদিনীপুরও আসবেন। যাই হোক, সকল কথার আসল কথা, টাকা—আপনাদের মা ভবানীর ভাণ্ডারে কি আছে না আছে জানি না। সেই বিষয়ে আমি এখন যাচ্ছি না। বর্ধমানের গরীব লোকের ছেলেপিলেরা যাতে অল্প পয়সায় লেখাপড়া শিখতে পারে, সেই ব্যবস্থা করুন। যদি আপনারা ঘোষণা করতেন যে, গরীব লোকের ছেলেরা বিনা পয়সায় লেখাপড়া শিখতে পারবে, যদি বলতেন এর জন্য ১ কোটি কি দেড় কোটি টাকা ঠিক করা হয়েছে, তাহলে না হয় আমাদের একটা আশা আকাঙ্ক্ষা হত। কিন্তু আপনাদের না আছে গোত্রের ঠিক, না আছে নক্ষত্রের ঠিক, সবই আন্দাজ আর অনুমান এবং পরিকল্পনা। তাই আমি বলছি ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কি কি আয়োজন হয়েছে এবং কতদূর অগ্রসর হয়েছে, তার কোন বিবরণ আপনারা দিলেন না। এইসব এবং কোথায় ক্লাস হবে, কবে থেকে ক্লাস হবে, এগুলি আগে ঘোষণা করুন। আমরা ইউনিভার্সিটি চেয়েছিলাম, কিন্তু এরকম ব্যবসাদার মার্কা ইউনিভার্সিটি চাই নি—বিলে দেখছি -ইস্ট বেঙ্গল সোসাইটি ইত্যাদি কয়েকটা কোম্পানি বাদ দিয়ে আর সব কোম্পানিকেই আপনারা এর মধ্যে নিয়েছেন। সব কিছু এর সরকারী। সরকারী শৃংখলে আবদ্ধ আষ্টে পৃষ্ঠে বাঁধা এই রকম বিশ্ববিদ্যালয় আমাদের কাম্য ছিল না। আপনি তো শিক্ষা সম্বন্ধীয় ঋষি। আপনি তো জানেন, শাস্ত্রে কাহাকে বিদ্যা বলে, "সা বিদ্যা যা বিমুক্তয়ে" তাহাকেই বিদ্যা বলে, যাহা বিমুক্তি সাধন করে, অর্থাৎ সর্ব রকমের মুক্তি প্রদান করে। কিন্তু এক্ষেত্রে শুধু বিদ্যালয় নহে—বিশ্ববিদ্যালয়। এখানে তাহা পরিচালনায় কেন তাহার স্বাধীনতা হরণ করছেন? তাই আমি বলছি, এখনও সময় আছে, আপনারা বিবেচনা করে দেখুন, তাহলে আর আমরা সার্কুলেশন মোশনএর উপর বেশি জোর দিব না। আসুন, সকলে মিলে একটা পরিষ্কার পরিচ্ছন্ন ব্যবস্থা করা যাক। এরকম এক চক্ষু ব্যবস্থা করবেন না। এই প্রসঙ্গে আরেকটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। শিক্ষা মন্ত্রীকে আমি পুনর্বার বলছি, তিনি একবার নিজে গিয়ে বর্ধমানে গিয়ে বিশ্ববিদ্যালয়ের স্থান দেখে আসুন। রাজ বাড়ীর খানিকটায় সেটেলমেন্ট অফিস হয়েছে, এখন সেটাও নাকি বিশ্ববিদ্যালয়ের জন্য নেওয়া হচ্ছে। লর্ড কার্জনের ঐ অংশের প্রাঙ্গণে কুখ্যাত মর্মর মূর্তি এখনো দণ্ডায়মান। আমার অনুরোধ এই মূর্তিটি তুলে দিন। যদিও বৃহস্পতিবারের বারবেলায় এই বিল এনেছেন, তাতে যদি কোন গ্রহ বৈগুন্যের আশঙ্কা থাকে, তার জন্য কুখ্যাত অলক্ষণযুক্ত কার্জনের মূর্তিটি অপসারণ করে তা কাটিয়ে দেন। বিষে বিষক্ষয় হউক। এই বলে আমি সংশোধন সাপেক্ষে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: There shall be no questions tomorrow. We shall take up the resolutions.

[Adjournment]

The House was then adjourned at 7-3 p.m. till 3 p.m. on Friday, the 27th November 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 27th November, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 16 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 209 Members.

[3—3-10 p.m.]

Non-official Resolution

Shri Narendra Nath Sen: Sir, I beg to move—

Having considered carefully—

the situation which has arisen as a result of the forcible occupation by the Republic of China of large blocks of territory in the North-Western and North-Eastern areas of India which amounts to Imperialist aggression,

Considering—

that the influx and infiltration of undesirable aliens and Chinese nationals in Kalimpong and its neighbourhood may prove to be a menace to India and endanger the safety and security of the Republic of India,

Realising—

that the sinister and anti-State activities of certain political parties and persons are intended to undermine the loyalty of the people of India.

and that by such activities the Indian unity and territorial integrity might be seriously jeopardised,

This Assembly records its emphatic protest against the activities of the Chinese Republic and the anti-national political parties in India, and urges upon this Government to represent to the Central Government to take strong and effective measures against such activities which, in the opinion of the Assembly, if unchecked, will result in disruption, chaos and ultimate breakdown of the national solidarity and sovereignty of the country.

স্যার, আমার প্রস্তাবটা মূলতঃ তিন ভাগে বিভক্ত। প্রথম হচ্ছে, সাম্রাজ্য প্রসারী গণতান্ত্রিক চীন কর্তৃক ভারতের উত্তর পূর্ব ও উত্তর পশ্চিম সীমান্তের কতিপয় অঞ্চল জোরপূর্বক দখল করার ফলে যে অদ্ভুত বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে, সে বিষয়ে আলোচনা করে কর্ত্তব্য নির্ধারন করা। দ্বিতীয়তঃ, পশ্চিমবঙ্গের দার্জ্জিলিং, কালিংপঙ ও অন্যান্য কতিপয় অঞ্চলে চীনা বৈদেশিক গুপ্তচরের ভারত বিরোধী প্রচার ও কার্যের ফলে ভারতের যে সমূহ বিপদ দেখা দিয়েছে। সে বিষয়ে আলোচনা করে কর্ত্তব্য নির্ধারন করা। তৃতীয়তঃ, কোন কোন রাজনৈতিক দলের লোকের রাষ্ট্রদ্রোহী প্রচার কার্যের ফলে ইন্ডিয়ান ইউনিট অ্যান্ড টেরিটোরিয়াল ইনটিগ্রিটি যেভাবে বিপন্ন হতে চলেছে, সে বিষয়ে আলোচনা করে কর্ত্তব্য নির্ধারন করা। এবং এই তিনটি বিষয়ে আলোচনা করে সাম্রাজ্য প্রসারী চীন এবং ঐসব রাজনৈতিক দল ও ব্যক্তিদের বিরুদ্ধে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে ভারতের নিরাপত্তা রক্ষার ব্যবস্থার জন্য ভারত সরকারকে অনুরোধ করা।

স্যার, চীন সরকার ভারতের উত্তর পূর্বে নেফা অঞ্চলের লরঞ্জ ইত্যাদি কতিপয় স্থানে এবং উত্তর পশ্চিম অঞ্চলে লাডাকের এক অংশ জোরপূর্বক দখল করে এক অদ্ভূত পরিস্থিতির সৃষ্টি করে তুলেছে। এছাড়া তারা ভারতীয় সীমান্তের এক বিরাট অংশ দাবী করে বসেছে। স্যার, যে সময় পরস্পর বিরোধী রুশ ও মার্কিন সরকার সামিট কনফারেন্সে মিলিত হয়ে বিশ্ব-শান্তির প্রচেষ্টায় ব্যস্ত, ঠিক সেই সময় কম্যুনিস্ট চীনের এহেন কার্য্য সমগ্র বিশ্বে একটা বিস্ময় ও বিরক্তির সৃষ্টি করেছে। লাডাকের সাম্প্রতিক চীনা আক্রমণ এবং ভারতীয় রক্ষী হত্যা ক্রুশ্চেভও সমর্থন করতে পারেন নি। শুধু তাই নয়, হিমালয়ের পাদদেশে ভারতীয় সীমান্ত বলে যে ম্যাকমেহন লাইন প্রায় শতাধিক বৎসর ধরে তৎকালীন চীন সরকারও স্বীকার করে এসেছেন, বর্তমান গণতান্ত্রিক সমাজবাদী চীন সরকার আজ সেই সীমান্তকে অস্বীকার করে, ভারতীয় অঞ্চলের উপর দাবী বসিয়েছে এবং ভুটান, সিকিম প্রভৃতি রাজ্যও গ্রাস করবার চেষ্টা করছে। ইহাই চীনের সমাজবাদের নমুনা। অপরের রাষ্ট্র গ্রাস করা যদি সমাজবাদের নমুনা হয়, তবে আমি দৃঢ়কণ্ঠে বলতে পারি যে ভারতবাসী সেই সমাজবাদ থেকে দূরে থাকবে এবং এই সমাজবাদ থেকে যেন ভগবান আমাদের রক্ষা করেন।

স্যার, হিমালয় আমাদের উত্তর ভারতের ন্যাচারাল বাউন্ডারী একথা শত শত বৎসর ধরে বৈদেশিক লেখকগণও স্বীকার করে গেছেন। চীন পরিব্রাজক ফা-হিয়ান ও হিউ-এন-সাংও এই সীমান্ত অস্বীকার করেন নি। কিন্তু আজ তাঁদেরই বংশধর কম্যুনিষ্ট চীনের নেতা চৌ-এন-লাই এই সীমান্ত অস্বীকার করে এক অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি করেছেন। স্যার যুগ যুগান্ত ধরে হিমাচল আমাদের তীর্থভূমি। এই হিমাচল দুহিতা পার্বতীর কথা আমাদের পুরাণে বর্নিত আছে শত শত বৎসর ধরে এই হিমাচল ভারতীয় প্রাচীন কবিদের প্রেরণা দিয়েছে। অমর কবি কালিদাসের মহাকাব্য কুমারসম্ভব রচিত হয়েছিল এই হিমালয়কে অবলম্বন করে। তাই হিমালয়ের বর্ণনায় তিনি বলেছেন -

> "অস্ত্যুত্তরস্যাং দিশি দেবতাত্মা হিমালয়ো নাম নগাধিরাজঃ, পূর্বাপরৌ তোয়নিধিবগাহ্য,
> স্থিতঃ পৃথিব্যামিব মানদণ্ডঃ।"

এই হিমালয় পর্বত যুগ যুগান্ত ধরে উত্তর ভারতের প্রাচীররূপে ভারতকে বৈদেশিক আক্রমণ থেকে রক্ষা করছে এবং এই হিমালয়ের গিরিবর্ত্মগুলিকে প্রকৃতি সেইভাবেই সৃষ্টি করেছেন। এই সীমানাকে অস্বীকার করা নিতান্ত সাম্রাজ্য প্রসারী মনোভাব ছাড়া আর কিছুই নয়।

স্যার, ভারতবর্ষ বহুকাল ধরে চীনের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করে চলেছে এবং ভারতবর্ষ এই বন্ধুত্ব এখনও রক্ষা করে চলেছে। জাপানের বিরুদ্ধে চীনের সংগ্রামে ভারতবর্ষ চীনকে সমর্থন জানিয়েছিল এবং বন্ধুত্বের নিদর্শনস্বরূপ চীনে মেডিক্যাল মিশন পাঠিয়েছিল। চীনের রিপাব্লিকান সরকারকে মেনে নিতে ভারত সরকার একটুও দ্বিধা বোধ করেন নি। ইউ এন ওতে চীনকে সভ্য করার দাবী ভারতই সর্বপ্রথম করেছিল এবং বৃটেন, আমেরিকা ও অন্যান্য দেশের বাধা সত্ত্বেও পুনঃ পুনঃ ভারতবর্ষ সে চেষ্টা করছে। আর সেই চীন ভারতের সেই বন্ধুত্বের প্রতিদানে ভারতের উপর হামলা করে ভারতীয় এলাকা গ্রাস করতে একটুকুও ইতস্ততঃ করে নি। চীনকে যাঁরা সোস্যালিস্ট স্টেট বলে সার্টিফিকেট দিতে চান, তাঁদের আমি জিজ্ঞাসা করি, রিপাবলিক্যান চায়নার এইসব কার্যাবলী কি সোস্যালিজমএর প্রমাণ করে না ইম্পিরিয়ালিজমের পরিচয় দেয়? আমার এই প্রশ্নের জবাব তাঁরা দিন।

স্যার, দার্জিলিং জেলার কালিম্পঙ শহর আজকে চীনা ও বৈদেশিক গুপ্তচরদের অড্ডায় পরিণত হয়েছে। কতিপয় চীনা গুপ্তচর কালিম্পঙ এবং বিভিন্ন গ্রামাঞ্চলে লণ্ড্রী জুতার দোকান খুলে ব্যবসার নাম করে, সেখানে গুপ্তচরের কাজ করছে এবং নানাভাবে ভারত বিরোধী প্রচার কার্য্য চালাচ্ছে। এরা জনসাধারণের মধ্যে বিভিন্ন পোস্টার পুস্তিকা প্রচার করছে এবং জনসাধারণের মধ্যে ভারত বিরোধী ও প্রো-চাইনিজ প্রোপাগান্ডা চালাচ্ছে। এমন কি এইসব জায়গায় চাইনিজ কারেন্সিও আমদানি হচ্ছে। সম্প্রতি কয়েকদিন আগে আমরা সংবাদপত্রের রিপোর্টে দেখেছি যে একটা লোক কয়েক হাজার চাইনিজ কারেন্সি নিয়ে যাবার সময় মামাল সমেত গ্রেপ্তার হয়েছে। স্যার বর্তমানে তিব্বত ও চীনের সঙ্গে ভারতের কোন বানিজ্য সম্বন্ধ না থাকা স্বত্বেও কালিম্পঙে চাইনিজ ট্রেড এজেন্সি রয়েছে। এই এজেন্সি সেখানে কি কাজ করে? এইসব বোগাস ট্রেডার্সদের খরচ কিভাবে চলে এবং ফাইন্যান্স কোথা থেকে আসে তার খোঁজ করে

দেখা একান্ত প্রয়োজন। সেজন্য আমি এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারকে অবহিত হতে অনুরোধ করছি। এইসব স্পাই সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করে ভারতের নিরাপত্তা রক্ষার ব্যবস্থা করা প্রয়োজন। আমি সরকারকে এ বিষয়ে অবহিত করছি।

স্যার, ভারত পিসফুল কো-এক্সিজসটেন্স নীতিতে বিশ্বাস করে। সুতরাং সে তার বহুদিনের বন্ধু প্রতিবেশী চীনের বিরুদ্ধে যুদ্ধ কখনও কল্পনাও করতে পারে না। কোন ভারতবাসী আজ যুদ্ধ চায় না। ভারত চায় সকল রাষ্ট্রের সঙ্গে বন্ধুত্ব রেখে শান্তিপূর্ণ উপায়ে নিজের সমস্যার সমাধান এবং বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করতে। কিন্তু সাম্রাজ্য প্রসারী চীন যদি ভারতের অংশ গ্রাস করতে চায়, তবে বাধ্য হয়ে ভারত সরকারকে চীনের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমার দৃঢ় বিশ্বাস যে যদি এই ব্যবস্থা অবলম্বন করতে হয়, তাহলে প্রত্যেক দেশপ্রেমিক ভারতবাসী নিজের শেষ রক্তবিন্দু দিয়ে ভারতের স্বাধীনতা ও টেরিটোরিয়াল ইন্টিগ্রিটি রক্ষা করতে দ্বিধা বোধ করবে না।

[3-10—3-20 p.m.]

স্যার, এই পিসফুল কো-এক্জিসটেন্স নীতি নিয়ে আমাদের প্রধান মন্ত্রী তাঁর শেষ চিঠিতে চীনের প্রধান মন্ত্রী চৌ-এন-লাইকে একটা শান্তির প্রস্তাব পাঠিয়েছেন। চীন সরকারের উচিত অবিলম্বে এই প্রস্তাবে সম্মত হয়ে তদনুযায়ী কাজ করে শান্তি প্রতিষ্ঠা করা ও পূর্ব বন্ধুত্ব রক্ষা করা। কিন্তু যদি তারা তাতে সাড়া না দেয় তাহলে ভারত সরকার যেন অবিলম্বে অত্যন্ত কঠোর ব্যবস্থা অবলম্বন করতে দ্বিধা বোধ না করেন। স্যার, এই প্রসঙ্গে আমি সরকারকে একটু সতর্ক করে দিতে চাই। ভারত সরকার চীনের কাছে শান্তির প্রস্তাব পাঠাচ্ছেন, চীন সরকার পাল্টা উত্তরে যথেষ্ট সময় নিচ্ছে। কিন্তু যেসব সংবাদ পাওয়া যাচ্ছে তাতে জানা যায় যে, চীনা সরকার সংগে সংগে ভারতবর্ষের উপর হামলা করবার জন্য যথেষ্ট প্রিপারেশন করছে। সরকার যেন সেই সুযোগ চীনকে না দেন। আমি এই প্রসঙ্গে দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে বৃটিশ প্রধান মন্ত্রী মিষ্টার চেম্বারলেনের কথা স্মরণ করিয়ে দিতে চাই। মিঃ চেম্বারলেন হিটলারকে তোষণ করে যুদ্ধ বন্ধ করতে চেষ্টা করেছিলেন এবং তিনি মিউনিক প্যাক্ট করে নিশ্চিন্ত ছিলেন। কিন্তু সুযোগমত হিটলার ইংলন্ডকে আক্রমণ করে ইংলন্ডকে বিধ্বস্ত করতে দ্বিধা করে নি। আমরা যেন কমপ্লাসেন্ট হয়ে বসে সেই অবস্থায় না পড়ি। অবশ্য আশ্বাসের কথা যে কালকে পার্লামেন্টের ডিবেটে ডিফেন্স মিনিস্টার সৈন্যগণ দায়িত্ব গ্রহণ করেছেন বলে আশ্বাস দিয়েছেন।

স্যার, আমি আমার প্রস্তাবের শেষ অংশ সম্বন্ধে কিছু বলে বক্তব্য শেষ করতে চাই। দেখা গেছে যে কতিপয় রাজনৈতিক দলের লোক এবং রাজনৈতিক দল ভারতের বিরুদ্ধে নানাভাবে প্রচার করছেন এবং চীনের ভারতের বিরুদ্ধে যে রাষ্ট্র বিরোধী কার্যকলাপ তার সহায়তা করছেন। স্যার, তাদের সম্বন্ধে আজকে সতর্ক হওয়া প্রয়োজন। আজকে বহিঃশত্রুর চেয়ে অন্তঃশত্রু সম্বন্ধে আমাদের সরকারকে বিশেষ অবহিত হতে হবে এবং তাদের সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। স্যার, আমি কখনও কোন পলিটিক্যাল পার্টিকে আক্রমণ করে কোন কথা বলি নি। কিন্তু ২০০ বছর ধরে সংগ্রামের ফলে ভারত যে স্বাধীনতা লাভ করেছে সেই স্বাধীনতাকে যারা আজ নষ্ট করতে চায়, আমি তাদের ক্ষমা করতে প্রস্তুত নই। পরাধীনতার হাত থেকে মুক্তি পাওয়া এই দেশকে আজ যদি কোন লোক বা দল অপর কোন রাষ্ট্রের হাতে তুলে দিতে চায় তাহলে ভারতের জনগণ তাদের কখনও ক্ষমা করবে না এবং ভারত সরকার যেন তাদের সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন।

Shri Jyoti Basu: Sir, I beg to move that—

(i) in clauses 1, 2, 3 and 4, for the words beginning with "forcible occupation" and ending with "seriously jeopardised" the following be substituted, viz.—

"The border dispute between India and China which is being utilised by some parties and persons to undermine India's peaceful foreign policy based on Panch Sheel:

Considering that the influx, infiltration and activities of undesirable **aliens and agents of the Chiang Kaishek regime from Taiwan**

in Kalimpong and its neighbourhood are increasing tension between India and China which is detrimental to the peaceful settlement of the dispute".

(ii) in clause 5, after the words "This Assembly", and for the words beginning with "records its" and ending with "sovereignty of the country" the following be substituted, viz.—

"urges upon the State Government to watch the situation carefully and take necessary steps for preventing such activities by undesirable aliens and Chiang Kaishek agents".

ডেপ্রটি স্পীকার মহোদয়, আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে বলার আগে আপনার কাছে একটা অন্রোধ করতে চাই, সেটা হচ্ছে এই যে আমাদের যে প্রস্তাবই পাশ হোক এই বক্তৃতাগ্রলি কেন্দ্রে পাঠানোর প্রয়োজনীয়তা আছে এবং আমরা মনে করি যে এগ্রলিকে কেন্দ্রে পাঠানো অত্যন্ত প্রয়োজন, কারণ কেন্দ্রকে কিছ্র করবার জন্য বলা হচ্ছে এবং আরও এই যন্য যে, যে বিষয়টা নিয়ে আলোচনা হচ্ছে সেটা ম্লতঃ কেন্দ্রের বিষয় যদিও পশ্চিমবঙ্গ সরকারেরও এর মধ্যে কাজ আছে। আমাদের অ্যামেন্ডমেন্টে যা বলেছি তার মধ্যে আছে, ও'রা যা বলেছেন তার মধ্যেও আছে। সম্প্রতি আপনি দেখেছেন ২ দিন আগে বা ১দিন আগে পার্লামেন্টে যখন আলোচনা হয়, সেই সময় পণ্ডিত নেহের্ হঠাৎ বক্তৃতা দিতে দিতে আমাদের কমিউনিষ্ট ব্লকের দিকে তাকিয়ে বাংলাদেশের একটা বিষয় সম্পর্কে বলেন যে

"But there is one matter I should like to refer to while I am talking about unity. The other day there was a public demonstration in Calcutta which amazed me and ashamed me."

আমরা চেণ্টা করে দিল্লী থেকে তাঁর ঐ বক্তৃতা আনিয়ে দেখে ব্ঝতে পারলাম না যে হঠাৎ উনি এত আশ্চর্যই বা হলেন কেন, এত লজ্জিতই বা হলেন কেন। যদি এর মধ্যে কিছ্র খ্রজে পেতাম যে এই রকম কোন শ্লোগান দেওয়া হয়েছে যেটা উনি পছন্দ করেন না বা যেটা ভারতবর্ষের বির্দ্ধে যায়, তাহলে জিনিসটা ব্ঝতে স্বিধা হত। আমরা এরকম কিছ্র পেলাম না। গত কালও পেলাম না এবং আজকে যে ডিবেট হল তার মধ্যেও এরকম কিছ্র পেলাম না, শ্ধ্র এইট্কু পেলাম- বিভিন্ন বক্তৃতা বা প্রসিডিংস এর মধ্যে যেট্কু আছে। শ্রীমতী রেন্র চক্রবর্তী যে কথা বলেছেন এবং আজকে প্রফেসর হীরেন ম্খার্জী বলেছেন যে ইন্ডিয়ান এক্সপ্রেস বলে দিল্লীর একটা কাগজ ময়দানের মিটিংয়ে আমাদের ডিমনস্ট্রেশন এবং শ্লোগান সম্বন্ধে একটা রিপোর্ট দিয়েছে। বোধ হয় সেইটা দেখে পণ্ডিত নেহের্ এই কথা বলেছেন। কিন্তু এটা আমরা সমর্থন করতে পারি না। যেভাবে জিনিসটা রিপোর্টেড হয়েছে, সেটা একেবারে অসত্য বলে আমরা মনে করি, এবং অত্যন্ত দ্ঃখের বিষয় পণ্ডিত নেহের্র মত লোক এইভাবে জিনিসটাকে ভেরিফাই না করে এটা বল্লেন। এজন্য আমি চাচ্ছি যে এই প্রস্তাব এখন থেকে যদি কেন্দ্রে যায়, তাহলে যেন আমাদের বক্তৃতাগ্রলিও যায়। আমরা আস্তে আস্তেই বলবো যাতে করে আমাদের বক্তৃতাগ্রলি ভাল করে টোকা হয় এবং সেগ্লো যেন ইংরাজী করে পাঠানো হয়, যাতে তাঁদের ব্ঝতে কোন অস্বিধা না হয়। সত্য কথার পর যদি আমাদের কেউ কনডেম করতে চান বা আমাদের বির্দ্ধে কিছ্র বলতে চান তো বলবেন। কারো ম্খের দিকে তাকিয়ে কমিউনিষ্ট পার্টি কাজ করে না। আমরা যা কর্তব্য বলে মনে করি সেই কর্তব্য আমরা করে যাই; তাতে প্রিয় হোতে পারি, অপ্রিয় হোতে পারি। আমরা জনসাধারণের সংগে সেটা ব্ঝে নেবো। কিন্ত জিনিসটা পরিষ্কার হওয়া দরকার। ভুল এবং অসত্যের উপর ভিত্তি করে কোন কিছ্র হওয়া উচিত নয়। কোলকাতার বড় বড় কাগজ আমাদের বির্দ্ধে, কেন গেল কাগজে এরকম ধরনের কিছ্র লেখা হয় নি। ইন্ডিয়ান এক্সপ্রেসে কেবল লেখা হয়েছে, অথচ সেটা নিয়ে আমাদের কনডেমনেশন হয়ে গেছে পার্লামেন্টে, এবং সমস্ত দ্নিয়ার কাছে তা প্রকাশ করা হয়েছে। এটা অন্যায় বলে আমরা মনে করি। যা হোক পণ্ডিত নেহের্র কাছে আমি চিঠি লিখছি, যাতে করে জিনিসটা পরিষ্কার হোতে পারে। তারপর আমি যেটা বলতে চাচ্ছিলাম সেটা হচ্ছে, এই যে প্রস্তাবটা কংগ্রেস পক্ষ থেকে আনা হয়েছে, এটা কি সত্যই ভারতবর্ষকে একটা সাংঘাতিক বিপদ থেকে রক্ষা করবার জন্য আনা হয়েছে? অথবা সত্যই কি যাঁরা এখানে অন্য দেশের গ্রপ্তচর হিসাবে কাজ করছেন তাঁদের খ্রজে বের করবার জন্য আনা হয়েছে, ভারতবর্ষের

যাতে উপকার হয়? আমার তা মনে হয় না। সমস্ত প্রস্তাবটা, যেটা আমি পরে বিশ্লেষণ করে দেখাবো, পড়ে আমার মনে হচ্ছিল—এখন অন্ততঃ একটা উপযুক্ত আবহাওয়ার সৃষ্টি করছে, যাতে করে আমরা একটা মীমাংসার দিকে যেতে পারি—এই মীমাংসা যাতে না হয়; ভারতবর্ষ এবং চীনের মধ্যে একটা বন্ধুত্ব যাতে সুপ্রতিষ্ঠিত না হয়, সে জন্যই এই প্রস্তাবটা আনা হয়েছে যাতে করে আমাদের মধ্যে এবং চীন দেশের মধ্যে একটা তিক্ততার সৃষ্টি হয়। কারণ নরেনবাবু বক্তৃতায় যা বললেন তার একটা কথাও এতে নেই। ওয়ার সাইকোসিসএর বিরুদ্ধে উনি বললেন যে পঞ্চশীল আমরাও মানি, আমরা শান্তিপূর্ণ ব্যবস্থা চাই; কিন্তু প্রস্তাবের কোন জায়গাতে যদি এই কথাগুলো থাকতো এবং পণ্ডিত নেহেরুর বৈদেশিক নীতি সমর্থনে যদি কোন কিছু থাকতো তাহলে না হয় বুঝতাম। দু' দিন পার্লামেন্টে ডিবেট হয়ে গেল, এত আলোচনা হোল, পণ্ডিত নেহেরু চিঠি লিখে পাঠালেন চীনদেশে, কিন্তু দেশের প্রধান মন্ত্রী চিঠি লিখলেন, তার কোন রেফারেন্স নেই, তাহলে সেটেলমেন্টের কোন কথাই নেই। আর একটা কথা নরেনবাবু বক্তৃতায় বল্লেন যে, বৈদেশিক শত্রুদের থেকে বেশি বিপদ হল আমাদের দেশের ভেতর শত্রুদের নিয়ে এবং তাদের সম্বন্ধে আমাদের অবহিত হতে হবে।

[3-20—3-30 p.m.]

নরেনবাবু তাঁর বক্তৃতার মধ্যে বললেন, বৈদেশিক শত্রু থেকে আরও বেশি বিপদ আমাদের ঘরের শত্রু, এবং আমাদের অবহিত হতে হবে দেশের ভিতর যারা শত্রু তাদের সম্পর্কে। (শ্রীনেপাল রায় আপনাদের) এখানে উনি নাম করেন নি। কিন্ত নেপালবাবু যা বললেন তাতে মনে হয় উনি আমাদের লক্ষ্য করে এই কথা বলেছেন। (ভয়েসেস ফ্রম কংগ্রেস বেঞ্চ নিশ্চয়) তাহলে এটাই কি তাঁদের উদ্দেশ্য অথবা বক্তব্য যে চীন ও ভারতের সঙ্গে একটা বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠুক, শান্তিপূর্ণ আবহাওয়ার মধ্যে একটা আলোচনা হোক, এটা তাঁরা চান না? এবং এটার একটা সুযোগ নিয়ে কমিউনিস্ট পার্টিকে আক্রমণ করাই কি তাঁদের আসল উদ্দেশ্য? আমার মনে হয় এইটাই একটা মুখ্য উদ্দেশ্য তাদের প্রস্তাবের মধ্যে দাঁড়িয়েছে। এতে অনেকেরই সই দেখছি কিন্ত এটা ভাল করে পড়ে তাঁরা সকলে সই করেছেন বলে মনে হয় না। এখানে আমাদের কথা পরিষ্কার করে বলে দিতে চাই। অবশ্য আমাদের কথা মিটিং করে হাজার হাজার মানুষের কাছে বলেছি এবং আমাদের কথা সংবাদপত্রেও বেরিয়েছে। আমরা চাই সীমানা নিয়ে যে বিরোধ দেখা দিয়েছে তিব্বতের ঘটনার পর বিশেষ করে তার একটা শান্তিপূর্ণ মীমাংসা হোক। আমরা মনে করি এটা অত্যন্ত দুঃখের বিষয় যে এই ধরনের একটা ঘটনা ঘটেছে চীন এবং ভারতবর্ষের মধ্যে। আমরা মনে করি এটা ভারতবর্ষের পক্ষে যেমন ক্ষতিকারক চীনের পক্ষেও তেমনি ক্ষতিকারক। এই ধরনের আবহাওয়া যদি চলতে থাকে যদি অবস্থার অবনতি আরও ঘটে লাডাকের মত যদি আরও দু-একটা সংঘর্ষ ঘটে, তাহলে আমরা মনে করি সেটা শুধু ভারতবর্ষের পক্ষে খারাপ নয় চীন দেশের পক্ষেও খারাপ। আমি মনে করি এইভাবে যদি অবস্থা চলতে থাকে তাহলে এ্যাফ্রো এশিয়ান দেশগুলি, যারা স্বাধীন বা যেখানে স্বাধীনতার সংগ্রাম চলেছে। যাঁরা পাঁচশীলকে সমর্থন জানিয়ে ছিলেন, যাঁরা আন্তর্জাতিক ক্ষেত্রে পরস্পরকে সাহায্য করবেন বলে ঠিক করেছেন, তাদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হবে এবং আমাদের ঘোষিত শান্তিপূর্ণ প্রচেষ্টার নীতি সেটাও ব্যাহত হবে বলে আমি মনে করি। সেইজন্য আমরা চাই, বিশেষভাবে চেষ্টা করা হোক যাতে এ সম্বন্ধে একটা শান্তিপূর্ণ মীমাংসা হয়। সেইজন্য যখন চীন দেশের প্রধান মন্ত্রী অল্প কয়েক দিন আগে আমাদের এখানে প্রধান মন্ত্রীর কাছে চিঠি লেখেন এই সমস্ত গোলমালের পর এবং যখন দুটো কথা বলেন যে সমগ্র সীমানার প্রশ্নে আমি একটা মীমাংসা চাই ও অন্তর্বর্তীকালীন একটা ব্যবস্থা চাই যাতে করে লাডাকের মত দুঃখজনক সংঘর্ষ না ঘটে তখন আমরা সেটাকে সাধারণ-ভাবে সমর্থন জানিয়ে ছিলাম। আমরা মনে করি এই মনোভাব নিয়ে চীনের প্রধান মন্ত্রী যদি লিখে থাকেন তাহলে নিশ্চয়ই ভারতবর্ষের সরকারের তরফ থেকে, (তখনকার কংগ্রেসী প্রস্তাব যেভাবেই আসুক), পণ্ডিত নেহেরু সেটা প্রত্যাখান করতে পারেন না। পণ্ডিত নেহেরু ঠিক একই মনোভাব প্রকাশ করেছেন এবং তিনিও বলেছেন যে সংঘর্ষ এড়াতে চান। তিনি বলেছেন যে দুই প্রধান মন্ত্রীর মিটিং চান তবে তিনি চীন সরকারের সব প্রস্তাব মানতে পারেন না বলেছেন। এবং পণ্ডিত নেহেরু তাঁর নিজস্ব প্রস্তাব চীনের প্রধান মন্ত্রীকে জানিয়েছেন। এখানে আমাদের একটা আশা ও আবেদন যাতে করে এই দুটো চিঠির মধ্যে থেকে এমন একটা

অবস্থা দাঁড়াতে পারে, যার ফলে দুই প্রধান মন্ত্রীর সঙ্গে অদূর ভবিষ্যতে দেখা হতে পারে। আমরা এটাই চাই এবং অন্তর্বর্তীকালীন একটা ব্যবস্থা হোক সেটাও আমরা চাই। লক্ষ্য করে দেখবেন আমরা বরাবরই এই কথাই বলে আসছি—যদি এই রকম শান্তিপূর্ণ আবহাওয়া আমরা সৃষ্টি করতে চাই, তাহলে বড় বড় এবং গরম গরম কথা বলে তা হয় না, এবং তাতে দেশকে রক্ষা করা যায় না, দেশ আক্রান্ত হলেও। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি দেখে যে এই প্রস্তাবে এসব বিষয়ে নেহেরু যখন শান্তির প্রচেষ্টা করছেন, তখন এখানে একটা গরম আবহাওয়ার সৃষ্টি করা হচ্ছে দৃষ্টি দিয়ে কিছু লেখা হয় নি। এমন কি পণ্ডিত নেহেরুকে পর্যন্ত লেখা হয় নি। পণ্ডিত —আরও হয়ত করা হবে। নরেনবাবুর পর ওদিক থেকে আরও অনেকে গরম গরম কথা ছড়াবেন। আমাদের মনে আছে পাকিস্তানের সঙ্গে দেখা করতে বা তার ডিক্টেটরএর সঙ্গে দেখা করতে আমাদের বেশি সময় লাগে নি, যদিও তারা কাশ্মীরের খানিকটা দখল করে নিয়ে বসে আছে। এবং মাঝে মাঝে সীমান্তে গুলিও চলেছে। পাকিস্তান শুধু আমাদের জমি দখল করে বসে নাই, আমেরিকা থেকে অস্ত্রশস্ত্র নিচ্ছে। কিন্তু এসব হওয়া সত্ত্বেও পাকিস্তানের শান্তিপূর্ণ মীমাংসার কথা যদি হয়ে থাকে তাকে আমরা সমর্থন করি। আমরা টুকেরগ্রাম সম্বন্ধেও বলেছিলাম, শান্তিপূর্ণভাবে বিরোধের মীমাংসার চেষ্টা করে ফেলতে হবে। দুঃখের বিষয় কংগ্রেসের তরফ থেকে বাংলাদেশের লোককে আজকের দিনে এই শান্তিপূর্ণ মীমাংসার কথা মনে করিয়ে দেওয়া হবে না। এখানে যে প্রস্তাব এসেছে তাতে মনে হয় ঠিক উলটো জিনিস তাঁরা করতে চাইছেন। যেভাবে নরেনবাবু বললেন দেশকে যুদ্ধের জন্য প্রস্তুত করতে হবে তাতে, তিনি হিটলার চেম্বারলেনের উদাহরণও টেনে আনলেন—যে প্রস্তাব তাঁরা এনেছেন তাতে আমাদের যুদ্ধের জন্য প্রস্তুত করা ছাড়া আর কোন কিছু নেই। এই প্রস্তাবের মধ্যে যদি ভালভাবে আমরা যাই তাহলে কি দেখব? প্রথমতঃ এর মধ্যে কতকগুলি ভুল সংবাদ আছে —প্রস্তাবের আরম্ভে আছে—

Having considered carefully the situation which has arisen as a result of the forcible occupation by the Republic of China of large blocks of territory in the North-Western and North-Eastern areas of India which amounts to Imperialist aggression.''

এসব কথা ও'রা কোথায় পেলেন? অন্ততঃ নর্থ-ইষ্টএর যা ঘটনা—৮০০ মাইল যে ম্যাকমোহন লাইন সেখানে পণ্ডিত নেহেরু একথা বলেন নি সম্প্রতি চৌ-এন-লাইএর চিঠির উত্তরে বলেছেন যে একটি জায়গায় বিরোধ। ৮০০ মাইলএর সব জায়গা থেকে আমাদের সরে আসতে হবে কেন? একটি জায়গা লংজু সেটা পণ্ডিত নেহেরু মনে করেছেন ভারতের দক্ষিণে আর চীন মনে করেছে ভারতের উত্তরে। পণ্ডিত নেহেরু বলেছেন আমাদের একটি জায়গায় মাত্র গোলমাল আছে, অথচ এ'রা প্রস্তাবে লিখেছেন। লার্জ ব্লকস অফ টেরিটোরি। এটা তো ঠিক নয়। পণ্ডিত নেহেরু এটা পড়ে আপনাদের শিক্ষাদীক্ষা সম্বন্ধে কি ভাবচেন? পণ্ডিত নেহেরুর বক্তৃতা যদি আপনারা পড়তেন তাহলে দেখতে পারতেন তিনি কি প্রস্তাব দিয়েছেন।

তারপর আসে ইম্পিরিয়েলিষ্ট অ্যাগ্রেশনএর কথা। এই অ্যাগ্রেশন নিয়ে কত কথা হয়ে গেল। কালকে দেখছিলাম পার্লিয়ামেন্টএ শ্রী মেনন বলেছেন যে, ইউ, এন, ওতে সাত বছর ধরেও অ্যাগ্রেশন কাকে বলে ঠিক হয় নি। ইনকারশন এবং অ্যাগ্রেশন এক কথা তিনি বুঝিয়ে বলেছেন। অথচ এখানে পরিস্কার অ্যাগ্রেশন বলে দেওয়া হয়েছে। শ্রী মেনন তাঁর বোম্বে বক্তৃতায় কি বলেছিলেন সেটা বোঝাতে গিয়ে এই সব কথা বলেছেন।

তারপর আনডিসায়ারএবল অ্যালায়েন্স অনেক কালিম্পঙএ আছে আমরা জানি। বলা হয়েছে যে চীন রিপাবলিকএর গুপ্তচরদের ধরতে হবে; কিন্তু জিজ্ঞাসা করি আর কোন গুপ্তচর কি সেখানে নেই? চিয়াংএর গুপ্তচর কি নেই? আমাদের কাছে দলিল আছে—ছবি রয়েছে, সেই ছবি আমি প্রধান মন্ত্রী দেব, তিনি ইনভেষ্টিগেট করুন। গত অক্টোবর মাসের ১০ তারিখে চিয়াং-কাইসেকের একজন এজেন্ট কালিম্পঙ শহরে বক্তৃতা দিয়েছে, এই লোকের ছবি আমাদের কাছে রয়েছে; সেটা আমরা দেব যাতে লোকটিকে আইডেন্টিটি করা যায়। তাঁকে আপনারা খুঁজে বার করুন। কালিম্পঙএ এসে মেইন ল্যান্ডকে উদ্ধার কি করে করা যায়। চিয়াংএর এজেন্টরা সেই সম্পর্কে ইস্তাহার বিলি করছে, তাদের খুঁজে বের করুন।

[3-30—3-40 p.m.]

বিশেষ করে আমার কাছে দলিল আছে। আমি মুখ্য মন্ত্রী মহাশয়কে সেটা দিয়ে দেব, তাতে তিনি দেখবেন চিয়াং-কাইসেকের এজেন্ট ১০ই অক্টোবর কালিম্পং শহরে মিটিং করেছিল; সেই লোকের ফোটো আছে। ইংরাজী ভাষায় লিফলেট রয়েছে, মেইন ল্যান্ড উদ্ধার করতে চাই। এই চিয়াং-কাইসেকের এজেন্টরা তিক্ততার সৃষ্টি করেছে—এদের সম্বন্ধে কি করছেন, এদের সম্বন্ধে তো কিছু বলা হল না? তাহলে উদ্দেশ্য নয় শান্তিপূর্ণ আবহাওয়ার সৃষ্টি করার।

ঠিক এইভাবে বলা হয়েছে

anti-State activities of certain political parties and persons

এই যে অ্যান্টি স্টেট অ্যাকটিভিটি সম্বন্ধ একটু যদি বলতেন—একটা দুটোও যদি বলতেন কোনটা ঠিক হচ্ছে না, বেঠিক কি হচ্ছে, তাহলে বুঝতে পারতাম। একটা প্রস্তাবে একটা কথাও নাই যে কি করতে হবে। তারপর, অবশ্য বক্তৃতায় বলেছেন, আমাদের ডিফেন্স তৈরি করতে হবে। আমি এসব কথার মধ্যে যাচ্ছি না। এই হচ্ছে আপনার প্রস্তাব। এখন আমি যেটা বুঝতে পেরেছি সেটা এখানে একটু মনে করিয়ে দিই। যারা প্রস্তাব এনেছেন কংগ্রেস তরফ থেকে তাদের কি এটা মনে নেই যে পার্লামেন্টে অ্যামেন্ডমেন্টএর উপর যে আলোচনা হল সেই অ্যামেন্ডমেন্টকে লক্ষ্য করে পার্লামেন্টে পণ্ডিত নেহেরু বলেছেন কথাটা একটু কটু। পি এস পি, গণতন্ত্র পরিষদ, স্বতন্ত্র এই সমস্ত পার্টির দিকে লক্ষ্য করে বলেছেন

motley groups with motley ideas

এখন পণ্ডিত নেহেরু যখন এই প্রস্তাব পাবেন তখন হয়ত আশ্চর্য্য হয়ে যাবেন যে বাংলাদেশে যাঁরা এই প্রস্তাবে সই করেছেন এবং পরে প্রস্তাবের পক্ষে ভোট দেবেন তাঁরা প্রধান মন্ত্রীর এই বক্তব্য বুঝতে পারেন নি। আমি এর মধ্যে যাচ্ছি না, তবে এটা ভেবে দেখবার বিষয়। সেজন্য আমার অ্যামেন্ডমেন্টটা আপনারা দেখবেন। যেহেতু আপনারা প্রস্তাব দিয়েছেন তাই শুধু অ্যামেন্ডমেন্ট আনতে পেরেছি। কালিম্পংএ গোলমালকারীদের কথা বলেছেন। এখানে দলিল আছে, সত্যেনবাবুর কাছে ছবি আছে সেগুলি পড়ে দেখবেন কারা দেশদ্রোহী।

তারপর কংগ্রেসের মধ্যে কিছু কিছু বন্ধু আছেন যাঁরা মনে করেন এবং আজকে যেটা নরেনবাবু বললেন সেটা হল যে কমিউনিস্ট পার্টিকে যদি শেষ করে দিতে পারে? তাহলে এরা নিরাপদ হয়ে যাবেন এবং গণতান্ত্রিক আন্দোলনের আর সম্মুখীন হতে হবে না। একটা এত বড় রাজনৈতিক পার্টিকে এত সহজে খতম করা যায় না। ভুল বুঝিয়ে কিছু মানুষকে সাময়িকভাবে বিচ্ছিন্ন করা যেতে পারে। তবে সেটা এখনও কেউ বলেন নি পরে হয়ত বলতে শুনব যে কমিউনিস্ট পার্টিকে বেআইনী করে দাও। এত সহজে রাজনীতি করা চলে না। নিজেদের কাজ করতে হয় জনপ্রিয় হতে হয় মানুষের কাছে যেতে হয় কিন্তু এত সহজ সে পথ নয়। কিছু কিছু লোক মনে করেন বাঁ দিকে পি এস পি আছে ওরা না কি বলেছেন শুনেছি কমিউনিস্ট পার্টিকে বেআইনী করলে এদের কি সুবিধা হবে? আমরা তো বেআইনী ছিলাম পি এস পির তো খুব সুবিধা হয় নি। আমাদের বেআইনী করে রেখেছিলেন ১৯৪৮ সালেও ডাঃ বিধান চন্দ্র রায় কিন্তু তাতে প্রজা সোসালিস্ট পার্টির কি সুবিধা হয়েছে? জনগণের উপর কি তাদের প্রভাব বেড়েছে? ওদের কথা বাদ দিলাম বলে লাভ নাই, পি এস পির তো কোন নীতিবই বালাই নাই। কিন্তু কংগ্রেসের কাছে এটা বলছিলাম নরেনবাবু হিটলারের কথা তুললেন এবং আরও অনেক কথা তুললেন। কিন্তু চিন্তা করে দেখলেন না, একবারও ভাবলেন না আপনারা কোন দিকে নিয়ে যাচ্ছেন এবং প্রস্তাবে কি বলছেন। এখানে পণ্ডিত নেহেরুর কিছু বক্তব্য উদ্ধৃত করছি। মাসানিকে উত্তর দিতে গিয়ে বলছেন পণ্ডিত নেহেরু

Mr. Masani.

"I regret to say that I do not agree with that. I think that it is a wrong policy and a dangerous policy. War is a dangerous policy, but if war is thrust upon one, one has to defend oneself. If war is thrust upon us, we shall fight with all our strength. That is a different matter. We shall, however, try to prevent it with every means in our power because it

is a bad thing, it is a dangerous thing. Mr. Masani smiles because he evidently thinks differently. He likes war or he may think some of his friends from other countries will come and help defend India, if there is a war here."

কিন্তু পণ্ডিত নেহেরু আশ্চর্য্য হয়ে যাবেন, যখন তিনি দেখবেন এখানে কিছু কিছু কংগ্রেস বন্ধুরা এভাবে বক্তৃতা দিচ্ছেন, মাঠে মাঠে মিটিং করছেন, অ্যাসেম্বলির ভিতর একথা বলবার চেষ্টা করেছেন প্রস্তাবের মাধ্যমে। তবু আপনারা নিজেদের বলেন পণ্ডিত নেহেরুর সাপোর্টার? আমরা না হয় আপনাদের এনিমি। কিন্তু আমি জিজ্ঞাসা করি পঞ্চশীল কি আপনারা মানেন? মনে তো হয় না। শান্তিপূর্ণ আবহাওয়ার নীতি মানেন আপনারা? মনে হয় না। নিরপেক্ষ নীতি, বৈদেশিক নীতি মানেন আপনারা? মনে হয় না। এটাই বার বার এই প্রস্তাব পড়ে মনে হয়েছে—প্রজা সোস্যালিস্ট পার্টির কথা না হয় ছেড়ে দিলাম, তারা একথা বলতে পারেন—কিন্তু কংগ্রেস একটা রেসপনসিবল পার্টি, রুলিং পার্টি, ভারতবর্ষে রুল করছে। তাঁদের কাছে এই প্রস্তাব আমরা কখনো আশা করতে পারি নি। একটা কোন ব্যক্তি কথা হলে না হয় বুঝতেম, কিন্তু সমগ্র কংগ্রেস পার্টি আলোচনা করে এই প্রস্তাব এসেছে, সে জন্যই আশ্চর্য্য বোধ করছি। এখানে একটা কথা মনে করিয়ে দিতে চাই, এই সুযোগে সেটা হচ্ছে, যাঁরা মনে করছেন কমিউনিস্ট পার্টিকে শেষ করব তাঁদের আমি বলি এতেই কি শেষ হবে? আমরা তো জেলেই ছিলাম, আরেক বার না হয় জেলে যাব, কিন্তু এতেই কি দেশ রক্ষা হবে? আপনারা কি মনে করছেন এতে আপনারা বেঁচে থাকবেন? আপনাদের মনোপলি অফ পাওয়ার কি রাখবেন কমিউনিস্ট পার্টিকে বেআইনী করে? এত ইতিহাসের কথা বল্লেন নরেনবাবু, কংগ্রেস বন্ধুরা অনেকেই ইতিহাসের কথা জানেন একি কোথাও হয়েছে? হিটলারের রাজত্বে দেখেছি সোসিয়াল ডেমোক্রেটসরা আপনাদের মতোই বলেছিল কমিউনিস্ট পার্টিকে খতম কর, কিন্তু তারপর দেখলাম কম্যুনিস্ট এবং সোস্যাল ডেমোক্রেটস উভয়েই খতম হয়ে গিয়েছে। পাকিস্তানে কি হয়েছে? আপনারা হয়তো ভাবছেন, পাকিস্তানের মত এখানেও আয়ুবশাহী রাজত্ব হলে ভাল হয়; তাতে অবশ্য কিছু লোক আবো দালালী করতে পারবে, কিন্তু বাকি সব ডেমোক্রেটস, যাঁরা আছেন, তাঁরা তো জেলে যাবেন। সেজন্যই এটা আমাদের আবেদন হবে, একটা প্রস্তাব এনে গরম আবহাওয়া সৃষ্টি করলে কিছু লাভ হবে না। আমরা বিশ্বাস করি না চীন সরকার ভারত আক্রমণ করতে পারে। কেউ কেউ বলবেন, আক্রমণ তো করেছে, অকোপাই করে বসে আছে এটা হল ইমপিরিয়েলিস্ট অ্যাগ্রেশন। আমাদের ব্যাপার কি হয়েছিল? সেটাকে যদি ইমপিরিয়েলিস্ট অ্যাগ্রেশন অন দি পার্ট অফ ইণ্ডিয়া বলতো আপনারা মানতেন? আমি তাই বলছি এটাকে ইমপিরিয়েলিস্ট অ্যাগ্রেসন বলে না আমি এটাকে বলতে পারি এত উঁচুতে কি হচ্ছে না হচ্ছে, ভুল হতে পারে কোথায় লাগা, কোথায় টোমডি ভুল হতে পারে। তাই তো পণ্ডিত নেহেরু সেই কথা স্বীকার করেছেন এবং আমাদের থেকে ভারতীয় ফৌজ সরিয়ে এনেছেন। একথা যদি কেউ বলে যে, চীন সাম্রাজ্যবাদী দেশ, চীন ভারতবর্ষ আক্রমণ করার জন্য প্রস্তুত হচ্ছে, তাহলে সেটা ভুল হবে। যুদ্ধটা তো মার্বেল খেলা নয়, যুদ্ধ কি আমরা জানি। পণ্ডিত নেহেরুর সঙ্গে আমাদের তফাৎ থাকতে পারে, কিন্তু দেখছি পণ্ডিত নেহরুর কংগ্রেস পার্টিও তাঁকে সমর্থন করে না। (বা! বা! ফ্রম দি কংগ্রেস বেঞ্চ) বা! বা! বলছেন বটে, কিন্তু পণ্ডিত নেহেরু দেখুন তিনি কোথায় বসে আছেন। বাংলার কংগ্রেস থেকে তিনি আইসোলেট হয়ে যাচ্ছেন। যাই হোক, এই প্রস্তাবের বিরোধিতা আমাদের করতেই হবে, ভারতবর্ষের ডিগনিটি ও অনারএর সঙ্গে এই প্রস্তাবের কোন সম্পর্ক নাই।

[3-40—3-50 p.m.]

Shri Bejoy Singh Nahar:

মিঃ ডেপুটি স্পীকার মহোদয়, বিরোধী দলের নেতা এবং কম্যুনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু মহাশয়ের বক্তৃতা শুনছিলাম, শুনে মনে হল তিনি চীনের বন্ধু হিসাবে এসে এখানে চীনের বাহাদুরী দেখিয়ে ভারতবর্ষকে ছোট করবার প্রয়াস পেয়েছেন সমস্ত বক্তৃতার মধ্যে দিয়ে। একবারও বলেন নি তিনি যে, চীন অন্যায় করেছে, ভারতবর্ষের মাটিতে এসে, ভারতবর্ষের জায়গা অধিকার করে একথা একবারও তাঁর মুখ দিয়ে বেরুল না। অথচ বারে বারে বলছেন কংগ্রেস পার্টি অন্যায় করেছে, ভারতবর্ষ অন্যায় করেছে। আমরাও চাই শান্তিপূর্ণ উপায়ে এই সমস্যার

মীমাংসা হোক, কিন্তু কিভাবে শান্তিপূর্ণ উপায়ে হবে, যখন চীনের সৈন্যবাহিনী এসে আমাদের জায়গা অধিকার করে নিয়ে আমাদের স্বাধীনতার উপর তাঁরা জোর করে, জুতাশুদ্ধ আমাদের বুকে চেপে বসে বলছে যে তোমাদের জায়গা আমরা অধিকার করি নি। তাঁদেরই দালাল হিসাবে এ'রা বলছেন এ'দের সঙ্গে মিতালী কর, বসে কথা বল। এটা কি করে সম্ভব একথা আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই। জ্যোতি বসু মহাশয় বলছেন, চীন কখনো অ্যাগ্রেশর হতে পারে না, যুদ্ধ করতে পারে না। আমি ধরে নিচ্ছি তিনি বিশ্বাস করতে পারেন না যে ভারতবর্ষের সূচাগ্র জমিও চীন অধিকার করেছে, করলেও তিনি বিশ্বাস করবেন না, বিশ্বাস করলেও তিনি কোন দিন বললেন না। কারণ, তাঁদের অন্য দিক দিয়ে ভয় আছে। কিন্তু তাঁরা অ্যাগ্রেসিভ না হয়েও আমাদের দেশের পুলিশ বাহিনীকে ধরে নিয়ে যেভাবে ব্যবহার করেছে, সেটা কি তিনি অস্বীকার করতে পারেন? তাঁরা হত্যা করেছে ৯ জন ভারতবাসীকে, এটা কি অস্বীকার করতে পারেন? ক্ষমতা আছে এটা স্বীকার করবার? যুদ্ধ নেই তবুও সৈন্যবাহিনী চীন সরকার আমাদের সিমানায় এনেছেন, এর অর্থ কি? যুদ্ধ নেই, ঝগড়া নেই তবুও বন্ধুরা পেছনে বিশ্বাসঘাতকতা করে সৈন্য-সামন্ত সাজিয়ে জমি দখল করা যদি যুদ্ধের সূচনা না হয় তা কি হতে পারে জানি না। জ্যোতিবাবু পঞ্চশীলের কথা বলছেন। সেই পঞ্চশীল তো চীনই ভেঙেছে। যেভাবে তারা ব্যবহার করেছে যুদ্ধের পরিস্থিতি ছাড়া আর কি হতে পারে? চীন সাম্রাজ্যবাদী হয়েছে, কম্যুনিজমে কি আছে না আছে জানি না, তবে চীনের মধ্যে সাম্রাজ্যবাদী রূপ আমরা দেখতে পাচ্ছি। তার সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি কালিম্পং অঞ্চলে অনেক রকম স্পাইং সিসটেম হয়েছে। জ্যোতি বসু মহাশয় এখান তাঁর অ্যামেন্ডমেন্টএ বলেছেন সেখানে চিয়াং-কাইসেকের লোক এসেছে। আমি তাঁকে জানিয়ে দিতে চাই, তিনি ভারতবর্ষের লোককে ভুল বোঝাবার চেষ্টা করেছেন। সেখানে চাইনিজ ট্রেড এজেন্সি আছে চিয়াং-কাইসেকের নয় তারা লাল চীনের। তারা সেখানে ওখানকার চীনাদের নিয়ে গিয়ে কিভাবে শেখায়, কিভাবে প্রচার করে সেই খবর কি তিনি রাখেন এবং খবর রেখেও তিনি এখানে মিথ্যা কথা বলে লোককে ভুল বোঝাবার চেষ্টা করেন কি না। তারা সেখানে নেপালী ভাষায় চায়না উইকলি ছাপায় এবং সেই কাগজে কি বের হয়, তা কি আপনারা দেখেছেন। সেই কাগজ সেখানে বিনা পয়সায় দেয় এবং তার উপর যে ছেলেদের দ্বারা বিতরণ করান হয় তাদের আরও পয়সা দেয়, এবং সেখানে একথা প্রচার করা হয় যে কম্যুনিস্ট চীনের সৈন্যরা যদি আসে তাহলে তোমাদের মঙ্গল হবে। এইসব চলছে সেখানে। আমি একথা বলতে চাই, বাংলা সরকার এবং ভারত সরকার চীনের এই পঞ্চম বাহিনীর দল যাতে ভারতের উত্তর সীমানা থেকে ১০০ মাইলের মধ্যে না থাকতে পারে যাতে কোন চীনা কম্যুনিস্ট দালাল না থাকতে পারে তার জন্য যেন ইমিডিয়েটলি ব্যবস্থা করেন। চীনের সৈন্য লিবারেশন আর্মি এই রকম অপপ্রচার হচ্ছে এবং আমরা দেখতে পাচ্ছি কম্যুনিস্ট কাগজগুলিতেও তারা এ ব্যাপারে কি স্ট্যান্ড নিয়েছে। আজকে জ্যোতি বসু মহাশয় পণ্ডিত নেহেরুর কতকগুলি কথা বলেছেন কিন্তু পণ্ডিত নেহেরু কম্যুনিস্ট পার্টি সম্বন্ধে কি বলেছেন সে কথা একবারও বললেন না। আমরা দেখতে পাচ্ছি যে তাঁর বক্তৃতায় বড় বেশি প্রশংসা করলেন পণ্ডিত নেহেরুর। বাংলাদেশের কংগ্রেস পার্টি সীমান্তের ব্যাপার নিয়ে যে প্রস্তাব এনেছেন তাতে এ'রা পণ্ডিত নেহেরুর কাছে অ্যাপিল করেছে যে চিয়াং-কাইসেকের দলের লোকদের শাসন করুন। কিন্তু পণ্ডিত নেহেরু এই কম্যুনিস্ট পার্টি সম্বন্ধে বলতে গিয়ে এ'কে সাবধান করেছেন এবং এ'দের ব্যান করা হবে কি না এ নিয়ে পর্যন্ত পণ্ডিত নেহেরু আলোচনা করেছেন। তবে সেসব কথা বলতে আজ এ'রা ভুলে গেছেন। আমরা বারে বারে দেখছি যে এই কমিউনিস্ট পার্টি এবং জ্যোতিবাবু সব সময় মুখে এবং কাগজে বলছেন যে একটা সমাজতান্ত্রিক দেশ হিসেবে চীন কখনই ভারতের সূচাগ্র পরিমাণ জমিও দখল করতে পারে না এ কথা তারা পাবলিক মিটিংএও বলেছেন। কিন্তু এদিকে চীন যে লংজু এবং লাডাকের বহু জায়গা দখল করে আছে সেটা কি অ্যাগ্রেশন নয়? আজ যে প্রস্তাব এসেছে তা অত্যন্ত স্পষ্ট এবং এতে এমন কোন কথা নেই যা স্বীকার করা যায় না। কিন্তু এ'রা এটা অস্বীকার করেছেন কেন না এ'দের স্বার্থ রয়েছে চীনের সঙ্গে যুক্ত এবং সেখান থেকে যে হুকুম পান সেই ভাবেই চলেন। কালিম্পং অঞ্চলে চীনাদের ১০-১২ খানা দোকান ছিল। সেখান থেকে আজ তিব্বতের সঙ্গে ব্যবসা বন্ধ হয়ে গেছে। কিন্তু সেখানে এখনও যে প্রায় ৭ শতের উপর চীনা বেটারকেট ও ট্রেনিং রয়েছে তাদের সঙ্গে বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভ্যদের যোগাযোগ রয়েছে এবং এইসব জায়গা থেকে মুখে এবং হ্যান্ডবিলের মারফত যেভাবে অপপ্রচার চালান হচ্ছে সে

বিষয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং খুব শীঘ্রই যাতে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন হয় তার জন্য অনুরোধ করছি। কমিউনিস্ট পার্টি সম্বন্ধে আমার বেশি কিছু বলবার নেই, কেন না এ'দের ইতিহাস হচ্ছে সেই বিভীষণ, মীরজাফর ও কুইসলিংএর ইতিহাস। ১৯৪২ সালে যখন ভারতবর্ষে স্বাধীনতার জন্য আন্দোলন হয়েছিল তখন এ'রা বলেছিলেন যে ব্রিটিশ সাম্রাজ্যবাদকে রক্ষা করতে হলে জাপানকে রুখতে হবে, কিন্তু আজ যখন চীন সাম্রাজ্যবাদ ভারতের দিকে এগিয়ে আসছে তখন তো তারা বলছে না যে চীনকে রুখতে হবে। আমি অবাক হয়ে যাই যে একদিন যারা নেতাজীকে কুইসলিং বলেছিল আজ সেই নেতাজীর সাথী আমাদের শ্রদ্ধেয় অমরবাবু এবং সুহৃদবাবু সেই কমিউনিস্ট পার্টিরই পদলেহন করছেন। আজকে এই প্রস্তাব আসার আরও এক কারণ আছে যে কমিউনিস্ট পার্টি নানা জায়গায় সভা সমিতি করে বাংলাদেশের জনসাধারণের কাছে এই অপপ্রচার চালাচ্ছে যে চীন কখনও ভারতের দিকে এগিয়ে আসেনি এবং ভারতের নেতারা এবং পার্লামেন্ট বরাবরই জনসাধারণের কাছে মিথ্যা কথা বলছে। কিন্তু আসলে চীন যে অন্যায় করেছে একথা এই কমিউনিস্ট পার্টি বা তাদের নেতা জ্যোতিবাবু কখনও বলছেন না বরং বলছেন যে পণ্ডিত নেহেরুই অন্যায় করেছে। চৌ-এন-লাই যে চিঠি নেহেরুর কাছে পাঠিয়েছেন এরা কেবল সেটিই স্বীকার করতে বলেন কিন্তু নেহেরু যেটা পাঠিয়েছেন সেটা স্বীকার করতে কখনও বলেন না বা এ কথাও বলেন না, যে তোমরা আমাদের যেসব জায়গা দখল করেছ তা যদি ছেড়ে দাও তবেই তোমাদের সঙ্গে মীমাংসা করতে রাজি আছি। তবে এ'দের এই ব্যবহারের জন্য আমরা আশ্চর্য হচ্ছি না কারণ এ ইতিহাস এ'দের নতুন নয়। নিজের দেশের স্বাধীনতা যখন বিপন্ন হতে চলেছে, তখন দেশের স্বাধীনতা রক্ষার চেয়ে নিজেদের দলের—যে দলের আদেশ আসে বিদেশ থেকে, তাদের হয়ে এরা বরাবরই কাজ করেছেন। যা হোক তারা এই যে দেশের বিরুদ্ধাচরণ করছে আমি এর তীব্র প্রতিবাদ জানাই এবং ভারত সরকারকেও অনুরোধ করি, যাতে বাংলাদেশে এ ধরনের মিথ্যা অপপ্রচার আর না চলতে পারে তার জন্য কঠোর ব্যবস্থা অবলম্বন করুন এবং দিনের পর দিন এই যে কাগজে চীনের কথা ছেপে যাচ্ছে সেটাও যাতে বন্ধ হয় সে ব্যবস্থা করুন। ভারতবর্ষে যারা বাস করবে তারা এ দেশকেই ভালবাসবে কিন্তু তা না করে যারা কেবল চীনের কথাই বলেন সেই পার্টির এখানে থাকবার কোন প্রয়োজন নেই, অধিকারও নেই—তাদের নিশ্চয়ই এখান থেকে সরে যেতে হবে। আজ আমি বিশেষ করে একথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

[3.50—4 p.m.]

Shri Amarendra Nath Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, এখানে আমার নাম ক'রে কয়েকটা কথা বলা হয়েছে। আমি আপনার অনুমতি নিয়ে ২-৩ মিনিটের মধ্যে সে সম্বন্ধে কিছু বলতে চাই। এখানে বলা হয়েছে যে, নেতাজী সুভাষচন্দ্রের সঙ্গে আমি কাজ করেছি এবং যে সময় আমি কাজ করেছি তখন কমিউনিস্ট পার্টি নেতাজীর সম্বন্ধে অনেক কটু কথা বলেছে। একথা আমি স্বীকার করি যে কমিউনিস্ট পার্টি অনেক কটু কথা তাঁর সম্বন্ধে বলেছে, কিন্তু ওরাও তাঁর সম্বন্ধে তখন কি বলেছিল সেটা একটু আমি তাদের চিন্তা করতে বলি। তারপর আজ এখানে বললেন যে আমার মত শ্রদ্ধেয় লোক এবং এর সঙ্গে সুহৃদবাবুর নামও যোগ করেছেন যে, আমরা কমিউনিস্ট পার্টির পদলেহন করছি। এ ধরনের ছোট ভাষা যে এ'দের মুখ থেকে বেরুতে পারে এটা আমি কল্পনা করতেও পারি নি। যাই হোক, কমিউনিস্ট পার্টির সঙ্গে কাজ করি ব'লে আমি অত্যন্ত গৌরব বোধ করি।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার শরীর খুব অসুস্থ। গত ৭ মাস ধ'রে আমি রক্তের চাপাধিক্য ও অনিদ্রায় ভুগছি। গত সেশনে আমি উপস্থিত হ'তে পারি নি। এ সেশনে আসি বটে কিন্তু ঠিকমত কাজ করতে পারি না। আজকের আলোচনার বিষয়বস্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অসুস্থতা সত্ত্বেও আমি কিছু বলতে উঠেছি। যে আদর্শকে অনুসরণ ক'রে আমরা দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিলাম আজ ৭৩ বৎসর বয়সে দেখছি যে, একদল লোক সেই আদর্শচ্যুত হ'তে চলেছে। এ কারণেই আমি আমার অসুস্থতা অগ্রাহ্য

করে কিছু বলবার জন্য এখানে এসেছি। আমি অবশ্য জানি যে, আমার ক্ষীণকণ্ঠ এই হাউসের খুব কম জায়গায়ই পৌঁছাবে। তা হলেও আমি আমার মত যতটা সম্ভব জোরের সঙ্গেই প্রকাশ করব। আমরা সাধারণত তিন ধরনের সাম্রাজ্যবাদের সঙ্গে পরিচিত। প্রথম ধরনের হ'ল, যারা অন্য দেশ আক্রমণ ক'রে জোর ক'রে দখলে আনে এবং পরে জোর ক'রে সে দেশ শাসন করে। এ ধরনের সাম্রাজ্যবাদ পৃথিবীর আদিকাল থেকেই চলে আসছে। স্বাধীনতা প্রাপ্তির পূর্বে আমাদের দেশে এ ধরনের সাম্রাজ্যবাদী শাসন আমরা দেখেছি। দ্বিতীয় ধরনের সাম্রাজ্যবাদ হচ্ছে অর্থনৈতিক সাম্রাজ্যবাদ বা ইকনমিক ইম্পিরিয়ালিজম। একে মার্কিন সাম্রাজ্যবাদও বলা যেতে পারে। আমেরিকা প্রথমে দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশে টাকা খাটিয়ে কলকারখানা প্রতিষ্ঠিত করে। এভাবে অর্থনৈতিক প্রভাব বিস্তার ক'রে সেসব দেশ ক্রমশ নিজেদের তাঁবে আনে। এ ধরনের সাম্রাজ্যবাদ এখন পৃথিবীর অন্যান্য দেশেও চালু আছে। তৃতীয় ধরনের সাম্রাজ্যবাদ হচ্ছে রাশিয়ান সাম্রাজ্যবাদ। রাশিয়ানরা মুখে যতই শান্তির কথা বলুক না কেন, আসলে এরা চাইছে যে সারা পৃথিবীতে এদের প্রভাব ছড়িয়ে পড়ুক। এই উদ্দেশ্যেই এরা বিশ্বব্যাপী সংগঠন করেছে। এসব সংগঠনের কেন্দ্রস্থল হ'ল মস্কো। এই যে বিশ্বব্যাপী সংগঠন এ সংগঠনের সর্বপ্রকার নীতি ঐ মস্কো থেকেই নির্দেশিত হয়। কাজেই আজ এখানে নাহার মহাশয় যে কথা বলেছেন আমিও তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। এ দেশের কমিউনিস্ট পার্টি চীন-ভারত বিরোধে যদি রাশিয়া বা চীনকে সাহায্য করে তাতে আশ্চর্যের কিছুই থাকবে না। সে অবস্থায় সুতরাং এদের রাষ্ট্রদ্রোহী বলতে বিন্দুমাত্র দ্বিধাবোধের কারণ নেই। ১৯৪২ সালে সারা ভারতবর্ষ স্বাধীনতার জন্য যখন কংগ্রেসের নেতৃত্বে ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করছিল তখন যেহেতু রাশিয়া সে সময়ে ইংলন্ডের বন্ধু ছিল সেই হেতু তারা ইংলন্ডের সঙ্গেই হাত মিলিয়েছিল। তারপর যখন হাঙ্গেরীতে হাঙ্গেরিয়ানরা তাদের দেশকে রাশিয়ার কবল থেকে মুক্ত করতে উঠেপড়ে লেগেছিল তখনও এ'রা ঐ রাশিয়াকেই সাহায্য করেছিল। এই নীতি অনুসারে তারা এখনও কাজ করছে। আজ আমি জ্যোতিবাবুর বক্তৃতা শুনে অবাক হয়ে গেছি। তিনি আজ কুওমিন্টাংকে টেনে আনলেন কিন্তু এদিকে চীন যে আমাদের বুকে বসে হামলা করছে ও বহু এলাকা দখল ক'রে বসেছে সে সম্বন্ধে কোন কথাই বললেন না। চীন আমাদের এলাকার পর এলাকা দখল ক'রে নিচ্ছে। সে সম্বন্ধে তিনি একটা কথাও বলেন নি। যদি কমিউনিস্টরা সত্যিকারের জাতীয়তাবাদী হ'ত তবে তারা অকুণ্ঠভাষায় চীনের এই আক্রমণকে নিন্দা করত, কিন্তু এখনও পর্যন্ত কোন কমিউনিস্টকে চীনের এই আক্রমণকে নিন্দা করতে দেখি নি। বরং চীনকে তারা সমর্থন করছে। তারা প্রচার করছে যার যা দখলে আছে তা তার দখলে থাক। চীনের প্রধানমন্ত্রী ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে বসুক। ব'সে একটা মীমাংসা করুক। নেহরু এই প্রস্তাব আনতে পারেন নি। তিনি বলছেন প্রাথমিক কাজকর্ম সব শেষ না হ'লে স্টেটাস কো মেনে নিয়ে আমি কি ক'রে চীনের প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করি। এ সম্বন্ধে একটা কথাও জ্যোতিবাবু বলেন নি। বহু চীনা গুপ্তচর কালিম্পং, দার্জিলিং অঞ্চলে এসেছে, শুধু কালিম্পং দার্জিলিং কেন কলকাতারও এসেছে। এই গুপ্তচরদের গত ২-৩ বছর ধ'রে দেখছি তারা ডাইংক্লিনিং, লন্ড্রী প্রভৃতি ক'রে গুপ্তচরের কাজ চালাচ্ছে। এইসব গুপ্তচরদের সঙ্গে ভারতের কমিউনিস্ট পার্টি গোপনে কাজ করে। তাদের সঙ্গে এদের যাওয়া আসা আছে, কথাবার্তা চলে, অবশ্য আমার নিজের কাছে প্রত্যক্ষ প্রমাণ নেই তবে শুনেছি। খবরের কাগজেও বেরিয়েছে। এখানকার কমিউনিস্ট পার্টির এমনভাবে কাজ করা বা চলা উচিত যাতে এ ধরনের সন্দেহ কারও মনে না আসে। এইসব গুপ্তচরেরা কুওমিন্টাং ফরমোজা থেকে এসেছে একথা কেউ বিশ্বাস করবে না। জ্যোতিবাবু নিজেও বিশ্বাস করবেন কিনা জানি না। (শ্রীজ্যোতি বসুঃ লিফলেট আছে, দেখবেন?) লিফলেট অনেক রকম হ'তে পারে, লিফলেট করা কঠিন নয়, আপনি করতে পারেন, আমি করতে পারি, যে-কোন লোক করতে পারে। এইসব গুপ্তচর চীনা এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। ভারতের কমিউনিস্ট পার্টির এমনভাবে কাজ করা উচিত যাতে আমাদের মনে তাদের সম্বন্ধে কোনরকম সন্দেহ না হয়, কারণ তাদের অতীত ইতিহাস ভাল নয়। ১৯৪২ সালে ওরা কি ধরনের কাজ করেছিলেন তা আমরা সকলেই জানি। এদের নীতির সঙ্গে আমাদের নীতি খাপ খায় না। গভর্নমেন্টের ভাল ক'রে অনুসন্ধান ক'রে দেখা উচিত, বাস্তবিক ভারতের কমিউনিস্ট পার্টি এই গুপ্তচরদের সাহায্য করছে কিনা। যদি সাহায্য ক'রে থাকে তা হলে গুরুতর শাস্তির ব্যবস্থা করা দরকার, যদি

না ক'রে থাকে তা হলে আমাদের কোনরকম বক্তব্য নেই। আজ ভারতবর্ষ সত্যিকারের বিপদের সম্মুখীন হয়েছে। বহুদিন বাদে বহু দুঃখকষ্ট সহ্য ক'রে আমরা স্বাধীন হয়েছি, আজ আবার সেই স্বাধীনতা বিপন্ন হয়েছে। চীন ক্রমশ ক্রমশ ভারতের জায়গা দখল করছে। এভাবে চীন অনেক এলাকা দখল করেছে, সুতরাং চীনকে বিশ্বাস করা সত্যিকারের কঠিন। এই অবস্থা হয়েছে শুধু আমাদের গভর্নমেন্টের দুর্বল নীতির ফলে। চীন আমাদের দুর্বলতার সুযোগ নিয়ে এইসব করতে সাহস পাচ্ছে। যদি গভর্নমেন্ট প্রথম থেকে কঠোর ব্যবস্থা অবলম্বন করতেন তা হলে চীন এত সাহস পেত না, এতখানি জায়গা -৪০ হাজার বর্গমাইল দাবি করার সাহস পেত না। আমাদের দুর্বল নীতির ফলেই চীন এ কাজ করতে সাহস পেয়েছে। আর একটা কথা। আমরা ১২ বছর হ'ল স্বাধীন হয়েছি, চীন ১০ বছর হ'ল কমিউনিস্ট হয়েছে। কমিউনিস্ট হবার আগে চীন ভারতের মতই দুর্বল ছিল। কিন্তু চীন প্রাণপণ চেষ্টা ক'রে এত শক্তি সঞ্চয় করেছে যে, আজ নির্ভয়ে সে আমাদের উপর আক্রমণ চালাচ্ছে। আর আমরা কেবল বক্তৃতাই দিয়ে যাচ্ছি। পণ্ডিত নেহরু বড় বড় বক্তৃতা দিচ্ছেন, দিনের পর দিন পার্লামেন্টে, নানা স্থানে ঘুরে ঘুরে তিনি বক্তৃতা দিচ্ছেন। এসব বক্তৃতায় ভাল ভাল কথাও বলছেন। তিনি পিস, নন-অ্যালাইনমেন্টের কথা বলছেন। কিন্তু এর দ্বারা দেশরক্ষা হচ্ছে না চীন ক্রমশ এগিয়ে চলেছে। এভাবে যদি চলে তা হলে আমরা দেখব যে, ভারতবর্ষের বিরাট অংশ ক্রমশ চীনের দখলে চলে গেছে। আমরা যেমন পরাধীন ছিলাম আবার তেমনি পরাধীন হয়ে যাব। আজ আমাদের দেশ বড়ই বিপন্ন। তা না হলে শরীর খারাপ সত্ত্বেও আমি বক্তৃতা দিতে আসতাম না। আমি ভাল ক'রে বলতেও পারছি না। আমি বলছি, এখন আর বক্তৃতার সময় নেই নন অ্যালাইনমেন্ট ভাল, পঞ্চশীল ভাল। আদর্শ হিসাবে এসব খুব ভাল, কিন্তু দেশের স্বাধীনতা রক্ষার জন্য, দেশকে তৈরি করার জন্য সবচেয়ে বেশি যেটা প্রয়োজন সে কাজ শ্রী নেহরু করতে পারেন না। পারছেন না ব'লেই চীন সাহস পেয়েছে ভারতবর্ষ আক্রমণ করতে। আমি গত ৫০ বছর ধ'রে দেশের সেবা করছি। আমি মনে করি, এত দুঃখকষ্ট ভোগ ক'রে আমরা যে স্বাধীনতা অর্জন করেছি, সেই স্বাধীনতা আজ বিপন্ন নেহরুজীর দুর্বল নীতির জন্য। তিনি ভেবেছিলেন আমাদের কেউ আক্রমণ করবে না। চীন আর ভারতের ভেতর তো শান্তির সম্পর্ক রয়েছে এবং সে সম্পর্ক চিরকাল থাকবে। আমাদের স্বাধীনতা আজ বিপন্ন, একথা আমি এজন্য আরও বলছি যে, আমাদের দেশে একদল আছে যাদের সম্বন্ধে আমরা নিশ্চিন্ত হ'তে পারছি না। একথা আমি আজ বলছি না, বহুদিন আগে থেকে একথা বলছি যে, এরা যদি দেখে যে, চীন ভারতবর্ষ আক্রমণ করেছে এবং অনেকখানি এগিয়ে এসেছে তা হ'লে এরা হয়ত চীনের পক্ষে যোগ দিয়ে ভারতের বিরুদ্ধে লড়বে। দুর্বল শরীর নিয়ে এ কয়টি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

Shri Pramatha Ranjan Thakur:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভারতবর্ষের উপর আজ চীনের যে আক্রমণ সেটাকে চাইনীজ পাজ্‌ল বলা যেতে পারে। আজ চীন ভারতের ভূমির উপর এসে পড়েছে। India has been thrown to the Chinese puzzle.

এই পাজ্‌ল থেকে কি ক'রে আমরা বেরিয়ে আসতে পারি এটাই হচ্ছে প্রব্‌লেম্। এর আলোচনটা অবশ্য লোকসভায় হওয়া উচিত কিন্তু তবুও স্টেট হিসাবে যখন আমরা একরকম বলতে গেলে চায়নার সঙ্গে বর্ডার তখন আমাদের এখানে এটা বিশেষভাবে আলোচনা হওয়া দরকার। আজকে আমি সর্বপ্রথমে বলব যে, কমিউনিস্ট পার্টি যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা এনেছেন উইথ গিল্‌টি কনসেন্স, তাদের ভেতর দুর্বলতা প্রবেশ ক'রে গেছে। আজ দেখুন তাদের মুখে হাসি নেই, কোন উল্লাস নেই। আজ তাঁরা হয়ত কেউ কেউ বুঝেছেন যে, আমরা অন্যায় কাজ করছি চাইনীজের পক্ষে থেকে। তাদের ভেতর যদি রিপেনটেন্স এসে থাকে তা হলে আমি অত্যন্ত সুখী হব। কিন্তু স্যার, একটা কথা এই যে, সেদিন 'হিন্দী-চীনী ভাই ভাই'–এত যে পীরিত, এত যে ভালবাসা হ'ল, তারপরেই এই আক্রমণ হওয়ার মানে কি সেটা আমাদের বিশেষ ক'রে বোঝা দরকার। আমি জানি, ১৯১৭ সালে যখন স্কুল-কলেজে পড়ছিলাম, তখন মস্কো থেকে লেনিন বলেছিলেন আমাদের এই কমিউনিজম মোটেই চলবে না যদি রাশিয়ার কথায় চায়না এবং ইন্ডিয়ার লোকদের কমিউনিস্ট ভাবাপন্ন ক'রে

তুলতে না পারি। আমার মনে হয়, এটা একটা ডিসটান্ট একো, এতদিন পরে আজ ইন্ডিয়াতে প্রতিধ্বনিত হচ্ছে সেই কথাটা। আজ আমরা একটা জিনিস দেখতে পাচ্ছি, ডাঃ রায় হয়ত আমাকে অ্যাপ্রিসিয়েট করবেন, যেসকল লোককে সংক্রামক রোগ আক্রমণ করতে পারে না, যার বডি এনকামবার্ড উইথ মরবিড ম্যাটার তাকেই আক্রমণ করে, সে কলেরা বলুন, বসন্ত বলুন, আমাশা বলুন। আজকে ভারতবর্ষ মরবিড ম্যাটারএ এনকামবার্ড হয়েছে, এখন সেইজন্য এখানে কমিউনিজম রোগের আক্রমণ দেখা দিয়েছে। এখানে একটা সংঘর্ষ, একটা সিভিল ওয়ার বাঁধাবার জন্য চায়না চেষ্টা করছে এবং আমাদের ভারতের কমিউনিস্টগণ যাতে সফলকাম হতে পারে তার জন্য আপ্রাণ চেষ্টা করছে। এদের হাত থেকে যাতে বাঁচতে পারা যায় তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। এই মরবিড ম্যাটার আমাদের বডি সিসটেমএ যা প্রবেশ করেছে তা দূর করতে না পারলে এই কমিউনিজম আক্রান্ত রোগে আমরা আক্রান্ত হব এবং শেষে মারা যাব এবং আমাদের সম্পূর্ণ দেশ তাদের আয়ত্তে আসবে, এ বিষয় কিছুমাত্র সন্দেহ নেই। আর একটা জিনিস আমার বলবার আছে। কমিউনিস্টরা ম্যাকমোহন লাইন মেনেছেন, খুব ভাল কথাই কিন্তু একটা সেকেন্ড ফ্রন্ট ব'লে দেশের মধ্যে আছে, সেটা আপনারা দেখেছেন কিনা জানি না। যদি পল্লীগ্রামে ঘোরেন তা হলে জানতে পারবেন যে, আমাদের দেশে একদল লোক আছেন, তাঁরা আত্মপ্রকাশ করেন না, তাঁরা কমিউনিস্ট, না সোস্যালিস্ট, না কি, তা মুখে কিছুই বলেন না। তাঁদের হাতে বিস্তর অর্থ আছে, সেই অর্থ দিয়ে তাঁরা আর্মস অ্যান্ড অ্যামিউনিশন আনবার চেষ্টা করছেন, তাঁরা অপেক্ষা করছেন যুদ্ধ একবার লাগলে হয়। তারা দেশদ্রোহী, দেশ যাতে সম্পূর্ণভাবে কমিউনিস্টদের হাতের আয়ত্তে আসে তার জন্য লড়াই করবে। গভর্নমেন্ট এ বিষয় অবহিত আছেন কিনা জানি না। আপনার বোধহয় মনে আছে এখানে আমি পূর্বে একদিন বলেছিলাম, কমিউনিস্টরা এত টাকা কোথা থেকে পায়? আমরা জানি, আমেরিকান প্রেসিডেন্ট একদিন বলেছিলেন দেশ থেকে দুর্নীতি দূর করতে হলে প্রত্যেকটি পলিটিক্যাল পার্টির কাছে কোথা থেকে টাকা আসে, সেটা দেখতে হবে। আমেরিকায় ব্যবস্থা আছে, কিন্তু আমাদের দেশে কোন পলিটিক্যাল পার্টি কোন সোর্স থেকে টাকা পায় তা নির্ধারণ করবার জন্য কোন ব্যবস্থা নেই। গ্রামের লোকের ভিতর এঁরা প্রবেশ করেছেন, তাঁরা গুপ্তভাবে আন্ডার গ্রাউন্ডএ প্রবেশ করেছেন, গভর্নমেন্ট হয়ত সে খবর রাখেন না। আর একটা কথা এখানে না ব'লে পারছি না। সেটা হচ্ছে আমাদের অ্যাডমিনিস্ট্রেশনএর গভর্নমেন্ট অফিসারদের সম্পর্কে। আমাদের সকল গভর্নমেন্ট অফিসারদের বিশ্বাস করতে পারা যায় না। আমরা দেখেছি কমিউনিস্ট সিমপ্যাথির বহু লোক গভর্নমেন্ট অফিসারদের মধ্যে আছেন। ট্রুম্যানের সময় অ্যামেরিকায় যেমন অ্যাডমিনিস্ট্রেশনএর ভিতর থেকে কমিউনিস্ট আইডিয়ার গভর্নমেন্ট অফিসারদের বের করবার প্রচেষ্টা হয়েছে, আজকে ভারতবর্ষের মধ্যেও সেই রকম প্রচেষ্টা হওয়া দরকার। কমিউনিজম আইডিয়ার বহু লোক পুলিসের মধ্যেও আছে। সেইজন্য আমরা সেইসকল পুলিসকে বিশ্বাস করতে পারি না। অবশ্য পুলিসের মধ্যে ভাল লোকও আছে এবং কমিউনিস্ট ভাবাপন্ন লোক, কমিউনিস্ট মাইন্ডেড পুলিস অফিসারও রয়েছে। এই কথা না ব'লে উপায় নেই। বিশেষভাবে চেষ্টা ক'রে অনুসন্ধান ক'রে দেখতে হবে এরা কারা? ব্যক্তিগতভাবে আমি পলিটিক্স সম্বন্ধে ইনকুইজিটিভ মাইন্ডেড। যখন আমাদের দেশে প্রথম পলিটিক্স গড়ে উঠেছিল তখন থেকেই, আমার ছেলেবেলা থেকেই আমি এর সংগে জড়িত।

[4-10—4-20 p.m.]

তার পর ইন্ডিয়ার নর্দার্ন বর্ডারএ আজ যেসমস্ত কান্ট্রি রয়েছে সেখানে কমিউনিস্ট চায়নার লোক ঢুকে বলছে তোমরা আমাদের বংশধর, তোমরা এরিয়ান ভারতের সংগে থেক না। আজ যদি নেপাল, ভুটান, সিকিমে এই প্রচার চলে, এ তো বড় ভয়ানক কথা। সেদিন একটা মিটিংএ আমি গিয়েছিলাম সেখানে নানাভাবের লোক ছিলেন- পন্ডিত লোক, সাহিত্যিক, রাজনীতিক সবাই ছিলেন এবং একটা আলোচনা হচ্ছিল যুদ্ধ যদি আসে কি করা যায়, বলা হচ্ছিল ইয়ংম্যানদের দিয়ে সেকেন্ড ফ্রন্ট করা হবে, ইয়ং উয়োম্যানদের নিয়ে থর্ড ফ্রন্ট হবে, বৃদ্ধদের নিয়ে ফোর্থ ফ্রন্ট গড়ে তোলা হবে। স্যার জন সাইমন বিলাতে গিয়ে একবার বলেছিলেন—বাঙ্গালীজাত খুব আন্দোলন করতে পারে, তাদের ফ্লাইটস অফ ইম্যাজিনেশন বহুবিস্তৃত, কিন্তু তারা কখনও মিলিসিয়া গড়ে তুলতে পারে না—একটা বন্দুক বইবার

শক্তি ও তাদের নেই। ডাঃ রায়কে বলি বাঙালীর এই অপবাদ দূর করবার চেষ্টা করুন। আমাদের মধ্যে মিলিসিয়া গড়ে তোলা দরকার—আমাদের ইয়ংম্যান সেদিক দিয়ে উপযুক্ত আছে—শুধু তারা সুযোগসুবিধা পায় না—সেই সুযোগসুবিধা দিয়ে তাদের উপযুক্ত ক'রে গড়ে তুলতে হবে। তাদের মধ্যে মিলিটারি স্পিরিটএর কোন অভাব দেখি না। আমরা বিশেষ ক'রে ট্রাবল্‌ড বর্ডারএ বাস করি সেজন্যে আমাদের ইয়ংম্যানদের ভাল মিলিটারি ট্রেনিং দেওয়া দরকার। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Chitto Basu: Sir, I beg to move that—

(i) in paragraph 1 for the words "amounts to Imperialist aggression" the words "is a natural trait of Imperialist Countries" be substituted,

(ii) in paragraph 3 the words "sinister and " be omitted,

(iii) in paragraph 3 for the word "anti-State", the word "anti-national" be substituted,

(iv) after the word "jeopardised" in paragraph 3 the words "and also realising the grave consequences of the moves of certain political parties and interested quarters from within and without calculated to spread war-psychosis to the serious detriment of national interests" be inserted,

(v) after the word "country" in last line of paragraph 4, the words "This Assembly further urges upon this Government to move the Union Government to take more effective steps for the defence of our motherland", be added.

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি যে অ্যামেন্ডমেন্ট মুভ করেছি তা পড়তে গেলে অনেক সময় লেগে যাবে, কাজেই আমি বলছি, ধ'রে নিন এটা পড়া হয়েছে। আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে যে আলোচনা চলেছে, সেই আলোচনায় আমি আশা করেছিলাম গুরুত্ব নিয়েই এই আলোচনা শুরু করা হবে। একথা আমি বলতে চাই যে, কমিউনিস্ট নেতা শ্রীজ্যোতি বসু মহাশয় সর্বপ্রথম বলেছেন যে, ভারতের বিশেষ অংশে কোন বৈদেশিক শক্তি আছে কিনা তা স্থির হয় নি। কিন্তু এটা স্থির করবার উপায় কি? যে ম্যাপ বা মানচিত্র আমরা পেয়েছি সেই মানচিত্র দিয়ে একথা প্রমাণিত হয়েছে যে, উত্তর-পূর্ব সীমান্তে এবং উত্তর-পশ্চিম সীমান্তের একটা বৃহৎ অংশ যার পরিমাণ ৪০ হাজার বর্গমাইল হবে সেটাকে ঐ চীনের অঙ্কিত যে মানচিত্র সেই মানচিত্রে চীনের অন্তর্ভুক্ত ব'লে টেনে নিয়েছেন। অতএব জ্যোতিবাবু যে বললেন, ইন্ডিয়া ভার্সান অফ থিংস মানব না, চাইনীজ ভার্সান অফ থিংস মানব সেটা খাটে না। নিশ্চয়ই আমরা ইন্ডিয়ান ভার্সান অফ থিংস মানব। যদি আমরা সত্যিকারের দেশপ্রেমিক হই তা হ'লে ভারত-সরকারের প্রকাশিত মানচিত্রকেই মেনে নিতে হবে, সেখানকার সীমানাকেই প্রকৃত ভারতীয় সীমানা হিসাবে ধ'রে নেব। আমরা মনে করেছিলাম ভারতের বিস্তৃত অঞ্চল যেখানে বিদেশী সৈন্য রয়েছে, বৈদেশিক রাষ্ট্রের অংশ হিসাবে আমাদের অংশকে ঘোষণা করা হচ্ছে, তখন সাময়িকভাবে আমি আশা করেছিলাম যে, এখানকার সকলে দেশপ্রেমিক নাগরিক হিসাবে তার বিরুদ্ধে প্রতিবাদ জানাব কারণ আমি মনে করি যেখানে জাতীয় সার্বভৌমত্বের প্রশ্ন, জাতীয় অখণ্ডতার প্রশ্ন, জাতীয় নিরাপত্তার প্রশ্ন, সেখানে সকলকে জাতীয় সরকারের পিছনে দৃঢ় হয়ে দাঁড়াতে হবে। দেশপ্রেমিক নাগরিক হিসাবে এটা আমাদের প্রথম এবং আবশ্যিক কর্তব্য ব'লে আমি মনে করি। ডেপুটি স্পীকার, স্যার, সাম্রাজ্যবাদী আক্রমণ হয়েছে কিনা তা আমার জানা নেই—চীনকে সাম্রাজ্যবাদী রাষ্ট্র আখ্যা আমি দিতে চাই না, কিন্তু ভারতের একটা বিস্তীর্ণ অঞ্চল নিজের কুক্ষিগত ক'রে রাখা কোন সমাজতন্ত্রবাদী রাষ্ট্রের কর্তব্য নয়।

কিন্তু সঙ্গে সঙ্গে আমি একটা কথা উল্লেখ করি। ডেপুটি স্পীকার মহাশয়, যখন আমাদের কাছে কংগ্রেস তরফ থেকে প্রস্তাব উত্থাপন করে যেসমস্ত লোক গুপ্তচরবৃত্তি করছে তাদের সম্বন্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করতে বলা হয়েছে, তখন দুঃখের সঙ্গে লক্ষ্য করছি প্রস্তাবে একটা বিষয় উল্লেখ করেন নি। সেটা হচ্ছে, ভারতবর্ষ ও চীনের ভিতর

দীর্ঘকাল ধ'রে যে মৈত্রী সম্পর্ক ছিল তাকে তিক্ত করার জন্য দেশের বাইরে এবং ভিতরে যে প্রতিক্রিয়াশীল শক্তি মাথা তুলে দাঁড়াচ্ছে, যারা ভারতবর্ষের ভিতরে, অভ্যন্তরে যুদ্ধের আবহাওয়া সৃষ্টি করে শ্রেণীস্বার্থে ব্যবহারের জন্য একটা সাম্রাজ্যবাদী গোষ্ঠীর ভিতর ভারত-বর্ষকে লিপ্ত করার জন্য সচেষ্ট, তাদের সম্পর্কে এই প্রস্তাবে উল্লেখমাত্র নাই। আমার সময় কম, নইলে প্রচুর পরিমাণ তথ্য দেখিয়ে বলতে পারি। 'ইন্ডিয়ান এক্সপ্রেস', টোয়েন্টিএথ অক্টোবর এডিটোরিয়ালএ লিখেছে, এখন আমাদের পাকিস্তানের সঙ্গে কমন ডিফেন্সএর ব্যবস্থা করতে হবে, তা না হ'লে ভারতবর্ষকে রক্ষা করতে পারব না। আমরা দেখছি, জনসংঘ যারা পাকিস্তানকে আক্রমণ করার জন্য প্রচার করত তারা 'স্টেটসম্যান', অক্টোবর টোয়েন্টি-সিক্সথএ বলছে—আজ আর যুদ্ধ নয়, পাকিস্তানের সঙ্গে যৌথ প্রতিরক্ষা ব্যবস্থা করতে হবে। ডেপুটি স্পীকার মহাশয়, সৈয়দ মামুদ, ইন দি মিনিস্ট্রি অব এক্সটারনাল অ্যাফেয়ার্স, ৪ঠা নভেম্বর বলেছেন, একটা ইন্টারভিউতে

India should follow a common defence Policy with Pakistan and Afganisthan.

অর্থাৎ এইভাবে যে পাকিস্তান একটা সামরিক গোষ্ঠীভুক্ত, সিয়াটোতে ইন্টারেস্টেড, যে পাকিস্তান আমেরিকা গোষ্ঠীর সঙ্গে সংশ্লিষ্ট, যে পাকিস্তান আমেরিকার অস্ত্রসম্ভারে সমৃদ্ধ, সেই পাকিস্তানের সঙ্গে ভারতবর্ষকে যৌথ প্রতিরক্ষা ব্যবস্থা করার জন্য বিদেশের শক্তিগুলি, প্রতিক্রিয়াশীলরা নিয়ে যেতে চায়। ডেপুটি স্পীকার মহাশয়, আমরা যখন একদিকে দেখতে পাচ্ছি, সাম্রাজ্যবাদীরা নিজেদের ইন্টারেস্টএ যুদ্ধোন্মাদনা সৃষ্টি করার জন্য চেষ্টা করছে, সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি, ভারতবর্ষের ধনিকগোষ্ঠীও চুপ ক'রে ব'সে নেই, তারা এই সুযোগ গ্রহণ করার জন্য চেষ্টা করছে। সম্প্রতি ১৪ই নবেম্বর তারিখে বিড়লা একটা বিশেষ বক্তৃতায় বলেন—আমি সেটা পড়ে দিচ্ছি, আমার কাছে আছে—তাতে তিনি বলেন, ভারত-চীন সীমান্তের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে ভারতের হয়ত তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাটি এক্ষণে নূতন ধরনের রচনার প্রয়োজন হইবে, এই কারণে সামরিক দিক হইতে গুরুত্বপূর্ণ রাস্তা, রেলওয়ে এবং আরও অধিকসংখ্যক ভারী শিল্পাদি গড়িয়া তুলিবার প্রয়োজন হইবে। অর্থাৎ ডেপুটি স্পীকার মহাশয়, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা যা রচনার মুখে, ১০ হাজার কোটি টাকা তাতে খরচ করা হবে কি হবে না—এই প্রশ্ন যখন আমাদের সামনে—তখন ধনকুবের বিড়লা নানারকম প্রশ্ন তুলেছেন, ওয়র ইকনমি অব ইন্ডিয়ান ডিফেন্স লক্ষ্য ক'রে বলছেন—

"Third plan's revision has become necessary because of Chinese activities on the Indian border তাই we now need a plan, said Mr. Birla, not only for growing prosperity in this country but also for the purpose of securing peace."

কাজেই এই যখন অবস্থা তখন আমরা ভেবেছিলাম কংগ্রেস তরফ থেকে যে প্রস্তাব আসছে তাতে নিশ্চয়ই ভারতবর্ষের অভ্যন্তরে এবং বাইরে যে শক্তিগুলি ভারতবর্ষের শান্তিপূর্ণ নীতি যা পঞ্চশীলের উপর নির্ভরশীল, সেই পররাষ্ট্রনীতির বিরুদ্ধে যারা কাজ করছে, তাদের বিরুদ্ধে বলিষ্ঠ কোন মেজারএর কথা প্রস্তাবে আনবেন।

[4-20—4-30 p.m.]

তিনি তাঁদের লক্ষ্য ক'রে বলেছেন

the idea of friendship is to have a strong iron chain of facts. It is not a chain of friendship, it is a chain of force, it is a chain faced by the compulsion of events. We do not want such chains to bind us.

অর্থাৎ ভারতবর্ষ কোন একটা শক্তিজোটে যুক্ত হয়ে যুদ্ধচক্রান্তে লিপ্ত হোক তা ভারতবর্ষ চায় না। কাজেই আমরা আশা করেছিলাম যে, এবং এখনও আবেদন করব যে, পণ্ডিত নেহরু লোকসভায় কংগ্রেস নেতা হিসাবে যে বক্তৃতা রেখেছেন এবং যে নন-অ্যালাইনমেন্টএর কথা বার বার ঘোষণা করেছেন তা যদি সত্যি হয় তা হ'লে পর আমাদের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হয়েছে তা গ্রহণ ক'রে বিশ্ববাসীকে জানানো উচিত যে, ভারতবর্ষ কোন যুদ্ধ শিবিরে লিপ্ত হচ্ছে না। আজকে এখানে কমিউনিস্ট পার্টি থেকে জ্যোতি বসু মহাশয় বলেছেন, শান্তিপূর্ণভাবে তাঁরা চীন-ভারত বিরোধের মীমাংসা করতে চান। আমরাও সে

সম্পর্কে তাঁর সঙ্গে একমত; কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও বলতে হবে যে, ভারতবর্ষের অভ্যন্তরে যতদিন বিদেশী সৈন্য থাকবে ততদিন কোন কথা ব'লেই এই সমস্যার মীমাংসা করা যাবে না, প্রথমেই ভারতভূমি থেকে চীনা সৈন্যের অবস্থান হটাতে হবে। ভারতবর্ষের পবিত্র বুক থেকে বিদেশী শাসনের অবসান ঘটাবার জন্য যে দেশপ্রেমের দ্বারা উদ্বুদ্ধ হয়ে আমাদের দলের নেতা শ্রীযুক্ত হেমন্ত বসু মহাশয় সত্যাগ্রহ করেছিলেন এবং আমরাও অনেকে তাতে অংশগ্রহণ করেছিলাম গোয়া থেকে পর্তুগীজ শাসন দূর করবার জন্য, আজও এই জাতীয় সংকটে আমরা সেইভাবে দেশের স্বার্থরক্ষার জন্য এগিয়ে আসতে প্রস্তুত আছি। সেইজন্য আমি মনে করি আমাদের দেশের সম্মান রক্ষা করার জন্য এই প্রস্তাবের প্রস্তাবকের আমাদের এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত এবং তাঁরা কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছে এই প্রস্তাব করুন যে, ভারতের সীমান্ত সুরক্ষিত করার জন্য যারা সীমান্ত অঞ্চলে বসবাস করেন তাঁদের রক্ষীবাহিনী তৈরি করার যেন ব্যবস্থা করা হয় এই ব'লেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Nepal Ray:

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি জানি না ১৯৪২ সালে আপনি জেলখানায় ছিলেন কিনা, শুধু পণ্ডিত নেহরুই নয়, ভারতবর্ষের, বাংলাদেশের আজকে যাঁরা এদিকে অর্থাৎ আমাদের দিকে ব'সে আছেন, তাঁদের অনেকেই তখন জেলে ছিলেন। আজকে কমিউনিস্টরা নানা কথা ব'লে পণ্ডিত নেহরুকে বিভ্রান্ত করছেন, কিন্তু পণ্ডিত নেহরু তাঁদের হাড়ে হাড়ে চেনেন। ব্রিটিশ সাম্রাজ্যবাদের এই অপজাত সন্তানদের পণ্ডিত নেহরু একটুও ভুল করবেন না। ১৯৪২ সালে এ'রা কি করেছিলেন? যখন সারা দেশের মানুষ ও প্রতিটি নাগরিক ব্রিটিশ সাম্রাজ্যবাদকে দূর করবার জন্য চেষ্টা করছেন তখন এ'রা কমিউনিস্টরা কি বলেছিলেন এ'রা বলেছিলেন, এটা জনযুদ্ধ, সাম্রাজ্যবাদের লড়াই নয়, এটা জনতার লড়াই। যাঁরা এই কথা বলতে পেরেছেন তাঁদের কাছ থেকে যদি আমাদের উপদেশ নিতে হয় তা হলে তার চেয়ে গলায় দাঁড়ি দেওয়া ভাল। আমি কতগুলি দৃষ্টান্ত রাখছি আপনার সামনে। তখন আমাদের জনসাধারণ কি করেছিলেন? যেখানে এ'দের দেখতে পেয়েছে সেখানেই তাদের জুতাপেটা করেছে। এ'রা দেশদ্রোহী, এ'রা ফিফ্‌থ কলামিস্ট। আমি এ'দের বলছি, এই দেশে থাকতে হ'লে পণ্ডিত নেহরু যেভাবে চালাবেন, পণ্ডিত নেহরু যেরকম পরামর্শ দেবেন, সেইভাবে এদের চলতে হবে। এখানে ইনিয়ে বিনিয়ে নানা কথা বললেই দেশের মানুষ এ'দের ছাড়বে না। ম্যাকমোহন লাইন ভারতের সীমানা নয়, যাঁরা আজকে এই কথা বলছে, তাঁরা ফিফ্‌থ কলামিস্ট ছাড়া আর কিছু নয়। কমিউনিস্ট পার্টি আজকে সারা ভারতবর্ষে ফিফ্‌থ কলামিস্টএর কাজ করছে। স্যার, শিলিগুড়ির এক ভদ্রলোক—তিনি শিলিগুড়ির প্রতিনিধি—তাঁকে আমি অনেকদিন থেকে জানি এই ভদ্রলোক নিশ্চয়ই বলবেন যে, আজকে শিলিগুড়িতে একজন কমিউনিস্ট মেম্বারকে পাওয়া যাবে না। এই দেশের জলবায়ুতে মানুষ হয়ে তাঁরা এই দেশের বাপকে বাপ বলবেন না, পরদেশের মানুষকে বাপ বলবেন এটা আমরা কখনও মানব না। আজ বাংলাদেশের জনসাধারণ এ'দের ভুল করবে না। জ্যোতিবাবু আজ এখানে খুব বড় বড় কথা বললেন, আমরা দেশকে ভালবাসি, আমরা দেশের উন্নতি চাই—আমরা দেশের স্বাধীনতা রক্ষা করতে চাই- দেশের স্বাধীনতা রক্ষা করার মানে এই যদি হয় যে, দেশের গভর্নমেন্টকে প্যারালাইজ করতে হবে, দেশের উন্নয়নমূলক কাজ নষ্ট করতে হবে, এই যদি দেশপ্রেম হয় তাহলে এ'দের সম্বন্ধে কি বলা যেতে পারে? স্যার, এ'দের দেশপ্রেমের সাক্ষী আমার কাছে আছে এ সম্বন্ধে দুয়েকটা ফটোস্ট্যাট কপি আমি হাউসের সামনে রাখব। এই চিঠিটা কেন এক হাই গভর্নমেন্ট অফিসিয়াল জ্যোতিবাবুর কাছে লিখেছেন—তার ফটোস্টেট কপি আমি আপনার কাছে প্লেস্ করছি।

File No. JB Genl./58, dated 1-9-58.

Dear Comrade,

You were out when I went to meet you at your residence on Saturday last. Hope that you have received the money—Rs. 52 (Rupees fifty-two) only, which was left with Sen Gupta. These are the monthly subscriptions, in respect of myself—Rs. 2, Nirmal Babu—Rs. 5, and A.N.R.—Rs. 15, and rest of the amount has been collected from Saroj Babu including his

own. The list of boys of Ambica Babu is with Shri A. N. R. O............ and it is learnt from Nirmal Babu that all will be given employment in different factories as soon as possible.

As regards Dandakaranya, it is not possible at the present moment to give the detail. The news sent to you by Saroj Babu should not be published now. As all the big masters here and at Dalhousie (i.e., Writers' Buildings) are within our stronghold, you need not be anxious about them. The list of the Superintendents is also sent herewith. The names indicated by red marks are our friends.

More when we meet.

With kindest regards,
Yours sincerely,
Sailesh Chandra Barman."

[4-30—4-40 p.m.]

Mr. Deputy Speaker:

এসবের সঙ্গে এর কি সম্পর্ক আছে?

Sj. Nepal Ray:

Let me narrate.

স্যার, ফিফথ কলামিস্টএর কাজ কিরকম সরকারী দপ্তরখানায় চলছে সেকথাই আমি বলছি। আমি চিঠিটা টেবল করলাম ফর ফিউচার রেফারেন্স এবং এটার উপর এনকোয়ারি করতে হবে। এই ভদ্রলোক একজন হাই গভর্নমেন্ট অফিসিয়াল। অর্থাৎ সরকারী দপ্তরখানার টপ র‍্যাঙ্ক হাই অফিসিয়ালসএর কাছে থেকে কমিউনিস্ট পার্টির জ্যোতিবাবুর কাছে লেখা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: How is it relevant to the present issue?

Sj. Nepal Ray:

আমাকে বলতে দিন এবং দেখুন যে এরা কিভাবে গভর্নমেন্ট মেসিনারির মধ্যে ঢুকে গেছে। আজ থেকে নয়, বহুদিন থেকে ওঁরা ভারতে চৈনিক বাহিনীর হয়ে স্পাইগিরি করছেন। দণ্ডকারণ্য রিহ্যাবিলিটেশন স্কীম সম্বন্ধে আমি এখন বিশেষ কিছু বলতে চাই না। সুপারিন্টেন্ডেন্টস অফ ডিফারেন্ট ক্যাম্পসএ চিঠি দিচ্ছেন যে, ওরা সব আমার লোক। রিফিউজি রিহ্যাবিলিটেশন যাতে না হয় সেজন্য অম্বিকাবাবু যেসমস্ত লোক পাঠিয়েছেন সেসমস্ত লোককে চাকরি দেওয়া হয়েছে এবং এরা সবই কমিউনিস্ট পার্টির লোক। আমি তাই কনক্লুড করবার আগে একথা বলছি যে, ঐ যিনি লীডার অফ দি অপোজিশন তিনি কিছুদিন আগে একটা প্রোসেশন লীড করে নিয়ে গিয়েছিলেন এবং তাতে কি ছিল শুনুন। আমরা দেখতে পাচ্ছি, যখন সারা ভারতবর্ষের মানুষ এদের ধিক্কার দিচ্ছে তখন এঁরা চীন সম্রাজ্যবাদীদের আলিঙ্গন করছেন। তাঁরা কি আগে চৌ এর নাম নিতে পারেন না? অর্থাৎ তাঁদের যে পোস্টার তাতে তাঁরা লিখছেন "নেহরু-চৌ"-এর বৈঠক চাই। কিন্তু "চৌ-নেহরু" বৈঠক চাই লিখতে কি ওঁদের লজ্জা করে? স্যার, তিনি যে বাড়িতে থাকেন—শ্বশুরবাড়িতে থাকেন—যদি সেই বাড়ির ভাড়াটে ভাড়া না দেয় তা হলে তিনি কি মামলা করেন না? আমি তাই বলছি যে, এক ইঞ্চি জমি দখল করার আগে চীনা সাম্রাজ্যবাদীদের সরে যেতে হবে। জ্যোতিবাবু কি এর জন্য ওকালতি করতে পারেন না? আমি তাই বলব যে, আগে তাদের সরে যেতে হবে তারপর বৈঠক হবে, তার আগে নয়।

Sj. Jyoti Basu:

স্যার, আমি ছিলাম না, কিন্তু আমি শুনলাম ঐ ভদ্রলোক আমার সম্বন্ধে কি সব বলেছেন এবং একটা চিঠির কথা বলেছেন।

A letter addressed to me but I do not know. Is it my letter to somebody or somebody's letter to me? But that letter he has stolen. A letter somebody has written to me that I have not received. He has stolen it.

Sj. Sudhir Chandra Ray Chaudhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে নরেশবাবু যে প্রস্তাব এনেছেন তার মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি আছে, এবং আরও অনেক কথা যা বলা উচিত ছিল তা বলা হয় নি, কিন্তু তা সত্ত্বেও আমি এ প্রস্তাব সমর্থন করছি। তার কারণ, এই প্রস্তাবে রয়েছে যে, চীন ভারতের বন্ধুত্ব ও বিশ্বাসের সুযোগ নিয়ে ভারতবর্ষের বুকে যে ছুরি মেরেছে, যে বিশ্বাসঘাতকতা করেছে তার তীব্র নিন্দা করা উচিত আর দেশের মধ্যে যদি পঞ্চমবাহিনী থাকে তাদের কার্য-কলাপ বন্ধ করবার জন্য কঠোরতম দমননীতির ব্যবস্থা করা উচিত। প্রস্তাবে এসব কথা থাকা সত্ত্বেও আমি একে অসম্পূর্ণ ব'লে মনে করি এবং সেইজন্যই একটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আজকে যখন আপনারা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে রেজলিউশন পাঠাচ্ছেন, তখন আপনাদের উচিত হবে পণ্ডিত নেহরু যা চান এবং যার জন্য তিনি পার্লামেন্টের কাছে ডিরেকশন চেয়েছেন এবং চীন সম্বন্ধে তার সাম্প্রতিক নীতি যা তিনি লোকসভায় পরিষ্কার ক'রে বলেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন ক'রে একটা প্রস্তাব পাঠান এবং এই কারণেই আমি নরেশবাবুর প্রস্তাবের শেষে এটুকু যোগ করবার জন্য একটা সর্ট নোটিশ অ্যামেন্ডমেন্ট এনেছি।

"Sir, I beg to move that this Assembly also agrees with Prime Minister Shri Nehru that with regard to China India's policy should be firm on every inch of her soil, but that at the same time she should do everything to avoid war, but if war is thrust upon her she should be prepared for it without in any way aligning with any foreign power."

আমার মনে হয় নরেশবাবুর প্রস্তাবের উদ্দেশ্য যদি সৎ হয় তা হলে তিনি আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন। যাই হোক আজ ভারতবর্ষ যে বিপদের সম্মুখীন হয়েছে তার জন্য দায়ী এই কংগ্রেস সরকারের ঘুমিয়ে থাকা নিষ্ক্রিয় নীতি। ভারত-সরকার যদি ভালভাবে সতর্ক থাকতেন তা হলে এই পরিস্থিতির উদ্ভব হ'তে পারত না। যদিও পণ্ডিত নেহরু ভুল স্বীকার করেছেন, কিন্তু সেই ভুল এত মারাত্মক যে, তার তীব্র নিন্দা না ক'রে থাকতে পারছি না। বর্তমানে আমরা যে অবস্থার সম্মুখীন হয়েছি তাতে কি বিধেয় তার একটা সুস্পষ্ট জ্ঞান আমাদের থাকা উচিত। কমিউনিস্ট পার্টির কার্যাবলী নিয়ে অনেক আলোচনা হয়েছে এবং আমি তাদের আচরণের তীব্র নিন্দা করি, কেননা আজ যখন ভারতবর্ষের স্বার্থ নিয়ে কথা উঠেছে তখন ভারতবাসী হয়ে কি ক'রে তারা ভারতের স্বার্থবিরোধী কথা বলছেন তা আমি ভেবে পাচ্ছি না এবং এই কারণে আমি তাদের রাষ্ট্রদ্রোহী ব'লে অভিযুক্ত করছি। এই যে লাডাক থেকে ভারতীয় রক্ষীবাহিনী ধ'রে নিয়ে গেল এবং তাদের কয়েকজনকে হত্যা করল এ নিয়ে তাঁরা কোন নিন্দাসূচক কথা বলেন নি এবং এ কথাও বলেন নি যে, "উই কনডেম চায়না ফর অ্যাগ্রেসন"। অবশ্য জনমতের চাপে শেষ পর্যন্ত তারা ম্যাকমোহন লাইনকে স্বীকার করেছেন কিন্তু তাঁরা কয়েকদিন আগে ময়দানে যে মিটিং করেছিলেন এবং যে মিটিংএ প্রিসাইড করেছেন আমাদের সুবোধবাবু তিনি কিন্তু তাতে ঐ ম্যাকমোহন লাইনকে স্বীকার করেন নি।

[Shame, shame from Congress Benches.]

আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, তাঁর একথা শুনে কমিউনিস্ট পার্টি তখন কিন্তু তার বিরোধিতা করেন নি। আজ এঁরা রাস্তায় রাস্তায় ব'লে বেড়াচ্ছেন যে, চৌ-এন-লাই ও নেহরুর মধ্যে বৈঠক চাই -কিন্তু শুধু কলকাতা শহরের রাস্তায় এসব কথা ব'লে কোন ফল হবে না। ভারতের একটা মর্যাদা আছে। অত্যন্ত লজ্জা ও পরিতাপের বিষয় যে, আজ তাঁরা ভারতবাসী হয়ে সেই মর্যাদাকে ক্ষুণ্ণ করতে চলেছেন। এটা হয়ত সত্য যে, কোন কোন রাজনৈতিক দল বা কিছু বড়লোক ক্ষমতা বা অর্থের লোভে লড়াই চান, কিন্তু দেশের এই অগণিত গরিব ও মধ্যবিত্ত জনসাধারণ তারা তো লড়াই চায় না—তারা শান্তিই কামনা করে এবং পণ্ডিত নেহরুও তাঁর শেষের চিঠিতে এই শান্তির কথাই বলেছেন। এঁরা এখানে ব'সে বলছেন যে, চৌ-নেহরু বৈঠক চাই কিন্তু তাদের যদি আন্তরিকতা থাকে তা হলে তাঁরা

"চায়না"-তে গিয়ে বলুন না কেন যে, আমরা চৌ-নেহরু বৈঠক করে এই সীমান্ত সমস্যার সমাধান চাই এবং তোমাদেরও তা অ্যাকসেপ্ট করতে হবে। কিন্তু একথা তো তাদের মুখ থেকে শুনছি না।

[4-40—4-50 p.m.]

আজ বড় দুঃখের কথা যে এই অবাঞ্ছিত ব্যাপার নিয়ে রাজনৈতিক মহলে যথেষ্ট দলাদলির সৃষ্টি হয়েছে এবং দলীয় স্বার্থ নিয়ে নানা রকম প্রচারও চলছে। এটা অত সহজ জিনিস নয়। পার্লামেন্টে আমরা দেখলাম, কোন কোন রাজনৈতিক দল বলেছেন যে বিদেশ থেকে সামরিক সাহায্য নিতে হবে। তারা বলেছেন যে পাকিস্তানের সংগে একত্রে লড়াই করতে আপত্তি নেই। হঠাৎ পাকিস্তান বন্ধু হয়ে গেল, কি করে হ'ল বোঝা শক্ত। পাকিস্তান তাড়াতাড়ি একটা বন্ধুত্বের ভান দেখিয়ে টুকের গ্রাম দিয়ে দিল। কিন্তু সেখানকার প্রধানমন্ত্রী বলেছেন যে পণ্ডিত জওহরলাল নেহেরুর সংগে চৌ-এন-লাইএর লাডাক নিয়ে যদি কোন মীমাংসা হয় তাহলে আমরা তা মানব না। আজ কোন বিদেশীকে ডেকে এনে তার সাহায্য নেওয়া অত্যন্ত ভুল হবে। ভারতবর্ষের দুর্ভাগ্য যে তারই দেশের লোক বারে বারে ক্ষমতার লোভে দলাদলি করে বিদেশীকে ডেকে এনেছে এবং বারে বারে ভারতবর্ষের স্বাধীনতা বিসর্জন দিয়েছে। আজ আমাদের দেখতে হবে যে এই পরিস্থিতিতে কেউ যেন বিদেশীকে ডেকে আনতে না পারে। আমি পণ্ডিত জওহরলাল নেহেরুর সংগে একমত। একটি পলিটিক্যাল পার্টির একজন নেতা বলেছেন যে ইকনমিক এড যখন নেওয়া যায় তখন সামরিক সাহায্য নিতে ক্ষতি কি? ইকনামক এড এর সংগে সামরিক এডের তুলনা ভ্রান্তিমূলক। ইকনমিক এড রাশিয়ার কাছে নিতে পারি আমেরিকার কাছে নিতে পারি। কিন্তু আজকে যদি আমরা সামরিক এড নেই আমেরিকার কাছ থেকে বা পাকিস্তানের কাছ থেকে তাহলে যে মুহূর্তে এলাইনমেন্ট হবে সেই মুহূর্তে ভারতবর্ষের বুকে যুদ্ধ ডেকে আনা হবে—এ আমরা চাই না। আজ ভারতবর্ষের জন্য ভারতবাসীকেই এক এক করে জীবন বলি দিতে হবে। ভারতের যে স্বাধীনতা, ভারতের যে ঐতিহ্য আজ ভারতবাসীকেই তা রাখতে হবে। আমরা চাই না পাকিস্তানের দালালি, আমরা চাই না, আমেরিকার দালালি, চায়নার দালালিও আমরা চাই না। আজ প্রত্যেকটি ভারতবাসী তার জীবন আহুতি দেবে ভারতবর্ষের স্বাধীনত রক্ষা করবার জন্য এই যেন আমাদের নীতি হয়।

Shri Jatin Chakravarty: I beg to move that—

(i) for the words "Imperialist aggression" in para. 1, the words "aggression on the Indian border" be substituted.

(ii) after the word "the" and before the word "influx" in line 1 of para. 2, the word "reported" be inserted;

(iii) after the word "Realising" and for the words beginning with "that the sinister" and ending with "Sovereignty of the country", the following be substituted, viz:—

"that the sinister and equivocal stand in regard to the Indian border in the north, particularly with regard to the occupation of the Aksai Chin area in Ladakh by China in the latest resolution of the Communist Party's National Council and propagation of this political line by the units of the C.P.I. and some other political parties and persons on the one hand and the attempts of the rightwing pro-imperialist elements and parties to work up Sino-Indian differences and create an atmosphere of war hysteria on the other are intended to undermine the true nationalist sentiments of the people of India and to jeopardise the territorial integrity of the country.

"And further realising

that the situation created has been the inevitable consequence of the purposeful orientation of the foreign policy of the Government of India under the catchy and illusive slogans such as 'Panch

Sheel' etc., which policy was intended for the benefit of the vested interests, particularly the Capitalist class, at the cost of national interests, such motive having been clearly manifested through the fact that the Government of India was aware of the incursions on the northern border of India by the Chinese Republic for years before the current impasse and the deliberate suppression of such facts by the Government of India from the Indian people and Parliament,

"As also realising

that during the current impasse even, the Prime Minister and other Ministers of the Government of India and Congress leaders in different States are keen about utilising the present situation in attempting to crush all legitimate agitation and struggle by the people under the cover of maintenance of national solidarity and integrity, instead of taking effective measures for the defence by the people of the territorial rights of the Indian nation,

"This Assembly records its emphatic protest against the activities of the Chinese Republic and urges upon the Government to represent to the Central Government to take a firm stand by announcing that a suitable basis for negotiations can be found only when aggression by China is vacated and the existing international frontiers of India accepted by India and China hitherto are taken as the basis of negotiations for further adjustments."

স্যার, যে প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে এসেছে তার উপর আমি একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেটা আমি আর সময় সংক্ষেপ বলে পড়ছি না, সেটা আমি ধরে নিচ্ছি এ্যাজ রেড। স্যার, যে সমস্যা আমাদের সামনে উপস্থিত হয়েছে সেটা অত্যন্ত গভীর এবং সংকটজনক, কিন্তু নিঃসন্দেহে সেটা অত্যন্ত ডেলিকেট। আজকে ভারত সরকার অত্যন্ত সতর্কতার সংগে এই সমস্যা সমাধানে নীতি এবং জনমত তৈরি করবেন। কিন্তু যে প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে আনা হয়েছে আমি মনে করি সেই প্রস্তাব অত্যন্ত ক্রুড এবং ব্লান্ট। সেইজন্য আমি একটা সংশোধনী প্রস্তাব এনেছি। সেই প্রস্তাবের মধ্যে আমি তিনটি প্রধান লক্ষ্য হিসাবে রেখেছি। প্রথমতঃ সীমান্তে এ্যাগ্রেসান ঘটেছে এবং নয়াচীন এই এ্যাগ্রেসান ঘটিয়েছে পশ্চিমবংগের জনসাধারণের পক্ষ থেকে স্পষ্ট ভাষায় এবং দৃঢ়কণ্ঠে একথা ঘোষিত হোক। এই সংশোধনের মাধ্যমে আমি বলতে চাই যে একটা নিন্দা প্রকাশিত হোক। দ্বিতীয় লক্ষ্য সঙ্গে সঙ্গে আমি রাখছি যে যুদ্ধ এবং শান্তি, ওয়ার এ্যান্ড পিস এই সংকটজনক প্রশ্নে ভারতবর্ষের কিছু সংখ্যক লোক এবং রাজনৈতিক দল দায়িত্বহীনভাবে আজকে রক্ষণশীলতার চিৎকার তুলে যে যুদ্ধের আবহাওয়া সৃষ্টি করছেন তার ফলে ভারতবর্ষের নিকৃষ্ট যে প্রতিক্রিয়াশীলতা তা আজকে আভ্যন্তরীণ যে রাজনীতি ন্যাশান্যাল পলিটিক্স তাকে বিষাক্ত করে তুলেছে। তারও নিন্দা আমার এই সংশোধনী প্রস্তাবের মাধ্যমে আমি করেছি। সেই নিন্দা আজকে জনসাধারণের পক্ষ থেকে ধ্বনিত হোক জনসাধারণকে আমরা সে বিষয়ে সতর্ক থাকতে বলছি। তৃতীয় লক্ষ্য কমিউনিস্ট পার্টি সম্বন্ধে—কমিউনিস্ট পার্টির রাইট উইং এক্সট্রিমিস্ট যাঁরা তাঁরা আজকে এই সংকটের সময় চীনের প্রতি আনুগত্য দেখিয়ে যে মারাত্মক বিভ্রান্তির সৃষ্টি করতে চাচ্ছেন সেই বিপদ সম্পর্কেও আমি এই সংশোধনী প্রস্তাবের মাধ্যমে জনসাধারণকে সতর্ক থাকতে বলছি। সোজা কথা ভারতবর্ষের বিপদ একদিক থেকে আসছে না, বিপদ তিনদিক থেকে আসছে। ভারতবর্ষকে আজ আঘাত হেনেছে তিনদিক থেকে, জনসাধারণের নিরাপত্তা এবং ভারতবর্ষের নিরাপত্তা আজকে তিনদিক থেকে সাংঘাতিকভাবে বিঘ্নিত হচ্ছে। প্রথম হচ্ছে চীনার আক্রমণে বিপদ, দ্বিতীয় হচ্ছে রক্ষণশীল রাজনীতির আক্রমণ, তৃতীয় হচ্ছে গোঁড়া মার্কসবাদী বলে যাঁরা নিজেদের জাহির করেন তাঁদের সেই বিভ্রান্তিমূলক প্রচার। প্রথমেই দেখা যাক চীনের ব্যাপারে নেহেরু আজকে যে এ্যাসেসমেন্ট করেছেন সেটা বহুদিন পরে তিনি করেছেন। পাঁচ বছর আগে চীন এ্যাগ্রেসের হিসাবে ভারতবর্ষের জমিতে ঐ

লাডাক অঞ্চলে প্রবেশ করেছে, সেটা তিনি পার্লামেন্টকে জানান নি, সাধারণ মানুষকে তিনি বিশ্বাস করেন নি, অন্ধকারের মধ্যে তিনি সেটা রেখেছিলেন, কিন্তু আজ তিনি সজাগ হয়েছেন। এর ইমিডিয়েট রিপারকেশান এবং ফিউচার রিপারকেশন কি সে সম্পর্কে তিনি এখন যে এ্যাসেসমেন্ট করেছেন যে এই যে সমস্যা এটা কেবলমাত্র মিলিটারী সমস্যা নয়, এর মধ্যে আজকে পলিটিক্যাল সমস্যাও রয়েছে—এই এ্যাসেসমেন্ট অত্যন্ত কারেক্ট এ্যাসেসমেন্ট, এটাকে আমি সমর্থন করি, কিন্তু সঙ্গে সঙ্গে এটা বলতে চাই যে আমাদের মনে সন্দেহ আছে এটা পণ্ডিত নেহরু পারস্যু করবেন কিনা সে সম্বন্ধে। এই প্রতিক্রিয়াশীলতা এবং রক্ষণশীলতার হাওয়ার মধ্যে আজকে কারা মাথা তুলছে ভারতবর্ষের রাজনীতি ক্ষেত্রে কংগ্রেসের যাঁরা প্রগতিশীল বলে পরিচয় দেন, দাবী করেন, তাঁদের আমি আজকে এটা ভেবে দেখতে অনুরোধ করছি। নাগপুরে কংগ্রেসের যে রিজলিউশন হয়েছিল তার বিরোধিতা করতে স্বতন্ত্র পার্টি মাথা তুলেছে, সঙ্গে সঙ্গে তারই প্রতিধ্বনি কংগ্রেসের একটা অংশের মধ্য থেকে আমরা আজকে শুনতে পাচ্ছি। আমরা কেরলা সরকারের বিরুদ্ধে আন্দোলন চালিয়েছি একথা ঠিক, কিন্তু আমরা দাবি করেছিলাম যে কেরালায় কমিউনিস্ট মন্ত্রীসভা পদত্যাগ করুক। আজকে কেন্দ্রের পক্ষ থেকে অগণতান্ত্রিকভাবে যে হস্তক্ষেপ করা হয়েছে তার ট্রেন্ড কোন দিকে সেটা দেখা যাচ্ছে। ভি কে কৃষ্ণমেননের সাথে থিমায়ার যে ঝগড়া সেটা আজকে আমরা দেখতে পাচ্ছি। সঙ্গে সঙ্গে ওদিকে আয়ুব খাঁ উৎসাহ পাচ্ছেন। সঙ্গে সঙ্গে আমরা এও দেখতে পাই টাণ্ডন সাহেব এবং তাঁর অনুগামী ডাঃ রঘুবীর যাঁরা হিন্দী সাম্রাজ্যবাদের প্রধান হোতা তারা আজকে পার্লামেন্টে কংগ্রেসের পক্ষ থেকে সবচেয়ে বেশি চেঁচামেচি শুরু করে দিয়েছেন।

[4-50—5 p.m.]

স্যার, আমি কংগ্রেস বন্ধুদের জিজ্ঞাসা করতে চাই ইউ পির পাঁচটা জেলাতে যে সিভিক ইলেকশন ও মিউনিসিপ্যাল ইলেকশন হয়ে গেল, সেখানে কেন প্রতিক্রিয়াশীল জনসংঘ অধিক সংখ্যায় আসন গ্রহণ করলো? সঙ্গে সঙ্গে আমার যে তৃতীয় কথা বলতে চাইছিলাম যাঁরা ম্যাকমোহন লাইনের উপর বিভ্রান্ত সৃষ্টি করেছেন এবং লাডকের ৪০ মাইল অভ্যন্তরে চলে আসবার পরও অর্থাৎ চীনেদের এই এ্যাগ্রেশান যেটা বাস্তব সত্য সেটাকে আজ কমিউনিস্ট পার্টি স্বীকার করছেন না। তাঁদের মধ্যে এই যে কনফিউশন, এই ধরণের যে মনোভাব, তার অর্থ আমি খুঁজে পাই না। সঙ্গে সঙ্গে তাঁদের মধ্যে যে ভেসিলেশন, দ্বিমত দ্বিধা, সংশয় দেখা দিয়েছে এবং সেটা ছড়াচ্ছেন পিস ও লাভের নামে। শেষ পর্যন্ত যদি চাইনিজ এ্যাগ্রেশন দূর না হয়, যদি চীনের সঙ্গে একটা মীমাংসা না হয়, যদি লড়াইএর পথে যেতে হয় তাহলে সেটা আমাদের দুর্ভাগ্য। আজকে আমাদের যেখানে ঐক্যমত হওয়া দরকার, সেখানে আমি জিজ্ঞাসা করতে চাই যে দ্বিধা, সংশয় আজকে তুলেছেন, সেটা কি আমাদের দেশের পক্ষে মঙ্গলজনক হচ্ছে? সঙ্গে সঙ্গে ন্যাশনাল কাউন্সিলএর যে বৈঠক মীরাটে হয়ে গেল সেখানে তাঁরা বলেছিলেন একদল শ্রী নেহরুকে সমর্থন করেছেন, শ্রী নেহেরুর পররাষ্ট্র নীতিকে সমর্থন করেন, কিন্তু শ্রী নেহেরুর ভাইটাল এ্যাসেসমেন্টএর যেখানে এমফেসিস, সেই সম্পর্ক থেকে তাঁরা সিফ্‌ট করে গিয়েছেন সেই বেসিস থেকে সিফ্‌ট করে গিয়েছেন। এই যে ভেসিলেশন দ্বিধাগ্রস্থ, দোদুল্যমান অবস্থা, এটাই সংকটজনক। সঙ্গে সঙ্গে আজকে যখন প্রতিক্রিয়াশীলরা বলছেন ফাইভ-ইয়ার প্লেন বন্ধ করে দেওয়া হোক, এবং তার সমস্ত টাকা মিলিটারী ডিফেন্স প্রিপারেশনের জন্য চলুক, তখন দেখতে পাচ্ছি কমিউনিস্ট পার্টি আবার উল্টো দিক থেকে বলছেন মিলিটারী ডিফেন্স মেজারের কোন প্রয়োজন নেই। এক্ষেত্রে আমি বলবো যে প্রতিক্রিয়াশীল, প্রথমে যাঁরা বলছেন ওঁরা যেমন এক্সট্রিম, তেমনি এঁরাও এক্সট্রিম। সেই অবস্থার মধ্যে আমার যে কথা আগে বলেছি, আমি আবার আমার দলের পক্ষ থেকে ঘোষণা করছি যে আমরা শান্তিপূর্ণ মীমাংসা চাই কিন্তু শান্তিপূর্ণ মীমাংসা যদি করতে হয় তাহলে আমাদের ভারতবর্ষের মাটির উপর যে চাইনিজ এ্যাগ্রেশান হচ্ছে, সেই চাইনিজ এ্যাগ্রেশান মাস্ট বি ভেকেটেড, আজকে সেই কথা চীনকে বলে দিতে হবে। আমাদের রাজ্যের যে অংশ চীন গ্রাস করছে চীনকে তা ছাড়তে হবে। মান-মর্যাদার সঙ্গে যদি চীনের প্রধানমন্ত্রী ও আমাদের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক বসে তাহলে আমরা সেই বৈঠককে সমর্থন করি। সেইজন্য আমার প্রস্তাবের শেষ অংশে এই কথা লিখেছি যে "This Assembly records its emphatic protest against the activities of the Chinese Republic and urges upon the Government to represent to the

Central Government to take a firm stand by announcing that a suitable basis for negotiations can be found only when aggression by China is vacated and the existing international frontiers of India accepted by India and China hitherto are taken as the basis of negotiations for further adjustments.

যতক্ষণ পর্যন্ত এই প্রস্তাব তারা মেনে না নেয় ততক্ষণ পর্যন্ত আমাদের এই শান্তির কথা বা আলোচনার কথা ওঠে না। আমি সর্বশেষে এই কথা বলতে চাই আমরা যে সংশোধনী প্রস্তাব এনেছি আজকে যদি কংগ্রেসের পক্ষ থেকে তা গ্রহণ করা না হয় তাহলে আমি এই কথা ঘোষণা করতে চাই—দেশের অখণ্ডতার দিক থেকে, দেশের নিরাপত্তার দিক থেকে, আমরা সকলের সাথে একসাথ হয়ে, এক পথে, এক সঙ্গে দাঁড়াতে চাই। কিন্তু যে প্রস্তাব ও'রা অত্যন্ত স্থূলভাবে এনেছেন সেই প্রস্তাবের পক্ষে আজকে আমাদের পক্ষে ভোট দেওয়া যাবে না, জাতির অখণ্ডতা ও নিরাপত্তার প্রশ্নে আমরা ভোট দিতে চাই। কিন্তু আজকে ও'রা আমাদের বঞ্চিত করবেন সেই ভোট দেবার অধিকার থেকে যদি আমাদের সংশোধনী প্রস্তাব না মেনে নেন।

Dr. Radha Krishna Pal:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকের আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। দেশ যখন অত্যন্ত বিপন্ন অবস্থার মধ্যে এসে পড়েছে তখন আমরা এখানে আজ নিজেদের মধ্যে এই বিষয় নিয়ে আলোচনা করছি। ম্যাকমোহন লাইনের উত্তরে চীনা সৈন্যের সমাবেশ, ভারতের ঘাঁটি লাংজু অধিকার ভারতীয় পাদারদের উপর আক্রমণ, তিব্বত সংকট এবং চীনা কর্তৃক তা দখল—এই যে ভারতের বিরুদ্ধে নানাভাবে এ্যাগ্রেশান, এই যে আক্রমণ এসব ব্যাপার আমাদের অত্যন্ত সংকটজনক অবস্থার মধ্যে ঠেলে দিয়েছে। কিছু আগে আমাদের কমিউনিস্ট পার্টির নেতা বললেন লাডাকে যেসমস্ত লোক নিহত হয়েছে, তাদের জন্য তাঁরা দুঃখিত, কিন্তু কিছুদিন আগে দেখা গিয়েছিল মীরাটে অধিবেশনে যখন তারা জনতার চাপে ম্যাকমোহন লাইনকে মেনে নিতে বাধ্য হলেন তখন বাংলাদেশের উগ্রপন্থী কমিউনিস্টরা তা মানতে চান নি। ডাঙ্গে, নাম্বুদ্রিপাদ এটাকে মানতে বলেছিলেন, তখন এরা তা মানতে চান নি। এখন হয়ত জনতার চাপে তারা মানতে বাধ্য হয়েছেন। তা ছাড়া আমি তাঁদের একথা জিজ্ঞাসা করি যে চীন ভারতের মাটিতে সৈন্যসমাবেশ করে বসে থাকবে আর নেহেরুজী চৌ-এন-লাইয়ের সঙ্গে বৈঠকে বসবেন এটা কি করে সম্ভব? ডেপুটি স্পীকার মহোদয়, এটা কি করে সম্ভব যে, ভারতের ভিতরে চীনা সৈন্য থাকবে, তারা লংজু অধিকার করে থাকবে এবং তারা যে ৪০ হাজার বর্গমাইল চাইছে তা তাদের দিয়ে আমরা তাদের সঙ্গে মিটমাট করব, তাদের সঙ্গে বৈঠকে বসব? এই যে দৃষ্টিভঙ্গি, এই যে মনোভাব এতে আজ সারা বাংলা দেশ, সারা ভারতবর্ষ বিক্ষুব্ধ, এতে তাদের মাথা লজ্জায় অবনত হয়ে গেছে। সাম্যবাদ লোকে চায়—সকলেই চায়, ভারতও চায়, সাম্যবাদ গড়ে উঠুক, কিন্তু সে সাম্যবাদ ভারতের মাটির সঙ্গে রসের যোগাযোগ রেখেই যেন গড়ে উঠে. কিন্তু ও'রা যে সাম্যবাদ এখানে প্রতিষ্ঠা করতে চান তার শিকড় রয়েছে অন্যত্র, তার নাড়ির সম্পর্ক অন্য দেশে নিহিত। আপনারা জ্যোতিবাবুর পিছনে যদি তাকিয়ে দেখবেন দুটো শিকড় আছে তার একটি গেছে পিকিংএ আর একটি গেছে চলে মস্কো। ভারতের এই বিপদের দিনে পণ্ডিত নেহরুকে সমর্থন করেছেন শ্রীসুধীর রায়চৌধুরী মহাশয়, শ্রীযতীন চক্রবর্তী মহাশয় এবং ফরোয়ার্ড ব্লক পি এস পি, জ্যোতিবাবু বলে গেলেন পি এস পিতে মানতে পারে তাদের দেশের জন্য কি বা ত্যাগ আছে অত্যন্ত নেগলিজেন্সএর সঙ্গে একথাগুলি তিনি বলে গেলেন। কিন্তু ভুলে গেছেন পি এস পি-এর ডাঃ সুরেশ ব্যানার্জি মহাশয়, এবং ডাঃ প্রফুল্ল আমাদের বাংলাদেশের গৌরব -ভবতকে বাংলাদেশের মহান অবদান তাঁরা দুজন।

[5—5-20 p.m.]

তাঁদের আদর্শ অনুসরণ করার মত যে ক্ষমতা সেই ক্ষমতা জ্যোতিবাবুর কোথায়? তাই তিনি যাঁরা বাংলা তথা ভারতের ঐতিহ্য তাদের অগ্রাহ্য করে বলে গেলেন। আজ দেখুন ডেপুটি স্পীকার মহাশয়, বান্দুং কনফারেন্সের সহঅবস্থান নীতি পদদলিত হয়েছে, ভারতবর্ষের বুকের

উপর ঘাটি করে চীন আজ অন্যায় আক্রমণ আর কমিউনিস্ট পার্টি বক্তৃতায় বলছেন তারা ম্যাকমোহন লাইন মানে না। ১৭৫৭ খ্রীস্টাব্দে পলাশীর প্রান্তরে যে বেইমানী হয়েছিল, বিশ্বাসঘাতকতা ঘটেছিল, সেখানে খণ্ডিত বাংলা উদ্ধার করলেও এরা বেইমানী ঘটাবে। হিসটোরী রিপিটস ইটছেলফ—ইতিহাসের পুনরাবৃত্তি আজকে এসে পড়ছে। আজকে তাই বাংলা তথা ভারতবর্ষের ১০-১২ কোটি যুবকধর্মকে আহ্বান করবো এবং বলবো—

তোরা পারিস শাসিতে
হাসিতে হাসিতে,
সুমেরু হইতে কুমেরু অবধি
বারেক জাগিয়া করিলে পণ।

ডেপুটি স্পীকার মহাশয়, আজ এই মহাদুর্দিনে আপনি জানেন, কিছুক্ষণ আগে বিজয় সিংহ নাহার মহাশয় বলে গেলেন ১৯৪২ সালে ঐ পার্টির কি ভূমিকা ছিল, আজকে আমি ফরওয়াড ব্লককে সাবধান করে দিচ্ছি—হেমন্তবাবু, কানাইবাবু এঁরা যেন আর পার্টি অ্যালায়েন্স না করেন ভোটের সময়। তাঁরা যেন মনে রাখেন যে ১৯৪২ সালে জনযুদ্ধের নাম করে যারা একদিন নেতাজীকে কুইসলিং বলেছিল, জাপানের দালাল বলেছিল এবং যে নেতাজীর গলায় রজ্জু দিয়ে তোজোর কুকুর বলে ব্যঙ্গচিত্র প্রদর্শন করেছিল সেই কমিউনিস্ট পার্টির ভূমিকা দেশদ্রোহীর ভূমিকা কিনা সেটা আজ সকলেরই জানা আছে। এদের সম্বন্ধে গালাগালি দিলে লোকে বলবে গালাগালি দেন কেন, এরা তো গালাগালির উর্ধ্বে। যুগের যা কিছু লজ্জা সমস্ত কিছু এরা হজম করে বসে আছে, এরা লজ্জাহীন। সুতরাং ডেপুটি স্পীকার মহাশয়, একথা বলছি আমাদের ঐতিহ্যপূর্ণ বাংলা তথা ভারতবর্ষ সম্বন্ধে জ্যোতিবাবু বলে গেলেন তাঁর পার্টিকে ব্যান করে দিলে কি হবে, চলে যাবেন জেলখানায়, বাহুবা তো হয়েছে, কিন্তু তা নয়, এরকম একদিন পাঠান, শক, হুন, এসে অত্যাচার করেছিল, হাজার হাজার বছর রাজত্ব করেছিল, কিন্তু তারা নিঃশেষ হয়ে চলে গেছে। আমি এটাই জানাবো যেহেতু আজকে চীন আক্রমণকারী এদের ইনভেডার বলে ধরবো, সেই চীনের যারা বন্ধু, তাদের সঙ্গে আমাদের কোন সংযোগ নাই, আমি আমার মাননীয় নেতার মাধ্যমে এটাই জানাবো এই পার্টি সম্বন্ধে এমন ব্যবস্থা করুন যাতে তারা কোন বিশ্বাসঘাতকতা করার, দেশের বিরোধিতা করবার সুযোগ না পায়। আমি আমাদের নেতার মাধ্যমে ভারত গভর্নমেন্টকে এটা জানাই ভারতবর্ষকে রক্ষা করবার জন্যই ভবিষ্যতে এই পার্টি সম্বন্ধে যেন সজাগ দৃষ্টি রাখেন এবং যা কিছু করণীয় সেরূপ ব্যবস্থা করেন। আমরা যা দেখছি এ সম্বন্ধে যদি প্রতিকার না করেন তাহলে আবার পলাশীতে যে বেইমানী ও বিশ্বাসঘাতকতা হয়েছিল সেই জিনিসই বাংলা তথা ভারতবর্ষকে নাগপাশে আবদ্ধ করবে।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-20—5-30 p.m.]

Shri Siddhartha Shankar Roy: Mr. Deputy Speaker, Sir, far more, in fact, infinitely more than party politics is involved in the discussion today. It is therefore highly desirable and indeed necessary that our deliberations should be cool and calculated, our reasonings logical and our language temperate. This dispute with China must not be looked upon as an advantageous emergence of an ugly situation which, if successfully fanned, was capable of rehabilitating lost political prestige or power or enhancing the reputation of any political party. This dispute by itself transcends all local and petty party bickerings and manoeuvring to positions of political vantage, for it is the man's finest emotion, his love for his country and his nation. What is at stake today—that is the burning question? In fact, what is really in the balance today is our nationalism, our territorial integrity and, perhaps in the final analysis, our political sovereignty.

Sir, I shall not tax the patience of the honourable members by taking them through the history of the dispute, unfortunate though it might have been between India and China. Neither do I intend to go into the history of the dispute or of the validity of the McMahon Line or of our claim to the Ladakh area. Honourable members, I am sure, are all aware of that. Indeed, Sir, I do not think that I shall be making any undocumented accusation if I were to say that to the unbiassed mind the Chinese assertion is historically incorrect, politically unsound, legally untenable and morally wrong, and any Indian who directly or indirectly supports the Chinese stand stands certainly the risk of being branded as a stooge, a traitor and an enemy of the people. I am, like millions of my countrymen, quite incapable of either understanding or appreciating the Chinese stand. For plainly, Sir, it is a stand of an offensive aggressor out on a colonisation jaunt and this jaunt we cannot tolerate. It is difficult indeed in words couched in proper parliamentary language to express one's feelings of indignation of the whole Chinese attitude. It is therefore, Sir, a matter of pride that on this issue the Government of India has shown the worth that it can deal with a situation as this with a capability radiant with dignity, with a firmness tingled with maturity. It is a matter of pride in the manner in which the Government of India has tackled the situation. Indeed any criticism of Pandit Jawaharlal Nehru's handling of the situation or of the Central Government's handling of the situation is totally uncalled for. I was not in India until yesterday. I was surprised to find in various foreign newspapers criticisms being levelled about Pandit Nehru's popularity and suggestions were thrown out that Pandit Nehru was losing the battle in India and that something was going to happen. Sir, I want the honourable members to realise this that there are some people, there is a strong section of international press who day in and day out try to run down India and her Prime Minister, who day in and day out try to criticise India and her stand, her present stand which although winning the admiration of the vast majority of the people both in India and outside has also attracted some criticism. It is, therefore, of the utmost importance that it should be made absolutely and definitely clear that we Indians unitedly stand behind the Prime Minister of India in his dealings with China. The firmness is certainly called for, the decision should be taken in the maturest possible way. No doubt about it, but at the same ime it must be remembered that in dealing with China today we are dealing with a country which has quite in an unprovoked manner killed nine Indian patrolmen in whose veins flowed the blood of India, and this act of aggression coupled with others cannot possibly prevent a person unless he is politically blind in terming China as a brutal aggressor—an aggressor out to create difficulty, to increase its empire or to do some other unknown things which up till today she has not disclosed to anybody. In 1954 we had entered into the agreement concerning Tibet, you all know. Under that agreement we had dealt with China in the friendly manner. We had under the terms of agreement accepted the suzeranty of China in respect of Tibet and had granted various other facilities to her. We had year in and year out espoused the cause of China in the United Nations. In fact, even ten days ago in a television interview our defence Minister was firmly saying that China should be admitted as a member of the United Nations. In spite of this to be treated in this manner without any prior intimation and without any prior indication that such things were coming is something which cannot possibly be tolerated. Sir, I am not going to waste the time of the House any longer, because this is not really a day for words, this is really a day of deliberation, of really believing in what you do. When you pass the resolution which has been moved today—and I understand that the amendment moved by my honourable friend Shri Sudhir Chandra Ray Chaudhuri is going to be accepted—when you pass the

resolution today you must do so in all seriousness and you must bear in mind the responsibility which you are taking in passing such a resolution.

[5-30—5-40 p.m.]

Indeed, Sir, one would not be an Indian if he were not to support the resolution today and above all to proclaim to the world at large that India stands united in this cause and that although we shall certainly try to solve the disputes in a peaceful manner but if necessary steps have to be taken to see that we get back what was lawfully ours, and to that end I am sure that we Indians, the younger generation will unhesitatingly come forward to contribute to the national cause.

Before I sit down I want to make one thing absolutely clear. The spying in Kalimpong has been a matter which has attracted the attention of the Government of India for some time past. In fact, I remember Pandit Nehru describing Kalimpong once upon a time—not very long ago—as a nest of spies. Kalimpong is situated in West Bengal. It is indeed also the duty of the State Government here to see today that this spying system is brought to an end and that the entry of undesirables into the areas near-about Kalimpang should be prohibited. For that purpose I shall request the Government of West Bengal to depute there a younger man in charge of the police portfolio—may be as a Deputy to the Police Minister— quite justifiably I have no confidence in him—a younger man is necessary—our present Police Minister unfortunately has been suffering from a malady which does not allow him to go to those places where there is high altitude. Of course that young man should be from the Congress party but he should be placed in charge of this very responsible assignment. He should be given the necessary help to see that this shameful blot is erased from the face of West Bengal for all time to come. That is the request I make to the members of the Congress Party sitting opposite. With these words I support the resolution and I hope that it would be carried with the unanimity which it certainly deserves.

Shri Tarapada Chaudhuri: Mr. Deputy Speaker, it was China that led the way five years ago in the Soviet bloc's recognition of the need for friendly relation with uncommitted new nations of Asia. Mr. Chou En-lai met Mr. Nehru and signed the famous five principles of peaceful co-existence. With his slogan 'Asia for Asians' he dominated the Bandung conference. Along the Asian frontiers of the Communist bloc no rigid military front line developed comparable to that which has come to divide Europe. SEATO did not grow into another NATO yet today the same Chinese regime with the same Chou En-lai as Prime Minister goes out of its way, to frighten its uncommitted neighbours and above all India by territorial claims and aggressive behaviour along its frontiers. This Chinese military reveals a double purpose—one is to directly intimidate and if possible annex the lamaist border population from Bhutan and Sikkim to Ladakh.

Sir, a similar situation was once faced by the Soviet Government who could not feel safe against the Ukranian nationalism until all the Ukranian population had been brought under direct Soviet control. The other and wider purpose is to teach the Indians a lesson, to show them that they are powerless and they had better abide by the Chinese interpretation of peaceful co-existence. If they are proved powerless by this Chinese attack, Nepal, Bhutan and Sikkim are bound to submit to the Chinese wishes. The indignation of the Indians themselves may lead to passive resignation after an initial bout of shouting, once they are proved incapable of defending their frontiers. What do the Chinese now want?

They want a cowed down and submissive India. Now, the Chinese have deliberately chosen to demonstrate the weakness of India as a matter of deliberate policy. The conflict no longer turns on any question of ideology or territory as such. It now concerns the status and dignity of Indians as a sovereign nation. The present tension between India and China may continue or go, but it must be remembered that China is there and the Chinese agents are there and we have been taught that vigilance is the price of liberty and eternal vigilance is necessary. I will, in this connection, draw the attention of the Central Government and the State Government that they have got to maintain strict vigilance over the activities not only of the Chinese people here but also of the Chinese agents. No more of *Chini Chini Bhai Bhai*. History shows that China has always been aggressive towards its neighbours. China will be condemned perpetually by history for what she has done to India. To us the integrity of our country is a matter of honour and life. Under the cloak of friendship for the last five years, the Chinese are now proceeding seriously to give effect to their expansionist ambition. India is now facing a grave threat to her security and unless the situation is handled with statesmanship and cool courage, the country's integrity would be threatened and this may lead to an international war.

Sir, we have failed to liberate our brethren in Goa and we could not stop China from overrunning Tibet. We should give up for good the idea of answering the naked aggression of China in our non-violent way or drafting long diplomatic notes and delivering rhetorical speeches. We have got to take bold action in this matter.

Sir, on the Sino-Indian border, the fifth columnists are carrying on propaganda that the Chinese Army across the border is the liberation army. The espionage activities that are being carried on in Kalimpong have converted Kalimpong into a nest of spies and I would demand that this nest of spies should be broken down at once.

Sir, the question of patriotism of a particular political party has been raised. I do not know what sort or brand of pariotism it is. Sir, the patriotism of the Communist Party of India is unthinkable in the context of the patriotism that is prevalent even in Russia or China or in the rest of the world. The sooner this brand of patriotism having its root in the soil of another country is discarded, the better for the party concerned. Sir, when the whole country is demanding—almost all the political parties are demanding—the withdrawal of Chinese troops from the Indian soil, is it too much to expect that the members of the Communist Party, as sons of the soil, should join their voice with others and demand with the same voice for the withdrawal of the Chinese troops from the Indian soil? Are not they the sons of the soil? Do they not enjoy the bread and butter of this country? Do they not enjoy the protection that Government is giving to the people of this country? It passes my understanding how this sort of patriotism—this internaionalism—can flourish in the country when the sovereignty of the country is at stake.

[5-40—5-50 p.m.]

Sir, I cannot help saying that even the Communist Party's resolution adopted by the National Council of the Communist Party will give a lie to the facts that have been stated by the Leader of the Opposition. The most important thing is that the policy and activities of the disturbers of peace in this time should be curbed. It is desirable that no misunderstanding on any side should be allowed to exist. In this connection what I would like to submit is that in case of emergency like this not only arms

and ammunitions are needed but the unity and harmony in the midst of the civic population has to be kept intact and any disruptive forces participating in the lockout and strikes must be curbed and restrained as this will jeopardise the efforts of the country towards the solution of the crisis with which the country is being faced. Therefore, I would ask the State Government and the Central Government as well to keep a very strict watch over the activities of those agents who are out to help the Chinese expansionism policy. A vigilant watch should be kept by pursuing their activities with the Labour Unions.

With these words, Sir, I support the resolution moved by Shri Narendra Nath Sen.

Shri Sudhir Chandra Ray Choudhuri: This Assembly also agrees with Prime Minister Shri Nehru that with regard to China India's policy should be firm. At the same time she should do everything to avoid war. If however war is thrust upon her she should be prepared for it without in any way aligning with any foreign power.

Shri Narendra Nath Sen: Sir, I accept this amendment moved by Shri Sudhir Chandra Ray Choudhuri.

Shri Subodh Banerjee: Sir, I move that—

(i) in para. 1, for the words beginning with "forcible occupation" and ending with "Imperialist aggression," the words, "recent Sino-Indian border incidents," be substituted;

(ii) in para. 2, for the words beginning with "that the influx" and ending with "of the Republic of India," the words, "the vile propaganda now being carried on by the reactionary, communal and fascist elements of our country with the avowed aim of disrupting the friendly relation between India and China, developing war-psychosis and making the India Government change its policy of non-alignment and join the Imperialist War Bloc," be substituted;

(iii) in para. 3, for the words beginning with "and anti-State" and ending with "territorial integrity might," the words, "and anti-people activities of these reactionary forces are likely to endanger peace and democracy in India and that the interests of the people of our country may, therefore," be substituted; and

(iv) in para. 4, for the words beginning with "records its" and ending with "of the country," the words, "urges upon the Government of West Bengal to request the Central Government to take immediate steps so that the representatives of the India and the Chinese Governments may sit together and settle the boundary-dispute peacefully through negotiations without further delay," be substituted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাব কংগ্রেস দলের তরফ থেকে নরেন সেন মহাশয়, এনেছেন সেই প্রস্তাব সম্পর্কে আমি কয়েকটি সংশোধনী প্রস্তাব দিয়েছি। এই মূল প্রস্তাবের প্রস্তাবক যে দলের অন্তর্ভুক্ত, সেই দলের সভ্যদের কাছে আমার কয়েকটা প্রশ্ন আছে। প্রথম জিজ্ঞাসা তাঁরা এই প্রস্তাবের দ্বারা কি চান? তাঁরা কি চান যে, ভারত-চীন সীমান্ত বিরোধ শান্তিপূর্ণভাবে মীমাংসিত হোক, না, তাঁরা চান লড়াইয়ের মাধ্যমে এই বিরোধ মীমাংসিত হোক। অথবা এই বিরোধকে কেন্দ্র করে ঠাণ্ডা লড়াইএর আবহাওয়া দেশের মধ্যে তাঁরা জিইয়ে রাখতে চান? যদি তাঁরা চান যে, এই বিরোধ শান্তিপূর্ণভাবে আলাপআলোচনার মাধ্যমে মীমাংসিত

হোক তাহলে অহেতুক চড়া কথা, অহেতুক তিক্ততা, দেশের মধ্যে অহেতুক যুদ্ধ উন্মাদনা সৃষ্টি করে কি সেই উদ্দেশ্য সফল হবে? এই প্রশ্ন আমি তাঁদের কাছে রাখছি। বহু বিষয়ে পণ্ডিত নেহেরু তথা ভারত সরকারের সঙ্গে আমাদের মৌলিক মতভেদ আছে। তাঁর বৈদেশিক নীতি বর্তমান আন্তর্জাতিক অবস্থায় ভারতীয় পুঁজিবাদকে দ্রুতগতিতে শক্তিশালী করার উদ্দেশ্যে পরিচালিত—এই হল আমাদের দৃঢ় বিশ্বাস। তা সত্ত্বেও তিনি যে শান্তির কথা বলছেন অথবা সাম্রাজ্যবাদী যুদ্ধবাদীদের দলে খোলাখুলিভাবে যোগ দেন নি তার জন্য কার্যতঃ বিশ্বশান্তি আন্দোলন জোরদার হচ্ছে। সেই পথ ত্যাগ করে যুদ্ধের নীতি অথবা ঠাণ্ডা লড়াইএর নীতি গ্রহণ করলে দেশের আরও সর্বনাশ হবে। চীন সরকার বলছেন যে, তাঁরা শান্তিপূর্ণভাবে সীমান্ত বিরোধের মীমাংসা চান, ভারত সরকারও বলছেন যে, শান্তিপূর্ণ মীমাংসা করতে হবে। মতভেদ সত্ত্বেও উভয় সরকারই আলাপ আলোচনার মাধ্যমে এই বিরোধের শান্তিপূর্ণ মীমাংসা চান। এ ক্ষেত্রে উভয়েই একমত। কারও সততায় সন্দেহ প্রকাশ করে গালাগালির পথ ধরা তাই ঠিক নয়। যখন উভয় দেশের সরকারই বলছেন যে, শান্তিপূর্ণভাবে এই সীমান্ত বিরোধের মীমাংসা করা দরকার তখন সেই জায়গায় যুদ্ধের জিগির তুলে ঠাণ্ডা লড়াইএর আবহাওয়া সৃষ্টি করলে কার উদ্দেশ্য সাধিত হবে? তাতে নিঃসন্দেহে উভয়দেশের জনগণের স্বার্থ বিপন্ন হবে। যুদ্ধোন্মাদনার মধ্য দিয়ে যাদের সুবিধা হচ্ছে, সে বিষয় আমি একবার বিবেচনা করে দেখতে বলি। যারা রাজনীতি থেকে দেশবাসী কর্তৃক ময়লা হিসাবে দূরে নিক্ষিপ্ত হয়েছিল তারা কি এর মধ্য দিয়ে নিজেদের আবার পুনর্বসতি করার চেষ্টা করছে না? আমি জিজ্ঞাসা করি জনসংঘ কি জনসাধারণের সমর্থন হারিয়েছিল? জিজ্ঞাসা করি পি এস পি কি জনসমর্থন হারিয়েছিল? জিজ্ঞাসা করি স্বতন্ত্র পার্টির নেতারা কি অজ্ঞ অন্ধকারের অতলে ডুবে যান নি? ভারত-চীন সীমান্ত বিরোধকে খাড়া রেখে যুদ্ধোন্মাদনা প্রচারের মধ্য দিয়ে এইসব অতি প্রতিক্রিয়াশীল শক্তির কি নিজেদের আবার রাজনৈতিক আসরে পুনঃপ্রতিষ্ঠিত করছে না? ভারবর্ষের জনসাধারণের এতে কিছু সুবিধা হচ্ছে কি? এতে তাদের সর্বনাশই হবে। আমি মনে করি যে ভারতবর্ষের জনসাধারণের প্রকৃত স্বার্থের জন্য এই দুই দেশের মধ্যেকার সীমান্ত বিরোধ শান্তিপূর্ণভাবে মীমাংসা করা দরকার, এবং তার স্বার্থে দেশের মধ্যে যুদ্ধউন্মাদনা প্রচার বন্ধ করে দিতে হবে। এই দুই দেশের মধ্যে যদি লড়াই লাগে তাহলে ভারতবর্ষের স্বার্থ বিপন্ন হবে। (কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।) আমি ভারতবর্ষের নাগরিক ভারতবর্ষের জলবায়ুতে আমি গড়ে উঠেছি। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে আমি একজন সৈনিক ছিলুম। সুতরাং ভারতবর্ষের কিসে ইষ্ট কিসে অনিষ্ট হবে সে সম্বন্ধে বলার অধিকার কংগ্রেস দলের কোন সভ্যের চেয়ে আমার কম নয়। যারা সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের দিনে ইংরেজের পা চাটতে অথবা ভয়ে আন্দোলনে ১৯৪৭ সালের পর নামে নি যারা কন্ট্রাক্ট ও পারমিটের লোভে শাসক দল কংগ্রেসে ঢুকেছে তাদের কাছ থেকে আমি দেশপ্রীতির পাঠ নিতে চাই না, সে পাঠ আমার অনেকদিন আগে নেওয়া হয়েছে। সুতরাং ভারতবর্ষের জনসাধারণের স্বার্থের কথা চিন্তা করে আমি মনে করি যে, লড়াইএর আবহাওয়া সৃষ্টি করা অন্যায় হচ্ছে। এই লড়াইএর আবহাওয়া কয়েকজন ফাটকাবাজ ব্যবসাদার ছাড়া জনসাধারণের কাউকে কোন সাহায্য করছে না। যাতে জনসাধারণকে তাদের দৈনন্দিন দাবীদাওয়ার ভিত্তিতে পরিচালিত আন্দোলন হতে বিপথে নিয়ে যাওয়া যায়, যাতে দেশের মধ্যে ফ্যাসিবাদী উগ্র জাতীয়তাবাদের ও যুদ্ধউন্মাদনার আবহাওয়া সৃষ্টি করা যায়, যাতে সমাজতান্ত্রিক শিবির তথা প্রকৃত সমাজতন্ত্র সম্পর্কে জনগণের বিরূপতা তৈরি করা যায় সেই উদ্দেশ্যে ভারতীয় পুঁজিপতি শ্রেণী ভারত-চীন সীমান্ত বিরোধকে কাজে লাগাবার চেষ্টা করছে। এই প্রস্তাব সেই অসৎ উদ্দেশ্যকে সাহায্য করার জন্য আনা হয়েছে। আক্রমণ, আক্রমণ বলে কংগ্রেস দল হতে চেঁচান হচ্ছে। আমি জিজ্ঞাসা করি এর দ্বারা কি সমস্যার সমাধান হবে? আপনি যদি বলেন চীন আক্রমণকারী চীনও বলবে ভারত আক্রমণকারী। (পুনরায় কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)—এই পারস্পরিক গালাগালি—মিউচুয়াল রেকিমিনেশনএ কি সীমান্ত বিরোধের শান্তিপূর্ণ মীমাংসা হবে? আমি মনে করি শান্তিপূর্ণ মীমাংসার স্বার্থে এই পরস্পর আক্রমণ প্রতিআক্রমণ বন্ধ করা দরকার। কঠিন কথায় কোন সুফল ফলবে না বরং তা শান্তিপূর্ণ সমাধানকে ব্যাহত করবে। কাজেই আমি বলি যে উভয় দেশের প্রধানমন্ত্রী একসঙ্গে আলোচনায় বসুন, এবং আলাপআলোচনার মাধ্যমে সীমান্ত বিরোধের মীমাংসা করুন।

[5-50—6 p.m.]

আমি মনে করি বসবার জন্য কোন পূর্ব শর্ত কোন প্রিকন্ডিশন আরোপ করা ঠিক হবে না। পণ্ডিত নেহেরু শান্তিপূর্ণ মীমাংসার কথা বলেছেন। সেক্ষেত্রে কোন পূর্ব শর্ত আরোপ করার অর্থ যদি এই হয় যে, আপোষ আলোচনার দোরই বন্ধ হয়ে যাবে তাহলে তা ঠিক হবে না। আপোষ আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণ সমাধানই যখন একমাত্র শ্রেষ্ঠ পথ সেখানে আপোষ আলোচনার পথ রুদ্ধ করা হঠকারিতা বলে গণ্য হবে। তাই আমি বলি যে, কোন পূর্ব শর্ত আরোপ না করে আপোষ আলোচনায় রফা হক এবং সেখানে ভারতের যা দাবী তা পেশ করা হোক। আপোষ আলোচনার দোর যেন বন্ধ হয়ে না যায়, এই দাবী আমি বার বার করবো। পূর্ব শর্ত আরোপ যে পথ বন্ধ করবে, তাই আমি পূর্ব শর্ত আরোপের বিরোধী। পূর্ব-শর্ত আরোপ না করলেই দাবী ছেড়ে দেওয়া হল—এই কথা যারা ভাবে তারা আপোষ আলোচনায় বসারই বিরোধী; তবে সেকথা খোলাখুলিভাবে বললে যুদ্ধবাজ হিসাবে গণ্য হবার ভয় আছে বলে কৌশলে আপোষ আলোচনার পথ বন্ধ করতে চায়, আলোচনায় বসার পূর্ব-শর্ত আরোপ করে। সর্বশেষে আমি যে কথাটা বলতে চাই তা হল জনগণের দেশপ্রীতি সম্বন্ধে। কংগ্রেসের পক্ষ থেকে আমাদের দেশপ্রীতি সম্পর্কে মন্দের প্রকাশ করা হচ্ছে। দেশপ্রীতি কারও একচেটিয়া নয়। (ফ্রম দি কংগ্রেস বেঞ্চ—তুমুল হট্টগোল ও চীৎকার।) বোঝা দরকার, জনগণের দেশপ্রীতি ও বুর্জোয়া জাতীয়তাবাদ এক ও অভিন্ন নয়। বুর্জোয়া জাতীয়তাবাদ বুর্জোয়া দর্শনেরই অংগ, পুঁজিবাদী শাসনও শোষণ ব্যবস্থাকে টিকিয়ে রাখার কৌশলী হাতিয়ার। জনসাধারণের মধ্যে যে স্বভাবজাত ও স্বাভাবিক দেশপ্রীতি আছে, তাকে পুঁজিবাদী স্বার্থের কাজে লাগাবার উদ্দেশ্যে পুঁজিপতিরা বুর্জোয়া জাতীয়তাবাদের ঢাক পেটার, উগ্র জাতীয়তাবাদ অর্থাৎ ন্যাশানাল শভিনিজম্-এর প্রচার চালায়। এই উগ্র জাতীয়তাবাদ ফ্যাসিবাদের মানসিক প্রস্তুতি গঠন করে দেশের সর্বনাশ করে। দেশবাসীর স্বার্থেই তাই উগ্র জাতীয়তাবাদের প্রচারের প্রতিবাদ করা দরকার। দেশকে অর্থাৎ দেশের জনতাকে প্রকৃত ভাল না বাসলে সত্যিকারের দেশপ্রেমিক হওয়া যায় না। যাঁরা দেশের মানুষকে শোষণ করছে, যাঁরা পুঁজিবাদী শোষণ ও শাসন ব্যবস্থাকে কায়েম রেখে দেশবাসীর জীবনকে দুর্বীসহ করে তুলেছে তারা আজ নিজেদের দেশপ্রেমিক হিসাবে জাহির করছে। এটা ভণ্ডামি; শয়তানিও বলতে পারা যায়। প্রকৃত দেশপ্রেমিক হল তারাই যারা দেশবাসীকে সকল রকম শোষণ ও অত্যাচার হতে মুক্ত করার জন্য জীবনপণ সংগ্রাম করছে। আমরা সে চেষ্টা করছি। তাই আমরা এবং দেশের সংগ্রামী জনসাধারণই হল সত্যিকারের দেশপ্রেমিক। আর আপনারা যাঁরা দেশবাসীকে শোষণ ও অত্যাচারের যাঁতাকলে প্রতিনিয়ত পিষ্ট করছেন, বলেন দেশবাসীর অর্থাৎ দেশের শত্রু। আপনাদের মুখের উগ্র জাতীয়তাবোধ রাজনৈতিক অচেতন জনতাকে ভুল পথে, ফ্যাসিবাদের পথে চালাবার জঘন্য প্রয়াস। (ফ্রম কংগ্রেস বেঞ্চ—নয়েজ ও ডিস্টারবেন্স) কি বলছেন? মুক্তির ফৌজ? মুক্তির ফৌজ এই দেশের শোষিত জনতা তাদের মধ্য থেকেই গড়ে তুলবে। তারাই তাদের নিজেদের মুক্তি সাধন করবে। (প্রলঙ নয়েজ অ্যান্ড ইন্টারাপশন) বিপ্লব আমদানী করার জিনিস নয়, তা নিজের দেশেই গড়ে ওঠে। তাই বিদেশী সৈন্য দিয়ে দেশবাসীর প্রকৃত মুক্তি আনা যায় না। যারা তা জানে না তারা সমাজ বিজ্ঞানের অ, আ, ক, খ, জানে না; সমাজতন্ত্রের প্রকৃত তাৎপর্যও তারা বোঝে না যদিও সমাজতন্ত্র কথাটা তার প্রায়ই মুখে ব্যবহার করে থাকে। দেশবাসীর মুক্তির জন্য অবশ্যই দেশপ্রীতি চাই, কিন্তু উগ্র জাতীয়তাবোধ নয়। উগ্র জাতীয়তাবোধ, বুর্জোয়া জাতীয়তাবাদ, গণমুক্তির ঘোরতর শত্রু। বিখ্যাত মনিষীর কথা—

Nationalism is the last resort of all scoundels.

স্মরণ করতে বলি। সুতরাং আমি মাননীয় সদস্যদের বলি—কোন কোন দল, কিছু কিছু লোক প্রতিক্রিয়াশীল শক্তি, যারা নিজেদের কায়েমী স্বার্থ বজায় রাখবার উদ্দেশ্যে দেশকে সাম্রাজ্যবাদী যুদ্ধবাজদের সংগে যুদ্ধ করবার চেষ্টা করছে এবং তার জন্য যে যুদ্ধের আবহাওয়া সৃষ্টি করছে তাকে প্রতিরোধ করতে হবে; যাতে করে ভারত-চীন সীমান্ত বিরোধ আপোষ আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণভাবে মীমাংসীত হয় তার জন্য চেষ্টা করতে হবে। আমি পশ্চিম বাংলা সরকারকে অনুরোধ করবো যে তাঁরা কেন্দ্রীয় সরকারকে মুভ করুন যাতে উভয় দেশের মধ্যে যে বিরোধ, তার আশু সমাধান হয়। আজকে কংগ্রেসীদের মুখে "জাতি বিপদে"—নেশন ইন্

ডেনজার এই আওয়াজ শ্লোগান শুনছি। একদিন মুসলিম লীগএরও মুসলিম ইন ডেনজার এই আওয়াজ ছিল। সেই প্রতিক্রিয়াশীল আওয়াজের বিরুদ্ধে জাতীয়তাবাদী মুসলমানদের দাঁড়াতে হয়েছিল জাতীয় স্বার্থে। ঠিক তেমনি, আজ ন্যাশন ইন ডেনজার এর প্রতিক্রিয়াশীল আওয়াজ পুঁজিবাদী শাসন ও শোষণ ব্যবস্থাকে দৃঢ়তর করার জন্য তোলা হচ্ছে। গণতন্ত্রের জন্য একে প্রতিরোধ করা দরকার। আমার যে সংশোধনী প্রস্তাব তাতে আমি এই কথাই বিশেষ করে বলতে চেয়েছি যে যে যুদ্ধের আবহাওয়া সৃষ্টি করবার জন্য চেষ্টা হচ্ছে সেটা বন্ধ করা দরকার। কারণ এই প্রকারে প্রচারের মধ্যে দিয়ে কেবলমাত্র তারাই শক্তিশালী হবে, যারা নন এলাইনমেন্ট পলিসি চালাতে চান না এবং যারা সাম্রাজ্যবাদী জোটে যোগ দিতে চায়। তাই আমি পশ্চিম বাংলা সরকারকে অনুরোধ করবো যেন কেন্দ্রীয় সরকারকে মনে করেন যে, উভয় দেশের প্রধানমন্ত্রী একসঙ্গে বসে আপোষে আলোচনার মাধ্যমে সীমান্ত বিরোধের একটা মীমাংসা করা হোক। আলোচনার পথ বন্ধ যাতে না হয় সেইজন্য কোন পূর্ব শর্ত না দেওয়াই ভাল। আমার এই কথা যেন পশ্চিম বাংলা সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে যায়। এই মনে করে আমি রাখছি।

Shri Abani Kumar Basu: Mr. Deputy Speaker, Sir, I was so long listening to the speech made by Shri Subodh Banerjee, our friend opposite. I was having a feeling like this that he was trying to out-Herod Herod, he was trying to outdo the activities of the Communist Party of India. Sir, I would presently refer to his speech but before that I should say that he was talking of peaceful settlement of the border dispute between China and India. He has not the courage, the fairness to call it an aggression on the part of the Chinese Government. The leader of the Opposite, Shri Jyoti Basu, tried to differentiate between incursion and aggression. I could not really speaking follow his words. If wanton violation of long accepted territorial integrity of India extending over thousands of miles, if brutal killing of innocent patrolmen at the borders, at Ladak and Longju, particularly at a time when India is not in a State of belligerence with China, is said to be incursion, well, I admit I do not know what aggression is.

Sir, we find that the border now is in a state of ferment. We find increasing activities on the part of some Chinese nationals aided and abetted by some children of our soil. It is high time that our Government should take precaution to stop all these subversive activities of these gentlemen. Sir, we find in recent times that there has been an emergence of various laundries and dental clinics, etc. in Calcutta, Howrah and other border towns. When undesirable aliens are trying to carry on their insidious propaganda through all these bases, Sir, as people of an independent country we cannot tolerate our soil to be used by these quislings. Sir, the role that our friend the Communist Party of India has pursued in the past and also is pursuing in the present shows unmistakable symptoms that they owe their allegiance to some foreign power; they have extra-territorial loyalty. Sir, if I am to quote the words of Pandit Nehru, he said that these gentlemen have their roots and minds outside India. Some one hour back our friend Shri Jyoti Basu was eulogising the stand of Pandit Nehru. While we fully appreciate the stand of Pandit Nehru, as honourable citizens of this State we do not find that there is any justification of this bogey raised by the Communist Party of India of a joint sitting beween the two Prime Ministers while the occupation army force of the Government of China continues to remain in occupation of portion of territory in Indian Union.

[6—6-10 p.m.]

Is it an honourable act, I ask Shri Jyoti Basu? Sir, I find that a suggestion has been made that the sponsors of this resolution have in their mind a desire to join in a power bloc. As one of the supporters of this resolution

I emphatically dissociate with this view and repudiate the same. Whi I feel that India will not close its door for an honourable settlement, ε the same time I say that India cannot afford to tolerate an aggression o her territorial integrity. Sir, much has been said about settlement. I this connection I may draw the attention of this House to the offer mad by Pandit Nehru that in Ladakh area the forward patrols should not mov on either side and in Longju, pending settlement, the Chinese occupations force should withdraw from there. I ask Shri Jyoti Basu: has tha offer of a settlement been accepted? So, Sir, while I say that it is nc the intention of the sponsors of this resolution to align with any powe bloc, at the same time I feel that some firmness is necessary in the Govern ment attitude towards dealing with all those foreign elements and anti nationals who have been carrying on day to day insidious propaganda an subversive activities against the State by which the safety and security o the State is likely to be in danger in the near future

With these words, Sir, I support this resolution.

Sjkta. Labanya Prova Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভারত সীমান্তে চীনের কার্যকলাপে ভারতবর্ষের জনগণের মধ্যে আকস্মিক উত্তেজনা, বিবিধ সন্দেহ, এবং দেশবাসীর মনে বিশেষ আশংকাও দেখা দিয়েছে। অপরদিকে এ বিষয়ে ভারতের দিক থেকে প্রস্তুতি সম্পর্কে উপযুক্ত গুরুত্ব দেখা দিচ্ছে না ব'লেও বহু লোকে চিন্তান্বিত হয়ে উঠেছেন। এই সঙ্গে এই বিষয়ে ভারতের প্রধান মন্ত্রীর দিক থেকেও উপযুক্ত নেতৃত্বের পরিচয় ঘটছে না ব'লেও বহু অভিযোগ দেখা দিয়েছে। এই আন্তর্জাতিক গোলযোগ এই বিবিধ অভিযোগের পরিস্থিতির মধ্যে, ভারতবর্ষের আভ্যন্তরীন রাজনৈতিক কার্যকলাপসমূহও যে বাঞ্ছিত ধারায় প্রবাহিত হচ্ছে না তাও অনস্বীকার্য।

কোন কোন পক্ষ থেকে বলা হচ্ছে চীন ভারত আক্রমণ করতে চায় না। পারস্পরিক ভুল বোঝার ভিত্তিতেই এই অবাঞ্ছিত গোলযোগ ঘটে গেছে। চীনের দিক থেকে ভুল বোঝার অবকাশের কথাও যদি কেউ তোলেন, তাহলে আমরা মনে করতে পারি, চীন যে মনোভাব ও কর্মধারা নিয়ে অগ্রসর হচ্ছে তা কখনো ভুল মিটিয়ে নেবার পন্থা নয়। আপোষের সদিচ্ছা একটা বিশেষ মনোভাব ও আচরণের অপেক্ষা রাখে। চীন যে কর্মধারা গ্রহণ করেছে তাতে একথাও অনস্বীকার্য যে তার দ্বারা সে ভারতের মনে যথেষ্ট সন্দেহ সৃষ্টির অবকাশ দান করেছে।

কমিউনিস্ট পার্টির অন্তর্ভুক্ত বিশ্বের সকল স্থানের সকল দলের মধ্যে একটা ঐক্য, একটা যোগসূত্র আছে বলে মনে করা স্বাভাবিক। চীনের কার্যকলাপ সদিচ্ছাসম্পন্ন কোনো পরিচ্ছন্ন নীতির বিষয় হয়ে থাকলে ভারতের কমিউনিস্ট পার্টির পক্ষে চীনের মতিগতি জানার কোনো অসুবিধা ছিল না। ভারতের কমিউনিস্ট পার্টির এবিষয়ে উক্তি ও আচরণসমূহ দেখে মনে হচ্ছে তাঁরা চীনের মতিগতি যা উপলব্ধি করেছেন তাকে ন্যায়সংগত জনবিক্ষোভের হাত থেকে সামলে নেবার জন্যে আজ তাঁদের বহু বিড়ম্বনার মধ্যে পড়তে হয়েছে। চীনের সদিচ্ছা সম্বন্ধে তাঁদের মনে ধারণা পরিস্কার থাকলে, তাঁরা বলতে পারতেন—উদ্ভুত ভ্রান্তি পারস্পরিক আপোষের মধ্যেই ঠিক হয়ে যাবে। কিন্তু সে কথা তাঁরা বলতে পারেন নি। তাঁরা জনমতের আশংকারই চাপে পড়ে এবং চীনের মনোভাবের অনিশ্চয়তার মধ্যে পড়েই বলতে বাধ্য হয়েছে যে ম্যাকমোহন লাইন বিষয়ে চীনের অযৌক্তিক দাবি থাকলেও ম্যাকমোহন লাইনই ভারতের সীমান্ত থাকবে। এতে পার্টির দুর্বলতারই পরিচয় ঘটেছে। এতে চীনের অবাঞ্ছিত মনোভাব বিষয়ে কমিউনিস্ট পার্টির অন্তরের প্রকাশ ঘটেছে। চীনের অবাঞ্ছিত আক্রমণ বিষয়ে দ্ব্যর্থ ভাষায় যে প্রতিবাদ জানাবার দায়িত্ব এবং কর্তব্য কমিউনিস্ট পার্টির ছিল—সে দায়িত্ব পালনের থেকেও তাঁরা বিরত হয়েছেন।

ভারতের ন্যায়সংগত স্বার্থরক্ষার দায়িত্ব প্রত্যেক ভারতবাসীর। এই স্বার্থরক্ষার দাবী জাতীয়তাবাদ নয়। একে আন্তর্জাতিয়তা বনাম সংকীর্ণ জাতীয়তাবাদ বলা যায় না। আন্তর্জাতীয়তা প্রশ্নের প্রধানতম অঙ্গ সকল দেশের সার্বজনীন নিরাপত্তা ও ন্যায়সঙ্গত

স্বার্থরক্ষা। কোন দেশের এই ন্যায়সংগত স্বার্থ বিপন্ন বলে, সেই দেশের আত্মরক্ষার প্রয়াস, আন্তর্জাতিকতাবাদের পরিপন্থী নয়; আন্তর্জাতীয়তাবাদই তা অঙ্গ। কিন্তু কোন দেশ যদি আন্তর্জাতিকতার নামে সাম্রাজ্যবাদী অভিলাষ নিয়ে অপরদেশের প্রতি অগ্রসর হতে থাকে—তবে তার কাজ আন্তর্জাতীয়তার বিঘ্নরূপেই দেখা দেবে? তাকে প্রতিহত করার প্রচেষ্টা সংকীর্ণ জাতীয়তার আখ্যা পেতে পারে না।

বিশ্বের সকল দেশের কমিউনিস্ট পার্টিগুলির মধ্যে ঐক্যবন্ধযোগসূত্র আছে, একথা যদি সত্য হয় এবং চীনের কমিউনিস্ট সরকারের মধ্যে ভারত সীমানার ভূখণ্ড বিষয়ে কোন সাম্রাজ্য-বাদী অভিলাষ যদি থেকে না থাকে তাহলে আমরা আশা করতে পারি—ভারতের কমিউনিস্ট পার্টি চীনের সঙ্গে প্রতিষ্ঠানগত আলোচনার মধ্যে দিয়ে অচিরেই ভারতের ন্যায্য দাবী ও ব্যাপক জনমতকে প্রতিষ্ঠিত করতে পারবেন। এবং চীন সম্পর্কে ভারতের নিরাপত্তাকে সন্দেহমুক্ত করতে পারবেন। এই বিষয়ে তাঁদের আজকের এই প্রস্তাবিত প্রচেষ্টার মধ্য দিয়েই ভারতবর্ষের জনগণের ন্যায়সংগত অধিকার বিষয়ে তাঁদের সদিচ্ছার পরিচয় লাভ হবে। লোক চক্ষুর অন্তরালে আমাদের সীমান্তে যে সকল বিদেশীর কার্যকলাপ চলছিল, তার প্রতি উদাসীন বা অন্ধকারে থেকে যে আশংকাজনক পরিস্থিতির উদ্ভব হতে চলেছিল তার তথ্যসমূহ জনসমক্ষে উদ্ঘাটিত ক'রে দেশের কতকগুলি রাজনৈতিক দল ও বিশিষ্ট ব্যক্তিরা প্রশংসনীয় কাজ করছেন সত্য। তাঁদের প্রতি আমার অনুরোধ জরুরী অবস্থা প্রয়োজনে যে কাজ করবার রয়েছে সে কাজ যেন আমরা প্রয়োজনীয় স্থিরতা ও সংযম সীমার মধ্যেই করি। তার বাইরে গিয়ে যেন আমরা অনিচ্ছাকৃতভাবেও দেশের জনজীবনে কোনভাব অযথা ভীতির সৃষ্টি করে বিশৃংখলার কারণ না হই। যেন আমরা আন্তর্জাতিক সম্বন্ধ পুনর্গঠনের কাজকে কোনভাবে ব্যাহত না করি।

বিশ্ব রাজনীতির ব্যাপার বিষয়ে আমাদের প্রধানমন্ত্রীর জ্ঞান বিশ্ববিদিত। কিন্তু আজ একথা অস্বীকার করবার উপায় নেই যে, দেশের এই সীমান্ত সম্পর্কে আন্তর্জাতিক সম্বন্ধ ও ধারণা বিষয়ে তাঁর দীর্ঘকালের এই উদাসীনতা, এমনকি অমনোযোগিতা দ্বারা দেশের শান্তি ও নিরাপত্তা বিঘ্নিত হবার আশংকা ঘটেছে। আমাদের প্রতিবেশী রাষ্ট্রের মতিগতির অনিশ্চয়তার জন্য অনেক সময় সীমান্তরক্ষার সর্ববিধ আয়োজন সম্পূর্ণ করে তুলে থাকলেও শান্তি ও আন্তর্জাতিক সম্পর্কের দৃষ্টিতে আমাদের কথাবার্তাকে বহুখানি সংযমের বন্ধনেই আবদ্ধ রাখতে হয়। সীমান্তরক্ষা বিষয়ে অব্যবস্থিত ও বিশৃংখল থেকে শুধু যুদ্ধ ঘোষণার হুমকিতেই সংশ্লিষ্ট প্রতিবেশি রাষ্ট্রকে অভিভূত করতে পারা যায় না। বিপন্ন শান্তি ও সৌহার্দ্যকে পুনর্গঠিত করার দৃষ্টিতে যদি নীরব থেকেও বলিষ্ঠ ব্যবস্থায় সীমান্তরক্ষার আয়োজন দৃঢ় ও সম্পূর্ণ করে তোলা যায়, তবে শক্তির ভাষা যার জন্য প্রয়োজন ব'লে আমরা মনে করি, তার কাছে এই নীরব প্রস্তুতির ভাষাই অধিকতর কার্যকরী হতে পারে। সীমান্তরক্ষায় সামরিক ব্যবস্থাই সবকিছু নয়। দেশের বেসামরিক শক্তির স্বতস্ফূর্ত সহায়তাও দেশের বিপুল শক্তি। এবং বিশেষ করে, সমস্ত সীমান্তরেখার অধিবাসী মানুষের মধ্য থেকে দৃঢ় এবং জাগ্রত সহযোগিতার শক্তিও অন্যতম সহায়। তাদের আত্মবল, সীমান্তরক্ষায় তাদের চেতনা, দেশের সঙ্গে তাদের ঐক্যবোধ সীমান্ত-রক্ষার জন্য অপরিহার্য। সেজন্য সীমান্তের মানুষের সর্ববিধ সংগঠনের প্রতি সচেতনতাও আজ সর্বতোভাবে কাম্য।

বিশ্বের বহু ক্ষেত্রে আজও সাম্রাজ্যবাদী মন কাজ করছে। আজও বিশ্বের বহুক্ষেত্রে শান্তি বিঘ্নিত হবার অবস্থা ধূমায়িত হচ্ছে। বহুক্ষেত্রে শান্তিকে বিঘ্নিত করার জন্য বহু অবুঝ মনও আজ উদ্যত হবে। তবু সেই বিপর্যয়ের মধ্যে উদ্যত অশান্তির গতি ফেরাবার জন্য আমাদের মৈত্রীর কাজ অক্ষুন্ন রেখেই চলতে হবে। কোন সময়ে আমাদের আত্মহারা হলে চলবে না। সেই হচ্ছে ভারতের বাণী—সেই হচ্ছে আমাদের জাতির জনকের বাণী। এবং প্রথম এবং শেষ পর্যন্ত সেই হবে আমাদের ভারতের প্রধানমন্ত্রীর বাণী।

[6-10—6-20 p.m.]

Shri Suhrid Mullick Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, চীন-ভারত বিরোধ উপলক্ষ্য করে আজ আমাদের এখানে বিভিন্ন বক্তা তাঁদের অভিমত জানিয়েছেন এই সভার সামনে। আমাদের দেশের জনসাধারণ তাদের

অভিমত জানাবার সুযোগ পেয়েছে। আমরা মনে করি আমাদের দেশের অভ্যন্তরে যেভাবে একটা যুদ্ধের আবহাওয়া তৈরি হচ্ছে তাতে আমাদের চিন্তিত হবার যথেষ্ট কারণ রয়েছে। আজ আমরা দেখছি দেশের মধ্যে বিভিন্ন রিএ্যাকশানারী শক্তি সক্রিয় হয়ে উঠছে। আমরা আরও দেখছি যে, আমাদের এই দেশের মধ্যে যারা কখনো যুদ্ধ দেখেন নি তারাই আজ যাতে ভারতবর্ষে যুদ্ধ এগিয়ে আসে তার জন্য সচেষ্ট হয়েছেন। দেশপ্রেমিক ও দেশভক্ত হিসাবে আমাদের নিশ্চয়ই এ সম্পর্কে কর্তব্য আছে—সেই কর্তব্য পালন করতে গিয়ে আমি মনে করি, যে বর্ডার ডিসপিউট দেখা দিয়েছে তা শান্তিপূর্ণভাবে মীমাংসিত হওয়া একান্ত দরকার। আজ যখন আমরা দেখছি আমাদের চতুর্দিকে পকিস্তান, বার্মা, সিলোন প্রভৃতি অঞ্চলে সাম্রাজ্যবাদী শক্তিরা ষড়যন্ত্র করে চলেছে ঠিক সেই সময় ভারতের সার্বভৌমত্ব নষ্ট করবার জন্য তাদের পক্ষ থেকে চেষ্টা হওয়া অসম্ভব কিছু নয়। সারা প্রাচ্যদেশে এই শয়তানী প্রচেষ্টা আজ শুরু হয়েছে। আজ এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের দেশে বিভিন্নরকম চিন্তাধারার খেলা চলছে এবং বিভিন্ন দল জনসাধারণকে প্রভাম্বিত করে নিজেদের স্বার্থসিদ্ধির চেষ্টা করছে। আমি মনে করি আমাদের দেশবাসীর এই বিষয় অবহিত হওয়া প্রয়োজন। আজ সীমানা নিয়ে যে বিরোধ দেখা দিয়েছে তার শান্তিপূর্ণ মীমাংসার জন্য ভারত সরকারের হোতা হিসাবে পণ্ডিত নেহরু যে সঙ্গত ও সুচিন্তিত নীতি গ্রহণ করছেন তা আমরা সমর্থন করি। কাজেই আজকে চৌ এন-লাই-এর পক্ষ থেকে যে প্রস্তাবে এসেছে আমি মনে করি এর দ্বারাই এই সমস্যার শান্তিপূর্ণ সমাধান হবে এবং সেইজন্য ভারত সরকারের প্রকৃত হোতা পণ্ডিত নেহেরুকে এটি গ্রহণ করবার জন্য আমি অনুরোধ করব। আজকের দিনে যে চৌ-নেহরু বৈঠক হওয়ার একান্তই প্রয়োজন তা আমরা কলকাতায় নানা রকম সভা ও জনসমাবেশ করে আমাদের বক্তব্যের মাধ্যমে জনসাধারণকে বুঝিয়ে দিয়েছি। আজ এখানে সীমানা বিরোধ নিয়ে অনেকে অনেক রকম উক্তি করেছেন, কিন্তু এর মধ্যে একজনের কথা শুনে আমার মনে প্রশ্ন জেগেছে যে তাঁরা বোধ হয় সীমান্তের ভৌগোলিক অবস্থান সম্পর্কে ভালভাবে অবহিত নন। আমি লাডক সম্বন্ধে বলতে চাই যে যদি দুই দেশের মধ্যে যুক্তভাবে বৈঠক হয় তখন অনুসন্ধান করা হোক যে আক্রমণকারী কে এবং তারপর যদি দেখা যায় যে "চীন"ই আক্রমণকারী তাহলে আমাদের দেশের সমস্ত মানুষকে ঐক্যবদ্ধভাবে সেই আক্রমণরে বিরুদ্ধে প্রচারণা করবার সুযোগ দেওয়া হোক। এখনও যখন শান্তির যথেষ্ট সম্ভাবনা রয়েছে তখন আমি দাবী করব যে চৌ-নেহরু বৈঠক হোক এবং তার জনাই আমরা বিভিন্ন স্থানে সভাসমিতি করেছি এবং ভবিষ্যতেও করব এবং সেখানেই প্রমাণ করব যে দেশের জনসাধারণ সত্যই শান্তি চায় কি চায় না। যারা আজ এ ধরণের শান্তির বিরুদ্ধে কথা বলেছেন তাদের আমি চ্যালেঞ্জ করছি যে তারা সভাসমিতি করে প্রমাণ করুন যে তাদের পেছনে জনসাধারণের সমর্থন আছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমার পরবর্তী কথা হোল যে একদল সুবিধাবাদী দেশপ্রেমের নাম করে আমাদের বর্তমান ফরেন পলিসির মোড় ঘোরাবার জন্য ইম্পিরিয়ালিস্ট পাওয়ারএর লেজুড় হিসাবে কাজ করছে। কালিম্পং অঞ্চলে ও দি ভয়েস অব অ্যামেরিকা চিয়াংকাইশেকের গুপ্তচররা এইসব কাজ চালাচ্ছে। এইভাবে তারা আমাদের দেশের এই সংকটময় মুহূর্তে কমিউনিস্ট বিদ্বেষের নাম করে এবং চীনের বিরুদ্ধে প্রোপাগান্ডা করে আমাদের দেশকে যুদ্ধের কিনারায় ঠেলে দিচ্ছে। এই সমস্ত যুদ্ধকামীদের আমি জিজ্ঞাসা করি যে যদি আমাদের দেশে কখনও বোমা পড়ে তখন কি তারা আমাদের দেশের জনসাধারণকে রক্ষা করতে এগিয়ে আসবেন? সুতরাং যেসব কুচক্রীরা একটা যুদ্ধের অবস্থা সৃষ্টি করে আমাদের দেশের শান্তি বিঘ্নিত করবার চেষ্টা করছে তাদের গ্রেপ্তার করা উচিত। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে এইসব প্ররোচকরা দেশের মধ্যে যুদ্ধের উন্মাদনা সৃষ্টি করে দেশকে সিভিল অথরিটির কাছ থেকে সরিয়ে মিলিটারি অথরিটির হাতে দিতে চাইছে। এ ব্যাপারে আমি আপনাদের একবার পাকিস্তানের দিকে দৃষ্টি স্থাপন করতে বলব, সেখানে ঐ শাসনের ফলে রাজনৈতিক চেতনা নষ্ট হয়ে যাচ্ছে, এমনকি কোন কোন রাজনীতিবিশারদ ও ব্যবহারজীবী আজ বাধ্য হয়ে কৃষিকার্য আরম্ভ করেছেন। কাজেই আমরা যদি ইম্পিরিয়ালিস্টদের এই ষড়যন্ত্রে পা দেই তাহলে দেশের গণতন্ত্র ও সার্বভৌমত্ব নষ্ট হয়ে যাবে। কিন্ত আমি মনে করি যে আমরা সেই প্রবঞ্চনার মধ্যে পড়েছি কাজেই যারা সত্যিকারের দেশকে ভালবাসেন তাদের কাছে আমি আবেদন করব যে তারা ঠাণ্ডা মাথায় চিন্তা করুন যে দেশকে এরা কোথায় নিয়ে যাচ্ছেন। সর্বশেষে আমি আবার বলব "হিন্দী-চীনী, ভাই ভাই।"

[6-20—6-30 p.m.]

Shri Krishna Kumar Shukla:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহোদয়, মাননীয় সদস্য শ্রীনরেনবাবরে প্রস্তাবকে সমর্থন করতে উঠে আমি বলতে চাই যে পশ্চিম বাংলার বিধানসভার দর্ভাগ্য যে আজ এই বিধানসভার বকে দাঁড়িয়ে বিশিষ্ট রাজনৈতিকদল আমাদের কাছে একথা বোঝাতে চেষ্টা করেছেন যে চীন আজও আমাদের ভূমি আক্রমণ করে দখল করে নেই এবং আমরা নাকি আক্রমণ করেছি চীনের মাটিকে। আমি সবোধবাবরে বক্তৃতা শনে আশ্চর্য হয়ে গেলাম। তিনি মাঠে ময়দানে যে বক্তৃতা করেছেন এবং আজ এই সভায় যে কথা বলেছেন তাতে শধ একটা কথা বলা যায় যে তিনি ২৪-পরগনার কলঙ্ক। ২০০ বছর আগে যেমন মর্শিদাবাদের মাটি এক অত্যন্ত জঘন্য ব্যক্তির জন্ম দিয়েছিল, তেমনি আজ ২৪-পরগনার লজ্জা হচ্ছে, তাঁর মতন একটি লোককে জন্ম দিয়ে। তিনি এই কদিন আগে যশের লোভে জ্যোতিবাবদের সভায় সভাপতিত্ব করেছিলেন. অর্থাৎ স্কেপ গোট হবার লোভ তিনি সম্বরণ করতে পারেন নি। ভারত সরকার যে বিবৃতি দিয়েছেন তিনি নাকি সে বিবৃতি বিশ্বাস করেন না। তিনি প্রশ্ন করেছেন আমরা এই প্রস্তাবের মাধমে কি চাই ? আমরা চাই আমাদের দেশের ভৌগোলিক অখণ্ডতা আজ বজায় থাক। আমরা চাই আক্রমণকারী চীন আমাদের দেশ ছেড়ে চলে যাক। আমরা আমাদের আভ্যন্তরীণ শান্তি চাই। আমরা চাই বহির্জগতে শান্তি থাক। কিন্তু বহির্জগতের শান্তি যদি আমাদের অখণ্ডতাকে খণ্ড করে আনে তাহলে সে শান্তির মল্য আমাদের কাছে কতটকু সেটা চিন্তা করে দেখার প্রয়োজন আছে। জ্যোতিবাব তাঁর বক্তৃতার মাধ্যমে আমাদের বোঝাতে চেষ্টা করেছেন যে এই প্রস্তাব একটা রাজনৈতিক দলকে উদ্দেশ্য করে উত্থাপিত হচ্ছে এবং এর দ্বারা নাকি আমরা এখানে বামপন্থী আন্দোলনকে শেষ করতে চাই। আমি বলব যে এই প্রস্তাবকে তাঁরা কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়ার বিরদ্ধে সেন্সর মোশান হিসাবে গ্রহণ করন এবং তাঁদের মধ্যে যদি রাজনৈতিক সততা থাকে তাহলে তাঁরা পদত্যাগ করে আবার জনসাধারণের আস্থা নিয়ে ফিরে আসন। তাঁরা যদি ফিরে আসেন তাহলে মনে করব যে কমিউনিস্ট পার্টির বিভ্রান্তকারী প্ররোচনায় সমস্ত দেশের লোক পথ হারিয়েছে এবং দেশের চরম দর্দিন আসছে। আজ এই বিধানসভায় কমিউনিস্ট পার্টিকে দেখছি আসামীর কাঠগড়ায়, কারণ তাঁরা জানেন যে, তাঁরা অপরাধী এবং জাতির প্রতি বিশ্বাসঘাতকতা করছেন। জ্যোতিবাব তাঁর বক্তৃতায় পণ্ডিত নেহেরকে কোট করে বলেছেন যে ইন্ডিয়ান এক্সপ্রেসে নাকি বলেছে যে এমন শ্লোগান দেওয়া হয়েছে যে শ্লোগান আপত্তিকর। কিন্তু জ্যোতিবাব অস্বীকার করন যে ঐ মিটিংএ 'চৌ-নেহরু বৈঠক চাই, আভি চাই, জলদি চাই' এই শ্লোগান দেওয়া হয় নি? তিনি আপত্তি করন যে 'চৌ-নেহর বৈঠক চাই, সর্তহীন বৈঠক চাই' এই শ্লোগান তাঁরা করেন নি? এই শ্লোগান যদি তাঁরা করে থাকেন এবং ইন্ডিয়ান এক্সপ্রেস যদি এই শ্লোগান কাগজে ছেপে থাকে তাহলে তাতে জ্যোতিবাবরে আপত্তির কি আছে আমি বঝতে পারলাম না। এখানে খামোকা বাজার গরম করবার জন্য ইন্ডিয়ান এক্সপ্রেসকে টেনে এনে তাঁরা বোঝানোর চেষ্টা করছেন যে জহরলাল নেহর ভয়ানক অন্যায় করেছেন। আমি আশ্চর্য হয়ে যাই সমস্ত জাতিকে এরা ভুল পথে চালিয়ে বোঝানোর চেষ্টা করছেন যে যদ্ধবাজীরাই যদ্ধ বাধাবার চেষ্টা করছেন, বোঝানোর চেষ্টা করছেন, যে গভর্নমেন্ট শান্তি চায় না। যে বাংলাদেশের মাটির উপর দাঁড়িয়ে আছি, যার সন্তান বলে নিজেদের গর্ব বোধ করি সেই বাংলাদেশের ইতিহাসে দুইশো বছর আগে ঐ মির্জাফরের যগে দিনের পর দিন কি একথা বলা হয় নি যে সিরাজদ্দোলা লম্পট, বলা হয় নি কি সিরাজদ্দোলা চরিত্রহীন, বলা হয় নি কি সিরাজদ্দোলা অন্যায় অত্যাচারী তাকে তোমরা বধ কর? একদিন মির্জাফর যে পথে এসেছিল সেই পথ ধরে কমিউনিস্ট পার্টি সমস্ত ভারতের জনসাধারণের মোরেল ভেংগে দেবার চেষ্টা করছে। মির্জাফর ইতিহাসের একটিমাত্র ব্যক্তি নয়, মির্জাফর তারাই যারা একটি জাতির প্রতি বিশ্বাসঘাতক, যারা সমস্ত জাতির হন্তা, যারা স্বাধীনতার শত্র, যেমন আলোর পিছনে অন্ধকার, হাসির পিছনে কান্না; সিরাজের পিছনে মির্জাফর লেগেই আছে। সবোধবাব আমাদের বোঝানোর চেষ্টা করেছেন যে আমরা যখন নাকি আমাদের দেশের সাংগঠনিক ঐক্যের কথা বলি তখন এটা হয় বর্জোয়াদের প্রচার মাত্র। আমি একটা কথা শধ বলতে চাই যে প্রতিক্রিয়াশীল অন্যায় অত্যাচারী যদ্ধবাজ বলে যারা আজ আমাদের সমস্ত জনসাধারণের দষ্টিভঙ্গি বিকৃত করবার চেষ্টা করছে তাদের কাছে অনরোধ যে বাংলার শধ ইতিহাস নয়, বাংলার সংস্কৃতি, শিক্ষা,

Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soleman, Janab
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda

Halder, Sj. Ramanuj
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jamadar
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Ledu
Majhi, Sj. Nishapati
Majl, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Bijoy Bhusan
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Haran Chandra
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pakray, Sj. Gobardhan
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panda, Sj. Basanta Kumar
Panja, Sj. Bhabaniranjan
Pemantle, Sjta. Olive
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Phakir Chandra
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Nepal
Ray Choudhuri, Sj. Sudhir Chandra
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Jagadananda
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Deben
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Tah, Sj. Dasarathi
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Hoque, Janab Md.

The Ayes being 43 and the Noes 170, the motion was lost.

The motion of Shri Sudhir Chandra Ray Chowdhury that the following be added at the end, viz.:—

"This Assembly also agrees with Prime Minister Shri Nehru that with regard to China India's policy should be firm. At the same time she should do everything to avoid war. If, however, war is thrust upon her she should be prepared for it without in any way aligning with any foreign power".

was then put and agreed to.

The motion of Shri Narendra Nath Sen, as amended, that—

"Having considered—

carefully the situation which has arisen as a result of the forcible occupation by the Republic of China of large blocks of territory in the North-Western and North-Eastern areas of India which amounts to Imperialist aggression:

Considering—

that the influx and infiltration of undesirable aliens and Chinese nationals in Kalimpong and its neighbourhood may prove to be a menace to India and endanger the safety and security of the Republic of India,

Realising—

that the sinister and anti-State activities of certain political parties and persons are intended to undermine the loyalty of the people of India,

and that by such activities the Indian unity and territorial integrity might be seriously jeopardised,

This Assembly records its emphatic protest against the activities of the Chinese Republic and the anti-national political parties in India, and urges upon this Government to represent to the Central Government to take strong and effective measures against such activities which, in the opinion of the Assembly, if unchecked, will result in disruption, chaos and ultimate breakdown of the national solidarity and sovereignty of the country.

This Assembly also agrees with Prime Minister Shri Nehru that with regard to China India's policy should be firm. At the same time she should do everything to avoid war. If, however, war is thrust upon her she should be prepared for it without in any way aligning with any foreign power."

was then put and a division taken with the following result.

NOES—43

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Gopal
Basu, Sj. Jyoti
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chatterjee, Sj. Basanta Lal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hazra, Sj. Monoranjan
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Majhi, Sj. Jamadar
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Modak, Sj. Bijoy Krishna
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sen, Sjta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan

AYES—167

Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Badrudduja, Janab Syed
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjta. Maya
Banerjee, Sj. Profulla Nath
BANERJI, SJ. SANKARDAS
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Chitto
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Sj. Syamadas
Blanche, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Brahmamandal, Sj. Debendra Nath
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sankar
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhara, Sj. Hansadhwaj
Dhibar, Sj. Pramatha Nath
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soleman, Janab
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Halder, Sj. Ramanuj
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jamadar
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Ledu
Majhi, Sj. Nishapati
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Bijoy Bhusan
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pakray, Sj. Gobardhan
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panda, Sj. Basanta Kumar
Panja, Sj. Bhabaniranjan
Pemantle, Sjta. Olive
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Phakir Chandra
Ray, Sj. Jaineswar
Ray, Sj. Nepal
Ray Choudhuri, Sj. Sudhir Chandra
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Jagadananda
Roy Singha, Sj. Satish Chandra

Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Deben
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Tah, Sj. Dasarathi
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Hoque, Janab Md.

The Ayes being 167, and the Noes 43, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-35 p.m. till 9 a.m. on Saturday, the 28th November, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 28th November, 1959, at 9 a.m.

Present:

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mullick) in the Chair, 16 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 205 Members.

[9—9-10 a.m.]

Mr. Deputy Speaker: There will be no questions today. Shri Benoy Chowdhury will now read his adjournment motion.

Adjournment motion

Shri Benoy Krishna Chowdhury: Sir, my motion runs thus:—

"This Assembly do now adjourn to discuss a matter of urgent public interest and of recent occurrence, viz., the deliberate and preplanned attack on the 23rd November, 1959, on the office of the Dhakeswari Labour Union at Suryyanagar and firing and bombing on the officials of the Union resorted to by the management of the Dhakeswari Cotton Mill No. 3 with the connivance of the police authorities of the Hirapur thana which resulted in the death of Shri Sudhangsu Biswas and grievous injuries to a number of Union officials".

GOVERNMENT BILL

The Burdwan University Bill, 1959

Sj. Subodh Banerjee:

মিঃ ডেপ্‌টী স্পীকার, স্যার, বর্ধমান য়ুনিভার্সিটি বিল সম্পর্কে আলোচনা করতে গেলে তিন দিক থেকে আলোচনা করার দরকার আছে বলে আমি মনে করি। প্রথম হচ্ছে, বর্ধমান য়ুনিভার্সিটি প্রতিষ্ঠা করার প্রয়োজনীয়তা এবং যে যুক্তি দিয়ে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হচ্ছে, দ্বিতীয় নম্বর হচ্ছে, তার গঠনপদ্ধতি, আর তৃতীয় বক্তব্য বিষয় হচ্ছে পাঠ্যাবস্থা এবং পঠন-পাঠনের মানোন্নয়ন সম্পর্কিত কি কি বিষয় এই বিলের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। বর্ধমানে একটা য়ুনিভার্সিটি স্থাপনের পক্ষে যে যুক্তি দেওয়া হয়েছে তা ধোপে টেকে না। সরকারের পক্ষ থেকে প্রমাণ করার চেষ্টা হয়েছে যে, ১৯৪৮ সালের তুলনায় ১৯৫৮ সালে এই দশ বৎসরের মধ্যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা যথেষ্ট পরিমাণে বেড়ে গিয়েছে। নিঃসন্দেহে বেড়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, এই বৃদ্ধিটা কিভাবে হয়েছে। সরকারের পক্ষ থেকে কি একবারও জানবার চেষ্টা হয়েছে নন-কলেজিয়েট স্টুডেন্টস-এর সংখ্যা কত, ইন্টারমিডিয়েট এবং বি এ-তে এক্সটারনাল স্টুডেন্টস-এর সংখ্যা কত? আজ কলিকাতা বিশ্ববিদ্যালয় এই সুবিধা দিয়েছে যে, কলেজ এ্যাটেন্ড না করে পরীক্ষা দিতে পারা যাবে আই-এ, বি-এ, এম-এ। এখানে আমার জিজ্ঞাস্য এই সুযোগ নিয়ে কয়টা ছেলে তাদের একাডেমিক কোয়ালিফিকেশন উন্নত করেছে, বাড়িয়েছে? এবং এরজন্য ছেলের সংখ্যা কত বেড়েছে সেটা ভেবে দেখেছেন কি? মন্ত্রীমহাশয় ইংলন্ডের সংগে তুলনা করেছেন—অবাক লাগে,—তিনি কি জানেন না এই এনোলোজি খাটে না— ইংলন্ডের যেসমস্ত ইউনিভার্সিটির কথা তিনি বলেছেন সেগুলি আমাদের দেশের এক-ইংলন্ডের সঙ্গে তুলনা করেছেন—অবাক লাগে,—তিনি কি জানেন না এই এনোলোজি খাটে য়ুনিভার্সিটি হয় তাহলে যে অবস্থা হয় ইংলন্ডের য়ুনিভার্সিটিরও সেই অবস্থা। এক-একটা কলেজ শুধু টিচিং নয়, টিচিং এবং রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটি হিসাবে গড়ে উঠেছে। সেটা যদি এখানে করতে পারেন এবং সেই এডুকেশন যদি আমাদের দেশের নিম্নমধ্যবিত্ত

ছেলেদের কাছে এভেলেবল হয় তাহলে সেটা আমরা অনুমোদন করতে পারি। আপনারা আনতে চাচ্ছেন উত্তরপাড়ার ছেলেকে বর্ধমানে, তাকে হোস্টেল-এ থাকতে হবে ৮০ টাকা খরচ করে। এটা কি তার পক্ষে সম্ভব? উত্তরপাড়া থেকে যে ছেলে কলকাতায় এসে পড়তে পারে না নানারকম হাফ-ফ্রি, ফ্রি স্টুডেন্টশিপ ইত্যাদি কনশেশান ভোগ করেও, সে কি হোস্টেল-এ থেকে আর টাকা খরচ করে পড়তে পারবে? সত্যিই

propagation of education, advancement of education, advancement of learning

আপনাদের মটো কি না তার কোন প্রমাণ এই বিলের মধ্যে দেখতে পাই না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কত সিট বেড়েছে গত ১০।১২ বৎসরের মধ্যে। আমি জানি—বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট থেকে যে, বহু ছেলে বিজ্ঞানের ক্লাসে ভর্তি হতে না পেরে ফিরে আসে এমন কি অনার্স ছেলেরাও এ্যাডমিশান পায় না। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কি বিজ্ঞানের সিট বাড়ান যেতে পারে না? বিজ্ঞান বিভাগে সিটসংখ্যা বাড়ালে কি ক্ষতি হত? আমি জিজ্ঞাসা করি নাইট-ক্লাস কি করা যেতে পারে না? যেসব ছেলে চাকরীবাকরী করে অথচ তাদের একাডেমিক কোয়ালিফিকেশন বাড়াতে চায় তাদের জন্য কি নাইট-ক্লাস-এর ব্যবস্থা করা যেতে পারে না? লন্ডন-এ কি এইরকম ব্যবস্থা নাই? লন্ডন-এ ফ্যাক্টরীতে যারা কাজ করে তাদের জন্য যেমন হিউম্যানিটিস সায়েন্স টেকনোলজি ইত্যাদি পড়ার জন্য নাইট ক্লাস এর ব্যবস্থা আছে ইউনিভার্সিটিগুলিতে আমাদের দেশেও কি সেরকম করা যেতে পারে না? তাই, প্রথম কথা যদি সত্যিই মনে করে থাকেন যে পেসার অব স্টুডেন্টস বাড়ছে তাহলে বর্ধমানে একটা বিশ্ববিদ্যালয় করুন তাতে আমাদের কোন আপত্তি নাই কিন্তু আপনাদের বোনাফাইড সম্বন্ধেই আমাদের মনে সন্দেহ আছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়কে বাড়াবার জন্য আমরা দীর্ঘদিন ধরে চেঁচামেচি করে আসছি, কিন্তু তার তো কোন চেষ্টা হচ্ছে না।

Ancient Indian History and Culture-এ

১০০টা সিট আছে আগে এই বিভাগে ছেলেরা আসত না এখন এই বিভাগটি ছেলেদের বোঝাই হয়ে গিয়েছে। ইকনমিকস-এ তো নাক গলাবার উপায় নাই। এই অবস্থায় কি এই বিভাগটা বাড়ান যায় না? নাইট শিফট এর ব্যবস্থা করা যায় না? তারপর বিজ্ঞান বিভাগেও ব্রিটিশ আমলে যে সংখ্যক সিট ছিল আজো তা রয়ে গিয়েছে অথচ এদিকে আপনারা বলেন দেশকে সাইনটিফিক্যালি গড়তে হবে। বিশ্ববিদ্যালয়ের সাইন্স কলেজ দেখে তো তা মনে হয় না। তারপর বিধানবাবু ক্ষোভ প্রকাশ করে বলেছেন স্ট্যানডারড অব এডুকেশন ফল করেছে: ক্যালকাটা ইউনিভার্সিটির স্ট্যানডারড অব এডুকেশন ফল করেছে সুতরাং বর্ধমানে ইউনিভার্সিটি করতে হবে। যদি

Calcutta University-র standard of education fall

করে থাকে তাহলে তা যাতে উন্নত হতে পারে সর্বপ্রথমে সেই চেষ্টাই করা উচিত তারপর অন্য কথা। কিন্তু আপনারা

Calcutta University-র standard of education

উন্নত করার জন্য কি করেছেন? আমি নিজে জানি ইকনমিক্স ডিপার্টমেন্ট-এর দুইজন অধ্যাপক ইউ এন ও-এর চাকরী নিয়ে চলে গিয়েছেন। ইংরাজীতে যিনি এখন হেড অফ দি ডিপার্টমেন্ট হবে বলে আছেন তিনি একজন বিদেশী মহিলা, তিনি একজন সাধারণ লেকচারার ছিলেন। এই হচ্ছে আজকে

Calcutta University-র standard of education

আর এইভাবে কি আমাদের দেশের স্ট্যান্ডারড অফ এডুকেশন উন্নত করা যাবে?

Calcutta University-র standard of education

উন্নত করতে হলে যা দরকার তৎপ্রতি দৃষ্টি দেওয়া দরকার। বিদেশ থেকে টাকা আনতে আপনাদের গায়ে আটকায় না কমনওয়েলথ থেকে আনতে আপনাদের আটকায় না। ন্যাশনালাইজেশন কি কেবল এডুকেশন-এর ক্ষেত্রে?

[9-10—9-20 a.m.]

সায়েন্স কলেজে ম্যাথমেটিকস্ ডিপার্টমেণ্টে একবার লেভি সাহেব বক্তৃতা দিয়েছিলেন, সেই বক্তৃতাগুলোকে সাইক্লোস্টাইল করে রাখা হয়েছে। লেভি সাহেব কবে জর্মানী চলে গেছেন, কিন্তু সেই নোট আজও চালান হচ্ছে। বিদেশ থেকে ভাল অধ্যাপক এনে যদি তাঁর অধীনে ছাত্র রেখে বলা হয়

make them up as eminent educationists and professors

তাহলে তার একটা মানে থাকে। কিন্তু সে ব্যবস্থা কি আপনারা করেছেন? এবার আমি ইনডিভিজুয়াল কেয়ার-এর কথা বলব। আপনারা বলছেন, প্রেপোর্সান অফ টিচার্স এ্যান্ড স্টুডেন্ট ক্যালকাটা ইউনিভার্সিটির বড় খারাপ। আমি জিজ্ঞাসা করছি এ ঠিক করার কি কোন চেষ্টা করেছেন? ঠিক সেই সময় বর্ধমান ইউনিভার্সিটি করলে এই প্রোপোর্সানই থাকবে। অর্থাৎ আগে তারা ক্যালকাটা ইউনিভার্সিটির অধীনে পরীক্ষা দিত এখন বর্ধমান ইউনিভার্সিটির অধীনে পরীক্ষা দেবে—এই হল ডিফারেন্স। অতএব আমি বলি যে স্ট্যান্ডারড উঁচু হবে না বরং আমি মনে করি স্ট্যান্ডারড নামবে। আপনারা এর প্রমাণ চান তো

look at your higher standard schools and look at your multi-purpose schools

আপনারা বলেন যে স্ট্যান্ডারড উঁচু করতে হবে এবং তার জন্য ক্লাস ১১ করে ইন্টারমিডিয়েট থেকে সরিয়ে সরিয়ে নিয়ে আনা হল। আগে ইন্টারমিডিয়েটে যারা সেকেন্ড ক্লাস এম-এ তাঁরাই পড়াতেন। কিন্তু এখন হাইয়ার সেকেন্ডারীতে যারা পাস কোর্স এ বি-এ তাঁরাই পড়াচ্ছেন। এডুকেশান ডিপার্টমেন্টের রিপোর্ট যে সেখানে অনার্স জুটছে না। সুতরাং আমার এখানে জিজ্ঞাসা যে পাসকোর্স-এ বি-এ কি সেকেন্ড ক্লাস এম-এ-এর চেয়ে ভাল হয়ে গেল; না তাতে এডুকেশনের উন্নতি হয়ে গেল? ছেলেরা ফার্স্ট ইয়ারেই ল্যাবোরেটোরী ইউজ করবে। কিন্তু জিজ্ঞাসা করি সুরেন্দ্রনাথ সিটি কলেজের ল্যাবরেটরী কি হাইয়ার সেকেন্ডারীর ল্যাবরেটরীর চেয়ে বিলো স্ট্যান্ডারড। হাইয়ার সেকেন্ডারীর ল্যাবোরেটরীতে বুড়ো আঙ্গুল দেখিয়ে বলা হচ্ছে দিস ইজ এ টেস্ট টিউব। অ্যাস্ট্রোনমি পড়াতে গিয়ে বলা হচ্ছে যে চিন্তা কর চোখ বুঝে। এখানে এইগুলিও ফিগার দিয়ে বোঝাতে হয়। এ্যাস্ট্রোনমীর কোন য়্যাপারেটাস নেই এবং বোর্ডে এঁকে সব বোঝানো হচ্ছে, যেখানে সলিড ফিগার দিয়ে বোঝাতে হয়।

I was a teacher, I am still connected with teaching.

সুতরাং ছেলেদের পড়াতে গেলে কোথায় ডিফিকাল্টি প্রত্যক্ষ অভিজ্ঞতা আমার আছে বলেই আমি নিজে সমস্ত জিনিসটা ফিল করছি। কিন্তু আপনারা কি করছেন না টিচিং স্ট্যান্ডার্ড নীচ করে দিচ্ছেন। এখানে ল্যাবরেটরীর তো কোন স্ট্যান্ডার্ডই নেই। হাইয়ার সেকেন্ডারীর লাইব্রেরী বলতে কি বোঝায় শুনুন। এখানে কোন লাইব্রেরীই নাই। অর্থাৎ পাবলিসার্সরা বই পাবলিস করে কে সি বোসের এ্যালজেব্রা ইত্যাদি যে কয়েকখানা বই দেয় সেগুলোকেই লাইব্রেরীতে সাজিয়ে রেখে দেখান হচ্ছে যে ২৫০ খানা বই আছে। সেকেন্ডারী স্কুলের লাইব্রেরী কি সিটি কলেজ বা সুরেন্দ্রনাথ কলেজের চেয়ে ভাল?

I am not holding any brief for these big colleges

আমি জানি এরাও কোন কেয়ার নেয় না কিন্তু এরা যে একেবারে খারাপ তাতো নয়। আপনারা স্ট্যান্ডার্ড উঁচ করছেন না নীচু করছেন সেটা ইংরাজীর মধ্যে দিয়েই আপনারা দেখুন। লোকে বলে যে ছেলেরা ইংরাজী ভাল করে লিখতে পারে না এবং এরজন্য তারা ছেলেদের দোষ দেন। কিন্তু তারা কোথা থেকে পারবে সেটা কি আপনারা জানেন? ক্যালকাটা ইউনিভার্সিটির ইংরাজীর হেড অফ দি ডিপার্টমেন্ট যিনি আছেন তাঁর এক পাতা ইংরাজী লিখতে ৭।৮টি ভুল হয়। এর পরেও কি আপনারা বলবেন যে ছেলেরা ইংরেজী বড় ভুল লেখে? সুতরাং স্ট্যান্ডার্ড যদি উঁচু করতে হয় তাহলে এফিশিয়েন্ট প্রফেসার আনার ব্যবস্থা করুন, সিলেবাস রিভাইজ করুন এবং পরীক্ষা পদ্ধতিতে যে গ্যাম্বল চলে সেটাকে বাদ দিয়ে অবজেক্টিভ টেস্ট ইন্ট্রোডিউস করার ব্যবস্থা করুন। সেজন্য ক্যালকাটা ইউনিভার্সিটির যেখানে এই স্ট্যান্ডার্ড সেখানে আপনারা বর্ধমানের ভাল করবেন কি করে? বর্ধমানে কি এসব সংশোধনের ব্যবস্থা আপনারা করছেন? আমরা শুনছি আমাদের এই শিক্ষার ব্যাপারে রাইটার্স বিল্ডিংস্-এ যাঁকে জিইয়ে রাখা হয়েছে তার নাম মিঃ সুকুমার সেন এবং তাঁকেই এই বর্ধমান ইউনিভার্সিটির

ভাইস-চ্যান্সেলার করা হবে। তাঁর চাকরী জীবনের এ্যাফিসিয়েন্সি সম্বন্ধে আমার কিছু বলার নেই। কিন্তু মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি শিক্ষা সম্বন্ধে ও'র কি অভিজ্ঞতা আছে। তাঁর হয়ত আদারওয়াইজ এফিসিয়েন্সি আছে, বা হি মে বি এ গুড স্টুডেন্ট এবং আই-সি-এস হিসাবে ভাল কাজ তিনি করেছেন, কিন্তু ৩০ বছর ধরে শিক্ষার সংগে তো তাঁর কোন সম্পর্ক নেই। বর্তমান শিক্ষা সমস্যা সম্বন্ধে তার কি অভিজ্ঞতা আছে যে

he has been put in charge of it?

তিনি বর্ধমান গিয়ে বক্তৃতা দিয়ে বলে এলেন যে আমরা এডুকেশনে নিউ মেথড স্টার্ট করতে যাচ্ছি। তাঁর সেই নিউ মেথড্‌টা কি? এডুকেশানের সংগে যাঁরা সংশ্লিষ্ট তাঁরা কিছু জানলেন না, অথচ একজন রিটায়ার্ড আই-সি-এস অফিসার যাঁর এডুকেশানের সংগে কোন সম্পর্ক নেই তিনিই সবজান্তা হয়ে গেলেন।

Is that the proper outlook?

সুতরাং আপনারা যে বলছেন ইম্প্রুভমেন্ট করবেন, কিন্তু কি করে ইম্প্রুভ করবেন সে সম্বন্ধে কি কোন সঠিক পরিকল্পনা আপনাদের আছে? আমাদের হেলথ্ মিনিস্টার চেয়েছিলেন যে তিনি মেডিক্যাল ট্রিটমেন্টকে একটা স্ট্যান্ডার্ডে আনবেন। সেজন্য তিনি একটা স্কীম করেছিলেন যাতে ডাক্তাররা প্রাইভেট প্র্যাকটিস করতে না পারে কিন্তু তাঁরা সেই স্কীম কেন করেছে এবং আজকে সেই সমস্ত বিগ মেডিক্যালমেনদের জন্য স্পেশাল ব্যবস্থা করতে হয়েছে। অতএব কোলকাতায় যেখানে এত অধ্যাপক রয়েছে সেখানে যা করতে পারছেন না তখন বর্ধমানে কোথা থেকে ভাল প্রফেসর আপনারা পাবেন। আমার ৭।৮ জন বন্ধু যাদবপুর ইউনিভার্সিটির প্রফেসার। আমি মনে করি যাঁরা সেকেন্ড গ্রেড কলেজের অধ্যাপক হবার উপযুক্ত নন

now they are holding post of lecturers of the Jadavpur University.

এই রকম লোক যদি ইউনিভার্সিটির অধ্যাপক হয় এবং ছাত্ররা যদি কম শেখে তাহলে কি সেখানে ছাত্রদের দোষ হবে? এসব কি আপনারা চিন্তা করেছেন? আজ ক্যালকাটা ইউনিভার্সিটির অধ্যাপক কম। এ বিষয় আমি প্রেসিডেন্সি কলেজ সম্বন্ধে বলব। আমরা যখন বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে এলাম—স্বদেশী মনোভাবের কথা বাদ দিন—তখন প্রেসিডেন্সি কলেজের পোস্টকে একটা কভেটেড পোস্ট বলে মনে করা হত। অথচ আজ সেই প্রেসিডেন্সি কলেজের পোস্ট খালি হয়ে পড়ে রয়েছে। সেখানে বাংলা বিভাগর পদ খালি রয়েছে। আজকে সেই পোস্ট-এ কাকে নিতে হচ্ছে না যিনি সেকেন্ড ক্লাস

14th—He has been appointed a lecturer in Bengali

পারহ্যাপস কয়েক বছরের মধ্যে তিনি হেড অফ দি ডিপার্টমেন্ট হয়ে যাবেন। এখানে আমার জিজ্ঞাস্য এই যদি হয় তাহলে ছেলেরা কি শিখবে? কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যেখানে এই অবস্থা সেখানে বর্ধমানে কি আকাশ থেকে সত্যেন বসুর মত অধ্যাপক আসবেন? এখন ভাবুন স্ট্যান্ডার্ড উঁচু হবে কোথা থেকে? সুতরাং সত্যিই যদি শিক্ষা সম্বন্ধে চিন্তা করতে চান তাহলে গোড়ার গলদ দূর করার চেষ্টা করুন। এ সম্বন্ধে আমার গঠনমূলক কয়েকটি প্রস্তাব আছে। প্রথম নম্বর ওয়ান প্রস্তাব হল যে স্ট্যান্ডার্ড অফ এডুকেশন উঁচু করতে গেলে এ্যাফিশিয়েন্ট শিক্ষক তৈরী করার চেষ্টা করুন। এ ক্ষেত্রে প্রয়োজন হলে বিদেশ থেকে শিক্ষক এনে আমাদের দেশের ভাল ছেলেদের তাঁর অধীনে দিয়ে টাইম দিয়ে দিন যে এই ক' বছরের মধ্যে তৈরী করে দিতে হবে। দ্বিতীয় নম্বর পঠন পাঠনের সুষ্ঠু ব্যবস্থা করতে হবে। তৃতীয় নম্বর, মানধাতার আমলের সিলেবাস পালটাতে হবে। গো টু ক্যালকাটা ইউনিভার্সিটি আপনারা দেখবেন যে সেখানে এখনও প্লেটোর নোট পড়ান হচ্ছে—যে নোট ১০০ ইয়ার ব্যাক-এর। অথচ আজ ১০০ বছরের মধ্যে পলিটিক্যাল সায়েন্সে প্লেটোজ কনসেপশান বহু বদলে গেছে। সুতরাং আজ সেইসমস্ত সিলেবাস বদলান দরকার এবং সংগে সংগে পরীক্ষার পদ্ধতিও বদলান দরকার। আমি জানি এই ক্যালকাটা ইউনিভার্সিটির কোন অধ্যাপক ১২টা কোয়েশ্চেন দিয়ে বলেন যে ওর মধ্যে ৮টা আসবে। নিজের ডিপার্টমেন্ট রাখার জন্য তিনি এইসব করেন। এটাকে কি গ্যাম্বল বলা চলে না? ছাত্রদের বলা হয় যে নোট পড়া উচিত নয়, কিন্তু আমি বলব যে তাদের নোট পড়া ছাড়া গত্যন্তর নেই। সুতরাং প্রপার ওয়ে-তে না পড়ালে এ জিনিস হবে। পরীক্ষার ক্ষেত্রে গ্যাম্বল-টা বাদ দিয়ে অবজেক্টিভ টেস্ট ইন্ট্রোডিউস

করুন। অবজেকটিভ টেস্ট ইন্ট্রোডিউস করতে আপনাদের কি অসুবিধা আছে? সুতরাং স্ট্যান্ডার্ড যদি উন্নত করতে চান তাহলে ও জিনিস করা দরকার। আপনাদের ডিসেন্ট্রালাইজেশান আনতে হবে। আমি আশা করব যে আপনাদের ডিসপার্শাল স্কীমের কথা নিশ্চয় স্মরণ আছে।

[9-20—9-30 a.m.]

ডিসপার্সেল স্কীম আপনারা উইথড্র করলেন কেন? কতকগুলি কলেজেকে ডিসপার্সেল স্কীমের মধ্যে ফেলেছিলেন, কিন্তু আপনারা দেখলেন যে ডিসপার্শেল স্কীম-এর স্ট্যান্ডার্ড উন্নত হল না, রাস, কনসেন্ট্রেসান অব স্টুডেন্টস কমল না, বাইরের কলেজের ছাত্ররা সব কলকাতার দিকে আসছে তবুও যদি কিছু ভাল অধ্যাপকের সান্নিধ্যে এসে যায় -এই অভিজ্ঞতা আপনাদের আছে। সেই অভিজ্ঞতাকে আপনারা কাজে লাগান। সুতরাং এইদিক থেকে বিবেচনা করে গোড়ায় হাত দেন।

[At this stage blue light was lit.]

সুতরাং এটা গেল একটা চ্যাপ্টার যে চ্যাপ্টারটা ইউনিভার্সিটি বিল আনার সময় সুষ্ঠুভাবে বিবেচনা করার দরকার আছে। দ্বিতীয় নম্বর হচ্ছে ইউনিভার্সিটি গঠন সম্পর্কে। ইউনিভার্সিটি কে চালাবে—ব্যবসাদাররা? তা যদি মনে করে থাকেন তাহলে আপনারা কি ভেবেছেন সমাজকে কোথায় নিয়ে যাচ্ছেন? আমরা জানি এই সমাজের কৌলীন্যই একমাত্র কৌলীন্য আপনারা দাঁড় করিয়েছেন। টাকা যাদের আছে

Even if he is a debauch, he will be the Head of the Department of Science of the University.

তাতে আমাদের আপত্তি নেই। এদের এডুকেশান হেড করে দিলে ছেলেরা শিখবে কি? গরুর পদ? এই বিল আলোচনা করার আগে আমি হরেনবাবুকে জিজ্ঞাসা করেছিলাম যে, মহাশয় আপনি নিজেকে এডুকেশনিস্ট বলেন, আপনি এডুকেশনাল ইনস্টিটিউসনের সংগে কিছু দিন সংশ্লিষ্ট ছিলেন, চিরকাল স্বদেশী যুগে সেইসব কথা বলে এসেছেন, আপনি কি মনে করেন ব্যবসাদাররা ইউনিভার্সিটি চালাবে? তা যদি মনে করে থাকেন তাহলে ছেলেদের তাদের হাতে ছেড়ে দিন, তারা শিখুক কি করে চোরাকারবার করে টাকা রোজগার করা যায়। এইভাবে কি ছেলেরা লেখাপড়া শিখতে পারে? কি ইউনিভার্সিটি বিল করেছেন -অমুক জেনারেল ম্যানেজার, তমুক জেনারেল ম্যানেজার, হোয়াই? আপনারা টেকনোলজি শেখাতে চান—ক্যালকাটা ইউনিভার্সিটি টেকনোলজি শেখায়—একটাও নেই জেনারাল ম্যানেজার, শিবপুর কলেজ টেকনোলজি শেখায়, সেখানে জেনারাল ম্যানেজারকে টেনে আনতে হয়েছে নাকি? খড়গপুর কলেজ টেকনোলজি শেখায়, সেখানেও কি জেনারেল ম্যানেজারকে টেনে আনতে হয়েছে? জেনারেল ম্যানেজার টেকনোলজির কিছু জানেন না তিনি এ্যাডমিনিস্ট্রেশান জানতে পারেন। আপনারা এ্যাডমিনিস্ট্রেশান শেখাতে চান না টেকনোলজি শেখাতে চান? আপনার সায়েন্স থিয়োরী শেখাতে চান? সায়েন্স প্র্যাকটিস শেখাতে চান? দুর্গাপুরের জেনারেল ম্যানেজার কি সায়েন্স থিয়োরী পড়াবেন? তিনি কি বলবেন কি থিয়োরী হওয়া উচিত কি সিলেবাস হওয়া উচিত? তার কোন জ্ঞান আছে এ ব্যাপারে? আমাদের দেশে কি টেকনোলজিস্ট নেই? আমাদের দেশে কি সায়েন্টিস্ট নেই যে ইউনিভার্সিটি চালাতে হবে এদের নিয়ে? আমি দেখেছি যে আমাদের সংশোধনের পরে জগন্নাথ বাবু সংশোধন দিয়েছেন। এটা গোড়ায় দিলেই হত। জানি না এর অর্থ কি? হোয়াট ইজ ইওর আউট লুক? আপনারা মনে করেন যে ইউনিভার্সিটি চলতে হবে কাদের দিয়ে, না ব্যবসাদারদের দিয়ে। টাকার কথা যদি বলেন তাহলে ডিফারেন্ট কথা--ইট ইস এ ডিফারেন্ট থিং। আপনারা ব্যবসাদারদের কাছ থেকে টাকা নিয়ে ইউনিভার্সিটি করুন- টেম্পটেড মানি বলে বাদ দিতে বলছি—

They will run the University, they will be the members of the Senate

তারা বলবেন কি হওয়া উচিত সিলেবাস, কিভাবে স্ট্যান্ডার্ড হওয়া উচিত, কিভাবে পড়ান দরকার। ইউনিভার্সিটি যাকে আপনারা বলছেন, সিনেট যাকে বলছেন, কি দরকার ছিল এটা করার?

why don't you make it an appendage of the Education Directorate of Dr. Sen?

আপনারা এটা করে দিন। আপনারা বোর্ড করেছেন, একজন লোক চালাচ্ছে—আপনাদের নমিনি। বার্ডওয়ান ইউনিভার্সিটিকে বলে দিন যে এডুকেশান ডাইরেক্টরেট একজন ভাইস-চ্যান্সেলার নিযুক্ত করেছিলেন, হি উইল রান দি ইউনিভার্সিটি—তাহলে আমরা বুঝি যে গভর্নমেন্টকে আমরা সমালোচনা করতে পারব। আপনারা একটা স্ট্যাটুটরি বডি করে দিচ্ছেন অটোনমাস বডি হবে, সেখানে সমালোচনা করার অধিকার আমাদের থাকবে না। তার কারণ হচ্ছে স্ট্যাটুটরি অটোনমাস বডির ইন্টারনাল এ্যাডমিনিস্ট্রেসান নিয়ে বিধান সভায় আলোচনা করা যাবে না। অথচ

for all practical purposes, that will be an appendage of your Education Directorate.

ডেপুটি স্পীকার মহাশয়, আপনি কি ধারনা করতে পারেন যে গভর্নমেন্ট ইউনিভার্সিটির পরীক্ষা কি হবে এবং তা ঠিক হয়েছে কি না তাতে নাক গলাবে, কি সিলেবাস হবে তার উপর নাক গলাবে? ধারণা করতে পারেন ক্যালকাটা ইউনিভার্সিটি ছেলেদের পরীক্ষা নিলে গভর্নমেন্ট নাক গলিয়ে বলেন, উঁহু, পরীক্ষা ঠিক হল না, এই কর? তাহলে এর অর্থ কি এই হবে যে এডুকেশন ডাইরেক্টরেট পরীক্ষা চালাবে, সব করবে? এই যদি হয় তাহলে এই একটা "শো"-এর প্রয়োজন কি আছে? আপনারা ডিসেন্ট্রালাইজেসন করুন কিন্তু ডিসেন্ট্রালাইজেসনের সঙ্গে

let them advance in the truest sense of the term.

তাতে এডুকেসানিস্টদের রিপ্রেজেন্টেটিভ থাকবে, এবং এডুকেসানিস্টরা ইনস্টিটিউসন চালাবেন, এটা হওয়া দরকার। একজন বলে এসেছেন বর্ধমানে টিচারদের মিটিং করতে গিয়ে ছেলেরা যে রাজনীতি করে তা বন্ধ করবো। ঠিকই তো—কিন্তু ছেলেরা আই-এ-এস হোতে পারে বা আই-সি-এস আগে হয়েছিল। আই-এ-এস, আই-সি-এস অফিসাররা তো সব নন, তাদের উপর আরো একজন লোক আছেন তিনি হচ্ছেন মিনিস্টার এবং মিনিস্টার হোতে গেলে রাজনীতি করতে হবে। সুতরাং ছেলেদেরও সেইভাবে ট্রেনড্ হওয়া দরকার

they must be educated in politics. It has not more of politics but less of politics.

সিনসিয়ালী যদি তারা রাজনীতি করতো তাহলে ঐ কালচার আনতে পারতো। সুতরাং ওসব কথা ছেড়ে দিন—ছেলেদের যদি রিয়েল এডুকেশন দিতে চান তাহলে এমন ধরনের কাজ করা দরকার যার দ্বারা ইউনিভার্সিটি প্রাতষ্ঠানের উদ্দেশ্য সফল হোতে পারে, তা না হলে দলবাজী ছাড়া আর কিছুই হবে না।

Shri Phakir Crandra Ray:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সরকার যে বর্ধমান ইউনিভার্সিটি বিল এনেছেন আমি এই বিল সমর্থন করি, তবে এই বিল সম্পর্কে কয়েকটা কথা আমি আপনার কাছে নিবেদন করবো। রাধাকৃষ্ণন কমিশন ইউনিটারী ফেডারেটিভ টীচিং এবং য়্যাফিলিয়েটিং ইউনিভার্সিটির কথা বলে গেছেন। টীচিং এবং য়্যাফিলিয়েটিং ইউনিভার্সিটির কথা এই বিলে আছে। কর্তৃপক্ষ যেভাবে গঠিত হবে সে সম্বন্ধে রাধাকৃষ্ণন কমিশন বলে গেছেন ইউনিভার্সিটি এবং এক্সটারনাল একদিকে, আর একদিকে অ্যাকাডেমিক এবং নন-অ্যাকাডেমিক—এই দুই পক্ষের মধ্যে একটা ব্যালেন্স করতে হবে। এই বিলে ঠিক সেইভাবে ব্যালেন্স হয় নি। বর্ধমান ইউনিভার্সিটি বিলে একটা টেকনলজিক্যাল ব্যায়াস থাকবে এটা বলা হয়েছে—সঙ্গে সঙ্গে একথাও বলা হয়েছে সায়েন্স এবং হিউম্যানিটিজ থাকবে। সায়েন্স এবং হিউম্যানিটিজ যদি থাকে তাহলে ম্যানেজমেন্টে শুধু টেকনলজিক্যাল লোয়ার প্রিডমিনানস রাখাটা ঠিক হবে না। যাদের টেকনলজিক্যাল নলেজ নেই, অ্যাকাডেমিক ডিসটিংসন আছে এরকম লোক ম্যানেজমেন্টে বিশেষ করে থাকা দরকার—তাহলে টেকনলজিক্যাল গাইড এবং হিউম্যানিটিজ এবং সায়েন্স গাইড এই দুটো গাইডই প্রপারলি রেপ্রেজেনটেড হবে। আর একটা কথা বলা হয়েছে যে রিজিওনাল ইউনিভার্সিটি হওয়া দরকার—রাধাকৃষ্ণন কমিশন একথা বলেছেন এবং রিজিওনাল যেসমস্ত প্রয়োজন

আছে সেই প্রয়োজনের দিকে লক্ষ্য করে শিক্ষা-ব্যবস্থা হওয়া দরকার। বর্ধমান জেলা পশ্চিম-বাংলার একটা ইম্পরট্যান্ট ইন্ডাস্ট্রিয়াল এরিয়া—সঙ্গে সঙ্গে বর্ধমান জেলা কৃষির জন্য খুবই খ্যাত। কাজেই যেসমস্ত বিষয় সেখানে অধ্যাপনা করা হবে তার ভেতর কৃষিটাকে রাখলে ভাল হোত। চিনসুরাতে একটা কৃষি বিদ্যালয় আছে। চিনশুরার কৃষি বিদ্যালয়কে কলেজে উন্নীত করে এই ইউনিভার্সিটির ভেতর আনার ব্যবস্থা করলে ভাল হোত। বর্ধমানে পূর্বে যে মেডিকেল স্কুল ছিল সেই মেডিকেল স্কুল উঠে গেছে—সেই জায়গায় নার্সেস ট্রেনিং সেন্টার হয়েছে। রিসেন্টাল ওয়ারলড্ হেলথ্ অর্গানাইজেসন থেকে সেখানে প্যাব্লিক হেলথ্ টিচিং-এর একটা ইনস্টিটিউসন করা হয়েছে।

[9-30—9-40 a.m.]

তবে পাবলিক হেল্থ এবং মেডিক্যাল, এই দুটো যদি শিক্ষার বিষয় বলে বর্ধমান ইউনিভার্সিটিতে থাকত তাহলে স্থানীয় প্রয়োজন মিটত এবং সঙ্গে সঙ্গে অন্য যে সমস্ত প্রয়োজনীয়তা রয়েছে তা দূরীভূত হত। সমগ্র বর্ধমান বিভাগটাকে যদি এই ইউনিভার্সিটির আওতার ভিতর আনা যেত, তাহলে সবচেয়ে ভাল হত। প্রথমে, হাওড়া ছিল বাদ, তারপর মেদিনীপুরও বাদ দেওয়া হয়েছে। এদিকে রাধাকৃষ্ণন কমিশন যে রেকমেন্ডেশন করেছিলেন, সেই রেকমেন্ডেশন অনুসরণ করা হবে না, যদি এইভাবে কাজ করা হয়। বিল যতই ভাল হোক, তার সাফল্য নির্ভর করছে যাদের উপর এই বিলের রূপায়ণের ভার থাকবে। আমি মনে করি শ্রীসুকুমার সেন, যিনি বর্তমানে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, তিনি একজন যোগ্য অফিসার, তাঁর পরিকল্পনা শক্তি আছে এবং তাঁর পরিচালনায় এই বিলের উদ্দেশ্য বহু পরিমাণে সফল হবে, সে বিষয় সন্দেহ নেই। অবশ্য যদি তিনি সরকারের পক্ষ থেকে সাহায্য পান এবং যদি সেখান থেকে ইনটারফিয়ারেন্স না আসে। আমি এই প্রসঙ্গে একটা কথা বলে রাখি ইউনিভার্সিটি কমিশন বলে গিয়েছেন, কোন লোকাল প্যাট্রিওটিজম বা ব্যক্তি বিশেষের প্রাধান্য দেখিয়ে নূতন ইউনিভার্সিটির সঙ্গে নদিয়া জেলাকে টেনেছেন, সেটা আমি আপত্তি করেছিলুম, এবং তাতে করেছেন। কিন্তু আমি এই প্রসঙ্গে বলতে চাই অন্য ক্ষেত্রে যাই হোক, শিক্ষা ক্ষেত্রে বর্ধমান রাজার অনেক অবদান আছে। এখানে যে বিল্ডিংএ ইউনিভার্সিটি স্থাপন হচ্ছে, এই বিল্ডিং তিনি দান করেছেন ডোনারের কোন কনডিশন বা সর্ত না রেখে। আমি এই কথাগুলি বলে এখানে এই যে বর্ধমান ইউনিভার্সিটি বিল উপস্থাপিত করা হয়েছে, সেটা আমি সমর্থন করছি।

Shri Haridas Dey:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বর্ধমান ইউনিভার্সিটি বিলটি আমরা সকলেই সমর্থন করছি, তবে কেউ কেউ বিলে কয়েকটা ধারা ও উপধারা নিয়ে আলোচনা বা সমালোচনা করেছেন। গত দিন এই বিল সমর্থন করতে উঠে আমার বন্ধু শ্রদ্ধেয় দাশরথীবাবু এই ইউনিভার্সিটির সঙ্গে নদিয়া জেলাকে টেনেছেন, সেটা আমি আপত্তি করেছিলাম, এবং তাতে অনেকের ধারনা হয়েছিল যে, এই বিল বুঝি আমি সমর্থন করছি না। ইউনিভার্সিটি আরও হওয়া দরকার পশ্চিমবাংলার সংখ্যা অনুপাতে। বর্ধমান জেলায় একটা নূতন ইউনিভার্সিটি স্থাপন করবার জন্য এই যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন, তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। আমি এই প্রসঙ্গে বলতে চাই নদিয়া জেলায় যে লোক সংখ্যা ছিল, আজকে সেখানে লোক সংখ্যা ডবল হয়ে গিয়েছে। কল্যানীতে একটা ইউনিভার্সিটি হবার কথা আছে সেটা যাতে তাড়াতাড়ি হয়, তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আপনারা জানেন যে নদিয়ায় লোক সংখ্যা, অনুপাতে, সেখানে দেশ বিভাগের আগে একটি মাত্র কলেজ ছিল; আজ সেখানে পাঁচ, ছয়টা কলেজ হয়েছে, অনেক স্কুলে শিক্ষকের সংখ্যাও বেড়ে গিয়েছে। সেইজন্য কল্যানীতে আর একটা ইউনিভার্সিটি দরকার এবং উত্তরবঙ্গেও ইউনিভার্সিটি স্থাপন করা দরকার। বিদ্যা সম্পর্কে একটা সাধারণ কথা আছে—"যতই করিবে দান, তত যাবে বেড়ে"। ইউনিভার্সিটি যদি প্রত্যেক জায়গায় হয়, তাহলে সেখানকার লোকের একজামিন দেওয়ার সুবিধা হবে। বর্ধমানে একটা ইউনিভার্সিটি হলে এখানে যাতায়াতের যাদের সুবিধা সেই সব জেলাকে এর মধ্যে ইনক্লুড করা উচিত। নদিয়া জেলা একটা সাংস্কৃতিক দেশ, সেখানে একটা সাংস্কৃতিক ইউনিভার্সিটি হওয়া খুবই প্রয়োজন। আমি নদিয়া জেলার পক্ষ

থেকে বলছি এটা গৌরাঙ্গের দেশ, এখানকার মানুষ সকলকে প্রেম দিয়ে থাকে, সকলকে কোল দিয়ে থাকে। তারা অপরের কোলে যায় না। আজ ৭।৮ লক্ষ রিফিউজিকে তারা কোল দিয়েছে। নদিয়া জেলা পরের কাছে যেতে চায় না। আমি এই দিলে আপত্তি করি না, বরং একে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের সামনে যে বর্ধমান ইউনিভার্সিটি বিল এসেছে সেই বিলের আওতায় আমাদের মেদিনীপুর জেলা অন্তর্ভুক্ত থাকলেও এখন সরকার পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, তা থেকে বুঝতে পারা যাচ্ছে যে মেদিনীপুর জেলাকে এ থেকে এক্সক্লুড করা হবে। আমাদের জেলার অধিবাসীদের বর্ধমানের চেয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শিক্ষা সম্পর্ক, সাংস্কৃতিক সম্পর্ক বেশি নিবিড়। ইউনিভার্সিটি পৃথক হোক—কনজেশান কমানর জন্য এটা দরকার। ইতিপূর্বে অনেক বক্তা বলেছেন, বিশেষ করে সুবোধবাবু বলেছেন, যে ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষেত্রে যে সমস্ত অসুবিধা আছে, সেগুলি দূর করা উচিত, কিন্তু সরকার অর্থের অভাবে তা করতে পারেন নি। আজকে নোতুন বিলের মধ্যে সেদিক থেকে কোন পরিপূরক ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আজকে ক্যালকাটা ইউনিভার্সিটি যেসব দিক থেকে অসুবিধার সম্মুখীন হয়েছেন, তার সমাধানের ব্যবস্থা যদি হত, তাহলে আমরা এই যে নোতুন বিল এনেছেন এখানে বুঝতে পারতাম যে নোতুন বিশ্ববিদ্যালয় সর্বাঙ্গীণ সুন্দর হবে। অধিকন্তু এই বিল আমাদের কাছে এই জিনিস স্পষ্ট করে তুলে ধরেছে যে এই যে ইউনিভার্সিটির কমিটি হবে যাকে সিনেট বলে ধরা হোক বা সিন্ডিকেট হিসাবে ধরা হোক সেটা একটা সম্পূর্ণ অটোনমাস বডি হচ্ছে যে বডিতে কার্যত শিক্ষাবিদ অথবা আমাদের দেশের বিদ্যোৎসাহী প্রতিষ্ঠানগুলির কোন প্রতিনিধিত্ব থাকবে না। এর অর্থ এই যে এই বিলটিও কার্যত একটি সরকারী কনট্রোল্ড জিনিস হবে তারা সরকারী ডাইরেকশানস অ্যান্ড ডিকটেশনস মেনে চলবে। এ সম্পর্কে অনেক সদস্য বলেছেন বিশেষ উদ্বেগের কারণ হয়েছে এটা আমি আর রিপিটিশান করতে চাই না। আমি এইটুকু বলতে চাই যে

technological bias and technological education

সেটা হোক তা আমরা চাই কিন্তু সেই সঙ্গে যদি সাধারণ শিক্ষার মানকে নষ্ট করে দেওয়া শিক্ষার যে উন্নতি তার পথকে রোধ করে দাঁড়াবার যদি কোন ব্যবস্থা এতে থাকে, তাকে নিশ্চয়ই আমরা সমর্থন করব না। আমরা এখানে দেখতে পাচ্ছি যে সকলে এক্স-অফিসিও মেম্বারস দিয়ে এবং ইনডাস্ট্রিয়ালিস্টদের দিয়ে বা তাদের প্রতিনিধি দিয়ে এই ইউনিভার্সিটি কমিটি গঠন করা হচ্ছে। ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষেত্রে সিনেটএর যে ব্যবস্থা আছে, তাতে জনসাধারণের প্রতিনিধিত্বের ব্যবস্থা থাকার ফলে ইউনিভার্সিটি শিক্ষার সঙ্গে আমাদের দেশের শিক্ষার উন্নতির সঙ্গে জনসাধারণের যে সংযোগ দেশের প্রকৃত বিদ্যোৎসাহী যারা যারা শিক্ষাবিদ তাদের সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত আছে। কত রকম অসুবিধা এই শিক্ষা ব্যাপারে আছে কত ত্রুটী আছে তার প্রতিকার না করে সে সম্পর্কে শিক্ষাবিদ যারা তাদের বর্জন করে কোন বিশ্ববিদ্যালয় চলতে পারে বলে আমি মনে করি না।

[9-40—9-50 a.m.]

তাই আমরা চাই যে এই যে ইউনিভার্সিটি কমিটি তাকে বর্ধিত করা হোক এবং সেই কমিটির মধ্যে বিদ্যোৎসাহীদের উপযুক্ত প্রতিনিধিত্ব রাখার ব্যবস্থা করা হোক। অন্যথায় এই প্রতিষ্ঠান সরকারী আওতায় সরকারী কন্ট্রোলএ এসে দাঁড়াবে এবং ভবিষ্যতে যে উদ্দেশ্যে ইউনিভার্সিটি তৈরির প্রয়োজন সেই উদ্দেশ্য ব্যর্থ করে দেবে। এই কারণেই এই বিল এভাবে সমর্থন করে উঠতে পারছি না। দ্বিতীয়তঃ এখানে পরীক্ষার যে ব্যবস্থা এবং শিক্ষার যে ব্যবস্থা শিক্ষকতার যে ব্যবস্থা তাতে সরকারী কনট্রোলএর ব্যবস্থা করা হয়েছে অর্থাৎ সরকারী নির্দেশানুযায়ী এগুলি পরিচালিত হতে হবে অসুবিধা ও সুবিধার দিকে লক্ষ্য রেখে নয় অসুবিধা দূর করার জন্য নয় শিক্ষকতার ক্ষেত্রে সুব্যবস্থা করার জন্য ইউনিভার্সিটির যে রেকমেন্ডেশান যেটা সরকারের কাছে গ্রহণযোগ্য অথবা সরকারী নির্দেশই ইউনিভার্সিটির পালনীয় হবে এই যে উলটো পদ্ধতি এটাই আমরা বিলে চাপিয়ে দিতে চাচ্ছি। ইতিপূর্বে অন্য কোন জায়গায় এরকম হয়েছে কিনা বলতে পারি না, যা নাকি বর্ধমান ইউনিভার্সিটির ক্ষেত্রে করা হচ্ছে। যে কনট্রোল

রাখবার ব্যবস্থা হচ্ছে শিক্ষকতার ক্ষেত্রে, এমন কি সিলেবাস রচনার ক্ষেত্রে পর্যন্ত যে ব্যবস্থা আনা হচ্ছে, সেটা সম্পূর্ণ জনস্বার্থ ও শিক্ষার স্বার্থের বিরুদ্ধে বলে আমি মনে করি। তাই আমি এটা চাই যে এই বিলকে উপযুক্তভাবে অ্যামেন্ড করে সংশোধন করে একে আনা হোক। এই ইউনিভার্সিটিতে এমন একটা ব্যবস্থা রাখা হোক যাতে টেকনোলজিক্যাল শিক্ষার দিকে শুধু নজর রেখে সাধারণ শিক্ষার পথ রোধ না করা হয় এবং তার উন্নতির ব্যবস্থা ব্যাহত না হয় সে দিকে দৃষ্টি দেওয়া দরকার।

দ্বিতীয়তঃ যে কথা সুবোধবাবু বলেছেন, সেটার প্রতিও সরকারের দৃষ্টি অবশ্য আকৃষ্ট হওয়া উচিত। বিশেষভাবে টেকনোলজিক্যাল শিক্ষার উপর জোর না দিয়ে বিজ্ঞান সম্পর্কে বিশেষজ্ঞ ও উপযুক্ত শিক্ষকের যে অভাব কলিকাতা ইউনিভার্সিটিতেও আংশিক অনুভূত হচ্ছে সেই অভাব যাতে বর্ধমান ইউনিভার্সিটিতে না ঘটে, সেদিকে যদি লক্ষ্য না রাখেন তাহলে আজকের এই বিল আনার অন্তর্নিহিত উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। তাই আমি অনুরোধ করছি যে উপযুক্ত অ্যামেন্ডমেন্ট বিভিন্ন সদস্যগণ যা নিয়ে এসেছেন, সেই আমেন্ডমেন্টগুলি যেন নিজেদের হঠকারিতার বশে পণ্ড করে না দেন।

Sj. Apurba Lal Majumdar:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, অত্যন্ত ভারাক্রান্ত এবং বেদনাহত মন নিয়ে আমি এই সারকুলেশান মোশান এই হাউসএর সামনে উপস্থিত করছি। প্রথমেই বলতে হয় যে এটা a good proposal in its ugliest form

আমি আশা করেছিলাম যে এই বিল উত্থাপনের পূর্বে অন্ততঃ সরকার পক্ষ দেশের বিদ্যোৎসাহী সমাজের সংগে আলাপ আলোচনা করবেন, আশা করেছিলাম দীর্ঘ দিনের ঐতিহ্যবাহী যে সমস্ত প্রতিষ্ঠান বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সংগে ওতপ্রোতভাবে জড়িত সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংগে আলোচনা করবেন। আশা করেছিলাম তাঁদের মতামত গ্রহণ করবেন এবং যতদূর সম্ভব তাদের সংগে আলোচনা করে তাদের মতামত অনুমোদন করে নেবেন এবং বিলের মধ্যেই লিপিবদ্ধ করবেন। কিন্তু এই বিলে, যদিও আমরা জানি বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে কয়েকটা ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করবার সংকল্প সরকার পক্ষ থেকে বেশ কিছু দিন আগে তাঁরা গ্রহণ করেছেন। কিন্তু এই পরিসরে যে সময় অতিবাহিত করেছেন এই সময়ের মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বা আমাদের দেশের শিক্ষায় অভিজ্ঞ মানুষদের সংগে আলোচনা না করে শিক্ষা মন্ত্রী মহাশয় যে সংকীর্ণ এবং অনুদার ভাবের পরিচয় দিয়েছেন স্বাভাবিকভাবে সেই অনুদার ও সংকীর্ণ মনের বিরুদ্ধে আমি আমার বক্তব্য পেশ করছি। কোন গণতান্ত্রিক দেশে যখন কোন শিক্ষা ব্যবস্থা সম্পর্কে নূতন ব্যবস্থা গ্রহণ করা হয় কিংবা কোন একটা বিশেষ গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে আসতে হয় তখন সেই সম্পর্কে যাঁদের বহু দিনের অভিজ্ঞতা আছে এবং জ্ঞান আছে তাঁদের সংগে আলাপ আলোচনা করে তাঁদের দীর্ঘদিনব্যাপী তাঁদের বহু দিনের অভিজ্ঞতালব্ধ যে জ্ঞান সেই জ্ঞানের পরিপ্রেক্ষিতে তাঁদের সিদ্ধান্তের একটা মূল্য সরকার দিয়ে থাকেন কিন্তু আমাদের দেশের শিক্ষা মন্ত্রীর কাছে ও আমাদের দেশের সরকারের কাছ থেকে এটা আশা করে ব্যর্থ হয়েছি। শিক্ষা বিভাগের পরিকল্পনাহীন, ত্রুটিপূর্ণ নীতির বিরুদ্ধে ইতিপূর্বে বহু কথা বহু বক্তা পেশ করেছেন কিন্তু সরকারের শিক্ষানীতি সম্পর্কে যে স্থবিরতা সেই স্থবিরতার জন্য আমরা পলিটেকনিক পারি নি যার জন্য নূতন এডুকেশনাল সিসটেম পশ্চিম বাংলায় বা ভারতবর্ষে প্রতিষ্ঠা লাভ করতে পারে নি। এই পরিকল্পনাহীন শিক্ষানীতির পরিপ্রেক্ষিতে যদি আমরা বর্ধমান ইউনিভার্সিটির বিচার করবার চেষ্টা করি, তাহলে তার ত্রুটি বিচ্যুতি আমাদের সামনে প্রকট হয়ে দেখা দেবে। বাংলা দেশ যে দ্রুত শিল্পোন্নয়ন হয়ে চলেছে তার জন্য পশ্চিম বাংলায় শিক্ষার সুযোগ সৃষ্টি করা প্রয়োজন এবং প্রযুক্তিবিদ্যা বিজ্ঞান শিক্ষাও এই শিক্ষার সুযোগ সাধারণ মানুষের মধ্যে এনে দিতে পারবে কি না সে প্রশ্নই বড় করে দেখা দিয়েছে। তা ছাড়া শিল্পাঞ্চল দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে এই কথা বলা হয়ে থাকে যে আমাদের দেশে টেকনিক্যাল জ্ঞান সম্পন্ন যুবকের অভাব। অথচ আজও কোন টেকনোলজি শিক্ষা করার জন্য কোন প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে নেই। আমাদের টেকনোলজি

শিক্ষার যথেষ্ট সুযোগ নেই। বাংলাদেশের যুবকরা এই সুযোগ পাচ্ছে না, এই পরিপ্রেক্ষিতে এই বিলের মাধ্যমে

mining and metallurgy and technological education

শিক্ষা দেবার জন্য ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করতেন এবং সরকার হাইয়ার টেকনোলজিক্যাল এডুকেশান দেবার জন্যই যদি এই বিলটা আনতেন, তাহলে আমাদের বক্তব্য অন্য ধরনের হোত। কিন্তু সরকার যেভাবে প্রশংসা করে, শিক্ষা মন্ত্রী এই বিলটা উত্থাপন করে যে বক্তব্য রাখলেন সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে বা সেই কষ্টিপাথরে যদি তার বিচার করি তাহলে আমরা দেখবো যে এই বিলের সঙ্গে তার কোন সঙ্গতি নেই। সাধারণত আমরা দেখি যে ইউনিভার্সিটির নাম্বার বাড়িয়ে দিলেই যেন আমাদের স্ট্যানডার্ড বেড়ে গেল, তাহলেই যেন আমাদের দেশে একটা প্ল্যান্ড এডুকেশনাল সিসটেম হল। কিন্তু এই ধারণা থাকার জন্যই বিদ্যোৎসাহী সমাজের মধ্যে হতাশা ও বিক্ষোভ জমা হয়েছে। বাংলাদেশের সাধারণ মানুষকে যাতে টেকনিক্যাল, মেটালার্জিক্যাল, টেকনোলজিক্যাল শিক্ষা দেবার সুযোগ দেওয়া যায়, তা এই বিলের মধ্যে নেই এবং সেদিক দিয়ে এই আইন ব্যর্থ হয়েছে। এই বিল যে পদ্ধতিতে আমাদের সামনে এসেছে, যে চরিত্র নিয়ে আমাদের সামনে আনা হয়েছে, সেই চরিত্র সম্পর্কে কয়েকটি কথা এখানে পরিষ্কারভাবে বলা প্রয়োজন।

[9-50—10 a.m.]

শিক্ষা মন্ত্রী একদিন নিজেই তাঁর বক্তব্যে বলেছিলেন

cultural and educational interest demand that education should be free from official control.

কিন্তু এই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গঠন পদ্ধতির প্রতি যদি দৃকপাত করেন, তাহলে দেখতে পাবেন, তাঁর এই সমস্ত চিন্তাধারা ও আদর্শ থেকে তিনি ভ্রষ্ট হয়েছেন। আজ যেভাবে এই বিলের মধ্যে দিয়ে ইউনিভার্সিটি বোর্ড গঠিত হচ্ছে, যাদের এর মধ্যে নেওয়া হচ্ছে তাতে

the Bill entirely overlooks the necessity of securing the services of independent educational experts. It totally excludes the representation of teachers.

একথা অস্বীকার করার উপায় নাই। অবশ্য শ্রদ্ধেয় শ্রীজগন্নাথ কোলে মহাশয় একটা সংশোধনী প্রস্তাব উত্থাপন করে কয়েক জনকে নির্বাচনের ব্যবস্থা করার জন্য চেষ্টা করেছেন। কিন্তু মূলতঃ যে দৃষ্টিভঙ্গী নিয়ে বর্ধমান ইউনিভার্সিটি বিল পরিচালিত হচ্ছে আমাদের এখানে, তাতে তার মধ্যে আমলাতান্ত্রিক প্রভাবই পুরাপুরি কায়েম থাকবে। তাই সাধারণভাবেও এই বিলের প্রতিবাদ না করে পারা যায় না। শিক্ষা মন্ত্রী নিজেই শিক্ষাবিৎ ব্যক্তির কথা একদিন বলেছিলেন, অথচ আজকে তিনি ঠিক তার উলটো ব্যবস্থাই করছেন। অবশ্য এখানে টিচারস রিপ্রেজেনটেশান নেবার প্রশ্ন উঠেছে, কিন্তু যাঁরা এডুকেশনাল এক্সপার্টস, যাঁরা এখনো স্বাধীনভাবে চিন্তা করেন, এবং অফিসিয়ালডাম থেকে মুক্ত থেকে স্বাধীনভাবে চিন্তা করার অধিকার ও সামর্থ্য এখনো যাঁদের আছে, তাদের এই আইনের আওতার বাইরে রেখে দেওয়া হয়েছে। এটা সত্যিই ভাগ্যের নির্মম পরিহাস যে, যে শিক্ষা মন্ত্রী একদিন শিক্ষা ব্যবস্থাকে আমলা-তান্ত্রিক নিয়ন্ত্রণাধীন থেকে মুক্ত রাখবার জন্য সুপারিশ করেছিলেন এবং শিক্ষাভিজ্ঞ ব্যক্তিদের দেশের শিক্ষা ব্যবস্থার মধ্যে এনে শিক্ষা ব্যবস্থা সমৃদ্ধশালী করার জন্য বলেছিলেন, তিনি আজ তা থেকে অনেক দূরে সরে গিয়েছেন। তাই তিনি তাঁর উইসডমএ শিক্ষা ব্যবস্থাকে সম্পূর্ণভাবে আমলাতন্ত্রের হাতে সঁপে দিচ্ছেন। আজ পশ্চিম বাংলার মানুষের বিশেষ করে যুবক সমাজের যা প্রয়োজন তা এই আইনের দ্বারা মিটবে না মিটতে পারে না। জীবনের প্রায় প্রান্তসীমায় এসে তাঁর এই আদর্শভ্রষ্টতা ও আদর্শবিচ্যুতি পশ্চিমবঙ্গের মানুষের মনকে পীড়িত করবে সন্দেহ নাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শুধু তাই নয়, আপনি যদি বিলের ৮নং ধারা এবং ২০নং ধারার প্রতি দৃকপাত করেন, তাহলে দেখবেন, চানসেলারএর হাতে সমস্ত ক্ষমতা নিবদ্ধ করে রাখা হয়েছে। এর থেকে আমি মনে করি এই মন্তব্য করা অসমীচীন হবে না যে, শিক্ষা মন্ত্রী তাঁর নিজের হাতে সমস্ত ক্ষমতা কুক্ষীগত করে রাখবার জন্যই উক্ত প্রোভিশানগুলি আইনের মধ্যে লিপিবদ্ধ করেছেন। পরিশেষে একথাই বলতে হয় যে, কলিকাতা

বিশ্ববিদ্যালয়ের স্বাধীন স্বত্বা আছে বলেই আজ কলিকাতা বিশ্ববিদ্যালয় সারা ভারতবর্ষের শিক্ষা সংস্কৃতির পীঠভূমি হিসাবে গড়ে উঠতে পেরেছে। আমি এই বলেই আমার বক্তব্য শেষ করব যে, প্রস্তাবিত বর্ধমান বিশ্ববিদ্যালয়কে যেভাবে আমলাতান্ত্রিক মনোভাবের দ্বারা প্রভাবান্বিত করে গড়ে তোলার প্রচেষ্টা হচ্ছে, তাতে দেশের যুবকদের শিক্ষার চাহিদা মেটান সম্ভব নয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় যে মূল প্রস্তাব তাতে আমাদের সকলেরই সমর্থন আছে, কিন্তু তার গঠন প্রণালীর দিক থেকে আমাদের তীব্র আপত্তি রয়েছে। তাই আমি বিলটা সারকুলেশানএ দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Sjta. Abhalata Kundu:

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শিক্ষা মন্ত্রী মহাশয় বর্ধমান বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য যে বিল এই হাউসের সামনে উপস্থিত করেছেন, তাঁকে তার জন্য অভিনন্দিত করা কর্তব্য বলে আমি মনে করি। দীর্ঘ দিন আমি বর্ধমানের অধিবাসী হিসাবে শিক্ষা সংক্রান্ত কাজে লিপ্ত আছি এবং আমি একথা বলতে পারি যে, বর্ধমানে একটা বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে আমাদের মহিলা সমাজের মধ্যে উৎসাহের অন্ত ছিল না, এবং আজকে গভর্নমেন্ট বহু দিনের সেই পরিকল্পনাকে কার্যকরী রূপ দিতে কৃতসংকল্প হয়েছে দেখে আমাদের আনন্দের সীমা পরিসীমা নাই। অবশ্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতি আমাদের শ্রদ্ধা কোন দিনই হ্রাসপ্রাপ্ত হবে না। আমরাও চাই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান আরো উন্নত হোক, কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও আমরা মনে না করে পারিব না যে, আমাদের দেশে অজ্ঞানতার অন্ধকার যেভাবে বাসা বেঁধে রয়েছে তা শুধুমাত্র একটি আলোকেই দূরীভূত হবে না। একটি মাত্র আলোকেই প্রতিটি কোনের অন্ধকার বিদূরিত হতে পারে তা কখনোই সম্ভব বলে মনে হয় না। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে কৌলিন্য তা অত্যন্ত আধুনিক কালের, কলিকাতার আভিজাত্যও বেশি দিনের নয়। একদিন আমাদের দেশে শিক্ষা কেন্দ্র ছিল গ্রামে গ্রামে। শিক্ষা ও সংস্কৃতির কেন্দ্র ছিল নবদ্বীপ, বিক্রমপুর, বনবিষ্ণুপুর। কাজেই আজকে যে পশ্চিমবাংলা সরকার কলকাতার বাইরে মফঃস্বলে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, তার জন্যও তাঁদের সত্যিই ধন্যবাদ প্রাপ্য। আজ আমাদের বিশ্ববিদ্যালয় আমাদের ঘরের কাছে চলে যাবে, পরে হয়তো মেদিনীপুরে একটা হবে, উত্তর বঙ্গে একটা হবে, কল্যাণীতে আরেকটা হবে এমনি করে আমাদের ঘরের কাছাকাছি যে আলো বিচ্ছুরিত হবে তাতে অজ্ঞানতার অন্ধকার আরো বেশি করে বিদূরিত হবে। এবং এর দ্বারা বিশেষ করে মহিলাদের শিক্ষার সুবিধা হবে বলে মনে হয়। পল্লী বাংলার সুদূর প্রান্ত থেকে উচ্চ শিক্ষার সুযোগ গ্রহণ করা অনেক মেয়ের পক্ষেই সম্ভব হয় না, সেদিক থেকেও উচ্চ শিক্ষার বিস্তারের জন্য এদেশে আরো বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে। সুতরাং বর্ধমান ইউনিভার্সিটি বিলকে আন্তরিক অভিনন্দন না জানিয়ে পারছি না। এই বিলের মধ্যে যে সমস্ত প্রভিশন রয়েছে মায় সদস্যদের মধ্যে অনেকেই তার সমালোচনা করেছেন বিশেষ করে ইউনিভার্সিটির যে কমিটি হবে সেই কমিটিতে কারা কারা সদস্য থাকবেন সে সম্বন্ধে বহু বিতর্ক উঠেছে। এ বিষয়ে আমারও একটু বক্তব্য রয়েছে। দফাং করে কে কে ইউনিভার্সিটি কমিটির সদস্য হবেন তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। এখানে আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, কোন মহিলা প্রতিনিধি নেবার ব্যবস্থা করা হয় নি কমিটিতে। সেজন্য আমি সরকারকে অনুরোধ করব, বিলের মধ্যে একটা স্ট্যাটুটোরি প্রোভিশান রাখুন যাতে অন্ততঃ একজন মহিলা প্রতিনিধি থাকতে পারেন। আজকে দেশে শিক্ষিতা মহিলার অভাব নাই। তাঁরা যদি একটা আসন পান তবে স্ত্রীশিক্ষার দিকে তাঁরা বেশি করে নজর দিতে পারবেন।

[10—10-10 a.m.]

কেউ হয়ত বলবেন যে আমরা সেক্স, কাষ্ট, ক্রিড পৃথক পৃথকভাবে করব না বলে এটা রাখি নি এবং টিচার্স রিপ্রেজেনটেটিভএর ব্যাপারে নূতন যে অ্যামেন্ডমিন্ট এসেছে এতে একজন মহিলা আসতে পারবে। কিন্তু আমি বলব যে একজন মহিলাও আসতে পারবে না কেন না একেই ত মহিলা কলেজের সংখ্যা কম তারপর আবার অনেক সাবজেক্টএ মহিলা প্রফেসর পাওয়া যায় না এবং অনেক মহিলা কলেজ আছে যার অধ্যাপক মহিলা নয়, সুতরাং যে ওপেন ভোট হবে সে ভোটে কোন মহিলা যে ইলেকটেড হয়ে আসতে পারবে, সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ

রয়েছে। কাজেই আমি সরকারকে অনুরোধ করব যে একটা স্ট্যাটুটরি প্রভিশান করুন যাতে একজন মহিলা এই বিশ্ববিদ্যালয়ের সদস্যপদ লাভ করতে পারেন। আমার আর বেশি কিছু বলার নেই। তবে এই বিলকে সর্বান্তকরণে সমর্থন করছি এই জন্য যে অজ্ঞানের অন্ধকার দূর হয়ে আলো আসুক—উপনিষদে আমাদের ঋষিরা বলেছেন "তমসো মা জ্যোতির্গময়ঃ" সেই বাণী সত্য হোক। কারণ আমাদের একমাত্র চিন্তা হচ্ছে লাইট—মোর লাইট। সেই আলো যত জ্বলবে ততই অন্ধকার দূর হয়ে যাবে। সেই আলোকে হয়ত কারুর চোখ ধাঁধিয়ে যেতে পারে কিন্তু তাই বলে কি আমরা বলব যে আলো চাই না—অন্ধকার চাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Bhakta Chandra Ray:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলকে সমর্থন এবং অভিনন্দন জানিয়ে দু'-চারটে কথা বলব। আমি মনে করি গ্রাম বাংলার দীর্ঘ দিনের আশা কেন্দ্রীভূত শিক্ষা ব্যবস্থার বিকেন্দ্রীকরণ এবং সেই আশা ফলবতী করাবার জন্য বর্ধমান ইউনিভার্সিটি বিল নামে যা আমাদের হাউসের সামনে এসেছে এবং যে ইউনিভার্সিটি স্থাপন করবার জন্য ইতিমধ্যেই সেখানে কাজ আরম্ভ হয়েছে তাকে ধন্যবাদ না দিয়ে থাকা যায় না। এবং আমি শুধু সমর্থনই জানাচ্ছি না, এই বিলকে সারকুলেশানএ বা সিলেক্ট কমিটিতে দিয়ে অনর্থক কাল হরণের জন্য যে সমস্ত অ্যামেন্ডমেন্ট ও সংশোধনী প্রস্তাব এসেছে, সেগুলির সম্পূর্ণ বিরোধীতা করছি। কারণ আজকে বাংলা দেশের শিক্ষা ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করা প্রয়োজন এবং দীর্ঘ দিন পরে হলেও সরকার যখন এই ইউনিভার্সিটি বিল নিয়ে এসেছেন তখন অযথা কালহরণ করার কোন অর্থই হয় না। তবে সমালোচনা সব ব্যাপারেই থাকবে কিন্তু তা সত্ত্বেও আমাদের এগিয়ে যেতে হবে। বর্ত্তমানে বাংলাদেশে ছাত্রসংখ্যা অত্যন্ত বেড়ে যাওয়ায় শিক্ষা ক্ষেত্রে যখন একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে, তখন তাকে সামাধান করার জন্য বাংলাদেশের বিভিন্ন জায়গায় প্রয়োজন মত আরও ইউনিভার্সিটি করতে হবে। কিন্তু একটা করতে গিয়েই যদি আমরা এত সময় নষ্ট করি, তাহলে বাকিগুলো করতে আরও বিলম্ব হয়ে যাবে। এই ইউনিভার্সিটির ম্যানেজমেন্ট নিয়ে আমাদের সদস্যবন্ধুরা অনেক কথা এখানে বলেছেন। কিন্তু আমি বলব যে আমাদের দেশের সমস্ত রিসোর্স ভালভাবে কাজে লাগাতে হবে। ইউনিভার্সিটি ম্যানেজমেন্টএর কথায় তিনি বলেছেন যে শুধু অ্যাডমিনিস্ট্রেটর দিয়ে কখনও ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট করা যায় না। কিন্তু আমি বলব যে ইউনিভার্সিটিরও তো একটা অ্যাডমিনিস্ট্রেশন আছে। যদি ভাল দরদী অ্যাডমিনিস্ট্রেটর থাকে তাহলে কাজ কর্ম বেশ সুষ্ঠুভাবে চলতে পারে এবং এই জন্যই অ্যাডমিনিস্ট্রেটরএর প্রয়োজন আছে। তারপর অনেকে বলেছেন যে একটা ব্যবসায়ী গোষ্ঠীর দ্বারা এই ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট করার ব্যবস্থা হচ্ছে। কিন্তু আমি বলব যে যদি কোন ব্যবসায়ী তার অর্থ সম্পদ নিয়ে এই ইউনিভার্সিটিকে উন্নত করবার জন্য এগিয়ে আসেন তাহলে আমি মনে করি এবং সকলেই যা বলেছেন যে তাকে নেওয়া অসংগত নয়। আমাদের বর্ত্তমান শিক্ষা ব্যবস্থা শিক্ষিত সমাজের লোকেদের দ্বারাই পরিচালিত হয় কিন্তু অন্যান্য শ্রেণীর লোকেরাও যাতে এ ব্যাপারে অংশ গ্রহণ করতে পারে সে দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আমি শিক্ষা মন্ত্রী এবং মুখ্য মন্ত্রীকে বলবো যে বর্ধমান বিভাগের বিভিন্ন জেলার প্রতিনিধিরা যে ভয় ও আশংকা প্রকাশ করে এই ইউনিভার্সিটির সংগে যুক্ত থাকার পক্ষপাতি আমি তাদের সংগে আলাপ আলোচনা করেছি। তাদের আশংকার কারণস্বরূপ তারা বলেছেন যে পর্যন্ত না এই বিশ্ববিদ্যালয়ে ইন্টারমিডিয়েট বা বি. এ পড়াবার ভাল ব্যবস্থা হচ্ছে—অন্ততঃ এই ৫।৭ বৎসর ছেলেদের খুব অসুবিধা ভোগ করতে হবে এবং এই জন্যই হাওড়া, হুগলী ও মেদিনীপুরের অনেকে এর বাইরে থাকতে চাইছেন। সেই জন্য আমি আমাদের শিক্ষা মন্ত্রী তথা মুখ্য মন্ত্রীকে অনুরোধ করব যে এই ইউনিভার্সিটিকে সর্বতোভাবে করবার জন্য আপনারা সচেষ্ট হোন এবং প্রয়োজন মত অর্থ সম্পদ দিয়ে একে সকলের আকর্ষণযোগ্য করে গড়ে তুলুন। এ যদি করতে পারেন, তাহলে আজ যারা পিছিয়ে যেতে চাইছে, তারা নিশ্চয়ই এগিয়ে আসবে। এই ইউনিভার্সিটির মত সম্ভাবনার মধ্যে আর একটি সম্ভাবনা হোল, বর্ধমান বিভাগের এগ্রিকালচার। যদি একে ইউনিভার্সিটি কোর্সের অন্তর্ভক্ত করা হয়, তাহলে এটা আরও অ্যাট্রেকটিভ হবে। সুতরাং আমি সরকারকে অনুরোধ করব যে আমাদের এই হাউসে বর্ধমান বিভাগের যে সমস্ত প্রতিনিধিরা এই ইউনিভার্সিটির আওতার বাইরে থাকতে চাইছেন, তাঁদের সেই সন্দেহ দূর

করার জন্য প্রয়োজন মত অর্থ সম্পদ ও ভাল ভাল শিক্ষক দিয়ে যত তাড়াতাড়ি সম্ভব ইউনিভার্সিটি গঠন করে শিক্ষা ব্যবস্থাকে ডিসেন্ট্রালাইজড করার ব্যবস্থা করুন। তারপর এখানে অনেকে এই নূতন ইউনিভার্সিটির অ্যাডমিনিস্ট্রেটর সুকুমার সেন মহাশয় সম্বন্ধে অনেক কথা বলেছেন। কিন্তু আমি বলব তিনি ইতিমধ্যেই যে দরদ দিয়ে বর্ধমানে কাজ আরম্ভ করে দিয়েছেন, তাতে তিনি সেখানকার লোকেদের যথেষ্ট সহানুভূতি পাচ্ছেন এবং বর্ধমানে গেলে আপনারা তার এফিসিয়েন্সির প্রমাণ পাবেন। তারপর আমি কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। বর্ধমান রাজ কলেজে প্রচুর সংখ্যক ছাত্র হওয়ার জন্য গভর্নমেন্ট সেখানে মর্নিং সেকশনএর ব্যবস্থা করেছিল। কিন্তু দুঃখের বিষয় যে ক্যালকাটা ইউনিভার্সিটি সেটা বন্ধ করে দিয়ে সেখানে একটা অরাজকতার সৃষ্টি করেছে। তবে তাই বলে যে গভর্নমেন্ট প্রচুর টাকা খরচ করে এই ইউনিভার্সিটি করছে এটা আমি মনে করি না। যা হোক, আমার যে সমস্ত বন্ধু বান্ধবরা এটা সারকুলেশনএ বা সিলেক্ট কমিটিতে দিতে বলেছেন, আমি তার প্রতিবাদ করে এই বিলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ এখানে বর্ধমান ইউনিভার্সিটি বিল নামে যা এসেছে, তার সম্বন্ধে বলতে গিয়ে আমি প্রথমেই বলব যে দেশের মধ্যে অনেক বিশ্ববিদ্যালয় হোক, এদিক দিয়ে এর প্রয়োজনীয়তা স্বীকার করতেই হবে। তবে এ বিলের একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এবং সেটা হোল এই যে সব জেলার কথা এই বিলের মধ্যে উল্লেখ করা হয়েছে যদি সেসব জেলার শিক্ষা প্রতিষ্ঠানের মতামত নিয়ে এটা করা হোত, তাহলে এই বিলটির পূর্ণতা প্রাপ্ত হোত। যা হোক, আমি এখন আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এ কথাই বলব যে এই বিল কার্যকরী হোলে অনেক দিক থেকে যেমন সুবিধা আছে, তেমনি আবার অসুবিধাও আছে। আপনারা রেলওয়ে টাইম টেবেল দেখলেই বুঝতে পারবেন যে বর্তমানে রেলওয়ের নানা রকম পরিবর্তন হওয়ার ফলে কোলকাতার কাছাকাছি যেসব জায়গা যেমন—শ্রীরামপুর, হুগলী প্রভৃতি অঞ্চলের ছাত্ররা অতি অল্প সময়ে অর্থাৎ ২০ থেকে ৪০ মিনিটের মধ্যেই কোলকাতার সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারে বলে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত একটা ঐতিহ্যপূর্ণ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত থাকার জন্য যে মানসিক প্রস্তুতি প্রয়োজন তাও তাদের আছে বলে যে বিশ্ববিদ্যালয় আজও গড়ে ওঠে নি তার সঙ্গে এরা যুক্ত না হয়ে এই কোলকাতার সঙ্গেই যুক্ত হবার চেষ্টা করছে এবং এ যদি হয় তাহলে এইসব এলাকার কলেজগুলি ছাত্রশূন্য হতে বাধ্য।

[10-10—10-20 a.m.]

এর ফলে সেই স্থানীয় কলেজগুলি প্রায় উঠে যাবার উপক্রম হবে। মন্ত্রিমহাশয় যখন এই বিল আনলেন তখন যদি এইভাবে একটা আলোচনা, একটা মতামত নিয়ে করতেন তা হলে যেসব কলেজগুলি ৭০-৭৫ বছর ধরে আমাদের দেশে জ্ঞানের আলো জ্বালিয়েছে সেইসব প্রতিষ্ঠান-গুলি এরকম একটা সংকটের মুখে পড়ত না। এইদিক থেকে আমার মনে হয় এখনও অবকাশ আছে, এখনও এই আইনের ৫(২)(এ) ধারামতে কলেজগুলির প্রতি সুবিচার করা যেতে পারে। কিন্তু তার গ্যারান্টি কোথায়? সেটা যদি স্টেট গভর্নমেন্ট মনে করেন, কবে করবেন? এইরকম একটা সাসপেন্সের মধ্যে ছাত্রদের এবং অভিভাবকদের ফেলে রাখলে খুবই মুশকিল হবে, গোলমালের সৃষ্টি হতে পারে এবং সেই গোলমাল দেশের শিক্ষাক্ষেত্রে অনেকখানি বিপর্যয় এনে দিতে পারে। অন্যদিকে আর একটা কথা হচ্ছে যে, আমরা শুনেছি, বিভিন্ন কলেজ, বিভিন্ন প্রতিষ্ঠান, জেলা বোর্ডকে বলা হয়েছে এবং কিছু কিছু মতামত চাওয়া হয়েছে, কিন্তু তাদের বেশ প্রলোভন দেখানো হয়েছে যে, তোমরা আলাদা আলাদা টাকা পাবে, তোমাদের কলকাতার কৌলীন্য স্বীকার করতে হবে না, তোমরা স্বাধীনভাবে চলতে পারবে। এইসবের মধ্য দিয়ে একটা অনুগত, একটা দলীয় চক্রান্তের গন্ধ পাওয়া যায়। সেজন্য আমি বলতে চাই, শিক্ষাক্ষেত্রে এটা হ'লে অত্যন্ত ভুল হবে বিপজ্জনক হবে, তা ছাড়া ক্যালকাটা ইউনি-ভার্সিটির প্রতিদ্বন্দ্বী হিসাবে বর্ধমান ইউনিভার্সিটি গড়ে উঠেছে, এইরকম একটা প্রোপাগান্ডা হবে। বর্ধমান বিশ্ববিদ্যালয় গড়ে উঠুক, তার নিজস্ব ভিত্তিতে সে ফুটে উঠুক, এ জিনিস আমরা কামনা করব, কিন্তু কলকাতার প্রতিদ্বন্দ্বী হিসাবে রাখলে আমার মনে হয় গোড়াতেই

একটা গলদ রাখা হবে। আমি বিশেষ ক'রে বর্ডার লাইনে যেসব কলেজগুলি আছে তাদের কথা উল্লেখ করব—যেমন আমার জেলার উত্তরপাড়া নিশ্চয়ই মন্ত্রিমহাশয় জানেন—এটা বালীর উত্তরপাড়া ছিল। ডানকুনি ড্রেনেজ ক্যানেলটা যাওয়ার পরে উত্তরপাড়া হুগলির সঙ্গে সংযুক্ত হয়েছে এবং উত্তরপাড়া কলেজ যেখানে তার ৫০ গজ দক্ষিণে হাওড়া জেলা এবং এই কলেজের অধিকাংশ ছাত্র হচ্ছে বাইরের ছাত্র। আমি উদাহরণ দিয়ে বলছি—শ্রীরামপুর কলেজ, ডাঃ রায় জানেন ইলেকশনের বছরে হীরালাল পাল কলেজ ওপেন ক'রে এসেছেন এবং রিসড়াতে তাঁর নামে একটা কলেজ আছে—এইসব কলেজগুলিতে স্থানীয় ছাত্ররা পড়ে। সুতরাং উত্তরপাড়াতে যেসব ছাত্ররা আসে তারা অধিকাংশই হচ্ছে বাইরের—নিশ্চয়ই স্থানীয় ছাত্র বেশি হয় না, এটা বুঝতে পারছেন। হাওড়া, বালী, বেলুড়, দক্ষিণেশ্বর এইসব অঞ্চলের ছাত্ররা সেখানে আসে এবং আজকে বর্ধমান বিশ্ববিদ্যালয় স্থাপিত হওয়ার পরে একশত গজের ব্যবধানে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্ররা চলে যাবে এই আশঙ্কায় তারা নিশ্চয়ই চলে আসবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এবং ফলে ৭০ বছর ধরে এই কলেজ যেটা আমাদের দেশের লোকের জ্ঞানের আলো জ্বালাবার চেষ্টা করেছে নানারকম ঝড়ঝাপটা, বিপর্যয়ের মধ্য দিয়ে সেই প্রতিষ্ঠানের আজকে কি অবস্থা হবে তা আমি মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। যাতে এই বিলটাকে সুষ্ঠুভাবে প্রস্তুত করা যায়, তা এখানে তিনি পরিষ্কারভাবে ঘোষণা করবেন এইটাই আমি আশা করি। আমরা নিশ্চয়ই চাইব আরও বিশ্ববিদ্যালয় হোক, কিন্তু প্রতিদ্বন্দ্বীমূলক বিশ্ববিদ্যালয় নয়—প্রতিদ্বন্দ্বিতা হোক পরস্পরের ফলাফলের দিক থেকে, প্রতিদ্বন্দ্বিতা হোক ফুটে ওঠার দিক থেকে, কিন্তু কে কাকে ল্যাং মারবে, কার গ্রান্ট আটকে দিয়ে নিজেরা গ্রান্ট পাবে এইরকম প্রতিদ্বন্দ্বিতা বিপজ্জনক। শেষমুহূর্তে, মাননীয় সদস্য আভালতা কুণ্ড যে প্রস্তাব করেছেন তা আমি আন্তরিকভাবে সমর্থন করি এবং আজকের দিনে যখন মহিলা শিক্ষা দেশের মধ্যে প্রসার লাভ করছে এবং করবার এত উজ্জ্বল সম্ভাবনা আছে তখন সেদিক থেকে একটা ব্যবস্থা হওয়া উচিত। একদেশদর্শিতা নষ্ট ক'রে মন্ত্রিমহাশয়ের উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা উচিত, এই ব'লে আমি এই বিলটা সমর্থন করছি।

Sj. Pramatha Nath Dhibar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিলটা আমাদের সামনে পেশ করেছেন সেজন্য বর্ধমান জেলার পক্ষ থেকে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই বিলটা পড়লে দেখা যায় যে, এর উদ্দেশ্য মহৎ, কিন্তু এর গঠনতন্ত্রের মধ্যে দেখছি যে, কতকগুলি সরকারী অফিসার এক্স-অফিসিও হিসাবে বিশ্ববিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মধ্যে থাকবেন। আমরা গণতন্ত্রে বাস করছি এবং গণতন্ত্রে আমরা বিশ্বাস করি, অথচ জনপ্রতিনিধির কোন স্থান এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে থাকবে না। সেজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট আবেদন করছি, যে কটি জেলা এই বিশ্ববিদ্যালয়ের আওতার মধ্যে রয়েছে সেখান থেকে অন্তত দুজন ক'রে গ্র্যাজুয়েট থেকে যাতে প্রতিনিধি নির্বাচিত হয়ে আসতে পারে তার একটা প্রভিশন করা দরকার। ক্লজ ৮এ, আপনি স্যার, দেখবেন কতকগুলি জেনারেল ম্যানেজার, যেমন ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল, দুর্গাপুর স্টীল প্রোজেক্টএর ম্যানেজার প্রভৃতি ৪-৫ জন ম্যানেজার এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে রয়েছেন—আমি এর ঘোরতর বিরোধিতা করি। কারণ এই ব্যবসাদারী মনোভাব থাকাটা বিলের উদ্দেশ্য নয়। বর্তমানে এই বিলের আওতার মধ্যে জেলাগুলিতে এমন কোন টেকনোলজিক্যাল ইনস্টিটিউশন নেই যার দ্বারা এর উদ্দেশ্য সার্থক হতে পারে। কাজেই আমি সরকারের কাছে আবেদন করছি এই বিলের আওতার মধ্যে কোন ভাল ইনস্টিটিউশন স্থাপন করা প্রয়োজন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, বর্ধমান জেলায় একটা মেডিকেল স্কুল ছিল সেটা তুলে দেওয়া হয়েছে। এই বিলের আওতার মধ্যে বাঁকুড়া ছাড়া আর কোথাও কোন মেডিকেল কলেজ নেই। আশা করি মন্ত্রিমহাশয় অন্তত বর্ধমানে একটা মেডিকেল কলেজ স্থাপন করবেন এবং কোন টেকনিক্যাল ইনস্টিটিউশন বা মাইনিং ইনস্টিটিউশন তাড়াতাড়ি করার কথাটাকে এই বিলের মধ্যে ইনক্লুড করবার আবেদন জানিয়ে এবং এই বিলকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Tarapada Chaudhuri:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বর্ধমান জেলার অধিবাসীদের পক্ষ থেকে এই বিলটাকে অভিনন্দন জানাচ্ছি। বহু পূর্ব থেকে সরকার সংকল্প ক'রে আসছিলেন যে বিশ্ব-বিদ্যালয় বিকেন্দ্রীকরণ ক'রে তাকে একটা সুস্পষ্ট রূপ দিতে হবে—এই রূপ দিতে যদিও অনেক সময় নষ্ট হয়েছে তবুও আমি বলব বেটার লেট দ্যান নেভার। সেজন্য আমি বলি যে আজকে যে পরিপ্রেক্ষিতে বর্ধমান বিশ্ববিদ্যালয় সৃষ্টি করা হচ্ছে সেখানে মস্তবড় একটা ফ্যাক্টর আছে সেটা ফাইনান্সিয়াল ফ্যাক্টর এবং এই ফাইনান্সিয়াল ফ্যাক্টরের যে দায়িত্ব তা বেশি পরিমাণে নির্ভর করে আমাদের আর্থিক সাহায্যের উপর, যে সাহায্য আমরা পাব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। আজকে আমরা যে সাহায্য আশা করছি যা পাবার পরিকল্পনা গৃহীত হয়েছে, এই পরিকল্পনা বেশিদিন কার্যকরী থাকবে না। কাজেই আমি বলতে চাই যে, আজকে এই বিলকে বিলম্বিত না ক'রে অচিরে গ্রহণ করা উচিত।

[10-20—10-30 a.m.]

কারণ, নইলে যখন অর্থাভাব হবে আর্থিক সাহায্য না পাওয়ার জন্য আমাদের এই পরিকল্পনাকে কার্যে রূপায়িত করতে পারব না। আমি এখানে বলতে চাই যে আজকে বর্ধমান জেলা একটা বিশেষ শিল্পকেন্দ্র হিসাবে গড়ে উঠছে, সেটা ভারতবর্ষের মধ্যে একটা গুরুত্বপূর্ণ কেন্দ্র হচ্ছে। আমরা জানি আজকে ভারতবর্ষের তথা বাংলার প্রধান সমস্যা হচ্ছে অর্থনৈতিক সমস্যা এবং এর ভিতর বেশি সমস্যা দেখা দিয়েছে আজকে মধ্যবিত্ত বাঙ্গালীর। তাদের যে সমস্যা আনএমপ্লয়মেন্ট প্রবলেম তা কোনদিনই সলিউশন হবে না যদি আজকে এই শিল্প-শিক্ষাকে একটা বিরাট পরিকল্পনায় গ্রহণ ক'রে একটা ডায়নামিক ড্রাইভ দেওয়া না যায়। বর্ধমান জেলায় প্রচুর খনিজ সম্পদ আছে। সেখানে মাইনিং ও মেটালার্জির শিল্পকেন্দ্র স্থাপন করার জন্য একটা ডায়নামিক ড্রাইভ দেওয়া যেতে পারে। মাইনিং ও মেটালার্জির স্কুল অবশ্য ধানবাদে আছে। কিন্তু সেটা বর্ধমান জেলার আওতার মধ্যে নয়। সেখানে আজকে অ্যাড-মিশন পাওয়া একটা মস্ত বড় প্রবলেম হয়ে উঠেছে। সারা ভারতবর্ষে আজকে মেটালার্জি ও মাইনিং সম্বন্ধে জ্ঞানসম্পন্ন লোকের অত্যন্ত অভাব। আজকে যদি এই অভাব পূরণ করতে হয় তা হলে এ সম্বন্ধে এমন একটা শিক্ষাকেন্দ্র গড়ে তুলতে হবে যেখানে স্মল-স্কেল ইন্ডাস্ট্রির কাজ শেখানো যেতে পারে যেখান থেকে ফিল্ড ওয়ার্কার্স টেকনিসিয়ান্স ভাল ভাল ইঞ্জিনীয়ারস তৈরি হতে পারে। এ সম্বন্ধে আমি একটা ডায়নামিক প্রোগ্রাম দিতে পারি। কলিকাতা বিশ্ববিদ্যালয় সৃষ্টি হয়েছিল ইংরাজ আমলে কেরানীগিরি শিক্ষানবিশ তৈরি করবার জন্য। অবশ্য আমি বলতে পারি যে আজকে অনেক ভারতবাসী নানা বিষয়ে শিক্ষালাভ করেছেন। আজকে নানা বিষয় শিক্ষার জন্য এবং বিজ্ঞানের দিক থেকে অনেক পোস্ট-গ্র্যাজুয়েট ডিপার্টমেন্টস এখানে খোলা হয়েছে। কিন্তু আমাদের প্রয়োজনের অনুপাতে তা অত্যন্ত অল্প। এখানে অ্যাপ্লায়েড কেমিস্ট্রি অ্যাপ্লায়েড সায়েন্স প্রভৃতি এক একটা ডিপার্টমেন্টস ও কেমিস্ট্রি, ফিজিক্সএর ভাল ভাল ছেলে ইভন অনার্স গ্র্যাজুয়েটরা অ্যাডমিশন পাচ্ছে না। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আওতায় যে অ্যাডমিশনএর ব্যবস্থা আছে সেখানে গ্র্যাজুয়েট এবং পোস্ট-গ্র্যাজুয়েট স্টুডেন্টরা বিশেষ ক'রে যারা মফঃস্বল থেকে আসে তারা একটা মস্তবড় ধাঁধার মধ্যে পড়ে যায় এবং অনেক সময় পথ হারায়, খোঁজ পায়না কোথায় যাবে। সেখানে তারা অ্যাডমিশন পায় না।

Save and excepting for a very few brilliant students.

যারা রেকর্ড মার্কস পেয়েছে তারাই কেবল ভর্তি হ'তে পারে। যাদবপুর ইউনিভার্সিটিতে অ্যাডমিশন বা ভর্তি হ'তে গেলে ৬৫ ৬৬, পারসেন্ট মিনিমাম মার্কস পাওয়া দরকার।

Minimum marks for admission to any Engineering Department or mechanical or electrical and say Civil Engineering

হচ্ছে ৬৬ পারসেন্ট। যেসমস্ত ছেলে ৬৬ পারসেন্টের চেয়ে কম মার্ক পেয়েছে তাদের সেখানে ভর্তি হবার উপায় নেই। শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজে সাধারণ ছেলেরা, যারা একটু ভাল লেখাপড়া জানে, তারা সায়েন্স কোর্স পড়ে অ্যাডমিশন টেস্টএর জন্য প্রস্তুত হয়েও সেখানে অ্যাডমিশন পাচ্ছে না। কাজেই এইরকম একটা অবস্থার মধ্যে আমাদের দেশের ছাত্রদের পড়তে

হচ্ছে, অথচ সেখানে আমরা দেখতে পাচ্ছি প্রচুর সম্ভাবনা রয়েছে, তা দূর করবার। আজকে যাতে ছাত্রদের মধ্যে বেকারসমস্যা দূর করা যায় তার জন্য বিশেষ ব্যবস্থা অবলম্বন করা উচিত। আজকের এই পারিপ্রেক্ষিতে বর্ধমান ইউনিভার্সিটি বিল, যেটা মাননীয় মন্ত্রিমহাশয় এখানে উত্থাপন করেছেন, সেটা অত্যন্ত প্রয়োজনীয় বিল ব'লে আমি মনে করি। আমি চাই, এই বর্ধমান ইউনিভার্সিটি বিলকে ইমিডিয়েটলি এফেক্ট দেবার জন্য উইদাউট এনি লস অফ টাইম স্টেট গভর্নমেন্ট যথোচিত ব্যবস্থা অবলম্বন করুন।

আজকে একটা জিনিস এই প্রসঙ্গে বলতে চাই, আমাদের পশ্চিম বাংলা মূলত কৃষিব্যবস্থার উপর নির্ভরশীল এবং কৃষিব্যবস্থা কোনদিনই উন্নতিলাভ করতে পারবে না, যদি সেখানে সায়েন্টিফিক এগ্রিকালচার ইন্ট্রোডিস করা না যায় এবং সর্বত্র ইনটেন্সিভ কাল্টিভেশন না হয়। সায়েন্টিফিক কাল্টিভেশন কি ক'রে করতে হয় তা জানা নেই। যেমন অন্যান্য দেশে আছে তেমনিভাবে যাতে ছেলেরা সায়েন্টিফিক এগ্রিকালচারএর বিষয় জানতে পারে তার জন্য শিক্ষা-ব্যবস্থা প্রয়োজন। আর একটা জিনিস স্মল-স্কেল ইন্ডাস্ট্রিজ--এটা গ্রামে গ্রামে হতে পারে এবং চাষের কাজের সঙ্গে সংযোগ রেখে যাতে চলতে পারে, বৃহৎ শিল্পের কম্পোনেন্ট হিসাবে যাতে কাজ করতে পারে সেরকম একটা শিক্ষার অত্যন্ত প্রয়োজন এখানে রয়েছে। আজকে মনে হয় কর্তৃপক্ষ এ বিষয়ে সজাগ হচ্ছেন এবং শিক্ষামন্ত্রীর বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস দেখে মনে এটা তারা অনুভব করতে পেরেছেন। আমি আশা করি, একথাটা শুধু উপলব্ধি করা নয়, উপলব্ধি ক'রে তাকে কার্যে রূপায়ণ করবার জন্য বিশেষভাবে চেষ্টিত হবেন। এ সম্বন্ধে আর একটি কথা বলতে চাই—আমাদের দেশে গ্রামীণ অর্থনীতিতে একটা বৈপ্লবিক পরিবর্তন হচ্ছে। এটা accepted policy of Government of India and all State Governments আজকে যা কিছু ডেভলপমেন্ট কাজ হবে কৃষির development, community development blocks করা cottage industries, small-scale industries এর উন্নতি সব কিছু রূপায়িত করতে হবে সমবায় পদ্ধতিতে। কিন্তু সমবায় পদ্ধতি সম্পর্কে ট্রেনিং ব্যবস্থা আজকে কোন ইউনিভার্সিটি অ্যাকসেপ্ট করেন নি। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করি সমবায় পদ্ধতিতে কাজ করবার শিক্ষাব্যবস্থা তিনি যেন করেন। আজকে ইউনিভার্সিটি বিলএ যদি এর একটা ব্যবস্থা হয়, ভাল হবে। কো-অপারেটিভ এডুকেশন ট্রেনিংএর জন্য ইউনিভার্সিটি চেয়ার ক্রিয়েট যেন করা হয়, এবং আন্ডার গ্র্যাজুয়েট কোর্সএ এ বিষয়ে শিক্ষা এবং ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা হয়। রিজিওন্যাল সেকেন্ডারি বোর্ডএর স্কুলগুলিতে যেন এই কো-অপারেটিভ এডুকেশন ট্রেনিংএর ব্যবস্থা করা হয়। এটা করবার জন্য আমি তাঁকে উইথ অল ফারভেন্স রিকোয়েস্ট করছি। আপনারা বোধ হয় শুনে আনন্দিত হবেন যে, সারা ভারতে আজ যে নীতি গ্রহণ করা হয়েছে তাতে বাঙালী ছেলেদের বেকার-সমস্যার সমাধান হ'তে পারে যদি ইউনিভার্সিটি কর্তৃপক্ষ অবহিত হন, আজ বাংলাদেশে এই ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভএর মাধ্যমে স্মল-স্কেল ইন্ডাস্ট্রিজকে ডেভেলপ করা খুব প্রয়োজনীয় ব্যাপার। সেজন্যে অত্যন্ত গুরুত্ব দিয়ে বলছি যে, ইউনিভার্সিটি বিলএ ব্যবস্থা করা হোক কো-অপারেটিভ এডুকেশন অ্যান্ড ট্রেনিং দেবার, তার জন্য যেন ইউনিভার্সিটি চেয়ার ক্রিয়েট করা হয়।

Shri Satyendra Narayan Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বর্ধমান ইউনিভার্সিটি বিল যেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এনেছেন সেই বিলকে আমি সমর্থন করি, কিন্তু সঙ্গে সঙ্গে যে পদ্ধতিতে গভর্নমেন্ট সেই বিশ্ববিদ্যালয়কে প্রতিষ্ঠান করতে যাচ্ছেন তার তীব্র সমালোচনা করি এবং সেই পদ্ধতিতে দ্রুত বিশ্লেষণ ক'রে আপনার সামনে উপস্থিত করবার চেষ্টা করব। আমি কেন এটা নীতিগত-ভাবে সমর্থন করি তার সর্বপ্রথম কারণ, নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হোক এটা আমি চাই। আমি মনে করি, আমাদের নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন ক'রে শিক্ষাবিস্তারের যথেষ্ট অবকাশ আছে, প্রয়োজন রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সম্পর্কে যাঁরা বলেন এটা সেপারেশন পয়েন্টএ এসেছে তাঁদের সঙ্গে আমি একমত নই। আরও অনেক বেশি বিশ্ববিদ্যালয় আমাদের পশ্চিম

বাংলায় হওয়ার প্রয়োজন আছে। প্রতিষ্ঠা করার পক্ষে অনেক অসুবিধা আছে—উপযুক্ত শিক্ষকের অভাব আছে, অর্থসঙ্কট আছে, কিন্তু শিক্ষাকে যদি জাতিগঠনের জন্য, জাতীয় পুনর্গঠনের জন্য গুরুত্ব দেওয়া হয়—সেখানে আমি মনে করি অসুবিধাগুলিকে বড় ক'রে না দেখে যাতে যত তাড়াতাড়ি সেগুলিকে দূর করতে পারি সেটা দেখতে হবে।

[10-30—10-40 a.m.]

আমাদের দেশে যে শিক্ষাব্যবস্থা এখন পর্যন্ত চলে আসছে তার সম্বন্ধে আমাদের প্ল্যানিং কমিশন প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আগে একটা সার্ভে করেছিলেন। সেই সার্ভেতে অন্যান্য জিনিসের মধ্যে একটা জিনিসও বলেছিলেন যে, উচ্চশিক্ষার বিভিন্ন স্তরে, মাধ্যমিক শিক্ষা, বিশ্ববিদ্যালয় শিক্ষা কতকগুলি কেন্দ্রে কেন্দ্রীভূত হয়েছে। তার ফলে দেখা যায়, অনগ্রসর অঞ্চলের লোকজন এই উচ্চশিক্ষার সুযোগ নিতে পারে নি। আমার প্রথম কথা হচ্ছে এই অনগ্রসর অঞ্চলের লোকের এই অনগ্রসরতা দূর করবার দৃষ্টিভঙ্গি যদি থাকত তা হ'লে এই জিনিস হ'ত না। সেদিক দিয়ে আমি উত্তর বাংলায় বিশ্ববিদ্যালয়ের কথা বলব। একথা অনেকে বলেছেন এবং আমিও খুব জোরের সঙ্গে বলছি, উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার যথেষ্ট প্রয়োজন আছে এবং আমি মনে করি তাকে অগ্রাধিকার দেওয়া উচিত ছিল। এই প্রসঙ্গে আমি একটা কথা নিবেদন করি, আমার একজন সাংবাদিক বন্ধু বলেছিলেন, উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং অন্যান্য উন্নতির ব্যাপারে চেঁচামেচি হয় না ব'লেই সেই জায়গা উপেক্ষিত হয়ে থাকে। আমার মনে হয় এটা খানিকটা সত্য। তবে আমি বিভিন্ন সময়ে উত্তর বাংলার বিভিন্ন বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি এবং আমার মনে হয় সেটা অরণ্যে রোদনে পরিণত হয়েছে। তা ছাড়া যে সাংবাদিক বন্ধু আমাকে এই কথা বলেছিলেন তাঁকেও আমি এই কথা বলেছি যে, সাংবাদিকদের দিক থেকেও উত্তর বাংলা উপেক্ষিত হয়ে থাকে। কাজেই উত্তর বাংলা সেদিক দিয়ে সকলের কাছেই উপেক্ষিত হয়ে আসছে। উত্তর বাংলায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার প্ল্যান করছেন এইরকম শুনছি। এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই, তিনি ঘোষণা ক'রে রেখেছেন উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় করবেন এবং কানাঘুষায় শুনতে পাচ্ছি সেটা নাকি—দার্জিলিংএ হবে। উত্তরবঙ্গের কোনখানে হবে আমি সে স্থানের কথা বলছি না। কিন্তু সেখানকার শিক্ষার্থী ও জনসাধারণের সঙ্গে পরামর্শ ক'রে যেটা সকলের পক্ষে সুবিধাজনক স্থান হবে সেটাই গ্রহণ করবেন। এখানে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গে যে কথা বলছি যে, বিশ্ববিদ্যালয় যে ধরনে প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, যে পদ্ধতিতে করতে যাচ্ছেন, সেই পদ্ধতির আমি তীব্র সমালোচনা করছি। এটা সত্য, এই পদ্ধতির মধ্য দিয়ে গভর্নমেন্ট শিক্ষানীতিকে, শিক্ষার ব্যবস্থাকে সম্পূর্ণভাবে আমলাতান্ত্রিক উপায়ে কুক্ষিগত করার প্রচেষ্টা করছেন এই বিষয়ে আমরা নিঃসন্দেহ। জবাব দেবার সময় হয়ত শিক্ষামন্ত্রী মহাশয় বা মুখ্য মন্ত্রী মহাশয় তাঁদের সদিচ্ছা প্রকাশ করবেন। কিন্তু আইনে যা রয়েছে, যে ক্ষমতা তাঁরা তাঁদের হাতে নিচ্ছেন, তাঁরা যেভাবে অগ্রসর হচ্ছেন তাতে সমস্ত জিনিসটাকে কুক্ষিগত করার প্রচেষ্টা পরিষ্কার হয়ে গিয়েছে।

প্রথম কথা, বিল গেজেট হয়েছে ১৪ই নবেম্বর, আর এখানে আলোচনা করছি ২৮এ নবেম্বর, আমরা পেয়েছি ১৮ই নবেম্বর। এই বিল রচনা করার আগে যারা শিক্ষাবিদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিদ্যাপ্রতিষ্ঠান, যে অঞ্চলে প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, সেই অঞ্চলের যাঁরা শিক্ষাবিদ তাঁদের মতামত, তাঁদের সাজেসশন আমাদের বিধান পরিষদের মতামত কি গ্রহণ করা যেত না? গ্রহণ করলে কি ক্ষতি হ'ত, তা হ'লে কি সরকারী ক্ষমতা কিছু হ্রাস হ'ত, আমি এইটাই জানতে চাই এবং এটা বিশেষভাবে বলতে চাই যে, দুইটি কারণে আজকে শিক্ষাব্যবস্থাকে এইরকমভাবে সরকারী আমলাতন্ত্রের কুক্ষিগত করার বিরুদ্ধে বলছি। একটা হ'ল গণতান্ত্রিক দিক দিয়ে, আর একটা শিক্ষার উপর এমফ্যাসিস দিয়ে। শিক্ষাব্যবস্থাকে নূতনভাবে গড়ে তোলার বিষয়ে বিভিন্ন দেশের শিক্ষাবিদরা যে জোর দিচ্ছেন সেই উদ্দেশ্যই ব্যর্থ হচ্ছে। কারণ আমাদের বিরাট সমস্যা রয়েছে। ইংরেজ আমলে বিভিন্ন স্তরে যেভাবে সরকার গড়ে উঠেছিল তার মধ্যে গ্লেয়ারিং ডিফেক্ট যেটা চোখে পড়ে সেটা হ'ল শিক্ষার ধরণ। সেই শিক্ষা জীবন থেকে বিচ্ছিন্ন, সমাজ থেকে বিচ্ছিন্ন, পরিবেশ থেকে বিচ্ছিন্ন ও বাস্তব থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। আমার আগে যে বক্তা ব'লে গেলেন, তিনি বললেন যে, আমাদের দেশে যে শিক্ষা সেটা

আর্থিক উন্নতি যাতে হয় সেদিকে বিবেচনা ক'রে কৃষি এবং শিল্পের প্রতি নজর দিতে হবে। সেইদিকে সাহায্য করতে গেলে শিক্ষাব্যবস্থাকে নূতনভাবে ঢেলে সাজতে গেলে পাঠ্যক্রম, বিষয়বস্তু, পাঠ্যসূচির পরিবর্তন করা চাই এবং এর বিচারের ভার সাধারণভাবে শিক্ষামন্ত্রীর উপর বা মুখ্যমন্ত্রীর উপর দিলে তাঁদের যতই যোগ্যতা থাকুক না কেন, কোন একজন লোক বা কয়েকজন লোকের পক্ষে সেটা সম্ভব নয়। যদি আমি ব'লি আমি সেটা ক'রে দেব তা হলে সেটা শুধু আমার অহঙ্কারই করা হবে। কাজেই শিক্ষাব্যবস্থাকে আমাদের দেশে নূতনভাবে গড়ে তুলতে হলে সমস্ত শিক্ষাবিদের সঙ্গে পরামর্শ ক'রে, আলোচনা ক'রে, এই বিষয়ে যাঁরা অভিজ্ঞ তাঁদের সঙ্গে পরামর্শ ক'রে এই জিনিস গড়ে তুলতে হবে। এই প্রসঙ্গে আমি একটা বিষয় বলে' দিই, বর্ধমান বিশ্ববিদ্যালয় হচ্ছে, তাতে একটা কথা উঠছে, টেকনোলজিক্যাল বায়াস দিতে হবে। এই টেকনোলজিক্যাল বায়াসএর সঠিক কি অর্থ তা আমি জানি না, বলবেন ব্যাখ্যা ক'রে। কিন্তু এইরকম অনেক সময় হয়ে থাকে টেকনোলজিক্যাল ব্যায়াস মানে শুধু টেকনোলজিক্যাল সাবজেক্ট পড়ানো হয় এবং তার উপরেই জোর দেওয়া হয়। কিন্তু শিক্ষাবিদ যাঁরা তাঁরা প্রত্যেকেই বলবেন, শিক্ষামন্ত্রী মহাশয়কে আমি বিশেষভাবে বলছি, আজকে আমিও মনে করি, শিক্ষা হওয়া উচিত একটা পূর্ণাঙ্গ জিনিস। কতকগুলি পুঁথিগত জিনিস মুখস্থ করিয়ে দিলেই শিক্ষা হয় না। শিক্ষা হচ্ছে শিক্ষার্থীরা যখন শিক্ষায়তন থেকে বেরিয়ে আসবে তখন তারা একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে বেরিয়ে আসবে। দেশের পুনর্গঠনের সাহায্য করার ব্যাপারে। এবং শিক্ষায় যাঁরা বিশেষজ্ঞ হবেন তাঁদের সামগ্রিক দৃষ্টিভঙ্গি থাকা উচিত এইটাই আমি বলব। এক সময় লোকের এই রকম ধারণা ছিল যে, যাঁরা স্পেসালিস্ট হবেন বা বৈজ্ঞানিক হবেন তাঁরা সাহিত্য বা শিল্পচর্চা করবেন না, যিনি ডাক্তার হবেন তিনি শুধু রোগীই কাটবেন, তাঁর মধ্যে কোন রস থাকবে না। এক সময়ের এই ধারণা শিক্ষাবিদরা আজ নাকচ ক'রে দিয়েছেন। যিনি বিশেষজ্ঞ, বৈজ্ঞানিক, তাঁর হিউম্যানিটিজএর মোটামুটি জ্ঞান থাকবে যাতে সাহিত্য, দর্শন, শিল্প চিত্রকলায় এইসমস্ত বিভিন্ন ধরনের জিনিস সম্বন্ধে মোটা-মুটি দৃষ্টিভঙ্গি থাকবে এবং এটাই প্রয়োজন। আবার তেমনি যিনি হিউম্যানিটিজ সম্বন্ধে শিক্ষালাভ করবেন তাঁর বিজ্ঞান সম্বন্ধেও মোটামুটি জ্ঞান থাকবে। শিক্ষা এইরকমই সামগ্রিক হওয়া উচিত। এইরকমভাবে শিক্ষাকে গড়ে তুলতে গেলে শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজতে হবে। এই ব্যবস্থা করতে গেলে পাঠ্যক্রম কি হবে, পাঠ্যসূচি কি হবে, যাঁরা শিক্ষাবিদ শিক্ষার কাজে বিভিন্ন কাজে নিযুক্ত রয়েছেন তাঁদের অভিজ্ঞতা, তাঁদের মতামতের সুযোগ যদি না নেওয়া হয় বা নেবার প্রচেষ্টা না হয় তা হলে শঙ্কিত হবার কারণ আছে। এই প্রসঙ্গে আর একটা জিনিস বলতে চাই, প্রায়ই বলা হয়ে থাকে আমাদের জাতীয় ঐতিহ্য সম্বন্ধে। আমাদের দেশে ইংরাজ আমলে যে শিক্ষাব্যবস্থা গড়ে উঠেছিল তাতে মস্তবড় একটা ত্রুটি হচ্ছে যে, আমাদের জাতীয় ঐতিহ্য সম্বন্ধে আমাদের শিক্ষিত ক'রে তুলত না। এটা আপনারা জানেন যে, অনেক সংগ্রামের পরে বাংলা ভাষা এখানে শিক্ষার সম্মানের আসন পেয়েছে বটে, তাও স্যার আশুতোষ মুখার্জির অনেক সংগ্রামের পরে। কিন্তু সামগ্রিকভাবে আমাদের দেশে পুরানো ঐতিহ্য যা সেটা প্রচার করার বা জানাবার কোন প্রচেষ্টা আমাদের শিক্ষাব্যবস্থার ভিতর নেই, ফলে ঐতিহ্যের নামে যা খুশী চালান হয়ে থাকে। কেউ কেউ এই সমস্ত জিনিসকে প্রতিক্রিয়াশীল ব'লে চালিয়ে যাচ্ছেন, কেউ কেউ আবার অন্যভাবে ব্যাখ্যা করেন। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রমে ঐতিহ্যের মূল্যায়ণ করতে হবে। এক যুগে যা প্রগতিশীল ছিল সেটা গ্রহণ ক'রে শিক্ষার মাধ্যমে জাতীয় মনস্তত্ত্বের সঙ্গে সামঞ্জস্য রেখে শিক্ষাকে গড়ে তুলত হবে। দেশের জনসাধারণের সঙ্গে ইংরেজী শিক্ষার মাধ্যমে শিক্ষার সঙ্গে জনসাধারণের হৃদয়ের সংযোগ হয় নি। আজকে যে সেটা পুনপ্রতিষ্ঠা হয়েছে তাও নয়। সেদিক দিয়ে শিক্ষাব্যবস্থাকে নূতনভাবে গড়ে তোলার সুযোগ আছে, প্রয়োজনও আছে। তাই নূতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে গেলে নূতন ধরনের দৃষ্টিভঙ্গি নিয়ে অগ্রসর হওয়া উচিত। সেই দৃষ্টিভঙ্গিকে যদি যথেষ্ট মর্যাদা না দিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী, মুখ্যমন্ত্রী, শিক্ষাসচিব এবং এইরকম ৩-৪ জন লোক নিয়ে এই জিনিস গড়তে চান তা হলে তা কখনই হতে পারে না। শিক্ষামন্ত্রী মহাশয় মাথা নাড়ছেন, কিন্তু এখানে আমার প্রশ্ন যে, এটা কিভাবে করছেন। আরও কতকগুলি জিনিস আমরা দেখছি, যেমন কলকাতার বিশ্ববিদ্যালয়কে ভাগ করতে যাচ্ছেন, কিন্তু তার সঙ্গে কোন পরামর্শ করেন নি, কোন মতামত তার নেন নি, যেটা মনোরঞ্জন হাজরা মহাশয় বলেছেন যে, যে নূতন [illegible] করতে যাচ্ছেন সেটা যেন কোন প্রতিদ্বন্দ্বিতা মনোভাব নিয়ে প্রতিষ্ঠা না হয়।

[10-40—10-50 a.m.]

আমাদের দেশে আরও বিশ্ববিদ্যালয় গড়ে উঠুক এটা নিশ্চয় আমরা সমর্থন করি। কিন্তু বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে যাতে একটা অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়ে প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি না হয় সেদিকে আমাদের সর্বতোভাবে দৃষ্টি দেওয়া কর্তব্য। আপনারা এখন বিশ্ববিদ্যালয়গুলিকে নানা জায়গায় ভাগ ক'রে দিচ্ছেন। কিন্তু যাঁরা শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট তাঁদের সঙ্গে পরামর্শ করলেন না বা তাঁদের কোন মতামত নিলেন না। এটা কি গণতান্ত্রিক মনোভাবের পরিচয়? আজকে দেশের শিক্ষা সংস্কৃতির পীঠস্থান যে কলিকাতা বিশ্ববিদ্যালয় তার সঙ্গে কি আপনারা পরামর্শ করেছেন?

Secondary Education Board Bill

আপনারা তাড়াহুড়া ক'রে কাউন্সিলএ পাশ করিয়ে নিলেন, বললেন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করার সময় নেই। এমন একটা মনোভাব দেখালেন যেন, তক্ষুনি যদি সেটা পাশ না হয় তা হলে আকাশ মাথায় ভেঙ্গে পড়বে। এখন তো আর সেই সেকেন্ডারি এডুকেশন বোর্ড বিলএর নামগন্ধও শুনি না। এর পর কথা হচ্ছে শিক্ষাবিদ্ যারা শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট আছেন তাঁদের সঙ্গেও পরামর্শ করলেন না বা তাঁদের মতামত গ্রহণ করলেন না। তারপর আপনারা যে বিল এনেছেন তাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট প্রভৃতি দায়িত্বপূর্ণ সংস্থা থাকায় তার মধ্যে যে একটা গণতান্ত্রিক উপাদান রয়েছে তার কোন ব্যবস্থা এখানে নাই। সেটা করবেন কি করবেন না সম্পূর্ণ আপনাদের মর্জির উপর ছেড়ে দিচ্ছেন। কিন্তু আপনাদের মর্জির উপর আমরা ভরসা করতে পারি না। আপনারা বারে বারে গণতন্ত্রের কথা বলেন, কিন্তু এটা যদি সম্পূর্ণ শিক্ষামন্ত্রীর উপর এবং মুখ্যমন্ত্রীর মর্জির উপর ছেড়ে দেওয়া যায় তা হলে তো আমরা একবার বিধানসভায় এসে তাঁদের উপর একবার আস্থা স্থাপন ক'রে বাড়ি চলে গেলেই পারি। তা যদি না হয় তা হলে এর পদ্ধতি ও গঠন সম্পর্কে এখানে বিশেষ্ভাবে আলোচনা করা দরকার। আপনারা যেভাবে বর্ধমান বিশ্ববিদ্যালয় গঠন করবার প্রয়াস করছেন তাতে কোন গণতান্ত্রিক উপাদান নাই, এবং এতে সম্পূর্ণরূপে একটা আমলাতান্ত্রিক আধিপত্য থেকে যাচ্ছে। একথা অনেকেই বলেছেন, সুতরাং আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না। কারণ এ ছাড়াও এই বিলের আরও অনেকগুলি দুর্বলতা রয়েছে। একটা জিনিস আজকে অনেকেই বলেছেন যে, শিক্ষার বিভিন্ন স্তরের ভিতর একটা সমন্বয় থাকা দরকার। পাঠ্যক্রম ও পাঠ্যসূচি নির্ধারণের জন্য। প্রাথমিক স্তর থেকে সর্বোচ্চ শিক্ষাস্তরের মধ্যে একটা যোগসূত্র থাকবে এবং একটা অর্গানিক গ্রোথ হিসাবে যাতে বেড়ে উঠতে পারে সেটাই আজকের দিনে সমস্ত শিক্ষাবিদের দাবি। শিক্ষাসংস্কৃতির ব্যাপারে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চশিক্ষা এই তিনটার মধ্যে যে যোগসূত্র রয়েছে তা নিয়ে এই জিনিসটা দেখা দরকার। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে বডি তাতে মাধ্যমিক শিক্ষাবোর্ডের যিনি সভাপতি তাঁর থাকবার ব্যবস্থা আছে। কিন্তু এখানে তার কোন উল্লেখও নাই। তাঁকে আপনারা কোনরূপ গুরুত্ব দিলেন না। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গঠনপদ্ধতি সম্পর্কে আমি এটুকু এখানে উল্লেখ করলাম। তারপর মধ্যশিক্ষা বোর্ড থেকে যাঁরা পাশ ক'রে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আসবেন তাঁদের জন্যও কোন ব্যবস্থা আপনারা রাখেন নি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বঙ্গীয় সাহিত্য পরিষদ এবং এশিয়াটিক সোসাইটির মত বিশ্বৎ প্রতিষ্ঠানের সভাপতিদের থাকবার ব্যবস্থা আছে, কিন্তু সেই জিনিস এই বিলে নাই। এটা সম্পূর্ণ নিজের হাতেই রাখছেন। ক্লজ বাই ক্লজ যখন আলোচনা হবে তখন আমি এ বিষয়ে বিস্তারিত বলব। এটা আপনারা সম্পূর্ণ নিজেদের মুঠোর মধ্যে রাখছেন। এ বিষয়ে ডাঃ রাধাকৃষ্ণণের অধিনায়কত্বে যে কমিশন হয়েছিল তাঁদের হুঁসিয়ারি আমি এখানে উদ্ধৃত করতে চাই। এঁরা বলেছেন—

in the interests of our academic freedom we must resist State control over the academic process.

আশা করি শিক্ষামন্ত্রী এই লাইনটা পড়ে দেখবেন। আমি সেদিনও এই বিলটা সিলেক্ট কমিটিতে দেবার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়েছিলাম। আমরা বিধানসভার সদস্য যাঁরা এখানে আছি পরস্পরের মধ্যে আলোচনা ক'রে আমরা দেখেছি যে, বর্ধমানে বিশ্ববিদ্যালয় হোক এ নিয়ে কোন বিতর্ক নাই। সেটা আমরাও চাই। যদিও আমি নিজে এই সার্কুলেশন মোশনএর খুব উৎসাহী নই এই কারণে যে, আজকে আমাদের দেশের জনসাধারণ শিক্ষাবিষয়ে

শিক্ষাবিদদের মত তুতটা অ্যালার্ট নয়—তবুও আমি একথা বলব যে, যদি আপনারা এই প্রস্তাবটা গ্রহণ করেন তা হ'লে আমরা একসঙ্গে ব'সে আলোচনা করতে পারব এবং যাঁদের সঙ্গে পরামর্শ করা দরকার তাঁদের ডেকে তাঁদের সঙ্গে পরামর্শ করতে পারব।

Sj. Hemanta Kumar Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। উত্তরপাড়ার রাজা প্যারীমোহন কলেজের ছাত্র সংসদের কাছ থেকে আমি একটা চিঠি পেয়েছি, সেটা আমি এখানে পড়ে দিচ্ছি। "রাজা প্যারীমোহন কলেজ ছাত্র সংসদের অদ্যকার এই সভা আমাদের কলেজকে প্রস্তাবিত বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হইতেছে জানিয়া কতকগুলি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন মনে করিতেছি। আমাদের এই বিদ্যায়তন সুদীর্ঘকাল যাবৎ সুমহান ঐতিহ্যবাহী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহিত সংযুক্ত থাকিবার সৌভাগ্য অর্জন করিয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহিত সম্পর্ক ছিন্ন হইলে আমাদের কলেজের গুরুত্ব অনেকাংশে কমিয়া যাইবে বলিয়া এই সভা আশঙ্কা করিতেছে। বৃহত্তর কলিকাতার অন্তর্ভুক্ত স্থানীয় এই বিদ্যায়তনটির অধিকাংশ ছাত্রছাত্রী, বালি, বেলুড়, দক্ষিণেশ্বর, বরাহনগর, উত্তরপাড়া, কোন্নগর প্রভৃতি অঞ্চল হইতে আসে। প্রস্তাবিত বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হইলে নূতন বিশ্ববিদ্যালয়ের সহিত নিত্য যোগাযোগ রক্ষা করা আমাদের পক্ষে ব্যয়সাধ্য ও কষ্টকর হইবে। উচ্চতর শিক্ষালাভের ক্ষেত্রেও নূতন বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ও কারিগরি বিভাগে অধ্যয়ন করা মধ্যবিত্ত ছাত্রছাত্রীদের পক্ষে দুরূহ হইবে। সুতরাং উপযুক্ত কারণগুলি পর্যালোচনা করিয়া কলেজ ছাত্র সংসদ বিষয়টি সহৃদয়তার সহিত বিবেচনা করিবার জন্য বিনীত আবেদন জানাইতেছে।"

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Deputy Speaker, Sir, I congratulate the members of this House whether they belong to this side or to the Opposition on the speeches that they have delivered in the course of the general discussion on the Bill. One thing is more than evident, namely, that most of the members have expressed their desire for the establishment of more regional universities. There is an almost concensus of opinion on that point. The difference that has appeared is in the approach to the Bill. It was not expected by the Government that all sides of the House, all members belonging to all the parties will look at the Bill from the same point of view, or that criticisms will not be offered to the Bill. It is because we invite criticisms, it is because criticisms are welcome to us as a democratic Government, that we have been anxious to consult the whole House as regards the Bill that has now been placed before it.

It has been said that we have not consulted the Calcutta University, but Sir, the question is, when 6 other universities were established in U.P., was the Allahabad University consulted? When 5 other universities were established in Bombay, was the Bombay university consulted? I do not think so. Therefore, there was no need to consult the Calcutta University. (DR. KANAILAL BHATTACHARJEE: You do not know.).

[10-50—11 a.m.]

Really the exigencies of the present situation demand that there should be more universities. In my opening speech I clearly made out that point. I pointed out that so far as the Calcutta University is concerned, it is overcrowded and overburdened. The Calcutta University is unable to do justice to those who are having education under the aegis of the University. The Calcutta University is unable to provide post-graduate teaching to even all those students who pass with Honours in the Degree examinations. That is the case. (DR. KANAILAL BHATTACHARJEE: With Honours subject everybody gets post-graduate seat.) No, the university cannot provide it. (DR. KANAILAL BHATTACHARJEE: I say yes.) You may, but the figures will tell a different tale. Therefore the question is, circumstances are such that the establishment of more universities has become an urgent necessity in this State.

Now, as regards consultation with the public, here are the representatives of the public present in this House. We are consulting their views, they are expressing their opinions and we are carefully listening to their views. They may rest assured of that. Take for instance, the first speaker Mr. Sisir Das. We heard him carefully. What was Mr. Das's speech? It was a running commentary, not on the Bill itself but on a letter alleged to be written by our Chief Minister, a letter saying that the Calcutta University is not able at the present time to do full justice to the students or that extension of facilities for higher education is necessary. How that can be considered a slander of the Calcutta University I cannot understand. After all Shri Das who hopelessly contradicted himself. He started condemning the Bill but looking at the benches behind when he saw that his colleagues stood for the Burdwan University he veered round and observed in conclusion that more universities are necessary. I repeat Sir, he hopelessly contradicted himself. The concensus of opinion appears to be that more universities are necessary and that Burdwan University is welcome. So far as suggestions for other universities are concerned, we shall remember them for Government will from time to time have to establish other universities also in West Bengal.

I admire the speeches of those members on the opposite side who have approached the Bill leaving out of consideration their party affiliation. Take for instance the speech of Shri Benoy Chowdhury and the speech of Shri Satyendra Mazumdar. I may not agree with all their points of view, yet I must admit that they have seriously thought about the proposals made in the Bill and they have come forward with helpful suggestions. We are going also to consider the suggestions offered by members opposite regarding certain clauses of the Bill. We shall consider them carefully when those clauses would come up for consideration. For the present we should be satisfied with this much, namely, that the purpose of the Bill is appreciated, that the proposal that a University should be established at Burdwan is accepted, and that it is further accepted that the Burdwan University should be something different in some aspects from the Calcutta University. Some honourable members raised the question: "What do you mean by technological bias? Is it going to be a technological University?". The answer is not entirely so. We have said in the Statement of Objects and Reasons that "apart from the usual Humanities and Science subjects, the University is expected to provide for teaching of technological subjects." We have made that absolutely clear. We are not going really to have an Industrial and Technological University there at Burdwan. That is not our object. Shri Satyendra Mazumdar has felt otherwise, but his observation is generally based on his appreciation of the scope of the Bill. We are not going to have a wholly technological University.

As regards other points, a question was put: are you going to provide for a type of education there which is divorced from national tradition and culture? No, we are not going to do that. You will be glad to hear, Sir, from the Communist Benches that they do not want divorce from national tradition and culture. I may say here and now: No, that is not the intention.

So far as making the University a governmental institution
মানে গভর্নমেন্টের কুক্ষিগত করে
I should like to say this: where is the provision which can go to show that Government want to make this University

কুক্ষিগত

There is no such provision at all. We have made no such provisions as are not there in the other University Acts, I mean in the Acts of those

universities that have been recently established in India. One of my friends opposite, Shri Apurbalal Majumdar, I suppose, said quoting from a speech made by me years ago that Universities should not be controlled by the Government. I stand by that proposition even now. This speech was made at a time when there was no national Government. Here now there is a national Government. In spite of that I stand by the proposition that University affairs, internal affairs of a University should not be controlled by the Government. When clauses will come up for consideration and criticisms will be offered, I shall be in a position to answer them more fully. I think I should not enlarge my speech now. I am not going to enter into the provisions of different clauses at this stage. I shall take the opportunity to answer specific criticisms on clauses, if they are repeated, when the clauses will come up for consideration.

Now, Sir, I oppose the motions made from the opposite benches and I hope the Assembly will proceed to a debate on the clauses of the Bill.

Sj. Satyendra Narayan Majumdar:
Select Committee......

মেনে নিতে আপত্তি কেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The whole House is sitting as a Select Committee I suppose. In England on many important Bills the whole House go to form the Select Committee. Here we have discussed the purpose of this Bill for about two days. Why not consider the whole House as a Select Committee? Apart from the motions on circulation I oppose the motion for Select Committee also.

The motion of Shri Sisir Kumar Das that the Burdwan University Bill, 1959, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The other motions fall through.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the Burdwan University Bill, 1959, be taken into consideration was then put and agreed to.

Clause 1

[11—11-10 a.m.]

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I do not have the amendments just now. I shall move later on.

Shri Jagannath Kolay: Sir, I beg to move that in sub-clause (c) of clause 2, in line 2, for the words "Hooghly, Midnapore or", the words "Hooghly or" be substituted.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I accept it.

Shri Subodh Banerjee: Sir, I move that before clause 2(a) the following be inserted, namely:—

> "(a1) 'Affiliated College' means a College, not being a Constituent College, affiliated to the University under this Act.'

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার একটা ছোট সংশোধনী প্রস্তাব আছে। ২ নম্বর ক্লজে আমি একটা ডেফিনিসান এ্যাড করতে চাই—এ্যাফিলিয়েটেড কলেজ কেন করতে চাচ্ছি। প্রথম

কথা, এই বিলটার দিকে যদি তাকান তাহলে দেখবেন যে বহু ক্ষেত্রে ইউজ করা হয়েছে এ্যাফি-লিয়েটেড কলেজেস। এখন এ্যাফিলিয়েটেড কলেজ কাকে বলে এটার একটা ডেফিনিসান থাকা দরকার। কিন্তু এই বিলের কোথাও এ্যাফিলিয়েটেড কলেজের ডেফিনিসান দেখছি না। সেজন্য আমি এ্যাফিলিয়েটেড কলেজের ডেফিনিসান দিয়েছি। শুধু তাই নয়, যদি ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট অব ১৯৫১ দিকে তাকান সেখানেও দেখবেন যে এ্যাফিলিয়েটেড কলেজের ডেফিনিসান সেখানেও আছে। শুধু সেখানে আছে বলে আমি এটা দিতে চাচ্ছি তা নয়, আর একটা অন্য কারণ আছে। মন্ত্রী মহাশয় স্বীকার করবেন যে কোন কলেজ
at the same time cannot both a constituent callege and affiliated college
কোন কলেজ একসংগে কনস্টিটুয়েন্ট কলেজ এবং এ্যাফিলিয়েটেড কলেজ হতে পারে না সেটা এই বিলের মধ্যে কোথাও নেই। সেরকম একটা কথা বলার দরকার আছে। কেন দরকার আছে? আমাদের ক্যালকাটা ইউনিভার্সিটির অভিজ্ঞতা নেওয়া দরকার—দি সেম কোশ্চেনএ এই কনফিউসান ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষেত্রে উঠেছিল।
Are you going to accept my amendment?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: We have been advised that it is not essential because, after all, we go by dictionary meaning and dictionary meaning in this case is quite clear.

Sj. Subodh Banerjee:
তাহলে এ্যাকসেপ্ট না করলে আমার পয়েন্টটা আমি বলে নিই, আপনি পরে উত্তর দেবেন। সেম কোয়েশ্চেন ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষেত্রে উঠেছিল কারণ
Sanskrit College is a constituent college under the Calcutta University Act, Sankskrit College
বলল যে আমরা দুটোই হব—
It is a fact that we will both be a constituent college and an affiliated college because there is nothing in the Act to prevent one college from enjoying two status.
বিলের কোথাও নেই এই কনফিউসান হল—অথবা এই নিয়ে স্ট্যাটুটে মারামারি। স্ট্যাটুটে যখন প্রভিসান করার চেষ্টা করা হল তখন সেই রাইট স্ট্যাটুটে চ্যালেঞ্জ করা হল, কারণ স্ট্যাটুটে কোথাও ক্ষমতা দেওয়া নেই এই এ্যাক্টের মাঝখানে যে কনস্টিটিউয়েন্ট কলেজ হলে এ্যাফিলিয়েটেড কলেজ হতে পারে না কি এ্যাফিলিয়েটেড কলেজ হলে কনস্টিটিউয়েন্ট কলেজ হতে পারে না এ নয়, কাকে কনস্টিটিউয়েন্ট কলেজ বলা যায়, কাকে এ্যাফিলিয়েটেড কলেজ বলা যায় এটা থাকা দরকার। এদিক থেকে আমি আমার এ্যাফিলিয়েটেড কলেজের ডেফিনিসান দিয়েছি যে এ্যাফি-লিয়েটেড কলেজ সেইসব কলেজই হবে যারা এ্যাফিলিয়েটেড টু দি
University of Burdwan but not a constituent college
এই আরগুমেন্ট দিয়েছি এবং ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্টএর ওয়ার্কিংএর মাঝখানে যে ডিফিকাল্টি ফিল করা গেছে সেই অভিজ্ঞতা থেকে দিয়েছি।

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that in clause 2, before paragraph (a), the following be inserted, namely:—

> "(a1) 'affiliated College' means a College other than University, Constituent of Professional College, situated within the jurisdiction of the Burdwan University and affiliated to the Calcutta University prior to this Act or affiliated to the Burdwan University under this Act."

I beg to move that in clause 2(a), line 1, before the word "college" the word "University" be inserted.

I beg to move that in clause 2(a), line 1, after the word "established" the word "and" be inserted.

I beg to move that in clause 2(a), line 2, the words "affiliated or recognised" be omitted.

I beg to move that in clause 2(a), lines 2 to 4, the words "and includes a college referred to in sub-section (2) of section 5" be omitted.

I beg to move that in clause 2(b), lines 1 and 2, for the words "recognised as such by the University" the following be substituted, namely:—

"in which instruction is provided under prescribed conditions for honours as well as for Post Graduate courses of study and which is recognised under this Act as a Constituent College:

Provided that if in any professional subject, no honours courses of study have been prescribed, a Professional College may be recognised as a Constituent College if it provides for Post Graduate Courses of study."

I beg to move that after clause 2(f), the following be inserted, namely:—

"(ff) 'professional college' means a college in which instruction is provided only for courses of study leading to any degree of the University in any professional subject and which is recognised as a Professional College under this Act.

(fff) 'Registered Graduates' means graduates of the University of Calcutta or of Dacca University permanently domiciled within the jurisdiction of the Burdwan University and registered under this Act."

I beg to move that after clause 2(i), the following be added, namely:—

"(ii) 'Technological College' means a college where Technological subjects are taught for graduate and Post-graduate courses and which is affiliated or recognised by the Burdwan University as Technological College."

মাননীয় ডেপ্যুটী স্পীকার মহাশয়, আমি এ সম্বন্ধে বেশী কিছু বলছি না—স্যুবোধবাবু অনেক গুলি পয়েন্ট বলেছেন। তা ছাড়াও আমার কতকগুলি এ্যামেন্ডমেন্ট আছে—এ্যাফিলিয়েটেড কলেজের অর্থ, কনস্টিটিউয়েন্ট কলেজের অর্থ, টেকনলজিক্যাল কলেজের অর্থ, এইসব অর্থগুলি পরিষ্কার করে দেখার প্রয়োজন আছে। একটা জিনিস আমি বিশেষভাবে বলতে চাই আমি আমার এ্যামেন্ডমেন্টে রেজিস্টার্ড গ্রাজুয়েট বলে একটা সংজ্ঞা ঢুকিয়ে দিয়েছি। এটা প্রয়োজন এইজন্য বিশ্ববিদ্যালয় পরিচালনা করলে যে সংস্থা তার গঠনের ব্যাপারে আমার মনে হয় যে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের প্রতিনিধির ব্যবস্থা থাকা উচিত। কাজেই রেজিস্টার্ড গ্রাজুয়েটের ডেফিনিসন যদি এখানে না থাকে তাহলে আসল জায়গায় গিয়ে গোলমাল হয়ে যাবে। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টে এই ধরনের জিনিসগুলি রয়েছে, কেন যে শিক্ষামন্ত্রী এটা বাদ দিয়ে দিয়েছেন তা বুঝে উঠতে পারলাম না।

Shri Basanta Kumar Panda: Sir, I have got two amendments—amendments Nos. 9 and 11—and I have also been asked by Shri Sisir Kumar Das to move his amendment No. 10.

Sir, I beg to move that in clause 2(c), line 2, for the words "Hooghly, Midnapore" the words ", Murshidabad", be substituted.

Sir, by the word "district", the districts of Burdwan division and Purulia have been included, viz. Bankura, Birbhum, Burdwan, Hooghly, Midnapore and Purulia. Now, I am not speaking of including or excluding any district merely on the ground of sentiment. I am not saying that let my district be saved and let others remain. I am not speaking in that sense I hope I would not be misunderstood on that point.

Sir, in my speech relating to the circulation motion, I have already said that West Bengal requires three Universities—one for the lower Gangetic region, another for the middle region and the third for the upper region; one at Calcutta, one at Burdwan and the third at Jalpaiguri. There should be some scientific and defined areas of operation for these three Universities.

[11-10—11-20 a.m.]

With regard to Calcutta, Sir, my idea is that lower Gangetic region means tract of land where in the plain area some people live and some have got to live in the vicinity of the city of Calcutta and some often come to Calcutta who are more proximate to Calcutta. If that is taken into consideration, then 24-Parganas, Midnapore, Calcutta and District Howrah and, in my opinion, Hooghly also should also be taken into consideration. Now these three areas are proximate to Calcutta and I think these districts should be included in the Calcutta University. Of course, from this idea in this list of the Burdwan University, I have proposed for inclusion of Murshidabad. With regard to the district of Murshidabad I would say that the district of Birbhum and the district of Murshidabad are practically in the same level and Murshidabad is nearer to Burdwan and it is farthest from Calcutta. At the present time road communication and other communications from Calcutta to Murshidabad is better than the communication with Burdwan. As the districts are adjoining so there is no harm and as we are creating a University at Burdwan, we must give a sufficient consideration to it. I think the framers of this Bill were under a mistaken idea of previous divisions of Bengal—not West Bengal but of Bengal. There were five divisions previously and they thought Burdwan Divisin is itself a unit. They have taken away Howrah out of Burdwan but at the same time they are adding Purulia out of Buardwan, practically keeping Burdwan intact. That was an old idea. The present situation of West Bengal, the present configuration and the present topographical position of West Bengal are quite different from the old Bengal. Therefore, we shall have to manage and we shall have to give our Universities areas which are scientific and which are almost contiguous to it.

With regard to Burdwan, Burdwan University shall have a special responsibility for developing such an Adibasi area and certain underdeveloped areas. So of Bankura, so of Purulia, western part of Burdwan District and also Western part of Birbhum District.

Dr. Radhakrishna Pal: Why not Midnapore District?

Shri Basanta Kumar Panda: They are very few and the population of Adibasi in Midnapore District shall not exceed five per cent. of the population. Therefore, Sir, I would say—not only exclude Midnapore but also exclude Hooghly and add Murshidabad so that a compact area may be given to Burdwan University. Of course, if the Government has got an idea of establishing a University in future at Jalpaiguri, then the question of Malda and Dinajpur will come in. But for the present we shall not recommend that these areas, though nearer to Burdwan, should go to Burdwan. It may have a University in future in Jalpaiguri. Let the entire West Bengal come to Burdwan. North Bengal should come to Bengal because people from North Bengal come to Calcutta through Burdwan. With regard to Midnapore my statement is this. That is going to be accepted, I believe. My statement is this: Midnapore is farthest from Burdwan and the people shall have to go to Burdwan via Calcutta. There is no other way. The people of 24-Parganas and Midnapore are so

intimately connected. There are thousands of families who have got their house in 24-Parganas and in Midnapore. Some part of their families live in Midnapore and some part of their families live in 24-Parganas. So these two districts are so inseparably linked that they cannot be separated. Therefore, I am moving my amendment for inclusion of Murshidabad in Burdwan area and exclusion of Hooghly and Midnapore from Burdwan area.

Sir, I also beg to move that in clause 2(c), line 2, the word ", Midnapore" be omitted.

Sir, this is the amendment of Shri Sisir Kumar Das which I am moving and what I have said with regard to my own amendment No. 9 also applies to this.

Then, Sir, I also beg to move that in clause 2(g), line 4, after the words "under this Act" the words "and they shall be deemed to be rules within the meaning of clause (36) of section 3 of the Bengal General Clauses Act, 1899" be inserted.

Sir, in sub-clause (g) of clause 2 the definitions of statutes, ordinances and regulations have been given. In this respect there has been a great departure from the Calcutta University Act. The clause is this: "Statutes, Ordinances, Regulations and Rules mean respectively the Statutes, Ordinances, Regulations and Rules of the University made under this Act." In this connection I would draw the attention of the Hon'ble Minister to the similar provisions in the Calcutta University Act of 1951. There in clause 2(k) it is said "Statutes, Ordinances and Regulations mean respectively Statutes, Ordinances and Regulations of the University made under this Act and they shall be deemed to be rules within the meaning of clause 36 of section 3 of the Bengal General Clauses Act of 1899". Now, these additional words viz., 'and they shall be deemed to be rules within the meaning of clause 36 of section 3 of the Bengal General Clauses Act, 1899' have been used in that Act which you have passed in 1951. But you are now excluding those words in this Bill. Why? The point is that if you do not include these things, the provision will be incomplete and inconsistent. You know, Sir, that statutes, ordinances and regulations can be made only by Government. No statutory body, the Calcutta University or a municipality, has got any power to make these things. Making of statutes, ordinances and regulations is purely the province of the Central and State Governments and not of any statutory body as any university. Therefore in the previous Act you were wise enough to include the provisions of section 3(36) of the Bengal General Clauses Act by saying that though we are using these expressions, viz., statutes, ordinances and regulations, they are not the same things as statutes, ordinances and regulations as defined in the Constitution or in the Bengal General Clauses Act. But here you have omitted those things. Perhaps you will explain that. In our Constitution law has been defined in article 13(3) which says that 'law includes any ordinance, order, bye-law, rule, regulation, notification, custom or usage having in the territory of India the force of law', and regulation has been defined in section 3(36) of the Bengal General Clauses Act thus—'regulation shall mean a regulation made under the Government of India Act, 1870.' Then again in that section 'rule' has been defined thus —'rule shall mean a rule made in exercise of the powers conferred by any enactment and shall include a regulation made as a rule under any enactment'. Now, taking the analogy of that section I have proposed this amendment that after the words "under this Act" you shall add these words "and they shall be deemed to be rules within the meaning of clause (36) of section 3 of the Bengal General Clauses Act, 1899", because if you do

that, the position will be that by whatever name you call these things, i.e., the statutes, ordinances and regulations, they will remain the creations of a statutory body and not of the Government.

[11-20—11-30 a.m.]

But if you do not add these things then there will be conflict with regard to the definition of statute, ordinance and regulation mentioned in this particular legislation along with the Bengal General Clauses Act.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: What is the conflict?

Shri Basanta Kumar Panda: The conflict will be that the university will make a statute, promulgate ordinance, the State Government also will make a statute and promulgate ordinance. Under the law they have got general power to make statutes. All laws are made by the Central Government and the State Government, and promulgation of ordinances is the special province of the State Governor and the President. You are using the same words in connection with the power given to the statutory body, that is, the Burdwan University. Why did you add these words in that University Act? You have said "Statutes, Ordinances, Regulations and Rules of the University made under this Act", you do not stop there, after writing the words "under this Act" you have written "and they shall be deemed to be rules within the meaning of section 3(36) of the Bengal General Clauses Act". You have given the Calcutta University powers to make statutes, ordinances and regulations but at the same time you have declared that these powers of the Calcutta University shall not be the same as used elsewhere. They shall be simply rules in accordance with connotation of that word in section 3(36) of the Bengal General Clauses Act. Though you have used big names, statutes, ordinances and regulations, which are applicable to State Governments and Central Government, in 1951 you were wise enough to restrict the meaning of those high sounding words within the connotation of the rule. Why the same thing has not been done in this Bill, should be explained. If we compare section 2(k) of the Calcutta University Act of 1951 with section 2(g) of the present Bill we will notice that some words have been deducted.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have noticed it.

Shri Basanta Kumar Panda: That requires to be explained. The words used in the Calcutta University Act with regard to this are quite clear. By introducing these words you are excluding that portion from the present Bill. The idea of a statute, ordinance or regulation is very simple rules will be made by Universities, municipalities and any other statutory body.

With these words, Sir, I move my amendments.

Shri Phakir Chandra Roy: I beg to move that in clause 2(c), in line 2, after the word "Hooghly" the word "Howrah" be inserted.

আমার বক্তব্য হচ্ছে হুগলীর পর হাওড়া ও এ্যাড করা হোক। আমার বলার উদ্দেশ্য হচ্ছে যে হাওড়া শুধু বর্ধমান ডিভিশনএর মধ্যেই নয়, এর হিসটরি এন্ড ট্র্যাডিশানএর সঙ্গেও বর্ধমানের সঙ্গে সামঞ্জস্য আছে। কাজেই যখন বর্ধমানে ইউনিভার্সিটি হচ্ছে তখন এই অংশও তার মধ্যে নিয়ে যাওয়া হোক। এই কথা আমি বলতে চাই।

Shri Monoranjan Hazra: I move that in clause 2(c), in line 2, after the words "Burdwan, Hooghly," the words "excluding the subdivision Serampore of Hooghly district" be inserted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার এই এ্যামেন্ডমেন্টে আমি বলতে চাই যে শ্রীরামপুর সাবডিভিশনকে এক্সক্লুড করা হোক। এটা আগে ফার্স্ট রিডিংএ বলা হয়েছে। এখনও একথা

বলতে চাই এই যে প্রস্তাবিত বর্ধমান ইউনিভার্সিটি হবে সেই ইউনিভার্সিটির যে এলাকা সে এলাকাকে গুরুতরভাবে কাটা হোক এটা আমি চাই না। একটা বৃহৎ এলাকা নিয়ে যদি ইউনিভার্সিটি হয় তা হোক এবং আমি সেটা সমর্থন করি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে এই অঞ্চলের মধ্যে কিছু অংশ হুগলী জেলায় হলেও আমি যতদূর জানি, আমাদের ওখানে বিভিন্ন মতাবলম্বী লোক আছেন যারা বর্ধমান ইউনিভার্সিটিকে সমর্থন করলেও এই অংশগুলি এর মধ্যে যাবার পক্ষপাতি নয়। যেমন কয়েকটা অঞ্চল হুগলী জেলার মধ্যে হলেও আসলে এটা হুগলী জেলার সংগে যুক্ত নয়। বর্তমানে শাসনযন্ত্র এবং সমাজযন্ত্র যেমন আমরা দেখি তাতে হুগলী জেলার জঙ্গিপাড়া থানা তার সংগে হুগলীর সদর দপ্তর থেকে যোগাযোগ রক্ষা করা যায় না যদি না হাওড়া দিয়ে ঘুরে, তারকেশ্বর দিয়ে ঘুরে আসা যায়। এই সব অঞ্চল প্রধানতঃ হাওড়া জেলার সংগেই যুক্ত এবং এটা ঠিক যে উত্তরপাড়া থানা, শ্রীরামপুর অঞ্চল কলকাতার সংগেই যুক্ত। এই সাবডিভিশনএ মাত্র ৪টি কলেজ আছে। এই কলেজের মধ্যে শ্রীরামপুর কলেজই হচ্ছে বৃহত্তর কলেজ। এবং এই কলেজের একটা আলাদা আইন আছে যার জন্য তাদের নিজেদের বিশ্ববিদ্যালয় করতে অসুবিধা হবে না বা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে থাকতেও অসুবিধা হবে না। বাকী থাকে ৩টা কলেজ একটা হচ্ছে ডাঃ বিধানচন্দ্র রায় কলেজ, উত্তরপাড়ার রাজা পিয়ারীমোহন কলেজ এবং হীরালাল পাল কলেজ, এই তিনটা কলেজ যদি বিচার বিবেচনা করে দেখা যায় তাহলে দেখা যাবে এর যাতায়াত এবং সংযুক্তি কলিকাতার সংগে। আমি একটা কথা আগেও বলেছি যে রেলওয়ে টাইম টেবিল যদি দেখা যায় তাহলে দেখবেন যে কোন্নগর থেকে কলিকাতায় আসতে ১২।১৩ মিনিট লাগে এবং ছেলেরা সেখান থেকে কলিকাতা কলেজে আসতে পারে। এই অবস্থায় বর্ধমান ইউনিভার্সিটির মধ্যে যাবে এটা মনস্তত্ত্বর দিক দিয়েও মন্ত্রিমহাশয়কে বিবেচনা করে দেখতে বলছি এবং এর ফলে এই তিনটা কলেজের ছাত্রসংখ্যাও শতকরা হ্রাস পেয়ে যাবে। শেষ কথা হচ্ছে যে বিধানচন্দ্র কলেজের একটা বিরাট ভবিষ্যৎ গড়ে উঠেনি তা যদি বর্ধমান ইউনিভার্সিটির সংগে যুক্ত হয় তাহলে তারা তা মেনে নিতে পারে কিন্তু উত্তরপাড়ার পিয়ারী মোহন কলেজএর ছাত্ররা ক্যানালএর ঐদিকে বর্ধমান ইউনিভার্সিটিতে যাবে সেখানে ছাত্রদের মেন্টাল মেক-আপ কি করে হবে। এবং এটা হতে সময় লাগবে। সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আপনি ইউনিভার্সিটি করছেন তা সমর্থন করি কিন্তু যে অঞ্চল এর সংগে যুক্ত করতে চাচ্ছেন তার পিছনে একটা যুক্তি থাকা দরকার যাতে এটা কার্যকরী হতে পারে। এবং যে অঞ্চল আপনি এর অন্তর্ভুক্ত করতে চান তাতে যাতে কোন গোলমাল না হয় সেটাও বিবেচনা করা দরকার। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি......

[11-30—11-40 a.m.]

এটা শুধু দলের প্রশ্ন নয়, ঐ অঞ্চলের কংগ্রেস, কমিউনিস্ট, স্বতন্ত্র রাজনৈতিক এবং মিউনিসিপ্যাল স্টাফ সকলেই বলছেন এই অঞ্চলটা এই আইনের বহির্ভূত করে রাখা হোক। এজন্য আমার আবেদন এই যে, যদি মেদিনীপুরকে বাদ দেওয়ার ইচ্ছাই ছিল তাহলে এই ধারাটা না আনলেই হোত। একবার আইন পাস হবার পর তাঁরা সেটা উঠিয়ে নেবেন, তার জন্য ভবিষ্যতের হাতে নির্ভর করতে হয়। আমার বক্তব্য হচ্ছে, ভবিষ্যতের হাতে নির্ভর না করে এখানেই এটা এক্সক্লুড করা হোক।

Shri Ramanuj Halder: Sir, I beg to move that in clause 2(h), line 4 after the word "College" the words "either whole-time or part-time" be inserted.

আমি এইজনাই এটা রাখতে চাচ্ছি যে, এখানে ডেফিনিসানটা খুব পরিষ্কার হয় নি—এবং অনেক কলেজেই পার্ট-টাইম এবং হোল-টাইম টিচার থাকেন। এজনাই এটা ইনক্লুড করতে বলছি ইন দি ডেফিনিসান।

Shri Mihirlal Chatterjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গভর্নমেন্ট চীফ হুইপ কোলে মহাশয় ক্লজ ২তে যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন তাতে তিনি সংশোধনের কারণ সম্বন্ধে কোন আলোক সম্পাৎ করেন নি। আমরা ভেবেছিলাম মেদিনীপুর জেলাকে যে এই বিলের বহির্ভূত করা হচ্ছে কোলে মহাশয় সে সম্বন্ধে বিশদভাবে কিছু বলবেন। গভর্নমেন্ট চীফ হুইপএর সংশোধন অনুসারে আমরা ধরে

নিতে পারি গভর্নমেন্ট এই প্রস্তাব মেনে নিয়েছেন এবং গভর্নমেন্ট মেদিনীপুর জেলাকে বিলের বহির্ভূত করে রাখতে চান। যতদিন থেকে আমরা বর্ধমান ইউনিভার্সিটি গঠন করার কথা শুনে আসছি তখন থেকেই আমরা জানতাম যে, মেদিনীপুর জেলা এই আইনের অন্তর্ভুক্ত হবে। ১৪ই নবেম্বর তারিখে যখন ক্যালকাটা গেজেটএ এই বিল প্রকাশিত হয় তাতেও আমরা দেখলাম মেদিনীপুর জেলা অন্তর্ভুক্ত হয়েছে।

Mr. Deputy Speaker:
আপনি কি বীরভূমের কথা বলছেন—

Shri Mihirlal Chatterjee:
আমি এখানে মেদিনীপুর সম্বন্ধে বলছি। ভূতপূর্ব ইলেকশান কমিশনার সুকুমার সেন মহাশয়কে যখন বর্ধমান ইউনিভার্সিটির প্রস্তুতি কার্যের জন্য নিযুক্ত করা হয়েছিল তখন তিনিও গভীর গবেষণা করে এবং মন্ত্রীমণ্ডলীও শিক্ষাদপ্তরের সংগে আলোচনা করে মেদিনীপুরকে এই বিলের অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করেছিলেন। ভারতবর্ষের ভূতপূর্ব ইলেকশান কমিশনার এই বিলের রচয়িতা। তিনি সুপারিশ করেছিলেন যে মেদিনীপুর জেলাকে এই বিলের অন্তর্ভুক্ত করা হোক, এবং শিক্ষাদপ্তরের সম্মতিক্রমে গেজেটএও এনাউনস করা হল মেদিনীপুর জেলা অন্তর্ভুক্ত হবে। এই বিল যখন সারকুলেটেড হল তখনো আমরা দেখলাম মেদিনীপুর জেলাকে অন্তর্ভুক্ত করে এই বিল হাউসের সামনে রাখা হয়েছে। বক্তৃতাপ্রসংগে শ্রীযুক্ত পাণ্ডা বললেন কিছুদিন পূর্বে নাকি কলকাতা শহরে সিটি কলেজে মেদিনীপুরের অধিবাসীদের একটা সভা হয়েছে এবং সেই সভাতে নাকি এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে যেন মেদিনীপুর জেলাকে বিলের অন্তর্ভুক্ত না করা হয়—এবং সেই সভায় আলোচনা প্রসংগে নাকি এই কথাও উঠেছে যে, মেদিনীপুর জেলাকে যদি এই বিলের অন্তর্ভুক্ত করা হয় তাহলে আগামী নির্বাচনে কংগ্রেসের খুব সুবিধা হবে না। যদি শিক্ষার সৌকার্যে এটা হয়ে থাকে তাহলে কারুর কিছু বলবার নাই যদি সরকার মনে করেন যে, ইউনিভার্সিটির কল্যাণের জন্য, শিক্ষা-বিস্তারের জন্য এই জিনিস প্রয়োজন তাহলে এর প্রতিবাদ করার কিছু নাই। কিন্তু, স্যার, অন্ধ্রে এবং সংযুক্ত মহারাষ্ট্র প্রদেশ গঠনের সময় যে পদ্ধতি অবলম্বন করা হয়েছিল সেইরকম পদ্ধতিতে যদি মেদিনীপুর জেলাকে এই বিলের আওতার বাইরে রাখবার চেষ্টা করা হয়—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এবার বলুন, একটা কথা কতবার বলবেন।

Dr. Kanailal Bhattacharjee:
মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই প্রসংগে আমি দুয়েকটা কথা বলতে চাই। ডাঃ রায় হয়তো বলবেন যে, বিভিন্ন জায়গা থেকে সকলেই বলছেন এই এই জেলা বাদ দেবার জন্য। কিন্তু যে বক্তৃতা শুনলাম তাতে মনে হল মেদিনীপুর জেলাকে আগে থেকেই বাদ দেওয়া হয়েছে। এখানে গভর্নমেন্ট চীফ হুইপ একটা প্রস্তাব পড়লেন, মন্ত্রিমহাশয় সেটা গ্রহণ করে নিলেন, কোন যুক্তি তিনি দিলেন না,—মেদিনীপুর জেলা বাদ হয়ে গেল। কেন মেদিনীপুর জেলা বাদ দেওয়া হল আমাদের নিজেদের চিন্তা করে নিতে হচ্ছে। অনেকরকম কথা চিন্তা করেই হয়তো মেদিনীপুর জেলাকে বাদ দেওয়া হয়েছে, যেমন আগামী নির্বাচনে কংগ্রেসের সুবিধা হবে না এটাও হয়তো ভাবা হয়েছে। এখানে মেদিনীপুরের ৩ জন মিনিস্টার আছেন—তাঁরা ডাঃ রায়কে বলেছেন, কাজেই সেটা বাদ হয়ে গেল। কোন যুক্তি প্রদর্শন করার প্রশ্ন এল না। অন্যান্য বক্তারাও বিভিন্ন যুক্তি দেখিয়ে বলছেন, না, এটা বাদ দেওয়া হবে না—এভাবে সকলেই এডামেন্ট হয়ে বসে আছেন। আমি আমার প্রাথমিক ভাষণে বলেছিলাম যে, শ্রীরামপুর কলেজকে এর থেকে বাদ দেওয়া হোক, যদি তা না হয় অন্ততঃ উত্তরপাড়া কলেজকে এর ভেতর থেকে বাদ দেওয়া হোক। তার কারণ, যদি প্রকৃতই বাদ দেবার যুক্তি থাকে তাহলে কেন বাদ দেওয়া হবে না? হয়তো মন্ত্রিমহাশয় বলবেন ৫নং ক্লজে ইউনিভার্সিটিই বাদ যেতে পারে। আমি জিজ্ঞাসা করি ইউনিভার্সিটি পর্যন্ত আমরা যাব কেন? আমরা এখানে বসেছি আইন তৈরী করতে, যদি আমরা মনে করি বাদ দেওয়া যুক্তিযুক্ত তাহলে নিশ্চয়ই এই আইনের আওতা থেকে বাদ দেব।

[11-40—11-50 a.m.]

[illegible] কাছে উত্তরপাড়া কলেজের ছাত্ররা এবং প্রফেসররা এসেছিলেন তখন তিনি তাদের বলেছিলেন যে অত্যন্ত দেরী হয়ে গেছে। অথচ এটাকে বাদ দেওয়ার যুক্তি তিনি স্বীকার করেছেন এবং অত্যন্ত দেরী হয়ে গেছে বলে ৫ নম্বর ক্লজ দেখিয়ে দিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি দেরী হয়েছে কথাটার মানে কি? আমরা জানি অনেক ক্ষেত্রে ফ্লোর-এ এ্যামেন্ডমেন্ট মুভ করে সেই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করা হয়েছে—অর্থাৎ বিলের উন্নতি হবে বলে সেই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করা হয়েছে। কিন্তু তাহলে এই এ্যামেন্ডমেন্ট কেন গ্রহণ করা হবে না, তা' আমি বুঝতে পারছি না। মেদিনীপুর জেলাকে যখন বাদ দেওয়া হোল তখন এটাকে বাদ দেওয়ার আপত্তি কোথায়। ফকিরবাবু মুর্শিদাবাদ ও হাওড়াকে ইনক্লুড করার কথা বলেছেন। ঐগুলো ইনক্লুশনএর কথা হয়েছে, এক্সক্লুশন-এর কথায় ও'রা একমাত্র মেদিনীপুরের কথা বলেছেন। আমাদের পক্ষ থেকে হুগলী জেলার শ্রীরামপুর সাবডিভিশনকে যদি বাদ না দেওয়া যায় তাহলে অন্ততঃপক্ষে উত্তরপাড়া কলেজকে কি করে বাদ দেওয়া যায় তার প্রচেষ্টা করা উচিত বলে আমি মনে করি। আশা করি মন্ত্রিমহাশয় এ বিষয়ে আমাদের "ক্লজ ৫" দেখিয়ে দেবেন না। ফকির রায় বলেছেন হাওড়া জেলাকে ইনক্লুড করার জন্য, কিন্তু আমি হাওড়া জেলার তরফ থেকে বলতে পারি যে যদি মন্ত্রিমহাশয় এখানে আমাদের অ্যাস্যুরেন্স দেন যে বর্ধমান ইউনিভার্সিটি নাম-ই থাকবে কিন্তু তার সাইট হবে হাওড়া জেলা। অন্ততপক্ষে এটা যদি হয় তাহলে আমরা আনন্দের সঙ্গে গ্রহণ করব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think I should tell the members of the House that various associations of lawyers, Bar Associations, principals of colleges, members of municipalities and district boards along with members of the Assembly, representing different parts of Midnapore, represented to us that we should exclude Midnapore for various reasons, the main reason being, as was suggested by Mr. Panda, that Midnapore and 24-Parganas are closely linked and it would be better to exclude Midnapore on that score. We had thought of including Midnapore and it was only after there was clear objection from the people of that district belonging to various walks of life that we felt that it was necessary to exclude Midnapore.

As regards the question whether it would be good or bad for the purpose of the next election, as my friend Shri Kanai Bhattacharjee says, evil mind thinks evil and I do not know whether his mind is evil or the mind of other people is evil. But, Sir, that question does not arise because many of those who have objected are persons who do not belong to any political party—they belong to various walks of life. So, it was felt that something should be done to satisfy the people of the district. Probably, some time or other, they will themselves ask for inclusion in the Burdwan University.

The Hon'ble Rai Harendda Nath Chaudhuri: Sir, one of the points has been answered by the Hon'ble Chief Minister.

As regards other points raised in various amendments, Mr. Panda proposes that Hooghly also should be excluded. Sir, Hooghly cannot be excluded. There was no such request from the people of the Hooghly district, as was the case in respect of Midnapore. Therefore, Hooghly has not been excluded as public opinion has not expressed itself against the inclusion of Hooghly within the territorial limits of the proposed University. As regards amendment No. 11 of Shri Basanta Kumar Panda where he says after the words "under this Act" the words "and they shall be deemed to be rules within the meaning of clause 36 of section 3 of the Bengal General Clauses Act," they appear in the definition under the Calcutta University Act. The Calcutta University Act was also framed by us. Statutes, Ordinance, Regulations and Rules mean respectively the Statutes, Ordinances, Regulations and Rules of the University made under this Act. It was mentioned that statutes, ordinances and regulations should

be deemed as rules under the General Clauses Act because rules were not there. Everything is there in the definition of the Calcutta University Act. That should have been known to a lawyer like Mr. Panda. As regards the other amendment I would like to say something. Part time colleges are not going to be recognised by the University Grants Commission and therefore we are not prepared to accept this amendment at all. In future part-time teachers will not be considered as good as wholetime teachers. Our Chief Minister has already said what he had got to say. So I need not say anything about all that. As regards 9B I would say that we are not going to exclude Serampore Subdivision of Hooghly at all I cannot comply with this kind of request. Sir, I oppose all the amendments.

The motion of Shri Jagannath Kolay that in sub-clause (c) of clause 2, in line 2, for the words "Hooghly, Midnapore or" the words "Hooghly or" be substituted, was then put and agreed to.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2, before paragraph (a), the following be inserted, namely:—

"(a1) 'affiliated College' means a College other than University, Constituent of Professional College, situated within the jurisdiction of the Burdwan University and affiliated to the Calcutta University prior to this Act or affiliated to the Burdwan University under this Act."

was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2(a), line 1, before the word "college" the word "University" be inserted, was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2(a), line 1, after the word "established" the word "and" be inserted, was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2(a), line 2, the words "affiliated or recognised" be omitted, was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2(a), lines 2 to 4, the words "and includes a college referred to in sub-section (2) of section 5" be omitted, was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that in clause 2(b), lines 1 and 2, for the words "recognised as such by the University" the following be substituted, namely:—

"in which instruction is provided under prescribed conditions for honours as well as for Post Graduate courses of study and which is recognised under this Act as a Constituent College:

Provided that if in any professional subject, no honours courses of study have been prescribed, a Professional College may be recognised as a Constituent College if it provides for Post Graduate Courses of study."

was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that in clause 2(c), in line 2, after the word "Hooghly" the word "Howrah" be inserted, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that in clause 2(c), in line 2, after the words "Burdwan, Hooghly," the words "excluding the Sub-Division Serampore of Hooghly district" be inserted, was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that after clause 2(f), the following be inserted, namely:—

"(ff) 'professional college' means a college in which instruction is provided only for courses of study leading to any degree of the University in any professional subject and which is recognised as a Professional College under this Act.

(fff) 'Registered Graduates' means graduates of the University of Calcutta or of Dacca University permanently domiciled within the judisdiction of Burdwan University and registered under this Act."

was then put and lost.

The motion of Shri S. N. Mazumdar that after clause 2(i), the following be added, namely:—

"(ii) 'Technological College" means a college where Technological subjects are taught for graduate and Post-graduate courses and which is affiliated or recognised by the Burdwan University as Technological College."

was then put and lost.

Motions Nos. 10, 10J and 10B-10I—all fall through.

Mr. Deputy Speaker: I put the rest of the amendments to vote.

The rest of the amendments were then put and lost.

The motion of Shri Subodh Banerjee that before clause 2(a) the following be inserted, namely:—

"(a1) 'Affiliated College' means a College, not being a Constituent College, affiliated to the University under this Act;".

was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(c), line 2, for the words "Hooghly, Midnapore" the word ", Murshidabad" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(g), line 4, after the words "under this Act" the words "and they shall be deemed to be rules within the meaning of clause (36) of section 3 of the Bengal General Clauses Act, 1899," be inserted, was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that in clause 2(h), line 4, after the word "College" the words "either whole-time or part-time" be inserted, was then put and lost.

The question that Clause 2, as amended, do ostand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3(2), line 2. for the word "in" the word "by" be substituted.

স্যার, ক্লজ ৩-তে আমার বক্তব্য হচ্ছে এখানে একটু বোধহয় ভাষাগত ভুল হয়েছে। কাজেই এটা গ্রহণ করা উচিত।

The University shall have perpetual succession and a common seal and shall sue and be sued in the name of the University of Burdwan.

এখানে বাই দি নেম বোধহয় ইংরাজীটা ইউজ হয়। আমার মনে হয় ইন-এর জায়গায় বাই কথাটা ইউজ হওয়া উচিত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, we have been advised that 'in' may also be used because 'in' has the force of 'by'.

Shri Subodh Banerjee:

আপনাদের আদার অ্যাক্টসএ সমস্তই বাই আছে। একমাত্র ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট বলছে না, যতগুলি স্ট্যাটুটারী বডি আপনারা করেছেন সমস্ত আক্টের ক্ষেত্রেই বাই কথাটা আছে। Everywhere I have seen.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is bad English.

The motion of Shri Subodh Banerjee that in clause 3(2), line 2, for the word "in" the word "by" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

[11-50 a.m.—12-2 p.m.]

Mr. Deputy Speaker: Before the House is adjourned. I may tell Honourable Members that according to the circular which they have now received, we shall take up the Oriental Gas Company Bill on Monday.

Shri Jyoti Basu:

আপনি যে এটা বললেন এতে খুব অসুবিধা আছে যদি মনডেতে নেন কারণ অবজেক্টস অ্যান্ড রিজনসএ দেখলাম, একটা যে এক্সপার্ট কমিটি করা হয়েছিল তার রিপোর্টের উপর ভিত্তি করে এটা গভর্নমেন্ট টেক ওভার করছেন। অবজেক্টস অ্যান্ড রিজনসএ এরকম বলা আছে অথচ সেটা আমাদের কাছে সার্কুলেটেড হয় নি। যে টেকনিক্যাল এক্সপার্টদের রিপোর্টের উপর ভিত্তি করে এটা করা হচ্ছে সেই রিপোর্ট আমাদের দিলেন না। অথচ তার উপর ভিত্তি করে আইনটা পাস হয়ে যাবে? তারপর য়্যানুয়াল রিটার্নও পর্যন্ত আমাদের দেন নি, বলছেন কোর্ট থেকে যোগাড় করে নাও। এরকম করলে অ্যাসেম্বলীকে তো কনফিডেন্সে নেয়া হয় না। সামান্য ব্যাপারে কেন এরকম করছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার কথা হচ্ছে যে একটা কমিটি নয়, সেভারল কমিটিজ আছে। তাদের রিপোর্টের উপর বেজ করে এই গ্যাস কোম্পানীটা নেয়া হচ্ছে -

it is only a record of what has happened in the past. It says—'consequent upon the receipt of numerous complaints from various industrial concerns, hospitals, municipal bodies and the public in general about the unsatisfactory condition of supply of gas in Calcutta'. That is the basis. And then it goes on to say 'the State Government appointed a committee to enquire into the affairs of the gas works' etc. But the main thing is that the improvement of supply position of gas in Calcutta has to be achieved. It is based upon the gas that we can get from Durgapur.

Shri Jyoti Basu:

এটা তো আর ইন্ডিয়ার ডিফেন্সের প্রশ্ন নয় যে এটা সবাইকে দেয়া যায় না। একটা এক্সপার্ট কমিটির রিপোর্ট, এর সঙ্গে ডিফেন্সের কোন প্রশ্ন তো জড়িত নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is no hide and seek about it. There are two things that you have raised. One is (In Bengali) ..committee...report...balance-sheet...balance-sheet...the idea is that the whole

structure of the Bill is not based upon balance-sheet at all because we have asked a Judge of the High Court to evaluate the property.

Therefore, if you want balance-sheet you can always get it by applying. There is no hide and seek about it.

Shri Jyoti Basu: It is slighting the Assembly members.

Sj. Subodh Banerjee:

চীফ মিনিস্টারের কাছে আমার একটা রিকোয়েস্ট আছে—ব্যালেন্স সিটটা আমাদের প্রয়োজন আছে। নেট ইনকাম ক্যালকুলেসন করছেন—এখানে বলা হয়েছে গ্রস ইনকাম থেকে কতকগুলি জিনিস বাদ দেয়া হবে ইত্যাদি। গ্রস ইনকামটা জানতে হলে এটা দরকার, কারণ আমরা জানতে চাই টোটাল কমপেনসেসন কি দেয়া হবে। তারপর অ্যাসেটস অ্যান্ড লায়াবিলিটিজ-এর প্রশ্ন আছে কারণ যা য়্যাসেটস তার এগেনস্টএ যে কমপেনসেসন দেবো সেটা যুক্তিযুক্ত হবে কিনা অ্যাসেম্বলীর মেম্বারদের সেটা জানা দরকার। তা না হলে আমরা এ্যামেন্ডমেন্ট দেবো কি করে? ২টা জায়গা থেকে আমরা পেতে পারি -গভর্নমেন্টের কাছ থেকে

Or give us time so that we can go to the Share Market—Stock Exchange—and try to get copies of the balance sheet. But that requires time. Moreover, the Oriental Gas Company is a subsidiary company. In fact I went to the Stock Exchange personally and tried my best and I was able to get balance-sheet for three years only. And I expect to get the Balance sheet for further two years also. But other members should also get these things. Therefore, I request you not to bring the Bill on Monday. It will be too early.

Dr. Kanailal Bhattacharjee:

ব্যালেন্স সীট এবং এক্সপার্ট কমিটির রিপোর্টটা আমাদের দরকার। তার কারণ হচ্ছে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী এটা অনেকদিনের পুরানো কোম্পানী। ঐ কোম্পানীতে যে মেথডে গ্যাস হয় সেই মেথডের আজকের দিনে সত্যই ভ্যালু আছে কিনা সেটা যাঁরা অর্ডিনারী ম্যান, যাঁদের এক্সপার্ট নলেজ নেই তাঁরা জানতে পারেন না যতক্ষণ না পর্যন্ত ঐ এক্সপার্ট কমিটি যাঁরা নাকি ডাঃ রায়ের গভর্নমেন্টকে বলেছেন যে এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী ন্যাশানালাইজ করে নেয়া হোক তাদের রিপোর্ট দেখছেন। কাজেই আমরা মনে করি যতক্ষণ না পর্যন্ত সেই এক্সপার্ট কমিটি যারা গভর্নমেন্টকে এই ব্যাপারে য়্যাডভাইজ করেছেন তাদের রিপোর্ট আমরা দেখছি ততক্ষণ পর্যন্ত এ সম্বন্ধে বলা খুবই ডিফিকাল্ট হবে। সেজন্য আমি বলি যে রিপোর্ট এলে তারপর এটার আলোচনা হতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Riy: I have not got the report with me. The whole point is because of the difficulty in getting the balance sheet we do not know the present condition of the property, but what is more important is whether we can utilise the company for carrying gas from Durgapur and supply it to the people. That is the main consideration.

As for the amount of compensation I cannot give you any figure now. What we have done, as you will see in this Bill, is that a tribunal consisting of a Judge will be appointed by Government who will really determine what amount of compensation should be paid.

There is no report on the basis of which this Bill has been framed. This Bill has been framed mainly for the purpose of carrying gas from Durgapur. If you like I can send you copy of the report but that will not help you very much. The report simply says that this is a concern which, if taken over, can be used for the purpose of carrying gas from the gas grid. If that satisfies you I have no objection to give you that. I will send you a circular copy but the main point is that it will not help you very much at arriving at your decision, because that decision will be the decision of the Judge who will be helped by an expert as to what the value of the property is.

Shri Jyoti Basu:

উনি যখন বলছেন দিতে পারেন, তখন রিপোর্টটা দিয়ে দিন।

Shri Subodh Banerjee:

এখানে আমার অনুরোধ ঐ বিলটি সোমবার আনবেন না।
Frankly speaking, I am myself not prepared.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I can get it cyclostyled and send it to you this evening. It is not a very big report.

Shri Subodh Banerjee:

তাহলেও সোমবার এই বিলটা আনবেন না। এ সম্বন্ধে একটু আলোচনা করবার আছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend Rai Harendra Chaudhuri cannot come on Monday for personal reasons. That is why I wanted to take up the Bill. I can take up the Transport Bill. I will try and send you a cyclostyled copy of the report this evening.

Mr. Deputy Speaker: We shall have Transport Bill on Monday.

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, ব্যালেন্স সীট দরকার আছে বলে আপনি যদি কোম্পানীর কাছে লেখেন তাহলে আমার মনে হয় কোম্পানী সেই ব্যালেন্স সিট সাপ্লাই করবেন। ব্যালেন্স সিট এইজন্য দরকার যে গত বছরের ব্যালেন্স সিটএ কোম্পানী দেখিয়েছেন যে তাঁরা ১০ লক্ষ টাকা প্রফিট করেছেন তাঁদের জমি বেচে দিয়ে, অথচ এসটিমেট সাইডএ সেটা দেখাচ্ছেন না। ব্যালেন্স সিট কেন পাওয়া যাবে না, তাঁরা ব্যালেন্স সিট দিতে বাধ্য।

Mr. Deputy Speaker: The House stands adjourned till 3 p.m. on Monday.

Adjournment

The Assembly was accordingly adjourned at 12-2 p.m. till 3 p.m. on Monday, the 30th November, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 30th November, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 15 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 204 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Anti-Indian and pro-Chinese propaganda in Kalimpong and other parts in Darjeeling district

***29A.** (SHORT NOTICE.) (Admitted question No. *3431.) **Shri Narendra Nath Sen:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state if he is aware that—

(*i*) some foreign nationals have for some time been staying in Kalimpong and other parts of Darjeeling district as traders, tourists and in other capacities;

(*ii*) some of these foreign nationals have been spreading anti-Indian and pro-Chinese propaganda through leaflets, booklets, posters, pictorials containing photographs of Chinese leaders and in various other manners in Kalimpong and even in remote villages; and

(*iii*) some Indian nationals have also been indulging in fifth column activities and have been helping in the anti-Indian activities of the persons mentioned above?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what action has been taken or is proposed to be taken by Government against the persons mentioned in (*a*)(*ii*) and (*iii*) above;

(*ii*) what action has been taken to put a stop to such anti-Indian activities; and

(*iii*) what security measures, if any, have been taken in this connection?

The Chief Minister and Minister for Home (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): Kalimpong is not a place closed to foreigners. Foreign nationals possessing valid travel documents can go there. Their period of stay has, however, been limited to a short period by a recent order issued by the Government of India.

Chinese magazines and periodicals are sold in book-stalls in Kalimpong. They depict the various aspects of the "great leap forward" (towards improvement of their economy and social order). In the public interest Government are unable to give any reply to the other parts of the question. But a close watch is being maintained on the situation and necessary precautionary measures have been taken.

Shri Sunil Das:

এই যে আপনি বললেন, চাইনিজ ম্যাগাজিনস অ্যান্ড পিরিওডিকেলস আর সোল্ড এগুলির মধ্যে অ্যান্টি ইন্ডিয়ান প্রোপাগান্ডা মূলক লিফলেটস কিছু বিলি করা হচ্ছে কি না—সে সম্বন্ধে কিছু বলবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি আর কিছু বলতে পারি না। আমি গভর্নমেন্ট অব ইন্ডিয়াকে জিজ্ঞাসা করেছি, দিস ইজ দি আনসার।

Shri Sunil Das:

আপনি বলেছেন চাইনিজ ম্যাগাজিনস অ্যান্ড পিরিওডিকেলস এখানে বিলি করা হয়। আমার প্রশ্ন হচ্ছে অ্যান্টি ইন্ডিয়ান প্রোপাগান্ডা ব্যাপারে সেখানে অ্যান্টি ইন্ডিয়ান ম্যাগাজিনস অ্যান্ড পিরিওডিকেলস বিলি করা হচ্ছে, সে সম্পর্কে গভর্নমেন্টএর কিছু জানা আছে কি না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি কিন্তু বলব না।

Shri Deben Sen: Will the Hon'ble Minister be pleased to state whether the Chief Minister has visited the area personally recently to find out the truth for himself?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Hon'ble Kali Pada Mookerjee was there for several days, and some steps have been taken.

Shri Deben Sen: Will the Hon'ble Minister be pleased to state whether it is a fact that certain foreign nationals have established themselves in the tea garden bustees and carrying on propaganda there and preparing the local people for reception of the Chinese Liberation Army?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Shri Pramatha Ranjan Thakur:

এই প্রসঙ্গে আমার জিজ্ঞাসা প্রধান মন্ত্রীকে, একটা মস্ত গুজব শুনছি বাজারে, নেপালের সঙ্গে নাকি চীনের কথা হয়ে গেছে নেপালকে বলা হয়েছে যে ইংরেজ আমলে যে সমস্ত টেরিটোরী তোমাদের ছিল, সেগুলি আদায় করার জন্য তোমাদের সুযোগ দেওয়া হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি নেপালের কথা কিছু জানি না।

Shri Pramatha Ranjan Thakur:

দার্জিলিং ডিস্ট্রিক্ট এক সময় নেপালে ছিল, সে কথা যেন মনে থাকে।

Shri Hemanta Kumar Basu:

মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, জানি কিন্তু বলবো না, তিনি যেটা জানেন সেটা বন্ধ করার জন্য স্টেপ কিছু নিয়েছেন কি না!

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি তো বলেছি, অনেক স্টেপ নেওয়া হয়েছে কিন্তু কি তা এখানে ডিটেলস বলা যায় না।

Anti-Indian and pro-Chinese activities in Kalimpong, Darjeeling and other parts of North Bengal

***29B.** (SHORT NOTICE.) (Admitted question No. *3403.) **Shri Sunil Das:** (a) Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state whether it is a fact that in Kalimpong, Darjeeling and in the Dooars and Terai areas of North Bengal anti-Indian and pro-Chinese literatures are being distributed on a large scale and such meetings are being held in these places?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) who are carrying on such things;

(*ii*) what steps Government has taken to put a stop to such campaign;

(*iii*) whether Government is aware if any espionage work is being carried on in those areas on behalf of the foreign powers; and

(*iv*) if so, what steps Government proposes to take to stop such espionage work?

The Chief Minister and Minister for Home (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): In Kalimpong and Darjeeling pictorial manazines published from China have been noticed. They depict the various aspects of the "great leap forward" (towards improvement of their economy and social order) and are sold in book-stalls there. There exists no ban on the import of foreign literature.

Usual meetings are held occasionally by political parties.

No further answers can be given in the public interest. Government are maintaining a strict watch on the situation and have taken all precautionary measures.

Shri Sunil Das:

এখানে আপনি বলেছেন

unusual meetings are held occasionally by political parties;

আমার প্রশ্ন ছিল অ্যান্টি ইন্ডিয়ান অ্যান্ড প্রো চাইনিজ মিটিংস হয় কি না। এখানে আপনি জবাবে বলেছেন ইউজুয়েল মিটিংস। এই ইউজুয়েল মিটিংস বলতে কি সেই অ্যান্টি ইন্ডিয়ান অ্যান্ড প্রো চাইনিজ মিটিংসই মানে করছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার কাছে লিখিত কিছু নেই যে কোন পলিটিকেল পার্টি বক্তৃতা করছে। আমার কাছে যে বক্তৃতা জ্যোতিবাবু, সুবোধবাবু দিয়েছেন তা আছে।

Shri Sunil Das:

এই মিটিংসএ চাইনিজ আর্মিকে লিবারেশান আর্মি বলে বলা হয়েছে জানেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি জানি না, তবে পণ্ডিত নেহেরুজীর বক্তৃতায় দেখলাম বটে যে এ কথাটা ব্যবহৃত হয়েছে। কিন্তু আমি এটা খুঁজে পাই নি।

Shri Hemanta Kumar Basu:

মন্ত্রী মহাশয়, যে বক্তৃতা হয়েছে তার আই, বি রিপোর্ট পেয়েছেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

পেয়েছি কিন্তু তা এখানে বলতে পারি না।

Shri Sunil Das:

আপনি কবে পর্য্যন্ত এই হাউসএর কনফিডেন্সএ আনতে পারবেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি এটা বলতে পারি প্রথমে এই কোয়েশ্চেন পাবার পর টেলিফোন করেছিলাম এক্সটারনাল অ্যাফেয়ারস মিনিস্ট্রিতে, তাঁরা বলেছেন যে এইভাবে এখন পর্য্যন্ত বলুন পরে যদি আবার দরকার হয়, তাহলে বলবেন।

Shri Pijus Kanti Mukherjee:

মন্ত্রী মহাশয় জানেন কি, যে কম্যুনিস্ট পার্টি থেকে বলা হচ্ছে যে চাইনিজ আর্মি মানে নেতাজী মুক্তি ফৌজ নিয়ে আসছে?

(No reply.)

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Protected areas at Burnpur and Kulti

8. (Admitted question No. 1057.) **Shri Taher Hossain:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(*i*) that the area covered by Indian Iron and Steel Co., Ltd., and Indian Standard Wagon Co., Ltd., at Burnpur in Burdwan district, is a protected area; and

(*ii*) that Government have been providing police force for the protected area?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) since when it was declared a protected place and police force is being provided therefor; and

(*ii*) out of the total expenditure incurred how much has been met by the owners of the two abovementioned Companies?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) Yes.

(*b*) (*i*) The 22nd August, 1953.

(*ii*) Asansol being an important industrial subdivision, the police force posted there is for the maintenance of law and order, as much for the protected areas at Burnpur and Kulti as for other industrial areas in that subdivision; so the question of recovery of cost from the Companies does not arise.

Theft of electric posts of D.V.C. and State Electricity Board in and around Kharagpur Town

9. (Admitted question No. 1397.) **Shri Narayan Chobey:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Police Department be pleased to state if it is a fact that electric posts of the D.V.C. and the State Electricity Board have been stolen in and around the Town of Kharagpur?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether some posts have been recovered by the police;

(*ii*) if so, how many of such posts have been found out by the police and how many are still untraced; and

(*iii*) what arrangements have been made by the police to recover the lost materials, if any, and to prevent further theft of such materials?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) There was no theft of the electric posts of the D.V.C. Some posts of the State Electricity Board were stolen.

(*b*) (*i*) Yes.

(*ii*) One post was found out by the police and 11 posts remain untraced.

(*iii*) Police investigations were made in each case to recover the posts and armed patrols were introduced from time to time in the affected area to prevent such thefts.

Shri Narayan Chobey:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি,
one post was found out by the police and 11 posts remain untraced
তাহলে এই এগারোটি পোস্টএর মধ্যে কি কিছু পাওয়া যায় নি?

The Hon'ble Kali Pada Mookerjee:

কিছু কিছু টুকরা পাওয়া গিয়েছে। তবে টুকরা সাব্যস্ত করা যায় নি যে সে কোন পোস্টএর টুকরা।

Shri Narayan Chobey:

আপনি কি কোন কেস পুলিশ ইনভেস্টিগেশানএ করেছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

পুলিশ ইনভেস্টিগেশানএ কেস করতে পারা যায় নি, তবে কয়েকজন লোকের বিরুদ্ধে কেস স্টারটেড হয়েছে, বেঙ্গল ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট অনুসারে ধরা হয়েছে।

Murders in Burtola police-station, Calcutta

10. (Admitted question No. 1460.) **Shri Deben Sen:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state if it is a fact—

(*i*) that there has been a murder in May, 1957, within police-station Burtola on the Rajabazar Street;

(*ii*) that there has been another murder within the same police-station in December, last;

(*iii*) that both these murders have taken place within a stone's throw of the Burtola police-station; and

(*iv*) that in the case of the first murder the person died seven days after the stabbing in a hospital and a statement was recorded by the police?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether any person or persons have been arrested in connection with these murders;

(*ii*) if so, the number of persons arrested; and

(*iii*) whether any case has been started against any person in connection with the above two murder cases?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) (*i*) Not in May, 1957, but a man was stabbed on the 17th April, 1957, and died later.

(*ii*) and (*b*) (*i*) and (*iii*) Yes.

(*iii*) The first case took place in April, 1957, on Star Lane off Raja Bagan Street and the second case took place on Khudiram Bose Road.

(*iv*) No, the person died 16 days after stabbing. Statements were recorded by police on the 17th and 20th April, 1957.

(*b*) (*ii*) Two persons have been arrested in connection with the second case.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

New Bankura Road

***30.** (Admitted question No. *105.) **Shri Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া ও বর্ধমান জেলায় যাতায়াতের একমাত্র রাস্তা নিউ বাঁকুড়া রোড বহুদিন যাবৎ সংস্কার করা হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে, এই রাস্তা সংস্কার করার কোনরূপ পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং কখন হইতে ইহা কার্যকরী হইবে?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) এই মর্মে আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(খ) ৫৭ মাইল দীর্ঘ এই রাস্তাটির বাঁকুড়া হইতে রসুলপুর পর্যন্ত ৪০ মাইলের উন্নয়ন ইতোমধ্যে করা হইয়াছে। রসুলপুর হইতে বর্ধমান পর্যন্ত ১৭ মাইলের এ্যালাইনমেন্ট স্থির হইলে উহারও উন্নয়ন করা হইবে।

Shri Ramanuj Haldar:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি: কারা, কি ভাবে, কত আবেদন পাওয়া গিয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নোটিশ দিলে বলতে পারি। আমার কাছে আবেদন পত্র নেই।

Shri Pramatha Nath Dhibar:

এই রাস্তা করবার জন্য কবে এ্যালাইনমেন্ট স্থির হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কয়েকটা প্রস্তাব এসেছে, সেগুলি একজামিন করে দেখা হচ্ছে?

Shri Ramanuj Haldar:

আবেদন করা না হলে সরকার কি প্রয়োজনবোধে সংস্কার করেন না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আবেদন করা না হলেও করা হয়। এই রাস্তা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হলেও প্রথম অংশ হয়ে গিয়েছে, দ্বিতীয় অংশটির জন্য আগেই বলেছি, নিউ এ্যালাইনমেন্ট গ্রহণ করার প্রয়োজন হয়ে পড়েছে। দ্বিতীয় অংশটি দামোদরের স্পিল এরিয়াতে বলে এমনভাবে করা দরকার যাতে বন্যায় ক্ষতি না করতে পারে। সেই জন্যই বিলম্ব হচ্ছে।

Shri Ramanuj Haldar:

কত দিনে সম্পন্ন হবে বলে মনে করেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এখন ঠিক বলতে পারি না।

Kalna-Burdwan Road

***31.** (Admitted question No. *1102.) **Shri Hare Krishna Konar:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state if it is a fact—

(*i*) that of 36 miles of Kalna-Burdwan Road in Burdwan district, the portion from Nibhujibazar to Burdwan has been taken over by Government and duly repaired and tarmacadamised;

(*ii*) that the portion of the said road within Kalna Town up to the Kalna Court has been repaired and tarmacadamised by the local municipality; and

(*iii*) that only about two miles of the road from Nibhujibazar to Kalna Court has been left out without tarmacadamisation?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether Government have got any scheme to take over the portion from Nibhujibazar to Kalna Court for repair and tarmacadamisation; and

(*ii*) if so, when it will be done, and, if not, whether Government consider the desirability of taking over this portion of the road in near future so that the whole road from Kalna Town to Burdwan becomes a complete tarmacadamised road?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*) (*i*) Yes.

(*ii*) The road has been black-topped by Government under contributory scheme for improvement of municipal roads.

(*iii*) Yes, but a part of the road is being improved by the District Board.

(*b*) (*i*) No.

(*ii*) Kalna Court has been connected with Burdwan-Kalna Road near Kalna Station by two black-topped roads, viz., Kalna Ferryghat Road and Chotta Dewri Road. Hence, Government do not propose to take over this portion in near future.

[3-10—3-20 p.m.]

Shri Hare Krishna Konar:

আমি একটা প্রশ্ন করছি আপনাকে --আপনি বলছেন কালনা কোর্টের সংগে বর্ধমান স্টেশন রোডের দুই রাস্তা দিয়ে যোগাযোগ করা যায়, এখন আমাদের জিজ্ঞাস্য হচ্ছে তার ডিসটেন্স যদি দুই মাইল হয় এবং এখান থেকে প্রায় ৬ মাইল হয়, তবে ২ মাইল যা রয়েছে, সেটা কেন নেবেন না?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

এই দুই মাইল রাস্তা মিউনিসিপ্যাল এরিয়ার ভিতর, মিউনিসিপ্যালিটি ইচ্ছা করলেই করতে পারে।

Shri Hare Krishna Konar:

কিন্তু এই দুই মাইল তো মিউনিসিপ্যালিটির ভিতর নয়, এই অংশটা নেবেন না কেন?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

এই অংশটি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয় নি বলেই নেওয়া হয় নি।

24-Parganas

Want of a bridge over the Jamuna river in Gaighata police-stations, district

***32.** (Admitted question No. *1369.) **Shri Ajit Kumar Ganguli:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গাইঘাটা থানার অন্তর্গত খোঁজা ও হাসপুর গ্রামের মধ্য দিয়ে যে যমুনা নদী প্রবাহিত, উহার উপর কোন সেতু না থাকায় অনেকগুলি গ্রাম মহকুমা-কেন্দ্র হইতে বিচ্ছিন্ন হইয়া আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার সংযোগ প্রতিষ্ঠার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(২) থাকিলে, সরকার কবে ইহার নির্মাণ-কার্য শুরু করিবেন?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Ajit Kumar Ganguli:

আপনি আপনার উত্তরে না বলেছেন তাহলে কিভাবে বনগাঁয়ের সঙ্গে এই অঞ্চলের সংযোগ হবে সেটা বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নদীটা ২-৩ জায়গায় পারাপার হওয়া যায় বর্ষাকালেই ডিফিক্যাল্ট হয়, গ্রীষ্মকালে হেঁটেই পার হওয়া যায়, এ ছাড়াও অন্যভাবে যোগাযোগ আছে।

Sj. Ajit Kumar Ganguli:

কোন্ পথে যোগাযোগ আছে বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta: The villagers of Ghonja, Nare-Gazipur of Gaighata P.S. and Gopinathpur of Bongaon P.S. usually cross the Jamuna river between Ghonja and Hanspur villages and then come to Jessore Road, about 2 miles off from that place through a metalled road. The villagers of Gazipur of Gaighata P.S. usually cross the river in between Gazipur and Chandigarh villages and then come to Jessore Road through about 2 miles of Kutcha road.

The river has silted up at those places and during dry season, that is, for about 6 to 7 months, the river becomes a thin stream and people can easily cross it either by means of bamboo bridges or over the shallow water. Carts can also cross it but vehicular traffic is not however possible at those places. During rainy season, however, it is not possible to cross the river without boats.

Shri Ajit Kumar Ganguli:

আপনি বলছেন বনগাঁয়ের সঙ্গে যোগাযোগ আছে, আপনি দেখেছেন কি?
your report merely expresses that idea, there is no connection.
নৌকা দিয়ে পারাপারের ব্যবস্থা থাকলে তাকে কি সংযোগ বলে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার যা বলবার বলেছি।

Shri Ajit Kumar Ganguli:

এখানে ডিস্ট্রিক্ট বোর্ডএর কোন ফেরি ব্যবস্থা আছে আপনি জানেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি জানি না, খুব সম্ভব আছে।

Shri Ajit Kumar Ganguli:

এখানে পারাপারের জন্য নৌকার ব্যবস্থা সরকারের তরফ থেকে করবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ডিস্ট্রিক্ট বোর্ড করলেই ফেরির ব্যবস্থা হতে পারে।

Shri Ajit Kumar Ganguli:

এই পথে এই অঞ্চলের বহু মালপত্র যাতায়াত করে, এখানে ব্রীজ হলে মালপত্র চলাচলের সুবিধা হয়, সেদিক থেকে আপনি এখানে একটা ব্রীজ করার প্রয়োজনীয়তা অনুভব করেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ব্রীজের পরিকল্পনা চলছে। আপনারা যদি সেরকম কোন প্রয়োজনীয়তা মনে করেন, ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএ এই ব্যাপারটা উত্থাপন করতে পারেন। প্রশ্নকর্তা এম এল এ হিসাবে নিশ্চয়ই ডিস্টিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএর সদস্য।

Shri Ajit Kumar Ganguli:

ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএ যদি এই পরিকল্পনা গৃহীত হয়, তাহলে টপমোস্ট প্রায়রিটি দেবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যদি ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল অথরিটিস টপমোস্ট প্রায়রিটি দেন, আমরা নিশ্চয় বিবেচনা করব।

Shri Gopal Basu:

আপনি ডিস্ট্রিক্ট বোর্ডএর উপর রেসপনসিবিলিটি ছেড়ে দিয়েছেন, নৌকার ব্যবস্থা করার জন্য, আমার প্রশ্ন হচ্ছে, সরকারের তরফ থেকে এরকম কোন ব্যবস্থা করেছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো আগেই বলেছি দ্বিতীয় পরিকল্পনায় এই রাস্তা অন্তর্ভুক্ত হয় নি, সুতরাং আপাততঃ সে রকম কোন ব্যবস্থা করার উপায় নাই।

Roads included in Second Five-Year Plan in Jhargram subdivision

***33.**—(Admitted question No. *1474.) **Shri Sudhir Kumar Pandey:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ রাস্তা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে;

(খ) কোন্ রাস্তার জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে; এবং

(গ) তন্মধ্যে কোন্ কোন্ রাস্তার কাজ বর্তমানে চলিতেছে এবং কোন্ কোন্ রাস্তার কাজ এখনও আরম্ভ হয় নাই?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) এবং (খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) বিবরণীতে উল্লিখিত ৫ ও ৬নং রাস্তার কাজ বর্তমানে চলিতেছে এবং ১ হইতে ৪নং রাস্তার কাজ আরম্ভ হয় নাই।

Statement referred to in reply to clauses (ক) and (খ) of starred question No. 33.

ক্রমিক সংখ্যা	দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত রাস্তাসমূহ		বরাদ্দ অর্থের পরিমাণ টাকা
১।	ঝাড়গ্রাম হইতে জাম্বনি পর্যন্ত	...	৭,০৮,০০০
২।	পরিহাট-জাম্বনি-ফেকোঘাট	...	১৬,০০,০০০
৩।	দহিজুরী-বীনপুর-শিলদা-হাতিয়ারী হইতে বাঁকুড়া জেলার সীমান্ত পর্যন্ত	...	১২,০০,০০০
৪।	শাঁকরাইল-কলাইকুণ্ডা	...	১০,০০,০০০
৫।	গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তা (সেন্ট্রাল রোড ফান্ড অন্তর্ভুক্ত)	...	২৪,০০,০০০
৬।	গোপীবল্লভপুর-ফেকোঘাট রাস্তা	...	৭,৬৬,০০০

Shri Sudhir Kumar Pandey:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, রাস্তার কাজ এখনো আরম্ভ হয় নি কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অর্থাভাবের দরুন।

Shri Sudhir Kumar Pandey:

মন্ত্রীমহাশয় জানেন কি সেচের জন্য রাস্তায় কয়েক গজ অন্তর অসংখ্য গর্ত হওয়ায় বাস চলাচলের অযোগ্য হয়ে পড়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হতে পারে।

Shri Sudhir Kumar Pandey:

মন্ত্রীমহাশয় জানাবেন কি কত দিনের মধ্যে এই রাস্তা সংস্কার করা হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আগামী বৎসর রাস্তার কাজ আরম্ভ করবার সংকল্প আছে।

Shri Narayan Chobey:

মন্ত্রীমহাশয় বল্লেন আগামী বৎসর রাস্তার কাজ আরম্ভ করার সংকল্প আছে, কিন্তু বর্ষাকালের পূর্বে যদি সংস্কার না করা হয় তাহলে যে বাস চলাচল বন্ধ থাকবে, সে সম্বন্ধে কি করছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

পাঁচ ছয়টি রাস্তার কাজ শেষ হয়েছে অন্যগুলিরও কাজ চলছে।

Shri Narayan Chobey:

কতদিনে শেষ করার পরিকল্পনা আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো বলেছি কাজ চলছে; প্রতি বৎসর কিছু কিছু কাজ এগিয়ে যাচ্ছে।

Shri Narayan Chobey:

রাস্তার কাজ শেষ করার কোন টারগেট ডেট আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো জানিয়েছি ১নং হইতে ৪নং রাস্তার কাজ আরম্ভ হয় নি, অন্যগুলির কাজ চলছে, দ্বিতীয় পরিকল্পনার শেষে বছরে শেষ হতে পারে।

Shri Narayan Chobey:

এই রাস্তাগুলির কাজ ড্রপড হবার আশঙ্কা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কাজ হবে না এই কথা তো বলছি না, আগামী বৎসর কয়টা রাস্তার কাজ আরম্ভ হবার সম্ভাবনা আছে।

Shri Ajit Kumar Ganguli:

আপনি বলেছেন ১নং থেকে ৪নং রাস্তার কাজ টাকার অভাবে আরম্ভ করা যায় নি, এজন্য যে টাকা অ্যালটেড ছিল তা কি অন্য খাতে নেওয়া হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই রাস্তা সম্পর্কে কোন টাকারই অ্যালটমেন্ট ছিল না।

Shri Ajit Kumar Ganguli:

এই টাকা কি স্টেট গভর্নমেন্ট না কেন্দ্রীয় সরকার দিয়েছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

স্টেট গভর্নমেন্ট এবং সেন্ট্রাল গভর্নমেন্ট উভয়েই দিয়েছেন।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

দ্বিতীয় পরিকল্পনায় যে রাস্তাগুলি এখনো বাকি আছে কত দিনের মধ্যে সেগুলি শেষ হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সব রাস্তা শেষ হবে না, তৃতীয় পরিকল্পনায় যাবে।

Shri Ramanuj Haldar:

সব রাস্তায় কি মাইল প্রতি সমান অর্থমঞ্জুর করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Dr. Kanailal Bhattacharjee:

যে যে রাস্তাগুলি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ধরা ছিল, সেগুলির টাকা খরচ করা সম্ভব হয় নি; আমার প্রশ্ন হল, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে ধরা হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা দ্বিতীয় পরিকল্পনার শেষ বছরে কি পরিমাণ অর্থ পাওয়া যাবে, তার উপর নির্ভর করে।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

যে রাস্তাগুলি বাকি থাকবে, সেগুলি টপ প্রায়রিটি পাবে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অগ্রাধিকার পাবে।

Kanpur-Bahutali Road in Murshidabad district

***34.** (Admitted question No. *1538.) **Shri Lutfal Hoque:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, জঙ্গিপুর মহকুমায় মুর্শিদাবাদ-বীরভূম সীমান্ত অঞ্চল বহুতালী প্রভৃতি গ্রাম হইতে মহকুমা শহরে আসিবার জন্য কানপুর-বহুতালী রোড নামে একটি জেলাবোর্ডের রাস্তা আছে, তাহা বৎসরের মধ্যে বর্ষার প্রারম্ভ হইতে প্রায় আট মাস অচল থাকে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ রাস্তাটি দ্বিতীয় পরিকল্পনায় গ্রহণ করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) বর্ষাকালে এই রাস্তায় যাতায়াতের অসুবিধা থাকে।

(খ) না।

[3-20—3-30 p.m.]

Sj. Shyamapada Bhattacharjee:

এই রাস্তাটি তৃতীয় পরিকল্পনায় নেওয়ার কোন সম্ভাবনা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সেটা ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএর উপর নির্ভর করছে।

Sj. Shyamapada Bhattacharjee:

ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল থেকে রেকমেন্ড হয়ে এলে নেওয়ার কোন সম্ভাবনা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএর প্রায়রিটিএর উপর নির্ভর করে।

Construction of Gopiballavpur-Fekoghat and Gopiballavpur-Nayagram Roads, Midnapore

***35.** (Admitted question No. *1974.) **Shri Jagatpati Hansda:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় ফেকোঘাট হইতে গোপীবল্লভপুর ও গোপীবল্লভপুর হইতে নয়াগ্রাম রাস্তাদুইটির কার্য কতদূর হইয়াছে;

(খ) উহা সম্পূর্ণ করিতে কত ব্যয় ও সময় লাগিবে; এবং

(গ) ঐ দুই থানায় আরও কোন রাস্তা করিবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) (১) গোপীবল্লভপুর-ফেকোঘাট রাস্তার (মোট দৈর্ঘ্য ৮ মাইল) ৫½ মাইলে earthwork এবং ৪ মাইলে Soling consolidation হইয়াছে।

(২) গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তার (মোট দৈর্ঘ্য ২৫ মাইল) ২৩½ মাইলে earthwork এবং ১৩ মাইলে Soling consolidation হইয়াছে।

(খ) (১) গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তা—আনুমানিক ব্যয় ২৬,১৫,৩৫০ টাকা।

(২) গোপীবল্লভপুর-ফেকোঘাট রাস্তা—আনুমানিক ব্যয় ৭,৬৬,০০০ টাকা।

রাস্তা-দুইটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে সম্পন্ন হইবার সম্ভাবনা আছে।

(গ) না।

Sj. Narayan Chobey:

আপনার ৩৩নং প্রশ্নের উত্তরে ৫ নম্বরে দেখিয়েছেন যে ২৪ লক্ষ টাকা খরচ হবে, আর এখানে দিচ্ছেন ২৬ লক্ষ ১৫ হাজার ৩৫০ টাকা, এই ডিফারেন্সটা কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ছয় সাত বছর আগে যখন এই রাস্তার পরিকল্পনা করা হয়েছিল, তখনকার চেয়ে এখন মালমশলার দাম বেড়ে গেছে।

Sj. Narayan Chobey:

এই রাস্তার জন্য দর বাড়ল, কিন্তু গোপীবল্লভপুর ফেকোঘাট রাস্তার জন্য দর বাড়ল কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি এখন বলতে পারব না, আবার প্রশ্ন করলে ডিটেল ইনফরমেশান দেব।

Bankura-Burdwan Road

***36.** (Admitted question No. *184.) **Shri Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার সহিত বাঁকুড়া জেলার যোগাযোগের রাস্তা, Indus-Khandaghose-Arambagh Road-এর ortion টুকুর সংস্কারের কাজ এ-বৎসর বন্ধ রাখা হইয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) কবে Burdwan -এর portion -টুকু সংস্কার করা হইবে; এবং

(ঘ) New Bankura Road via Metedanga-Rasulpur-Bankura রাস্তাটি এই বৎসর সংস্কার করা হইবে কিনা?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) বর্তমানে বন্ধ আছে।

(খ) রাস্তাটি কোথা দিয়া যাইবে এখনও নির্ধারিত হয় নাই।

(গ) এবং (ঘ) New Bankura Road -এর বাঁকুড়া হইতে রসুলপুর পর্যন্ত রাস্তা পাকা করা হইয়াছে। রসুলপুরের পরে বর্ধমান জেলার অংশটি কোথা দিয়া যাইবে ঠিক হইলে সংস্কার আরম্ভ হইবে।

Sj. Pramatha Nath Dhibar:

সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ সরগাই-বেরুগ্রাম রাস্তাটি ধরা হয়েছিল বলে শুনেছিলাম, কিন্তু এখন পর্যন্ত তা ধরছেন না কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি পূর্বেই একটা প্রশ্নোত্তরে জানিয়েছি যে দামোদরের বন্যার জলে সেটা ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা আছে বলে এখনও হয় নি। কিন্তু খন্ডকোষ থেকে কাটগোলা পর্যন্ত যে রাস্তা আছে, সেই রাস্তা থেকে একটা নূতন অ্যালাইনমেন্ট করা হবে।

Sj. Ramanuj Haldar:

আপনি 'ক'তে বলেছেন যে বর্তমানে বন্ধ আছে, কিন্তু আমার জিজ্ঞাসা যে এটা কি কাজ আরম্ভ করে বন্ধ হয়েছে না আরম্ভই হয় নি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কাজ আরম্ভ হয় নি।

Sj. Ramanuj Haldar:

আপনি 'খ'তে বলেছেন যে রাস্তাটি কোথা দিয়া যাইবে এখনও নির্দ্ধারিত হয় নি, রাস্ত আরম্ভ করবার পূর্বে কোথা দিয়ে যাবে সেটা নির্দ্ধারিত করা হয় কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নিশ্চয়ই।

Construction of culverts and bridges in Calcutta-Siliguri Road in Maldi district

***37.** (Admitted question No. *2249.) **Shri Basanta Lal Chatterjee** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state -

কলিকাতা হইতে শিলিগুড়ি রাস্তার মালদহ জেলার গাজোল হইতে রায়গঞ্জ অংশটির উপরের ব্রীজের কাজ অবিলম্বে আরম্ভ করিয়া রাস্তাটিকে চালু করার পরিকল্পনা সরকার করিয়াছেন কি?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

রাস্তাটির আবশ্যকীয় কালভার্টগুলি তৈয়ারী হইয়া গিয়াছে। ছোট সেতুগুলির "প্রাক্কলন ভারত সরকারের দপ্তর হইতে মঞ্জুর হইয়া আসিলে কার্য আরম্ভ হইবে। বড় সেতুগুলি সম্বন্ধে ভারত সরকারের সহিত আলোচনা চলিতেছে।

Sj. Basanta Lal Chatterjee:

এটা ১৯৫৯-৬০ সালের মধ্যে হওয়ার সম্ভাবনা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা ভারত সরকারের উপর নির্ভর করে।

Sj. Basanta Lal Chatterjee:

এই রাস্তাটা কমপ্লিট করবার জন্য কোন ডেট টারগেট করা হয়েছিল কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Sj. Basanta Lal Chatterjee:

পিচ দেবার জন্য কোন অর্ডার দেওয়া হয়েছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নোটিশ দিলে বলতে পারব।

Mr. Deputy Speaker: Questions *38, *39, *40 and *41 are held over as the Hon'ble Minister is not present.

UNSTARRED QUESTIONS
(answers to whicd were laid on tre table)

"Badsahi Sarak," Raina, district Burdwan

11. (Admitted question No. 1391.) **Shri Gobardhan Pakray:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার রায়না থানার অন্তর্গত "বাদশাহী সড়ক" নামে রাস্তাটি প্রয়োজনীয় সরকারী মঞ্জুরী লাভ করিয়াছিল এবং অদ্যাবধি কাজ আরম্ভ হয় নাই; এবং

(খ) সত্য হইলে, রাস্তা তৈয়ারীর কাজ শুরু করা না হইয়া থাকিলে, কতদিন নাগাদ কাজ চালু হইবে?

The Minister for Works and Buildings (The Hon'ble Knagendra Nath Das Gupta):

(ক) রায়না থানার অন্তর্গত "বাদশাহী সড়ক" নামে রাস্তাটির পহলনপুর হইতে আহরবেলমা হইয়া সাগ্রাই-রায়না রাস্তার সংযোগস্থল পর্যন্ত অংশটি সরকারী মঞ্জুরী লাভ করিয়াছে।

(খ) প্রয়োজনীয় জমি দখলের ব্যবস্থা করা হইতেছে। জমি দখলের পর কাজ আরম্ভ হইবে।

Sadullapur-Panchanandapur Road, district Malda

12. (Admitted question No. 1948.) **Shri Monoranjan Misra:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) মালদহ জেলার সাদুল্লাপুর-পঞ্চানন্দপুর রাস্তাটির উপর মালদহ জেলার প্রধান-প্রধান শিল্পাঞ্চল, ব্যবসাকেন্দ্র, বিভিন্ন-প্রকার সরকারী অফিস ও আদালত, হাই স্কুল, ডিস্ট্রিক্ট বোর্ড, বাংলো প্রভৃতি অবস্থিত, এবং

(২) ঐ রাস্তাটি সংস্কারের অভাবে যাতায়াতের অযোগ্য হইয়াছে এবং জনসাধারণের যাতায়াতের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ রাস্তাটি সরকার পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করিয়াছেন কিনা,

(২) গ্রহণ করিয়া থাকিলে, ঐ রাস্তাটির সংস্কার এবং পকা করার কাজ কবে শুরু হইবে, এবং

(৩) গ্রহণ না করিয়া থাকিলে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাস্তাটি গ্রহণ করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) হ্যাঁ।

(খ) (১) না।

(২) প্রশ্ন উঠে না।

(৩) আর্থিক কারণে বর্তমানে রাস্তাটি পরিকল্পনায় গ্রহণ করা সম্ভব নহে।

Sombarahat-Lava-Algora Road in Kalimpong subdivision

13. (Admitted question No. 2026.) **Shri Bhadra Bahadur Hamal:** Vill the Hon'ble Minister in charge of the Development (Roads) Depart-aent be pleased to state—

(ক) দার্জিলিং জেলার কালিম্পং মহকুমার অন্তর্গত "সোম্বারে" হাট হইতে "লাভা" হইয়া "অলগোড়া" পর্যন্ত যাতায়াতের যে রাস্তা আছে, তাহাকে যানবাহন চলাচলের রাস্তাতে পরিণত করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, উহা কবে কার্যকরী হইবে?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Bhadra Bahadur Hamal:

আপনি এখানে বলেছেন যে পরিকল্পনা নেই রাস্তার দরকার নেই বলে কি এটা বলেছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

রাস্তার দরকার নেই বলে না বলি নি। আমরা একটা রাস্তা করেছি সোমবারে থেকে লাভা পর্যন্ত।

Sj. Bhadra Bahadur Hamal:

লাভা থেকে আলগোড়া পর্যন্ত আজও কোন রাস্তা না থাকার জন্য এখানে জনগণের কষ্ট হচ্ছে এবং জলপাইগুড়ি দিয়ে ঘুরে আসতে হচ্ছে এটা কি আপনি জানেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অর্থাভাবের জন্য আমরা এই রাস্তা নিতে পারি নি।

Adjournment motion.

Sj. Deben Sen:

স্যার, আপনি এ্যাডজর্নমেন্ট মোসানে কনসেন্ট দেন নি, তবু আমি পড়ছি—

"That the business of the House do now adjourn for the purpose of discussing a definite matter of urgent public importance and of recent occurrence, viz., the death of 22 persons and injuries to 200 persons caused by an explosion yesterday in a godown at Jamuria Bazar, Asansol, containing high power dynamites meant for blasting in the collieries".

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটাকে ঠিক অ্যাকসিডেন্ট বলে ধরে নিচ্ছি না। বাজারের উপরে এরকম একটা গোডাউন সেখানে হাই পাওয়ার ডিনামাইট রাখা হয়েছে এবং তার পাশে আবার একটা দোকান যেখানে ওয়েলডিংএর কাজ হচ্ছে, সেখান থেকে নাকি আগুন লেগেছে। এটা এনকোয়ারী হওয়া উচিত, যে কেন লাইসেন্স দেওয়া হোল। অর্থাৎ হাটে যেখানে হাজার হাজার লোক আসে সেখানে কেন এই লাইসেন্স দেওয়া হোল এবং কে এর জন্য দায়ী সে সম্বন্ধে একটা এনকোয়ারী হওয়া উচিত।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I want to make a statement on the subject.

Yesterday at about 16.30 hours a very big flame was noticed coming out through the closed doors of the godown of one Sarju Prasad Shaw of Jamuria Bazar. This was instanteneously followed by a big volume of

smoke and sound like that of the falling of a building. Flames went across the road in front of the godown and also entered into a cloth shop opposite to the godown in the bazar area. This resulted in some of the leaves of the doors of the godown being violently thrown out on the road. Consequently, people on the road and in nearby shops as well as some passengers of a bus passing in front of the godown received severe injuries both by burns and by pieces of the door leaves. There was a big crowd on the road as it was a hat day. On receipt of the information the O.C., Jamuria Police Station, along with officers and constables rushed to the spot after intimating the Fire Brigade, the Ambulance and Hospital, and arrived at the place within 15 minutes. The injured persons were despatched to the Asansol Hospital with the assistance of the local people and the local M.L.A. Five Fire Brigade and Ambulance also arrived to help in putting down the fire. So far 87 persons including 12 females have been admitted to different hospitals of Asansol of whom 22 persons including 2 females have so far died. Condition of some of those admitted to hospital is precarious. The godown where the explosion took place was found to have been badly damaged with big cracks on the wall and the roof. A tailoring shop and a sweetmeat shop have also been partially damaged.

[3-30—3-40 p.m.]

At the backsite of the godown 16 bags of powder-like substance looking like salt peter were found intact. No inmates were found inside the house. Sorju Prasad Shaw was not to be found. He was reported to be a licenced dealer of colliery explosives having his magazine at a place half a mile away from the spot. The place of occurrence has been cordoned off and the situation is peaceful. The Explosive Inspector has been informed.

I may mention to my friend Shri Deben Sen that the explosive is a Central subject. An enquiry is being made by the Central organisation but our people are there just to look after. The enquiry will be made by them but I have written to the Government of India.

Sj. Deben Sen:

লাইসেন্স কি সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

হ্যাঁ।

Sj. Deben Sen:

এস, ডি, ওর কাছ থেকে কি কোন পারমিসান নেওয়া হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এই এক্সপ্লোসিভএর ব্যাপারটা কতখানি দিয়েছে, সেখানে রাখার পারমিসান ছিল কিনা—সেগুলি ও'রা বলতে পারেন।

Sj. Deben Sen:

বেঙ্গল গভর্নমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টকে এ সম্বন্ধে বিশেষভাবে এনকোয়ারী করার জন্য অনুরোধ করবেন কি? কারণ বেঙ্গলের লোকই মারা গিয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্টের লোক মারা যায় নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

All right.

GOVERNMENT BILL

The Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce that the Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959.

[Secretary then read the title of the Bill.]

Shri Basanta Kumar Panda: Sir, at this stage I beg to raise a point of order. My point of order is this, that this Bill cannot be introduced here and this legislature has got no legal competence or constitutional competence to pass this Act. My reason is that we are amending an existant Central Act. The Central Act is Road Transport Act of 1950 and thereafter once amended by the Centre by Act 87 of 1956. As a result of reorganisation of several States in India there was necessity of introducing one section, i.e., section 47A at the end of the Act.

My constitutional position is this. I draw the attention of the Hon'ble Chief Minister to Seventh Schedule, List I, Articles 43 and 44. Article 43 says—Incorporation, regulation and winding up of trading corporations, including banking, insurance and financial corporations but not including co-operative societies. This is the exclusive jurisdiction of the Central Legislature. After the States were reorganised the Central Legislature passed an Act in order to bring in line with the reorganised States. Article 44 says—Incorporation, regulation and winding up of corporations, whether trading or not, with objects not confined to one State, but not including universities, i.e., with regard to inter-State communications. Our power is List II, Article 32. Article 32 says—Incorporation, regulation and winding up of corporations, other than those specified in List I, and universities. Now, we can legislate on subjects other than those which are either in Article 43 or Article 44. In this connection I draw the attention of the Hon'ble Chief Minister to Article 246 of the Constitution. Article 246(1) says about List I—exclusive power of the Centre. Then sub-article (2) says about exclusive concurrent power; sub-article (3) says about the power of the State. Then there is a clarifying clause, that is, Article 246(4) which says—Parliament has power to make laws with respect to any matter for any part of the territory of India not included in a State notwithstanding that such matter is a matter enumerated in the State List. So under sub-article (4) of Article 246 the Centre has got powers to make laws irrespective of the fact that it is included in the State List. The Centre had entered into this sphere of legislation at once and they made an Act. Thereafter they have amended the Act. It is late in the day on our part to enter into the field and to legislate under item 13 in List II. This is with regard to the competence of this Legislature.

Then with regard to another point I want to draw your attention to this effect. It is this: In the original Act which we are going to amend there are certain sections—sections 5, 10, 23—where there are powers both of the State Legislature and of the Central Legislature to divide the assets, to send representatives and to control the Corporations. These are the three sections in the original Act—sections 5, 10 and 23—where both the Central Government and the State Government have concurrent powers. Now we ourselves alone are entering into this field of legislation and we simply say in the opening section that as far as it is applicable to West Bengal. Any Corporation which is set up will come within the purview of section 5, sub-section (3), section 10, sub-section (17) and section 23. Where there is dual control, if we alone make an Act, will the Central Government be bound by virtue of the provisions of sections 5, 10, 17 and 23? Therefore, I say that we have at this stage no legal competence to introduce or to pass such an Act.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, we find that Article 13 of the State List gives us power to discuss about communications, such as roads, bridges, ferries, etc., etc., municipal tramways, etc., vehicles other than mechanically propelled, etc. I am informed by my Law Department Officer to whom this question was placed that the State Legislature is quite competent to put this amendment before the House. Sir, the position is that really speaking we need not have come to the Legislature at all, as under the Road Transport Corporation Act, 1950, any State by notification can introduce the Act in the State. The only difference is this that in the Act itself as passed by the Central Legislature there was no provision for a State Government which is already running a transport business to transfer it over to the State Transport Corporation. Therefore, it was necessary to amend the Act of the Central Government for the purpose of enabling the present Transport Department of the Government to be handed over to the Corporation. If passed by the House this Act of course will have to go to the Governor and to the President under Article 200 read with Article 254(2) of the Constitution for their assent, but it has been found necessary according to the direction of the Government of India that we should not in future carry on the organisation as the Government concern, but either put the concern in the hands of a company or under the Road Transport Corporation.

[3-40—3-50 p.m.]

We prefer this latter. Sir, I maintain that we have every right to bring in this amendment. We brought in amendments to the sections of Criminal Procedure Code so far as they affect the State. We are entitled to bring this Bill before the House.

Shri Basanta Kumar Panda: Sir, the Hon'ble the Chief Minister has drawn our attention to Article 13 of the State List—'Communications, that is to say, roads, bridges, ferries and other means of communication'. Sir, are they making roads, bridges, etc.? They are trying to bring about a Corporation for the purpose of controlling some vehicles or a group of vehicles which are already plying.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Read further 'municipal tramways, vehicles other than mechanically propelled vehicles, etc.'

Mr. Deputy Speaker: It should be 32 and not 13.

Shri Basanta Kumar Panda: Yes, I have read that. It says 'Communications, that is to say, roads, bridges, ferries, and other means of communication not specified in list I ..' then comes 'municipal tramways ropeways, nland waterways and traffic thereon subject to the provisions of List I and List III with regard to such waterways; vehicles other than mechanically propelled vehicles.' There is no mention of motor cars.

Mr. Deputy Speaker: Please refer to Article 251.

Shri Basanta Kumar Panda: That is with regard to inconsistency between laws made. It says "Nothing in articles 249 and 250 shall restrict the power of the Legislature of a State to make any law which under this Constitution it has power to make......" But I have mentioned Article 246(4) which is not controlled by Article 251. Article 249 gives power with respect to matters in the State List—in the national interest, i.e., when there is great danger to national interest, when there is war or internal commotion. Then only this extraordinary power is given to enter into the field of State List. Article 250 says—"Power of Parliament to legislate with respect to any matter in the State List if a Proclamation of Emergency is in operation". Article 251 comes as a saviour but with regard to Article 246 there is no

question of inconsistency. The thing is the Central Legislature has passed this Act and has amended it also. In this legislature we are going into that and trying to amend it by the introduction of a single section. I say we cannot at this stage do that under Article 43 which is the exclusive power of the Centre and rule 32 in State List II is the exclusive power of the State subject to the Central Legislature's power. Here the Central Government have asked the State Government to be a participant to do certain things under that Act.

Now, we are legislating without reference to them. They can pass an Act without reference to us, but we are legislating with regard to certain things when they are not present or where we have not got their consent or sanction.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the Law Department definitely states that it will be within the competence of the State legislature to pass this legislation.

Shri Jyoti Basu:

না, না, একথা বললে তো হবে না। উনি একটা পয়েন্ট তুলেছেন, একটা আর্টিকেল দেখিয়েছেন। যে আর্টিকেলএর কথা আপনি নেবেন সেটা পড়ে উনি তো কিছুই বুঝলেন না—আদার দ্যান মেকানিকেল মানে উনি বলছেন, হাতে ঠেলা গাড়ী, গরুর গাড়ী। তার উত্তরটা তো ঠিকমত দিলেন না। যা খুসী তাই করলে তো চলবে না, এটা ভাল করে দেখা দরকার। তাই বলছি এর আলোচনা আজ বন্ধ করে দিন। ভাল করে দেখে শুনে আপনি রুলিং দেবেন।

Mr. Deputy Speaker: The State Legislature is competent to legislate on this matter. I will give my written ruling tomorrow.

Shri Jyoti Basu:

কি করে পারে বলুন, কোন্ আর্টিকেলের বলে?

Mr. Deputy Speaker: State List 32. I hold that it is in order and I will give my written ruling tomorrow or the day after.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959, be taken into consideration.

It appears from a number of amendments that have been put forward with regard to this Bill that probably there is something which the honourable members have not practically followed. To send this Bill for eliciting public opinion would make no sense because this Bill does not touch the fundamentals of the Act which is now in force in the whole of India. As I tried to explain before, this Bill does not introduce anything new as regards the management of Road Transport Corporation which is governed by the Act. This Corporation Act was passed because it had been increasingly felt both at the Centre and in the States that in commercial undertakings governmental procedure is not very satisfactory always and a different form of administration is necessary in order that speedy decisions might be taken and that the management of such bodies might be carried on business lines. This Act which was passed by Parliament in 1950 also provided that at any stage a Corporation such as envisaged in the Act itself may be set up simply by notification. But you will find that the amendment of the Corporation Act provided that the Corporation shall be audited annually by the Comptroller and Auditor-General of India or his nominee and they shall have the same right, privilege and authority in connection with such audit as the Comptroller and Auditor-General has in connection with the audit of the Government accounts. The Corporation accounts, as certified by the Auditor-General of India or any person appointed by him on his behalf, together

with the Audit Report thereon, shall be forwarded annually to the Stat Government and that Government shall cause the same to be placed before the legislature of the State. There is another important thing which they have introduced in the Act itself, viz., that the State Government shall cause the Annual Report, mentioned in sub-section (2) of section 35 to be placed before the legislature of the State.

[3-50—4 p.m.]

Further amendments had been made that every notification issued under section 37(2) together with the report on the circumstances leading to the issue of such notification shall be laid before the Legislature of the State after it is issued. Therefore, this Corporation Act, as amended by the Central Government, is one in which the Legislature would have some say at certain stages. As we have mentioned in the Statement of Objects and Reasons the present Bill introduces certain consequential amendments on the basis of existing amendments to provide for the transfer of assets, protection of the rights of the existing employees and transfer the Corporation's rights and liabilities under existing contracts or under pending suits or litigation as may arise in future. The Bill does not introduce anything new so far as the administration of Road Transport Corporation is concerned. If a Corporation such as we visualise is established, then we might even go up to Central Government to provide for a part of the capital. It will be dealing with the Cooch Behar Section of the Transport Organization. The Government of India in the Railway Department has already agreed to contribute Rs. 15 lakhs as its share in the capital. You will realise that a similar provision has been made in the Electricity Act which is also a Central Act and this Legislature agreed for the transfer of assets and liabilities from the Government to the Electricity Board and the management of the electricity concerned is handed over from a department of the Government to an autonomous body under the Electricity Act. The Transport Act is almost similar to the provisions of the Electricity Act. Therefore, I think it is perfectly correct for us to come up to the Legislature in order to get this alteration made so that the Corporation might be acting under the provision of the Central Corporation Act.

With these words, Sir, I move the main motion for the consideration of the House.

Shri Panchanan Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1960. Sir, I have listened to the remarks made by the Chief Minister of the State. Unfortunately, while going through the report of the Commission of Enquiry, Calcutta Bus Tram Fares Structure in terms of decimal coinage—a report of the previous year, i.e., the year 1958—I found certain very unkind remark levelled against the Government, i.e., the management of the State Transport. Personally speaking, I went to the Belghoria garage once and found that the working there is efficient but there is some difficulty of congenital nature in the whole show. That is why neither the Director nor his associates can do anything in the matter. First of all, according to the Central directive which has been manifested as Central Act, this account should be audited annually. The report of the Commission of Enquiry also states that definite arrangements should be made to have the annual accounts of State Transport audited by the Accountant-General within nine months of the close of the financial year to which they relate. Unfortunately, the Government does not show the willingness to have the accounts audited at a time when it will be proper for the Legislature to discuss the implications of these accounts and suggest means for improvement. Of course the Constitutional points have been discussed by my learned friend Mr. Panda. But there will be another difficulty. Perhaps

the Central Government advance something like 72 or 75 lakhs from the Refugee Rehabilitation Department for investment in the State Transport organisation. What are the terms and conditions of that advance I do not know. But if the money is there, sometimes somehow the Central Government may demand interest and sometimes somehow the Central Government may demand that in the working and the transfer of the Corporation, the Central Government must have some say. That is the second difficulty. The third difficulty is of a more peculiar nature. The said Commission of Enquiry pointed it out meticulously with the help of facts and figures that the municipalised transport system in Bombay and the transport organization in the U.P. pay interest to the Government. Why the State Transport organization in West Bengal do not utter the name of paying interest to the Government for the public money invested in it? So, if there be any question of paying interest in future, whether it is by the North Bengal Corporation or the other Corporation, the question of what amount of interest will have to be paid will arise and unfortunately the framers of the proposed Bill have forgotten to make any provision for interest. Provisions for suits or other legal proceedings, debts, licences for motor vehicles, etc., are to be found in the proposed amendment but there is no mention of interest and if somebody demands interest, the result will be that the Cooch Behar or the North Bengal Corporation will say 'why should we pay interest on the whole amount of 40 per cent. or 45 per cent.', and I am afraid the whole matter will have to be sent to the Supreme Court for decision. That is the third difficulty for which we want an assessment of public opinion in the matter because public money is involved there. It is the rate-payers' money which the Government has paid to the State Transport organisation.

The fourth point is whether the Government has got an idea to take any motor vehicles tax from these big-bodied and heavy buses. This handicap is there. They will create havoc on the municipal roads and district roads and there is no provision and I am afraid the premonition is Government will not in any conceivable time in future be able, or has not got the idea, to extract any form of taxation on the lines of motor vehicles tax.

The next point is that the said report of the Commission of Enquiry suggests that income tax should be paid by the State Transport organisation. You have made no provision for paying income tax in the proposed amendment and if that question be raised in future, I am afraid neither this Legislature nor the Central Legislature will be able to say that on account of past business and past transactions and past balance sheets the new Corporations will have the liability to pay income tax to the Central exchequer.

The next point is of a more serious nature. In the Statement of Objects and Reasons there is a sentence part of which reads like this—"protection of the existing rights of persons employed in connection with", etc. The Hon'ble Chief Minister will be able to find out from his Law Department that only one case of continuity of service under new management was referred to the Supreme Court and that case has not been decided. The Supreme Court just avoided to give any final award in the matter. If the employer changes, there is no guarantee that continuity of service will be there. Conditions and continuity of service do not envisage the same state of affairs.

[4—4-10 p.m.]

So, the Government should have in all fairness stated here that continuity of service will be accorded to the workers concerned. In two High Courts the

decision given is in favour of the workmen but at least in three Tribunal cases the decision has been given against the workmen. So this point should have been at least included in the proposed amendment where they say, in clause (f), "persons employed by the State Government in connection with the State undertaking and continue in force immediately before the establishment of the Corporation, shall be employed by the Corporation on such terms and conditions". Unfortunately there was no term. All these gentlemen were employed as temporary hands. So, if the question of gratuity and provident fund come who will pay the past arrears? Who will be the successor in connection with retirement benefit? Who will be responsible for payment of other dues if any? These points have got to be clarified. That is why my motion is for circulation.

Shri Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th of April, 1960.

Shri Rabindra Nath Mukhopadhyay:

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমার মোশানটা সারকুলেশানে দেবার জন্য আমি অনুরোধ জানিয়েছি। এখন প্রশ্ন হচ্ছে এর উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়েছে তাতে বোঝা গেল একটা অটোনোমাস কর্পোরেশান করা হচ্ছে। এটাই বর্তমানে সরকারের পলিসি, এই পলিসি কার্যকরী করার জন্য অ্যাসেটস অ্যান্ড লয়াবিলিটিজ এই কর্পোরেশানএর হাতে কিভাবে দেওয়া হবে, এবং বর্তমানে শ্রমিক এবং কর্মচারীদের যে সারভিস কনডিশান ইত্যাদি আছে, সে সম্পর্কে মাত্র কয়েকটা মন্তব্য ছাড়া এই অ্যাক্টএর মধ্যে দিয়ে আমরা এখন কিছুই দেখতে পেলাম না, এবং সাধারণভাবে যাত্রীদের এর দ্বারা কি সুবিধা হবে, তাদের ইনটারেস্ট কিভাবে রক্ষিত হবে, এসব কথা পরিষ্কারভাবে বোঝা গেল না। এর দ্বারা এডমিনিস্ট্রেটিভ কি সুবিধা হবে, জনসাধারণের কি সুবিধা হবে, জনসাধারণের এ সম্পর্কে ভবিষ্যতে এর কার্যকারীতার সম্বন্ধে তাদের বক্তব্য রাখবার অধিকার থাকবে কিনা এবং থাকলে কিভাবে রাখা হবে, এই প্রশ্নগুলির জবাব এই আইনের আওতার মধ্যে রাখা হয় নি। একটা অটোনোমাস কর্পোরেশান গঠিত হবার পর যাত্রীসাধারণ, বিশেষভাবে কলকাতার অধিবাসীবৃন্দ যারা এই আইনের আওতার মধ্যে আসছেন, যারা এই রোড ট্রান্সপোর্ট ব্যবহার করবেন, তাঁদের সামনে একটা প্রশ্ন উত্থাপিত হবে এবং তাঁরা এই কথাই জিজ্ঞাসা করবেন, এই যে আইন পাস হতে যাচ্ছে, এই আইনের দ্বারা তাঁদের বাস চলাচলের বিড়ম্বনা লাঘব হবার কোন পরিচয় সূচিত হচ্ছে কিনা এবং সেরকম কোন পরিবর্তন আনবার কোন চেষ্টা এই আইনের মধ্যে আছে কিনা। কিন্তু দুঃখের বিষয়, সেই রকম কোন লক্ষণ বা ঘোষণা আমরা এর মধ্যে পাচ্ছি না। দ্বিতীয় প্রশ্ন হল, এতদিন পর্যন্ত অন্ততঃ বৎসরে এক আধবার অ্যাসেমব্লিতে এ সম্পর্কে আলোচনা করার সুযোগ পাওয়া যেত, এখন এই পপুলার কন্ট্রোল আর কোন দিক থেকে থাকছে কিনা, এটা পরিষ্কার জানা যায় নি এবং যতটুকু আমি জানি তাতে আমি একথা বলতে পারি যে, যে যে ইন্টারেষ্টএর কয়েক জনকে নিয়ে এই কর্পোরেশান গঠিত হতে যাচ্ছে, তাতে লেজিসলেটিভ অ্যাসেম্বলিতে আমরা যাঁরা জনসাধারণের প্রতিনিধি রয়েছি, তাঁদের এই কর্পোরেশানএর কার্যে হস্তক্ষেপ করার কোন অধিকার থাকছে না। তৃতীয় প্রশ্ন হল, শ্রমিক এবং কর্মচারী যাঁরা আসল লেবার এবং যাঁদের কর্মদক্ষতার উপরই এই সমস্ত অর্গেনাইজেশানএর প্রধানত নির্ভর করতে হয়, তাঁদের মনে প্রথম যখন স্টেট বাস ইন্ট্রোডিউসড হয়, তখন একটা এক্সপেকটেশান সৃষ্টি হয়েছিল। স্টেট বাস এবং সার্ভিস এই প্রসঙ্গে একটা কথা তালুকদার মহাশয় সব সময়েই উল্লেখ করে থাকেন যে, স্টেট বাসএ ট্রাভেল অনেক কমফোরটেবল। কলকাতার অধিবাসীও হয়তো বলবেন যে,

to some extent it is comfortable than previously.

কিন্তু যেটা মূল প্রশ্ন সেটা হচ্ছে বাসে সিটের সংখ্যাল্পতা, সেটা হচ্ছে বাসে স্থান সংকুলানের প্রশ্ন। জীবন বিপন্ন না করে এবং চোর পকেটমারের হাতে জিনিসপত্র না খুইয়ে কোন প্রকারে বাসে যাতায়াত করাই হচ্ছে কলকাতার যাত্রীসাধারণের কাম্য, এর বেশি তাঁরা আশা করেন না, বসে যাবার কথা কল্পনা করেন না, এর বেশি চাইতে কলকাতার লোক ভুলে গিয়েছে। এই তো হচ্ছে আমাদের স্টেট বাস সার্ভিস-এর অবস্থা। এখন প্রশ্ন হচ্ছে, একটা কর্পোরেশানএ গেলে

কি এই অবস্থার প্রতিকার হবে? গাড়ী কি বাড়বে? এই কিছুদিন আগেও এই নিয়ে অনেক হৈচৈ হয়েছে। রিসেন্টলি ৩নং রুট নিয়ে নেওয়া হয়েছে এবং অঙ্ক কষে দেখিয়ে দেওয়া হয়েছে যে, প্রাইভেট বাসের চেয়ে সরকারী বাসে সিটের সংখ্যা অনেক বেশি এবং সিটগুলিও অনেক কমফোর্টেবল। এটা হয় তো ঠিক, কিন্তু সার্ভিস এমন দেরীতে চলাচল করে যে আসলে স্পিডি সার্ভিস পাওয়া যায় না; সুতরাং বাসের সংখ্যা বাড়লেও চলাচলের দ্রুততার দিক থেকে কোন প্রকার উন্নতি হয়েছে বলে বলা যায় না। এতে যে সমস্ত অঞ্চলের লোকদের অধিক রাত্রে চলাচল করতে হয়, তাদের ভীষণ অসুবিধা হয়, এক এক সময় এমনও হয় যে, বাসের জন্য আধ ঘণ্টা পর্যন্ত দাঁড়িয়ে থাকতে হয়। এই সমস্ত অসুবিধা কিভাবে দূর করার কথা চিন্তা করা হচ্ছে, তার কোন প্রমাণ এই আইনের মধ্যে দেখতে পাচ্ছি না। পূর্বেই আমি উল্লেখ করেছি যে, স্টেট বাস সার্ভিস যতদিন সরকারী নিয়ন্ত্রণাধীনে ছিল, ততদিন অন্ততঃ বছরে একবার বাজেট অধিবেশনে আলোচনা করা সম্ভব ছিল এই বিভাগের ত্রুটিবিচ্যুতি নিয়ে।

[4-10—4-20 p.m.]

আগে এই ডিপার্টমেন্টের বিভিন্ন গলদ আমাদের কঠিন সমালোচনার সম্মুখীন হয়েছে। এখানে যেটা দেখতে পাচ্ছি, তাতে এর পরেতে আমাদের এই এসেম্বলীর সম্ভবত কোন অধিকার থাকবে না, এর টাকা পয়সা, পরিচালন ব্যবস্থা ইত্যাদি সম্বন্ধে আলোচনা করা। গতবারে যদি ১৭৮০ টাকার স্টেট বাস বিক্রি হয়ে থাকে এবং এখন যদি সেটা ১৭ টাকায় বিক্রি করা হয়, তাহলে সে সম্পর্কে লেজিসলেটারের আলোচনা করার আর কোন সুযোগ থাকছে না। আজ ট্রেড ইউনিয়ন সম্বন্ধে অনেক কথা বলা হয় এবং সরকারের তরফ থেকে ওয়ার্কার্স পারটিসিপেশান ইন দি মেনেজমেন্টএর কথাও আমরা বহু শুনেছি। অথচ সরকারের তরফ থেকে যে বোর্ড বা কর্পোরেশান গঠিত হবে, তার পারভিউ এর মধ্যে প্রধানতঃ যাদের নিয়ে এই সার্ভিস চালু থাকবে তাদের রিপ্রেজেনটেটিভ বা তাদের কোন পার্টিসিপেশান থাকবে কিনা সেসব আমরা কিছুই দেখতে পেলাম না। অর্থাৎ সেসব কিছুই থাকবে না। কিন্তু সাধারণভাবে যখন কোন নেতৃস্থানীয় ব্যক্তি বক্তৃতা করে থাকেন, তখন তিনি বলে থাকেন যে ওয়ার্কার্স পার্টিসিপেশান ইন দি মেনেজমেন্ট হওয়া উচিত।

স্যার, শেষের দিকে আমার বক্তব্য হচ্ছে যে শ্রমিকদের অধিকারের ক্ষেত্র এর পরে আরও সংকুচিত হয়ে যাবার সম্ভাবনা দেখা যাচ্ছে। গতবারে আমরা এই এসেম্বলী ফ্লোরে দাঁড়িয়ে যখন আলোচনা করেছিলাম, তখন বলা হয়েছিল যে শ্রমিক কর্মচারীদের জন্য একটা পার্মানেন্ট ডিপার্টমেন্ট তৈরি হচ্ছে এবং ডাঃ রায় তখন বলেছিলেন যে এ সম্বন্ধে তাঁরা চিন্তা করছেন। সেই সময় আমরা আরও জিজ্ঞাসা করেছিলাম যে, ডিপার্টমেন্ট পার্মানেন্ট হওয়ার অর্থ নিশ্চয় শ্রমিক এবং কর্মচারী যারা এই কাজে নিযুক্ত আছে, তাদের পার্মানেন্সি অফ সার্ভিস হবে, কিন্তু সে প্রশ্নের কোন জবাব আমরা তখন পাই নি। এটা যখন কর্পোরেশানে রূপান্তরিত হবে তখন এই সমস্ত শ্রমিক, কর্মচারী বা অন্যান্য অফিসিয়াল সম্পর্কে এইটুকুন অন্ততঃ বলা উচিত যে আজ তাদের যে অবস্থা আছে তার থেকে খারাপ হবে না। তাদের অবস্থা সম্পর্কে এসেম্বলী ফ্লোরে বহু কথা হয়েছে। তাদের ট্রেড ইউনিয়ন রাইট বলে কোন পদার্থ নেই। সম্প্রতি কয়েক জনের ফিফটিন মিনিটস লেট অ্যাটেনডেন্স হবার জন্য ছাঁটাই হয়েছে। সামান্য ট্রেড ইউনিয়ন রাইট যা অন্যান্য জায়গায় প্রযোজ্য আছে, এখানে সে সম্বন্ধে কিছুই নেই। এই শ্রমিকদের পার্মানেন্সি অফ সার্ভিস বা কন্টিনিউটি অফ সার্ভিস থাকছে কিনা, সে সম্বন্ধে কোন পরিষ্কার জবাব পাওয়া যাচ্ছে না। সেখানে ইতিমধ্যে যারা ৩-৪-৫ বছর চাকরী করে থাকে, তারা যখন রিটায়ার করবে তখন তাদের সেই ৫ বছর সার্ভিসে কাউন্টেড হবে কিনা—এগুলি ইমপরটেন্ট, সে সম্বন্ধে আমরা পরিষ্কার কিছু জানতে চাচ্ছি। অতএব ভবিষ্যতে যাতে এ সম্বন্ধে কোন আলোচনা না হতে পারে, সে ব্যবস্থা আপনারা করুন। সরকারের তরফ থেকে তাঁরা এই অরগানাইজেশান চালাবেন, তাঁদের মধ্যে যে আশঙ্কা সেটা আজকে যুগান্তরের কাগজের পেছনের পাতায় আছে এবং সেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সুতরাং ডাঃ রায়কে আমি জিজ্ঞাসা করছি যে শ্রমিক কর্মচারীদের মনের মধ্যে যে আশঙ্কার ভাব বিরাজ করছে সেটা নিরসন করার কোন ব্যবস্থা অবলম্বন আপনি করেছেন কিনা? স্যার, এই প্রাইভেট এন্টারপ্রাইজএর কাছ থেকে যখন বাস সার্ভিস স্টেট ডিপার্টমেন্টের অধীনে এল তখন থেকে আমরা শুনেছি যে

এটা প্রফিটেবল নয়, ইকনমিক্যাল নয়। যাই হোক, আমরা কেন নূতন কর্পোরেশনানের মধ্যে যাচ্ছি, সে সম্বন্ধে একটা চিত্র বা উদ্দেশ্য আমাদের এই হাউসের সামনে রাখা উচিত। এ কটি কথা বলে আমি ওটাকে সার্কুলেশানে দেবার জন্য প্রস্তাব করছি।

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th April, 1960.

Shri S. A. Farooquie: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1960.

Shri Ajit Kumar Ganguli: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 3rd of March, 1960.

Shri Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th of February, 1960.

Shri Narayan Chowbey: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th of February, 1960.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of January, 1960.

Shri Samar Mukhopadhyay: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th of January, 1960.

Shri Tarapada Dey: Sir I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th of January, 1960.

Shri Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 3rd of January, 1960.

Sj. Jatindra Chandra Chakravarty:

স্যার, আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় এখানে যে বিল নিয়ে এসেছেন, আমি সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। অবশ্য মুখ্যমন্ত্রী আমাদের কথা শুনছেন কিন্তু তার ডেপুটি শ্রীসতীশচন্দ্র সিংহ মহাশয় পেছনে বসে পরম আরামে নিদ্রাসুখ উপভোগ করছেন। যাহা হোক, স্যার, ডাঃ রায় যখন কোন বিল আনেন এবং তার অবজেক্টস অ্যান্ড রিজনসএ যা লেখেন তা দেখে আমাদের মনে একটা সন্দেহ জাগে। আমাদের এখানে স্টেট ট্রানসপোর্ট অনেকদিন ধরেই চলছে কিন্তু আজ হঠাৎ এমন কি প্রয়োজন হোল যার জন্য একে একটা অটোনমাস বডি বা একটা কর্পোরেশানএর হাতে তুলে দিতে হবে। আপনি জানেন যে উত্তর প্রদেশে সেখানকার সরকার অত্যন্ত সুষ্ঠুভাবে তাদের রোডওয়েজ সারভিস চালাচ্ছেন। কিন্তু আজ আমাদের স্টেট ট্রানসপোর্ট যা সরকার পরিচালনা করছিলেন, তাকে একটা কর্পোরেশানএর হাতে তুলে দেবার জন্য যে বিল এনেছেন তাতে আমরা যতদূর শুনছি যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এটাকে ন্যাসনালাইজেশন প্রসেসএ কিছুটা রিটার্ড করে দেওয়া হোক বলে চাপ দেওয়া হচ্ছে। তাদের এই প্রেসারএ পড়ে এবং আমরা স্টেট ট্রানসপোর্ট সংক্রান্ত ব্যাপারে যেসব সমালোচনা করি তার জন্য এখন এঁরা এটাকে একটা অটোনমাস কর্পোরেশান বা বোর্ডের হাতে তুলে দিতে যাচ্ছেন।

Sir, it amounts to retarding the policy of nationalisation.

স্যার, সরকারের হাত থেকে স্টেট ট্রানসপোর্টকে সরিয়ে নিয়ে যে অটোনমাস কর্পোরেশানএর হাতে দেওয়া হচ্ছে তার চেয়ারম্যান হবেন নাকি শ্রী বিড়লা এবং এ-ছাড়াও আমাদের বিধান সভা থেকে যে একজন সদস্য হবেন, তিনি হচ্ছেন শ্রীআনন্দীলাল পোদ্দার। এবং যতদূর শুনছি যে এই আনন্দীলাল পোদ্দারের মত প্রাইভেট অপারেটরস, যাদের লাইনগুলি স্টেট ট্রানসপোর্ট নিয়ে নিয়েছিল, তাদের প্রেসার রয়েছে সরকারের উপর এবং সেই প্রেসারে পড়েই তাদের কায়েমী স্বার্থ রক্ষা করবার জন্য তাদের নিয়ে এই কর্পোরেশান গঠিত হচ্ছে। এ প্রসঙ্গে আমি আর একটি কথা বলব যে ডি, ভি, সি কিংবা স্টেট ইলেকট্রিসিটি বোর্ড প্রভৃতি অটোনমাস কর্পোরেশান-এর বাজেট বরাদ্দ সম্পর্কে বছরে একবার ২-১ ঘণ্টার জন্য সমালোচনা করবার সুযোগ আমাদের

দেওয়া হয় কিন্তু ঠিক তেমনি করে যে কর্পোরেশান গঠিত হবে তার ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশান সম্পর্কে যদিও কিছু বলতে চাচ্ছি না তবে তার এষ্টিমেট, রিপোর্ট বা বাজেট এই তিনটি বিষয় সম্পর্কে সমালোচনা করবার মত কোন সুযোগ আমাদের এই বিধানসভার থাকবে না।

[4-20—4-30 p.m.]

আজকে এই বিলের উদ্দেশ্য সাধু বলে বুঝতে পারতাম, যদি এই বিলের মধ্যে এই রকম কোন একটা বোর্ড, একটা কমিটি গঠিত হত যে কমিটি তার যে ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশান সে সম্পর্কে ইন্টারফিয়ার করবে না কিন্তু তার পরিচালনা করবার কিছুটা সুপারভাইজিং ক্ষমতা থাকবে। তার যে টাকা-পয়সা সংক্রান্ত ব্যাপার তার উপর সমালোচনা করবার, খবরদারি করবার একটা সুযোগ যদি সেই কমিটির হাতে দিয়ে দেওয়া হত, তাহলে আমি কিছুটা বিশ্বাস করতে পারতাম যে এই বিলের সৎ উদ্দেশ্য আছে। স্যার, আপনি জানেন যে পাবলিক এ্যাকাউন্টস কমিটি আছে। এই পাবলিক এ্যাকাউন্টস কমিটির এক্সপেন্ডিচার হয়ে যাবার পর সেই রিপোর্ট নিয়ে আমরা এখানে আলোচনা করি। আসাম, বিহার, উত্তর প্রদেশ এই সমস্ত রাজ্যের যে বিধান সভা আছে, তাদের এস্টিমেটস কমিটি আছে। সেই এস্টিমেটস কমিটিতে তাদের যে সমস্ত টাকা স্যাংসান করার তা নিয়ে আলাপ আলোচনা হয়। কিন্তু দুঃখের বিষয় আজকে আমাদের এখানকার বিধান সভার কোন এস্টিমেটস কমিটি নেই। সেই জন্য আমরা সরকার পক্ষ থেকে যে যে টাকা বরাদ্দ করা হবে, এই রকম অটোনমাস কর্পোরেশানের জন্য তা খরচের আগে তার ইকনমি সম্বন্ধে, তার এফিসিয়েন্সি সম্বন্ধে কোন আলাপ আলোচনা করবার বা সমালোচনা করবার সুযোগ পাব না। সেইজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই যে অটোনমাস কর্পোরেশান করে স্টেট গভর্নমেন্ট এতদিন পর্যন্ত স্টেট ট্রান্সপোর্টকে পরিচালনা করতে গিয়ে যে অপদার্থতার পরিচয় দিয়েছেন, আজকে তাকে চাপা দিয়ে ঐ কর্পোরেশানের হাতে তুলে দেবার মতলব আছে কিনা। যদি তা থাকে তাহলে আজকে নিশ্চয়ই প্রতিবাদ জানান দরকার। তার উদ্দেশ্য সম্পর্কে আমরা কিছুটা বিশ্বাস করতে পারতাম যদি আমরা দেখতাম যে এই রকম একটা কমিটি গঠন করে দিয়েছেন যে কমিটির মধ্যে বিধান সভার উভয় দিকের সদস্যরা থাকবেন এবং তারা প্রতিদিনের কার্যাবলী না হলেও তার এস্টিমেট, রিপোর্ট এবং তার বাজেট সম্পর্কে সমালোচনা করতে পারবে এবং কিছুটা সুপারভিশানের রাইট থাকবে। সেটা যতক্ষণ না থাকছে ততক্ষণ পর্যন্ত আমার মনে হয় কেন্দ্রের যে প্রেসার, প্রাইভেট অপারেটর্সদের যে প্রসার সরকারের উপর পড়েছে, আজকে সেই চাপে পড়ে ঐ বিড়লা, আনন্দীলাল পোদ্দার মহাশয়ের মত লোক যদি ঐ প্রাইভেট অপারেটর্সদের প্রতিনিধি, এই রকম লোককে নিয়ে কর্পোরেশান করে ন্যাশানালাইজেশানএর যে পলিসি সেই পলিসিকে রিটার্ড করবার জন্য আজকে কর্পোরেশান করতে যাচ্ছেন।

Shri Niranjan Sengupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 28th of February, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা যে মন্ত্রীমহাশয় বিলটা প্রবর্তণ করেছেন তাঁকে জানাতে চাই এবং তার জবাব চাই। প্রথম কথা হচ্ছে যে আমাদের পার্টি বরাবরই স্টেট সেক্টরের কাজ বেশি করে চলুক, স্টেট সেক্টর এক্সপানডেড হোক, এটা চেয়ে এসেছে এবং এটাও তারা বলেছে যে কলকাতার মত শহরে যেখানে ট্রান্সপোর্ট একটা এসেনসিয়াল সার্ভিস সেখানে ট্রান্সপোর্ট সার্ভিস সরকারী কর্তৃত্বাধীনে থাক এবং তা থেকে যে লাভ হবে, সেটা সরকারী তহবিলে জমা হোক এবং এটাও আমরা বরাবরই বিধান সভায় বলেছি যে কলকাতার স্টেট ট্রান্সপোর্টকে যদি খুব সুসংবদ্ধ করতে হয়, তাহলে বাস সার্ভিস এবং ট্রামওয়ে যেটা এখন একটা কোম্পানীর আওতায় আছে, সেটা সরকারী পরিচলনায় নিয়ে একটা কোঅর্ডিনেটেড অর্গেনাইজেশান অফ বাস অ্যান্ড ট্রাম করে কলকাতার যাত্রী সাধারণের সুবিধার দিকে তাকান সরকারের কর্তব্য, একথা আমরা আগেই বিধান সভায় বলেছি এবং আজকেও বলছি যে এরকম একটা কোঅর্ডিনেটেড ট্রান্সপোর্ট কর্পোরেশান হওয়া উচিত, কেন না তা যদি হয় তাহলে আমরা এটা মনে করি যে ওভারহেড চার্জ অনেক কমে যাবে, ডুপ্লিকেশান কমে যাবে এবং বিভিন্ন দিক দিয়ে সরকারের আয়ের অনেক সুবিধা হবে যে সুবিধা আমরা আগামী দিনে সরকারের এই বিভাগের [illegible] দিতে পারি এবং তাদের চাকুরির স্থায়িত্ব এবং

চাকুরির বিভিন্ন সুবিধা দিতে পারি এবং সার্ভিসের অন্যান্য ইমপ্রুভমেন্ট আমরা করতে পারি। কিন্তু এই বলার সাথে সাথে আজকে একথা আমাদের বলা দরকার যে বর্তমানে স্টেট ট্রান্সপোর্টের কাজকর্ম অত্যন্ত খারাপভাবে চলছে, ইনএফিসিয়েন্টলি চলেছে। বর্তমানে স্টেট ট্রান্সপোর্টের খারাপ কাজকর্মের প্রমাণ আমরা বিভিন্ন দিক দিয়ে পাচ্ছি, একটা ব্যাড সার্ভিসিং কমিশনের মধ্য দিয়ে এটা চলেছে। এর আগে অনেকেই বলে গেছেন যে স্টেট বাসের কর্তৃপক্ষের বিভিন্ন দিক দিয়ে এমন উদাসীনতা আছে, যে কোলকাতার মানুষ হাড়ে হাড়ে বুঝছে, যে কি অসুবিধা তাদের ভোগ করতে হচ্ছে যানবাহনের ব্যাপারে। এরকম ২-১টা উদাহরণ আমি দিতে পারি। কোন কোন রুটে আমরা দেখেছি যে খুবই কনজেসটেড অথচ ৪০-৪৫ মিনিট পরে বাস আসে। ৬ নম্বর রুটের কথা আমি বলতে পারি, এরকম কোলকাতার বহু রুট আছে, যেখানে ওদের কোন দৃষ্টি নেই, দৃষ্টি করিয়ে দিলেও ও'রা দৃষ্টি দেন না। ৬নং রুটের কথা বারবার ও'দের নোটিশে আনা হয়েছে, কিন্তু কোন প্রতিবিধান হয় নি। তারপর এটাও বলা দরকার যে ইতিমধ্যে কোন কোন রুটে ভাড়া বাড়িয়ে দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ট্রামের ভাড়া বেড়েছে এবং আমরা গুজব শুনছি যে স্টেট বাসের ভাড়াও বেড়ে যাবে। তাছাড়া আর একটা জিনিস এর আগে আর একজন মাননীয় সদস্য বলেছেন যে সেখানে কর্মচারীদের উপর বিভিন্ন দিক দিয়ে স্টেট ট্রান্সপোর্ট কর্তৃপক্ষের অত্যাচার চলছে; যেমন সম্প্রতি পয়েন্ট সেক্রেটারী অশোক দত্তকে সাসপেন্ড করে রেখেছেন, এ নিয়ে এই বিধান সভায় বহুবার আলোচনা হয়েছে। তারপর, কনডাকটরস, ড্রাইভার্স এবং অন্যান্য লোক যাঁরা স্টেট বাস সংক্রান্ত ব্যাপারে জড়িত আছেন, সেইসব কর্মচারীদের সম্বন্ধে বহু জিনিস আমরা বিধান সভায় উত্থাপন করেছি, কিন্তু তার কোন প্রতিকার হয় নি। এখানে এসব জিনিস দেখে যেটা যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন প্রাইভেট সেকটারের কাছ থেকে পুস্ আসছে। আনন্দীলাল পোদ্দার মহাশয়ের ২৯-৯ তারিখের প্রেস কনফারেন্সের যুগান্তরে একটা কাটিং আছে। সেখানে তিনি বলেছেন যে এই-ভাবে হবে না, সরকার পারবেন না। এই প্রতিষ্ঠানগুলিকে প্রাইভেট সেকটরে বা প্রাইভেট ওনার-সিপে দেওয়া হোক। এই চাপ সরকারের পরিচালনা ব্যর্থতার জন্য এসেছে কেন না এটা পরিচালনা করছেন কারা, এ সেট অফ ঝানু আই সি এস ব্যুরোক্রাটরা। আমি একথা বলবো যে এখানে বাস কর্তৃপক্ষের উপর যে আই সি এস ব্যুরোক্রাটরা বসে আছেন, জনসাধারণের সাথে তাঁদের কোন সংযোগ নেই, এটা ইংরাজ আমল থেকে দেখেছি, আজও দেখছি। জনসাধারণের সুখ দুঃখের সাথে এ'দের কোন যোগ নেই এবং এ'রাই জনসাধারণের দুর্দশার জন্য প্রকৃত দায়ী কিন্তু তা সত্ত্বেও আমি এটা বলছি না যে ডিন্যাশানালাইজেশান হোক বাস সার্ভিস, আমি বলছি এফিসিয়েন্ট রানিং অফ দি বাস সার্ভিস হোক দ্যাট ইজ আওয়ার ডিঅ্যান্ড। তা যদি হয় তাহলে নিশ্চয়ই এই অবস্থার পরিবর্তন হোতে পারে। আর একটা কথা আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীকে জানাতে চাই যে আমাদের মতে এই ডিপার্টমেন্টটা পুরাপুরিভাবে সরকারী কতৃত্বাধীনে থাকা দরকার কর্পোরেশান হোক, আর যাই হোক, এই যে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান করতে যাচ্ছেন, এই বোর্ড কিভাবে গঠিত হবে, সে বিষয়ে আমাদের সাজেসনস আছে—সেটা হচ্ছে যে সেখানে গভর্নমেন্ট রিপ্রেজেনটেটিভ তো থাকবেনই, তা ছাড়াও যাঁরা কর্মচারী তাঁদের রিপ্রেজেনটেটিভ থাকবেন, ট্রাভেলিং পাবলিকের রিপ্রেজেনটেটিভ থাকবেন, যেটা যতীনবাবু বলে গেলেন যে বিশেষ ধরনের সদস্যদের প্রতিনিধি থাকবেন, কর্পোরেশনের কাউনসিলারদের প্রতিনিধি থাকবেন, এইভাবে বোর্ড করা দরকার।

[4-30—4-40 p.m.]

আমি জোর করে বলতে পারি এখানে প্রাইভেট শেয়ার হোল্ডার্সদের আসা খুব অন্যায় হবে এবং তাদের রিপ্রেজেনটেটিভ নেওয়াও খুব অন্যায় হবে। কারণ আমরা জানি প্রাইভেট শেয়ার-হোল্ডার্সদের আনলে পরে এটা ইন্ডাস্ট্রিয়াল ম্যাগনেটসএর হাতে গিয়ে পড়বে এবং এর সমস্ত সুখ সুবিধা মুষ্টিমেয় কতকগুলি লোক উপভোগ করবে। সেদিক থেকে বোর্ড কম্পোজিশান এর ব্যাপারে যে বক্তব্য বললাম, সেদিকে বিশেষ লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রীমহাশয় বোর্ড কনস্টিটিউট করবেন।

তারপরে আমি আর একটি কথা বলবো—সেটা হচ্ছে, মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় অবশ্য তার ইন্ট্রোডাকশানএ বলেছেন, যদি আমি ঠিকমত শুনে থাকি, যে তিনি খরচপত্রের বিষয়টা

লেজিসলেচারএ রেফার করবেন। কিন্তু তিনি যে বিলটি এনেছেন, সেই অ্যাক্টটাকেই এভাবে মডিফাই করতে পারতেন। রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন অ্যাক্টএর বাজেটের কথা প্ররোপ্ররি ইনসার্ট করতে পারতেন—

under the control of the Legislature, under the supervision of the Legislature

এটা এড করা এসেনসিয়াল, তার কারণ, আজকে এই বিধান সভার আঁওতা থেকে সমস্ত জিনিসটা সরিয়ে নেওয়া হচ্ছে। এই বিল-এ যা আছে তাতে আমরা এ'দের ওয়ার্কিং সম্বন্ধে কোন কিছু বলতে পারবো না ভবিষ্যতে। তাই আমি মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয়ের কাছে এই অ্যাসিওরেন্স চাচ্ছি যে আমাদের লেজিসলেচার-এর সম্মুখে যেন এই সমস্ত জিনিসগুলি আনা হয়। আমি মনে করি লেজিসলেচার-এর সামনে এই সমস্ত জিনিসগুলি এনে ডিসকাশন করা উচিত সরকারের তরফ থেকে।

তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে ওয়ার্কার্স ও এমপ্লয়িজদের সম্বন্ধে উনি বলেছেন ও[illegible] কিম্বা এমপ্লয়িজদের সারভিস কন্ডিশনস লেস এডভানটেজিয়াস হবে না। কিন্তু সে সম্বন্ধে পরিষ্কারভাবে বিলে কিছু লেখেন নি। এখানে আমার সাজেসনস হচ্ছে—ও'দের যে ইউনিয়ন আছে, সেই ইউনিয়নকে রিকগনাইজ করতে হবে। অর্থাৎ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান-এর যে ইউনিয়ন, তাকে রিকগনাইজ করতে হবে, এবং ভিকটিমাইজেশান বন্ধ করতে হবে। এতদিন পর্যন্ত যে সকল ওয়ার্কার ভিকটিমাইজড হয়ে আছে, তাদের কেসগুলি রিভিউ করতে হবে। তার কারণ, তাদের যদি কাজে উৎসাহ না থাকে, তারা যদি সারভিস-এ বিতশ্রদ্ধ হয়, তারা যদি চাকরী জীবনে দুর্দশা ভোগ করে, তাহলে কোন অ্যাডমিনিস্ট্রেশান ভালভাবে চলতে পারে না। সুতরাং সেদিক থেকে আমি মনে করি মাননীয় মুখ্যমন্ত্রী এই বিলের জবাব দেবার সময়, এই সকল বিষয়ের জবাব দিয়ে আমাদের সুখী করবেন।

Sj. Hemanta Kumar Basu:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই যে বিল এখানে উপস্থাপিত করেছেন, এতে কর্মচারীদের যে বিশেষ কোন সুবিধা হবে বলে মনে হচ্ছে না। তার কারণ সেরকম কোন প্রভিশন এই বিলের মধ্যে নেই। আর প্যাসেঞ্জার, যাত্রীরা যারা, তাদের যে বিশেষ সুবিধা হবে, এই ধরনের কোন ব্যবস্থা এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি না। এই বিল এমনভাবে করা উচিত ছিল যাতে করে সেই সমস্ত প্রশ্ন ট্যান্সপোর্টএর ব্যাপারে, তা জনসাধারণের কাছ থেকেই আসুক বা কর্মচারীদের কাছ থেকেই আসুক, সেগুলি বিবেচনা করে এই আইনে তার প্রভিশান ঠিকমত রেখে ব্যবস্থা করা। কিন্তু তা হয় নি। ১৯৫০ সালের যে আইন, সেইটাই যেন খালি কর্পোরেশনের হাতে তুলে দেবার ব্যবস্থা হচ্ছে। এই কর্পোরেশন যেটা হবে তার কনস্টিটিউশান সম্বন্ধে বলা হয়েছে যে পুরান আইনের ৫ ধারা অনুসারে হবে। অর্থাৎ সেখানে একজন চেয়ারম্যান থাকবেন এবং বাকী লোকদের স্টেট গভর্নমেন্ট নির্বাচন করবেন। স্টেট গভর্নমেন্ট কি রকম প্রতিনিধি নির্বাচন করবেন তার কতকটা পরিচয় খবরের কাগজের বা সংবাদপত্রের মাধ্যমে পাওয়া গিয়েছে। ঠিক যেভাবে পপুলার রিপ্রেজেন্টেটিভসদের নেওয়ার ব্যবস্থা থাকে সেইভাবে যদি ১৯৫০ সালের আইনটাকে পরিবর্তন করবার ব্যবস্থা হত যে এই এই রকম জনপ্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান থেকে এতে প্রতিনিধি নেওয়া হবে—যেমন ক্যালকাটা কর্পোরেশন থেকে নিলাম বা অন্য কোন জনপ্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান থেকে নিলাম তাহলে ভাল হত। আমরা বলছি আমরা সোস্যালিস্ট স্টেট তৈরি করতে চাই—তাই যদি হয় তাহলে কাজ যারা করবেন এবং কাজ যারা পরিচালনা করবেন উভয়েরই স্থান এবং মূল্য এই পরিবহণের মধ্যে সমান হওয়া উচিত। কাজেই সেদিক থেকে এই আইনকে পরিবর্তন করা উচিত ছিল। কর্পোরেশন কিভাবে গঠিত হবে তার একটা পরিষ্কার ধারণা যদি আমাদের সামনে রাখা হত তাহলে ভাল হত। স্টেট [illegible] উপর যে ব্যবহার করা হয়, তাদের উপর অবিচার করা হয় তাদের যেভাবে সাসপেন্ড করা হয়—ছাটাই করা হয় এবং এইভাবে তাদের যে দারুণ বিপর্যয়ের মধ্যে ফেলে দেওয়া হয় সেটা অত্যন্ত বেদনাদায়ক। তারা হয়ত মনে করছে যে কর্পোরেশন হলে নিশ্চয়ই তাদের কিছু সুরাহা হবে। কর্পোরেশন তারা চাইছে। কিন্তু কর্পোরেশনএ যদি ধনীদের আধিক্য হয় তাহলে সেই কর্পোরেশন দিয়ে স্টেট এমপ্লয়িজদের অর্থাৎ ড্রাইভার, কন্ডাক্টর প্রভৃতি কর্মচারীদের যে কতখানি উপকার হবে সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। আর যখন নোতুন করে কর্পোরেশন করা

ইচ্ছে এই কর্পোরেশন যাতে বাস্তবিক দেশের বর্তমান ভাবধারা, চিন্তাধারা অনুযায়ী হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার ছিল। শুধু কতকগুলি ধনিক গোষ্ঠির প্রতিনিধি নিয়ে নয়, যারা এর কর্মচারী তাদেরও যদি কিছু বক্তব্য থাকে সেটা যাতে যথাযথ স্থান এর মধ্যে পেতে পারে সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। হাওড়ায় যে ঘটন ঘটেছিল সে ব্যাপার নিয়ে আমি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখে জানিয়েছিলাম যে জনসাধারণের অসুবিধা হচ্ছে। তিনি বললেন—[illegible] স্বীকার করতে হবে তারা অন্যায় করেছে। তার পর ইউনিয়ন থেকে দুঃখ প্রকাশ করে একটা চিঠি পাঠিয়ে দেওয়া হ'ল এবং আমরা মনে করলাম যে হঠাৎ ধর্মঘট করবার জন্য যখন দুঃখ প্রকাশ করা হয়েছে তখন এ ব্যাপারে একটা নিষ্পত্তি হবে, কিন্তু দুঃখের বিষয় তা হ'ল না। হাওড়া ম্যাজিস্ট্রেট এসে বললেন—তোমরা যদি কাজ আরম্ভ কর তাহলে তোমাদের উপর কোন অবিচার বা শাস্তিমূলক ব্যবস্থা করা হবে না। কিন্তু দেখা গেল যে ডিপার্টমেন্টের মধ্যে এতখানি হিংসাপরায়ণতা লুকিয়ে ছিল যে তারা কর্মীদের বিরুদ্ধে পুলিস কেস করালেন এবং আট জনকে সাসপেন্ড করলেন। সেজন্যেই আজ বলছি যে যখন নোতুন করে কর্পোরেশন গঠিত হচ্ছে তখন অন্ততঃ কর্মীদের মধ্যে একটা আশা জাগান হোক যাতে করে তাদের কর্পোরেশনের উপর আস্থা জাগে। সেজন্যে এই সমস্ত মামলা যা তাদের বিরুদ্ধে করা হয়েছে সেগুলি তুলে নেওয়া হোক এবং কর্পোরেশন যখন নোতুন করে গঠিত হচ্ছে তখন কর্পোরেশনের উপর সেই কাজের ভার দেওয়া হোক। যাদের এই সব কারণে বরখাস্ত করা হয়েছে তাদের পুনর্নিয়োগ করা হোক। ৭৭ জন শ্রমিকের বিরুদ্ধে যে পুলিস কেস রয়েছে সেগুলি সব তুলে নেওয়া হোক।

[4-40—4-50 p.m.]

৭৭ জন শ্রমিকের বিরুদ্ধে যে পুলিস কেস রয়েছে সেগুলি সবই প্রত্যাহার করা হোক। আর এই ব্যাপারে অ্যাসেমব্লী এবং গভর্নমেন্টের যেন কর্পোরেশনের উপর ফাইনাল অথরিটি থাকে। যদি কোন বিষয়ে [illegible] দিক থেকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে হয়, সেজন্য গভর্নমেন্টের ফাইনাল অথরিটি থাকা উচিত। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে অ্যাসেমব্লীতে তার বাজেট উপস্থিত করা হবে এবং সেই সময় আমরা সুযোগ পাব আলোচনার। ডি ভি সি-র ক্ষেত্রে যে সমস্ত বাজেট উপস্থিত করা হয় সেই অটোনোমাস বডি-র বাজেট আমরা আলোচনা করি—কিন্তু সে বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় না, তার সংশোধন বা প্রতিকারের কোন ব্যবস্থা আমরা দেখাতে পাই না। সেজন্য আমার কথা হচ্ছে কর্পোরেশন হোক ক্ষতি নাই—কিন্তু কর্পোরেশনে জনসাধারণের প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা হোক, এটা আমি চাই এবং তার উপর যাতে অ্যাসেমব্লী এবং গভর্নমেন্টএর ক্ষমতা থাকে সে বিষয়ে ব্যবস্থা রাখা দরকার। এটা যখন কর্পোরেশনএ যাবে তখন এর মধ্যে কেন ডিপার্টমেন্ট তাদের কতকগুলি নিজেদের পরিচিত লোককে বা নিজেদের হাতের লোককে প্রমোশন দিতে আরম্ভ করেছে? এই যে অ্যাসিস্ট্যান্ট ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট, জোনাল ইনস্পেক্টর করা হচ্ছে—এ সমস্ত প্রোমোশন এখন বন্ধ রাখা হোক। কর্পোরেশন যাদের মনে করবে উন্নতি চাই যাতে ট্রাফিকএর কাজ ভালভাবে চলে সেইভাবে তারা করবে। আমরা বেশির ভাগ ক্ষেত্রে দেখতে পাই একটা নেপোটিজম চলে, যারা উপযুক্ত লোক তাদের উন্নতির কোন ব্যবস্থা করা হয় না। তারপর কর্পোরেশন শ্রমিকদের পে-স্কেল রিভিশন করার জন্য গভর্নমেন্ট যেমন পে-স্কেল রিভিশন কমিটি করেছে, মেডিকেল হাউসিংএর ব্যবস্থা করেছে, সেই রকম ভাবে কর্পোরেশনও যেন একটা পে কমিটি করে এমপ্লয়িজদের অভিযোগ সম্বন্ধে ব্যবস্থা করার জন্য। আরও অনেকে বলেছেন যে কন্ট্রাক্ট সারভিসএ যারা আছে, ৫।৭ বছর কাজ করছে কর্পোরেশনএ যাওয়া মাত্র তাদের যেন নতুন করে তাদের নিয়োগের ব্যবস্থা না হয় বাস্তবিক তাদের কন্টিনিউটি অব সার্ভিস থাকে তার যেন ব্যবস্থা হয়। এই আইনে (এফ)-এতে যা দেওয়া আছে তাতে পরিষ্কার কিছু নেই, একথা পরিষ্কার বলে দেওয়া উচিত যে তাদের কন্টিনিউটি অব সারভিস থাকবে। একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nepal Roy:

আমি স্যার, ১ মিনিট বলবো। আমার সাজেশন যা হচ্ছে তা বলছি। আমরা দেখতে পাই সমস্ত ইন্ডাস্ট্রিতে [illegible]-ও ও মজুরের তরফে রিলেশন বিশেষ খারাপ হয়ে যায়। আজকে আমরা দেশ গঠন করতে যাচ্ছি, মালিক ও মজুরের মধ্যে, মালিক যেই হউন—গভর্নমেন্ট হোক কর্পোরেশনই হোক যেই মালিক হউক—যদি হৃদ্যতা থাকে তাহলে কাজ আমরা ভালভাবে

চলবার পারি। আমি সেজন্য আমার তরফ থেকে যে সাজেশনটা রাখছি আশা করি গভর্ণমেন্ট সেটা নেবেন। সেটা হচ্ছে এই কর্পোরেশনের মধ্যে যারা চালক হবেন, যারা কর্তা ব্যক্তি হবেন—তার মধ্যে অন্ততঃ মজুরদের প্রতিনিধিত্ব যেন থাকে। কারণ, আমরা দেখি মজুরদের কথা রাখতে হলে করতে হয় স্ট্রাইক, না হয় ডিমনস্ট্রেশন, না হয় ঘেরাও। যাতে এটা কম হয়, শান্তিকালের মজুরদের প্রতিনিধি থাকে সেজন্য তাদের যাতে কর্পোরেশনএ গভর্নমেন্ট নেন এটাই অনুরোধ জানাচ্ছি।

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of March, 1960. Sir, I am totally opposed to this Bill because in principle this Bill is against the industrial policy so far followed in this country. In the Statement of Objects and Reasons some misstatements have been made. Sir, in the Statement of Objects and Reasons it is stated that it is the policy now generally followed that some undertakings of public nature are to be managed by these Corporations. Sir, I am not aware of any such policy which is being generally followed now in the management of undertakings of public nature by Corporations to be set up. The industrial policy of our country was first enunciated by Pandit Nehru in November, 1947, where he says that for the time being Public sector and private sector should remain, but gradually private sector will dwindle away and everything will ultimately vest in the public sector. This statement of his was consequently incorporated in the policy statement of the Government of India on the 6th of April, 1948. That policy is this that in this country there will be mixed economy, both private and public. And in that policy three categories of industries were contemplated. In the first class there will be the State monopoly and that is with regard to industries of arms and ammunitions, atomic energy, river valley projects and railways. In the second class there will be certain industries which will be run by private sectors for ten years, and thereafter they will come under the public sway. Those are coal, iron and steel, aircrafts, telephone, telegraph, wireless, ship-building and mineral oils. This is the policy of 1948 and now we are in 1959. Now the third thing is that apart from these two classes other things will remain under the management of private enterprise. This policy was again changed by the second industrial policy statement of the Government of India on 30th April, 1956. Just before that the Congress Party had passed a Resolution stating that there shall be in this country a socialistic pattern of society and pursuant to that Avadi Resolution the policy statement of 1956 was made and therein the previous policy was revised and it was stated and the State would gradually assume direct responsibility over larger ranges, i.e., from private undertakings certain more things will come under public undertakings. In the Schedule of that statement names of 17 industries are there. Those will be wholly and exclusively State-owned or State-managed. Then in Schedule B12 such industries have been enumerated and in one of them you will see included road transport. Therefore according to the industrial policy statement of 1956 the State was gradually to usurp road transport and no private person would be allowed to enter into it. These are the two or rather three policy statements of our Government which are now being followed. I do not know and the Hon'ble Chief Minister will enlighten me by saying where he has got the policy mentioned in the Statement, viz., "in pursuance of a policy which is now generally followed in the management of undertakings of a commercial nature in the public sector, etc. etc." He will kindly give me the date of the policy statement either of the Central Government or of the Provincial Government wherein the policy as stated in the Objects and Reasons had been enunciated.

With regard to these things I would say, Sir, that he can give only two examples of public undertakings—Sindri Fertilisers and Chemical Company

and Hindusthan Aircraft that have been handed over to an autonomous body. But, Sir, that is not following the policy, that is rather a departure from the policy and it is a retrograde policy. Sir, apart from this policy, our Government while establishing State undertaking in Road Transport, did not consider at that time the question of setting up any autonomous body or corporation. If the State Government was desirous of setting up such a Corporation they could have done it earlier. Without doing that our Government is running that as a State undertaking. Now, Sir, the proposal has come to this effect that though the Government have set up such an undertaking independently of this Act, it is now not in a position to run that undertaking for various reasons and, therefore, intend to give it up to a Corporation. I would say, Sir, that this is a retrograde policy to give the management of road transport to such a corporation. As I have said they could have done it earlier.

[4-50—5 p.m.]

Sir, there was a certain road transport institution in our country before this State undertaking. There was an institution to run the buses and then this scheme came into effect with two purposes one of which was that it would be an advantage to the public if the buses were run by Government and, secondly, it would be beneficial to the trade and industry also. There was no third objective. Now, why you are trying to bring this Bill? Will it be to the advantage to the public or to the trade or industry? Of course under section 5 the State Government has every power to float such a corporation. The arrangement is that the State Government will give some money, the Centre will give some money and there is a scope for bringing in a third person within the purview of this Bill. Of course you could bring in a third person under section 5(3) but you did not do it. You have already invested large sums of money in this undertaking. Now you propose "Very well though we have began to work it earlier and now we want to set up a corporation handing over the money to the corporation with a valuation to be made 6 months after". Moreover, Sir, up to now we have not heard anything about the proportion of the share which is going to be contributed by the Centre and after that money is obtained how things will be managed. Sir, though this corporation which is going to be set up is a nominee by the State Government still there is scope for a third person. Sir, I would say this is a definite departure to bring in the interested parties or the capitalists within the sphere of Government. I think the Hon'ble Minister while delivering an address recently suggested that Shri G. D. Birla would be the Chairman of the Corporation.

He said that the idea of socialism is receding from the world now and the idea of capitalism is coming in. Large sums of money are coming to India and if the capitalists are prepared to make use of them, they can do so. Is it in pursuance of that statement of his who is undoubtedly an industrial magnate of this country that Government is changing its policy of pursuing socialism or a policy which would lead to socialism and progressively destroying public enterprise and progressively increasing private enterprise. Sir, if we do this, we shall be committing a suicide because we are committed to socialism and, therefore, all the industries and all our resources should gradually be brought within the purview of the public sector. No shortcoming, for the time being, due to the inefficiency of the Ministry, due to the inefficiency of the officers or due to any other reason whatsoever, should stand in the way of our attaining our goal of socialism and there should be no excuse for changing our policy and getting back from socialism and giving the industries back to private industrialists by bringing in private persons as nominees of the Government in the shape of advisers or private council and so on and so forth.

Shri Subodh Banerjee:

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, সরকারী শিল্পনীতিতে একটা অদ্ভুত জগাখিচুড়ি দেখা যাচ্ছে। একদিকে এই অধিবেশনে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীকে রাষ্ট্রায়ত্ত করার জন্য বিল আনা হয়েছে, আবার রাষ্ট্রায়ত্ত স্টেট ট্রান্সপোর্টকে ব্যক্তিগত পুঁজিপতিদের হাতে একটা কমপেনসেশন এর মাধ্যমে তুলে দেবার জন্যও আইন আনা হয়েছে। এই দুই পরস্পরবিরোধী নীতির মধ্যে কিভাবে সমঞ্জস্য বিধান করবেন? যদি মনে করেন রাষ্ট্রায়ত্ত করার দরকার তাহলে তা করা উচিত, কিন্তু একদিকে মোটা টাকা খেসারত দিয়ে শিল্পগুলিকে রাষ্ট্রায়ত্ত করা হবে এবং অন্যদিকে রাষ্ট্রায়ত্ত করার কিছুকাল পরে পুঁজিপতিদের হাতে তা ফিরিয়ে দেওয়া হবে এটা কোন্ শিল্পনীতি বুঝতে পারলাম না। এই নীতির মধ্যে দিয়ে একটা বিষয়ই পরিস্ফুট হচ্ছে—তা হল যেন-তেন-প্রকারেণ পুঁজিপতিদের কিছু টাকা খেসারত হিসাবে পাইয়ে দেওয়া। মন্ত্রী মহাশয় যুক্তি দিতে পারেন যে, এই কর্পোরেশন যা লাভ করবে তা কোন শিল্পপতির ব্যক্তিগত লাভ নয়; কর্পোরেশন এর লাভ। তার লভ্যাংশ কেন্দ্রীয় সরকার এবং প্রাদেশিক সরকারের মধ্যে বণ্টিত হবে এবং বাকী অংশ কর্পোরেশন রাখতে পারবে। ঠিক কথা; এ হল আইনতঃ লাভের কথা। এ ছাড়া লাভের অন্য পথ আছে। কি রকম? এই কর্পোরেশনএর কথা ধরুন কর্পোরেশনকে মোটর গাড়ী কিনতে হবে। কোন্ কোম্পানী তা যোগান দেবে? বিড়লা যদি এই কর্পোরেশনএর চেয়ারম্যান হয়ে বসেন—যে কথা ইতিমধ্যেই ভালভাবে শোনা যাচ্ছে—তাহলে নিশ্চয়ই হিন্দ মোটরস কোংর কাছ থেকে গাড়ী কেনা হবে—এবং তার মধ্য দিয়ে তিনি একটা মোটা টাকা লাভ হিসাবে নেবেন। বর্তমানে বিভিন্ন কোংএর মধ্যেকার প্রতিযোগিতার সুযোগ নিয়ে প্রতিযোগিতা-মূলক দামের যে সুযোগ গভর্নমেন্ট নিতে পারছেন বিড়লা চেয়ারম্যান হবার পর তা নেওয়া হবে না। হিন্দ মোটরস কোং কর্পোরেশনকে মোটর যোগান দেওয়ার একচেটিয়া সুবিধা পাবে। ফলে একচেটিয়া দামের সকল সুবিধাই ব্যক্তিগত পুঁজিপতি বিড়লা নেবেন। এই একচেটিয়া দাম যে প্রতিযোগিতাসমূলক দামের চেয়ে অনেক বেশী হবে—সে বিষয়ে কোন সন্দেহ নেই।,

[5-25—5-25 p.m.]

আমার জিজ্ঞাসা হচ্ছে যে, ব্যক্তিগত পুঁজিপতিদের এইভাবে মোটা টাকা লাভের সুযোগ দেবার কোন প্রয়োজন আছে কি? অর্থাৎ রাষ্ট্রীয় পরিবহণকে কর্পোরেশনের হাতে দেওয়ার কি প্রয়োজন হল সেটা আমি বুঝি না? এখানে কেউ কেউ বলেছেন যে, যেহেতু স্টেট ট্রান্সপোর্ট ব্যক্তিগত মোটর চালকদের তুলনায় অনেক খারাপভাবে চলছে তাই তাকে ব্যক্তিগত পুঁজিপতিদের দিয়ে গঠিত কর্পোরেশনএর হাতে দেওয়া হচ্ছে। সরকসারীপক্ষীয়দের এই যুক্তি হতে এই সত্য প্রমাণ হচ্ছে যে,

Government is inefficient and is inferior to that of private enterpreneurs

এই কথা যদি সরকার স্বীকার করেন তাহলে আমাদের আরও কয়েকটা বিষয় বিবেচনা করতে হবে। রাষ্ট্রীয় পরিবহণের ডাইরেক্টর হলেন একজন ঝানু আই সি এস; ডাইরেক্টরেটে সারভিস কোডার-এর বহু লোক আছেন। সরকারী অভিধানে এইসব অফিসারদের প্রশাসনিক ক্ষমতা ও দক্ষতা অতুলনীয়। স্টেট ট্রান্সপোর্ট পরিচালনেই যদি এ'রা অদক্ষ প্রমাণিত হন তাহলে তাঁরা দক্ষতাসহকারে শাসন কার্য চালাবেন কি করে? অথচ আপনারা তো এ'দের হাতে শাসনভার তুলে দিয়েছেন। একটা ছোট প্রতিষ্ঠান যাঁরা চালাতে পারেন না তাঁদের হাতে দেশ শাসনের ভার দেয়া উচিত নয়। তা ছাড়া আরও একটা বিচার্য বিষয় আছে। অদক্ষ পরিচালনার যুক্তিতে যদি স্টেট ট্রান্সপোর্টকে ব্যক্তিগত পুঁজিপতিদের নিয়ে গঠিত কর্পোরেশনএর হাতে তুলে দেওয়া হয় তাহলে পশ্চিম বাংলার এই গভর্নমেন্টকেও একটা কর্পোরেশনএর হাতে তুলে দেওয়া উচিত। কারণ এই সরকার শুধু অদক্ষ নয় অসাধু ও জনস্বার্থবিরোধী বলেও প্রমাণিত হয়েছে। প্রাইভেট বাসের সার্ভিসের চেয়ে স্টেট বাসের সার্ভিস অনেক খারাপ হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমি বলব না যে, স্টেট ট্রান্সপোর্টকে আবার ব্যক্তিগত ব্যবসায়ীদের হাতে তুলে দেওয়া হোক। যে কারণে রাষ্ট্রীয় পরিবহণের অব্যবস্থা ও অসাধুতা দেখা দিয়েছে তা দূর করতে হবে; তার জন্য প্রয়োজন হলে সরকারকে বদল করার দরকার হতে পারে। কিন্তু কোনক্রমেই রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠানকে ব্যক্তিগত পুঁজিপতিদের হাতে তুলে দেওয়া যেতে পারে না। যে প্রতিষ্ঠান একবার রাষ্ট্রায়ত্ত হয়েছে তাকে ফের ব্যক্তিগত ব্যবসাদারের হাতে তুলে দেওয়ার কোন যুক্তি কোন দিক থেকেই নেই। দেশবাসীর দাবী হল এই যে, ক্রমে ক্রমে দেশের মধ্যের ব্যক্তিগত ল্প প্রতি[illegible]

রাষ্ট্রায়ত্ত করতে হবে। সে দাবী বানচাল করার প্রচেষ্টা এই বিলে লক্ষ্য করা যাচ্ছে। এখানে অনেকেই সোস্যালিজমএর কথা বলেছেন। তাঁদের স্মরণ করিয়ে দিতে বাধ্য হচ্ছি যে,

State-ownership in all cases is not socialisation. State management does not ipso facto mean socialism. If the State is a Socialist State then and then only State-ownership means Socialisation but if the State is a Capitalist State, State-ownership is at best nationalisation. State-ownership in a Capitalist State means the growth and development of State-capital. And State-capital is the economic foundation of Fascism.

কিন্তু তা সত্ত্বেও আমাদের দাবী হচ্ছে যে, ব্যক্তিগত বড় বড় ব্যবসা প্রতিষ্ঠানকে রাষ্ট্রায়ত্ত করতে হবে। এটা সমস্ত দেশবাসীর দাবী এবং এই দাবী প্রগতিশীলও বটে। আমাদের হয়ত বলা হবে যে, স্টেট ট্রান্সপোর্ট চালানোর ফলে দারুণ ক্ষতি হচ্ছে, কর্পোরেশনের হাতে দিলে তা হবে না। কিন্তু আমি বলব যে, এই ভাবে ব্যক্তিগত পুঁজিপতিদের হাতে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান তুলে দেওয়া দেশের পক্ষে মারাত্মক। আবার বলা হচ্ছে—কেন্দ্রীয় সরকারের চাপে পড়ে রাজ্য-সরকার এটা করছেন। কেন্দ্রীয় সরকার বললেই যে এটা করতে হবে এমন কোন বাধ্যবাধকতা আছে কি? কর্পোরেশনের হাতে তুলে দিলেই যে ভালভাবে চলবে, সাধারণ যাত্রীদের সুবিধা হবে—এমন কোন স্থিরতা আছে কি? রাষ্ট্রায়ত্ত হবার পর হয়ত ক্ষতি হচ্ছে, কিন্তু এই সামান্য ক্ষতির জন্যই কি একটা রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠান ব্যক্তিগত পুঁজিপতিদের হাতে তুলে দিতে হবে?

আমি মনে করি যে, লোকসান দেখানও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে জনসাধারণের অসুবিধা ঘটান—এই সব ব্যাপার বিশেষ উদ্দেশ্যে করা হচ্ছে। জাতীয়করণের যে দাবী জনসাধারণ করছে সে দাবী যাতে জনসাধারণ ত্যাগ করে সেই মতলবে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানগুলি লোকসানী কারবারে ইচ্ছা করে পরিণত করা হচ্ছে। দেখাবার চেষ্টা করা হচ্ছে যে, ব্যক্তিগত ব্যবসা অনেক বেশী লাভজনক ও জনসাধারণকে বেশী সুবিধা দিতে পারবে। এই অসাধু উদ্দেশ্যকে বানচাল করা দরকার। তাই এই বিলের বিরোধীতা করি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-25—5-30 p.m.]

Presentation of the Report of the Joint Committee on the West Bengal Estates Acquisition (Third Amendment) Bill, 1958

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to present the Report of the Joint Committee on the West Bengal Estates Acquisition (Third Amendment) Bill, 1958.

The Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959

Shri Jagat Bose: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th March, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, যে বিলটি উপস্থিত করা হয়েছে সেটার উদ্দেশ্য দুর্বোধ বলে মনে হচ্ছে। প্রথমতঃ প্রাইভেট বাসের মালিকদের কয়েকটা লাইন তুলে দিয়ে ক্রমে ক্রমে স্টেট বাস সার্ভিস সরকারের কর্তৃত্বে এল। এখন আমরা শুনেছি যে এই স্টেট বাস তুলে দিয়ে একটা কর্পোরেশনের হাতে দেওয়া হবে। কিন্তু স্টেট ট্রান্সপোর্টএর কর্তৃত্ব সরকারের হাতে আসুক মোটামুটিভাবে এটা এযাবৎকাল হাউসের সকলেই সমর্থন করেছিলেন। তাঁরা এজন্য সমর্থন করেছিলেন যে এতে যাত্রীসাধারণের সুবিধা হবে এবং কর্মচারী নিয়োগের ব্যাপারে একটা সুবিবেচনার নীতি প্রচলিত হবে। এখন দেখছি যে ছোট ছোট বাসের মালিকদের লাইন তুলে দিয়ে স্টেটের কন্ট্রোলে নিয়ে স্টেট বাস করা হল, কিন্তু এখন তাকে আরো একটা অটোনোমাস বডির হাতে তুলে দেওয়া হচ্ছে। এর সঙ্গে একটা পলিসি নিশ্চয় জড়িত আছে এবং সেই পলিসির পরিবর্তনের সুযোগ এই বিলের মধ্যে দিয়ে দেখা যাচ্ছে। বসন্ত পান্ডা মহাশয় ঠিকই বলেছেন যে ইন্ডাস্ট্রিয়াল পলিসি সম্পর্কে সরকারের যে বিঘোষিত ছিল সেটার পরিবর্তন হচ্ছে। কিন্তু এটা কেন হচ্ছে সেটা এই বিলের ভেতরে পরিষ্কার হয়ে উঠেছে। একটা উন্নতি-মূলক প্রচেষ্টা এই স্টেট বাসের ভেতরে কিছুটা পরিমাণ দেখা গিয়েছিল, কিন্তু তার থেকে পলিসি পরিবর্তন করে একটা অন্য লাইনে নিয়ে যাওয়া হচ্ছে যে লাইন প্রগতিশীল লাইন নয়। এটাকে এমন একটা সংস্থার হাতে তুলে দেওয়া হচ্ছে যে সংস্থার কর্তৃত্ব ও পরিচালনার ব্যবস্থা কিভাবে হবে সে সম্বন্ধে সুস্পষ্ট কিছুই বলা হচ্ছে না। সেজন্য আমরা প্রস্তাব রাখছি যে এটাকে সার্কুলেশনে দেওয়া হোক, কারণ এই ব্যাপারে একটা পলিসির প্রশ্ন জড়িত রয়েছে। অর্থাৎ এঁদের এই পলিসি সম্বন্ধে জনসাধারণের একটা মতামত নেওয়া প্রয়োজন।

ডেপুটি স্পীকার মহাশয়, এই স্টেট বাস সার্ভিস হবার পর আমরা সকলেই মোটামুটি একে সমর্থন করেছিলাম এইজন্য যে এর ভিতর দিয়ে কর্মচারীদের একটা সুব্যবস্থা হবে, যাত্রীসাধারণের চলাচলের একটা সুব্যবস্থা হবে এবং অন্যান্য দিকে সুখসুবিধা গণ্য করা হবে এবং সেদিক থেকে স্টেট বাসকে স্টেটের কর্তৃত্বে আনা হয়েছিল। এখন এই জিনিসকে পরিত্যাগ করে অন্য পন্থা গ্রহণ করা হচ্ছে এবং যাতে করে ঐ বাসের কর্তৃত্ব এমন এক প্রতিষ্ঠানের হাতে চলে যাবে যে প্রতিষ্ঠান ঠিক সরকারী নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান নয় এবং তাতে করে যে অবস্থা কর্মচারীদের এযাবৎ-কাল রয়েছে এবং বাসযাত্রীদের যে অবস্থা স্টেট বাসের মধ্য দিয়ে এল তার পরিবর্তন কতটুকু হবে সে সম্বন্ধে এই বিলের ভেতর স্পষ্ট করে কিছু বলা নেই। এই যে কর্পোরেশন গঠিত হতে যাচ্ছে সেটাকে অটোনোমাস বডি বলা হচ্ছে তাতে স্টেট বাসের যারা কর্মচারী তাদের সুখ-সুবিধা তাদের চাকরির স্থায়িত্ব, তাদের মাহিনা ইত্যাদির কি হবে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের বক্তব্য থেকে এবং বিলের মধ্য থেকে কিছু পাচ্ছি না। তারপর, যাত্রীসাধারণের সুবিধার কি ব্যবস্থা হবে তাও কিছু এর ভিতর দেখতে পাচ্ছি না। সেই কারণে এই বিলটা আমাদের কাছে অত্যন্ত দুর্বোধ্য বলে মনে হচ্ছে। একটা ব্যবস্থা থেকে আর একটা ব্যবস্থার মধ্যে নিয়ে যাওয়া হচ্ছে অর্থাৎ সরকারী কর্তৃত্বাধীনে যে ব্যবস্থাটা ছিল সেটাকে সরিয়ে একটা অটোনোমাস কর্পোরেশনের হাতে দিয়ে দেওয়া হচ্ছে। রাষ্ট্রীয়করণের যে বিধি ব্যবস্থা আমরা সমর্থন করেছিলাম সেই জিনিসটাকে আজ অন্য পথে নিয়ে যাওয়ার একটা সূচনা এর ভিতর থেকে পরিষ্কার দেখা যাচ্ছে। সেইজন্য আমি মনে করি বিলটাকে সার্কুলেশনে দেওয়া উচিত।

Shri Sunil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1959.

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি এই বিলটা সার্কুলেশনে দিতে বলছি। বিলটাকে সার্কুলেশনে দিতে বলার কারণ হল এই যে এই বিলটা আনবার সময় মুখ্যমন্ত্রী মহাশয় যে সমস্ত তথ্য আমাদের সামনে উপস্থাপিত করেছেন তাতে বিলের উদ্দেশ্য সম্পূর্ণ সুস্পষ্ট হয় নি। তা ছাড়াও বিলের ভেতরে এমন অনেক বিধান থাকা উচিত ছিল যেগুলি আমরা পাচ্ছি না। প্রথম . . হল, এই [illegible] ।র্ট কর্পোরেশন অ্যাক্ট, ১৯৫০, সালের যে সেন্ট্রাল অ্যাক্ট সেই সেন্ট্রাল

অ্যাক্টের সেকশন ১, সাবসেকশন ৩ অনুযায়ী বলা ছিল যে কেন্দ্রীয় সরকার গেজেট অব ইন্ডিয়ায় প্রকাশিত করবেন কোন স্টেটে কবে এই আইনটা চালু হবে, কোন স্টেট করে এই আইনটার আওতায় আসবে এবং সেই অনুযায়ী ১৯৫২ সালে তারা একথা জানিয়েছিলেন যে ১৯৫৩ সালের ২রা মার্চ থেকে পশ্চিমবাংলায় রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন অ্যাক্ট চালু হল অর্থাৎ পশ্চিমবাংলা এই অ্যাক্টের আওতায় এল। তারপর আজকে ৬ বৎসর অতিক্রান্ত হল, এই ৬ বৎসরের ভেতর সরকার কোন সিদ্ধান্তে আসতে পারলেন না কিম্বা স্টেট আন্ডারটেকিং থেকে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন আমাদের পরিবহণ ব্যবস্থার রূপান্তরের প্রয়োজনীয়তা বোধ করলে না। আমার প্রথম জিজ্ঞাসা হল এই যে আজকে ৬ বৎসর পরে কি বিশেষ কারণে এই সিদ্ধান্তে এসে উপনীত হলেন? গত অ্যাসেমব্লীর বাজেট সেসনে যখন ট্রান্সপোর্ট বাজেটের উপর আলোচনা হচ্ছিল সেই সময় আমি এই প্রসঙ্গ উত্থাপন করেছিলাম যে স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিংটা একটা ট্রান্সপোর্ট মিনিস্টারের হাতে দেওয়া হোক, যেমন উত্তরপ্রদেশে একটা ট্রান্সপোর্ট মিনিস্টারের হাতে স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিংটা দেয়া আছে। অবশ্য বোম্বে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন আজ প্রায় ১০ বছর যাবৎ প্রতিষ্ঠিত হয়েছে এবং এটা অবিসম্বাদী সত্য যে বোম্বে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন অত্যন্ত এফিসিয়েন্টলী বোম্বে স্টেট ট্রান্সপোর্টকে পরিচালনা করছেন এবং বোম্বে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন থেকে বিভিন্ন রাজ্য পরিবহণ ব্যবস্থা ব্যাপারে শিক্ষা দিতে পারেন। বোম্বে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কথা আলোচনা প্রসঙ্গে একথা স্বভাবতঃই মনে আসে যে সেকশন ৩ অনুযায়ী আজকে যে ট্রান্সপোর্ট কর্পোরেশন এখানে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে তাতে আরো প্রাসঙ্গিক বিধান কেন দেওয়া হয় নি? সেন্ট্রাল অ্যাক্টের সেকশন ৩-তে বলা হয়েছে

"State Government having regard to (a) the advantages offered to the public, trade and industry by the development of road transport; (b) the desirability of co-ordinating any form of road transport with any other form of transport; (c) the desirability of extending and improving the facilities for road transport in any area and for providing an efficient and economical system of road transport service therein, may by notification in the official gazette establish a Road Transport Corporation for the whole or any part of the State under such name as may be specified in the notification."

এবং সেকশন ৩, সাব-সেকশন সি-তে যে কথা বলা হচ্ছে সেদিকে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বলা হয়েছে

providing an efficient and economical system of State Transport Service therein.

যে দুটো শর্ত দেয়া হয়েছে সেকশন ৩(এ) এবং (বি) সেই শর্তগুলি আজকে যে রোড ট্রান্সপোর্ট বিল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন সেই বিলে আরোপ করা যায় না যদি সেকশন ৩র সাব-সেকশন সি আরোপ করতে হয় এবং সি-র যে অংশে বলা হয়েছে

providing an efficient and economical system of road transport service therein.

এই শর্ত যদি আরোপ করতে হয় তাহলে সেকথা স্পষ্টভাবে বলুন। আজকে এই বিল আনবার সময় মাননীয় মুখ্যমন্ত্রী সেকথা বলেন নি। তিনি বলছেন সেন্ট্রালের একটা চাপ রয়েছে। আজকে যদি তিনি একথাও বলেন যে ইকনমিক্যালি অ্যান্ড এফিসিয়েন্টলি রোড ট্রান্সপোর্ট সিস্টেম প্রাইভেট করবার জন্য এই বিল এনেছেন তাহলে আমরা তার একটা মানে বুঝি যে আমরা প্রতি বছর এই হাউসে ট্রান্সপোর্ট আন্ডারটেকিং সম্বন্ধে যেসমস্ত অভিযোগ উত্থাপন করেছি সেই অভিযোগগুলি আমাদের পশ্চিমবঙ্গ সরকার স্বীকার করে নিচ্ছেন, কিন্তু সেকথা তিনি বলছেন না। সঙ্গে সঙ্গে আমি বলবো এই যে ট্রান্সপোর্ট কর্পোরেশন বিলটা তিনি উত্থাপন করেছেন সেই বিলের যে ফাইনান্সিয়াল স্ট্রাকচার—সেই ফাইনান্সিয়াল স্ট্রাকচার সম্বন্ধে তিনি স্পষ্টভাবে কিছু বললেন না। আমি যতটুকু জানি ইনকাম ট্যাক্স সম্পর্কে একটা প্রশ্ন উঠেছে এবং কেন্দ্রীয় সরকার বলছেন যে তোমাদের ইনকাম ট্যাক্স দিতে হবে। এঁরা স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিং করে ইনকাম ট্যাক্সের আওতা থেকে এই স্টেট ট্রান্সপোর্ট ব্যবস্থাপনাকে দূরে রাখবার চেষ্টা করেছিলেন—তার কারণ হোল এই যে এতকাল স্টেট ট্রান্সপোর্ট কোন বিজনেস প্রিন্সিপল অনুযায়ী পরিচালিত হচ্ছিল না যার জন্য বার বার এই হাউসে অভিযোগ উত্থাপিত হয়েছে।

যে-কটা কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়েছে, আমি বিশেষ করে বোম্বে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কথা বলবো যে তারা কোন ট্যাক্স থেকে অব্যাহতি পান নি, রেহাই পান নি। এবং তাঁদের ব্যবস্থাপনা অনেক ভাল।

[5-35—5-45 p.m.]

এটা একটা কারণ কি না, যে ইনকাম ট্যাক্স-এর আওতা থেকে কেন্দ্রীয় সরকার স্টেট ট্রান্সপোর্ট-এর আন্ডারটেকিংকে বাইরে রাখতে দেবেন না, এবং তাঁরা বারবার চাপ দিচ্ছেন সেন্ট্রাল অ্যাক্টএর সেকশন ২২ অনুযায়ী বিজিনেস প্রিন্সিপল অনুসারে তোমরা আন্ডারটেকিং চালাও? এইভাবে তাঁরা চাপ দিচ্ছেন কি না? সেকশন (২২)-তে বলা হচ্ছে

it shall be the general principle of a corporation that in carrying its undertakings it shall act on business principle.

এতকাল স্টেট ট্রান্সপোর্ট-এর আন্ডারটেকিং এই বিজিনেস প্রিন্সিপলএর ধার দিয়েও যান নি। আজকে এই চাপ পশ্চিমবঙ্গ সরকারের উপর কেন্দ্রীয় সরকারের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট থেকে এবং ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে এসেছে কি না, যে তোমরা টাকা স্কোয়ান্ডারিং করছো, বিজিনেস প্রিন্সিপল অনুযায়ী পরিবহণ প্রথা তোমরা পরিচালনা করছো না; যার ফলে তোমরা এতদিন পর্যন্ত ইনকাম ট্যাক্সের আওতা থেকে, ইনকাম ট্যাক্স ফাঁকী দিয়ে আসছো? এই ব্যবস্থা আর থাকতে দেবো না, তোমাদের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন করতে হবে এবং অন্যান্য কর্পোরেশন যেমন বিজিনেস প্রিন্সিপল অনুযায়ী ব্যবসা পরিচালনা করেন সেইভাবে আপনাদেরও ব্যবসা পরিচালনা করে সমস্ত ট্যাক্সের দায়িত্ব গ্রহণ করতে হবে, এবং কেন্দ্রীয় সরকারের যে পাওনা ট্যাক্স তার ১৬ আনা দিতে হবে। আজকে এইটাই মূল কারণ কি না, সেটা আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে স্পষ্টভাবে এই হাউসে জানাতে বলছি।

তারপর আর একটা কথা বলবো এফিসিয়েন্ট অ্যান্ড ইকনমিক্যাল সিসটেম অব ট্রান্সপোর্ট সারভিস বলা হল। সেখানে সেকশন (৩), সাব-সেকশন (সি)-তে যা লেখা আছে, তাতে করে কি আমরা এই কথাই বুঝবো যে ভাড়া আর বাড়বে না? ভাড়া বা ফেয়ার সম্বন্ধে স্পষ্ট করে বিলে কিছু লেখা নেই। আপনি বলতে পারেন এটা রুলসএর ব্যাপার, এখানে ডিটেলস দেবার দরকার নেই। কিন্তু এর মধ্যে একটা প্রিন্সিপল ইনভলভড আছে। যেমন ১৯৫০ সালের অ্যাক্টের নীতি ঘোষণা করা হয়েছে এবং তাতে বলা হয়েছে ইকনমিক্যাল অ্যান্ড এফিসিয়েন্ট সিসটেম অব ট্রান্সপোর্ট, এবং রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন অ্যাক্টএ সেই প্রোভিশন বা ব্যবস্থাই থাকছে। তাহলে তা থেকে আমরা স্বভাবতঃই বুঝবো যে বর্তমানে আমরা যে ভাড়া দিচ্ছি, সেই ভাড়ার চেয়ে বেশী করা হবে না। সেকশন ৩, সাব-সেকশন (সি)-তে ফেয়ার সম্বন্ধে সেরকম কোন প্রভিশন নেই। সেখানে যেভাবে কথাগুলি অনুচ্চারিত রয়েছে তা থেকে আমরা সেকশন ৩(সি)এর ব্যাখ্যা এই-ভাবেই করতে পারি। সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই ফেয়ার বাড়ান হবে কি না? এবং ফেয়ার সম্বন্ধে সেকশন ৩, সাব-সেকশন (সি) পুরোপুরি কমপ্লায়েন্স হবে কি না?

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে—আমি মূল আইনের সেকশন ৫(১)এর দিকে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—তিনি বিলের সেকশন ৪৭(এ)এর পর নূতন একটা সেকশন জুড়েছেন, এবং মূল আইনকে এইভাবে সংশোধিত করেছেন। আমি বলবো তিনি সেকশন (৫)(১)-কে কেন সংশোধন করছেন না?

Mr. Deputy Speaker:

আপনি এ সম্বন্ধে পরে, ক্লজ (৩) যখন আসবে, তার উপর বলবেন। এখন আপনি সাধারণ-ভাবে বিলের আলোচনা করুন।

Sj. Sunil Das:

আমি ক্লজে যাচ্ছি না। আমি বিলের নীতি ইনানসিয়েট করে বলছি, ক্লজ সম্বন্ধে বলছি না। আমি বলছি কনস্টিটিউশন অব বোর্ড সম্পর্কে। বোর্ডের গঠনপ্রণালী কি হবে সেটা মূল আইনে

বলা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর সংশোধিত বিলে এই কথা বলছেন না কেন, যে নন-অফিসিয়াল সেখানে থাকবে এবং সেই নন-অফিসিয়ালদের সংখ্যাও তিনি বলে দিতে পারতেন। কিন্তু সেকথা তিনি বলছেন না। এই হাউসএ আশংকা প্রকাশ করা হয়েছে যে যারা ক্যাপিটালিস্ট তারা এই বিলের আড়াল দিয়ে স্টেট ট্রান্সপোর্টকে তাদের কুক্ষিগত করবেন এবং নানাভাবে নিজেদের লাভ করবার চেষ্টা করবেন। সেই যে আশংকা তা দূর করবার জন্য মুখ্যমন্ত্রী এখানে বলতে পারেন আমরা সেকশন ৫(১) সংশোধিত করে এইটুকু জুড়ে দিচ্ছি যে নন-অফিসিয়ালস এই বোর্ডএ থাকতে পারবে। সেকথা তিনি কেন বলছেন না? তার পর দেখছি মূল আইনের সেকশন ১৭-এতে অ্যাডভাইসরি কাউন্সিলএর কথা বলা হয়েছে—সেখানে কেন নন-অফিসিয়াল রাখা হবে সেকথা বলা হচ্ছে না? সেকশন ২৩ যেটা সেখানে ক্যাপিটাল স্ট্রাকচার-এর কথা বলা হয়েছে। এ পর্যন্ত যে সমস্ত কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়েছে তাদের জন্য রাজ্য সরকার শতকরা ৭৫ ভাগ এবং কেন্দ্রীয় সরকারের রেলওয়ে ডিপার্টমেন্ট শতকরা ২৫ ভাগ মূলধনের ব্যবস্থা করে দেন। আজকে যে কর্পোরেশন প্রতিষ্ঠিত হবে তার ক্যাপিটাল স্ট্রাকচার কি হবে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক বক্তৃতায় কিছু বলেন নি—বিলেও কিছু বলেন নি। সে সম্বন্ধে আমরা জানতে চাইছি যে ক্যাপিটাল স্ট্রাকচারটা কি হবে।

এবার আমি বোম্বে রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনএর দিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে সেই কর্পোরেশনএর গঠন সম্পর্কে তাঁকে দেখতে বলি। বোম্বে কর্পোরেশনএ বর্তমানে ১১ জন সভ্য আছেন তার মধ্যে ৫ জন অফিসিয়াল এবং ৬ জন নন-অফিসিয়াল, আজকে আমরা কি পশ্চিমবাংলায় যে কর্পোরেশন গঠিত হবে সেখানে এই আশা করতে পারি যে পশ্চিমবঙ্গ-সরকার সাহস করে নন-অফিসিয়াল মেজরিটি রাখবেন? আমরা তা আশা করতে পারি না, কারণ, পূর্ব থেকে এই সরকারের কার্যকলাপ যা দেখে আসছি তাতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে এ জিনিস হওয়া সম্পর্কে। বোম্বে কর্পোরেশন সম্পর্কে যদিও আইনে একথা অনুচ্চারিত আছে যে কতজন নন-অফিসিয়াল মেম্বার হবে এবং অফিসিয়াল বা কত হবে, তবুও কার্যতঃ তাঁরা ৬ জন নন-অফিসিয়াল রেখেছেন, ৫ জন অফিসিয়াল রেখেছেন। তা ছাড়া বোম্বে কর্পোরেশনের আরও একটি বৈশিষ্ট্যের দিকে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। ডাঃ আনন্দ কুমার মুরদেশ্বর তাঁর অ্যাডমিনিস্ট্রেটিভ প্রব্লেম রিলেটিং টু ন্যাশনালাইজেশন বইয়ের ২২৪ পৃষ্ঠায় বলেছেন—

"Alone among corporations set up in India so far, the Bombay State Road Transport Corporation is organised on functional basis with an Executive Committee of exclusively official members inset into a wider Policy Board including the non-official members though this is an ideal arrangement for a nationalised industry involving such a highly technical work as transport. We feel that some of the non-official members should have been included in the Executive Committee".

আমার বক্তব্য হল এই যে, যদি বোম্বে কর্পোরেশনএর যে সেট আপ তার মধ্যে নন-অফিসিয়াল প্রভাব যতটা ততটা পশ্চিমবঙ্গ সরকার এই কর্পোরেশনের ক্ষেত্রে কবুল করতে পারেন তাহলে আমরা বলব এই স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনএর পিছনে সরকারের সদিচ্ছা আছে। তাঁরা যদি কনজুমার পাবলিককে এর সঙ্গে অ্যাসোসিয়েট করতে পারেন এবং একে পুঁজিপতিদের হান্টিং গ্রাউন্ডএ পরিণত করতে না চান তাহলে এই ব্যবস্থা রাখুন। আর একটি প্রশ্ন আমি এখানে উত্থাপন করতে চাই। এই হাউস-এ বিভিন্ন সদস্য বলেছেন যে লেজিসলেচার-এর কতটা অধিকার থাকবে এই স্টেট কর্পোরেশন-এর কার্যকলাপের উপর সেটা কিছুই পরিষ্কার নেই। লেজিসলেচার-এর আওতা থেকে সম্পূর্ণ বাইরে নিয়ে যাওয়া হচ্ছে কি না সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর কি বক্তব্য আছে সেটা সকলে জানতে চান। বিলে সুস্পষ্টভাবে বা অস্পষ্টভাবে কোথাও উল্লেখ নেই যে লেজিসলেচার-এর কোন আওতা এই কর্পোরেশনএর উপর থাকবে।

[5-45—5-55 p.m.]

কারণ বিলে স্পষ্টভাবে কিংবা অস্পষ্টভাবে কোথাও এটা লেখা নাই যে, লেজিসলেচারএর আওতা কিছুমাত্র কর্পোরেশনের উপর থাকবে। আমি আবার মুর্দেশ্বরএর বই

শোনাচ্ছি—২২৫ পাতায় দেখুন—

'As regards ministerial responsibility and parliamentary control over the Corporation, the Corporation has to submit various financial and statistical returns to Government which other public corporations are required to submit. There is also provision in the notification that directions to be given by the State Government in the public interest the Corporation is bound to carry out. As a general rule, the Minister concerns himself only with matters of policy and not of detail. This is a sound practice. The State Transport has never suffered from lack of parliamentary (Assembly) fire and criticism both during the General Debate and at the time when the Annual Budget and Accounts are laid before the Assembly. The Minister has fully identified himself with the policy of the Corporation and has taken full responsibility both in matters of policy and day to day affairs of the Corporation. This is evident from the frankness with which he has answered questions in the Assembly.'

এই যে বোম্বে সরকার যে কনভেনশন তৈরি করছে সেই কনভেনশন পশ্চিম বাংলা তা অনুসরণ করবে—খুব স্পষ্টভাষায় বলতে হয়—আমরা তা আশা করি না, যদি আইনে কোন ব্যবস্থা না থাকে। সুতরাং তিনি এ সম্পর্কে আমাদের অবহিত করুন, তাঁর মনে কি আছে। পার্লিয়ামেন্টারি কন্ট্রোল অর্থাৎ অ্যাসেম্বলির কন্ট্রোল এই কর্পোরেশনের উপর থাকবে কিনা এ সম্বন্ধে তাঁর কি ধারণা সেই সম্পর্কে আমরা স্পষ্ট জবাব চাচ্ছি। বোম্বের যে কনভেনশন সে সম্বন্ধে বললাম। বোম্বের যে সুষ্ঠু কনভেনশন সেটা প্রয়োগ করবেন কিনা—সেটা বিলে কেন রাখবেন না? সেজন্য বিলের ক্ল্যারিফিকেশন চাইছি। সেজনাই বিল সার্কুলেশনএর জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Gopal Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th of February, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার আগে একজন সদস্য এই বিল সম্পর্কে বলেছেন যে, এই বিল সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে উদ্বোধনী ভাষণ দিয়েছেন সেটা দুর্বোধ্য, অনেক কথাই বোঝা যায় না, এর মধ্যে অনেক কথাই নাই, একথাও অনেক সদস্য উল্লেখ করেছেন, যেমন যাত্রীদের অসুবিধার কথা, ভাড়া বাড়বে কিনা এইসব বিষয়গুলির কথা এবং অন্যান্য জিনিসের কথা তাঁরা বলেছেন। কিন্তু আমার মনে হয় এটা দুর্বোধ্য হওয়ার একটা কারণ —এর মধ্যে আর একটা মেথড আছে যেটা ভারতবর্ষের মধ্যে বাংলাদেশেই অ্যাপ্লাই করছে। আপনি জানেন স্যার, বাংলাদেশে একটা ডাইরেক্টরেট অব ইন্ডাস্ট্রি আছে, যারা কোন্ ইন্ডাস্ট্রিকে কি রকম সাহায্য দেওয়া হবে সেই সম্পর্কে তারা যখন স্থির করে তখন ২৫ হাজার টাকা পর্যন্ত ঠিক করে দেন। কিন্তু তার বেশি ইণ্ডাস্ট্রিকে দিতে হ'লে ধার কিংবা ডেভেলপমেন্টএর জন্য দিতে হ'লে তার দায়িত্ব গিয়ে পড়ে আই জি এম এর উপর, বিড়লার উপর, যেখানে প্রেসিডেন্ট, চেয়ারম্যান হচ্ছে বিড়লা, গোয়েংকা, স্যার বীরেন মুখার্জি, জি বসু, এরকম ধরনের বিগ ক্যাপিটালিস্ট বাংলাদেশের, তাদের উপরই ভার দেওয়া হয়েছে। অর্থাৎ বাংলাদেশের কোন শিল্প বাড়বে কি বাড়বে না, উন্নতি হবে কি হবে না, সঙ্গে সঙ্গে স্টেট সেক্টরএ কিভাবে খরচ হবে, বড় বড় ব্যাপারে সেগুলি নির্ধারণ ক'রে দেবে অর্থাৎ আমরা দেখেছি থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান রচনার সময় যারা ভারতবর্ষে একটা লড়াই চলছিল প্রাইভেট সেক্টর বাড়বে কি স্টেট সেক্টর বাড়বে। আমরা সেখানে দেখলাম যে, আজকে প্রাইভেট সেক্টর অত্যন্ত শক্তিশালী হয়েছে, ভেস্টেড ইন্টারেস্ট শক্তিশালী হয়েছে, তা না হ'লে বাংলাদেশে লক্ষ লক্ষ টাকার বিনিময়ে যে সংস্থা গড়ে উঠেছিল সেই সংস্থায় যখন লোকসান ব্যাহত হয়ে লাভ হ'তে চলেছে তখন হঠাৎ একটা কর্পোরেশনএর হাতে দিয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ যে সংস্থা সরকারী টাকায় গড়ে উঠেছে সেটা প্রাইভেট সেক্টরএর ভেস্টেড ইন্টারেস্টএর হাতে দিয়ে মুনাফা করার ব্যবস্থা ক'রে দেওয়া হচ্ছে—অর্থাৎ এই বিলে যে উদ্দেশ্য নিহিত আছে সেটা হ'ল বাংলাদেশের ভেস্টেড ইন্টারেস্টএর স্বার্থকে অক্ষুন্ন রাখা এবং সেই স্বার্থকে আরও এগিয়ে নিয়ে যাওয়া। সুতরাং আমি বলছি, বাংলাদেশের মানুষের কাছে আজ প্রশ্ন এই স্টেটএর জনসাধারণের টাকা খরচ ক'রে সংস্থা গড়ে উঠল সেই সংস্থা কেন আজ একটা কর্পোরেশনএর হাতে দেওয়া

হচ্ছে। এবং যে কর্পোরেশন স্টেটের টাকা খরচ করবে সেই কর্পোরেশনের উপর স্টেট অ্যাসেম্বলি বা লেজিসলেচারএর কোন অধিকার থাকবে না। তার হিসাবপত্র খুঁটিনাটি দেখবার এবং আলোচনা করবার অধিকার লেজিসলেচারএর থাকবে না। অর্থাৎ এই গৌরী সেনের টাকা খরচ হয় এবং বিগ ক্যাপিটালিস্ট যাঁরা তাঁরাই লাভবান হবেন। এখানে বাংলাদেশের প্রধান প্রশ্ন লাভ-লোকসানের নয়, এটা ভালভাবে চলছে কি চলছে না, এটার মধ্যে এফিসিয়েন্সি আছে কি নাই—যদি এফিসিয়েন্সির প্রশ্ন হ'ত তা হ'লে অনেক ডিপার্টমেন্টই আছে যা কর্পোরেশনএর হাতে দিতে হ'ত, কিন্তু সরকার তা দিচ্ছেন না—যখন লাভজনক অবস্থায় এসেছে তখনই কর্পোরেশনএর হাতে দেবার ব্যবস্থা হচ্ছে। আমার মনে হয় বাংলাদেশের মানুষের কাছে আজকে প্রাইভেট সেক্টর যে পাবলিক সেক্টরকে দখল করতে চলেছে, তার একটা নমুনা স্পষ্ট হয়ে উঠল এবং এই কথাটিই বাংলাদেশের মানুষ জানাতে চায়। তাই আমি পাব্লিক ওপিনিয়ন ইলিসিট করার জন্য আরও কিছুদিন অপেক্ষা করতে বলছি এবং এই ব'লে এই বিলের বিরোধিতা করছি।

Shri Pravash Chandra Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th of March, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি নীতির দিক থেকে এবং বাস্তব অবস্থার দিক থেকে এই বিলের বিরোধিতা করছি এবং সেইজন্যই জনমত সংগ্রহের জন্য দাবি করেছি। নীতির দিক থেকে এইজন্য আপত্তি করি যে, আজকে আমরা জানি যে, রাজ্যসরকারের যদি আয় বাড়াতে হয় এবং এখানে কোন গভর্নমেন্টএর আয় বাড়াতে গেলে অন্ততঃ এই ধনবান যারা সরকারে প্রতিষ্ঠিত রয়েছে তারাও শিল্প ও কলকারখানাকে জাতীয়করণ করা দরকার ব'লে মনে করেন। সেইদিক থেকে সরকার আমাদের কাছে যখন স্টেট ট্রান্সপোর্টএর কথা বলেছিলেন, ৬ বৎসর আগে বলেছিলেন যে, রাজ্যসরকারের আয় বাড়াতে হবে সেইজন্য স্টেট ট্রান্সপোর্ট করতে চাই এবং সেই সময় আমরা জানি যে, আমাদের কলকাতার আশপাশে, ছোট ছোট মধ্যবিত্ত পরিবার যারা কলিকাতায় এবং তার আশপাশে বাস চালিয়ে সংসার প্রতিপালন করত এই অবস্থায় তাদের কলিকাতা থেকে, জাতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার নাম ক'রে তাদের কলকাতা থেকে তাড়ানো হ'ল এবং এমন কি কোন বাসের মালিক আজ পর্যন্ত বাস অন্য জায়গায় চালাবার ব্যবস্থা করতে পারে নি। এইভাবে ৬ বৎসর চালিয়ে যখন ধীরে ধীরে স্টেট ট্রান্সপোর্ট ক্রমশ উন্নতির দিকে যেতে আরম্ভ করল এবং উন্নতির দিকে যাতে যায় সেই বিষয় এই রাজ্যসভায় সরকারের কাছে আমরা বিভিন্ন সাজেসশন প্রভৃতি দিয়েছি, একথা ঠিক যে, বাস চালাতে গিয়ে প্রথমে সরকারের বহু টাকা লোকসান হ'ত, এইজন্য আমরা সমালোচনা করেছি। এই বাস পরিচালনার ব্যাপারে ঘোরতর দুর্নীতি ছিল তার বিরুদ্ধে প্রতিবাদ করেছি এবং সে সম্পর্কে যে সরকারী কর্মচারী প্রভৃতির যে মাইনের অব্যবস্থা ছিল সে সম্বন্ধে প্রতিবাদ করেছি এবং সংগে সংগে একথাও সমর্থন করেছি যে, বাসের আমরা উন্নতি চাই এবং এটাকে দ্রুত লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার চেষ্টা করা হোক, যেভাবে দুর্নীতি দমন করতে পারলে লাভ হবে সেই ব্যবস্থা করা হোক, ধীরে ধীরে লোকসানের পালা চলে গিয়ে লাভের অবস্থায় এসে পড়ল অর্থাৎ এক কথায় বলিতে গেলে বলতে হয় ফলে ফুলে শোভিত হবার অবস্থায় এসে পৌঁছাল তখন এই সরকার ও বিধানবাবু আজকে ফলসমেত সেই বৃক্ষকে ব্যক্তিগত মালিকানার হাতে তুলে দেবার চেষ্টা করছেন। এইটাই আমাদের নীতির দিক থেকে মূল আপত্তি এবং শুধু তাই নয়, এর মধ্যে আমরা ঘোরতর সন্দেহ পোষণ করছি যে, বাংলাদেশের মুষ্টিমেয় ধনিক—সরকার যার মধ্যে কোটি কোটি টাকা নিয়োগ ক'রে লাভজনক অবস্থায় যাকে নিয়ে এসেছেন, এই রকম অবস্থা তৈরি করেছেন—তাঁরা যাতে এর ফল লাভ করতে পারে তার জন্য ডাঃ রায় আজকে কর্পোরেশনএর ব্যবস্থা করছেন।

[5-55—6-5 p.m.]

এইসব দিক থেকে আমি এই বিলের প্রতিবাদ করি। সংগে সংগে আমাদের আরও সন্দেহ হচ্ছে, তার কারণ আজ যদি ডাঃ রায় বলতেন যে, সব বাস কলকাতা থেকে সরিয়ে দিয়ে অন্যস্থানে পাঠিয়ে দিয়েছেন তাদের মালিকদের নিয়ে যদি কর্পোরেশন গঠন করতেন কিংবা

তাদের হাতে দিয়ে যদি কর্পোরেশন করতেন তা হ'লে ন্যায়সঙ্গত হ'ত কিন্তু তা তিনি করছেন না। তারপর যেসমস্ত কর্মচারী আছে তাদের বিনা কারণে চাকরি গেলেও আমরা তার কোন প্রতিবাদ করতে পারব না, অথচ সরকারের হাতে থাকলে আমরা সে বিষয় নিয়ে আলোচনা করতে পারতাম। এবং কোন বিষয় নিয়ে অন্যায় হ'লে আমরা তার প্রতিবাদ এখানে করতে পারতাম। বিশেষ ক'রে যখন সরকার আজ বাস থেকে লাভ করছেন সেই সময় মুষ্টিমেয় কয়েকজন ধনিকের হাতে তুলে দিচ্ছেন। যে বিষয় নিয়ে বিধানসভার সভ্যরা খবরদারি করতে পারবেন না বা কৈফিয়ৎ নেবার অধিকারও থাকবে না। এই কর্পোরেশনএর মধ্যে নন-অফিসিয়াল মেম্বার থাকবে কিনা সে বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে উল্লেখ পর্যন্ত করেন নি। এই জিনিসগুলি আমাদের কাছে পরিষ্কারভাবে রাখা উচিত। এই সমস্ত বিষয় খোলাখুলি-ভাবে তিনি আমাদের বলবেন ব'লে আশা করি। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Suhrid Mullick Chowdhury:

মিঃ ডেপুটি স্পীকার মহোদয়, মুখ্যমন্ত্রী তাঁর প্রথম স্টেটমেন্টএ যে বক্তৃতা দিয়েছেন তাতে কতগুলি জিনিস পরিষ্কার হয় নি। আমরা সেগুলি তাঁর কাছ থেকে জানতে চাই। স্টেট ট্রান্সপোর্টএর যে মূল অ্যাক্ট আছে তার পঞ্চম সেকসনএর ৩নং ধারায় আছে

rules made under this Act shall provide for the representation both of the Central Government and of the State Government concerned in the Corporation in such proportion as may be agreed to by both the Governments and of nomination by each Government of its own representatives therein and where the capital of a corporation is raised by the issue of shares to other parties under sub-section (3) of section 23, provision shall also be made for the representation of such shareholders in the Corporation and the manner in which the representatives shall be elected by such shareholders.

এখানে দেখা যাচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্টএর মনোনীত প্রতিনিধি থাকবেন। কিন্তু, তারপর আর একটা কথা আছে. এতে শেয়ার হোল্ডারদের অধিকার থাকছে—তাঁরা এখানে তাঁদের প্রতিনিধি পাঠাবেন। সেকসন ২৩এর সাব-সেকসনএর প্রতি আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। এখানে অথরাইজ্‌ড ক্যাপিটালএর কথা আছে, তাতে বোধ-হয় তাঁদের প্রতিনিধি এখানে রাখতে হবে। সেজন্যই আমার প্রশ্ন তাঁর কাছে, যদি বাইরে শেয়ার বিক্রি করা হয়, বিক্রি করা হবে কিনা সেটা তিনিই জানেন—কারণ যদি টাকার দরকার হয় তা হ'লে শেয়ার বিক্রি করা হবে—আমি তাঁর কাছে জানতে চাই বিক্রি করা হবে কি না—যদি বিক্রি করা হয় শেয়ারহোল্ডারদের থেকে ডাইরেক্টর বোর্ডএ ডাইরেক্টর নেওয়া হবে কিনা—এই সঙ্গে আমার আরও একটা বিষয় জানবার আছে। সেটা হচ্ছে, এই শেয়ার কাদের বিক্রি করা হবে। এ সম্বন্ধে তিনি কি ভেবেছেন, সেটা যদি আমাদের কাছে বলেন তা হলে ভাল হয়। শেয়ারহোল্ডারদের সম্পর্কে কোনরকম ব্যবস্থা করা হ'লে সেটা কি মনোনয়ন অথবা নির্বাচনের মাধ্যমে হবে এ বিষয়টাও আশা করি মুখ্যমন্ত্রী আমাদের বলবেন। বাজেট সম্পর্কে তিনি বলেছেন যে, এখানে বাজেট উপস্থিত করা হবে, কিন্তু ৩২ পাতার প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি—সেখানে আছে

"Every Corporation shall by such date in each year, as may be prescribed, prepare and submit to the State Government for approval a budget for the next financial year showing estimate of receipts."

তা হলে দেখা যায়, টাকার প্রয়োজন হ'লে বাজেটটা আমাদের সামনে রাখা হবে। তরপর বরোয়িং পাওয়ার সম্পর্কে আমি জানতে চাচ্ছি, কর্পোরেশনএর জন্য কত টাকা বরো করতে হবে এবং কেনই বা বরো করতে হবে। তারপর হচ্ছে শ্রমিকদের সম্পর্কে একটা পে কমিটি হয়েছে. ফাইনান্স ডিপার্টমেন্ট যে রেজলিউশন নিয়েছেন—ক্যালকাটা গেজেটএ যেটা ১৭ই নবেম্বর বেরিয়েছে—তাতে দেখা যাচ্ছে যে,

"Shri B. B. Das Gupta, Chairman, Public Service Commission, West Bengal, Chairman; তিনি এবং চেয়ারম্যান

Shri N. K. Siddhanta, Vice-Chancellor, Calcutta University, Member; Shri D. Ghosh, Member, Programme, Evaluation Board, New Delhi; Secretary, Shri P. Banerji, Special Officer and Deputy Secretary, Finance Department."

এ'দের নিয়ে স্টেট পে কমিটি করা হয়েছে। এই কমিটি সমস্ত সরকারী কর্মচারীদের সম্পর্কে তাঁদের সাজেসশন ও রেকমেন্ডেশন গভর্নমেন্টের কাছে উপস্থিত করবেন। সুতরাং এখানে বক্তব্য হচ্ছে, শ্রমিক ও অন্যান্য সরকারী কর্মচারীরা—যারা এর সুযোগ পেতে পারত তারা এখন এই সুযোগ পাবে কিনা। যারা গত ১১ বৎসর ধ'রে প্রাণপাত পরিশ্রম করেছে সরকারী পরিবহণ ব্যবস্থার আমলে তারা কর্পোরেশনএর আমলে পে কমিটির সুপারিশের সুযোগ পাবে কিনা—তাঁদের সম্পর্কে একটি ব্যবস্থা এর ভিতর থাকা উচিত ব'লে আমি মনে করি। বর্তমান পরিচালন ব্যবস্থাধীনে কিছুসংখ্যক কর্মচারী কিছুকাল আগে বরখাস্ত হয়েছিলেন সার্ভিস কন্ডাক্ট রুলস অনুযায়ী, তাঁরা যাতে পুনর্নিযুক্ত হন তার ব্যবস্থা কর্পোরেশনের অধীনে করা উচিত। এর পর আমি আসছি পরিচালন ব্যবস্থায়—বর্তমানে ৬০০টি বাস চলে, কিন্তু প্রায়ই দেখা যায়, রাস্তার মধ্যে বাসগুলি ব'সে থাকে—এটা নিত্যনৈমিত্তিক ঘটনা।,

(At this stage the light was lit.)

মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন, পরিচালনাই কথাপ্রসঙ্গে যে, এ সম্পর্কে একটা সন্দেহ রয়ে গিয়েছে, তাই আমি বলতে চাই কর্পোরেশন গঠিত হবার পরও যাতে এই ধরনের ঘটনার পুনরবৃত্তি না হয় সেদিকে যেন লক্ষ্য দেন।

[6-5—6-15 p.m.]

আপনাদের পরিচালন ব্যবস্থা সম্পর্কে আমি একটু বলতে চাই। আমরা সাধারণত দেখছি যে, ৬০০টা বাস রুটে চলে, কিন্তু এর মধ্যে প্রায় দেখতে পাই যে, ৩-৪খানা ক'রে বাস এক এক জায়গায় নষ্ট হয়ে পড়ে রয়েছে। সুতরাং যাঁরা কর্পোরেশনে থাকবেন তাঁরা সেদিকে যাতে লক্ষ্য রাখেন সেজন্য আমি এসব বলছি।

Sj. Satyendra Narayan Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এখানে বিল উত্থাপন ক'রে যে বক্তৃতা দিয়েছেন আমি এখানে উপস্থিত ছিলাম না ব'লে তা শুনতে পাই নি। তবে তার স্টেট অব অবজেক্টস অ্যান্ড রিজনসএ যা বলেছেন তা খুবই সংক্ষিপ্ত এবং এ প্রসঙ্গে বিভিন্ন সভ্যরা যা বলেছেন তাতে বোঝা যাচ্ছে যে, মুখ্যমন্ত্রী মহাশয় এ সম্বন্ধে বিশেষ কিছুই বলেন নি এবং অনেক জিনিসের উপরেই আলোকপাত করেন নি। এখানে আলোচনাপ্রসঙ্গে কয়েকজন সভ্য বেশ জোরের সঙ্গে প্রশ্ন তুলেছেন যে, এই অটোনমাস বডির পরিচালনার ভার বড় বড় পুঁজিপতিদের হাতে তুলে দেওয়া হবে। আমি মনে করি তাদের এই সন্দেহটা সঙ্গত। কেননা গভর্নমেন্ট লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন এবং এয়ার লাইনস কর্পোরেশন গঠন করার বেলায় যে নীতি গ্রহণ করেছেন এবং সম্প্রতি তাঁদের যে ঝোঁক দেখা যাচ্ছে, তা দেখে এ সন্দেহ হওয়া সঙ্গত। যা হোক, আমি সে বিষয়ের পুনরাবৃত্তি না ক'রে অন্য বিষয় বলতে চাই। অটোনমাস কর্পোরেশন করার সম্বন্ধে দু-একজন সভ্য যা বলেছেন—যে আইন দ্বারা আজ কর্পোরেশন করা হচ্ছে সে আইন পাশ হয়েছে আজ প্রায় ৭ বৎসর হ'ল এবং কেন্দ্রীয় সরকারও এই আইন পশ্চিম বাংলায় প্রয়োগ হ'ল ব'লে ৬ বৎসর পূর্বে ঘোষণা করেছেন। আজ এতদিন পরে এ'রা কর্পোরেশন করতে যাচ্ছেন এবং এর কারণ হিসাবে মুখ্যমন্ত্রী বলেছেন যে, কেন্দ্রীয় সরকার চাপ দিচ্ছেন কিন্তু কেন চাপ দিচ্ছেন সে সম্বন্ধে এখানে প্রশ্ন উঠতে পারে। এ ছাড়াও এই অটোনমাস কর্পোরেশন করার ব্যাপারে আর একটা প্রশ্নও বড় হয়ে উঠেছে এবং যা অনেক বক্তার বক্তৃতার মধ্যে রয়েছে যে, এই কর্পোরেশনএর কার্যকলাপের উপর আইন-সভার কোন এক্তিয়ার থাকবে না এবং এর ফলে এটা সম্পূর্ণভাবে আমলাতন্ত্র এবং বড় বড় পুঁজিপতিদের কুক্ষিগত হয়ে যাবে। আমি মনে করি এই গুরুত্বপূর্ণ ব্যাপারে প্রশ্ন ওঠা স্বাভাবিক, তবে সেই প্রশ্নের নিরসন মুখ্যমন্ত্রী কিভাবে করবেন তা জানি না। তবে বিলে যা রয়েছে তার মধ্যে দিয়ে এই প্রশ্নের নিরসন হওয়ার কোন সম্ভাবনা দেখছি না। যে প্রশ্ন উঠেছে তা আলোচনা হওয়ার আগে আমি আরেকটা কথা বলতে চাই যে, এই বিল আমরা পেয়েছি গত বুধবার এবং এ সম্বন্ধে আলোচনা হচ্ছে আজ সোমবার। কাজেই অত্যন্ত

অল্প সময়ের মধ্যে যখন এরকম একটা অটোনমাস বডি বা রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন করতে যাচ্ছেন যার সাথে শুধু একটা বডি করার প্রশ্নই জড়িত নয় তখন এর সামগ্রিক পলিসি এবং ডেভেলপমেন্টএর পলিসির ব্যাপার এই আইনসভায় আলোচনা করার প্রয়োজন আছে। কিন্তু মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন কি নীতি নিয়ে কাজ করবে সে সম্বন্ধে কিছু বলেন নি অথচ সেই নীতিগুলি এখানে আলোচনা হওয়া বিশেষ প্রয়োজন। তবে এক কথায় তিনি হয়ত বলতে পারেন যে, এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের যে নীতি আছে এবং বিভিন্ন রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনএর সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার যে নীতি নির্ধারণ করেছে সেই অনুযায়ী এঁরা কাজ করবেন। অবশ্য সেকথা যদি তিনি বলেন, তা হলেও আমার প্রশ্ন যে, কেন্দ্রীয় সরকারের সেই নীতি বা রোড ট্রান্সপোর্ট রিঅরগানাইজেশন কমিটি যাঁরা কিছুদিন আগে সমস্ত জিনিসগুলো বিবেচনা করেছিলেন তাঁদের সেই সুপারিশ, অভিজ্ঞতা প্রভৃতি আমাদের পশ্চিম বাংলার ক্ষেত্রে কিভাবে সরকার প্রয়োগ করতে যাচ্ছেন সে সম্বন্ধে আমরা নিশ্চয়ই মুখ্যমন্ত্রীর কাছ থেকে কিছু শোনবার প্রত্যাশা করতে পারি বা আলোচনার দাবি করতে পারি এবং সে দাবি আসছে এইজন্য যে, যেভাবে এই বডি তৈরি হতে যাচ্ছে তার সাথে জনসাধারণের কিভাবে যোগ থাকবে তার কোন নির্দেশ এই বিলে নেই। কিন্তু রোড ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট ব্যাপারে যে জনসাধারণের যোগ থাকা উচিত এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই। তারপর বিশেষজ্ঞদের কথা যদি বলি তা হলে আমি বলব যে এ সম্বন্ধে ১৯৫০ সালে মোটর ভেহিকল ট্যাক্সেশন কমিটি বিভিন্ন দেশের জিনিস নিয়ে আলোচনা করে যে সুপারিশ করেছিল তার মধ্যে একটা জিনিস ছিল যে, রোড ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট বা ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট ব্যাপারে যারা ভেরিয়াস ফরমস অব ট্রান্সপোর্ট ব্যবহার করে অর্থাৎ কৃষি, শিল্প, ব্যবসা তাদের সংগে
road, service, conditions of carriage and all other economic aspects of the problem
প্রভৃতি নিয়ে আলোচনা করা উচিত। কিন্তু সেই আলোচনা করার কি ব্যবস্থা এই বিলে তার কোন হদিশ পাচ্ছি না। বরং আমরা দেখতে পাচ্ছি যে, জনসাধারণের প্রতিনিধি হিসেবে এই রোড ট্রান্সপোর্ট বা তার সঙ্গে যাদের স্বার্থ জড়িত রয়েছে তাদের সম্বন্ধে প্রশ্ন বা মতামত জানাবার যে সুযোগ এই আইনসভায় আমরা পেতাম তা খর্ব্ব হতে যাচ্ছে। আমাদের দেশের ট্রান্সপোর্ট পলিসি নিয়ে বিধানসভায় এর পূর্বে কত আলোচনা হয়েছে জানি না তবে গত ৩ বৎসরে এ সম্বন্ধে খুব বেশি আলোচনা হয় নি। তবে পশ্চিমবাংলার জনসাধারণের বিশেষ সমস্যা এবং বিশেষ অবস্থাকে ভিত্তি করে এখানে এই বিলের বিশেষভাবে আলোচনা হওয়া প্রয়োজন। কেননা ট্রান্সপোর্ট সম্বন্ধে জাতীয় পলিসি বলে কেন্দ্রীয় সরকার যেটা বলেন তার মূল কথা হ'ল রোড, রেল ও রিভার ট্রান্সপোর্ট এই তিনটির ভিতরে একটা সমন্বয়সাধন করা। কিন্তু বিভিন্ন বিশেষজ্ঞ কমিটি যে তদন্ত করেছেন তাতে দেখা যায় যে, আজ পর্যন্ত সেরকম সমন্বয়সাধন হয়ে ওঠে নি। আমাদের এই প্রদেশের কতগুলি জায়গা বিশেষ করে উত্তরবঙ্গ যোগাযোগের দিক দিয়ে একেবারে বিচ্ছিন্ন হওয়ার ফলে সেখানে বহু সমস্যা উপস্থিত হয়েছে এবং তার ফলে একটা বিরাট অঞ্চলের অর্থনৈতিক বিকাশ বাধাপ্রাপ্ত হচ্ছে। কাজেই কিভাবে সেইসব অঞ্চলের উন্নতি করা যায় এবং কিভাবে ঐ ৩টি ফরম অব ট্রান্সপোর্টএর সমন্বয়সাধন করা যায় সে সম্বন্ধে একটা কংক্রিট আলোচনা হওয়ার প্রয়োজন ছিল।

[6-15—6-25 p.m.]

সেই আলোচনা আমরা করতে পারছি না, কারণ সে সম্পর্কে বিশেষ অধ্যয়ন করতে পারি নি। যদি এটার জন্য আমাদের যথেষ্ট সময় দেওয়া হ'ত এবং মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর আলোচনার একটা বিস্তৃত কাঠামো দিতেন তা হলে সেই কাঠামো থেকে সেই সমস্যাগুলি আমরা স্বচ্ছন্দে অধ্যয়ন করতে পারতাম। যে রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনএর কথা হ'তে যাচ্ছে তার বিভিন্ন কর্তব্যের ভেতরে সেখানে কেন্দ্রীয় আইনের একটা কর্তব্য বলে দেওয়া হয়েছে যে,
"It shall be the general duty of a corporation so to exercise its power as progressively to provide or secure or promote the promotion of an efficient, adequate and economical and properly coordinated system of road transport services in the State or part of the State for which it is established or in any extended area.

কাজেই কর্পোরেশন গঠন করতে যাওয়া হচ্ছে, তার হাতে ব্যাপক ক্ষমতা দেওয়া হচ্ছে। কর্পোরেশন গঠিত হওয়ার পর তার কার্যকলাপ সম্বন্ধে বলবার বিশেষ অধিকার, তাদের নিয়ে আলোচনা করবার অধিকার এই বিধানসভার থাকবে না। আজকে সেই কর্পোরেশন গঠন করতে যাওয়ার সময় তাদের কি কি করা উচিত, কোন্‌খানে কিভাবে রোড ট্রান্সপোর্টের বিকাশ করা উচিত সে সম্বন্ধে আলোচনা করার বিশেষ সুযোগ আমরা এখানে পাচ্ছি না বা মুখ্যমন্ত্রী মহাশয় সেটা আমাদের বলছেন না। আমরা যেটা বললাম যে, উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চলে যেখানে একথা আমরা বলতে পারি যে, রোড ট্রান্সপোর্টের উন্নতি, তার যথেষ্ট বিকাশের শুধু অবকাশ আছে তা নয়, অনেক প্রয়োজন আছে ; কারণ, সেখানে রেলের সঙ্গে কম্পিটি-শনের কোন প্রশ্ন আসে না, যেহেতু অনেক জায়গায় রেল নাই– যে জায়গায় রয়েছে তার ধারে-কাছে অনেক মাইলের মধ্যে কোন রেল নাই, সেখানে রিভার ট্রান্সপোর্টের কোন সুযোগ নাই। আমরা উত্তরবঙ্গের আঞ্চলিক সমস্যার কথা বিধানসভায় আগেই বলেছি এবং আঞ্চলিক সমস্যা বলার প্রয়োজন এইজন্য যে, আমাদের আলোচনা শুধু মেট্রোপলিস-কেন্দ্রিক হয়ে যায়, অন্যান্য জায়গার সমস্যাগুলি আমাদের চোখের আড়ালে পড়ে যায়। সঙ্গে সঙ্গে আর একটা সমস্যা এসে যায়—উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চলে রিভার ট্রান্সপোর্ট ডেভেলপ করতে হবে—সেখানে শুধু প্যাসেঞ্জার সার্ভিস নয়, গুডস সার্ভিসেরও প্রশ্ন আছে। যেমন একটা বিশেষ সমস্যার কথা বলতে পারি, উত্তরবঙ্গে গভর্নমেন্ট সাধারণ নীতি হিসাবে নিয়েছেন যে, গুড্‌স ট্রান্সপোর্ট ন্যাশানালাইজ করা হবে না। উত্তরবঙ্গে গুড্‌স যাওয়ার ব্যবস্থার জন্য সরকারকেই উদ্যোগী হতে হবে। উত্তরবঙ্গের ভিতর এক জেলা থেকে আর এক জেলায় প্রাইভেট ট্রান্সপোর্ট মাল-পত্র নিয়ে যাতায়াত করে। সে ব্যাপারে কতখানি সাহায্য বা নিয়ন্ত্রণ বা কেন্দ্রীয়ভাবে সাহায্য ক'রে তাদের উন্নতি করতে পারবেন সেগুলিও আলোচনার বিষয় আছে। কিন্তু কলকাতা বা অন্যান্য দীর্ঘ জায়গা থেকে মালপত্র নিয়ে যাওয়ার যে সমস্যা সেই সমস্যা সম্বন্ধে বিশেষভাবে আলোচনার প্রয়োজন আছে। তারপর এই প্রসঙ্গে আর একটি প্রশ্ন আসে—এ সম্বন্ধে সরকার কি করবেন—এই প্রশ্নগুলি আমাদের করতে হয়—যখন রোড ট্রান্সপোর্ট ডেভেলপ করতে চান তখন প্রশ্ন আসে গ্রাম এলাকায় রোড ট্রান্সপোর্ট ডেভেলপের জন্য কি করা হবে এবং তার অনেকগুলি দিক রয়েছে, বিভিন্ন সমস্যা রয়েছে, কারণ অনেকে অনেক সময় বলেন, গ্রাম এলাকায় প্যাসেঞ্জার বাস সার্ভিস বা গুড্‌স ট্রান্সপোর্ট বেশি চলতে পারে না কারণ সেখানে চাষীরা তাদের মালপত্র গোরুরগাড়িতে ক'রে নিয়ে যায়। যতদিন পর্যন্ত কৃষি আমাদের দেশে যে ধরনের চলছে তাতে গোরুরগাড়িকে ততদিন পর্যন্ত ট্রান্সপোর্ট হিসাবে ব্যবহার করতে হবে এবং সঙ্গে সঙ্গে গ্রাম এলাকায় এই ধরনের বাস ট্রান্সপোর্টএর সাহায্য কতখানি পাওয়া যায় সে কথাও বিশেষভাবে আলোচনা করার প্রয়োজন আছে। আর একটা সমস্যা আছে—গ্রাম এলাকায় প্রাইভেট ট্রান্সপোর্ট ওনাররা সার্ভিস খুলতে চায় না কারণ সেটা তাদের লাভজনক হয় না। কিভাবে তাদের প্রবৃত্ত করা যায় বা ওরা যদি সেখানে খুলতে না চায় তা হলে সরকার কিভাবে খুলতে পারেন—এই সমস্যাগুলি বিবেচনা করার প্রয়োজন আছে। তারপর আর একটা প্রশ্ন আসে যেটা আর একজন সদস্য তুলেছিলেন যে, রোড ট্রান্সপোর্ট এবং রোড ডেভেলপমেন্ট একসঙ্গে জড়িত। যদি ব্রীজ না থাকে, ভাল রাস্তা না থাকে তা হলে রোড ভালভাবে ডেভেলপ্‌ড হতে পারে না। সুতরাং রোড ট্রান্সপোর্ট এবং রোড ডেভেলপমেন্ট এই দুটো একসঙ্গে থাকা উচিত। সেইজন্য বিশেষ ক'রে বলতে চাই যে, একজন ট্রান্সপোর্ট মিনিস্টার থাকা উচিত। ট্রান্সপোর্ট মিনিস্টার থাকলে ভয়ানক কিছু হয়ে যাবে ব'লে আমার মনে হয় না। আপনাদের মিনিস্টার অধিক, কার্যকলাপ দেখে আমরা সেকথা বিশ্বাস করি না কিন্তু তা হলে একজন ট্রান্সপোর্ট মিনিস্টার থাকলে আমরা তাঁকে ধরতে পারব।

Mr. Deputy Speaker:

এখন তো ট্রান্সপোর্ট মিনিস্টার থাকবার দরকার নেই, কর্পোরেশন হয়ে যাচ্ছে।

Sj. Satyendra Narayan Majumdar:

কর্পোরেশন তো হয়ে গেল, এখন ধরব কাকে? রোডটা খগেনবাবুর দায়িত্ব, কিন্তু ট্রান্স-পোর্ট কর্পোরেশন হয়ে গেলে তখন বলবেন রোড ডেভেলপমেন্ট করা তো আমাদের দায়িত্ব নয়। কাজেই অমুক জায়গায় রাস্তা নেই, ব্রীজ নেই, সেগুলি কিভাবে হবে? যেমন একটা

দৃষ্টান্ত দিচ্ছি—ন্যাশনাল হাইওয়ে দিয়ে ওদিকে একটা রাস্তা গেছে মহানন্দা সোনাপুরের দিকে। সেখানে ব্রীজের ভীষণ প্রয়োজন, না হলে রাস্তা ডেভেলপ করতে পারবেন না। কোচবিহারে তোর্ষার উপর যে ব্রীজ আছে সেই ব্রীজের ভীষণ অবস্থা।

Mr. Deputy Speaker:

ব্রীজের সঙ্গে এর কোন সংশ্রব নেই।

Sj. Satyendra Narayan Majumdar:

আচ্ছা, আপনি যখন তাড়া দিচ্ছেন তখন এ সম্বন্ধে আমি আর বিশেষ বলব না। আর একটা কথা বলছি, প্যাসেঞ্জারদের সুবিধার ব্যাপারে অনেকে বলেছেন, আমি বলব, অনেক দূরের প্যাসেঞ্জারদের সুবিধার জন্য রেস্ট হাউস করা দরকার। এগুলো বলব কাকে, একেবারে তো কর্পোরেশন ক'রে ছেড়ে দিচ্ছেন। রোড ট্রান্সপোর্ট ডেভেলপমেন্টের একটা কাঠামো যদি মুখ্যমন্ত্রী আমাদের দিতেন তা হলে ভাল হ'ত। ধরুন ট্রান্সপোর্ট ভালভাবে হ'ল ট্যুরিজম ডেভেলপ করতে পারে এবং ট্যুরিজম ডেভেলপ করলে বৈদেশিক মুদ্রার দিক থেকেও সুবিধা হ'তে পারে, আমরাও অনেক জায়গায় ঘুরে ঘুরে অনেক জিনিস দেখতে পারি। কাজেই অনেক সমস্যা আছে, কিন্তু সেগুলি সম্বন্ধে আলোচনা করবার সুযোগ পেলাম না। সুতরাং এই বিলটা যেভাবে উত্থাপিত হয়েছে এবং এই বিলের সম্বন্ধে মুখ্যমন্ত্রী যা বললেন তাতে আমাদের মনে একটা সন্দেহ হওয়া খুবই স্বাভাবিক।

Shri Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th of January, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এত অল্প সময়ের মধ্যে আমি আমার বক্তব্য শেষ করতে পারব না তবুও একটা পয়েন্ট আমি বলতে চাই—সেটা হচ্ছে ৬ বছর আগে যে আইনটা চালু হওয়ার কথা ছিল সেটা ৬ বছর পরে হচ্ছে এবং সেটা একটা অ্যামেন্ডমেন্টের ফরমে এসেছে। কাজেই সমস্ত সভ্যদের পক্ষে এই আইনটার ইমপ্লিকেশন বোঝা সম্ভবও নয় এবং এই অল্প-দিনের মধ্যে সকলে সব জিনিসটাও দেখতে পারেন নি। আমি বলব এটা একটা মারাত্মক আইন। আমি মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সভ্যদের দৃষ্টি আকর্ষণ করছি যে, এটাকে যতই ইনোসেন্ট ব'লে তাঁরা মনে করুন না কেন, আমি বলব, এটা একটা মারাত্মক আইন। একটা বিজনেস সম্পূর্ণভাবে তুলে দেওয়া হচ্ছে একটা নূতন কোম্পানির হাতে এবং তার নাম দিচ্ছেন কর্পোরেশন। তাদের হাতে সমস্ত অ্যাসেট প্রপার্টিজ যা কিছু আছে তার ভ্যালুয়েশন ডিটারমিন না ক'রে তুলে দিচ্ছেন। শেষকালে বলা আছে, এটা হচ্ছে ক্যাপিটাল অবশ্য একথা বলা নেই যে, ভবিষ্যতে টাকা দেবে কিনা কিন্তু আসল আইনে সেকথা দেওয়া আছে। যা হোক সমস্ত জিনিসটা পরিচালনা করলেন একটা কর্পোরেশন সেই কর্পোরেশন সম্পর্কে যেসমস্ত আইনকানুন রয়েছে সেটা সম্বন্ধে ৫ জনে ৫টা প্রশ্ন করলে এবং বিধানবাবু আমাদের অ্যাসিওর করলে তা হয় না, কেননা আইনটা হচ্ছে একটা সেন্ট্রাল অ্যাক্ট সেখানে যেসমস্ত জিনিস পরিষ্কারভাবে দেওয়া রয়েছে তা ব্যতিক্রম করার ক্ষমতা নিশ্চয়ই স্টেট লেজিসলেচারের নেই। যা হোক সমস্ত পরিচালনাভার কর্পোরেশনের হাতে তুলে দিচ্ছেন তাদের লোন রেজ করার ক্ষমতা দিচ্ছেন বরো করবার ক্ষমতা দিচ্ছেন, যাবতীয় ম্যানেজমেন্ট করার ক্ষমতা দিচ্ছেন রুলস অ্যান্ড রেগুলেসন, কমিটি ইত্যাদি যাবতীয় জিনিস করার ক্ষমতা দিচ্ছেন, কারণ সেটা হয়ে যাচ্ছে একটা স্ট্যাটুটরি বডি যে স্ট্যাটুটরি বডিকে যখন তখন ডিজলভ করা যায় না। এক্ষেত্রে এরকম ধরনের আইনটা ভাল ক'রে অনুধাবন করার জিনিস, সমস্ত সভ্যদের এমনভাবে স্টাডি করার জিনিস এবং তারপরে জনসাধারণের কাছেও এটাকে উপস্থিত করার জিনিস।

[6-25—6-35 p.m.]

আমি যেটা বিশেষ ক'রে বলতে চাই, সেটা হচ্ছে যে, সমগ্র আইনটা প্রথমে সমস্ত সভ্যরা একটু ভাল ক'রে দেখুন এর মধ্যে ইমপ্লিকেশন কি আছে? আমাদের স্টেট গভর্নমেন্টের একটা বড় প্রপার্টি, যার ইনকাম বাড়ছিল, এবং যেটা আমাদের ফাইনান্সএ হেল্প করছিল

সেই প্রপার্টিটাকে একটা প্রাইভেট কোম্পানির হাতে তুলে দিচ্ছেন। এটাকে প্রাইভেট কোম্পানি বলতে বাধ্য হচ্ছি তার কারণ, তার ম্যানেজমেন্ট হচ্ছে ঠিক প্রাইভেট কোম্পানি ম্যানেজ্‌ডএর মত। সেইজন্য আমি এই বিলের সর্কুলেশনএর পক্ষপাতী।

মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আমার আরও কতকগুলি বিশেষ প্রশ্ন ছিল। যেমন ট্রাম-ওয়ে কোম্পানি এর মধ্যে আসে কিনা?

তা হলে কি ধরনের জিনিস হচ্ছে? সেই ধরনের জিনিস হচ্ছে যেগুলি এখন গুটিকয়েক বাস কোম্পানির হাতে রয়েছে। কিছুদিন আগে শ্রীআনন্দীলাল পোদ্দার মহাশয় যেকথা বলেছিলেন তাই কার্যতঃ হতে চলেছে। অনেকগুলি বাস গুটিকয়েক মালিকের হাতে পড়েছে—তারাই হচ্ছে সমস্ত বাস রুটের মালিক, তাদেরকে এর মধ্যে ইনকর্পোরেট করতে হবে।

আর একটি কথা এখানে বলা দরকার। সেটা হচ্ছে প্রোপোর্শনএর কথা। ক্যাপিটাল স্ট্রাকচারএর কত পোরশান, ভ্যালুয়েশন, ডেপ্রিসিয়েশন নাই করলেন--কিন্তু ক্যাপিটাল স্ট্রাকচারএর কত পোরশান সরকারের থাকবে এবং কত পোরশান প্রাইভেট থাকবে সেটা পরিষ্কার নেই। সেটা পরিষ্কার করা বিশেষ প্রয়োজন ব'লে মনে করি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, my friend, Shri Basanta Kumar Panda, raised one issue. I then had consulted the Constitution and I find that Article 13 of List II says about communications, that is to say, roads, bridges, ferries and other means of communication except those mentioned in List I. List I mentions about maritime communication, railways, airways and so on. Road transport is not there. Therefore, I think it is prefectly correct to have an Act of this type and in doing so we have depended upon Articles 6 and 7 and 13 of the Concurrent List because we deal with certain properties, contracts and so on. If you look at Article 35 of Concurrent List, you will find—mechanically propelled vehicles including the principles on which taxes on such vehicles are to be levied Therefore, we are perfectly justified in doing so. States have got the same legislative and executive jurisdiction over road transport as the Central Government has got over railways or civil aviation. If road transport services are to be run through a public corporation, then Road Transport Corporation shall conform to the provisions of the Bill. It is only the Central Government that can lay down the principles on which the Corporation should be formed under the requisite Article. But after having laid down the legislative provisions the actual carrying out of the provisions of the Act would be the State Government's concern. Sir, I have been asked questions—why was this Bill placed before the House? Was it because the Government of India found that we are squandering the money? Was it because we are trying to avoid income-tax. Let me tell my friend that recently the Government of India decided that, whatever, be the case, income-tax will have to be paid. There will be no exemption because it is a Government concern. They have decided that. So that question does not arise. The question is, therefore, whether we should bring the Act in conformity with the Act of the Central Act. That is a question which is to be decided. In this connection a lot has been said about the private sector and public sector. Now, the difference between private sector and public sector seems to be that while in the private sector profit motive is prominent, in public sector it goes to the public, it is for the benefit of the Corporation. I will illustrate the point in this way. If you look to section 30 of the Central Act, it says—"after making provision for payment of interest and dividend under section 28 and for depreciation, reserves and other funds under section 29, a Corporation may utilise such percentage of its net annual profit as may be specified in this behalf by the State Government for the provision of amenities to the passengers using the road transport service, welfare of labour employed by the Corporation and for such other

purposes as may be prescribed with the previous approval of the Central Government and the balance shall be made over to the State Government for the purpose of road development." Sir, this section 30 has been further amended by an Amending Act of 1959 which says that out of the balance such amount, as may with the previous approval of the State Government and the Central Government be specified in this behalf by the Corporation, may be utilised for financing the expansion programme of the Corporation and the remainder, if any, shall be made over to the State Government for purposes of road development. Therefore, the question of capital formation is to a certain extent given there. What are we going to do with the profits? As I said before, the emphasis is to find out what are we going to do after paying all expenses, income-tax, depreciation, etc., what are we going to do with the remainder? A private concern would say that 'we will take it over as our profit for the shareholders' etc. But in this case, it goes back to the Corporation itself for various specific purposes, namely, amenities of the passengers, welfare of the labour and also to increase the expansion programme of the Corporation and finally for purposes of road development. This is the purpose for which the Corporation is to be established.

Now, the question has arisen, first of all what will be the constitution of the Road Transport Committee. Sir, this Act gives the indication, viz., rules made under this Act shall provide for the representation both of the Central Government and of the State Government concerned in the Corporation in such proportion as may be agreed to by both the Governments. I am told that the Bombay Government has got six or seven non-official members. It may be that some of them are shareholders, I do not know, but it is open to the State Government and the Central Government to nominate not officials only but some non-officials also. What the Corporation would do in these circumstances would depend upon consultation between the State Government and the Central Government as the case may be. Then it says, there will be representation of shareholders. Sir, a good deal has been said with regard to the shareholders' position. It says this about the shareholders—you ought to read the Act in order to see how that Act provides for all attempts to corner the capital as some friends said that we will give it to Anandilal Poddar or somebody—it says, where the capital of a Corporation is not provided under sub-section (1) the Corporation may raise by the issue of shares such capital as may be authorised in this behalf by the State Government.

[6-35—6-45 p.m.]

The authorised capital of the Corporation shall be divided in such number of shares as the State Government may determine and the number of shares shall be subscribed by the State Government—the shares are not necessarily to go to outside people but will be subscribed by the State Government, the Central Government and other parties which shall also be determined by the State Government in consultation with the Central Government. There is something more than this. The allotment of shares shall be made by the Corporation in such manner as may be prescribed. So, nobody, simply because he has got some money, can buy any number of shares as he likes and corner the shares. That is not possible. The Act further says "the shares of the Corporation shall not be transferrable". There again the question of cornering shares is not likely to arise.

Then "The Corporation may at any time with the previous approval of the State Government redeem the shares"—if there are shareholders who are trying to go against the interest of the Corporation it can take back the shares—"redeem the shares issued to the other parties under sub-section (4) in such manner as may be prescribed". Therefore, enough protection is given to any group of shareholders.

Here I may say what does the capital of the Corporation consist of. The Central Government and the State Government may provide to a Corporation established by the State Government in such proportion as may be agreed to by both the Governments any capital that may be required by the Corporation for the purpose of carrying on the undertaking or for purposes connected therewith on such terms and conditions". As a matter of fact, as I mentioned in my opening speech, for the North Bengal area the Railway Department has offered a contribution of Rs. 15 lakhs for taking shares in the Corporation as soon as it is established.

Now, one of the fundamental points in regard to any of these Corporations is to see how the accounts are being maintained, controlled and supervised. Sir, the present section 33 says "Every Corporation shall cause to be maintained such books of accounts and other books in relation to its accounts in such form and in such manner as may be prescribed". "The accounts of the Corporation shall be audited by the auditor appointed by the State Government at such time and in such manner as may be prescribed". As soon as the accounts of a Corporation have been audited the Corporation shall send a copy thereof together with a copy of the report of the auditor thereon to the Central Government and the State Government. Here you will see that there is no question of placing the report before the legislature. It mentions only "Government". It says that the accounts will be audited by an auditor appointed by the Government and the report will be sent to the State Government to be passed on to the Central Government. The amending Act of 1959 has altered this. This is very significant. It says that the Corporation shall maintain proper accounts and other records and prepare an annual statement of accounts including the profit and loss account and the balance-sheet in such form as may be prescribed by the State Government in consultation with the Auditor and Comptroller General of India. It is entirely a different thing. According to the present Act the account has to be prepared in the form which is prescribed by the Government in consultation with the Auditor-General. The accounts of the Corporation shall be audited by the Auditor and Comptroller-General of India. The Auditor and Comptroller-General of India and any person appointed by him in connection with the audit of the accounts of any Corporation shall have the privilege, etc., as the Auditor-General has in connection with Government audit. This is most important. The accounts of the Corporation as certified by the Auditor and Comptroller-General of India or any person appointed by him in this behalf together with the audit report thereon shall be forwarded only to the State Government and that Government shall cause the same to be laid before the legislature of the State. Under section 35 of the Act it was prescribed that every Corporation shall furnish to the State Government such returns, statistics, accounts and other information with respect to its property or activities or in regard to any proposed scheme as the State Government from time to time require. . . . . As soon as possible after the end of each financial year submit to the Central and State Governments a report on the exercise and performance by it of its powers and duties under this Act. That has been amended by saying the State Government shall cause the annual report referred to in sub-section (2), which I have just read out, to be laid before the legislature of the State.

Thirdly, in section 37 notification will be issued at any time by the State Government to take control of part of the undertaking by means of a notification. Every notification issued under this section together with a report on the circumstances leading to its issue shall be laid before the legislature of the State as soon as may be after the issue. Therefore, you will see that while on the hand the question of participation of the Central Government to the funds of the Corporation is more or less true, the Central Government has put in more brakes, as it were, with regard to audit and accounts.

With regard to the legislature being taken into consideration, a report is being sent to the legislature, and so on. That disposes some of the points.

There are several other questions that have been asked. I have already said that the question of borrowing is already mentioned. The original Act says that for working capital the Corporation may with the previous approval of the State Government borrow money in the open market or otherwise. To this there is an amendment made that it is for capital not for working capital. For increasing the capital if you want to borrow, then you have to go up to the Central Government and get the approval of the State Government and the Central Government before you go to the open market for the purpose of meeting expenditure of a capital nature. If it is a capital expenditure, then naturally it means purchase of equipments, machinery and so on which require the sanction of the Planning Commission as well as the Central Government. When you are borrowing money for capital expenditure you go up to the Government of India, get their sanction and the sanction of the State Government.

Some persons have suggested that we should alter section 5 and alter the composition. We cannot do it. As I have read out just now, either I have to take the Act as it stands modifying it to the extent that it is necessary or I do not do it. If I do it I will have to follow the methods and the terms laid down for the Road Transport Corporation. Therefore it is not possible for us to alter either that or introduce any other term in the amending Bill for what should be the fare structure, etc., etc.

[6-45—6-53 p.m.]

Sir, after all it seems to me that members were talking with their tongue in the cheek. They did not know whether it is a good thing or a bad thing, whether it is a public or a private sector who is going to have it, they did not know who is going to control the Corporation. If my friends had read the Act itself, they would have seen that the Act itself has given all possible protection to ensure proper functioning of the Act itself. Some people have asked 'why this corporation'? If you ask me as a member of the Government I think it will be much better if we get it within the Government, because we will control the whole thing, but you will feel that in order to get the usefulness of the transport service and to expand it in various directions it is necessary to have more funds than the State Government itself can provide. Secondly, it is necessary to get in touch with people from different parts who may subscribe or if they are good men, they may be taken to the corporation as nominees of the Government. Sir, I have not got much to say. If I have not been able to answer all the questions that have been asked for the last four hours, I am very sorry, but I have tried to put as complete a picture as possible. We are only trying to get the advantage of the Road Transport Corporation Act, 1950, as modified in 1959.

With these words I move the motion for consideration of this Bill.

Shri Niranjan Sen Gupta: Why private persons will come to buy the shares? Why not two Governments—Central and Provincial Governments take all the shares.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is nothing to do with it in the Bill.

The motion of Shri Panchanan Bhattacharyya that the Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

AYES 49.

Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Gopal
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhaduri, Sj. Panchugopal
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Lahiri, Sj. Somnath
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mondal, Sj. Haran Chandra
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Sen, Sj. Deben
Sengupta, Sj. Niranjan

NOES—98.

Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Banerji, The Hon'ble Sankardas
Banerjee, Sjta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharyya, Sj. Syamadas
Blanche, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Jamadar
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Khan, Sjta. Anjali
Kolay, Sj. Jagannath
Lutfal Hoque, Janab
Mohanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Noronha, Sj. Clifford
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjta. Olive
Platel, Sj. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb

Ray, Sj. Jajneswar
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Hoque, Janab Md.

The Ayes being 49 and the Noes 98, the motion was lost.

The other motions fall through.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Road Transport Corporations (West Bengal Amendment) Bill, 1959, be taken into consideration, was then put and agree to.

Clauses 1 and 2.

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Deputy Speaker: We now take up clause 3.

Shri Ganesh Ghosh: Sir, let us stop here We cannot finish the Bill today for there is third reading also.

Mr. Deputy Speaker: Then the House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 6-53 p.m. till 3 p.m. on Tuesday, the 1st December, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 1st December, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 201 Members.

STARRED QUESTIONS
to which oral answers were given

[3—3-10 p.m.]

Estimated amount of compensation payable to intermediaries

***49.** (Admitted question No. *1296.) **Shri Provash Chandra Roy:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) what was the original estimate of total compensation to be paid to the intermediaries due to acquisition of estates by the Government;

(b) if it is a fact that after the completion of the Settlement operations the actual amount of compensation to be paid to the intermediaries has substantially increased;

(c) if so, what is the final and actual amount to be paid to them (i.e., intermediaries);

(d) what are the reasons of so much variation; and

(e) what is the revised method adopted by Government for payment of compensation?

The Minister for Land and Land Revenue (the Hon'ble Bimal Chandra Sinha): (a) Rs. 21.61 crores excluding compensation payable for acquisition of Raiyati assets, mines, minerals, Hats, bazars, ferries, forests, fisheries and other Sairati interests.

(b) and (c) Cannot be ascertained in full till the Compensation Assessment Rolls are finally prepared. An increase in the figure is likely.

(d) The variation is due to the inclusion of items under the Act, items which were excluded at answer (a) above, and also for payment of compensation for Sanja lands at rates prescribed under the Act, which are higher than those adopted in the original estimate, which was framed before the passing of the Act.

(e) No revised method has yet been adopted.

Sj. Hare Krishna Konar:

আপনি বলছেন যে ২১ কোটি ৬১ লক্ষ টাকা কম্পেনসেসান হয়; কিন্তু আপনি আগে জানিয়েছিলেন যে প্রায় ৭০ কোটি টাকা ইন্টারমিডিয়ারীর কম্পেনসেসান হবে—এটা একটু পরিষ্কার করে বলবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

পরিষ্কার করে কি বলব?

Sj. Hare Krishna Konar:

কোন হিসাবটা ঠিক?

The Hon'ble Bimal Chandra Sinha: Original estimate on the basis of the figures given to this Land Revenue Commission report—

সেই সময় ২১ কোটি ছিল এবং তারপরে আমি বলেছি যে এই জিনিস যে বাড়বে--প্রায় ৬০।৭০ কোটি হবে। কিন্তু যতক্ষণ পর্যন্ত প্রিলিমিনারী রিপোর্ট বা রোল না হয় ততক্ষণ পর্যন্ত ফাইন্যাল অ্যান্ড ফার্ম ফিগার দিতে পাচ্ছি না।

Sj. Hare Krishna Konar:

২১ কোটিটা ২৫ কোটি হলে না হয় বোঝা যেত, কিন্তু এখন ৭০ কোটি মানে প্রায় থ্রি টাইমস হচ্ছে এই বিরাট ভেরিয়েশানের মানে কি?

The Hon'b'e Bimal Chandra Sinha:

আমি বাজেট স্পীচে এটা বলেছি। ২১ কোটি টাকা ছিল চ্যাপটার সিক্সএ এবং সেটা তখন ধরা হয় নি, বরং তখন ফ্লাউড কমিশনের হিসাব ধরা হয়েছিল। অর্থাৎ শুধু তৌজি হোল্ডারদের ইন্টারেস্ট ধরা হয়েছিল। তারপর চাপটার সিক্সএ সেটা বহুগুণ বৃদ্ধি হবে।

Sj. Hare Krishna Konar:

জোতদারদের যে সারপ্লাস ল্যান্ড নেওয়া হবে সেটাতে তাদের কম্পেনসেসান কি ইনক্লুড করা হবে?

The Hon'b!e Bimal Chandra Sinha:

হ্যাঁ।

Sj. Subodh Banerjee:

তাদের আপনাদের কম্পেনসেসান দিতে হবে

further land retained by an intermediary

তাদের কম্পেনসেসান ডিউ ছিল

payment of.................(sic)

কিন্তু যে অ্যাক্ট হতে যাচ্ছে তাতে যখন এর জন্য যে কম্পেনসেসান লাগবে না তখন সেক্ষেত্রেও কি ৬০।৭০ কোটি টাকা লাগবে?

The Hon'b!e Bimal Chandra Sinha:

এখনও সেটা আইন হয় নি, তবে আইন হবার আগে আমি আমার ডিপার্টমেন্টকে মিছিমিছি ওয়ার্ক আউট করতে বলি না।

Sj. Ajit Kumar Ganguli:

এ পর্যন্ত কত টাকা কম্পেনসেসান দেওয়া হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

এই ফিগার আমি আমার বহুবার বাজেট স্পীচে দিয়েছি, তবে আপনি যদি আরও জানতে চান তাহলে প্রশ্ন করুন।

Remission of rent in Panskura police-station for failure of crops

***50.** (Admitted question No. *1684.) **Shri Bhupal Chandra Panda:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) সরকার ইহা অবগত আছেন কি যে, ১৯৫৭ সালে বৃষ্টির অভাবে পাঁশকুড়া থানার ২নং ইউনিয়নের রাতুলিয়া, রাজনগর, করা, মনুর এবং তিলাগেড়্যা প্রমুখ ২১টি মৌজায় ব্যাপকভাবে ফসলহানির ফলে উক্ত মৌজাগুলির প্রজাগণ সরকারী অফিসার (কলেক্টর ও জে এল আর ও)-দিগের নিকট গত ডিসেম্বর (১৯৫৭) এবং জানুয়ারি মাসে দরখাস্তযোগে খাজনা ছাড়ের জন্য আবেদন জানিয়েছেন ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐ-বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Land and Land Revenue (the Hon'ble Bimal Chandra Sinha):

(ক) গত জানুয়ারি মাসে ধানকাটা শেষ হওয়ার পর খাজনা মকুবের জন্য ছাপা ফরমে কতকগুলি দরখাস্ত পাওয়া গিয়াছিল।

(খ) তদন্তে জানা যায় যে, পাঁশকুড়া থানার উক্ত ২নং ইউনিয়নে সাধারণ বৎসরের তুলনায় শতকরা ২০ ভাগ ফসলহানি হইয়াছে। তৌজি ম্যানুয়াল অনুযায়ী এই অবস্থার জন্য খাজনা মকুব সম্বন্ধে কোন বিবেচনা করা যায় না। যাহা হউক, এ বৎসর খাজনা আদায়ের জন্য কোনও চাপ না দিতে জেলা কলেক্টরকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Sj. Chitto Basu:

তৌজী ম্যানুয়াল অনুযায়ী ঐ থানায় বিশেষ বিশেষ অঞ্চলে খাজনা মকুব করা সম্বন্ধে বিবেচনা করা যায় না বলে বলেছেন। কিন্তু এই তৌজী ম্যানুয়াল কি বলবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আপনি যদি চান আমি এ সম্বন্ধে রুল পড়ে দিচ্ছি। আপনি লাইব্রেরীতে এটা দেখে নিতে পারেন। এতে একটা ফরমুলা দেওয়া আছে সেই ফরমুলা এখন আমার কাছে নেই। তাতে ২ বছরের হিসাব এক সঙ্গে করে করা আছে।

Sj. Chitto Basu:

জেলা কালেক্টার আমাদের কাছে বলেন যে যদি কোন বিশেষ অঞ্চলে খাজনা মকুব করতে হয় তাহলে পর পর ৩ বছরের উৎপাদন নির্দিষ্ট করে তাহার বিবেচনা করতে হবে এটা কি তাই?

The Hon'ble Bimal Chandra Sinha:

মনে হয় তাই হবে।

Sj. Saroj Roy:

এটা আপনার স্মরণ আছে কি যে গত বৎসর গড়বেতা অঞ্চলের পর পর ২ বৎসর যে সব জমির ফসল নষ্ট হয়েছে তার সম্বন্ধে একটা প্রশ্ন করেছিলাম এবং তখন তার উত্তরে বলা হয়েছিল যে তৌজী ম্যানুয়াল-এর ১৬ ধারা অনুযায়ী ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে এবং তিনি এ বিষয়ে বিবেচনা করবেন। আমরা সেটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দেখাতে তিনি সরাসরি আমাদের বললেন যে আইনে যাই থাকুক না কেন আমি যদি স্টেট গভর্নমেন্টের কোন ডাইরেক্ট ডিরেকসন না পাই তাহলে কিছুই করতে পারব না। তারপর কয়েকবার খোঁজ নিয়ে জানা গেল যে স্টেট গভর্নমেন্ট থেকে তিনি কোন ডিরেকসন বা চার্ট পান নি। কাজেই এখন আবার যেভাবে প্রশ্নের জবাব দেওয়া হয়েছে যে এ বৎসর খাজনা আদায় না করার জন্য জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে তাতে আমার সন্দেহ হয় যে পূর্বেও একবার যেমন বলেছিলেন যে জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে কিন্তু পরে দেখা গেল যে তিনি কোন নির্দেশ পান নি, ঠিক সেই রকম দুর্ঘটনা এবারেও ঐসব এলাকায় হওয়ার সম্ভাবনা আছে কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আপনি কোন কোয়েশ্চেনটা রেফার করছেন তা' ডিটেলস না পেলে বলতে পারব না। তবে এরকম ক্ষেত্রে নিয়ম হচ্ছে যে কালেক্টর তৌজি ম্যানুয়াল অনুসারে খাজনা মকুব রাখতে পারেন—অ্যাক্ট-এ আমরা সেইরকমই বলেছি। তবে তার উপর যদি করতে হয় তারা তখন কমিশনার-এর পারমিসন নিয়ে গভর্নমেন্ট-এর কাছে রেফার করেন।

Sj. Chitto Basu:

জেলা ম্যাজিস্ট্রেট তাঁর জেলার বিশেষ বিশেষ এলাকায় তৌজি ম্যানুয়াল অনুযায়ী কাজ করবার যদি প্রয়োজন অনুভব করেন তাহলে গভর্নমেন্ট-এর নির্দেশ ছাড়াই তিনি করতে পারেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ ব্যাপারে আমাদের তৌজী ম্যানুয়াল-এর ১৭৭ ধারা দেখলেই জিনিসটা পরিষ্কার হবে।

Sj. Bhupal Chandra Panda:

আপনি উত্তরে জানিয়েছেন জলের অভাবে শতকরা ২০ ভাগ ফসলহানি হয়েছে বলে আপনার কাছে রিপোর্ট আছে। আমি জিজ্ঞাসা করছি যে এই ২০ ভাগ কি করে ধরছেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটা কালেক্টর ঠিক করে দেন, আমি কালেক্টর-এর রিপোর্ট থেকেই বলছি।

Sj. Bhupal Chandra Panda:

কালেক্টর-এর রিপোর্টে টোটাল ইউনিয়ন-এর মধ্যে যে জমি চাষ হচ্ছে সেই টোটাল ইউনিয়ন-এর সমস্ত জমির ২০ ভাগের মধ্যে কোন অংশে সেটা হয় নি বা কম ফসল হয়েছে সেটা কি ধরেছেন না প্লট বাই প্লট যে উৎপাদন হয় তার গড় ২০ ভাগ ধরেছেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

তারা কিভাবে এ্যাসেস করেছেন তার ডিটেলস জানি না, তবে তাদের রিপোর্ট অনুযায়ী ২০ পারসেন্ট।

[3-10—3-20 p.m.]

Sj. Bhupal Chandra Panda:

আপনি বলেছেন যে গড়ে ২০ পারসেন্ট ফসলহানি হয়েছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে টোটাল ইউনিয়নে কোন কোন প্লটে কিছু কিছু ফসল হয়ত হতে পারে কিন্তু আপনার কাছে আমার নিবেদন যে, যে চাষীদের প্লটে একেবারে ফসল হয় নি তারাই প্রধানত পিটিসান করেছে।

The Hon'ble Bimal Chandra Sinha:

আপনি যদি আরও ইনফরমেসান জানতে চান আমাকে লিখলে আমি কালেক্টরকে লিখব।

Sj. Ajit Kumar Ganguli:

এবারের বন্যায় প্রচুর ফসল হানি হয়েছে। আমি জিজ্ঞাসা করছি যেসমস্ত জায়গার বিস্তৃত অঞ্চলে ওয়াটার লগিংএর জন্য ফসল হানি হয়েছে সেখানকার খাজনা মকুবের জন্য কি বিবেচনা করছেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ প্রশ্ন এ থেকে উঠে না। এ বিষয়ে আমরা কালেক্টারের কাছ থেকে একটা রিপোর্ট চেয়ে পাঠিয়েছি যে কোথায় কতখানি ফসল হানি হয়েছে।

Sj. Mihirlal Chatterjee:

এই যে ২১টা মৌজা এই প্রশ্নের মধ্যে আছে, এই ২১টা মৌজার মধ্যে এমন কোন মৌজা আছে কি যে মৌজাতে শতকরা ২০ ভাগের চেয়ে বেশী ফসল হানি হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

কালেক্টারের রিপোর্ট হচ্ছে সমস্তের উপর একটা জেনারেল এ্যাবস্ট্রাক্ট রিপোর্ট। ডিটেলস চান তো আমি আনিয়ে দিতে পারি।

Sj. Mihirlal Chatterjee:

এটা ১৯৫৭ সালের ব্যাপার, তারপর ২ বছর হয়ে গেছে। যে জায়গায় শতকরা ২০ ভাগের বেশী ফসল হানি হয়েছে সেই জায়গায় কি কোন রিলিফ দেওয়া হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

শতকরা ২০ ভাগের বেশী ফসল হানি হয়েছে বলে আমার কাছে কোন খবর নেই।

Sanitary arrangements for market places in Sukheapokhri areas of Darjeeling district

***51.** (Admitted question No. *1952.) **Shri Bhadra Bahadur Hamal:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, দার্জিলিং জেলার সুকিয়াপোখরি অঞ্চলের বাজারে জনসাধারণের জন্য পায়খানা ইত্যাদির কোন ব্যবস্থা নাই;

(খ) দার্জিলিং ইম্প্রুভমেন্ট ফান্ড হইতে এই অঞ্চলের বাজারের জন্য পায়খানা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, উহা কবে কার্যে পরিণত করা হইবে?

The Minister for Land and Land Revenue (the Hon'ble Bimal Chandra Sinha):

(ক) ব্যবস্থা আছে।

(খ) প্রয়োজন হইলে করা হইবে।

(গ) প্রশ্ন উঠে না।

Sj. Bhadra Bahadur Hamal:

आपने हमारे 'क' प्रश्न के उत्तर में लिखा है कि वहां पर व्यवस्था है लेकिन मैं आपसे पूछना चाहता हूं कि क्या सुकिया पोकरी में एक भी पाखाना है ?

The Hon'ble Bimal Chandra Sinha:

হাঁ, আমার রিপোর্ট তাই।

Sj. Bhadra Bahadur Hamal:

तब कितने पाखाना की व्यवस्था है, क्या मंत्री महोदय बतलायेंगे ?

The Hon'ble Bimal Chandra Sinha:

এই সুকীয়াপোকরী হাটে ৭টি আছে—১৬ সিটার, ১২ সিটার, ৪ সিটার আছে। এই আমার রিপোর্ট।

Sj. Bhadra Bahadur Hamal:

आपने 'ख' में लिखा है कि प्रयोजन होने से किया जायगा। तो क्या आप वहां पर पाखाना बनवाने का प्रयोजन समझते हैं ?

The Hon'ble Bimal Chandra Sinha:

রিপোর্টে যে পপুলেশনের উল্লেখ আছে তাতে এর বেশী প্রয়োজন হচ্ছে না। যদি হাটের লোক-সংখ্যা বাড়ে তাহলে করা হবে।

Sj. Chitto Basu:

এই হাটের মালিকগণ যে দান আদায় করে—বিভিন্ন হাটে বিভিন্ন রকম তার রেট ইত্যাদি আছে। সে সম্পর্কে কোন একটা নির্দিষ্ট নিয়ম কি আপনার বিভাগের আছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটা খাসমহল হাট, এটা ডি আই ফান্ড থেকে হয়। প্রাইভেট হাটের এর সংগে কোন প্রশ্ন উঠে না।

Sj. Bhadra Bahadur Hamal:

खास महल Land Revenue Department को पाखाना करने के लिए बन्दोबस्त किया गया था, क्या आपको मिला है ? क्या आप जानते है कि वहां पर पाखाना न होने के कारण वहां के लोगों को बड़ी कठिनाई हो रही है ?

The Hon'ble Bimal Chandra Sinha:

স্মরণ করে বলা ভয়ানক মুস্কিল।

Rates of commission and monthly allowance admissible to Tahsildars

***52.** (Admitted question No. *2064.) **Shri Gobardhan Pakray:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার বিভিন্ন সার্কেলে তহশীলদারদের অভাবে খাজনা আদায়ের কাজ ব্যাহত হইতেছে;

(খ) সত্য হইলে, কি কারণে যথেষ্ট সংখ্যক তহশীলদার নিয়োগ করা হয় নাই;

(গ) বর্তমান তহশীলদারগণ প্রতি মাসে কত বেতন পাইয়া থাকেন; এবং

(ঘ) ভবিষ্যতে বেতন বাড়াইবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Land and Land Revenue (the Hon'ble Bimal Chandra Sinha):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বর্তমানে প্রত্যেক তহশীলদার মাসিক ২৭ টাকা নির্দিষ্ট ভাতা ও আদায়ের উপর নিম্নলিখিত হারে কমিশন পাইয়া থাকেন।

(১) প্রথম ৩,০০০ টাকা পর্যন্ত আদায়ের জন্য শতকরা ২½ টাকা।

(২) পরবর্তী ২,০০০ টাকা বা তাহার কম আদায়ের জন্য শতকরা ৩ টাকা।

(৩) পরবর্তী ৩,০০০ টাকা বা তাহার কম আদায়ের জন্য শতকরা ৪ টাকা।

(৪) পরবর্তী ২,০০০ টাকা বা তাহার বেশি আদায়ের জন্য শতকরা ৪½ টাকা।

(ঘ) সরকারের বিবেচনাধীন আছে।

Sj. Saroj Roy:

আপনি "ঘ" প্রশ্নের জবাবে বলেছেন যে "সরকারের বিবেচনাধীন আছে"। গত বছরেও আপনার জবাব ছিল যে এটা বিবেচনাধীন আছে।

The Hon'ble Bimal Chandra Sinha:

আমরা অনেকদিন থেকেই এটা বিবেচনা করছি—এখন এটা প্রায় শেষ হয়ে এসেছে।

Sj. Saroj Roy:

এ সম্পর্কে আমাদের কিছুটা এনলাইটেন করতে পারেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

গভর্নমেন্ট ডিসিসান ফাইন্যাল্ হওয়ার আগে আপনাদের কি করে জানাবো?

Sj. Ramanuj Haldar:

ঐ অঞ্চলে কত তহশীলদার আছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

সেকথা আমি বলতে পারবো না।

Sj. Ramanuj Haldar:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে তহশিলদারদের শিক্ষাগত যোগ্যতা কি থাকা দরকার?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ কথাটা ৩।৪ দিন আগে আমি আপার হাউসে বলেছি—সেটা হচ্ছে আগেকার জমিদারদের তহশিলদার ছিল তাঁদের মোটামুটি একটা টেস্ট করে কালেক্টর অ্যাপয়েন্ট করেছেন এবং কালেক্টর ইন্টারভিউ করে উপযুক্ত লোক নেন। তার আগে নন্‌ম্যাট্রিকুলেট নেয়া হোত, এখন আমরা সাধারণতঃ ম্যাট্রিকুলেশনের উপর জোর দিচ্ছি।

Sj. Ramanuj Haldar:

ঐ ২৭ টাকা ব্যতীত তারা যে কমিশন পায় তার পরিমাণ কত?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমাদের বর্তমান ব্লকগুলি সাধারণতঃ ৫ হাজার টাকা আছে। কাজেই তার উপর যে কমিশন হয় সেটা হিসাব করে নিন।

Sj. Mihirlal Chatterjee:

তহশিলদাররা যে এলাকায় খাজনা আদায়ের জন্য নিযুক্ত থাকেন সেই এলাকার মধ্যে তাদের কোন অফিস থাকাটা কি বাধ্যতামূলক?

The Hon'ble Bimal Chandra Sinha:

এখনও আমাদের নিজেদের গভর্নমেন্টের কোন অফিস করে দেয়া হয় নি—সে বিষয়টা বিবেচনাধীন। তাদের মনিঅর্ডার কমিশন, তাদের রেমুনারেশন কি হবে সব কটা বিষয়ই বিবেচনা করা হবে।

Sj. Mihirlal Chatterjee:

মন্ত্রিমহাশয় জানেন কি যে তহশীলদাররা যে এলাকায় খাজনা আদায়ের জন্য নিযুক্ত হন সেই এলাকার বাইরে বাড়ী থাকার জন্য তারা সেই এলাকায় গিয়ে খাজনা আদায় করেন না?

The Hon'ble Bimal Chandra Sinha:

২।৪ জায়গায় এরকম অভিযোগ পেয়েছি—আমার যতদূর এক্সপেরিয়েন্স, আমি নিজে যা দেখেছি তাতে করে বলতে পারি যে অধিকাংশ জায়গায় এটা ঠিক নয়।

Sj. Mihirlal Chatterjee:

[illegible] যে জায়গায় খাজনা আদায়ের জন্য নিযুক্ত হবেন সেই এলাকায় গিয়ে তারা খাজনা আদায় করবেন—এরকম কোন নির্দেশ মন্ত্রিমহাশয় দিয়েছেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটাই সাধারণ নিয়ম।

Sj. Saroj Roy:

তহশীলদারদের স্যালারী সিস্টেম করা, তাদের পার্মানেন্ট করার কথা কি মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

ভেলি বিবেচনা করা হচ্ছে।

Sj. Gopal Basu:

তহশীলদারদের সরকারী কর্মচারী বলে কি মনে করেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ নিয়ে আইনজ্ঞরা এখনও কোন সিদ্ধান্তে উপনীত হতে পারেন নি তার কারণ আপনারা জানেন যে অনেক জায়গায় তহশীলদাররা পঞ্চায়েতে ইলেকটেড হয়েছিল—সেই সময় প্রশ্ন উঠেছিল, গভর্নমেন্ট সার্ভেন্টস বোলে ইলেকটেড হোতে পারতো না।

[3-20—3-30 p.m.]

Sj. Gopal Basu:

এ'দের সরকারী কর্মচারী বলে গণ্য করবার জন্য ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি সেকথাও আগেই বলেছি। এর সঙ্গে অনেক ব্যাপার জড়িত আছে। যেমন ধরুন total cost of Land Reforms Act অনসারে সেপারেট করবার জন্য আমাদের কিছু করতে হবে। কিন্তু hundred per cent. cost or eighty per cent. cost হলে অপারেট করা চলবে না। অথচ যারা আছে তাদের জীবনধারণের মত যাতে একটা উপযুক্ত ব্যবস্থা করা যায়, তা করতে হবে। সমস্ত বিষয় অঙ্ক কষে দেখা হচ্ছে।

Sj. Gopal Basu:

এর সঙ্গে একটা মানবিক প্রশ্ন জড়িত আছে। তহশীলদারদের মাত্র ২৭ টাকা মাইনে, তাদের পরিবার আছে। আইনের প্রশ্ন পরে কি হবে তা জানি না। কিন্তু, এখন তাদের পরিবারের পেট ভরছে না। তারা তাদের পরিবারের ভরণপোষণ করতে পারছে না, সেদিকে বিবেচনা করে, তারা সরকারী কর্মচারী হোক বা না হোক, তাদের জন্য ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

মানবিক প্রশ্ন আছে বলেই ত তাদের সম্বন্ধে বিবেচনা করা হচ্ছে।

Sj. Gopal Basu:

তাতে কি বড় দেরী হয়ে যাচ্ছে না?

The Hon'ble Bimal Chandra Sinha:

নিশ্চয়ই দেরী হবে। আগেই বলেছি এর সঙ্গে অনেক প্রশ্ন জড়িত আছে। Future land reforms set up কি হবে। তারপর ইউ পি-র গভর্নমেন্টের সঙ্গে পরামর্শ করে দেখেছি—একই সার্কেলএ দুইজন সার্কেল ইন্সপেক্টর না রেখে একজন রাখলে ভাল হয়। এই সমস্ত অনেক প্রশ্ন আছে, যা নিয়ে বিবেচনা করা হচ্ছে।

Sj. Gopal Basu:

এই সমস্ত তহশীলদাররা যে মাইনে পায়, তা থেকেই তাদের কাগজপত্র, পেন্সিল প্রভৃতি প্রয়োজনীয় জিনিসগুলির জন্য ব্যয় করতে হয়, এটা কি সত্য?

The Hon'ble Bimal Chandra Sinha:

তা ত জানি। আমি আগেই বলেছি—এর মধ্যে বহুধরনের জিনিস আছে—অফিস কেরানী মুহুরী, money order commission impress tax, সমস্তগুলি এখন বিবেচনাধীন আছে।

Shri Gopal Basu:

যদি এগুলি বিবেচনা করেন, তাহলে এতদিন ধরে তাঁরা যে খরচপত্র করেছেন সে সম্বন্ধে একটা ব্যবস্থা তাড়াতাড়ি করা যায় না?

The Hon'ble Bimal Chandra Sinha:

না।

Shri Gopal Basu:

আপনি কি জানেন এ'রা যা কমিশন পান, সেটা ঠিক কখন পান?

The Hon'ble Bimal Chandra Sinha:

পুরা বিলটা অফিসে সাবমিট করবার পর, এ'রা কমিশন অফিস থেকে নিয়ে যান।

Shri Gopal Basu:

এটা কি সত্য যে চৈত্র, ফাল্গুন মাসে তাঁরা কমিশন পেয়ে থাকেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি বহু জায়গার দরখাস্ত পড়েছি - তারা তিন মাস অন্তর বিল সাপ্লাই করেছে এবং টাকা পেয়েছে।

Shri Chitto Basu:

সরকারী কর্মচারীর মত বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা যা তহশীলদাররা দাবী করেন, সেই সম্পর্কে তাদের সমিতির কাছ থেকে কোন স্মারকলিপি দেওয়া হয়েছিল কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

স্মারকলিপি অনেক পেয়েছি।

Shri Chitto Basu:

সেগুলি বিবেচনা করবার জন্য তাদের সঙ্গে যুক্ত বৈঠকে বসতে রাজী আছেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আগে আমাদের পরিকল্পনার ছক তৈরী হোক, তারপরে বলতে পারবো।

Shri Chitto Basu:

আমার প্রশ্ন হচ্ছে, সমিতির সঙ্গে বসতে আপনার আপত্তি নেই কো ত?

The Hon'ble Bimal Chandra Sinha:

এখন আমি হ্যাঁ বা না, কিছুই বলতে পারবো না। পরিকল্পনার ছক তৈরী করবার পর বলতে পারবো।

Shri Ajit Kumar Ganguli:

আমরা সাধারণভাবে দেখছি যে তহশীলদাররা যে কমিশন পান, তা অত্যন্ত কম। আপনি এখানে একটু আগে বলেছেন যে সাধারণত ৫ হাজার টাকা করে মহুর করা হয়। আমার প্রশ্ন হচ্ছে ১০ হাজার টাকার মহুর করবার পরিকল্পনা সরকারের আছে কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

হ্যাঁ, আপনারা রাজী হলে, আপনাদের সাপোর্ট পেলে ১০ হাজার টাকার কেন ইউ পি-র মত ২৫ হাজার টাকার করে দেবো।

Shri Nepal Ray:

এই যে ২৭ টাকা করে তারা মাসিক ভাতা পাচ্ছে, সেটা সরকারের তহবিল থেকে পাচ্ছে। সুতরাং তারা যখন সরকারী তহবিল থেকে মাইনে-পাচ্ছে, তখন তারা কেন সরকারী কর্মচারী বলে গণ্য হবে না?

The Hon'ble Bimal Chandra Sinha:
এদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করবার জন্য যে সকল বাধা আছে, সেগুলি বিবেচনা করা হচ্ছে।

Shri Nepal Ray:
সেই সকল বাধাগুলি কি?

The Hon'ble Bimal Chandra Sinha:
প্রথমত এরা কনট্রাক্ট সিসটেমএ কাজ করে, এরা পারমানেন্ট কেডারএর লোক নন্।

Shri Nepal Ray:
এ'রা কি কন্ট্রাক্ট সিস্টেমএ পার্টটাইম লেবারএর কাজ করেন, না, এ'রা হোল টাইম লেবারার?

The Hon'ble Bimal Chandra Sinha:
এ'রা পার্ট-টাইম লেবারার, এ'রা অন্য কাজও করেন।

UNSTARRED QUESTION
(answers to which were laid on the table)

Construction of a Sub-Registry Building at Santipur, Nadia

14. (Admitted question No. 2176.) **Shri Haridas Dey:** Will the Hon'ble Minister in charge of the Law (Judicial) Department be pleased to state—

(a) whether there is any proposal for construction of a permanent Sub-Registry Office Building at Santipur in Nadia district; and

(b) if so, when the construction is expected to begin?

The Minister for Law (the Hon'ble Iswar Das Jalan): (a) No.

(b) Does not arise.

Shri Haridas Dey:
যে ভাড়া বাড়ীতে ওটা আছে সেই বাড়ীতেই কি অফিস চলবে?

The Hon'ble Iswar Das Jalan: There is no proposal for a permanent Sub-Registry office at Santipur.

New Sub-Registry Office for West Nandigram, district Midnapore

15. (Admitted question No. 2690.) **Shri Basanta Kumar Panda:** Will the Hon'ble Minister in charge of the Law Department be pleased to state—

(a) whether a new Sub-Registry Office is proposed to be established for West Nandigram in the district of Midnapore; and

(b) if so, the location thereof?

The Minister for Law (the Hon'ble Iswar Das Jalan): (a) Yes.

(b) Hanschara.

Discrepancies in the stock of foodstuff in the Midnapore Central Jail

18. (Admitted question Nos. 1455/1495.) **Shri Saroj Roy:** Will the Hon'ble Minister in charge of the Home (Jails) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত ডিসেম্বর (১৯৫৭) মাসে যখন মেদিনীপুর সেন্ট্রাল জেলের মালগুদামের মাল চেক আপ করা হয়, তখন ২৯-১২-৫৭ তারিখে কতকগুলি বস্তার মধ্যে চাউলের বদলে মাটি ও ভুষি এবং ডালের বদলে ভুষি এবং চিনি ও তেলের ঘাটতি দেখা যায় ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে—

(১) এই সম্পর্কে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা,

(২) তদন্ত করিয়া থাকিলে, কাহাকেও অভিযুক্ত করা হইয়াছে কিনা,

(৩) জেলের গুদাম নিয়মিত অডিট করা হয় কিনা, এবং

(৪) করা হইলে, কাহার দ্বারা ও কবে শেষ অডিট করা হইয়াছে?

The Minister of State for Home (Jails) (the Hon'ble Purabi Mukhopadhyay):

(ক) ১৯৫৭ সালে ডিসেম্বর মাসের শেষার্ধে (২৯-১২-৫৭ তারিখ নহে) মেদিনীপুর সেন্ট্রাল জেলের মালগুদামের মাল বিভাগীয় ভ্রাম্যমাণ নিরীক্ষক কর্তৃক সত্যাখ্যাত হইয়াছিল। এই সত্যাখ্যানে চাউল কিংবা ডালের বস্তায় কোন মাটি অথবা ভুষি পাওয়া যায় নাই। মজুত চিনি ও সরিষার তেলে কিছু ঘাটতি দেখা যায় এবং তাহার পরিমাণ যথাক্রমে ৫ সের ৪ ছটাক এবং ৩ সের ১৫½ ছটাক। ইহা অতি সামান্য এবং কয়েকমাস স্বাভাবিক ঝড়তি-পড়তির ফলে ঘটিয়াছে এবং তদনুসারে হিসাব সমন্বয় করা হইয়াছে।

(খ) (১) এবং (২) (ক)-এর উত্তর অনুযায়ী এই প্রশ্ন উঠে না।

(৩) জেলের গুদামজাত মাল নিয়মিত প্রতি ছয় মাস অন্তর কারাধ্যক্ষের দ্বারা এবং সাধারণত বৎসরে একবার বিভাগীয় ভ্রাম্যমাণ নিরীক্ষকের দ্বারা পরীক্ষিত হইয়া থাকে।

(৪) ১৯৫৭ সালের ডিসেম্বর মাসের শেষভাগে বিভাগীয় ভ্রাম্যমাণ নিরীক্ষকের দ্বারা সর্বশেষ সত্যাখ্যাত হইয়াছে।

Shri Saroj Roy:

আমার এখানে প্রশ্ন ছিল একটা স্পেসিফিক ডেট দিয়ে অর্থাৎ ২৯এ ডিসেম্বর ১৯৫৭। আপনি সেখানে দিয়েছেন ওই ডেট-এ না, কিন্তু ডিসেম্বর মাসের শেষাশেষি। আমি স্পেসিফিক ডেট দিয়েছিলাম কারণ আমার ঠিক জানা আছে। চেক আপ বা অডিট যেটা হয়েছিল সেটা কয়েকদিন ধরে হয়েছিল ঠিকই, কিন্তু কয়েকদিনের মধ্যে ওই দিন অর্থাৎ ২৯এ ডিসেম্বর ১৯৫৭ তারিখে যেভাবে চেক আপ হয় সেইদিনই ও চাল-ডালের বস্তায় মাটি কাঁকর ইত্যাদি পাওয়া যায়। সুতরাং আমি জানতে চাইছি ওই ডেট-এর ব্যাপারে কোন স্পেসিফিক খবর নিয়েছিলেন কি না।

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি আপনাকে বলেছি ২৯এ ডিসেম্বর ১৯৫৭ তারিখে স্পেসিফিক কিছু হয় নি, শুরু হয়েছিল ১০ তারিখ থেকে এবং পয়লা তারিখে শেষ হয়। আপনার যে সংক্রান্ত প্রশ্ন তার তারিখের জন্য উত্তরে কোন অদলবদল হতে পারে না। আপনি তারিখের কথা ভুলে যান। আইটেম যেগুলি সংক্রান্ত প্রশ্ন আপনার ছিল সেই আইটেমগুলির উত্তর দেওয়া হয়েছে।

Shri Saroj Roy:

আমি কি জবাব পেতে পারি ওই যে ইনকোয়ারি করিয়েছিলেন কোশ্চেন পাবার পর; যে ইনকোয়ারি করার পর সেই সমস্ত জবাব দিয়েছেন সেই ইনকোয়ারিটা কিভাবে করা হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আপনি প্রশ্ন করার পর আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দিয়ে তদন্ত করিয়েছিলাম। তিনি আপনার ওই আইটেমগুলির ব্যাপারে কোন ডিসক্রিপেন্সি পান নি, কিন্তু পরে দেখা গিয়েছিল যে মুসুরের ডালের ক্ষেত্রে ডিফিসিট ছিল এবং তার জন্য স্টোর ক্লার্কএর পে থেকে ২৫ টাকা করে কেটে নেওয়া হচ্ছে।

Shri Saroj Roy:

আপনি যে রিপোর্ট ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছ থেকে পেয়েছিলেন তার মধ্যে এমন কিছু কি ছিল যে, ফাস্ট অডিট হয়ে যাওয়ার পর ফাইন্যাল রিপোর্ট সাবমিট করার আগে আবার সেখানে একটা অডিট করান হয়? এরকম কোন রিপোর্ট আপনার আছে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

প্রথমবার যখন ইন্সপেকশন হয়, সেই ইন্সপেকশন আমি আগেই লিখে দিয়েছি স্টক-এ ক' সের কম পড়ে—এ সম্বন্ধে দ্বিতীয়বার কোন অডিট হয় নি। আমি সাবসিকোয়েন্টলি আর কোন আইটেমএ কম পড়েছিল কিনা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে জানতে চাইলে ওই ইন্সপেকশন হয়েছিল। রিপোর্টএ কিছু অদলবদল হয় নি এবং ওই রিপোর্ট সাবসিকোয়েন্ট আইটেমগুলি সম্পর্কে হয়েছিল। এগুলি সম্পর্কে নয়।

Shri Gopal Basu:

মাল গুদামের কর্মচারীর মাইনে থেকে মালের জন্য ২৫ টাকা করে কেটে নেওয়া হচ্ছে এই মালের দাম কত?

The Hon'ble Purabi Mukhopadhyay:

১,২৪৮ টাকা।

Shri Ajit Kumar Ganguli:

এই যে কেটে নিচ্ছেন আপনি কি তদন্ত করে দেখেছেন মাল গুদামের কেরানী সত্যিই ওই ব্যাপারে দায়ী কি না? কন্ট্রাক্টররা প্রায়ই এসব কাজ করে থাকে।

The Hon'b'e Purabi Mukhopadhyay:

একজন কর্মচারী সম্বন্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবার আগে নিশ্চয়ই যতদূর পারা যায় ভাল করে তদন্ত করা হয়।

Sj. Ajit Kumar Ganguli:

কন্ট্রাক্টর যে করেনি এ বিষয়ে কি নিঃসন্দেহ হয়েছেন কি?

The Hon'b'e Purabi Mukhopadhyay:

এ প্রশ্ন আর উঠে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The piece-work system has up to now worked well. Parties have been satisfied as they are receiving their copies fairly regularly and Government has not been troubled with any complaints about this. Under the piece-rate system the incentive to work is good and a good typist or a good copyist can increase his earnings to a fairly high level. Their main grievance is that they do not get any leave but work on no-work no-pay basis. They also sometimes complain that when their earnings go substantially higher than the minimum, the district authorities are apt to bring in more typists and copyists, thereby depressing their earnings to or very near the minimum. It has been suggested that the fees per folio be raised to six annas. Out of this amount of six annas, three annas will be paid to the typists or the copyists as remuneration. Out of the remaining three annas which should go to Government, Government should provide the pay of the comparing and head compairing clerks, cash allowance in lieu of food concession, contributory provident fund and leave salary, leave being admissible under rule 221 of W.B.S.R. Part I, on the pattern of leave admissible to piece workers of the Bengal Government Press. The views of the local officers have been asked for in this respect as to whether any change is desirable. Their replies are awaited. Ultimately the whole question may have to be referred to the Pay Committee.

Shri Hare Krishna Konar: What is the difficulty in getting them admitted into the regular establishment?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমি সেটা ঠিক বলতে পারি না—পে কমিটি সেটা ঠিক করবে।

Sj. Hare Krishna Konar:
সাধারণভাবে টাইপিস্ট এবং কপিস্টদের মধ্যে যা ফিলিং তা হচ্ছে তাঁরা রেগুলার এস্টাব্লিসমেন্টে আসতে চান—এটা কি আপনি অবগত আছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আপনি বল্লেন তাই জানালাম।

Sj. Hare Krishna Konar:
কয়েক বছর ধরে তাঁরা রিপ্রেজেন্টেশন করছেন এই ব্যাপারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এখনই তো বল্লাম ও'রা মনে করেন যে এটার চেয়ে বোধহয় ফিক্সড্ পে হলে ভাল হয়। সেই প্রশ্নটা হচ্ছে সমস্ত ডিস্ট্রিক্ট লোকাল অফিসারদের কাছে টু গেট দেয়ার ভিউজ অন দি সাবজেক্ট পিস-রেট হবে, না, কি হবে।

Sj. Hare Krishna Konar:
এ কথাটা আগে বিচার বিভাগীয় মন্ত্রী উত্তর দিয়েছিলেন যে, ডিস্ট্রিক্ট অফিসারদের ওপিনিয়ন চাওয়া হয়েছে, প্রায় দু'বছর আগে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
ভদ্রলোকের এক কথা।

Sj. Hare Krishna Konar:
এখনও কি সেটা পাওয়া যায় নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এখনও কোন খবর পাওয়া যায় নি।

Sj. Copal Basu:
তাদের মাইনে হচ্ছে পিস-রেটে। এখন তাদের যে বোনাস দেয়া হয় মহার্ঘভাতার বদলে এটা কি মানথ্লি বোনাস?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
তা আমি বলতে পারবো না।

[3-40—3-50 p.m.]

Sj. Copal Basu:
এই যে পিস-রেট, অন্তবর্তীকালীন বৃদ্ধি, এটা ক্যালকুলেটেড হয় কি ভাবে, রেটটা বেড়ে যায় না, থোক টাকা দেওয়া হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এবার আমাকে ঠকিয়ে দিয়েছেন। এখন বলতে পারবো না।

Sj. Sudhir Chandra Rai Chaudhuri:
তাদের স্কেল যখন দেওয়া হবে, আমি কি জানতে পারি তাদের এমন করে যে আয় সেটা লক্ষ করে গ্রেড করা হবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমার মনে হয় সেটাই করা উচিত।

Pachwai Shops in West Bengal

***57.** (Admitted question No. *1977.) **Shri Jagatpati Hansda:** Will the Hon'ble Minister in charge of the Excise Department be pleased to state—

(ক) ১৯৫২ সালে এবং ১৯৫৮ সালে পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কত পচাই দোকান ছিল ও আছে;

(খ) ১৯৫২ হইতে ১৯৫৮ সাল পর্যন্ত জেলাওয়ারী নিজবাটিতে পচাই রাখার অপরাধে অপরাধী কতজন [illegible] জেলে দেওয়া হইয়াছে;

(গ) পশ্চিমবঙ্গে পচাই দোকান তুলিয়া দেওয়ার কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে কিনা;

(ঘ) পচাই লাইসেন্স হইতে ১৯৫২ সাল হইতে প্রতি বৎসর কত আয় হইয়াছে; এবং

(ঙ) উক্ত আয় [illegible] উন্নতিকল্পে ব্যয়িত হয় কিনা?

The Minister for Excise (The Hon'ble Syama Prasad Barman):

(ক), (খ) এবং (ঘ) বিবরণী "ক", "খ" এবং "গ" এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) বর্তমানে নাই।

(ঙ) পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় আদায়ীকৃত রাজস্বের কোন অংশ কোন বিশেষ খাতে ব্যয়ের জন্য পৃথকীকরণ করা হয় না।

Statement "ক" referred to in reply to clause (ক) of starred question No. 57

STATEMENT SHOWING THE NUMBER OF PACHWAI SHOPS IN WEST BENGAL IN THE PERIOD 1952-53 AND 1957-58

Name of district.	1952-53.	1957-58.
Burdwan	351	350
Birbhum	244	239
Bankura	158	158
Midnapore	208	208
Hooghly	39	40
Howrah	2	1
24-Parganas	...	...
Calcutta	1	2
Nadia	19	19
Murshidabad	60	60
West Dinajpur	...	...
Jalpaiguri	...	...
Malda	...	...
Darjeeling	26	26
Cooch Behar	...	...
Purulia	...	26
Total ...	1,108	1,128

Statement "খ" referred to in reply to clause (খ) of starred question No. 57

STATEMENT SHOWING THE NUMBER OF ADIBASIS (ABORIGINALS) CONVICTED OFFENCES RELATING TO ILLEGAL POSSESSION OF COUNTRY LIQUOR FOR THE YEARS 1952 TO 1958 IN WEST BENGAL, DISTRICT BY DISTRICT

Serial No.	Name of district.					Number of Adibasis convicted from 1952 to 1958
			Burdwan Division			
1	Purulia	...	...	...	...	164
2	Burdwan	...	...	...	...	728
3	Birbhum	...	...	...	...	121
4	Hooghly	...	...	...	...	133
5	Howrah	...	...	...	...	1
6	Midnapore	...	...	...	...	7,249
7	Bankura	...	...	...	...	63
			Presidency Division			
8	Darjeeling	...	...	...	...	102
9	Jalpaiguri	...	...	...	...	78
10	Cooch Behar	...	...	...	...	...
11	West Dinajpur	...	...	...	...	16
12	Malda	...	...	...	...	24
13	Murshidabad	...	...	...	...	48
14	Nadia	...	...	...	...	...
15	24-Parganas	...	...	...	...	373
16	Calcutta	...	...	...	...	152
				Grand Total	...	9,253

Statement "গ" referred to in reply to clause (গ) of starred question No 57

STATEMENT SHOWING EXCISE REVENUE FROM FEES ON LICENSES RELATING TO SALE AND POSSESSION OF PACHWAI

Year				Amount Rs.
1952-53	...	...	...	38,48,003
1953-54	...	...	...	38,82,627
1954-55	...	...	...	44,06,250
1955-56	...	...	...	39,55,373
1956-57	..	...	...	37,52,527
1957-58	.	..		38,95,5[illegible]8

Sj. Syamapada Bhattacharyya:

আমি (খ) প্রশ্নে জানতে চেয়েছিলাম কতজন আদিবাসীকে জেলে দেওয়া হয়েছে; তার উত্তরে আপনি আপনার স্টেটমেন্ট-এ বলেছেন কত সংখ্যক লোককে সাজা দেওয়া হয়েছে। তাহলে কি আমি ধরে নেবো যাদের সাজা দেওয়া হয়েছে তাদের সবাইকে জেলে দেওয়া হয়েছে?

The Hon'ble Syama Prasad Barman:

আমার স্টেটমেন্ট-এ এই যে (খ) প্রশ্নের উত্তর সেটা কম্প্লিট করে দিতে পারি নি। তার কারণ আমাদের এখানে ইলিসিট কান্ট্রি লিকার-এর মধ্যে আছে পচাই, তাড়ি ও কান্ট্রি স্পিরিট, কাজেই পচাই তৈরী করার জন্য তারা কন্‌ভিক্‌টেড হয়েছে। তা ছাড়া আদিবাসীদের জন্য আর একটা ব্যবস্থা আছে, যদি কেউ পেটি অফেন্স করে, অর্থাৎ আট সেরের বেশী শুকনো চাল পচাই-এর জন্য ব্যবহার করেন, তাহলে তাদের ধরে জরিমানা করে ছেড়ে দেওয়া হয়।

Sj. Haridas Dey:

আপনার স্টেটমেন্ট থেকে দেখা যাচ্ছে ১৯৫২ সাল থেকে ১৯৫৮ সালের ভিতর পচাই-এর দোকানের সংখ্যা বেড়ে গিয়েছে, কিন্তু, সেদিক দিয়ে রেভেনিউ-এর বেলায় একই রকম আছে। রেভেনিউ বাড়লো না কেন?

The Hon'ble Syama Prasad Barman:

পুরুলিয়া পশ্চিমবাংলার সংগে যুক্ত হয়েছে, এবং সেইজন্য দোকানের সংখ্যা কিছু বেশী হয়েছে বটে, কিন্তু রেভেনিউ ঠিক আছে।

Sj. Ajit Kumar Ganguli:

এখানে একটা হিসাব দেখুন—টোটাল কন্‌ভিকটেড হয়েছে ৯,২৫৩ জন তার মধ্যে মেদিনীপুরে হচ্ছে ৭,২৪৯ জন। এখানে এম এল এ-র সংখ্যা যেমন বেশী, সেইরকম সেখানে তাদের সংখ্যাও বেশী। এর কারণটা কি?

The Hon'ble Syama Prasad Barman:

সেখানে তাড়ির ও পচায়ের দোকান বেশী তাই নাম্বার অফ কন্‌ভিক্‌সনসও বেশী।

Sj. Ajit Kumar Ganguli:

ইল্লিগেল লিকার তৈরী করার দোকান কি এখানে বেশী আছে?

[*No reply.*]

Sj. Dhirendra Nath Dhar:

স্টেটমেন্ট-এ রয়েছে কলকাতায় কন্‌ভিক্‌টেড আদিবাসীদের সংখ্যা হচ্ছে ১৫২। কিন্তু সমস্ত টোটাল কন্‌ভিক্‌সন-এর অনুপাতে তাদের সংখ্যা কত বলতে পারেন কি?

[*No reply.*]

Sj. Ajit Kumar Ganguli:

সংখ্যাটা এখানে এত বেশী হ'ল কি করে? এখানে কি দু'রকম দিন রাত ইল্লিগাল চোলাই তৈরী হয়?

The Hon'ble Syama Prasad Barman:

উত্তরটা কম্প্লিট ভাবে দেওয়া হয়েছে আমার কাছে ব্রেক আপ নেই. কান্ট্রি লিকার মানে পচাই, কান্ট্রি স্পিরিট এবং তাড়ি এই তিনটি। মেদিনীপুরে পচাই এবং তাড়ি বেশী হচ্ছে বলে সেখানে সংখ্যা বেশী হতে পারে।

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জবাব দেবেন বর্ধমানে দোকানের নাম্বার অনেক বেশী মেদিনীপুরের তুলনায় সুতরাং সেখানে তাড়ি খাবার মত লোকও অনেক বেশী, কিন্তু কন্‌ভিক্‌সন-এর ব্যাপারে দেখা যাচ্ছে বর্ধমান যেখানে ৭২৮ সেখানে মেদিনীপুরে ৭,২৪৯—

The Hon'ble Syama Prasad Barman:

এখানে দোকান ছাড়া হোম ব্রিউইং লাইসেন্সও দেওয়া হয়েছে—কাজেই দোকানের সংখ্যা বর্ধমানে বেশী হতে পারে, কিন্তু মেদিনীপুরে উৎপাদন বেশী।

Sj. Sudhir Chandra Rai Chaudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় (গ) প্রশ্নের উত্তরে বলেছেন—পশ্চিমবংগে বর্ত্তমানে পচাইয়ের দোকান তুলে দেওয়ার কোন পরিকল্পনা নেই। আমি জানতে চাইছি ভবিষ্যতের জন্য এরকম তুলে দেওয়ার কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Syama Prasad Barman:

এখন বলতে পারব না ভবিষ্যতে কি হবে।

Sj. Bijoy Singh Nahar:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে কন্‌ভিক্‌সন-এর সংখ্যা বেশী
কম হলেও হোম ব্রিউইং-এর লাইসেন্স দেওয়া হয়েছে। কলকাতায় দোকান আছে আর দু'টি অথচ কন্‌ভিক্‌সন ১৫২। আমি জিজ্ঞাসা করছি এখানে কি ঘরে ঘরে তাড়ি করার লাইসেন্স দিয়েছেন?

[*No reply.*]

Sj. Monoranjan Hazra:

এখানে ১৯৫২ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত যে হিসাব দিয়েছেন তা থেকে একটা জিনিস আপনার কাছ থেকে জানতে চাইছি। এই যে কন্‌ভিক্‌সন হয়েছে এটা কি একই লোককে বার বার ধরা হয়েছে এ রকম ঘটনা জানেন কি?

The Hon'ble Syama Prasad Barman: I ask for notice.

Sj. Gopal Basu:

লাইসেন্স বাবদ যে আয় হয় ১৯৫২-৫৩ হয়েছে সেটা ৪৮ লক্ষ ৪৮ হাজার ইত্যাদি আর মাঝখানে ১৯৫৪-৫৫ সালে ৫৪ লক্ষ ইত্যাদি আর ১৯৫৭-৫৮ সালে ৩৮ লক্ষ ৯৫ হাজার, অথচ বাঁ দিকে লেখা আছে দোকানের সংখ্যা বেড়ে গেছে ১১০৮ আর ১১২৮ এই ফ্লাকচুয়েসন-এর অর্থ কি?

The Hon'ble Syama Prasad Barman:

১৯৫৪-৫৫ সালে সব খাতেই আয় বেড়ে গিয়েছে শুধু পচাইয়ে নয়।

Sj. Gopal Basu:

কিন্তু ফ্লাকচুয়েট করার কারণটা কি?

The Hon'ble Syama Prasad Barman:

১৯৫৪-৫৫ সালে পিক ইয়ার ছিল—সব খাতেই বেড়ে গিয়েছিল।

[3-50—4 p.m.]

Sj. Gopal Basu:

১৯৫৬-৫৭ সালে ছিল ৩৭,৫২,৫২৭, ১৯৫৭-৫৮ সালে ৩৮,৯৫,৫০৮ আর ১৯৫৫-৫৬ সালে ছিল ৩৯,৫৫,০৭৩ এই যে ফ্লাকচুয়েট করছে এটা কি বিনা লাইসেন্সএ চোলাই মদের ব্যবসা চলে ব'লে?

The Hon'ble Syama Prasad Barman:

যেরকম কনজাম্পশন হয় তার উপর এটা নির্ভর করে, লোকের কন্ডিশন যদি ভাল হয়, যে বছর অবস্থা ভাল হয় তখন কনজাম্পশন বেশি হয়, অবস্থা খারাপ হ'লে কনজাম্পশন কম হয় তাই রেভিনিউও কম হয়।

Sj. Monoranjan Hazra:

যে দোকানগুলি আছে তাতে বাইরে থেকে ইল্লিসিট লিকার এনে বিক্রি করা হয় এটা আপনি জানেন কি?

The Hon'ble Syama Prasad Barman:

জানি না।

Sj. Ajit Kumar Ganguli:

এই যে কর্নভিকশনএর কথা বললেন, নদীয়ায় শান্তিপুরে খুব লিকারএর প্রচলন আছে, কিন্তু নদীয়ায় ও কুচবিহারে কোন কর্নভিকশন হয় নি এটার কি কর্তৃপক্ষের সংগে কোন সম্পর্ক আছে?

[হাস্য]

[*No reply.*]

Sj. Ramanuj Haldar:

এখানে স্টেটমেন্ট (ক)তে দেখছি ২৪-পরগনা, ওয়েস্ট দিনাজপুর, জলপাইগুড়ি, মালদা, কুচবিহারএ কোন সংখ্যা নাই, তা হলে এখানে কি কোন পচাই দোকান নাই?

The Hon'ble Syama Prasad Barman:

না, কোন দোকান নাই, এইসব জায়গায় হোম ব্রিউইংএর লাইসেন্স দেওয়া হয়েছে।

Sj. Mihirlal Chatterjee:

১৯৫২ সালের তুলনায় ১৯৫৮ সালে বিলাতী মদের দাম অনেক বেড়ে গিয়েছে। এখন ১৯৫২ সালের তুলনায় ১৯৫৮ সালে পচাইয়ের দাম কি বাড়ানো হয়েছে?

The Hon'ble Syama Prasad Barman:

দাম বাড়ে নি।

Sj. Mihirlal Chatterjee:

১৯৫২ সালে পচাই মদের মধ্যে পার্সেন্টেজ অফ অ্যালকোহল যা থাকত ১৯৫৮ সালেও কি সেই পার্সেন্টেজ অফ অ্যালকোহল আছে?

The Hon'ble Syama Prasad Barman:

একই আছে।

Granting of new distillery licenses

***58.** (Admitted question No. *252.) **Shri Brindaban Gayen:** Will the Hon'ble Minister in charge of the Excise Department be pleased to state—

(*a*) whether there have been distillery licenses granted by the Government of West Bengal during the years 1955-56 and 1956-57;

(*b*) if so, what is the number of licenses granted; and

(*c*) what are the reasons for granting such licenses in view of the statements made by the Government advocating prohibition?

The Minister for Excise (The Hon'ble Syama Prasad Barman):

(*a*) Yes.

(*b*) —

1955-56	..	1
1956-57	..	1
		2

(*c*) The two new licenses have been granted mainly with a view to meet increased demand of industrial spirit due to expansion of the existing industries and setting up of new industries in this State.

Sj. Monoranjan Hazra:

এই যে দুটো প্রতিষ্ঠান বেড়েছে বলছেন সেগুলির নাম ক'রে বললে বুঝতে পারি, স্পিরিটএর দরকার হয়েছিল এবং এ দুটো কোন্ জায়গায় পড়েছে!

The Hon'ble Syama Prasad Barman:

একটা হচ্ছে ইন্ডিয়া ড্রাগ কোম্পানি লিমিটেড, ক্যালকাটা, আর একটা হচ্ছে শ্রীরামপুর ডিস্টিলারি লিমিটেড।

Sj. Monoranjan Hazra:

এই যে শ্রীরামপুরে যেটা আছে এটা কি এক্সক্লুসিভলি স্পিরিট তৈরি করে?

The Hon'ble Syama Prasad Barman:

হ্যাঁ, শুধু স্পিরিট তৈরি করে।

Sj. Monoranjan Hazra:

আদার অ্যালকোহলিক প্রিপারেশন কিছু তৈরি করে না?

The Hon'ble Syama Prasad Barman:

শুধু স্পিরিটই তৈরি করে।

Sj. Narayan Chobey:

আমাদের পশ্চিমবঙ্গে হোলসেলএ আগে কত লাভ হত এবং এখন কত লাভ হয়?

The Hon'ble Syama Prasad Barman: I want notice.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

রিসড়ায় সবচেয়ে বড় একটা ডিস্টিলারি ছিল। তার লাইসেন্স কি বন্ধ ক'রে দেওয়া হয়েছে?

The Hon'ble Syama Prasad Barman: The distillery has been closed due to bad management.

Manufacture of illicit country liquor at Bally and Howrah Towns

***59.** (Admitted question No. *336.) **Shri Samar Mukhopadhyay:** Will the Hon'ble Minister in charge of the Excise Department be pleased to state—

(*a*) whether Government is aware that a large-scale manufacture of illicit country liquor is going on in the Towns of Howrah and Bally; and

(*b*) if so, what steps, if any, have been taken or are proposed to be taken by Government in the matter?

The Minister for Excise (The Hon'ble Syama Prasad Barman):

(*a*) Yes.

(*b*) The Excise staff have been keeping close watch over these areas and trying to combat the problem in close co-operation with the police.

Sj. Narayan Chobey:

আপনাকে প্রশ্ন করা হয়েছিল what steps if any has been taken, and the reply is "we have been keeping watch".

কি স্টেপস নেওয়া হয়েছে বলবেন কি?

The Hon'ble Syama Prasad Barman:

অনেকগুলি কেস করা হয়েছে।

Sj. Narayan Chobey:

কতগুলি কেস করা হয়েছে?

The Hon'ble Syama Prasad Barman:

এখানে আপনাদের জানাতে পারি যে, ১৯৫৬-৫৭ সালে ৯৩৩টি হয়েছে; ১৯৫৭-৫৮ সালে ১,৪২৮টি হয়েছে।

Sj. Narayan Chobey:

এর ফলে ঐ অঞ্চলে এইরকম আনলাইসেন্সড লিকার শপএর সংখ্যা এবং ইল্লিসিট কাল্টি লিকার বিক্রয় কমেছে কি?

The Hon'ble Syama Prasad Barman: I ask for notice.

Sj. Narayan Chobey:

আপনি উত্তরে বলেছেন যে, পুলিসের সঙ্গে সংযোগ রেখে আপনার স্টাফ ওয়াচ রাখছে। একথা আপনি কি জানেন যে, আপনার স্টাফ পুলিসের সঙ্গে মিলেমিশে চোরাই কারবার চালাচ্ছে?

[*No reply.*]

Sj. Ajit Kumar Ganguli:

আপনি বলেছেন যে, হাওড়া ও বালীতে লার্জ-স্কেল ইল্লিসিট কাল্টি লিকার তৈরি হয় এবং তার জন্য অনেককে অ্যারেস্টও করেছেন। কিন্তু এর আগের প্রশ্নের উত্তরে দেখছি যে, হাওড়ায় 'অনলি ওয়ান কনভিকশন'। এখানে প্রশ্ন হচ্ছে অনেক লোককে অ্যারেস্ট করার পর মাত্র একটা কনভিকশন হচ্ছে কেন?

The Hon'ble Syama Prasad Barman:

আমরা জরিমানাও করতে পারি।

Mr. Deputy Speaker: Question time is over.

Shri Ajit Kumar Ganguli: Sir, I want to put some more supplementaries to this question.

Mr. Deputy Speaker: Then the question is held over.

Further information regarding Piece-rate typists

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I may give the further figures for the piece rate typists. They get extra for extra work—per folio. একজন টাইপিস্টের মাইনে হচ্ছে ৯০ টাকা। এদের রেমিউনারেশন পিস রেটএ দেওয়া হয়। প্রত্যেক কাজের জন্য চার আনা ক'রে দেওয়া হয়। এরা যে কাজ করে তা যদি ৯০ টাকার মধ্যে হয় তা হলে তাকে ৯০ টাকা দেওয়া হয় এবং কেউ যদি তার বেশি কাজ করে তা হলে তাকে বেশি দেওয়া হয়। আমরা হিসাব ক'রে দেখেছি, তারা মাসে ৯০ টাকার বেশিই পায়।

Sj. Gopal Basu:

এই যে ৯০ টাকা দেওয়া হয়, এটা কিভাবে কাজ করলে দেওয়া হয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ঐ তো বললাম, চার আনা ক'রে পায় পীস। এরা যদি ৯০ টাকার মত কাজ নাও করে তা হলে ৯০ টাকা দেওয়া হয় এবং তার বেশি কাজ করলে বেশি পাবে।

Sj. Gopal Basu:

একজন কি শুধু ১০ টাকাই পায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এরা পায় ১০+১০+১০+৪০ টাকা, সবসুদ্ধ ১৫০ টাকা।

Sj. Gopal Basu:

৪০ টাকা তো ডিয়ারনেস অ্যালাওঅ্যান্স দেওয়া হয়, ইট ইজ নট মাচ।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা জানি না, ঐ দেওয়া হয়।

Difficulty in getting yarn at controlled rate by weavers

[4—4-10 p.m.]

Sj. Haridas Dey:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পশ্চিমবঙ্গের হস্তচালিত তাঁতশিল্পীরা একটা সংকটের সম্মুখীন হয়েছে, তাদের ব্যবহারযোগ্য সুতা যেটা কন্ট্রোল রেটএ ৬২।৬২ টাকায় বিক্রি হয় সেটা প্রায় ৮০, টাকা দাম হয়েছে এবং সবই প্রায় ব্ল্যাকমার্কেটএ বিক্রি হচ্ছে যার জন্য কাপড়ের দাম অনেক বেড়ে গেলেও তাদের মজুরী বাড়ে নি—তাদের কাপড়ও বিক্রি হচ্ছে না। তারা যাতে কন্ট্রোল রেটএ সুতা পেতে পারে সেই ব্যবস্থা করার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Monoranjan Hazra:

ডেপুটি স্পীকার মহাশয়, আমরা শুনেছিলাম দুটো মিল তৈরির জন্য ২০ হাজার স্পিন্ডল এসে গিয়েছে। এ সবই মাদুরা থেকে এসেছে এবং এ নিয়ে ব্ল্যাকমার্কেট হচ্ছে ব'লে তাঁতীদের অত্যন্ত চড়া দামে কিনতে হচ্ছে যার জন্য তন্তুবায় সমাজ শেষ হ'তে চলেছে। এ সম্বন্ধে কি ব্যবস্থা করা হচ্ছে জানতে পারলে আমরা বাধিত হব।

Jamuria explosion

Sj. Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে কাউন্সিলএ সকালবেলা মুখ্যমন্ত্রী জামুরিয়া দুর্ঘটনা সম্পর্কে একটা বিবৃতি দিয়েছেন; কিন্তু তাতে দুটি বিষয় পরিষ্কার হয় নি। সেই বিবৃতিতে তিনি জানিয়েছেন

it would be better therefore if the Inspector of Explosives were to make a proper enquiry.

সেন্ট্রাল গভর্নমেন্ট এনকোয়ারি করলে ভাল কি মন্দ হয় সেটা আমি জানতে চাচ্ছি না। কে করবে? কালকে আমি সেখানে গিয়েছিলাম, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর সংগে আমার দেখা হয়েছে। তিনি সেখানে গিয়েছেন এনকোয়ারি করতে। সুতরাং আমরা স্পষ্ট জানতে চাই কে এনকোয়ারি করবেন। আমরা অবশ্যই চাই আন্ডার সেকশন ৯(এ)(১)তে এনকোয়ারি হোক, কেননা এই সেকশনএ যদি এনকোয়ারি হয় তা হলে হাইকোর্টএর জজ আসতে পারেন। মুখ্যমন্ত্রীর বিবৃতির মধ্যে এ সম্বন্ধে একটা অস্পষ্টতা আছে, তিনি বলেছেন

hold a direct enquiry and the Chief Inspector of Explosives may also appoint persons possessing legal knowledge.

তিনি করবেন না। সেন্ট্রাল গভর্নমেন্ট করবেন,

either the Chief Inspector of Explosives or a competent person.

এবং সেই কম্পিটেন্ট পার্সনএর ভিতর ইট ইজ ভেরি ওয়াইড—হাইকোর্ট জজ আসতে পারেন। জামুরিয়া কোলিয়ারিতে একটা সাংঘাতিক দুর্ঘটনা হয়েছে—ইট ইজ নট অ্যান অর্ডিনারি অ্যাক্সিডেন্ট। যদি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এনকোয়ারি করেন তা হলে সেটা একটা ডিপার্টমেন্টাল

এনকোয়ারি হবে, তার স্কোপ লিমিটেড, তাতে কোন লাভ হবে না। সেজন্য আমি জানতে চাচ্ছি তিনি আমাদের স্পেসিফিক্যালি বলুন কে এনকোয়ারি করবেন—আমার সাজেসশন হচ্ছে তিনি ট্রাঙ্ক কল ক'রে অর্ডার নিয়ে আসুন বেঙ্গল গভর্নমেন্টএর পক্ষ থেকে যে, এনকোয়ারি হাইকোর্ট জজ দিয়ে করাতে হবে। আমি সেখানে গিয়েছি, সমস্ত কাগজপত্র সরযূপ্রসাদের ঘরে রয়েছে, কিছুই সীজ করা হয় নি, তার ভেতর পাওয়া যাবে কোথায় কোথায় সাপ্লাই করত এক্সপ্লোসিভস এবং সেখান থেকে যেসব আনত। আপনি বোধহয় শুনেছেন যে, গত ৬ মাস সেখানে কোলিয়ারি ম্যাগাজিনএ রবারি হয়েছে, অনেক জিনিস চুরি হয়ে গিয়েছে এবং লোক্যাল পিপলদের সন্দেহ যে, ঐ হচ্ছে সেই গ্যাংএর রিংলীডার। চীফ ইন্সপেক্টর দিয়ে এনকোয়ারি হতে পারে না, কারণ এগুলি পারমিসিভ এক্সপ্লোসিভস কিনা তার দায়িত্ব নিতে হবে চীফ ইন্সপেক্টর অফ মাইনসকে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এসব জিনিস করতে পারেন না। যেসব কোলিয়ারি এর থেকে এক্সপ্লোসিভস নিয়েছে তার কোন পারমিট নেই। এখন সেখানে সবাই পাগল হয়ে গিয়েছে পণ্ডিতজীর আগমন উপলক্ষে, তিনি ৬ই আসছেন সেখানে পাম্পেং উদ্বোধন করার জন্য। এখনও পর্যন্ত কোন লোক অ্যারেস্টেড হয় নি, সরযূপ্রসাদকে অ্যারেস্ট করা হয় নি, তাঁর আপন ভাই সীতারাম সাহুকেও পুলিস অফিসাররা ধরতে পারছেন না, সে পালিয়ে বেড়াচ্ছে। এর দ্বারাই বোঝা যাচ্ছে, পুলিস কর্মচারীরা এই দুর্ঘটনার সিরিয়াসনেস ধরছেন না। যদি হাইকোর্ট জজ দিয়ে এনকোয়ারি না করা হয় এবং একজন সাধারণ জেলা ম্যাজিস্ট্রেটকে দিয়ে এনকোয়ারি করা হয় তা হলে সেটা একটা ডিপার্টমেন্টাল এনকোয়ারি হবে। তারপর, সেই জেলা ম্যাজিস্ট্রেটের বিরুদ্ধেও আমাদের চার্জ রয়েছে। যদি হাইকোর্ট জজ দিয়ে এনকোয়ারি না করান তা হ'লে আমরা কো-অপারেশন দিতে পারব না, আমরা নন-কোঅপারেশন করব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have already written to the Government of India that they should make an enquiry under section 9. It is reported that an enquiry is being made and it will take a few days to finish the enquiry. I have asked the Central Government to take immediate steps to start an enquiry under section 9A because I think it is a very serious occurrence and it is necessary that necessary steps should be taken at once. I believe they will appoint some responsible men for the enquiry.

As regards the question of the sealing of the house and the seizure of books, I have no definite information. I had a telephone talk with the District Magistrate. Efforts are being made to find out the guilty person. We are trying to get hold of him who is absconding. We have not succeeded yet. We are trying to find out.

But obviously none of the people round about could tell the Magistrate as to whether they knew anything about it; evidently they did not. They must have brought things surreptitiously and it appears that there is a 'pan' shop next door where the theory is that somebody might have taken a 'biri' or a cigarette and thrown the thing into the godown which lit the thing. I do not know the whole details but I will certainly find out from the District Magistrate whether he has sealed all the available materials and books and if not, I will ask him to do it immediately.

GOVERNMENT BILL

The Burdwan University Bill, 1959

[4-10—4-20 p.m.]

Clause 8

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, I beg to move that in clause 8(1)(iii), line 1, for the words "Secretary, Department of Education" the words "Director of Public Instruction" be substituted.

I also beg to move that in clause 8(1)(iv), lines 1 and 2, for the words "Secretary, Department of Finance, Government of" the words "President, Board of Secondary Education," be substituted.

I also beg to move that in clause 8(1)(vii), in lines 1 and 2, for the words "General Manager, Chittaranjan Locomotive Works" the words "President, Bankura Sammilani" be inserted.

I also beg to move that for clause 8(1)(viii), following be substituted, namely:—

"(viii) the Finance Officer, *Ex-officio;*"

I also beg to move that for clause 8(1)(ix), the following be substituted, namely:—

"(ix) the Registrar, *Ex-officio;*"

I also beg to move that for sub-clause 8(1)(x), the following be substituted, namely:—

"(x) the Principal, Mining Institute, Ikhra, *Ex-officio;*"

I also beg to move that in clause 8(1)(xiii), line 2, the words "or Technological" be omitted.

I also beg to move that to clause 8(1), the following be added, namely:—

"(xiv) University Professors or Readers who are Heads of Departments;

(xv) twelve representatives elected by the 'Registered graduates' of the Burdwan University from among themselves;

(xvi) eight representatives of teachers elected by teachers of 'affiliated colleges' under the Burdwan University from among themselves;

(xvii) two representatives of teachers of 'constituent colleges' elected by teachers of 'constituent colleges' from among themselves;

(xviii) two representatives of teachers of 'professional colleges' elected by teachers of 'professional colleges' from among themselves;

(xix) heads of technological and professional colleges affiliated to the Burdwan University.",

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বর্ধমান ইউনিভার্সিটি বিলের সবচেয়ে বেশি আশ্চর্যজনক সেকশন হচ্ছে ক্লজ ৮। ক্লজ ৮এ কম্পোজিশন অফ দি ইউনিভার্সিটি যা দেওয়া হয়েছে সেটা অদ্ভুত। বর্তমানে যিনি শিক্ষামন্ত্রী তিনি ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট যখন করেছিলেন তখন তিনি শিক্ষামন্ত্রী ছিলেন এবং তার যে ক্যারেক্টার বা কম্পোজিশন সেসব নিশ্চয় তাঁর জানা আছে। কম্পোজিশন অফ দি ক্যালকাটা ইউনিভার্সিটি বা ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট যদি আপনারা দেখেন তা হলে দেখবেন যে, সেখানে যাঁরা আছেন তাঁরা সবাই কিছু না কিছু ক্ষেত্রে শিক্ষার সঙ্গে জড়িত। সেখানে এমন কি বঙ্গীয় সাহিত্য পরিষদ, মাদ্রাসা এডুকেশন, ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনএর প্রতিনিধি আছেন—এঁদের প্রত্যেকেই কিছু না কিছু

শিক্ষা সংক্রান্ত ব্যাপারে যুক্ত আছেন। কিন্তু এখানে সে জিনিস নেই। তারপর আমার বলবার কথা হচ্ছে যে, ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টে ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশনকে বাদ দেওয়া হোল এবং সেখানে এলেন সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ এডুকেশন। আমরা বুঝতে পারলাম না এটা কিরকম হল, কারণ সেক্রেটারির হচ্ছে অ্যাডমিনিস্ট্রেটিভ ফাংশন এবং ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশনের হচ্ছে অ্যাকাডেমিক ফাংশন। অতএব সেখানে ক্যালকাটা ইউনিভার্সিটি যদি ও'দের বিলেটেড উইজডম হয়ে থাকে তা হলে বলার কিছু নেই। অর্থাৎ যদি ধারণা ক'রে থাকেন যে, এডুকেশনের জন্য ডি পি আই-এর কিছু দক্ষতা নেই, এবং যা আছে তা সবই সেক্রেটারির তা হলে বলব যে, এই সঙ্গে সঙ্গে ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট করা উচিত ছিল। ক্যালকাটা ইউনিভার্সিটি রিসেন্ট উইজডমটা এখানে প্রতিফলিত হওয়া উচিত ছিল। কিন্তু এখানে তা না ক'রে সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ এডুকেশন করলেন। আমরা এটুকু জানি যে, বর্তমানে ডি পি আই যিনি, তিনিই সেক্রেটারি। অতএব এখানে ক্যালকাটা ইউনিভার্সিটিতে যিনি ডি পি আই হয়ে বিরাজ করবেন, আবার সেই লোকই বর্ধমানে গিয়ে সেক্রেটারি হয়ে বিরাজ করবেন। আমরা বর্ধমান ইউনিভার্সিটি চাই এর সঙ্গে সঙ্গে আমরা উত্তরবঙ্গের একটা ইউনিভার্সিটি চাই। যাদবপুর ইউনিভার্সিটি যখন হয়েছিল আমাদের মুখ্যমন্ত্রীর উপর তখন শিক্ষাদপ্তরের ভার ছিল এবং তখন আমরা খুব আনন্দের সঙ্গে যাদবপুর ইউনিভার্সিটি অ্যাক্টকে সমর্থন করেছিলাম। ইউনিভার্সিটি যেখানে হবে সেখানকার কলেজগুলি এর সান্নিধ্যে আসবে, এবং আরও বেটার কন্ট্রোল হবে। এই কনট্যাক্টএর একটা অ্যাকাডেমিক ভ্যালু আছে ব'লে আমরা এটা সমর্থন করি। কিন্তু যে মূর্তিতে এই ইউনিভার্সিটি তৈরি করা হচ্ছে অর্থাৎ আর্টিকেল ৮—সেটাকে আমরা সমর্থন করতে পারি না। তার কারণ হচ্ছে, এর মধ্যে চ্যান্সেলার, ভাইস-চ্যান্সেলার ছাড়া সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ এডুকেশন, সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স এখানে আছেন —অথচ এ'রা কেউ ক্যালকাটা ইউনিভার্সিটির মধ্যে নেই। তারপর সেখানে

G. M., Chittaranjan Locomotive Works, G. M., I. I. & Steel Co., Ltd., G. M., Hindusthan Steel Private Ltd., Mining Advisor to the Government of India

ইত্যাদি সব আছেন। আমি মাইনিং অ্যাডভাইসারের কথা পরে বলব। আমি বলতে চাই যে,

G. M., Chittaranjan Locomotive Works, G. M., I. I. and Steel Co., G. M., Hindusthan Steel Private Ltd.

এ'দের নিজেদের নিজেদের কারখানার মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি থাকতে পারে, কিন্তু যেখানে আর্টস, সায়েন্স এবং অন্যান্য সমস্ত প্রকার শিক্ষা দেওয়া হবে সেখানে তাঁদের কি কন্ট্রি-বিউশন হবে। অর্থাৎ তাঁদের কি অ্যাকাডেমিক কন্ট্রিবিউশন বা অ্যাকাডেমিক অ্যাটেনমেন্ট আছে সেটা আমরা বুঝলাম না। সুতরাং বর্ধমান ইউনিভার্সিটি যে মূর্তিতে তৈরি হচ্ছে তাকে ইউনি-ভার্সিটি না ব'লে যদি এডুকেশন ডিপার্টমেন্ট বলতেন তা হলে আমাদের কিছু বলবার ছিল না। কারণ সেখানে ডিপার্টমেন্টাল ডিসিশনই সব প্রাধান্য লাভ করবে এবং ইউনিভার্সিটির কাজ হবে প্র্যাকটিক্যালি টু আউটরেজ অ্যাকাডেমিক লাইফ। এটার নাম দেওয়া হচ্ছে ইউনি-ভার্সিটি, কিন্তু যেসব লোক নিয়ে ইউনিভার্সিটি তৈরি করা হচ্ছে তাদের মধ্যে অ্যাকাডেমিকএর গন্ধ খুঁজতে হয়। অর্থাৎ এটা যেন স্বয়ম্বর সভার মত সব পছন্দ ক'রে নেওয়া হচ্ছে। তারপর মাইনিং অ্যাডভাইজার টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থাকেন কোথায়? মাইনিং অ্যাডভাইজার টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যিনি তিনি যে সব সময় বর্ধমান ইউনিভার্সিটিতে অ্যাভেলেবল হবেন তার কোন ঠিক নেই। মাইনিং অ্যাডভাইজার টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থাকেন বহু দূরে। কিন্তু বর্ধমান ডিস্ট্রিক্টএ যে ইখড়া মাইনিং ইনস্টিটিউট আছে সেখানকার প্রিন্সিপ্যালকে না নিয়ে নেওয়া হচ্ছে মাইনিং অ্যাডভাইজার টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, এর মানে হচ্ছে যে, নামের বহর রাখতে হবে। এই মাইনিং অ্যাডভাইজারকে দিল্লী, নাগপুর ইত্যাদি জায়গায় প্রায় সময় থাকতে হয়। কারণ সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান এবং থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ মাইনিং ডেভেলপমেন্ট কর্পোরেশন ক'রে গভর্নমেন্টের হাত থেকে এটাকে আলাদা ক'রে দেওয়া হয়েছে। সুতরাং এই মাইনিং অ্যাডভাইজারের সার্ভিস অ্যাভেলেবল হবে কিনা তার কোন ঠিক নেই। অথচ ইখড়া মাইনিং ইনস্টিটিউটএর প্রিন্সিপ্যাল এই ইউনিভার্সিটির

মধ্যে নেই। এখানে যদি মাইনিং শিক্ষা দেবার কথা হয়ে থাকে তা হলে যে লোক অন দি স্পটএ থাকে এবং সেখানকার মাইনিং সম্বন্ধে যাঁর জানা আছে তাঁকে বাদ দিয়ে মাইনিং অ্যাডভাইজার, গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে নেওয়ার কারণ বুঝলাম না। অতএব তাঁর সার্ভিস বর্ধমান ইউনিভার্সিটি পাবে কিনা এই অ্যাসুরেন্স মন্ত্রিমহাশয় কি দিতে পারেন?

তারপর আমার বক্তব্য হচ্ছে যে, এখানে অনেক জিনিস অমিটেড হয়েছে। এই অমিশনএর মধ্যে সবচেয়ে বড় জিনিস যেটা সেটা হচ্ছে টিচার্সদের রিপ্রেজেন্টেটিভ সম্বন্ধে। টিচার্স রিপ্রেজেন্টেটিভ ব'লে কিছু নেই, কারণ অনেক টিচার্স আছে। কারণ এই বিলে এই রুজটা যেভাবে আনা হয়েছে তাতে একে ইউনিভার্সিটি বলা যায় না। কম্পোজিশন অফ দি ইউনিভার্সিটি দেখলেই এটা পরিষ্কার হয়ে যাবে। সেজন্য বলছি যে, ক্যালকাটা ইউনিভার্সিটির সিনেটের কম্পোজিশন যদি দেখেন তা হলে দেখবেন যে, সেখানে সব টাইপ অফ এডুকেশন-এর টিচার্স রিপ্রেজেন্টেটিভ আছেন। সেজন্য তাঁরা অথরিটেটিভলি সমস্ত বিষয়ে অ্যাকাডেমিক অপিনিয়ন দিতে পারেন। এখানে মন্ত্রিমহাশয় যে বিল প্লেস করেছেন তাতে আর্টস, সায়েন্স, টেকনোলজি এবং এমন কি বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ বর্ধমান ইউনিভার্সিটির মধ্যে চলে আসছে। কিন্তু আশ্চর্যের বিষয় যে, এই ইউনিভার্সিটির গভর্নিং বডির মধ্যে এমন লোক দেখছি না যার শিক্ষা সম্বন্ধে অভিজ্ঞতা আছে। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট যখন ও'রা তৈরি করেছিলেন তখন জানি না

Either he is evolved in his wisdom or involved in his wisdom, I do not know which one is correct.

...র যে কম্পোজিশন তার তুলনা আমরা অন্য কোন ইউনিভার্সিটিতে পাই না। অর্থাৎ এখানে টিচার্স ব'লে কোন বালাই নেই। শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয় স্বীকার করবেন যে, ডাঃ জন মাথাই

He will not suffer by comparison with the stalwarts of the Education Department of the West Bengal Government.

...লেছেন যে, টিচার্স রিপ্রেজেন্টেটিভএর প্রয়োজন। কারণ টিচার যাঁরা তাঁরাই এডুকেশন এবং ছাত্রদের সংগে কনট্যাক্টএ আছেন ব'লেই ছাত্রদের অভাব সম্বন্ধে তাঁরাই ভালভাবে জানেন। কিন্তু সেই চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসএর জেনারেল ম্যানেজার বা দুর্গাপুর স্টীল প্রজেক্টের জেনারেল ম্যানেজার যারা তাঁরা দৈনন্দিন জীবনে ছাত্রদের সংগে কনট্যাক্টএ আসেন না—অথচ তাঁদেরই সেখানে স্থান দেওয়া হচ্ছে।

[4-20—4-30 p.m.]

তারপর শোনা গেল না, এ নয় অথচ শিক্ষকদের কোন প্রতিনিধি এর মধ্যে নেই। যদি ওসব ...া থাকে, আর্টস, সায়েন্স, মেডিসিন, ইঞ্জিনীয়ারিং হতে পারে না। ওয়ার্কশপ ম্যানেজার ...নিংএর সুবিধা ক'রে দিতে পারেন, কিন্তু অ্যাকাডেমিক অ্যাসপেক্ট অফ এডুকেশন তার ...রিসডিকশনএর মধ্যে আসে না। আমরা জানি না যে, বিলটা কোথায় ড্রাফ্‌ট হয়েছিল। ...মরা কাগজে দেখেছিলাম আমাদের যিনি ভাইস-চ্যান্সেলার-ডেজিগনেট, তিনিই হবেন ব'লে ...া হচ্ছে—তিনি নাকি এই বিলটা রচনা করেছিলেন। তা যদি হয় তা হলে যিনি বিবাহ ...রবেন তিনিই কনে পছন্দ করেছেন। এটা সত্য কিনা যে, এই বিল যখন তৈরি হয়েছিল ...খন পশ্চিমবঙ্গের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের যে কম্পোজিশন অফ দি সিনেট বা জেনারেল ...ড আছে তার সংগে কিছু সামঞ্জস্য রেখেছিলেন, কিছু চিন্তা করেছিলেন যে, এই যে ...নিসটা করছেন এর মধ্যে যারা দৈনন্দিন শিক্ষার সংগে ওতঃপ্রোতভাবে জড়িত, যারা ছাত্রদের ...জের হাতে মানুষ করছে, ছেলেদের শিক্ষা কোনদিকে যাচ্ছে না যাচ্ছে এটা যারা দিনের পর ...ন দেখছে, তাদের প্রতিনিধিত্ব নেই। এখানে যাঁরা এলেন তাঁরা হচ্ছেন কতকগুলি জেনারেল ...নেজার। পদাতিকের কোন সন্ধান পাচ্ছি না, অথচ ঘোড়সওয়ারের সন্ধান পাচ্ছি। জানি না ...রকম ঘোড়া—হোয়াইট হর্স অর ব্রাউন হর্স, আই ডু নট নো। দৈনন্দিন জীবনের ...ক্ষা যাদের হাতে ছেড়ে দেবেন তাদের প্রতিনিধি এর মধ্যে নেই। তারপর, আমার যেগুলি ...শোধন আছে, সে সম্বন্ধে বলছি—অ্যামেন্ডমেন্ট ২৮সিতে যেটা সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ

এডুকেশন আছে সেটা আমি অমিট করতে চাই। সেই জায়গায় ডাইরেক্টর অফ পাবলিক ইন্সট্রাকশনকে নিয়ে আসতে চাই, যেমন ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছে, কারণ তিনি শিক্ষার সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত। সেক্রেটারির অ্যাডমিনিস্ট্রেটিভ কাজ আছে, সেইজন্য স্পেশ্যালিস্ট ইন এডুকেশন হিসাবে ডি পি আই-কে নিয়ে আসতে চাই, কারণ

he is supposed to be more in contact with problems of education than the Secretary

অ্যামেন্ডমেন্ট ২৮ইতে আছে সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ ফাইনান্স, সেটা ওমিট ক'রে সেই জায়গায় প্রেসিডেন্ট, বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন, ওয়েস্ট বেঙ্গল, বসাতে চাই। আপনার মাধ্যমে জানাচ্ছি যে, সেকেন্ডারি বোর্ড অফ এডুকেশন, ওয়েস্ট বেঙ্গল, বর্ধমান ব'লে আলাদা হয়ে যাচ্ছে না এবং সমস্ত বাংলাদেশে সেকেন্ডারি বোর্ড থাকবে এবং যেহেতু ইউনিভার্সিটি এডুকেশন ঠিক সেকেন্ডারি এডুকেশনএর পরে হয়ে যাবে সেহেতু সেখানে জেনারেল বডির মধ্যে প্রেসিডেন্ট, বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন, যিনি ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছেন তাঁর থাকা উচিত। তারপর জেনারেল ম্যানেজার চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, এটা আমি অমিট করতে বলছি। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টএর দিকে চেয়ে দেখুন—যারা শিক্ষা সম্বন্ধে কিছু কিছু আলোচনা করে যেমন বঙ্গীয় সাহিত্য পরিষদ, ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশন তাদের কথা উল্লেখ নেই। সেইজন্য আমি প্রস্তাব করেছি জেনারেল ম্যানেজার, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসকে বাদ দিয়ে প্রেসিডেন্ট অফ বাঁকুড়া সম্মিলনী করা হোক। বাঁকুড়ায় যাঁরা গেছেন, তাঁরা জানেন বাঁকুড়া সম্মিলনী একটা প্রতিষ্ঠান যেটা শিক্ষা সম্বন্ধে বহু বছর ধরে চেষ্টা ক'রে আসছেন এবং এখনও পর্যন্ত এইরূপ সম্মিলনীর আসপাসেসএ অনেক শিক্ষা প্রতিষ্ঠান হয়ত রয়েছে, অথচ কেন তাদের বাদ দিলেন জানি না। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট যেটা তাঁর নিজের সন্তান ছিল, হঠাৎ সেই অ্যাক্টকে গো-বাই ক'রে নতুন ক'রে অ্যাক্ট নিয়ে এলেন। সেইজন্য সন্দেহ হচ্ছে, ভবিষ্যতে যিনি ভাইস-চ্যান্সেলর ডেজিগনেট, তিনি স্বয়ম্বর সভা ক'রে পছন্দসই ক'রে দেখেছেন। জেনারেল ম্যানেজার ইন্ডিয়া আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি লিমিটেড এটা বাদ দিয়েছি। আমরা যেটা প্রত্যেকদিন ফীল করেছি ক্যালকাটা ইউনিভার্সিটির ফাইনান্স অফিসার বা যাঁর নাম ট্রেজারার তাঁর থাকা প্রয়োজন, কারণ সেখানে শিক্ষা-সংক্রান্ত যদি একটা পরিকল্পনা থাকে বা নতুন কিছু করতে হয় তা হলে ফাইনান্সিয়াল অ্যাডভাইস দেবার জন্য ফাইনান্স অফিসার অফ দি ইউনিভার্সিটি যে পোস্ট আপনি সৃষ্টি করেছেন বিলেতে তাতে সেখানে ফাইনান্স অফিসার থাকা উচিত, যেমন ক্যালকাটা ইউনিভার্সিটিতে ট্রেজারার আছেন।

General Manager, Hindusthan Steel Private Ltd., Durgapur, তাকে অমিট করা প্রয়োজন। সেখানে রেজিস্ট্রারকে দেওয়া প্রয়োজন। কারণ রেজিস্ট্রার হচ্ছেন সেক্রেটারি অফ দি ইউনিভার্সিটি। আমাদের ক্যালকাটা ইউনিভার্সিটির গলদ এই যে—যদিও প্রত্যেকটি সিনেট মিটিংএ তিনি এসে বসেন—তাঁর উত্তর দেওয়ার কোন অধিকার নেই, তিনি ভাইস-চ্যান্সেলরএর কানে তুলে দেন অ্যানসারটা, ভাইস-চ্যান্সেলর উত্তর দেন। ক্যালকাটা ইউনিভার্সিটির রেজিস্ট্রার আমাদের কাছে এই অভিযোগ করেছেন যে, তিনি মনে করলে না আসতে পারেন, কিন্তু রেজিস্ট্রারএর থাকা অত্যন্ত প্রয়োজন। যেমন ফাইনান্স অফিসার টাকাকড়ি সম্বন্ধে সমস্ত তথ্য দিতে পারেন তেমনি রেজিস্ট্রার অন্য সমস্ত তথ্য দিতে পারেন। অতএব তাঁকে আনা উচিত। তা ছাড়া আমার কতকগুলি অ্যামেন্ডমেন্ট আছে, যেগুলিতে কিছু অ্যাড করার জন্য আমি দিয়েছি। অ্যামেন্ডমেন্ট নম্বর ৩১(এ), ৩১(বি)—সেখানে সাব-ক্লজ (ফোরটিন) একটা ইনসার্ট করা হোক

University Professors or Readers who are Heads of Departments.

এটা অভিনব কথা কিছু বলছি না বা বিরোধী দলের হয়ে আমি কিছু বলছি না। ওঁর উইজডমে ১৯৫১ সালে যেটা বেরিয়েছিল ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট, সেটাতে আমরা প্রত্যেকদিন দেখছি এর প্রয়োজন। তার কারণ হচ্ছে, যখন আমরা কোন ডিসকাশন করতে চাই সেখানে হেডস অব দি ডিপার্টমেন্টের থাকা প্রয়োজন, তাঁরা সমস্ত তথ্য দিতে পারেন। সেজন্য University Professors or Readers who are Heads of the Departments ঠিক ইউনিভার্সিটিতে যা আছে। ১৫নং সাব-ক্লজে ইনসার্ট করবার কথা বলা হচ্ছে—

twelve representatives elected by the Registered graduates of the Burdwan University from among themselves.

রেজিস্টার্ড গ্র্যাজুয়েট যাদবপুর ইউনিভার্সিটিতে আছে, রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছে কিন্তু বর্ধমান ইউনিভার্সিটিতে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ব'লে কিছু দেন নি। আমি জানি না, ও'র ফার্টিলিটি অব দি ব্রেন কোথা থেকে এল। আপনারা শুনে আশ্চর্য হবেন না, ক্যালকাটা ইউনিভার্সিটির সিন্ডিকেটের মধ্যে অন্তত ৪ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট কনস্টিটিউয়েন্সি থেকে ইলেক্টেড হয়ে আসেন এবং তাঁরা খুব অ্যাক্টিভ মেম্বারস অব দি সিন্ডিকেট—তাঁদের সত্যি অনেক কিছু কাজ করতে হয়। রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের যদি রেকগনিশন না দেওয়া হয়, তা হলে শিক্ষার প্রতি সম্মান দেখানো হয় না—এটা আমি আশা করি মন্ত্রিমহাশয় নিশ্চয়ই রিয়্যালাইজ করবেন। রেজিস্টার্ড গ্র্যাজুয়েট কনস্টিটিউয়েন্সি তিনি করছেন না। জানি না কিছু তিনি এ সম্বন্ধে বলেছেন কিনা, ফার্স্ট রিডিংএর সময় আমি উপস্থিত ছিলাম না। আমি বলছি এই জিনিসটা করা উচিত তা না হলে শিক্ষা এবং শিক্ষিত লোকদের প্রতি সম্মান দেখানো হয় না। শুধু তাই নয়, ইউনিভার্সিটির বাইরেও এমন লোক আছেন যাঁরা শিক্ষা সম্বন্ধে অনেক কিছু শিক্ষা দিতে পারেন—এটা যেন মন্ত্রিমহাশয় ভুলে না যান। কাজেই তিনি যেন মনে ক'রে রেখে দেন যে, বহুলোক রেজিস্টার্ড গ্র্যাজুয়েট কনস্টিটিউয়েন্সি থেকে ইলেক্টেড হয়েছেন যাঁরা শিক্ষা সম্বন্ধে দিকপাল এবং তাঁরা শিক্ষা সম্বন্ধে যে ওপিনিয়ন দেন সেই ওপিনিয়ন রাইটার্স বিল্ডিংসএর ওপিনিয়নের চেয়ে বেশি মূল্যবান। তারপর সিক্সটিন সাব-ক্লজে আমি অ্যাড করতে বলেছি

eight representatives of teachers elected by teachers of affiliated colleges, under the Burdwan University from among themselves.

এটা ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছে। আমি অভিনবত্ব কিছু করি নি—১৯৫১ সালে উনি যে সন্তানের জন্ম দিয়েছিলেন তার প্রতি মমতাপ্রসূত হয়ে আমি এই সাব-ক্লজগুলি দিয়েছি। সতের নং সাব-ক্লজে আছে টু রিপ্রেজেন্টেটিভস অফ টিচার্স অফ কনস্টিটুয়েন্ট কলেজেস এটা ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছে—আমি জানি অন্তত ডি পি আই, তিনি আছেন এক্স-অফিসিও মেম্বার অব দি সিন্ডিকেট। তাঁর কাছ থেকে খবর নিতে পারতেন যে, বহু নমিনেটেড মেম্বার আছেন সিনেটে। এই অ্যাসেম্বলি থেকেই ইলেক্টেড হয়ে সিনেটে গেছেন, অবশ্য তার মধ্যে একজনকে দুটো মিটিংএর পরে আর দেখি না কিন্তু তাঁদের জিজ্ঞাসা করবেন, এই সভায় যাঁরা ইলেক্টেড টিচার আছেন তাঁরা অ্যাক্টিভলি ইউনিভার্সিটিতে কাজ করেন, তাঁদের অপিনিয়ন দেন এবং ডিসকাশনের সময় তাঁদের উপস্থিতি একান্ত প্রয়োজন। আঠার নং সাব-ক্লজে দিয়েছি

two representatives of teachers of professional colleges.

এটা ক্যালকাটা ইউনিভার্সিটিতে আছে। আমরা যা করেছি সিন্ডিকেট হচ্ছে জেনারেল বডি—কালকে উনি যা বলেছেন তাতে আমাদের ভয় হয়েছে। উনি বলেছেন এইসব কমিটিগুলি, কাউন্সিল তৈরি করবেন ইউনিভার্সিটি—যদি তাঁরা মনের মত কাজ না করেন, তা হলে পাওয়ার্স কেড়ে নিতে পারেন। পাওয়ার্স যদি কেড়ে নেন তা হলে কাজ করবে জেনারেল বডি—চিত্তরঞ্জনের ম্যানেজার, দুর্গাপুরের ম্যানেজার, এ'রা সব করবেন। অতএব যদি মেডিকেল ফ্যাকাল্টির কাজ কেড়ে নেন, তা হলে নিশ্চয়ই দুর্গাপুরের ম্যানেজার মেডিসিন সম্পর্কে এক্সপার্ট হবেন, চিত্তরঞ্জনের ম্যানেজার তিনি সেখানে 'ল' সম্বন্ধে ওপিনিয়ন দেবেন, কারণ এখানে টিচার্স থাকছে না, টিচারদের ওপিনিয়ন নেওয়ার প্রয়োজন মনে করছেন না।

[4-30—4-40 p.m.]

তারপরে আমি দেখছিলাম এই বিলের অবজেক্টএর মধ্যে দুটো জিনিস বিশেষ ক'রে উল্লেখ করা হয়েছে। একটা হ'ল বর্ধমান ইউনিভার্সিটিতে টেকনোলজিক্যাল বায়াস দেওয়া হবে, আর একটা হ'ল আর্টস অ্যান্ড সায়েন্স অ্যান্ড এনি আদার ব্রাঞ্চেস। এখানে কিন্তু টেকনোলজিটা নেগলেক্টেড টু দি ব্যাকগ্রাউন্ড এখানে আর্টস অ্যান্ড সায়েন্স আছে এবং এনি আদার ব্রাঞ্চেস আছে। অর্থাৎ আর্টস অ্যান্ড সায়েন্স হচ্ছে বডি কর্পোরেট আর টার্ন ওভার হয়ে গেল টেকনোলজি। তাই আমি আমার সাব-ক্লজটা এখানে অ্যাড করতে চাচ্ছি। তিনি ক্যালকাটা ইউনিভার্সিটিতে ১৯৫৪ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত অর্থাৎ প্রায় ছয় বছর কাজ ক'রে যে এক্সপিরিয়েন্স গ্যাদার করেছেন তা নিচ্ছেন কিনা জানি না। দেখলাম কাগজে বেরিয়েছে মাননীয় মন্ত্রিমহাশয়ের রিপ্লাই ইন দি ফার্স্ট রিডিং, তাতে তিনি বলেছেন, ক্যালকাটা ইউনিভার্সিটিকে

কনসাল্ট করা হয় নি, কেন না তিনি তার প্রয়োজনীয়তা বোধ করেন নি এবং তার কারণ দেখিয়েছেন যে, বোম্বেও নাকি করে নি। আমরা সকলে জানি পশ্চিম বাংলায় ক্যালকাটা ইউনিভার্সিটি ইন্ডিয়াতে প্রথম প্রবর্তিত শিক্ষা বিস্তার করবার জন্য অধিষ্ঠিত হয়। সুতরাং শিক্ষা সম্বন্ধে আমরা অরিজিনেট করি, প্রথম পথ দেখাই পরে তা অন্যেরা অনুসরণ করে। যেমন নবীন ময়রা বলেছেন উই অরিজিনেট অ্যান্ড আদার্স ইমিটেট। আমরা দেখছি, নবীন ময়রার মত উনি উই অরিজিনেট অ্যান্ড আদার্স ইমিটেট করছেন না। এখানে বলতে হবে আদার্স অরিজিনেট উই ইমিটেট। তাই তিনি করছেন। তিনি বলেছেন, ইউনিভার্সিটির অপিনিয়ন নেওয়া প্রয়োজন হয় নি। আমি জিজ্ঞাসা করি, একটা ইউনিভার্সিটি করছেন বর্ধমানে যার জুরিসডিকশন ক্যালকাটা ইউনিভার্সিটিকে এনক্রোচ করছে, তার ফাইনান্সিয়াল রিপারকাশান আসবে এটা অস্বীকার করতে পারেন না। অথচ তাঁদের অপিনিয়ন নেওয়া প্রয়োজন বোধ করলেন না। অথচ দেখা যায় এই অ্যাসেম্বলিতে কংগ্রেস গভর্নমেন্টের তরফ থেকে সেকেন্ডারি এডুকেশন বিল পাশ করবার সময় ক্যালকাটা ইউনিভার্সিটির সিনেট এবং সিন্ডিকেট তাঁরা একটা রেজলিউশন করেছিলেন ঐ সম্বন্ধে তাঁদের বক্তব্য বলবার জন্য, তখন আপনার সেক্রেটারিয়েট থেকে তাঁদের কাছে চিঠি গিয়েছে এই ব'লে যে, আপনাদের যে অপিনিয়ন পাঠিয়ে দেবেন, এখন অ্যাসেম্বলিতে ডিসকাশন হচ্ছে, পরে আপার হাউস কাউন্সিলএ এটা আসবে, তখন বিবেচনা ক'রে দেখব। ১৯৫১ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত এই ব্যাপারে কত রকম মত বদলাচ্ছে। আমি জানি না if in a blue moon this Ministry changes its opinion.

বিলের চেহারা বদলে যাচ্ছে, তাঁদের অপিনিয়ন বদলে যাচ্ছে, তাঁদের ধারণা বদলে যাচ্ছে। কোন-দিকে যাচ্ছে ইনভলিউশন না ইভলিউশন? সেটা আমি জিজ্ঞাসা করছি। ক্যালকাটা ইউনি-ভার্সিটিকে কনসাল্ট করব না, এর চেয়ে অ্যারোগ্যান্ট, এবং ইনসাল্টিং কথা কোন অ্যাকাডেমিক মাইন্ডেড ম্যানএর মুখ দিয়ে বেরোতে পারে, তা আমরা ধারণা করতে পারি না। তিনি জিজ্ঞাসা করলেন না কেন? তিনি কি মনে করেন সিনেটএর দরকার নেই? ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর, যাদবপুর ইউনিভার্সিটির রেক্টর—যাঁদের ইউনিভার্সিটি অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে যথেষ্ট অভিজ্ঞতা আছে, তাঁদের উনি একবার জিজ্ঞাসা করতে পারলেন না, তাঁদের মতামত নেওয়া প্রয়োজনবোধ করলেন না। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় যেমন বলেছিলেন একটা ভাল অ্যামেন্ডমেন্ট সাজেস্ট করি, ক্যালকাটা ইউনিভার্সিটি হয়ত তাই করছেন, হয়ত অর্ধেকের বেশি এগিয়ে গিয়েছে, শীঘ্রই কাজ শেষ হয়ে যাবে। আমি বুঝতে পারছি না কোথা থেকে এই উপদেশ আপনার কাছে এল যে, এই অ্যাক্ট সম্বন্ধে ক্যালকাটা ইউনিভার্সিটিকে ডেকে, তাদের সঙ্গে আলোচনা করবার প্রয়োজন নেই?

আমার বক্তব্য হচ্ছে যে, কম্পোজিশন অফ দি ইউনিভার্সিটি এই বিলে করা হয়েছে, এটাকে আমি শুধু বলব অ্যাকাডেমিক লাইফকে হত্যা করা হয়েছে। ইট ইজ আউটরেজিং দি অ্যাকা-ডেমিক লাইফ শুধু তাই নয়, বড় বড় রথী, ডিজরেলি সাহেব পর্যন্ত বলে গিয়েছেন—এই রকম একটা এক্স-অফিসিও কি করেছেন? ইন্ডাস্ট্রিয়ালিস্টস এবং ক্যাপিটালিস্ট ম্যানেজারস এবং এখানকার রাইটার্স বিল্ডিংসএর এডুকেশন সেক্রেটারি, এঁদের নিয়ে বর্ধমান ইউনিভার্সিটি করতে গেলেন কেন এবং আমাদের কাছেই বা এই ধরনের বিল আনতে গেলেন কেন? তার চেয়ে এত টাকা খরচ না ক'রে সেই বর্ধমানেতেই একটা ডিপার্টমেন্টাল অর মিনিস্টিরিয়াল অর্ডার দিয়ে, আপনাদের স্বয়ম্বরা সভার মনোমত লোক বসিয়ে একটা প্রতিষ্ঠান ক'রে দিলেই তো পারতেন। এই বিল আমাদের সামনে আসবার কি দরকার ছিল?

প্রেসিডেন্সি কলেজএর মত একটা প্রতিষ্ঠান করতে পারতেন, কিন্তু তা না ক'রে করলেন একটা ইউনিভার্সিটি বিল এটা একেবারে আউটরেইজিং দি অ্যাকাডেমিক মডেস্টি অফ ইউনি-ভার্সিটি এডুকেশন। এই কম্পোজিশন তিনি যদি রেখে যান তা হলে তার নাম রাউলাট অ্যাক্টএর জাস্টিস রাউলাটএর মত পস্টারিটির চিরকাল মনে থাকবে—শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী ব'লে কেউ আপনাকে জানবে না। সেজন্যে বলছিলাম বিলটাকে ডেমোক্রেটাইজ করুন। শিক্ষা সম্বন্ধে যাঁরা অথরিটি তাঁদের এখানে রেকগনিশন নেই, শিক্ষার রেকগনিশন নেই, সেখানে বসানো হয়েছে তিনজন ওয়ার্কশপ ম্যানেজারস এবং রাইটার্স বিল্ডিংসএর সেক্রেটারি ইত্যাদিকে। তারা কমিটি ক্রিয়েট করবে। সেখানে আপনি বলে দিয়েছেন কমিটি মনের মত কাজ যদি না

করতে পারে তখন তার ব্যবস্থা করা হবে। তিনি দেখছি মুনি-ঋষির মত সিংহ তৈরি করছেন এবং আবার নাকি দরকারমত তাদের মূষিক ক'রে ফেলতে পারবেন—ক্ষমতা দিয়ে আবার কেড়ে নিতে পারবেন। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট তাঁর নিজের সন্তান, জ্যেষ্ঠ সন্তান, তাকে দেখে আপনার এই কনিষ্ঠ সন্তান—যার ইউ আর ওয়েটিং দি ডেলিভারি—যার জন্য বিল এনেছেন অর্থাৎ যার কনসেপশন আপনার হয়েছে—বাট নট ইয়েট ডেলিভার্ড তাকে সুস্থ থাকতে দিতে পারতেন। অন্তত এই অনুরোধ করি, কোন ম্যালফর্মড মনস্টারকে জন্ম দেবেন না—

Do'nt give birth to a monster, do'nt give birth to a malformed monster. But there is the oldest child of yours in the Calcutta University, just gain wisdom from that Act is your creation.

আপনি হয়ত বুঝতে পারছেন না কি ট্রান্সফরমেশন আপনার হয়েছে এই পাঁচ বছরের মধ্যে। ক্যালকাটা ইউনিভার্সিটিকে তালাক দিয়ে এখন এমন জিনিস সৃষ্টি করলেন যাকে একটা লিমিটেড কোম্পানি, এডুকেশন লিমিটেড কোম্পানি বার্ডওয়ান নামে একটা প্রাইভেট কোম্পানি ক'রে দিতে পারতেন। এই কম্পোজিশনএ ইউনিভার্সিটি ব'লে একে লোকের কাছে দেখাতে পারবেন না। এখানে হয়ত আপনাদের মর্যাদার প্রশ্ন আছে, অ্যামেন্ডমেন্ট নিতে গেলে আপনাদের স্বকীয় মর্যাদায় আঘাত লাগে তাই বলি অন্তত জগন্নাথবাবুকে দিয়ে এই অ্যামেন্ডমেন্টগুলি আনান এবং সেগুলি নিয়ে বিলটাকে মেজেঘসে নিন। এখনও সময় আছে, অন্তত রাত্রে স্থিরমস্তিষ্কে চিন্তা করতে গেলে যাতে আত্মগ্লানি না আসে সেরকম কিছু ক'রে নিন। নতুবা সেই জাস্টিস রাউ-লাটএর মত আপনার নাম লোকে মনে রাখবে। সুতরাং আমি যে অ্যামেন্ডমেন্টগুলি এনেছি সেগুলি আশা করি পুনর্বিবেচনা করবেন। আমি জানি অনেক কংগ্রেস বন্ধুও মনে মনে আমার কথায় সায় দেবেন। বাংলাদেশের এডুকেশন ডিপার্টমেন্ট আজ যেভাবে চলছে সেটা যে মোটেই আশাপ্রদ ব্যাপার নয় সেটা হয়ত মন্ত্রিমহাশয়ের সাব-কনসাস মাইন্ডএ লুকিয়ে আছে—মাঝে মাঝে একথা নিশ্চয়ই তার মনে উঁকি মারে যে

Everything is not O.K. in the Education Department.

শুধু অপোজিশন বলছে ব'লে জিদের বশে সেদিকে মুখ ঘুরিয়ে থাকবেন না। অনেক কংগ্রেস সদস্য আছেন যাঁরা কংগ্রেস পার্টির লোক হিসাবে এখানে হয়ত এই বিলের পক্ষে সায় দিয়ে যাবেন, সাপোর্ট করবেন কিন্তু তাঁদের বিবেক একে সাপোর্ট করবে না। তাঁরা মনে মনে নিশ্চয়ই অবাক হয়ে ভাববেন আমরা কি সদ্যোজাত, স্বাভাবিক একটা ইউনিভার্সিটির মূর্তি গড়ে তুলেছি না তার জায়গায় একটা মনস্টার সৃষ্টি করতে বসেছি।

[4-40—4-50 p.m.]

Shri Mihirlal Chatterjee: Sir, I beg to move that in clause 8(1), in item (vi) in lines 3 and 4 for the words "appointed by the Chancellor in accordance with the provisions of sub-section (1) of section 9" the words "elected from among themselves" be substituted.

Sir, I beg to move that in clause 8(1), in item (xii), in lines 3 and 4 for the words "appointed by the Chancellor in accordance with the provisions of sub-section (2) of section 9" the words "elected from among themselves" be substituted.

Sir, I further beg to move that after clause 8(1)(xiii) the following be added, namely:—

"(xiv) three teachers of the University to be elected among themselves according to rules made under this Act;

(xv) three representatives of the Registered Graduates living in the districts within the limits of the University."

Sir, I again beg to move that after clause 8(1) (xiii) the following be added, namely:—

"(xiv) three teachers of affiliated colleges elected from among themselvesi'.

যাঁরা ইউনিভার্সিটি মেম্বার নিযুক্ত হবেন, তার মধ্যে কনস্টিটুয়েন্ট কলেজএর যে তিন জন প্রিন্সিপ্যাল তাঁরা নির্বাচিত হবেন না, গভর্নমেন্ট তাদের অ্যাপয়েন্ট করবেন। স্যার, ইউনিভার্সিটি একটা শিক্ষা প্রতিষ্ঠান। সেই প্রতিষ্ঠানে প্রতিনিধিত্ব করবেন কনস্টিটুয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যালরা, এখন এই প্রিন্সিপ্যালদের যদি নির্বাচন করার অধিকার না দেওয়া হয়, তাহলে সরাসরি গভর্নমেন্ট তিন জনকে, যাকে খুসী পছন্দ করে নেবে। তাঁদের এইভাবে নিযুক্ত করার যে নীতির আমি বিরোধিতা করছি। কিভাবে তাঁরা নিযুক্ত হবেন, সে পদ্ধতি এই বিলে উল্লেখ করা হয়েছে। একটা রেজিস্টার থাকবে, তাতে কনস্টিটুয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যাল-দের নাম তালিকাভুক্ত করা হবে ইন অর্ডার অব সিনিয়রিটি, অর্থাৎ যিনি যত আগে প্রিন্সিপ্যাল হয়েছেন—বয়সের হিসাবে নয়। অর্থাৎ তিনি যত আগে প্রিন্সিপ্যাল হয়েছেন, সেই লিস্টে তিনি তত উচ্চে স্থান পাবেন। কনস্টিটুয়েন্ট কলেজ প্রিন্সিপ্যালদের সেই তালিকার মধ্যে থেকে প্রথম তিন জনকে মেম্বার নিযুক্ত করা হবে এবং পরের পর এইভাবে নিয়োগ চলবে। এক্ষেত্রে যোগ্যতার বিচার নাই, গুণের বিচার নাই, শিক্ষার বৈশিষ্ট্যের কোন বিচার নাই। ইউনিভার্সিটির মেম্বার হতে গেলে যে যোগ্যতা থাকা উচিত, যেরকম দৃষ্টিভঙ্গী থাকা উচিত, যেরকম সামগ্রিক একটা মনোভাব থাকা উচিত, অভিজ্ঞতা থাকা উচিত, সেই সমস্ত কোন কিছুর প্রয়োজন পড়ে না। যে ব্যক্তি আগে প্রিন্সিপ্যাল হয়েছেন, সেই ব্যক্তিই গভর্নমেন্ট দ্বারা নিযুক্ত হবেন—ইউনিভার্সিটির মেম্বার হিসাবে। এই ধরনের নীতি নমিনেশানএর নীতি, যদি কনস্টিটুয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যালদের সম্বন্ধে আইনের মাধ্যমে নির্দিষ্ট হয়, তাহলে এর চেয়ে জঘন্য আর কিছু হতে পারে না। আমি কনস্টিটুয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যালদের ইউনিভার্সিটি মেম্বারস বোর্ডএ স্থান দেওয়া উচিত বলে মনে করি এবং তিন জনই থাকা উচিত, সে বিষয়ে কোন আপত্তি নাই, কিন্তু তাঁরা নিজেদের মধ্য থেকে তিন জন প্রিন্সিপ্যালকে তারা নির্বাচন করে পাঠাবেন না কেন? নির্বাচনে কি ভয় থাকতে পারে? কনস্টিটুয়েন্ট কলেজ-এর প্রিন্সিপ্যালরা নিশ্চয়ই ছেলেমানুষ নন, তাঁদের মধ্যে যে রিপ্রেজেন্টেশান সেটা নির্বাচন পদ্ধতিতে হলে, তাঁরা কোন কিছু ভুল করে ফেলবেন, এমন আশঙ্কা করার কিছু নাই। রিপ্রেজেন্টেশান যদি দিতেই হয়

Nomination is not a good form of representation Election is the best form of representation.

কাজেই আমি মনে করি

Three Principals of the Constituent Colleges

যারা ইউনিভার্সিটির

মেম্বার হবেন তাঁরা যেন ইলেকটেড হন, সেই জনাই এ প্রস্তাব এনেছি।

তারপর

30A amendment, Sir, I also beg to move that in clause 8(1), item (xi) be omitted.

য়ুনিভারসিটির মেম্বার সম্বন্ধে যে ব্যবস্থা হয়েছে, তাতে দেখছি একবার যিনি ইউনিভার্সিটির ভাইস-চান্সেলার হয়েছেন, চিরকালই তিনি ইউনিভার্সিটির মেম্বার থাকবেন। স্যার, একজন ভাইস চান্সেলার হিসাবে অযোগ্য প্রমাণিত হতে পারে, দক্ষতার প্রমাণ না দিতে পারে; কিন্তু যেহেতু তিনি একবার ভাইস-চ্যান্সেলার হয়েছেন সেইহেতু চিরকাল তিনি ইউনিভার্সিটির মেম্বার থাকবেন কোন যুক্তিতে এটা আমার বুদ্ধিরও অগম্য। এরকমভাবে চিরস্থায়ী বন্দোবস্ত, পাকা-পাকি মৌরসী মোকররী পাট্টা করে এক্স-ভাইস চান্সেলারদের মেম্বার করে রাখার যে নীতি, এটা অন্যায় এবং এর কোন যৌক্তিকতা নাই। সেজন্য আমি প্রস্তাব করছি চিরস্থায়ী মেম্বার রাখবার যে ব্যবস্থা করা হয়েছে, এক্স-ভাইস চান্সেলারদের সম্বন্ধে, সেটা ডিলিট করে দেওয়া হোক, ঐ ব্যবস্থা একেবারে অচল। গভর্নমেন্ট যদি ইচ্ছা করেন কোন ভূতপূর্ব ভাইস চান্সেলারকে মেম্বার নিযুক্ত করা প্রয়োজন, তাহলে তার জন্য যথেষ্ট উপায় আছে। যেমন মনে করুন

item No. (xiii) three persons having special interest in University or Technological education to be appointed by the Chancellor

এই ব্যবস্থার মাধ্যমে তাঁকে আনা যায়। গভর্নমেন্ট ইচ্ছা করলে অনায়াসে যে কোন উপযুক্ত

লোককে মেম্বার করে আনতে পারবেন। কিন্তু একবার যিনি ইউনিভার্সিটির ভাইস চান্সেলার হয়েছেন চিরকালই তিনি ইউনিভার্সিটির মেম্বার থাকবেন এটা কি ধরনের নীতি? এটা আমাদের বুদ্ধির অগম্য। আপনি জানেন, স্যার, বহু লোক একবার একটা পদ পেলে সে পদ আর ছাড়তে চান না, যতদিন পর্যন্ত না শ্মশানঘাটে যান। ইচ্ছা করে মানুষ রিজাইন দিয়েছে, এ দৃষ্টান্ত খুবই কম দেখতে পাওয়া যায়। বরং দেখি, আজকাল মানুষ তাদের সেন্স অফ প্রোপোরশান অনেক পরিমাণে হারিয়ে ফেলেছে। যতদিন পর্যন্ত মানুষ অ্যাকটিভ থাকে, ততদিন পর্যন্ত কাজ করা উচিত, কিন্তু সেনিল ডিকে হয়ে গেলেও, মানুষ অকেজো হয়ে গেলেও অনেকে পদ ছাড়তে চায় না। আমাদের ইউনিভার্সিটির পরিকল্পনা যে জোনএর জন্য হচ্ছে, সেই জোনএ যিনি বসবাস করেন না, হয়ত লন্ডনে গিয়ে বসবাস করছেন, কিম্বা অন্য জায়গায় বসবাস করছেন, কিন্তু যেহেতু তিনি একবার ইউনিভার্সিটির ভাইস চান্সেলার হয়েছেন তিনি চিরদিনই ঐ ইউনিভার্সিটির মেম্বার থাকবেন, এই নীতির আমি বিরোধীতা করি।

স্যার, আমার পরের অ্যামেন্ডমেন্ট হচ্ছে এই ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত এ্যাফিলিয়েটেড যে সমস্ত কলেজ আছে, সেই সমস্ত কলেজের রিপ্রেজেন্টেশান সম্বন্ধে। স্যার, এই বিলে ব্যবস্থা হয়েছে,

three Principals of affiliated colleges appointed by the Chancellor will be members of the University. এই ইউনিভার্সিটির অন্ডারে যেসমস্ত affiliated college থাকবে সেই এ্যাফিলিয়েটেড কলেজএর তিনজন প্রিন্সিপ্যাল ইউনিভার্সিটিতে নির্বাচিত হবেন না, নিযুক্ত হবেন। এ্যাফিলিয়েটেড কলেজএর প্রিন্সিপ্যালদের মধ্যে থেকে চ্যান্সেলার যাঁদের নিযুক্ত করবেন, সেই রকম তিনজন এই বিশ্ববিদ্যালয়ের মেম্বারস হবেন। তা ছাড়া আবার আর একটা বিচিত্র ব্যবস্থা হয়েছে। এই এ্যাফিলিয়েটেড কলেজ সমূহের প্রিন্সিপ্যালদের একটা তালিকা হবে না, তিনটি তালিকা হবে। এ্যাফিলিয়েটেড কলেজএর মধ্যে এইভাবে শ্রেণী ভাগ করা হচ্ছে। এদের মধ্যে কুলীন অকুলীন জাতিভেদ করার ব্যবস্থা হয়েছে। এখানে তিন জাতের এ্যাফিলিয়েটেড কলেজএর ব্যবস্থা করা হয়েছে। এক হচ্ছে গভর্নমেন্ট কলেজ, দুই স্পনসরড কলেজ এবং তৃতীয় হচ্ছে আদার এ্যাফিলিয়েটেড কলেজেজ। গভর্নমেন্ট কলেজএর প্রিন্সিপ্যালদের একটা তালিকা স্পনসরড কলেজএর প্রিন্সিপ্যালদের একটা তালিকা এবং আদার এ্যাফিলিয়েটেড কলেজএর প্রিন্সিপ্যালদের আর একটি তালিকা এবং এই তিনটি তালিকা তৈরি হবে। যে তিনজন প্রিন্সিপ্যালকে মেম্বার নিয়োগ করা হবে, তা তাদের যোগ্যতা, ইউনিভার্সিটি পরিচালনার দক্ষতা কিম্বা ইউনিভার্সিটি পরিচালনার যে দৃষ্টিভঙ্গী থাকা দরকার, সেসব দিক দিয়ে বিচার করে নয়, কেবলমাত্র চাকুরীর বয়সের বিচার করা হবে। অর্থাৎ মানুষ আগে প্রিন্সিপ্যাল নিযুক্ত হয়েছে, সে মানুষ অযোগ্য হলেও তিনিই আগে ইউনিভার্সিটির মেম্বার হবার জন্য অধিকার পাবেন।

[4-50—5 p.m.]

স্যার, যতসব বুড়ো হাবড়ার দল নিয়ে এই ইউনিভার্সিটি গঠনের পরিকল্পনা হচ্ছে, একটা বিচিত্র ব্যবস্থা হচ্ছে এখানে। আমি জিজ্ঞাসা করতে চাই গভর্নমেন্ট কলেজ, স্পনসরড কলেজ, আদার কলেজএর মধ্যে শিক্ষা বিষয়ে তফাৎ কি? এইসব কলেজের প্রিন্সিপ্যালদের মধ্যে তফাৎ কি? এই তিন ধরনের কলেজের প্রিন্সিপ্যালদের প্রতিনিধি নির্বাচন করবার অধিকার না দেওয়ার এক অসম্মানজনক ব্যবস্থা এই বিলের মধ্যে কি করে সন্নিবেশিত হলো, আমি কল্পনাও করতে পারি না। স্যার, এই এ্যাফিলিয়েটেড কলেজগুলির মধ্যে শ্রেণী বিভাগ করা হয়েছে, প্রিন্সিপ্যালদেরও শ্রেণী বিভাগ করা হয়েছে। নির্বাচন মাধ্যমে প্রিন্সিপ্যালদের প্রতিনিধিত্বের কোন ব্যবস্থা করা হয়নি। তিনজন প্রিন্সিপ্যালকে সরকার যেখানে নিয়োগের প্রস্তাব করেছেন, আমি সেখানে নির্বাচনের কথা বলেছি। যেখানে আছে অ্যাপয়েন্টেড বাই দি চান্সেলার সেখানে আমার প্রস্তাব হচ্ছে ইলেকটেড ফ্রম অ্যামংগস্ট দেমশেলভস, কারণ আমি নির্বাচনের পক্ষপাতী।

এর পরে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে ৩২(এ), এই অ্যামেন্ডমেন্টের মধ্যে দুটো ভাগ। ক্লজ ৮এর মধ্যে কোন জায়গায় ইউনিভার্সিটি টিচার্স কিম্বা এ্যাফিলিয়েটেড কলেজ কিম্বা কনস্টিটুয়েন্ট কলেজএর টিচার্সদের রিপ্রেজেন্টেশানএর কোন ব্যবস্থা এই বিলে করা হয় নি। স্যার, এমন একটা বিবেচনাশূন্য বিল আমাদের সামনে আসতে পারে, এটা ভাবা যায়

না। ইউনিভার্সিটিতে টিচার্সদের প্রতিনিধিত্বের কোন স্থান নাই। তাঁরা কি কেবল দুর্নাম ভোগের অধিকারী? যদি কোন কলেজে স্ট্রাইক হয় কিম্বা পরীক্ষা প্রশ্নপত্র আউট হয়ে যায়, তাহলে টিচার্স এবং প্রফেসারদের দুর্নামের ভাগী হতে হয়। ইউনিভার্সিটি পরিচালনায় তাদের রিপ্রেজেন্টেশানএর কোন ব্যবস্থা এই বিলে রাখা হয় নি কেন? এখন হঠাৎ দেখছি সরকারী চিফ হুইপ শ্রীযুক্ত জগন্নাথ কোলে মহাশয়ের সুবুদ্ধির উদয় হয়েছে। তিনি ইউনিভার্সিটিতে তিনজন টিচার্সএর রিপ্রেজেন্টেশান রাখার প্রস্তাব করছেন একটা অ্যামেন্ডমেন্ট-এর ভিতর দিয়ে। কোলে মহাশয়ের অ্যামেন্ডমেন্টটা সরকার যে নীতি হিসাবে অবশেষে স্বীকার করে নিয়েছেন, সেটা সুখের কথা, কিন্তু কোলে মহাশয়ের যে অ্যামেন্ডমেন্ট তার মধ্যে তিনি বলেছেন, একজন হবেন টিচার অফ দি ইউনিভার্সিটি। আমি

three teachers of the University to be elected from amongst themselves

এই ব্যবস্থার পক্ষপাতী। সরকারী হুইপ শ্রীযুক্ত কোলে যে তাঁর অ্যামেণ্ডমেণ্ট এর মাধ্যমে টিচার্সদের প্রতিনিধিত্ব ব্যাপারে ইলেকশনএর নীতি স্বীকার করে নিয়েছেন, সেজন্য আমি তাঁকে ধন্যবাদ দিই। শিক্ষা ব্যবস্থায় টিচার্সদের অ্যাডিকোয়েট রিপ্রেজেন্টেশানএর ব্যবস্থা থাকা উচিত। স্যার, টিচার, সম্পর্কে আমার আরেকটা অ্যামেন্ডমেন্ট আছে, সেটাও এখানে বলি। ৩২(সি)তে আমি বলেছি

three teachers of colleges to be elected from amongst themselves

মোটের উপর আমি চাই এই বিশ্ববিদ্যালয়ে তিনজন ইউনিভার্সিটি টিচার্স এবং এ্যাফিলিয়েটেড কলেজএর তিনজন টিচারস যেন থাকতে পারেন। স্যার, আমার আরো একটা সংশোধনী আছে ৩২(এ) এখানে আমি বলেছি

representatives of regtd. graduates living in the districts within the limits of this University.

এই বিলের মধ্যে রেজিস্টার্ড গ্রাজুয়েটসদের রিপ্রেজেন্টেশানএর কোন ব্যবস্থা নাই। ডাঃ হীরেন চ্যাটার্জী মহাশয় ইতিপূর্বেই সে সম্বন্ধে উল্লেখ করেছেন। তা হলেও আমি আবার বলতে চাই যে, যাঁরা বিশ্ববিদ্যালয়ের মান সম্মান ঐতিহ্য চিরকাল বহন করবেন, যাঁরা ছাত্রজীবন শেষ হবার পরও শিক্ষা-সংক্রান্ত ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কাজে অংশ গ্রহণ করতে চান এবং কৃতিত্বের পরিচয় দিতে চান, তাঁদের এই বিশ্ববিদ্যালয়ে কোন রিপ্রেজেন্টেশান থাকবে না এটা দুঃখের কথা। আমি আশা করি আমার এই যে

amendment three representatives of the registered graduates districts within the limits of the University.

এটা সরকার গ্রহণ করবেন।

[5—5-20 p.m.]

Shri Jagannath Kolay: Sir, I beg to move that in clause 8—

(1) in sub-clause (1), the word "and" at the end of item (xii) be omitted and after item (xii), the following be inserted, namely:—

"(xiia) three persons to be elected in accordance with the provisions made in this behalf by Statutes, of whom—

(a) one shall be a Teacher of the University, not being a Dean of a Faculty of the University, and shall be elected by the Teachers of the University, and

(b) two shall be Teachers of Colleges not being Principals, and shall be elected by Teachers of Colleges;

(xiib) two persons to be elected in accordance with the provisions made in this behalf by Statutes by members of Governing Bodies of Colleges, not being Principals or Teachers of Colleges, from amongst themselves;" and

(2) in sub-clause (3), for the words "and (xii)" the words "(xii), (xiia) and (xiib)" be substituted;

(3) sub-clause (4) be substituted by the following:

"(4) The members of the University other than ex-officio members shall hold office for a term of two years from the date on which they are appointed or elected:

Provided that the members referred to in clauses (vi), (xii) and (xiia) of sub-section (1) shall cease to hold office as such as soon as they cease to hold office as Principals of constituent colleges or affiliated colleges, or as teachers of the University, constituent colleges or affiliated colleges, as the case may be."

[*At this stage the House was adjourned for 20 minutes.*]

[*After adjournment*]

Shri Pramatha Nath Dhibar: Sir, I move that in clause 8(2), lines 1 and 2, for the expression "(vii) to (x)" the words "any one representative elected from (vii) to (x)" be substituted.

Shri Subodh Banerjee:

I move that in clause 8(1), items (vii), (viii), (ix) and (x) be omitted and the following be inserted, namely:—

"(vii) the President, Board of Secondary Education, West Bengal;

"(viii) the Director, the Indian Institute of Technology, Kharagpur;"

I also move that after clause 8(1)(xiii) the following be inserted, namely:—

"(xiv) three persons elected by the teachers of the University, not being Deans of Faculties of the University;

(xv) three persons, of whom one at least shall be a woman, elected by the teachers of Constituent Colleges;

(xvi) three persons, of whom one at least shall be a woman, elected by the teachers of affiliated Colleges;

(xvii) two persons elected by members of the Governing Bodies of the Colleges".

I move that clause 8(5) with Explanation be omitted.

[5-20—5-30 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের ৮ নম্বর ধারাটি আমার মতে খুব গুরুত্বপূর্ণ কেন না এ ধারায় বর্তমান ইউনিভার্সিটি গঠন নিয়ে আলোচনা করা হচ্ছে। আমার প্রথম বক্তব্য হোল যে আজ পর্যন্ত আমাদের দেশে যতগুলি কমিশন বসেছে, সেই "স্যাডলার কমিশন" থেকে আরম্ভ করে "রাধাকৃষ্ণন কমিশন" পর্যন্ত তাদের প্রত্যেকেরই সুপারিশ হচ্ছে

The education system of our country should be democraised

অর্থাৎ আমাদের দেশের শিক্ষা পদ্ধতিকে গণতান্ত্রিক করতে হবে, দেশবাসীও এই দাবী দীর্ঘ দিন ধরে করে আসছে। আমি আমাদের শিক্ষা মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এই স্যাডলার কমিশনএর সামনে সাক্ষী হিসেবে দাঁড়িয়ে এই দাবী করেছিলেন যে

Education should be cheap and the education system should be democratic.

কিন্তু দুঃখের বিষয় সেই মুখ্যমন্ত্রী আজ আর নেই, আজ তাকে দেখছি ঘোস্ট অফ দি ফরমা সেল্ফ। আজ এরা জনসাধারণের সেই গণতান্ত্রিক পদ্ধতিতে করার দাবীকে নস্যাৎ করে দিয়ে ইউনিভার্সিটিকে বোঝাই করে দিচ্ছেন, বাই এ সেট অফ ব্যুরোক্রেটস। কাজেই দেখা যাচ্ছে যে ডেমোক্রেটিজেশানএর পরিবর্তে ব্যুরোক্রেটিজেশান ইজ দি প্রভিশন ইন দি বিল। আমি জিজ্ঞাসা করছি এর অর্থ কি? আমি মনে করি শিক্ষা ব্যবস্থা সরকারের কুক্ষিগত না হয়ে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি স্বয়ংশাসিত অটোনমাস বডি হওয়া দরকার এবং এর গঠন নির্বাচনের মাধ্যমে হওয়া দরকার। আর পরিচালনার ক্ষেত্রে যেসব সাধারণ মানুষ শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট, যারা পাঠনে নিযুক্ত বা যেসব বিশেষজ্ঞ আছেন তাঁদের প্রতিনিধিদের নিয়ে করা দরকার। অর্থাৎ এক কথায় বলতে গেলে ইউনিভার্সিটির গঠনের মধ্যে শিক্ষকদের প্রতিনিধি যেমন থাকবে ঠিক তেমনি থাকবে সেই সমস্ত বিশ্ববিদ্যালয় থেকে যে সমস্ত ছাত্র বেরিয়েছে, তাদের প্রতিনিধিরা এবং তারপর থাকবে সেই সমস্ত কলেজের প্রতিনিধিরা যারা এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট। শুধু তাই নয় এটা এমনভাবে গঠন হওয়া দরকার যাতে বেসরকারী প্রতিনিধির সংখ্যা সরকারী প্রতিনিধির চেয়ে বেশী হয়। কিন্তু আমরা দেখছি যে সকলে যে নীতি গ্রহণ করেছে, সেই নীতি এ বিলের ক্ষেত্রে সম্পূর্ণরূপে বিসর্জন দেওয়া হয়েছে। তবে যদি কেবলমাত্র নন-অফিসিয়াল বলেন তা হলেও আমরা দেখব যে তিনজন ভিন্ন, তিনজন এ্যাফিলিয়েটেড কলেজএর প্রিন্সিপ্যাল এবং জগন্নাথবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তাতে তিনজন শিক্ষক এবং দুইজন গভর্নিং বডির এই মোট ১১ জন ছাড়া আর সমস্তই সরকারী প্রতিনিধি এবং তাদের সংখ্যা বেসরকারী প্রতিনিধির দু-গুণ বেশী। কাজেই এই যেখানে অবস্থা তাকে যে কি করে ইউনিভার্সিটি বলা যায়, তা আমি বুঝতে পারছি না। আমি পূর্বেই বলেছি যদি এইভাবে ইউনিভার্সিটি গঠন করেন তাহলে

it will be an appendage to the Education Directorate.

যদি আপনারা এটাই করতে চান তাহলে ইউনিভার্সিটি গঠন করার কি প্রয়োজন আছে? তার চেয়ে আপনারা রাইটার্স বিল্ডিংসএর তিন তলায় ডাঃ ডি এম সেনএর ঘরের কাছে একটা চেম্বার করে দিয়ে সেখানেই সুকুমার সেনকে বসিয়ে দেন

as Special Officer, as Administrator of the Burdwan University.

এবং সেখান থেকেই সুকুমার সেন তার কেরানিকুল নিয়ে ইউনিভার্সিটি চালাবেন। যদি সরকারী প্রতিনিধিদের দ্বারা ইউনিভার্সিটি সিনেট অর্থাৎ যাকে ইউনিভার্সিটি বলছেন তা গঠিত হয়, এবং তাদেরই ভয়েস ডিটারমিনিং ফেকটর হয়, তাহলে এ ধরনের বডি করার কি প্রয়োজন আছে? আমি মনে করি ইট ইজ জাস্ট এন আই-ওয়াস—ইট ইজ এ লাকসারী, কাজেই এর পেছনে এত টাকা খরচ করবার কি দরকার? আপনারা করতে চান কিন্তু তা আপনারা করতে পারবেন না। আপনারা খোলাখুলি করে বলুন যে ডাইরেকটোরেট অফ এডুকেশানকে দিয়েই আমরা ইউনিভার্সিটি চালাব, সেখানে কোন জনপ্রতিনিধি থাকবে না। তারপর আমি মনে করি যে ইউনিভারর্সিটির অ্যাডমিনিস্ট্রেশান জনসাধারণের প্রতিনিধিদের হাতে থাকা দরকার। কিন্তু আশ্চর্যের বিষয় যে শুধু গঠনই নয়, সিলেবাস যা হবে তাও ডিটারমাইন করবে গভর্নমেন্ট—সেখানে ইউনিভার্সিটির কোন কথাই থাকবে না, পরীক্ষা নেওয়ার ব্যাপারে যদি কোন ত্রুটি হয়েছে বলে সরকার মনে করেন, তাহলে পরীক্ষার রেজাল্ট নাকচ করতে পারবেন, তারপর কোন বাবত কত টাকা খরচ করবে তাও গভর্নমেন্ট বলে দেবেন—কেন না গভর্নমেন্ট স্যাংশান না করলে বাজেট পাশ হবে না। কাজেই দেখা যাচ্ছে যে প্রায় সমস্ত ব্যাপারেই অর্থাৎ টাকা খরচের বেলায় গঠনের দিক দিয়ে, আইন শৃঙ্খলা এবং ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশান এই সমস্তই থাকছে সরকারের অধীনে এবং এর ফাইনাল ভয়েস হচ্ছে গভর্নমেন্ট। এই যদি হয় তাহলে এই ইউনিভার্সিটির কি প্রয়োজন? এ জিনিস কেউ চায় না। আমার একথা শুনে যদি কেউ মনে করেন যে আমি বর্ধমান ইউনিভার্সিটি চাই না, তাহলে ভুল করবেন। আমি চাই প্রতিটি জেলায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়ে প্রত্যেক লোকের শিক্ষার সুযোগ করে দিক কিন্তু এর সাথে সাথে আমি একথাও বলব যে আমি ইউনিভার্সিটি চাই, কিন্তু মন্ত্রিদের তাঁবেদার চাই না; অথবা এমন ইউনিভার্সিটিও চাই না যা গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত নয়। কিন্তু আপনারা সেই রকম ইউনিভার্সিটিই বর্তমানে করতে চলেছেন। আজ আমি শিক্ষামন্ত্রীকে কয়েকটি প্রশ্নের জবাব দেবার জন্য অনুরোধ করছি। যখন আমরা ছোট ছিলাম—কলেজে পড়ি

তখন এই শিক্ষামন্ত্রীকে দেখেছি এই বিধান সভায় বিরোধী দলের সদস্য হিসেবে। তখন তার শিক্ষা সম্বন্ধে দাবি ছিল যে শিক্ষার ব্যাপারে [illegible] বাদ দিতে হবে। তারপর ১৯৫১ সালে যখন কোলকাতা বিশ্ববিদ্যালয় আইন করা হয়, তখন তাকে বলতে হয়েছে যে গণতান্ত্রিক পদ্ধতিতে ইউনিভার্সিটির গঠনতন্ত্র করা দরকার। আর আজ পাওয়ারএ এসে পূর্বের সমস্ত প্রতিশ্রুতি ভুলে গিয়েছেন। ক্ষমতা পেয়েছেন তাই তাকে গ্রাব করে পূর্ণমাত্রায় অত্যাচার চালিয়ে একটা ব্যুরোক্রাটিক সেট আপ প্রতিষ্ঠা করছেন। একে নীতি বলা যায় না বা এটা শিক্ষিত লোকের দৃষ্টিভঙ্গীও হতে পারে না। এটা হচ্ছে ঐ বিদেশী শাসকদের দৃষ্টিভঙ্গী যা এঁরা উত্তরাধিকারসূত্রে পেয়েছেন। কাজেই আমি মনে করি এর তীব্র প্রতিবাদ হওয়া প্রয়োজন। তারপর আপনারা বর্ধমান ইউনিভার্সিটি করতে যাচ্ছেন সেখানে খালি পড়ান হবে হিউম্যানিটিজ সাবজেক্ট। আজকে কিন্তু তার মধ্যে একটিও ইঞ্জিনিয়ারিং কলেজ নেই, একটা খালি টেকনিক্যাল স্কুল আছে। এছাড়া আর একটি পলিটেকনিক ইনস্টিটিউশান আছে, যেটা সেকেন্ডারী স্টান্ডার্ডএ ইউনিভার্সিটি ষ্টান্ড'র্ডএ নয়। সুতরাং দেখা যাচ্ছে যে এঁদের কোন প্রতিনিধিও এর মধ্যে আসতে পারছে না। তারপর সমস্ত হিউম্যানিটিজ সাবজেক্টস পড়াবার জন্য "বাঁকুড়া সম্মিলনী কলেজ" নামে একটি মাত্র মেডিকেল কলেজ আছে। সেখানকার গঠনতন্ত্রের দিকে তাকালেই দেখা যাবে যে তার মধ্যে হিউম্যানিটিজ রিপ্রেজেন্টেটিভস ক'জন আছে বা যারা হিউম্যানিটিজ সাবজেক্টস পড়ান তাদের কে আছে। সেখানে প্রিন্সিপ্যালই একমাত্র লোক যিনি বলে দেবেন ক'জন রিপ্রেজেন্টেটিভ থাকবে।

5-30—5-40 p.m.]

দ্বিতীয় জিনিস আপনাকে জিজ্ঞাসা করি, আপনি বলেছেন টেকনোলজিক্যাল বায়াস থাকবে—টেকনোলজি সম্বন্ধে কারা বলতে পারবেন?

General Manager of Hindusthan Steel, Durgapur, General Manager of the Indian Iron and Steel Company, General Manager of Chittaranjan Locomotive Works এবং Government Mining Adviser, they are technological experts

এই কথা কি বিশ্বাস করতে হবে? এরা টেকনোলজিক্যাল এক্সপার্ট না এরা জেনারেল অ্যাডমিনিস্ট্রেটর? আমি জিজ্ঞাসা করি আই সি এস যারা তারা কি টেকনোলজিক্যাল এক্সপার্ট না তারা জেনারেল অ্যাডমিনিস্ট্রেটর? আপনাদের সার্ভিসএর নাম কি? আই এ এস—অ্যাডমিনিস্ট্রেটেড সার্ভিস, নট টেকনোলজিক্যাল সার্ভিস। তাহলে এদের যে নিচ্ছেন এরা কি টেকনোলজির কথা বলবে, ইঞ্জিনিয়ারিংএর কি পড়ান দরকার, কি সিলেবাস হওয়া দরকার, কি ভাবে পঠন এবং পাঠনের পদ্ধতি হওয়া দরকার এ সম্বন্ধে কি এরা বলবে? আপনারা নিচ্ছেন তাদের

as representing technological education of the Burdwan University

কি এরা পড়াবেন? মেডিকেল কলেজএর কোন রিপ্রেজেন্টেটিভ নেই, লএর কোন রিপ্রেজেন্টেটিভ নেই এগুলো হবে? যদি ইউনিভার্সিটি করতে চান এগুলো তো আসবে। তারপর, কমার্সএর কোন রিপ্রেজেন্টেটিভ নেই, হিউম্যানিটিজ যা আজকের দিনে মেইন সাবজেক্ট অফ স্টাডি, তাদের কোন রিপ্রেজেন্টেটিভ নেই, টেকনোলজি যা ভবিষ্যতে নাকি একমাত্র জোর বায়াস—দ্যাট উইল বি দি বায়াস সে ক্ষেত্রে তাদের প্রকৃত কোন রিপ্রেজেন্টেটিভ নেই। তাছাড়া সায়েন্সএরও কোন রিপ্রেজেন্টেটিভ নেই। তারপর আসুন শিক্ষকদের ক্ষেত্রে। এখানে কাকে নিচ্ছেন না

Dean of the Faculties, three Principals of constituent colleges, three Principals of affiliated colleges

আর তিন জন প্রফেসারস রিপ্রেজেন্টেটিভ, ডিনস অফ দি ফ্যাকালটিজ কি হয়—একটা ফ্যাকালটি ধরবেন তিনজন ডিনস অফ দি ফ্যাকালটিজ নিচ্ছেন ডিপার্টমেন্টাল হেড। একটা উদাহরণ দিচ্ছি—ডিন অফ দি ফ্যাকালটি অফ আর্টস কতগুলি সাবজেক্ট আর্টস মধ্যে আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Who says three only?

Sj. Subodh Banerjee:

বেশী হতে পারে, আমি পরে আসছি। ডিন অফ দি ফ্যাকালটি অফ আর্টসএ একজন লোক —কি হয় ইউনিভার্সিটিতে?

Dean of the Faculty of Arts, Dean of the Faculty of the Science, Dean of the Faculty of Law

এই আর্টসএর মধ্যে কত বিভাগ আছে। এইবার আরম্ভ করুন—বাংলা, ইংরেজী, ফিলজফি, ইকোনমিকস করে বিষয় বস্তু হল এতগুলি আর একজন রিপ্রেজেন্টেটিভ। তিনি কি হতে পারবেন?

He may be an expert on Economics or he may be an expert of Philosophy or he may be an expert on English, but how can he represent all the subjects?

সুতরাং বিভিন্ন বিভাগীয় হেড অফ দি ডিপার্টমেন্টস যদি না যায় তাহলে সেই রেসপেকটিভ সাবজেক্টসের কি সিলেবাস হওয়া উচিত, কিভাবে পড়ান উচিত, ফান্ডামেন্টাল কাজ সেগুলি অ্যাকাডেমিক কাউনসিল কি করে বলবেন। কেবল শুধু প্রপার স্টাডি, স্ট্যান্ডার্ড অফ এডুকেশান বললে হবে না। পড়ান শেখানোর সংগে যারা প্রত্যক্ষভাবে ওতপ্রোতভাবে জড়িত, রোজকার কাজের সংগে যারা জড়িত, তাদের কেউ নেই। অধ্যাপক কোথা থেকে নেবেন—সেখানেও সেই বাদ বিচার। প্রিন্সিপ্যাল নেবেন তিন জন, কোথা থেকে আসবে তারা থ্রি প্রিন্সিপ্যালস অফ এ্যাফিলিয়েটেড কলেজেস—এদের কে কতজন গভর্নমেন্ট কলেজের, আপনাদের লোক, গভর্নমেন্ট কলেজের প্রিন্সিপ্যাল এডুকেশান ডাইরেকটরেটএর কথায় চলেন, একজন স্পনসরড কলেজএর প্রিন্সিপ্যাল, তাঁকে ডাঃ সেন, ধীরেন সেনএর কথা মত চলতে হবে, আর একজন বাকি রইলেন অর্ডিনারী এ্যাফিলিয়েটেড কলেজএর—তিনি এগেনস্টএ গেলেও যেতে পারেন, কিন্তু তারও সম্ভাবনা আছে কম কারণ ইউ জি সি গ্রান্ট মারফত গোটা শিক্ষা ব্যবস্থাকে কব্জা করেছেন—যদি তোমরা কথা না শোন, টাকা দেবার এ্যাফিলিয়েশান দেব না টোটাল কন্ট্রোল ইউ জি সির মাঝখান দিয়ে চলছে। সুতরাং এ্যাফিলিয়েটেড কলেজএর প্রিন্সিপ্যালদের আপনাদের বিরুদ্ধে কতটা বলার ক্ষমতা থাকবে দ্যাট ইজ ডুবিয়াস। সে দিক থেকে দেখছি প্রিন্সিপ্যালদের ঐরকম কব্জা করে রেখে দিয়েছেন। কলেজের অধ্যাপকদের কোন রিপ্রেজেন্টেটিভ ছিল না, আমার সংশোধন দেওয়ার পর ইউনিভার্সিটির একজন এবং অন্যান্য কলেজের দুইজন নিলেন। এ কি ভিক্ষা? যারা পড়াবেন তারা থাকবে না। আমরা খোলাখুলিভাবে শিক্ষা মন্ত্রীকে জিজ্ঞাসা করি, আপনি কি এটা সত্যি মনে করেন যে, আপনার ডিপার্টমেন্ট বা এই গভর্নমেন্ট যেমন করে রোগীর পথ্যের জন্য কলসির মধ্যে কৈ মাছকে জিয়িয়ে রাখা হয়, তেমনি সেইসব রিটায়ার্ড আই সি এসকে জিয়িয়ে রেখেছেন প্রয়োজনমত ছেড়ে দেবেন যাও চরে খাও গে? আমি এটা বলছি উইদাউট গিভিং এ্যাসপারশান এগেনস্ট এনিবডি। আপনি কি মনে করেন পৃথিবীর সবজান্তা এই আই সি এস গোষ্ঠী, আই এ এস গোষ্ঠী? এদের জ্ঞান সব ব্যাপারে?

Let them remain at Writers' Buildings and spoil the administration of the country.

সেখানে ফাইট করা যাবে কিন্তু শিক্ষার ব্যাপারে তাঁরা প্রথমে গুজ হয়ে বসে থাকবেন, সব বিষয়ে তাঁদের কথা শুনতে হবে, এটা চান। শিক্ষকদের প্রতিনিধি থাকবেন, ছাত্রদের প্রতিনিধি থাকবেন অথচ আই সি এস অফিসার ও ফাইনান্স সেক্রেটারি এ'রা থাকবেন, এটার কি দরকার টাকা নষ্ট হচ্ছে কি না দেখবেন? সে তো আপনারা বাজেটে প্রভিশন করেছেন—বাজেট পাশ করাতে হবে, বাজেট অডিট করাতে হবে। গভর্নমেন্টের অডিটার দিয়ে বাজেট অডিট হবে গভর্নমেন্ট রিপোর্ট অমুক হবে ইত্যাদি নানারকম করেছেন। আবার কেন ফাইনান্স ডিপার্টমেন্টের সেক্রেটারী, এডুকেশান ডিপার্টমেন্টের সেক্রেটারী থাকেন? আমাদের ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট এতদিন রয়েছে, আমি অবশ্য ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টকে আদর্শ মনে করি না যদি কেউ মনে করেন তা করতে পারেন, তা সত্ত্বেও আমি বলবো তাতে যেটুকু ডেমোক্রাসী ছিল

সেটুকুও এখানে কার্টেল করে দিয়েছেন। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টএর কি অভিজ্ঞতা আমরা দেখেছি যে কনট্রোভার্সিয়াল ইস্যুতে জনসাধারণ একটা চায়, আর আপনারা যাদের

পাঠান, তাঁরা ঠিক তার বিরোধিতা করেন। ধরুন ১১ ইয়ারস সেকেন্ডারী এডুকেশান অ্যান্ড থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সএ কি হয়েছিল? ইউনিভার্সিটি রিজেক্ট করে দিয়েছিল আর আপনাদের যাঁরা তাঁরা সেটা সমর্থন করেছিলেন। পরে অবশ্য চাপে পড়ে ইউনিভার্সিটিকে সেটা গ্রহণ করতে হয়েছে। ইউ জি সির টাকা দিয়ে আপনারা ইউনিভার্সিটির মুখ বন্ধ করে দিলেন, তারা যেটা জেনুইনলি ফিল করে তাদের সেটা আপনি বলতে দিলেন না।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

আমি নই।

Sj. Subodh Banerjee:

আপনি মানে গভর্নমেন্ট—ইট মে বি সেন্ট্রাল গভর্নমেন্ট। আপনার যে ক্ষমতা সেটা আপনি কাজে লাগাচ্ছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের যে ক্ষমতা সেটা তারা কাজে লাগাচ্ছেন—টোটাল জিনিসটা কন্ট্রোলের মধ্যে আনতে চাচ্ছেন, এই জিনিস হওয়া উচিত নয়। কাজেই ৮নং ধারার আমি বিরোধিতা করি, কারণ যে দৃষ্টিভঙ্গী এখানে প্রকাশিত হয়েছে, সেই দৃষ্টিভঙ্গী প্রগতিবিরোধী, কোন দেশে এ হয় না। মুখ্য মন্ত্রীমহাশয় কথায় কথায় ইংলন্ডের কথা বলেন "মে" সাহেবের কথা উল্লেখ করেন। সেখানে যেটুকু সুবিধা আছে, সেটুকুই ও'রা নেন, আর যেটা এগেনস্টে যাবে সেখানে বলবেন আর উই টু বি গাইডেড বাই "মে," আমাদের নূতন ট্র্যাডিশন ক্রিয়েট করতে হবে। যেটা ফেভারে যাবে, সেখানে বলবেন "মে" সাহেব বলেছেন গ্রেট বৃটেনের; আর যেটা এগেনস্টে যাবে সেখানে এই কথা বলবেন। আমি বলি গ্রেট বৃটেনে এমনও তো আছে, টাকা দেয় কিন্তু সুপারভাইস, ম্যানেজমেন্ট অ্যান্ড কন্ট্রোলের ক্ষমতা গভর্নমেন্টের নেই। টাকা দিন ইউনিভার্সিটিকে মেক ইট অটোনমাস এবং এমন কনস্টিটিউশান করুন, যাতে প্রপার রিপ্রেজেন্টেশান হয়। আমি একথা বলবো না যে ইউনিভার্সিটির ইলেকশনের মাঝখানে ফাটকাবাজী হোক। আমি জানি ক্যালকাটা ইউনিভার্সিটির ইলেকশনে এরকম হয়, যার টাকা আছে, সেই জেতে। আমি একজন বড়লোক হয়ত ডাক্তার হতে পারি, ইঞ্জিনিয়ার হতে পারি, প্রচুর টাকা আছে। তিন টাকায় রেজিস্টার্ড গ্রাজুয়েট হওয়া যায়, আই স্পেন্ড ২৪০০ টাকা, পকেট ভোট ৮ শো করে রেখে দিলাম। আমার বাড়ির ঠিকানায় ব্যালট পেপার এলো, ব্লাঙ্ক ব্যালট পেপারে নাম সহি করে দিলাম। এতে পপুলার রিপ্রেজেন্টেশান হয় না। এর প্রতিষেধক হোল ৩ টাকা তুলে দেওয়া।

[5 40—5-50 p.m.]

যারা গ্রাজুয়েট অফ থ্রি ইয়ারশ স্ট্যান্ডিং তাদের উইদাউট ফি রিকগনাইজ করা দরকার, যে তারা ভোটার হতে পারবে। অর্থাৎ টাকা দিয়ে এদের ভোট কেনা যাবে না, এই রকম আইনটা করুন। রেজিস্টার্ড গ্রাজুয়েট অফ থ্রি ইয়ারশ স্ট্যান্ডিং, যদি হয়, তাহলে তারা যে কোন ক্ষেত্রে রিপ্রেজেন্টেটিভ হিসাবে আসতে পারবে, তাদের অধিকার কারটেইল করা হবে না, তাদের বাদ দেওয়া হবে না। এমন প্রভিসান করুন যাতে টাকা দিয়ে ভোট কেনা না যায়। আপনারা সে রকম ব্যবস্থা করছেন না। আপনারা করছেন রেজিস্টার্ড গ্রাজুয়েট তারাই হবে যাঁরা তিন টাকা দিয়ে নাম লেখাবেন।

আমি যেটা বিশেষ করে বলতে চাই সেটা হচ্ছে রাগ করে বা একটা ভুল ধারণা নিয়ে রিপ্রেজেন্টেটিভ পাঠালেন কেন? আমি স্বীকার করি ক্যালকাটা ইউনিভার্সিটিতে কতকগুলি এই রকম গলদ আছে। কিন্তু তার ত্রুটীটা কোথায়? ওয়ার্কিং এর ত্রুটী ডেমোক্রেসী নয়। ত্রুটীটা এখানে ডেমোক্রেসীর অ্যাডভান্টেজ নিয়ে যে সমস্ত টাকা-পয়সাওয়ালা লোক আছে তারা সব কিছু কন্ট্রোল করছেন। চেক দ্যাট, চেক দ্যাট সর্বপ্রথমে আপনারা সেইটা করুন, তাহলে জনসাধারণ আপনাদের সমর্থন করবে। আমি সম্পূর্ণরূপে সমর্থন করবো যদি ডেমোক্রেটাইজেসন করেন। এই রকম ভাবে মাস এনরলমেন্ট অফ রেজিস্টার্ড গ্রাজুয়েটস করুন বা শিক্ষকদের উপদলীয় স্বার্থ বজায় না রেখে যাতে প্রপার রিপ্রেজেন্টেটিভ আসতে পারে তার ব্যবস্থা করুন। জনসাধারণের অধিকারকে শেপ করতে দিন, রেস্ট্রিকশন করবেন না। এ যদি করেন তাহলে ইউ উইল গেট দি ফুল সাপোর্ট ফ্রম দি পিপল। তা না করে এই সমস্ত জিনিষ

দেখিয়ে ব্যুরোক্রেসীর হাতে যদি এটা তুলে দেন তাহলে অন্যায় হবে। কারণ ব্যুরোক্রেসী করছেন তা আমরা সকলে জানি। আপনারা কি মনে করছেন, দেশের লোককে কলঙ্ক ম করছেন নাকি? আজ দেশের লোক দুর্নীতির জন্য ছটফট করছে। সুতরাং এদিক থে বিলটা যেভাবে রচিত হয়েছে তার প্রতিবাদ হওয়া দরকার। আমি সেই দিক বিবেচনা ক আমার সংশোধনী প্রস্তাব দিয়েছি। আমি মনে করি ঐ সমস্ত জেনারেল ম্যানেজারের ক বাদ দিন। তবে যদি টেকনোলজিকাল এডুকেসন দিতে চান তাহলে প্রপার লোক, য [illegible]। এক্সপার্ট তাঁদের আনুন, বিজ্ঞানসম্মত যাঁরা এক্সপার্ট তাঁদের নিয়ে আসু হেড অফ দি ডিপার্টমেন্ট অফ টেক্‌নোলজি, তাঁকে টেকনিসিয়ান হিসাবে নিয়ে আসু টেক্‌নোলজির যিনি হেড অফ দি ডিপার্টমেন্ট, তিনি এই সমস্ত বিষয় কথা বলতে পারবে এবং [illegible] মাধ্যমে নিয়ে আসুন। আমি যেটুকু জানি এবং

if I can read the mind of the Education Minister correctly,

আমি তাঁকে বলবো আমাকে তিনি কনট্রাডিক্ট করুন, আমার যেটা সংবাদ এই ধরনের বি আনার তিনি বিরোধী ছিলেন, তিনি মনে করেন এই ধরনের ব্যুরোক্রেটিক বিল আসা উচি নয়। কিন্তু ফোর্স অফ সারকমসটেন্সেস তাঁকে বাধ্য করেছে। সেই ফোর্স অ সারকমসটেন্সেস কি তা আমি জানি। মাননীয় মন্ত্রীমহাশয় খোলাখুলিভাবে হাউসের সাম বলুন, তিনি কি সত্যই চেয়েছিলেন এই ধরনের বিল আসুক, এবং যাঁরা রিয়েল এডুকেশানিস্ট যাঁরা সব বিষয় এক্সপার্ট, তাঁদের রিপ্রেজেন্টেশান না আসুক? কিন্তু আমাদের বাংলাদেশের যি জেঠামশাই, যিনি সমস্ত বিষয়ে নাক গলাতে না পারলে চোটে যান এবং যিনি সর্বক্ষেত্রে, স বিষয়ে রিপ্রেজেন্টেটিভ, যিনি ডিপার্টমেন্টের সমস্ত কার্য্যকলাপ, ইন এভরি কেসএ মাথা গলা সেই মুখ্য মন্ত্রীমহাশয়, তাঁকে এই ধরনের আইন করতে বাধ্য করেছেন। তিনি এটা কন্ট্রা করুন, আমাদের সংবাদ এই। আমি মনে করি এই ৮ নম্বর ধারাকে সম্পূর্ণরূপে ঢেলে সাজ দরকার। এবং আপনাদের নীতি হওয়া দরকার

democratisation of the entire Education system. University constitution democratic system follow

করা দরকার যাতে জনসাধারণের প্রপার রিপ্রেজেন্টেশান থাকতে পারে, সেই সেফগার্ড রে উপযুক্ত প্রভিশান রেখে এই বিল রচনা করা উচিত ছিল।

Shri Jagannath Kolay: Sir, I move that in sub-clause (1) of clause after item (xiib), the following be inserted, namely:—

"(xiic) the President, Board of Secondary Education, West Bengal, e officio;".

Shri Basanta Kumar Panda: Sir, I move that clause 8(1), items (vi and (ix) be omitted.

I also move that in clause 8(2), line 2, for the word "to" the wor "and" be substituted.

I also move that clause 8(3) be omitted.

Sir, this is a most important as well as most controversial clause in th Bill. Therefore, it requires a very careful consideration. Enough has bee said by the honourable members who have spoken before me about th composition, and I also object to the composition of the University proposed in this Bill. I would say this gradual encroachment by th Government and the reactionary elements in the field of education and in th framing of people's mind does not fit in with democracy. Honourab members on the opposite side and also on this side are committed to this th we shall have to preserve democracy in this country and for the purpose preservation of democracy we must move in such a way that differe independent ideas can be brought together in working out the schemes an plans of country. Apart from the present day control of the existin

Government or of any Government which may come into power in future the education system must be something which should be away from their clutches. Therefore, for the purpose of preservation of democracy in the country we must not allow the officialdom to control the educational system of the country. Now, in countries where there is no democracy, where some dictators come into power for the time being they try to retard the progress of education in their country, as was done at the time of Hitler or Mussolini; they try to mould the mind of the people of the country to a particular direction, particular channel; they try to set certain ideas and after that try to drag the whole nation to a particular direction. Judging from that point of view the composition of a university becomes more material and in that context if we look to the composition as proposed in clause 8, I would say, it is something which is a negation of democracy, whereby the official circle as well as the representatives of the trade and commerce and other businessmen will have a sway over this university and the real representatives who are educationists will have a lesser voice. In any university only the educationists and the experts in education should be given prominence. If you add up the numbers in the way proposed in clause 8 what will happen? There are certain indeterminate factors in this clause. We are having 11 members from the officialdom, and 7 non-official members, 6 Deans—we do not know what may be the number of Deans at a particular time—at the same time we see that the ex-Vice Chancellors have been included. We do not know how many ex Vive-Chancellors may be living at a particular time. At a particular period we may have 10 or 12 ex Vive-Chancellors living and they will all be members of the University.

[5-50—6 p.m.]

What is after all a Vice-Chancellor? A Vice-Chancellor is a person under this Act appointed by the Chancellor on the advice of the Minister concerned. Therefore, the Vice-Chancellor, whoever he may be, will be merely an official member and nothing else.

Then, Sir, in this case I do not find sufficient representation of the graduates as was just now told by Mr. Banerjee who spoke before me of the University teachers and the college teachers. Therefore this is, in my opinion, a retrograde Bill and it is for the purpose of controlling the affairs of education by the officialdom for the time being and in collaboration with certain Managers of commercial concerns. Sir, about these Managers something has been said. Managers may not be experts in any particular subject; they are experts in the act of management. Three Managers have been taken: one is the General Manager of Hindusthan Steel Private Ltd., Durgapur. Does the Article of Association of this company give the qualifications of its Manager? Does that Article provide that the Manager will be an expert in this subject and does it lay down any such subject, and if that is so, I would ask the Hon'ble Minister to place before the House the Article of Association of this Limited Company. There is also Manager of another Limited Company, Iron & Steel Company Ltd. at Burnpur. These are private companies and we do not know their Managers and we do not know whether the Manager is chosen with sufficient qualifications and the Articles of this company do not contain such qualifications. I would say that the choice of the Manager is not with us but with the Directors of that very company. They are private persons and they choose or appoint their Managers. Now, that very Manager comes to the university as a member as a matter of course. The University or Government or anybody has got no sway over the appointment of these two Managers who come from these bodies.

Then you see how much control of the Government is over it. The Chancellor is a Government member; the Vice-Chancellor is a man appointed by the Government on the advice of the Minister; so he will be practically a Government servant. Secretary of the Department of Education—he is a Government servant; Secretary, Department of Finance—he is a Government servant; Deans of Faculties of the University, if any. I do not know if any Dean will be appointed or is going to be appointed or Deans are going to be set up and at what time. That may remain vacant for a pretty long time. Three Principals of constituent colleges, if any, not being Deans of Faculties of the University, to be appointed by the Chancellor in accordance with the provisions of sub-section (1) of section 9. Then I have already told about the Managers and the Mining Adviser to the Government of India. Sir, this university is going to be set up at the centre of a very rapidly growing industrial town where we have got coal, iron and something else. In this area the University is going to be established and we expect that in future certain Mining Colleges, Metallurgical colleges and other commercial institutions will grow up, but for that purpose it is not incumbent that those persons should come in the University. We shall have in the University best teachers and best talents and they can have their say. Of course, for the purpose of getting professional training or apprenticeship in these factories the University students may be deputed there, but these concerns are mostly Government concerns and a Government concern, I think, must be statutorily bound to give access to the students, teachers or profesors or apprentices in their firms and they will be bound also to appoint the best products of the University and for that purpose the Managers need not be brought in the place of management. That is my general observation with regard to this clause.

Sir, with regard to my amendments these are three in number and I have moved them.

Sir, there is a mistake in the Bill which is printed. If you look to clause 8, sub-clause (1), you will find that there are two sub-clauses (vii) and (vii). In my amendment there may be some confusion caused by the wrong printing of the Bill. In my amendment No. 29 I have said that in clause 8, sub-clause (1) items Nos. (vii) and (ix) be omitted. This (vii) will mean second (vii) and it may be (viii). This gentleman should go out of the management of the University. Then my amendment is with regard to the omission of (ix) i.e., the General Manager, Hindusthan Steel Private Limited. Then in my amendment No. 33 I have said that in clause 8(2), line 2, for the word "to" the word "and" be substituted.

Then, Sir, in my last amendment No. 34 I have said that clause 8(3) be omitted. Sub-section 8(3) says: "As soon as may be after the University has been first established it shall take all necessary steps to enable the persons referred to in clauses (v), (vi) and (xii) of sub-section (1) to join as members of the University". This is a very vague clause. No time-limit is given. There should be a time-limit within which after the establishment of the University these posts should be filled up. Unless a time-limit is given, this 'as soon as may be' is neither directory nor mandatory. Sir, laws are framed for the purpose of execution and in the laws there are two functions—some functions are directory and some are mandatory. This expression 'as soon as may be' is too vague. Therefore, either you should put a time-limit to it, or if you are reluctant, then you should not retain this sub-clause within the body of the section, because this looks like a sermon without any effective value. When there is some doubt as to when this University would be established—in this Act you have not mentioned any particular date for the establishment of the University—under the General Clauses Act the University will come into operation as soon as this

Act will come into force. Of course in clause 5, sub-clause (2) you have fixed an appointed day, but that 'appointed day' is not the day for the establishment of the University, but for affiliating certain colleges to the University. So the University will come into existence as soon as this Bill is published in the Gazette. In clause (3) you say "the first members of the University referred to in sub-section (2) of section 8 and all persons who may hereafter become members of the University". Now sub-section (2) of section 8 contains only some officials, viz., (i) to (iv) Chancellor, Vice-Chancellor, Secretary, Education Department, Secretary, Finance Department. These four officials and three General Managers will for the first time constitute the University

These persons in clauses (i) to (iv) and (vii) to (x) are the first members of the University. However, Sir, all these persons are coming in from the time of the establishment of the University. But, Sir, there is no time-limit as to what will happen next. It says 'As soon as may be after the University has been first established'. It may be 6 months, it may be 1 year. This looks like a sermon—it has got neither any mandatory or advisory capacity.

[6—6-10 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:
মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, এই ৮নং ক্লজ ইউনিভার্সিটি গঠনতন্ত্রের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিভিন্ন সদস্য বলেছেন কাদের নিয়ে এই ইউনিভার্সিটি গঠিত হবে। কিন্তু যাদের এখানে নামোল্লেখ আছে তাঁদের নিয়ে এই ইউনিভার্সিটি গণতন্ত্রসম্মতভাবে চলবে না। উপরন্তু সরকারের স্যাটেলাইট বডি হিসাবে এই ইউনিভার্সিটি গড়ে উঠবে, এসম্পর্কে ডাঃ হীরেন চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত সুবোধ বন্দ্যোপাধ্যায় এবং বসন্ত পাণ্ডে মহাশয় বিশেষ করে বলেছেন। আমি অন্যদিক থেকে বলতে চাই কেন এই গঠনতন্ত্র ডিমক্রেটিক্যালি হতে পারে না। এই ক্লজটা আমি মেনে নিতে রাজী হতাম যদি মন্ত্রী মহাশয় আমাদের বলতেন কি কারণে এবং কি উদ্দেশ্য নিয়ে ৮নং ধারা এইভাবে আমাদের সামনে এনেছেন। স্যার, ক্যালকাটা ইউনিভার্সিটি বিল, ১৯৫১, এই মন্ত্রী মহাশয়ই একদিন বিধান সভায় পাইলট করেছিলেন। তখন মন্ত্রী মহাশয় যতখানি সম্ভব ডেমোক্রেটিক্যালি ক্যালকাটা ইউনিভার্সিটি বিল, ১৯৫১, এনেছিলেন। বিভিন্ন স্বার্থের প্রতিনিধি সেখানে পাঠাবার বন্দোবস্ত করা হয়েছিল—সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল এইরকম যতগুলি সংস্থা আছে তার মধ্যে দিয়ে ক্যালকাটা ইউনিভার্সিটিকে গণতন্ত্রসম্মত উপায়ে চালাবার জন্য এই মন্ত্রিমহাশয়ই একদিন সেই বিলটি এনেছিলেন। তাই আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট কার্যকরী করতে গিয়ে, গণতন্ত্রকে সেখানে চালু করতে গিয়ে তিনি সেখানে কোন বাধা পেয়েছেন, যদি পেয়ে থাকেন, কোন দিক থেকে বাধা পেয়েছেন। এটা যদি তিনি আমাদের কাছে খুলে বলতেন তাহলে বুঝতাম এই ৮নং ক্লজ আমার কি দরকার। তাঁদের শিক্ষানীতির দোষের জন্য নানা দল উপদল আজকে ইউনিভার্সিটিকে কুক্ষীগত করছে—তাই আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই সেসমস্ত বাধা কোথায় এবং কিসের জন্য। আজকে ক্যালকাটা ইউনিভার্সিটিতে গণতন্ত্র চালু হতে পারছে না, সেই অভিজ্ঞতা থেকেই কি তিনি এভাবে এই ৮নং ধারাটা এনেছেন এটা যদি আমাদের বলতেন তাহলেও নাহয় আমরা এটা মেনে নিতে পারতাম। চার বৎসর লেগেছে ক্যালকাটা ইউনিভার্সিটির তিন বৎসরের ডিগ্রি কোর্স চালু করতে, দুই বৎসর লেগেছে তার সিলেবাস তৈরী করতে এবং অ্যাফিলিয়েটেড কলেজগুলিকে নিজেদের অধীনে আনতেও তাকে বাধা পেতে হয়েছে। কিন্তু সে বাধা কি বা কোথায় সে-সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছুই বলেন নি। আমরা জানি যে ক্যালকাটা ইউনিভার্সিটির যে গ্র্যাজুয়েট কেন্দ্র আছে সেটা আজ বেনামদার হয়েছে এবং কিছু লোক টাকা খরচ করে সেখান থেকে নির্বাচিত হচ্ছে, কাজেই ঐ সমস্ত বাধা কোথা থেকে আসছে বা এই সমস্ত দুর্বলতা কিসের জন্য কোলকাতা ইউনিভার্সিটিতে রয়েছে সেগুলি যদি আমাদের কাছে খুলে বলতেন তাহলে এই যে ৮ নম্বর ক্লজ যেভাবে এনেছেন তাকে

মেনে নিতে পারতাম। কিন্তু দুঃখের বিষয় সে সম্বন্ধে তিনি কোন কথাই বলেন নি। দ্বিতীয় কথা হচ্ছে স্যার, আমরা সকলেই জানি যে "চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস"-এর "জেনারেল ম্যানেজার" এবং "ইন্ডিয়ান আয়রন এ্যান্ড স্টিল কোম্পানির"-র "জেনারেল ম্যানেজার" প্রভৃতি ৩।৪ জন লোককে এই ইউনিভার্সিটিতে প্রতিনিধি হিসাবে নেওয়া হয়েছে এবং একটি শিল্প-প্রধান এলেকাতে এই ইউনিভার্সিটি গঠিত হচ্ছে। যদিও একথা সত্য যে জার্মানী, ইংলন্ড প্রভৃতি দেশে শিল্প প্রধান অঞ্চলে ইউনিভার্সিটি গড়ে উঠেছে কিন্তু সেই ইউনিভারসিটি গড়তে গিয়ে সেখানকার যে শিল্প তার সাথে ইউনিভারসিটিতে যে শিক্ষা দেওয়া হয় তার সাথে একটা ইনটিগ্রেসন থাকে সে বিষয়ে লক্ষ্য রাখা হয়। সুতরাং; এখানেও যদি মন্ত্রিমহাশয় সে-রকম একটা ইনটিগ্রেটেড প্ল্যানিং-এর কথা বলতেন তাহলে আমরা বুঝতাম যে এ'দেরও সে-রকম একটা কিছু আছে। তারপর আমি জিজ্ঞাসা করতে চাই যে যাদের নিয়ে এই ইউনিভারসিটি গড়তে যাচ্ছেন তাদের কি শুধু ক্ষমতার অংশ নিতেই রাখা হয়েছে—সেয়ারিং অফ পাওয়ারস এ্যান্ড অথরিটি, না তাদের এরকম কোন প্ল্যান আছে যে ঐ "হিন্দুস্থান স্টিল ওয়ার্কস", "ইন্ডিয়ান আয়রন এ্যান্ড স্টীল কো", "চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস" প্রভৃতি জায়গায় যে ধরণের শিক্ষাপ্রাপ্ত লোক নেওয়া হয় এখানেও সেই ধরণের শিক্ষা দেওয়ার ব্যবস্থা হবে বা তাদের এরকম কোন প্ল্যান আছে যে ঐ সমস্ত এলাকায় যে যে ধরণের যতগুলি লোকের প্রয়োজন হবে ঠিক ততগুলি ছাত্রকে সেইভাবে প্ল্যানিং করে এই ইউনিভারসিটিতে শিক্ষা দেওয়ার ব্যবস্থা হবে। কাজেই এগুলি পরিস্কার করে না বললে আমরা বুঝতে পারছি না যে সরকারের এরকম কোন ইনটিগ্রেটেড প্ল্যানিং আছে কি না। সুতরাং মন্ত্রিমহাশয় যতক্ষণ পর্যন্ত না ঐ ইনটিগ্রেটেড প্ল্যানিং-এর কথা আমাদের বলছেন ততক্ষণ পর্যন্ত আমরা বুঝব যে শুধু ক্ষমতাকে কুক্ষিগত করে রাখার জন্যই তাঁরা এসব করছেন—অন্য কোন উদ্দেশ্য বা ইনটিগ্রেটেড প্ল্যান এ'দের নেই। কাজেই আমি বলব যে শুধু ঐ ৪ জনকে না নিয়ে এর সংগে আরও ২ জনকে নিন এবং যাদের একজন হোল আমাদের এই হাউসের উপরে যিনি ক্যান্টিন পরিচালনা করেন সেই "কে সি দাস"-এর ম্যানেজিং ডিরেক্টর, আরেকজন হোল "বাটা সু কোং"-এর ম্যানেজিং ডিরেক্টর। এ প্রসংগে আমার আর কিছু বলবার নেই তবে সব দেখে শুনে মনে হচ্ছে যে কেবলমাত্র ক্ষমতাকে নিজেদের কুক্ষিগত করে রাখার জনাই ঐসব লোক আপনারা নিচ্ছেন।

[6-10 - 6-20 p.m.]

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that after clause 8(1)(xiii) the following be added, namely:—

"(xiv) five teachers of the Colleges to be elected by the teachers of the Colleges".

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই বিলের ৮নং ধারা যেভাবে আমাদের সামনে উপস্থিত হয়েছে আমি তার তীব্র প্রতিবাদ জানাই এবং সংগে সংগে একথাও বলা দরকার যে মাননীয় সদস্যেরা এই ক্লজ-এর বিভিন্ন দিক দিয়ে আলোচনা করে তাদের বক্তব্য এই হাইস-এর সামনে যখন রেখেছেন তখন এ সম্বন্ধে দীর্ঘ সময় ধরে বল্লে হয়ত রিপিটেশন হয়ে পড়বে। সুতরাং আমার বক্তব্য সম্বন্ধে সংক্ষেপে দু' এক কথা বলেই শেষ করব। এই বিল ড্রাফট্ হয়ে যখন প্রথম বিধান সভার আমাদের সামনে উপস্থিত হলো তখন শিক্ষামন্ত্রী যেভাবে ৮নং ধারা আমাদের সামনে এনেছিলেন পরবর্তী কালে হয়তো আমাদের তরফ থেকে অনেক সংশোধনী প্রস্তাব বা এই হাউস-এর মধ্য থেকে বহু সদস্য সমালোচনা করায় সরকার অন্ততঃ কয়েকজন নির্বাচিত প্রতিনিধি নিতে রাজী হয়েছেন। এ'রা স্থির করেছেন যে তিনজন প্রতিনিধি টিচার্স অফ দি কলেজেস, তাঁরা নির্বাচন করবেন এবং আরও দু'জন গভর্নিং বডি অফ দি কলেজেস এই মোট পাঁচ জন নির্বাচিত প্রতিনিধি থাকবেন। যদিও দেখা যাচ্ছে ইউনিভারসিটি কাউন্সেসন যাদের নিয়ে হয়েছে কম করেও তাদের সংখ্যা প্রায় ১৮।১৯ জনে গিয়ে দাঁড়াচ্ছে। কাজেই বিধান সভার সামনে নূতন করে যে সংশোধনী এল তাকে নীতিগত দিক থেকে সমর্থন করলেও এ কথা পরিস্কাররূপে জানা দরকার যে আমাদের বিরোধীপক্ষের তরফ থেকে যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছিলাম তার মূল লক্ষ্য ছিল যে ঐ ইউনিভারসিটিতে নির্বাচিত প্রতিনিধিদের যেন সংখ্যাধিক্য থাকে। কেন না ইউনিভারসিটি-র গভর্নিং বডিতে যদি বিভিন্ন

কলেজের গভর্নিং বডি, টিচার্স বা এডুকেশনাল এক্সপার্টদের নির্বাচিত প্রতিনিধির সংখ্যাধিক্য না থাকে তাহলে আমলাতন্ত্র এই ইউনিভারসিটিকে কুক্ষিগত করে এর শিক্ষাব্যবস্থার মধ্যে অনেক গলদ এবং ত্রুটি-বিচ্যুতি এনে দিতে সক্ষম হবে। তবে মন্ত্রিমহাশয় যদি ডিমোক্রাটিজেসন স্বীকার করে নিতেন তাহলে এ জিনিস হতে পারত না। তবে যদিও বিরোধীপক্ষের সমালোচনায় পড়েই হোক বা তাঁর শুভবুদ্ধির উপর হয়েছে বলেই হোক ৫ জন নির্বাচিত প্রতিনিধি নিয়েছেন তবুও আমার সমালোচনার মূল বক্তব্য হোল যে অধিকাংশ নির্বাচিত সদস্যকেই ফ্রি ফ্রম অফিসিয়াল কন্ট্রোল রাখা উচিত এবং যাদের মুক্ত মন ও স্বাধীন চিন্তাধারা আছে তাদের অধিকাংশ লোক নিয়ে এই ইউনিভারসিটি গঠন করা উচিত ছিল। কিন্তু তা হয়নি দেখে আমি শিক্ষাব্যবস্থার মধ্যে এই অফিসিয়াল কন্ট্রোল-এর তীব্র প্রতিবাদ জানাই। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে ১৯৫৫ সালে যখন যাদবপুর ইউনিভারসিটি বিল এখানে এসেছিল তখন অনেক সদস্য এ ধরণের অফিসিয়াল কন্ট্রোল-এর বিরুদ্ধে তাদের বক্তব্য রেখেছিলেন কিন্তু তা সত্ত্বেও সেই বিল পাশ হয়েছে। আমার কথা হোল যে তা পাশ হলেও সেই বিলকে এবং বর্ধমান ইউনিভারসিটি বিলকে যেন আমরা একই পর্যায়ে না দেখি। কেননা সেখানে রেসিডেনসিয়াল এ্যান্ড টেকনোলজিক্যাল এডুকেশন দেবার ব্যবস্থা হয়েছে আর বর্ধমান ইউনিভার্সিটিতে এ্যাফিলিয়েটিং এ্যান্ড টিচিং এই দুটির সুযোগ দেওয়া হয়েছে এবং একটা বৃহত্তর এলেকায় এডুকেশন মোল্ড করার যে সুযোগ এই বর্ধমান ইউনিভারসিটির মধ্যে আছে যাদবপুর ইউনিভারসিটির সেই সুযোগ নেই। একটা কথা হোল যে ইউনিভারসিটিতে গণতান্ত্রিক ব্যবস্থা চালু করার প্রয়োজনীয়তা অন্যান্য জায়গা থেকে বাংলাদেশে অনেক বেশী। সমস্ত ভারতবর্ষে বোধ হয় টিচিং এ্যান্ড এ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটির সংখ্যা প্রায় ১৯টি এবং আমাদের পশ্চিম বাংলায় একে নিয়ে যদিও ৪টি বিশ্ববিদ্যালয় আছে তাহলেও ঐ টিচিং এ্যান্ড এ্যাফিলিয়েটিং ইউনিভারসিটির সংখ্যা একে নিয়ে হোল দুটি। এখন কথা হোল যে আমরা যখন একটা গণতান্ত্রিক সেট-আপ-এর মধ্য দিয়ে ভারতবর্ষকে পরিচালনা করবার চেষ্টা করছি তখন যদি আমরা ডিমোক্রাটিজেশন এর বিরুদ্ধে দাঁড়াই তাহলে গণতান্ত্রিক চেতনার ফুটহোল্ড যে এডুকেশন সেটা নষ্ট হয়ে যাবে। আমরা এটা সমর্থন করি যে এডুকেশন সেন্ট্রালাইজড্ না হয়ে ডিসেন্ট্রালাইজড্ হোক এবং ইউনিভারসিটির সংখ্যা বাড়ুক। কিন্তু ডিসেন্ট্রালাইজেশন এর সঙ্গে সঙ্গে যদি আমরা ডিমক্রেটিজেশনকে অস্বীকার করি তাহলে ডিসেন্ট্রালাইজেশন এর যে মুখ্য উদ্দেশ্য বা প্রয়োজনীয়তা তা ব্যর্থ হয়ে যাবে ব্যাফল্ড হয়ে যাবে এই নন ডিমোক্রেটিজেশন-এর জন্য। কাজেই শিক্ষামন্ত্রী মহাশয় এই ক্লজ-কে যেভাবে বিধান সভার সামনে উপস্থিত করেছেন তাতে একজন গণতান্ত্রিক চেতনাসম্পন্ন সদস্য হিসেবে এবং বাংলাদেশের চেতনা সমৃদ্ধ মানুষের তরফ থেকে আমি অন্যান্য সদস্যদের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে এই বিলের তীব্র বিরোধীতা করি এবং আশাকরি আমাদের তরফ থেকে যে সমস্ত এ্যামেন্ডমেন্ট করা হয়েছে শিক্ষামন্ত্রী আমলাতান্ত্রিক প্রভাবের বাইরে এসে, মুক্ত মণ নিয়ে চিন্তা করে সেগুলি গ্রহণ করবেন এবং যে ইউনিভারসিটি করতে যাচ্ছেন সেখানে যদি সত্যিকারের শিক্ষাব্যবস্থা প্রবর্তন করতে চান তাহলে সেখানে ডিসেন্ট্রালাইজেশন এবং ডিমোক্রেটিজেশন-এর ব্যবস্থা করুন।

Shri Phakir Chandra Roy: Sir, I beg to move that after clause 8(1)(vi), the following be added, namely:—

"(via) one of the General Managers, Chittaranjan Locomotive Works, Indian Iron and Steel Company Ltd., Burnpur, Hindusthan Steel Private Ltd. by rotation;"

Sir, I also beg to move that in clause 8(1), item (vii) be omitted.

Sir, I also beg to move that item (viii) of clause 8(1) be omitted.

Sir, I also beg to move that in clause 8(1), item (ix) be omitted.

Sir, I also beg to move that in clause 8(1)(xiii), in line 1, after the word "persons" the words "with academic distinction" be inserted.

[6-20—6-30 p.m.]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, বর্ধমান ইউনিভারসিটি বিলে আমার দুটি এ্যামেন্ডমেন্ট আছে। দুর্গাপুর, চিত্তরঞ্জন, বার্নপুর সবই বর্ধমানে অবস্থিত। কাজেই বিলে যখন টেক্‌নোলজিক্যাল এডুকেশন-এর ফেসিলিটি দেওয়া হবে বলে বলা হচ্ছে তখন চিত্তরঞ্জন, দুর্গাপুর এবং বার্নপুর এ্যাসোসিয়েটেড থাকাটা অসংগত নয় কিন্তু একই সংগে দুর্গাপুর, চিত্তরঞ্জন এবং বার্নপুরে এই তিনটা রাখার কি অর্থ তা আমি ধরতে পারছি না—এই তিনটা এক সংগে রাখার প্রয়োজন নেই, বাই রোটেশন একবার দুর্গাপুর, একবার চিত্তরঞ্জন, একবার বার্নপুরকে যদি স্থান দেওয়া হয় তাহলে আমার মনে হয় টেক্‌নোলজিক্যাল এডুকেশন-এর ফেসিলিটি দেবার যে উদ্দেশ্য তা সিদ্ধ হতে পারে। দ্বিতীয় কথা, বার্ডওয়ান ইউনিভারসিটিতে শুধু টেক্‌নোলজিক্যাল এডুকেশন-এর ব্যবস্থা থাকবে না, হিউম্যানিটিজ এবং সায়েন্স এই শিক্ষা দেবার ব্যবস্থা থাকবে। কিন্ত যেখানে হিউম্যানিটিজ এ্যান্ড সায়েন্স এই দুই শিক্ষা দেবার ব্যবস্থা থাকবে সেখানে ইউনিভারসিটির গভর্নিং বডিতে হাই একাডেমিক ডিস্টিংসন-এর লোক থাকা চাই। এখানে বলা হচ্ছে ৩ জন লোক থাকবেন যাঁরা ইউনিভারসিটি এডুকেশন সম্পর্কে ইন্টারেস্টেড থাকবেন কিংবা যাদের টেক্‌নোলজিক্যাল এক্সপিরিয়েন্স থাকবে। একজন লোক এমন হতে পারে তার ইউনিভারসিটি এডুকেশন সম্বন্ধে ইন্টারেস্ট থাকতে পারে কিন্তু কোন রকম এ্যাকাডেমিক ডিস্টিংসন নাও থাকতে পারে, আবার টেকনোলজিক্যাল এডুকেশন থাকতে পারে কিন্তু কোন প্রকার এ্যাকাডেমিক ডিস্টিংশন নাও থাকতে পারে—এই অবস্থাতে যখন হিউম্যানিটিজ এ্যান্ড সায়েন্স দুই-ই শিক্ষা দেবার ব্যবস্থার কথা বলা হচ্ছে তখন আমার মনে হয় এই তিনজন লোক এরকম হওয়া উচিত যাদের হাই এ্যাকাডেমিক ডিস্টিংসন আছে এবং এই রকম লোককে যদি নেওয়া হয় তাহলে বার্ডোয়ান ইউনিভারসিটি বিল-এ যে সায়েন্স এবং হিউম্যানিটিজ এই দুই শিক্ষা দেবার কথা বলা আছে সেই উদ্দেশ্য সিদ্ধ হতে পারে।

Shri Ajit Kumar Ganguli: Sir, I beg to move that in clause 8(1), items (vii), (viii), (ix) and (x) be omitted.

Sir, I also beg to move that in clause 8(1)(xiii), line 1, for the word "three" the word "seven" be substituted.

Sir, I also beg to move that clause 8(5) be omitted.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনি বিলটা নিশ্চয়ই ভাল করে দেখেছেন। আমার এ্যামেন্ডমেন্ট যদি দেখেন তাহলে দেখবেন যে এক জায়গায় সকলের কাছে যা গ্লানিকর বলে মনে হয়েছে আমার কাছে স্বাভাবিকভাবে সেটা হয়েছে। কারণ ক্লজ (৮)(১), আইটেমস্ (৭), (৮), (৯) এবং (১০) সব মিলিয়ে যদি দেখেন এবং আইটেমস (১১) যদি দেখেন, তাহলে দেখবেন যে শিক্ষামন্ত্রী মহাশয় হয় বিলটা একটু চোখ খুলে দেখেন নি অথবা আমাদের দেশে যে সর্বোচ্চ শিক্ষাপীঠ, বিদ্যাপীঠ আছে তার সর্বনাশ ডেকে আনবার জন্য সচেতনভাবে চেষ্টা করছেন। (১৩) দেখবেন, সেখানে আছে

three persons having special interest in University or Technological education to be appointed by the Chancellor

এখানে যদি স্পেশিয়াল ইন্টারেস্ট ইন ইউনিভার্সিটি অর টেকনিক্যাল এডুকেশন থাকে তাহলে এই চারটি রকমকে তারা কি বিবেচনায় নিয়ে এলেন? যদি তিনি স্পষ্ট করে বলেন তাহলে তার বলা উচিত যে আমরা শিক্ষার ক্ষেত্রে, কোন ক্ষেত্রে গণতন্ত্রকে প্রসারিত হতে দিতে চাই না। আমার কাছে যে খবর আছে, তা থেকে আমরা জানি যে এই বিল ড্রাফটিং করার আগে একজন মহাপ্রভু তিনি বসে ঠিক করেছেন যে কোনরকম শিক্ষাবিদরা এসে তাদের বুদ্ধি বিবেচনা এখানে দেবেন তার সুযোগ করতে দেবেন না। এখানে প্রশ্নটা এই যে এদের এই ৪ জনকে কি বিবেচনায় নিতে চলেছেন শিক্ষামন্ত্রী মহাশয় তার ব্যাখ্যা করেন নি। সুবোধবাবু স্পষ্ট বলেছেন—

they are administrators. They are not educationists. How can they be there? What purpose they will serve there nobody can understand?

নিশ্চয়ই আপনি এটা পরিষ্কার করবার চেষ্টা করবেন। সেজন্য আমি ঐ ৪টি রুলকে বিল্ডিত করতে চেয়েছি এবং এখানে যে ৩ জনের কথা আছে সেটা আমি ৭ জন করতে বলেছি—আরো বেশী আশা উচিত।

Persons having special interest in University or Technological education তাদের আরো বেশী ইউনিভারসিটিতে—কমিটির মধ্যে আনা দরকার যদি শিক্ষাকে প্রসারিত করতে চান। আর যদি আপনার ডিপার্টমেন্টের অন্তর্ভুক্ত করতে চান তাহলে স্পষ্ট বলুন, য়্যাপেনডেজ হিসাবে ডিরেক্টরেটে রাখতে পারেন। কেহ সেখানে বাধা দেবে না। তবে সমস্ত আলোচনার পরে জগন্নাথবাবু খানিকটা দৃষ্টি ফেরাবার চেষ্টা করেছেন। আমি তাঁর কাছে অনুরোধ করবো এটা একটু ভাবুন যে কি কাজের জন্য এঁদের এখানে আনতে চাচ্ছেন। আমার মনে হয় যে এত আলোচনার পর ওটা উনি বাদ দিয়ে দেবেন, দিয়ে ওখানে অন্তত মিনিমাম ৭ জন করার চেষ্টা করবেন। ঐ সাথে আমার আর একটা য়্যামেন্ডমেন্ট আছে ক্লজ ৮(৫)-এর উপর। এখানে বলা আছে থ্রি প্রিন্সিপ্যালস এখানে কনস্টিটিউয়েন্ট এবং য়্যাফিলিয়েটেড কলেজের কথা বলা হয়েছে। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে তিনি কি মনে করেন আমরা এখানে কতকগুলি বুদ্ধুর দল বসে আছি? একবার বলছেন সিনিয়ারিটি, আর একবার বলছেন কলেজের হিসাবে গভর্নমেন্ট কলেজ, স্পনসোর্ড কলেজ য়্যান্ড আদার কলেজেস। আপনার তো গভর্নমেন্ট কলেজ নেই—একটা গভর্নমেন্ট কলেজ করলেন প্রিন্সিপ্যালের এক বছরের এক্সপেরিয়েন্স, ওনলি ওয়ান ইয়ার্স এক্সপিরিয়েন্স, আর অন্য যে য়্যাফিলিয়েটেড কলেজগুলি আছে তাতে কিছু প্রিন্সিপ্যাল আছে যাদের এক্সপিরিয়েন্স ১৮।১৫।২০ বছরের আর স্পনসোর্ড কলেজের ২ বছরের এক্সপিরিয়েন্স—কিভাবে সিনিয়ারিটি হচ্ছে? ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের কি হিসাববোধ একেবারে নেই? একবার বড় গলায় বল্লেন সিনিয়ার, তাদের এতদিন করে অভিজ্ঞতা সঞ্চিত জ্ঞান—এই সব ইতিহাস যোটালেন, ঘনিয়ে একটা গভর্নমেন্ট কলেজ করে সেখানকার প্রিন্সিপ্যাল নিয়ে এলেন যার হয় তো দুবছরের এক্সপিরিয়েন্সও নেই, তিনি একটা কলেজের একটা রত্ন—আর দুটো কলেজের একটা রত্ন সিনিয়ার আর একজন ২৫টা কলেজে থেকে দীর্ঘদিনের অভিজ্ঞতা-সম্পন্ন তাতে সিনিয়ার কি হবে? সেজন্য আমি বলতে চাই যে ঐ সেকসনটা তুলে দিতে হবে এই আমার য়্যামেন্ডমেন্ট। এখানে এত আলোচনার পরে একটা জিনিস এর থেকে বেরিয়েছে যেটা আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাতে চাই। যে এই ক্লজটাকে আপাততঃ তুলে দিয়ে—শ্রদ্ধেয় হীরেণবাবু যেকথা বলেছেন ঢেলে সাজাতে হবে। এই রকম টুকরা টুকরা করলে পর এটাকে বৈশিষ্টপূর্ণ করতে পারবেন না। সেদিক দিয়ে আমি বলতে চাই যে এই হোল তা যদি তিনি কানে নিয়ে থাকেন—অবশ্য উনি ঐ সর্তে গিয়ে উপদেশ নেবার চেষ্টা করছেন, আমাদের কথাগুলি শোনার বোধহয় প্রয়োজনীয়তা বোধ করছেন না আমাদের একটা কথা আছে "পুরুতে মন্ত্র পড়ে আর কোন জীব ইয়ে শোনে" সেই অবস্থা হয়েছে, আমি বলবো আমাদের কথাগুলি যদি উনি কানে নিয়ে থাকেন তাহলে এগুলি সম্বন্ধে উনি যেন একটু বিবেচনা করেন—এই আমার অনুরোধ।

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ৮ নম্বর ধারা আলোচনায় ইতিপূর্বে যে সমস্ত বক্তারা বলেছেন, তাতে দেখা যাচ্ছে, তাঁদের বক্তৃতার ভিতর দিয়ে এ পর্যন্ত এই জিনিসটাই পরিষ্কার হয়ে উঠেছে যে এই ৮ নম্বর ধারাটা সম্পূর্ণরূপে বর্ধমান ইউনিভারসিটিকে কুক্ষিগত করে রাখবার ব্যবস্থা হচ্ছে। মিঃ ডেপুটী স্পীকার স্যার, আমি কিছু কিছু শিক্ষা সম্পর্কিত বিষয়ে যাঁরা চিন্তা করেন বা গবেষণা করেন বা কলিকাতা ইউনিভারসিটির সঙ্গে জড়িত রয়েছেন তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি তাঁদের সম্পূর্ণ ধারণা বর্ধমান ইউনিভারসিটি বিল যেটা আনা হয়েছে, এটা কার্যত গভর্নমেন্টের এডুকেশন মেকিং মেশিন-এর মত। ঠিক যেন একটা ফ্যাক্টরী তৈরী করবার পরিকল্পনা নিয়ে এসেছেন। এর মধ্যে বিভিন্ন শিল্পের প্রতিনিধি বা ম্যানেজারদের যেভাবে আনা হচ্ছে তাতে স্বভাবতই আমাদের মনে এই রকম ধারণা হয়—তাঁদের শিক্ষা সম্পর্কিত বিষয়ে যতখানি জ্ঞান থাকুক বা না থাকুক, তাঁরা ফ্যাক্টরীকে যেভাবে কন্ট্রোল করেন, ফ্যাক্টরীর মধ্যে শ্রমিকদের বিভিন্ন দাবীদাওয়া বা অধিকার সম্পর্কিত যে যে সমস্ত

প্রশ্ন, সেগুলি চেপে রাখবার যে বিশেষ পদ্ধতি তাঁরা অনুসরণ করেন, সেই পদ্ধতি কিভাবে ইউনিভারসিটির শিক্ষাক্ষেত্রে প্রয়োগ করতে পারেন তারই ট্রেনিং-এর জন্য যেন এখানে ব্যবস্থা করা হচ্ছে। যাই হোক, এই ক্লজ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই ধারাটা সম্পূর্ণরূপে পরিবর্তন করবার দাবী আজকে কেবল বিরোধী পক্ষের দিক থেকেই নয়, এমন কি সরকার পক্ষ থেকেই হয়েছে। যাঁরা প্রকৃত ইউনিভারসিটি বিল কামনা করেন বা বর্ধমানে ইউনিভারসিটি হোক চান, তাঁদের মনেও এই ধারণা রয়েছে, সে-বিষয় কোন সন্দেহ নেই। সেই জন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই ধারাটাকে সম্পূর্ণভাবে পরিবর্তন করে গণতান্ত্রিক পদ্ধতিতে যাতে রচিত হয় এবং রিপ্রেজেনটেটিভ নির্বাচনের ব্যাপারে এডুকেশনিস্ট যারা, এবং টিচার্স, প্রিন্সিপ্যালস ও অধ্যাপকদের মধ্যে থেকে প্রকৃত প্রতিনিধি এনে এটা করতে পারেন তার ব্যবস্থা করা উচিত ছিল। এতে আতঙ্কিত হবার কারণ নেই। কারণ ক্যালকাটা ইউনিভার্সিটিতে যেমন বডি সিনেট আছে এবং সেটা থাকার জন্য সমস্ত বিষয় বিশেষভাবে আলোচনা করা যেতে পারে—এখানেও সেই বডিকে সিনেট-এর মত ব্রড করা দরকার; যাতে সমস্ত বিষয়গুলি ভালভাবে হতে পারে। আসলে, এখানে তাঁরা এক্‌জেকিউটিভ কাউন্সিল তৈরী করতে পারবেন না। সুতরাং সিনেট ও সিন্ডিকেট-এর মত তাঁরা পাওয়ার নিয়ে রুলস করে নিতে পারেন। সুতরাং আমি মনে করি এতে আতঙ্কিত হবার কিছু নেই এবং আপত্তি করবারও কিছু কারণ নেই। সেইজন্য আমি অনুরোধ করবো শিক্ষামন্ত্রী মহাশয়কে যাতে এই ধারাটা সম্পূর্ণভাবে পরিবর্তিত করে গণতান্ত্রিক পদ্ধতিতে রচনা করা যায় তার ব্যবস্থা করা হোক।

Dr. Jnanendra Nath Majumdar:

Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chobey, Sj. Narayan
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Halder, Sj. Ramanuj
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Halder, Sj. Renupada
Jamai, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hazra, Sj. Monoranjan
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid

Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Prasad, Sj. Rama Shankar
Roy, Sj. Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sen, Sj. Deben
Sen, Sjta. Manikuntala
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—114.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Banerji, The Hon'ble Sankardas
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Gokul Behari
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjta. Anjali
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Bhikari
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Platel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Hoque, Janab Md.

The Ayes being 56 and the Noes 114, the motions were lost.

The question that clause 8 as amended do stand part of the Bill was then put and a division taken with the following result:

AYES—116.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Banerji, The Hon'ble Sankardas
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Ananga Mohan
Das Sj. Gokul Behari
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dev, Sj. Haridas
Dev Sj. Kanai Lal
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Pancharan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sita. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Hafizur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sita. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Khan, Sjta. Anjali
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Dhar, Sj. Dhirendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majumder, Sj. Jagannath
Mondal, Sj. Suhrid
Mondal, Sj. Umesh Chandra
Mazruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammed Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Bhikari
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Naskar, Sj Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Platel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Saroiendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Talukdar, Sj. Bhawani Prasanna
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad

NOES—55.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Kazem Ali Meerza, Janab Syed
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chobey, Sj. Narayan
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sunil

Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hazra, Sj. Monoranjan
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Mahato, Sj. Bhim Chandra
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mukhopadhyay, Sj. Sankar
Mullick Chowdhury, Sj. Suhrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Prasad, Sj. Rama Shankar
Roy, Sj. Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sen, Sj. Deben
Sen, Sjta. Manikuntala
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

The Ayes being 116 and the Noes 55, the motion was carried.

Adjournment.

The House was then adjourned at 7-15 p.m. till 3 p.m. on Thursday, the 3rd December 1959, at the Assembly House, Calcutta

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 3rd December, 1959, at 3 p.m.

Present:

The Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 209 Members.

[3—3-10 p.m.]

*59 (for further supplementaries only).

Dr. Abu Asad Md. Obaidul Ghani: From yesterday's supplementary questions and answers, it occurs to me that perhaps there is a printing mistake in reply (b) of the Hon'ble Minister and I hope the Hon'ble Minister will kindly confirm that what I am suggesting is correct. I think the reply ought to be as follows:

> "(b) The Excise staff have been keeping close watch over these areas and trying to combat the problem in close co-operation with the manufacturers of illicit liquor."

The Hon'ble Prafulla Chandra Sen: It is not for him to correct the answer of the Hon'ble Minister.

Shri Narayan Chobey:

এটা কি ঠিক, আইনে কি এরকম কিছু আছে যদি কোন জায়গায় চার বোতলের কম মদ রাখা যায় তাহলে তাকে ধরা যায় না ?

The Hon'ble Syama Prasad Barman:

আমাদের চার বোতলের লিমিট আছে, এই যে লিমিট অব পজেশন এটা not for sale but for consumption.

Shri Narayan Chobey:

বিদেশী মদের কি কোন লিমিট নাই ?

The Hon'ble Syama Prasad Barman:

না কোন লিমিট নাই।

Shri Narayan Chobey:

এই যে লিমিটলেশ উইদাউট লাইসেন্স—আইনে ফাঁক রয়েছে যার ফলে অনেক সময় পুলিস ইচ্ছা করলেও ধরতে পারে না, এই আইনটা পরিবর্তন করার জন্য ভাবছেন কি না ?

Mr. Deputy Speaker: That question does not arise.

Shri Narayan Chobey: Sir, my question arises from the reply given to my questions previously.

এটা লিমিট করে দেবার সম্বন্ধে ভাবছেন কি না ?

The Hon'ble Syama Prasad Barman:

কনসিডার করছি।

Sj. Saroj Roy:

কালকে হাওড়া সম্পর্কে ম্যানুফ্যাকচারার অব ইললিসিট কান্ট্রি লিকার সম্বন্ধে যে উত্তর দিয়েছেন তাতে বলেছেন ১৯৫৭ সালে সাসাটাঙ্গা হয়েছে তাহলেও ১৯৫৮ সালে বেড়েছে। আমার প্রশ্ন হ'ল খুব একটা কড়া নজর রাখা হয়েছে এবং এগুলি বন্ধ করার জন্য খুব চেস্টা করার জন্য খুব চেস্টা করা হয়েছে, তাহলেও ক্রাইমএর সংখ্যা বেড়েছে—পুলিসের ক্লোজ কো-অপারেশন সত্ত্বেও এটা কি করে হল।

The Hon'ble Syama Prasad Barman:

আপনার প্রশ্নটা বুঝতে পারলাম না।

Sj. Saroj Roy:

আপনি বলেছেন যে ১৯৫৭ সালের চেয়ে ১৯৫৮ সালে ইললিসিট লিকারএর কনভিকশনএর সংখ্যা বেড়েছে। এবং ক্লোজ ওয়াচ রাখা হচ্ছে পুলিসের সঙ্গে ক্লোজ কো-অপারেশন করে। তাহলে আমার প্রশ্ন হচ্ছে যে এই কড়া নজর রাখার পরেও কেন কনভিকশনএর সংখ্যা বাড়ছে?

The Hon'ble Syama Prasad Barman:

আমরা বেশী রেইড করছি বলে এই সংখ্যা বেড়ে যাচ্ছে, এর ফলে রেভেনিউ বাড়ছে এবং কনজামশনও বাড়ছে। এই রেইড করে বেশী কেস ধরার জন্য আমাদের কনজামশন ফিগার বেড়েছে।

Sj. Pramatha Ranjan Thakur:

বিলাতী মদ কত বোতল রাখতে পারে এবং কতদিন রাখতে পারে?

The Hon'ble Syama Prasad Barman:

এর উত্তর আগেই দিয়েছি।

Sj. Niranjan Sengupta:

মন্ত্রী মহাশয় জবাব দেবার সময় বলেছেন যে অবস্থার কিছু উন্নতি হয়েছে। হাওড়ার ব্যাপারে আমি জানতে চাই অবস্থার উন্নতি হয়েছে এটা আপনি কি দেখে বললেন?

The Hon'ble Syama Prasad Barman:

ইললিসিট ডিস্টিলেশন যে পরিমাণে হোত তা কমেছে আমাদের রেইড করার জন্য এবং এই ইললিসিট ডিস্টিলেশন কমার জন্য আমাদের কনজামশন বেড়েছে।

Sj. Nepal Ray:

এই ইললিসিট লিকার যারা করে তাদের ম্যাক্সিমাম পানিশমেন্ট এই আইনের বলে কি দেওয়া যায়?

The Hon'ble Syama Prasad Barman:

ট্রাইং ম্যাজিস্ট্রেট ম্যাক্সিমাম পানিশমেন্ট ৬ মাস জেল দিতে পারেন, আর এক হাজার টাকা ফাইন করতে পারেন।

Sj. Nepal Ray:

এই অল্প ফাইন হবার দরুন কলকাতায় প্রতিটা পানের দোকানে এই ইললিসিট লিকার বিক্রয় হয় যার জন্য রেভিনিউ কমে যাচ্ছে। এই ইললিসিট লিকার যদি বলিষ্ঠ হাতে বন্ধ করতে পারেন তাহলে এখানে যে রেভেনিউ পাচ্ছেন তার চারগুণ বেশী পাবেন।

(No reply)

Sj. Niranjan Sengupta:

আপনি বলেছেন যে, হাওড়ায় ইললিসিট ডিস্টিলেশন-এর নম্বার কমেছে। এটার আপনার কাগজপত্রে কি প্রমাণ আছে?

you say it is decreasing. May I know how is it decreasing

The Hon'ble Syama Prasad Barman:

কাগজপত্র দেখেই বলেছি। তা ছাড়া আমাদের কনজামশনও বেড়েছে।

Sj. Saroj Roy:

আপনি বলেছেন গভর্নমেন্ট থেকে প্রচেষ্টা চলছে ইললিসিট লিকার বন্ধ করার জন্য। কথা হচ্ছে ইললিসিট লিকার তৈরি করা বন্ধ করতে চান, না ইললিসিট লিকার বন্ধ করতে চান?

Mr. Deputy Speaker: That is a matter of opinion. You cannot ask for information.

Sj. Saroj Roy:

প্রশ্ন হল, গভর্নমেন্ট থেকে ইললিসিটি লিকার তৈরি করা বন্ধ করার প্রচেষ্টা চলছে। যারা তৈরী করে তাদের ধরার প্রচেষ্টা চলছে কি না?

The Hon'ble Syama Prasad Barman:

যারা করছে তাদের ধরা হচ্ছে এবং তারা যাতে আর না করতে পারে তার জন্য তাদের যন্ত্রপাতি ডেস্ট্রয় করা হয়।

[3-10—3-20 p.m.]

Sj. Nepal Ray:

আপনি এই আইনটাকে অ্যামেন্ড করবেন কী না, যাতে করে বেশী পানিশমেন্ট দিলে এই সব জিনিস প্রিভেন্ট হয়?

The Hon'ble Syama Prasad Barman:

আমরা অ্যামেন্ড করবার জন্য কনসিডার করছি।

Sj. Monoranjan Hazra:

এই আবগারী অফিসারদের কেসও ধরতে হয় আবার আদালতে গিয়ে কেস পরিচালনা করতে হয় এজন্য তাদের ভয়ানক খাটুনি যার জন্য আসামীরা এসকেপ করে যায়—এটা জানেন কি?

Mr. Deputy Speaker: That question does not arise.

Sj. Monoranjan Hazra:

আবগারী বিভাগ থেকে যখন বেআইনী মদচোলাই ধরতে যায় থানা থেকে আগেই তাদের সাবধান করে দেওয়া, থানার সঙ্গে তাদের এই রকম ক্লোজ কো-অপারেশন আছে, এটা আপনি জানেন কি?

The Hon'ble Syama Prasad Barman:

না, আমি জানি না।

Sj. Ramanuj Halder:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এইগুলি বন্ধ করবার জন্য বিভাগীয় [illegible] ট্রাক বা গাড়ী সাহায্য করা হয় কি না? ধরিং কাজ করবার জন্য?

The Hon'ble Syama Prasad Barman:

আমাদের একসাইজ ডাইরেকটোরেটএ ট্রাক আছে এবং রিসেন্টলি মটর ভেহিকিলস এ [illegible] ফর হাওড়া অ্যান্ড বালি আছে।

Sj. Ajit Kumar Ganguli:

আমি জিজ্ঞাসা করছি যে খাতে এত ধরা পড়ল কনভিকশন এত কম হল কেন?

The Hon'ble Syama Prasad Barman:

এর উত্তর আমি আগেই দিয়েছি।

Sj. Nepal Ray:
চন্দননগর থেকে লরী করে দিনের পর দিন যে এত মদ আসছে সেটা বন্ধ করবার জন্য ব্যবস্থা করেছেন কি না?

Mr. Deputy Speaker:
এ প্রশ্ন এখানে উঠে না।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Number of cases under Hindu Marriage Act pending in Midnapore Court

***80.** (Admitted question No. *2053.) **Shri NATENDRA NATH DAS:** Will the Hon'ble Minister in charge of the Law (Judicial) Department be pleased to state—

(*a*) how many cases under the Hindu Marriage Act are pending in the District Judge's Court at Midnapore on the last day of June, 1958;

(*b*) how many such cases were filed and how many have been disposed of since the Act came into force; and

(*c*) how many divorce cases have been filed by the Hindus in the District Judge's Court at Midnapore after the Act came into force?

The Minister for Law (The Hon'ble ISWAR DAS JALAN): (*a*) One hundred and three cases on 8th July, 1958.

(*b*)—

Number of cases filed—267.

Number of cases disposed of—164.

(*c*) One hundred and fifty-six.

Sj. Natendra Nath Das:

কোন মহকুমায় কত কেস আছে কি? সাবডিভিশনওয়াইজ কোন ফিগার দিতে পারবেন?

The Hon'ble Iswar Das Jalan: You have asked for Midnapore and I am giving you the figures for Midnapore.

Sj. Natendra Nath Das:

যে ফিগার আপনি দিয়ে রেস্টিটিউশন অব কনজুগাল রাইটস তার কোন আলাদা ফিগার আপনার কাছে আছে?

The Hon'ble Iswar Das Jalan: All cases under the Civil Marriage Act are covered by these figures.

Sj. Natendra Nath Das:

মন্ত্রী মহাশয় অবগত আছেন কী আগে মহকুমা আদালতে মুন্সেফ কোর্টে এই রেসটিকশন অব কনজুগাল রাইটস এবং ভয়েড ম্যারেজ এই সব কেস হত কিন্তু হিন্দু ম্যারেজ অ্যাক্ট পাশ হবার পর এখন শুধু ডিস্ট্রিক্ট কোর্টএ হয় কিন্তু বর্তমানে সেকশন ৩(বি)তে স্টেট গভর্নমেন্ট ইচ্ছা করলেই সেই ক্ষমতা সাবডিভিশনাল কোর্টএর জুরিসডিকশনএ দিতে পারেন। এটা মন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখবেন কি?

The Hon'ble Iswar Das Jalan: I want notice for such a question.

Sj. Ramanuj Halder:

আপনি বলেছেন প্রশ্নের জবাবে অন দি এইটথ্ জুলাই এই ডিফারেন্সটা কেন?

The Hon'ble Iswar Das Jalan: What is the harm if figures up to that time is supplied?

Shri Natendra Nath Das: Sir, section 3(b) of the Hindu Marriage Act says "District Court means in any area for which there is City Civil Court, that court, and in any other area the principal court of civil jurisdiction and includes any other civil court which may be specified by the State Government by notification in the Official Gazette as having jurisdiction in respect of the matters dealt with in this Act".

Mr. Deputy Speaker:
Mr. Das that is an interpretation of Law
ওসবের দিকে না গিয়ে আপনি স্ট্রেট কোয়েশ্চেন করুন।

Sj. Natendra Nath Das:

অফিসিয়াল গেজেট নোটিফিকেশনএর ব্যবস্থা করে এই ক্ষমতা মুনসেফ কোর্টকে দেবার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have answered the question which was asked. I cannot answer a hypothetical question.

Shri Mihirlal Chatterjee:
মন্ত্রীমহাশয় জানাবেন কি—
Subdivisional Munsiff's Court এ Hindu Marriage Act Case
হয় কি না?

The Hon'ble Iswar Das Jalan: I do not think Munsiff's Court is entitled to have cases under Hindu Marriage Act. I do not know exactly.

Shri Mihirlal Chatterjee:

যদি হয় তাহলে মুনসিফ কোর্টকে এই ক্ষমতা দেবার কথা বিবেচনা কোরবেন কি না?

The Hon'ble Iswar Das Jalan: That is a matter of policy. We cannot decide it on a question.

Shri Mihirlal Chatterjee: What is the policy of the Government in this respect?

The Hon'ble Iswar Das Jalan: That question does not arise out of this.

Improvement of Kusumgram-Sumaspur and Manteswar-Maldanga Roads in Burdwan district

***61.** (Admitted question No. *1451.) **Shri BHAKTA CHANDRA ROY:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government and Phanchayats Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার মন্তেশ্বর থানার অন্তর্গত ও বর্তমানে বর্ধমান জেলা বোর্ডের তালিকাভুক্ত কুসুমগ্রাম-সুমসপুর ও মন্তেশ্বর-মালডাঙ্গা নামে দুই রাস্তা আছে। ইহা মাননীয় মন্ত্রিমহোদয় অবগত আছেন কিনা?

(খ) উক্ত রাস্তাদুইটি বর্তমানে বর্ষায় চলাচলের অগম্য হইয়া দাঁড়াইয়াছে, তাহা মন্ত্রিমহোদয় জ্ঞাত আছেন কিনা; এবং

(গ) উক্ত রাস্তাদুইটিকে সরকার বৎসরের সকল সময়ের জন্য চলাচলের যোগ্য করিয়া নির্মাণ করিবার বিবেচনা করিবেন কিনা?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble ISWAR DAS JALAN):

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। বর্ষাকালে কর্দমাক্ত হয়, তবে অন্য সময়ে রাস্তাদ্বইটির অবস্থা ভাল থাকে।

(গ) বর্তমানে সরকারের এইরূপ কোন পরিকল্পনা নাই।

Sj. Bhakta Chandra Roy:

আপনি বলেছেন বর্তমানে কোন পরিকল্পনা নাই—আমার জিজ্ঞাস্য হচ্ছে, কোন সময়ে এই রাস্তাটা টেকআপ করতে পারবেন?

The Hon'ble Iswar Das Jalan:

এটা জেলা বোর্ডের রাস্তা, টাকার অভাবে তারা করতে পারছে না, ওয়ার্কস অ্যান্ড বিল্ডিংস ডিপার্টমেন্ট সব নিতে পারে না সেজন্য বলা যায় না কবে নেওয়া হবে।

Sj. Bhakta Chandra Roy:

জেলা বোর্ড তো সরকারকে দিয়ে দেবার পক্ষপাতী; এখন গভর্নমেন্ট এর ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Iswar Das Jalan:

তাঁরা তো সবই দিয়ে দেবার পক্ষপাতী কিন্তু নিয়ে কি করব, সব রাস্তা তো রিপেয়ার হতে পারে না।

Sj. Bhakta Chandra Roy:

জনসাধারণের কন্ট্রিবিউশন যদি প্রস্তুত থাকে তাহলে কোন কন্ট্রিবিউটরি স্কীমের আওতায় এই রাস্তাটা গ্রহণ করতে পারেন কি না—

The Hon'ble Iswar Das Jalan:

এই রাস্তাটা এখনো নেওয়া হয় নি, পরে কি হবে বলা যায় না।

Sj. Bhakta Chandra Roy:

এই দ্বটি রাস্তার জন্য দীর্ঘদিন ধরেই সেখানকার জনসাধারণ সরকারের কাছে রিপ্রেজেনটেশন করছে, সরকার অবগত আছেন কি?

The Hon'ble Iswar Das Jalan:

না।

Enhancement of taxes by Burdwan Municipality after its supersession

***62.** (Admitted question No. *2291.) **Shri DASARATHI TAH:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) বর্ধমান পৌর প্রতিষ্ঠান সরকারের হাতে গ্রহণ করিবার পর পৌরকার অত্যধিক হারে বৃদ্ধি করা হইয়াছে এবং তাহা আদায়ের জন্য জ্বলুম করা হইতেছে, ইহা সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকিলে উচ্চ হারে বৃদ্ধি করার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble ISWAR DAS JALAN):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Dasarathi Tah:

বর্ধমান পৌর প্রতিষ্ঠান সরকারের হাতে গ্রহণ করার পর পৌরকর অত্যধিকহারে বৃদ্ধি করা হয়েছিল, এ সম্পর্কে কোন অভিযোগ পেয়েছিলেন কি?

The Hon'ble Iswar Das Jalan:

মনে পড়ছে না পেয়েছি কি না।

Sj. Dasarathi Tah:

বৃদ্ধি করা হয়েছিল এটা জানেন কি?

The Hon'ble Iswar Das Jalan:

বৃদ্ধি করা হয়েছিল বটে, তবে অত্যধিকহারে নয়।

[3-20—3-30 p.m.]

Sj. Dasarathi Tah:

কিছু পরিমাণ বৃদ্ধি হলে তা আপনি অত্যধিক মনে করেন না?

The Hon'ble Iswar Das Jalan:

ওখানে কোন লাইটিং ট্যাক্স ছিল না সেটা ২ পারসেন্ট করা হয়েছে এবং হোল্ডিং ট্যাক্স ৭ টাকা ছিল সেটা ৯ টাকা করা হয়েছে। তবে এটা আপনার ছিল ৫ পারসেন্ট অর্থাৎ ১০ টাকা আমরা করতে পারি কিন্তু তাহলেও ১ টাকা কম করেছি।

Sj. Dasarathi Tah:

অনুগ্রহ করে জানাবেন কি পূর্বে কত ট্যাক্স ছিল এবং বর্তমান বৎসরে কত ট্যাক্স হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

আমি তো এখনই বললাম যে ৭ পারসেন্ট হোল্ডিং রেট ছিল সেটা ৯ পারসেন্ট হয়েছে আর লাইটিং রেট ছিল না সেটা ২ পারসেন্ট ফিক্স করা হয়েছে।

Sj. Dasarathi Tah:

আমি টোটাল অ্যামাউন্ট আর রেট জানতে চাই।

The Hon'ble Iswar Das Jalan:

এখন আমি সে ফিগার দিতে পারব না।

Sj. Haridas Dey:

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বর্ধমান পৌর প্রতিষ্ঠানে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট চালু হয়েছে কি না?

The Hon'ble Iswar Das Jalan:

আমার মনে হচ্ছে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট সব মিউনিসিপ্যালিটিতেই চালু হয়েছে।

Sj. Haridas Dey:

তাহলে কত খরচ বেড়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

অনেক বেড়েছে।

Sj. Dhirendra Nath Dhar:

আপনি বললেন যে ২ পারসেন্ট বেড়েছে, তারপর আবার ২ পারসেন্ট বেড়েছে মোট এই ৪ পারসেন্ট বাড়ল। আমি জিজ্ঞাসা করতে চাই যে এই বৃদ্ধিকে আপনি যথেষ্ট বলে মনে করেন না?

The Hon'ble Iswar Das Jalan:

এ সম্বন্ধে আমি জানাতে চাই যে বর্ধমান মিউনিসিপ্যালিটির ইনকাম এবং এক্সপেন্স যা হয় তাতে কাজ চলে না।

Sj. Haridas Dey:

মিনিমাম ওয়েজএর জন্য যে খরচ বেড়েছে সেই অনুযায়ী আয় বেড়েছে কি?

The Hon'ble Iswar Das Jalan:

না আয় বাড়ে নি। আমার মনে হচ্ছে মিনিমাম ওয়েজ বর্ধমানে খুব বেশী এবং সেই জন্যই minimum wage has affected the Burdwan Municipality

Sj. Subodh Banerjee:

মন্ত্রী মহাশয় জানাবেন কি মিনিমাম ওয়েজের বেনিফিট দিতে গেলে যে বাড়তি টাকা লাগবে সেটা কি গভর্নমেন্ট দেবেন?

The Hon'ble Iswar Das Jalan:

হ্যাঁ, গভর্নমেন্ট টু-থার্ড দেবেন।

Sj. Subodh Banerjee:

এই টু-থার্ড দেবার পর এবং ইনক্রিজড্ রেট অফ ট্যাক্সেশন হলেও কি আর বেশী টাকা লাগে?

The Hon'ble Iswar Das Jalan:

হ্যাঁ, লাগে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমি জিজ্ঞাসা করতে চাই যে সেখানে টোটাল ট্যাক্সেশন ৭ পারসেন্ট ছিল এবং তারপর ২ পারসেন্ট এবং পরে আরও ২ পারসেন্ট এই মোট ৪ পারসেন্ট যে ট্যাক্স বৃদ্ধি হয়েছে এটাকে কি আপনি যথেষ্ট বৃদ্ধি পেয়েছে বলে মনে করেন না?

The Hon'ble Iswar Das Jalan: That is a matter of opinion. It is within the rates prescribed by Law.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই ট্যাক্স বৃদ্ধি করার কারণ কি?

The Hon'ble Iswar Das Jalan:

টাকার অভাব।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

গভর্নমেন্ট কি মিউনিসিপ্যালিটিকে সাবভেনসন দেন?

The Hon'ble Iswar Das Jalan:

হ্যাঁ মিনিমাম ওয়েজেস স্কিম অনুযায়ী আমরা বছরে ২ পারসেন্ট দেই।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমি জিজ্ঞাসা করলাম যে গভর্নমেন্ট সাবভেনসন দেওয়া হয় কি না আর আপনি বললেন যে মিনিমাম ওয়েজেস স্কীম অনুযায়ী দেওয়া হয়। কিন্তু আসল প্রশ্ন হোল যে মিউনিসিপ্যালিটির বিভিন্ন উন্নতিমূলক কাজের জন্য গভর্নমেন্টের তরফ থেকে সাবভেনসন দেওয়া হয় কি না?

The Hon'ble Iswar Das Jalan:

এর উত্তরে আমি বলতে পারি যে জেনারেল সাবভেনসন দেওয়ার কোন পলিসি নেই। There is no policy to give general sub-vention. Government gives sub-vention for waster-supply, for drainage, for roads and for mnímum wages.

Sj. Bhadra Bahadur Hamal:

नार्थ बंगाल की बहुत सी म्यूनिस्पिलिटियों में मिनिमम वेजेज लेबर पर लागू नहीं किया गया है, क्या आपको यह मालूम है ?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Sj. Bhadra Bahadur Hamal:

इस बात को लेकर बहुत सी म्यूनिस्पिलिटियों में स्ट्राइक नोटिस जारी की गई है। आपके आफिस में भी नोटिस आई थी। क्या आपको यह मालूम है ?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Election of the South Suburban Municipality

***63.** (Admitted question No. *2451.) **Shri RABINDRA NATH MUKHOPADHYAY:** Will hte Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) whether election to the South Suburban Municipality has been postponed for a period of one year; and

(*b*) if so, the reasons therefor?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble ISWAR DAS JALAN): (*a*) Yest.

(*b*) The proposals for division of the South Suburban Municipality into single-seated constituencies and alteration of the number of its commissioners are under consideration and it will not be possible to hold the general election of commissioners of the said municipality within the current financial year after a final decision on these proposals.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি প্রথম প্রশ্নের জবাবে বলেছেন "হ্যাঁ", আমি জিজ্ঞাসা করছি যে মিউনিসিপ্যালিটি অ্যাক্ট অনুযায়ী একটা মিউনিসিপ্যালিটিকে কত বৎসর এক্সটেনসন দেওয়া যেতে পারে?

The Hon'ble Iswar Das Jalan:

একটা মিউনিসিপ্যালিটিকে এক বৎসর দেওয়া যেতে পারে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই বোর্ড কি এক বৎসরের বেশী কাজ করছে?

The Hon'ble Iswar Das Jalan:

হয়তো কোন কারণে করতে পারে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি এ বিষয়ে অবগত আছেন কি যে গত বৎসর লাইফ দেওয়ার পরেও এ বৎসর সেখানে কোন-রকম ইলেকশন-এর ব্যবস্থা হয় নি বা হচ্ছে না?

The Hon'ble Iswar Das Jalan:

এর উত্তরে আমি বলতে চাই যে হাইকোর্ট-এ প্রসিডিংস স্টার্ট হয়েছে কিন্তু হাইকোর্ট স্টপ করে দিয়েছে। কাজেই এখন সমস্যা হোল যে কি করা যায়। কেন না ১ বৎসরের পর আমরা আর এক্সটেন্ড করতে পারি না, কিন্তু ১ বৎসর যদি এক্সটেন্ড না করি তাহলে বোর্ড ফাঙ্কটাস অফিসিও হয়ে যাচ্ছে। কাজেই আমরা ভাবছি যে একটা অ্যামেন্ডমেন্ট করতে হবে
For that, time will have to be taken

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনার জবাব থেকে আমার মনে হচ্ছে যে আপনি এই মিউনিসিপ্যালিটিকে লাইফ দেওয়ার জন্যই কি অ্যাক্ট পরিবর্তন করার কথা ভাবছেন।

The Hon'ble Iswar Das Jalan:

অনেক সময় যেটা হয় এবং কতগুলি মিউনিসিপ্যালিটিতে যে প্রশ্ন উঠেছে, যে লোকেরা হাইকোর্টে চলে যান এবং হাইকোর্ট থেকে ইনজাংশন হয়ে যায়। এখন কথা হোল যে ইনজাংশন হয়ে গেলে আমরা কিছু করতে পারি না অতএব মিউনিসিপ্যালিটিও কিছু করতে পারে না। কাজেই যখন অনেক মিউনিসিপ্যালিটিতে এরকম হয়েছে তখন আমরা ভাবছি কি করা যায়। কেন না আফটার দি পিরিয়ড ইজ ওভার আমরা সুপারসিড করতে পারছি না

Because it does not come under the Act.

সেখানে এইজন্য ইলেকশনও হতে পারছে না এবং তাই আমরা ভাবছি যে অ্যাক্ট অ্যামেন্ড করতে হবে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার প্রশ্ন হচ্ছে যে এই মিউনিসিপ্যালিটিকে ১ বৎসর লাইফ দেওয়া হয়েছে এবং এই বৎসর শুধু হাইকোর্ট-এর জন্য নয় হাইকোর্ট-এ থাকা সত্ত্বেও ইলেকশন করা যেত, কেন না হাই কোর্ট শুধু ইলেকশন রোল কারেক্ট করার কথা বলেছিল।

Mr. Deputy Speaker:

এ সব জিনিস কোশ্চেন-এর সময় আলোচনা করা যায় না।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার প্রশ্ন হোল যে হাইকোর্ট থেকে রোল কারেক্ট করতে বলা হোল কিন্তু যেহেতু এ'রা ১ বৎসর পেয়েছে এবং আরও এক বৎসর বেআইনীভাবে লাইফ পেতে আশা করেন সেইজন্যই ইলেকশন করবার বিন্দুমাত্র চেষ্টা করছেন না এবং এইভাবে প্রতি বছর যাতে ১ বছর করে লাইফ বেশী পান তার চেষ্টা করছেন কি না?

The Hon'ble Iswar Das Jalan:

তাঁরা সে চেষ্টা করতে পারে না। তবে তাঁরা যে প্রিলিমিনারি ইলেকটোরাল রোল পাবলিশ করেছিল সেটা ডিফেকটিভ ছিল এবং সেইজন্য হাইকোর্টে রেট পেয়ার্সরা অ্যাপ্লিকেশন করে and stopped Election to be held on that Electoral Roll

তারপর একটা টাইম লিমিট আছে। কাজেই ঐ টাইম লিমিট-এর মধ্যে প্রিলিমিনারি ইলেকটোরাল রোল ফাইনাল ইলেকটোরাল রোল, নমিনেশন ডে প্রভৃতি কাজ ৭ মাসের পূর্বে হয়ে ওঠে নি।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

সেটা আমি জানি এবং এও জানি যে হাইকোর্টের ঐ ঘটনার পর যে সময় ছিল তাতে নূতন করে ইলেকটোরাল রোল প্রিপেয়ার করা যেত। কিন্তু এখন আমার প্রশ্ন হচ্ছে যারা প্রতি বৎসর লাইফ চাইবে তারা যদি এ রকম ফলস ইলেকটোরাল রোল তৈরী করে এবং হাইকোর্টের আশ্রয় নেয় তাহলে কি প্রতি বৎসর তাদের লাইফ দেওয়া হবে?

The Hon'ble Iswar Das Jalan:

এটাও একটা সমস্যা আছে। কাজেই আমার মনে হচ্ছে যে গভর্নমেন্টকে একটা পাওয়ার নিতে হবে

to prepare the Electoral Roll and hold the Election.

যদিও এই পাওয়ারটা এখন চেয়ারম্যান-এর আছে এবং এর ফলে হয়ত এমন হতে পারে যে চেয়ারম্যান ভাল করে ইলেকটোরাল রোল তৈরী করে না বলেই ইলেকশন হতে পারে না। সেইজন্য আমরা মনে করছি যে একটা ইলেকশন মেশিনারি সেট্ আপ্ করতে হবে কারণ অনেক মিউনিসিপ্যালিটিতে এরকম হয়।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আপনি দুই-তে বলেছেন যে সেখানকার কনস্টিটিউয়েন্সি ভাগ করার জন্য গতবারে ইলেকশন করা যায় নি। আমি বলছি যে আপনার এই ইনফরমেশন করেক্ট নয়- সেই কনস্টিটিউয়েন্সি ভাগ হয়ে গেছে, কিন্তু এ বৎসর যেহেতু ইলেকশন হচ্ছে না এবং এই মিউনিসিপ্যালিটি যাঁরা পরিচালনা করেন.........।

Mr. Deputy Speaker:

আমি অনুরোধ করছি আপনি এসব প্রশ্ন করবেন না। আপনি আমাদের অ্যাসেমব্লী প্রসিডিওর রুলস-এর কোশ্চেন চ্যাপটার-টা পড়লেই বুঝতে পারবেন কি করে প্রশ্ন করতে হয়। এসব কোশ্চেন অ্যালাউ করা যায় না।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

বর্তমানে যিনি চেয়ারম্যান তিনি গত সাধারণ নির্বাচনে বিধানসভায় প্রার্থী হিসেবে দাঁড়িয়েছিলেন কিন্তু পরাজিত হয়েছেন। আমার জিজ্ঞাস্য যে তাঁকে রিহ্যাবিলিটেট করবার জন্যই কি এরকম বারেবারে লাইফ দেওয়া হচ্ছে?

Mr. Deputy Speaker:

আপনার প্রশ্নের কোন রেলিভ্যান্সি নেই।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

বলা হয়েছে এই কারণে ইলেকশন হয় নি। আমি জিজ্ঞাসা করছি যে, গত বৎসর যিনি প্রথম চেয়ারম্যান হন এবং যেহেতু তিনি এবারেও চেয়ারম্যান সেইজন্যই কি বারেবারে এক্সটেনশন অব লাইফ দেওয়া হচ্ছে?

Mr. Deputy Speaker:

যদি সবই জানেন তাহলে কোশ্চেন করছেন কেন? এ কোশ্চেন হয় না।

3-30—3-40 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

ইলেকশনটা ওখানে এনফোর্স করার জন্য আপনি দ্রুত গতিতে কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Iswar Das Jalan:

নিশ্চয়ই করা যাবে। কিন্তু এ বছরে হবে কিনা আমি ঠিক বলতে পারছি না। ল অ্যামেন্ড করতে হবে, ইলেকশন মেসিনারির একটা সেপারেট চ্যাপটার করতে হবে because under the present rules Government cannot prepare electoral roll.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

তাদের হাতে ক্ষমতা না রেখে ইলেকশন করার চেষ্টা করবেন কি?

The Hon'ble Iswar Das Jalan: Under the present law we can only hold election through Government machinery after the electoral roll is finished.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

তাহলে কি সুপারসেশন করার কথা ভাবছেন?

The Hon'ble Iswar Das Jalan: Under the law how can we say they are incompetent or they have abused the power?

Dr. Hirendra Kumar Chatterjee:

এই যে ল অ্যামেন্ড করতে হবে এই সিদ্ধান্ত আপনার কত দিন মনে হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

আমরা দেখেছি এত বেশী লোক হাইকোর্ট যেত না, এত বুদ্ধিশুদ্ধি ছিল না, এখন হয় কি—the Chairman sits here and there and various devices are adopted.

দিন দিন লোকের যত বুদ্ধিশুদ্ধি বেড়ে যাচ্ছে ততই আমরা দেখছি কেস এসটাবলিশ করা হচ্ছে।

Dr. Hirendra Kumar Chatterjee:

লোকের [illegible] বাড়ার সঙ্গে আপনার promptness in taking decision in amending the Act এটা বাড়ছে কি?

The Hon'ble Iswar Das Jalan: We cannot take notice of hypothetical crime. Let the crime be committed and then the remedy will come.

Sj. Niranjan Sengupta:

আপনি বললেন আইনটা পরিবর্তন করতে হবে, সেটা কত দিনের মধ্যে চেষ্টা করা হবে?

The Hon'ble Iswar Das Jalan:

বোধ হয় জানুয়ারি মাসে অর্ডিন্যান্স করে লাইফ দিতে হবে। তা না হলে মিউনিসিপ্যালিটি থাকবে না।

Sj. Dhirendra Nath Dhar:

আপনি নিশ্চয়ই জানেন, কারণ এটা আপনার বিভাগ, যে অ্যাডাল্ট ফ্রানচাইইস কমিটি একটা রেকমেন্ডেশন করেছেন। সেই অনুযায়ী নির্বাচন করবেন কি?

The Hon'ble Iswar Das Jalan: I cannot answer the question as it is not covered by this question.

Forestry in the State

***64.** (Admitted question No. *1285.) **Shri CHITTO BASU:** Will the Hon'ble Minister in charge of the Forests Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কি পরিমাণ জমি বনবিভাগের জন্য সংরক্ষিত আছে;

(খ) দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোন্ জেলায় কি পরিমাণ জমিতে বন-সম্প্রসারণ করা হইবে (afforestation);

(গ) ইহা কি সত্য যে, সংরক্ষিত জমির মধ্যে এমন অনেক জমি আছে যাহা ক্ষুদ্রায়তনের জন্য বন-সম্প্রসারণের পক্ষে অনুপযুক্ত প্রতিপন্ন হইয়াছে;

(ঘ) সত্য হইলে, কোন্ জেলায় কি পরিমাণ জমি এইরূপভাবে বন-সম্প্রসারণের জন্য অনুপযুক্ত বলিয়া প্রতিপন্ন হইয়াছে; এবং

(ঙ) উপরোক্ত ক্ষুদ্রায়তন জমিসমূহের যথাযোগ্য ব্যবহারের জন্য সরকারের কি কোন পরিকল্পনা আছে?

The Minister for Forests and Fisheries (The Hon'ble HEM CHANDRA NASKAR):

(ক) পশ্চিমবঙ্গের কোথাও কোন জমি বনবিভাগের জন্য সংরক্ষিত করা নাই।

(খ) একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল।

(গ) হইতে (ঙ) (ক) প্রশ্নের উত্তরের পর ইহা উঠে না।

Statement referred to in reply to clause .. .. of starred question No. 64

জেলায়		একর জমিতে
কুচবিহার	...	২,৬০০
পশ্চিম দিনাজপুর	...	৯০০
মালদহ	...	৯০০
মুর্শিদাবাদ	...	৬০০
নদিয়া	...	৬০০
বীরভূম	...	১,০০০
বর্ধমান	...	২,০০০
বাঁকুড়া	...	৮,০০০
মেদিনীপুর	...	৮,৫০০
পুরুলিয়া	...	২,০০০

বন-সম্প্রসারণের পরিকল্পনা আছে।

Sj. Chitto Basu:

আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় বর্তমানে কি পরিমাণ বনবিভাগের জমি আছে?

The Hon'ble Hem Chandra Naskar:

সমস্ত বনের যদি প্রশ্ন থাকতো তাহলে সেটা সংগ্রহ করে আনতাম। আপনি যখন প্রশ্ন করেন নি, আমি উপস্থিত উত্তর দিতে অপারগ। নোটিস দিলে সংগ্রহ করে উত্তর দিতে পারি।

Sj. Chitto Basu:

আমরা যেটা বলেছিলাম সংরক্ষিত আছে, এর অর্থ আপনি অনুভব করেছিলেন কিন্তু আপনি যা হিসাব দিয়েছেন—কোচবিহার জেলায় ২ হাজার ৬ শত একর জমি ইত্যাদি বিভিন্ন জেলায় যা বলেছেন—এই জমিগুলি কোথা থেকে আসবে?

The Hon'ble Hem Chandra Naskar:

ল্যান্ড রেভেনিউ সমস্ত জমি আমাদের দিয়েছে যা পুরানো জমিদারদের যেসমস্ত জমির গাছ কেটে নিয়ে গেছে, পতিত আছে. এগুলি সেইসব জমি।

Sj. Chitto Basu:

আপনি কি জানেন যে, আপনার বনবিভাগ বলেছে যে, কোচবিহারের অনেক চাষের জমি বনবিভাগের সংরক্ষিত জমি?

The Hon'ble Hem Chandra Naskar:

ল্যান্ড রেভেনিউতে যেসমস্ত জমি বন ব'লে রেকর্ডেড আছে আমরা সেই জমিগুলি পেয়েছি। আমরা অ্যাকুইজিশন আগে ক'রে নিতাম, এখন থেকে দরকার হ'লে দু-এক টুকরা জমি আমরা আগে থেকে অ্যাকুইজিশন করি। কিন্তু বেশির ভাগ ল্যান্ড রেভেনিউএর বন ব'লে রেকর্ডেড জমিগুলি আমরা পেয়েছি।

Sj. Chitto Basu:

আপনি কি জানেন ঠিক এই ধরনের অনেক জোতকৃষক সেই জমিতে বর্তমানে চাষ করছে কিন্তু তাদের বলা হচ্ছে যে এই জমিগুলি বনবিভাগের জমি এবং তাদের উপর অত্যাচার করা হচ্ছে?

The Hon'ble Hem Chandra Naskar:

সেটা আমাদের জানা নেই তবে যেগুলি [illegible] বলে রেকর্ডেড আছে এবং ল্যান্ড রেভিনিউ আমাদের দিয়েছেন সেগুলি আমাদের।

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I would like to explain the position. It is wellknown to honourable members of this House that just before acquisition, there was a movement practically amongst the owners of forests to cut down trees and to make profits. Therefore, in certain cases, a land which was under forest for a very long time is now denuded of forest but it has been recorded as forest. Sometimes the old settlement records showed some plots as forest land, but after that the character of that land has changed. There they can have the classification of the land changed by an application under section 44(2A) of the Land Acquisition Act. Of course, these relate to genuine cases. But there were also mala fide cases in which a land which was a forest land has now been turned into agricultural or even waste land, but really it is forest land.

Sj. Subodh Banerjee:

এমন কি কোন ঘটনা ঘটেছে যে, রিয়েলি সেগুলি এগ্রিকালচারাল ল্যান্ড কিন্তু সিলিং অ্যাভয়েড করার জন্য সেগুলিকে ফরেস্ট ব'লে নোটেড ক'রে দেওয়া হয়েছিল?

The Hon'ble Bimal Chandra Sinha: I cannot tell you of every plot in the whole of West Bengal, but that is not the general trend.

Sj. Chitto Basu:

এ ব্যাপারে একটু অনুসন্ধান করবেন কি?

(No Reply)

Sj. Chitto Basu:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, দেশের সমগ্র জমির কত অংশ বন হিসাবে সংরক্ষিত করা প্রয়োজন সুবৃষ্টির প্রয়োজনে?

The Hon'ble Hem Chandra Naskar:

আপনারা জানেন যে, দেশের সমস্ত জমির শতকরা ২৫ ভাগ করা উচিত কিন্তু আমাদের তত জমি নেই। সেজন্য ১৩ পয়েন্ট ৪ ভাগ জমিতে বর্তমানে বন আছে।

Sj. Saroj Roy:

মন্ত্রিমহাশয় কি বলবেন, উনি যে বললেন পুরাতন যেসমস্ত রেকর্ডেড আছে আমি জিজ্ঞাসা করছি সেইসমস্ত জায়গায় দীর্ঘকাল বন না থাকাতে যেসমস্ত চাষীরা সেখানে চাষ করে ২০-৩০ বছর পর্যন্ত তাদের কেন উচ্ছেদ করছেন?

The Hon'ble Hem Chandra Naskar:

প্রথমেই বলেছি যে, সেটেলমেন্ট থেকে যেসমস্ত জমি তাঁরা দেবেন সেসমস্ত জমি আমাদের। সেখানে কে কি চাষ করছে, না করছে সেগুলি বোর্ড আছে, ম্যাজিস্ট্রেট আছে তাঁরা করবেন। যদি বাস্তবিকই ধানী জমি হয় তা হলে ম্যাজিস্ট্রেট ডিসাইড ক'রে দেবেন।

Sj. Saroj Roy:

আপনাদের তৃতীয় পরিকল্পনা প্রায় শেষ হয়ে এল—মেদিনীপুরে ৮ হাজার ৫ শো একর জমি যেটা অ্যাফরেস্টেশন সম্বন্ধে বলেছেন, ওখানে ইতিমধ্যে কত জমিতে চাষ হয়েছে?

The Hon'ble Hem Chandra Naskar:

এখন আমি কি ক'রে বলব? নোটিস দিলে বলতে পারি।

Sj. Deben Sen:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পার্শ্ববর্তী গ্রামবাসীরা পূর্বকাল থেকে বনে যেসমস্ত অধিকার ভোগ ক'রে আসছিল সেগুলি সমস্ত সংরক্ষিত এবং কর্তিত হয়েছে কি না?

The Hon'ble Hem Chandra Naskar:

এ প্রশ্ন ওঠে না—আমরা কোন কিছু করি নি, তবে আমরা ছোট বনে যে নতুন প্ল্যানটেশন হয়েছে সেখানে করছি।

[3-40—3-50 p.m.]

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, জমির অধিকার নিয়ে ঝাড়গ্রামে বন-সত্যাগ্রহ হয়েছে কিনা এবং তার জন্য বহু লোককে গ্রেপ্তার করা হয়েছে কিনা?

The Hon'ble Hem Chandra Naskar:

তা আমার জানা নেই।

Sj. Niranjan Sengupta:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনি এই যে হিসাব দিয়েছেন এটা কিসের ভিত্তিতে তৈরি করেছেন?

The Hon'ble Hem Chandra Naskar:

এটা তৈরি করেছেন আমার ডিপার্টমেন্ট, এবং তাঁরা বলে দিয়েছেন, এইগুলি জমিতে অ্যাফরস্টেশন করতে হবে, তাই আমরা করছি।

Sj. Niranjan Sengupta:

যাদের জমি নিয়েছেন বা নেবার পরিকল্পনা করেছেন, কিংবা জমি আপনাদের যা আছে, তার সঙ্গে কোনরকম সংযোগ রেখে হিসাব করা হয় নি কেন?

The Hon'ble Hem Chandra Naskar:

আমরা তো জমি নিই নি, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট জমি নিয়ে আমাদের দিয়েছেন। তাঁদের সঙ্গে আপনারা বোঝাপড়া করুন।

Sj. Ramanuj Halder:

সারা পশ্চিম বাংলায় বনভূমির পরিমাণ কত?

The Hon'ble Hem Chandra Naskar:

আমি বললাম তো আমাদের ২৫ ভাগ দরকার। এখন আমাদের ১৩ দশক কত—এই রকম আছে।

Sj. Ramanuj Halder:

পশ্চিমবঙ্গে আর কত পরিমাণ জমি বন সম্প্রসারণের জন্য প্রয়োজন?

The Hon'ble Hem Chandra Naskar:

সেটেলমেন্ট হচ্ছে, সেটেলমেন্টএর কাজ শেষ হয়ে গেলে পর ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট আমাদের কত জমি দেবেন, সেটা জেনে বলব।

Sj. Ramanuj Halder:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ২৪-পরগনার মধ্যে বন সম্প্রসারণের কোন ব্যবস্থা রাখা হবে কিনা?

The Hon'ble Hem Chandra Naskar:

হ্যাঁ, ২৪-পরগনায় বনগ্রামে সামান্য পরিমাণ জমি পেয়েছি, সেখানে করা হয়েছে আর সুন্দরবনে রিপ্লানটেশন হয় না, সেখানে আপনা হতেই গাছ গজায়। সেখানে ১,৬০০ মাইল জমি আছে, তার মধ্যে ৮০০ বর্গমাইল জল আর ৮০০ বর্গমাইল বন আছে।

Sj. Saroj Roy:

আপনি বলেছেন, এক একটা ক'রে প্ল্যান নিচ্ছেন জমি অ্যাফরস্টেশন করবার জন্য। সেই সমস্ত জমিতে মত গাছ ছিল তা মরে যাবার পর সেখানে গাছ লাগান—সেই জমিটা কি ফরেস্ট ল্যান্ডএর মধ্যে ধরেন?

Mr. Deputy Speaker: That question does not arise out of this.

Sj. Saroj Roy:

আপনি দয়া ক'রে স্টেটমেন্টটা দেখুন—সেকেন্ড প্ল্যানএ ৮,৫০০ একর জমি ও'রা দিয়েছেন, কিন্তু আমি যেটা প্র্যাকটিক্যালি দেখছি ৮,৫০০ একর জমিতে ফরেস্ট যা করলেন তার মধ্যে দু' হাজার একর জমিতে বড়জোর গাছ হ'ল। কিন্তু ফাইনাল হিসাব যখন ধরলেন যেখানে গাছ হ'ল না সেটা যোগ ক'রে। সেইজন্য আমি জিজ্ঞাসা করছি গাছ লাগানোর পরে, গাছ মরে গেলে সেই জমিটা কি বনসম্পদ হিসাবে ধরেন, না সেটা বাদ দেন?

The Hon'ble Hem Chandra Naskar:

যেসমস্ত জমি খালি পড়ে আছে বা গাছ কেটে নেওয়া হয়েছে, সেখানে গাছ লাগানো হয়।

Unstarred Questions
(Answers to which were laid on the Table)

Remission of rent for crop failure in Nandigram police-station of Midnapore district

17. (Admitted question No. 1686.) **Shri BHUPAL CHANDRA PANDA:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানায় ১৯৫৭ সালে বৃষ্টির অভাব হেতু ব্যাপক ফসলহানি ঘটিয়াছে, এবং

(২) তদুপরি ১৯৫৭ সালের সেপ্টেম্বর মাসে প্রবল জোয়ারের জলে উক্ত নন্দীগ্রাম থানায় বহু গ্রাম প্লাবিত হওয়ায় ফসলহানি ঘটিয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(১) ঐ-সমস্ত ক্ষতিগ্রস্ত মৌজার খাজনা মকুব অথবা হারাহারি ছাড় দেওয়া সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এবং

(২) যাহাতে পুনরায় জোয়ার-জলে বড় বাঁধের (embankment) বাহিরের গ্রামগুলি তার না প্লাবিত হয় সে-সম্পর্কে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

The Minister for Land and Land Revenue (The Hon'ble BIMAL CHANDRA SINHA):

(ক) (১) আংশিক ফসলহানি হইয়াছে।

(২) কতিপয় মৌজায় আংশিক ফসলের ক্ষতি হইয়াছে।

(খ) (১) Government Estates Manual -এর পঞ্চম অধ্যায়ে বর্ণিত নিয়ম অনুযায়ী ক্ষতিগ্রস্ত মৌজাগুলির খাজনা মকুব বিষয় বিবেচনা করা হইবে।

(২) হ্যাঁ।

Sj. Bhupal Chandra Panda:

এখানে আপনি বলেছেন—আংশিক ফসল হয়েছে। দয়া ক'রে বলবেন কি কত পারসেন্ট হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

সে হিসাব আমার কাছে নেই—ঠিক বলতে পারব না।

Sj. Bhupal Chandra Panda:

আচ্ছা, আপনি ২(ক) প্রশ্নের জবাবে বলেছেন—গভর্নমেন্ট এস্টেটস ম্যানুয়ালএর পঞ্চম অধ্যায়ে বর্ণিত নিয়ম অনুযায়ী ক্ষতিগ্রস্ত মৌজাগুলির খাজনা মকুব বিষয় বিবেচনা করা হবে। এই প্রশ্ন অনেক আগেকার। ইতিমধ্যে সেই খাজনা মকুব করবার কোন ব্যবস্থা হয়েছে কিনা বলতে পারেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমার যতদূর মনে আছে কালেক্টর কমিশনারএর কাছে প্রস্তাব দিয়েছেন—কমিশনারএর মন্তব্য এলে আমরা তখন সেটা বিবেচনা করব।

Sj. Bhupal Chandra Panda:

আপনি বলেছেন, কমিশনার এ সম্পর্কে একটা ব্যবস্থা নিয়েছেন।

The Hon'ble Bimal Chandra Sinha:

না, না, আমাদের উত্তরে বলেছি গভর্নমেন্ট এস্টেটস ম্যানুয়ালএর পঞ্চম অধ্যায়ে বর্ণিত নিয়ম অনুযায়ী এই জাতীয় খাজনা মকুবের বিষয় বিবেচনা করা হবে। সুতরাং প্রশ্নের উত্তরে বলেছি কলেক্টর তাঁর মতামত কমিশনারের কাছে পাঠিয়েছেন, তিনি রিপোর্ট পাঠালে আমাদের সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

Sj. Bhupal Chandra Panda:

যাই হোক, দ্বিতীয় প্রশ্নের (খ)এর উত্তরে আপনি যেটা বলেছেন "হ্যাঁ" তার মানে পুনরায় যাতে বন্যাপ্লাবিত না হয় তার জন্য ব্যবস্থা করা হয়েছে। আমি জানতে চাইছি, কি ব্যবস্থা এ সম্পর্কে করা হয়েছে।

The Hon'ble Bimal Chandra Sinha:

যা খবর আছে তাতে নিকাশীর বাঁধের জন্য আমরা কিছু খরচ করেছি এবং স্থানীয় অফিসারদের অপিনিয়ন যে তাতে বাইরের গ্রামগুলি রক্ষা পাবে।

Sj. Bhupal Chandra Panda:

আমি আপনার কাছে জানতে চাইছি, এই যে বাঁধের ব্যবস্থা করা হয়েছিল তার ফলাফল কি হয়েছে সেটা পুনরায় এনকোয়ারি ক'রে দেখবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha: This is request for action.

মাননীয় সদস্য যদি আমাকে লেখেন নিশ্চয়ই সে সম্পর্কে অনুসন্ধান করব এবং তদন্ত করব।

Number of cases recorded as "Jabar dakhal" or "Anumati dakhal" in Records-of-Right

18. (Admitted question No. 1737.) **Shri PRAMATHA NATH DHIBAR:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) Estates Acquisition Act প্রচলিত হইবার পর হইতে Record-of-Right -এ কতগুলি কেস "জবর দখল" অথবা "অনুমতি দখল" রূপে record করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, "জবর দখল" কেসগুলি Record-of-Right -এ লিখিতভাবে record করা হইলেও উচ্ছেদ করা হইতেছে; এবং

(গ) সত্য হইলে, উচ্ছেদ রহিতের কোনরূপ ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা?

The Minister for Land and Land Revenue (The Hon'ble BIM CHANDRA SINHA):

(ক) জরিপের কাজ এখনও শেষ হয় নাই। কাজেই এই সংখ্যা এখন দেওয়া সম্ভবপর নে তাছাড়া এই কাজ বহুসময়সাপেক্ষ প্রতিটি খতিয়ান পরীক্ষা না করিয়া উহা দেওয়া যায় না।

(খ) এবং (গ) আদালতের বিচারে উচ্ছেদের অনুকূলে সিদ্ধান্ত হইলে সরকারের কি করিবার নাই।

Sj. Natendra Nath Das:

জবরদখল—কত বছরের জন্য জবরদখল থাকা প্রয়োজন?

The Hon'ble Bimal Chandra Sinha:

কত বছরের প্রশ্ন নয়। সেখানে যারা কোন রাইটস দেখাতে পারছেনা অথচ বসে আ সেখানেই জবরদখল।

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন টুয়েলভ ইয়ার্স এ্যাডভার্স পজেশন থাকলে জবরদখ হবে কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

আইন আছে বার বছর থাকলে সেখানে অকুপ্যান্সি রাইট হয়। সেটেলমেন্ট অফিসার সেইভাবে এ্যাডভার্স পজেশন দেখেন এবং তদনুযায়ী কাজ করা হয়।

Sj. Pramatha Nath Dhibar:

আপনি বলেছেন আদালতের বিচারে উচ্ছেদের অনুকূলে সিদ্ধান্ত হইলে সরকারের কি করিবার নাই এ সম্বন্ধে উচ্ছেদ রাইতের জন্য কোন আইন করবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

কারও জমি যদি কেউ জোর করে অধিকার করে তাহলে জমির মালিক কি সেটা উদ্ধার করে পারবে না?

Sj. Tarapada Dey:

অনুমতি দখল যেগুলি দেওয়া হয়েছে সেগুলি কি উচ্ছেদযোগ্য?

The Hon'ble Bimal Chandra Sinha:

উচ্ছেদযোগ্য কিনা এ প্রশ্ন আসে না। যেখানে মালিক অনুমতি দিয়েছে সেখানে জোর কা মালিকের রাইটস ইনফ্রিঞ্জড করা হয়নি সেখানে আবার জবরদখলের কি কথা আছে?

Sj. Tarapada Dey:

যে সমস্ত জমি ১০।১২ বছর জবরদখল করে রয়েছে বলে রেকর্ডএ রয়েছে সেগুলির পজিশ কি হবে

The Hon'ble Bimal Chandra Sinha:

দখল করে রাখার মধ্যে অনেক জিনিষ আছে—পারমানেন্ট টেনেন্সি হতে পারে, লিজ ত লাইসেন্স হতে পারে। সুতরাং প্রত্যেকটি কেসএর বৈশিষ্ট দেখে বিচার করতে হবে।

Sj. Tarapada Dey:

রেকর্ড অব রাইটস ছাড়া আর কিছুই নেই সেখানে কি ভাবে দেখা হবে।

The Hon'ble Bimal Chandra Sinha:

কোন টার্মসেএ তাকে অনুমতি দেওয়া হয়েছে সেটা দেখতে হবে। এসব ব্যাপার নানা হাজা রকমের হতে পারে।

Collection of revenue and road cess in West Bengal

19. (Admitted question No. 1941.) **Shri ANANGA MOHAN DAS:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) জমিদারী দখল আইন জারী হইবার পূর্বে এই রাজ্যে বৎসরে কত টাকা ভূমি-রাজস্ব সংগৃহীত হইত;

(খ) উক্ত আইন জারী হইবার পর ১৯৫৭-৫৮ সালে মোট কত টাকা আদায় হইয়াছে ও আদায়ের খরচ কত পড়িয়াছে;

(গ) জমিদারী দখল আইন জারী হইবার পূর্বে মেদিনীপুর জেলায় প্রতিবৎসর গড়ে মোট কত টাকা রোড সেস্ আদায় হইত; এবং

(ঘ) উক্ত আইন জারী হইবার পর ১৯৫৭-৫৮ সালে কত টাকা রোড সেস্ বাবত আদায় হইয়াছে?

The Minister for Land and Land Revenue (The Hon'ble BIMAL CHANDRA SINHA):

(ক) জমিদারী দখল আইন জারী হইবার পূর্বের তিন বৎসরের ভূমি-রাজস্ব আদায়ের হিসাব নিম্নে দেওয়া হইলঃ

সাল	টাকা
১৯৫২-৫৩	... ১,৮২,০০,৫১৪
১৯৫৩-৫৪	. ১,৯৬,২১,৭৭৮
১৯৫৪-৫৫	... ১,০১,৬৩,১৬৮

(খ) ১৯৫৭-৫৮ সালে মোট ৫ কোটি ৬ লক্ষ টাকা আদায় হইয়াছে এবং আদায়ী খরচ পড়িয়াছে ১,২২,৬৮,৩১৩ টাকা।

(গ) উক্ত আইন জারী হইবার পূর্বে মেদিনীপুর জেলায় তিন বৎসরে যে রোড সেস্ আদায় হয় তাহার হিসাব নিম্নে দেওয়া হইলঃ

সাল	টাকা
১৯৫২-৫৩	... ৩,১২,৭০৬
১৯৫৩-৫৪	... ৩,০০,৩২৪
১৯৫৪-৫৫	... ২,৪০,৪৬০

প্রতিবৎসরে গড়ে ২,৮৪,৪৯৩ টাকা

(ঘ) জমিদারী দখল আইন জারী হইবার পর ১৯৫৭-৫৮ সালে মেদিনীপুর জেলায় মোট ১,৩১,৯৯০ টাকা রোড সেস্ আদায় হইয়াছে।

3-50—4 p.m.]

Sj. Ananga Mohan Das:

এই যে ৫ কোটি টাকা আদায় হয়েছে গত ক'বছর কম হয়েছিল এবার আদায় বেশী হল কেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

এই কবছর জমিদাররা প্রফিট রেখেছে কিন্তু জমিদারী দখল আইনের পর প্রফিটসহ আদায় হয়েছে।

Sj. Ananga Mohan Das:

রোড সেস্ এবং রাজস্ব কি একসঙ্গে আদায় করা হয়?

The Hon'ble Bimal Chandra Sinha:

একসঙ্গেই আছে।

Sj. Ananga Mohan Das:

তা যদি হয় তাহলে (ঘ) প্রশ্নে বলছেন ১৯৫৭-৫৮ সালে ১,৩১,৯৯০ টাকা রোড সেস আদায় হয়েছে। সারা প্রদেশে যেখানে ৫ কোটি টাকা এখানে এত টাকা কম হচ্ছে কেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

জমিদারীর যে অংশ সেস্ হিসাবে দিতে হয় সেটা আদায় হয় না। গভর্নমেন্ট নিয়ে নেওয়ার ফলে, আদায়ের মধ্যে দেখানো সম্ভব নয়।

Sj. Subodh Banerjee:

রেভেনিউ এ্যামাউন্ট যেটা দেখাচ্ছেন

Does it include the revenue from forest vested in the Government?

The Hon'ble Bimal Chandra Sinha:

না এটা ল্যান্ড রেভেনিউ।

Sj. Subodh Banerjee:

যে জমি প্রাইভেট ফরেষ্ট ভেস্টেড ইন দি গভর্নমেন্ট সেই জমি থেকে ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট কোন রেভেনিউ পায় কি না?

The Hon'ble Bimal Chandra Sinha: It is purely rental income.

Sj. Ajit Kumar Ganguli:

এই যে হিসাব দেখাচ্ছেন এবং বলছেন জমিদার যেটা লাভ করতো সেটা এসেছে তাহলে জমিদারী উচ্ছেদ হয়ে যাওয়ায় কৃষকেরা কোন সুবিধা পায় না এটা কি ঠিক?

The Hon'ble Bimal Chandra Sinha:

লাভ অলাভের প্রশ্ন আসে না। আপনি জানেন যে সিস্টেম হয়েছে, আপনারাই সে আইন পাশ করেছেন। ল্যান্ড রিফম এ্যাক্টএ যা আছে তাই করা হচ্ছে।

Sj. Ramanuj Halder:

(ক) তে আপনি সাল দেখাচ্ছেন এবং টাকা দেখিয়েছেন কত টাকার মধ্যে এটা আদায় হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমাদের ল্যান্ড রেভেনিউ ৬ কোটি কয়েক লক্ষ টাকা।

Number of share-croppers evicted since the passing of the West Bengal Land Reforms Act

20. (Admitted question No. 2138.) **Shri SAROJ ROY:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) ভূমি-সংস্কার আইন পাশ হওয়ার পর হইতে মেদিনীপুর জেলার গড়বেতা, কেশপুর, শালবনী, সদর ও খড়্গপুর থানায় কত ভাগচাষী জমি হইতে উচ্ছেদ হইয়াছে, তাহার কোন হিসাব সরকার রাখেন কিনা;

(খ) রাখিলে, ১৯৫৮ সালের মে মাস পর্যন্ত উহার সংখ্যা কত; এবং

(গ) যে চাষীরা সম্পূর্ণভাবে ভাগচাষের উপর নির্ভর করিত, উচ্ছেদের পর তাহাদের জীবিকা অর্জনের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা, অথবা করার কথা বিবেচনা করেন কিনা?

The Minister for Land and Land Revenue (The Hon'ble BIMAL CHANDRA SINHA):

(ক) এবং (খ) ১,৫০৯ জন।

(গ) পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের বিধান অনুসারে মধ্যস্বত্বাধিকারিগণের যে-সমস্ত উদ্বৃত্ত জমি সরকারে বর্তিয়াছে, তাহা ভূমিহীন চাষী অথবা যে-সমস্ত চাষীর জমির পরিমাণ ২ একর অথবা উহা অপেক্ষা কম, তাহাদের সহিত অস্থায়ী বাৎসরিক চুক্তিতে বন্দোবস্ত করা হইতেছে।

বর্গাদারগণকেও এইরূপ বন্দোবস্তের জন্য উপযুক্ত মনে করা হয়।

Sj. Saroj Roy:

এই যে হিসাব দিয়েছেন,এই হিসাবটা কি শুধু যারা ভাগচাষ বোর্ড মারফৎ উচ্ছেদ হয়েছে তাদের না যাদের জোর করে উচ্ছেদ করা হয়েছে তারাও এর মধ্যে আছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

জোর করে যাদের উচ্ছেদ হয়েছে তাদের হিসাব পাওয়া সম্ভব নয় খাতাপত্রে। ভাগচাষ বোর্ড থেকে যে রেকর্ড পেয়েছি সেটাই দিয়েছি।

Sj. Saroj Roy:

আপনি দু বৎসরের বাৎসরিক চুক্তিতে এই সমস্ত ভাগচাষীদের হাতে যে জমি দিয়েছেন তার মধ্যে যে সমস্ত ভাগচাষী উচ্ছেদ হয়েছে তার পারসেনটেজ কত?

The Hon'ble Bimal Chandra Sinha:

ক'জন হয়েছে না হয়েছে এটা জানাতে আলাদা প্রশ্ন চাই।

Sj. Saroj Roy:

এটি খোঁজ করে দেখবেন ভাগচাষীদের যারা উচ্ছেদ হয়েছিল তার ভিতর বিশেষ কোন লোক জমি পায়নি?

The Hon'ble Bimal Chandra Sinha:

আমাকে লিখবেন, খোঁজ নেবেন।

Sj. Saroj Roy:

এই যে জমি দু বছরের চুক্তিতে দেওয়া হয় লোকাল অথরিটি, সে জায়গায় কাকে ক্ষমতা দেওয়া হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha: Land Revenue staff—L.R.O., J.L.R.O., A.D.M.

Sj. Saroj Roy:

যে সমস্ত ইউনিয়ন বোর্ড আছে তাদের সঙ্গে লোকাল এম-এল-এ-দের সঙ্গে এ সম্বন্ধে কোন রকম আলোচনা করার ব্যবস্থা আছে কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

তাঁরা সাজেসান দিতে পারেন। দ্যাট ইজ অলওয়েজ ওয়েলকাম।

Sj. Natendra Nath Das:

এই যে বাৎসরিক চুক্তি কত টাকার?

The Hon'ble Bimal Chandra Sinha:

অনেকবার এই হাউসে বলা হয়েছে যে বাৎসরিক ১০ টাকা করে।

Sj. Monoranjan Hazra:

এই যে অস্থায়ী বাৎসরিক চুক্তিতে ভাগচাষীদের জমি দিচ্ছেন আপনার কাছে এরকম সং আছে কি জমিদাররা "এ ফরম", "বি ফরম"এ রিটার্ন লিখিয়ে সেই জমি গভর্নমেন্টএ ভেস্ট ক পর আদালত থেকে ইনজাংসন দিয়ে তা বন্ধ করছেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

না তা নয়, একটা কেসই এরকম হয়েছিল যেখানে গভর্নমেন্ট-কে ঠকাতে চেষ্টা করেছি গভর্নমেন্ট তার এ্যাকসন নিয়েছে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় যে সব কথা বলেছেন সেই প্রসঙ্গে আমি একথা বলতে চাই যে "এ ফর "বি ফরম"এর যে রিটার্ন তার মধ্যে দিয়ে ভাগচাষীকে যে জমির ব্যবস্থা করে দিয়েছেন গভর্নমেন্টএর আদালতে সেই সমস্ত আইনের বলে চাষীরা সে সমস্ত জমি পাচ্ছে না। সেই গভর্নমেন্ট সেই সমস্ত ভাগচাষীকে প্রোটেকসন দেবার ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটা মোস্ট থিওরেটিকাল কোশ্চেন। কোন কেস দিয়ে ডিটেইলস জানালে খোঁজ নিতে পা

Sj. Chitto Basu:

আপনি উচ্ছেদ জমি এক বৎসরের জন্য বন্দোবস্ত দিচ্ছেন; সেই জমি একাধিক বৎস জন্য বন্দোবস্ত দিতে আপনার আপত্তি কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটা করা হচ্ছে এই কারণে যে জমিদারী উচ্ছেদ হওয়ার সঙ্গে সঙ্গে চাষের জন্য যা এই সব জমি পতিত না থাকে তার জন্য একটা ব্যবস্থা করার দরকার হয়েছিল। দ্বিতীয় তাদের স্থায়ীভাবে দিলে বেঙ্গল টেনানসি এ্যাক্ট অনুসারে নানা অসুবিধা হতে পারে সেইজ আমরা যে ল্যান্ড রিফর্ম এ্যাক্ট আনছি—আমি বার বার বাজেট বক্তৃতায় একথা বলেছি—ে ল্যান্ড রিফর্ম এ্যাক্ট এর ৪৯ ধারা অনুসারে যাতে স্থায়ীভাবে জমি বন্টন করা যায় তার ব্যব হচ্ছে।

Sj. Chitto Basu:

এখানে স্থায়ীভাবে বলছিনা। কিন্তু এক বৎসর না করে ২।৩ বৎসরের জন্য দি আপনার আপত্তি কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এখানে রাইটএর প্রশ্ন আছে এবং তার ফলে নানা রকম কমপ্লেকসন আসতে পারে সেইজ এক বৎসর করে দেওয়া হয়।

Sj. Basanta Lal Chatterjee:

এখানে বলেছেন যে তাদের জমি দেওয়া হয়েছে। তাদের দীর্ঘকালের জন্য জমি দেবা কোন স্কীম আছে কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এখন আমরা যে সার্কুলার দিয়েছি তাতে এক বৎসর করে দেওয়া হচ্ছে। তবে যদি আমাদের সেকসন ৪৯ অফ দি ল্যান্ড রিফর্মস এ্যাক্ট চালু হয়নি তবুও আমরা সেই অনুসারে করছি।

Sj. Saroj Roy:

এখানে যে সমস্ত জমিদারের জমি গভর্নমেন্টএর কাছে ভেস্টেড হল এবং হবার পর ল্যান রিফর্মস ডিপার্টমেন্ট থেকে কৃষকদের কাছ থেকে রশিদ দিয়ে খাজনা নেওয়া হচ্ছে তবু সেই সমস্ত জমি থেকে কৃষকদের উচ্ছেদ করা হচ্ছে আইনের বলে। একথা কৃষকরা আপনা ডিপার্টমেন্টএ বারবার জানিয়েছে। সেখানে সরজমিন কোন তদন্ত করবেন কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

কন স্পেসিফিক কেস যদি দেন তাহলে অনুসন্ধান করে দেখবো।

Sj. Monoranjan Hazra:

এখানে অস্থায়ীভাবে কৃষকদের এক বৎসরের জন্য দেওয়া হয় কিন্তু আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, যে কৃষক ভালভাবে কাজ করে তাকেই কি প্রতি বৎসর জমি দেওয়া হয়?

The Hon'ble Bimal Chandra Sinha:

তাই দেওয়া হয়।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনি কি এটা জানেন, যে সমস্ত জমি গভর্নমেন্টএ ভেস্ট করেছে এবং সেই সব জমি যা এক বৎসরের সর্ত্তে ভাগচাষীকে দেওয়া হয়েছে, সেই জমির পুরাতন যারা মালিক, জমিদার, তারা সিভিল কোর্টএ মামলা করে তাদের উচ্ছেদ করার চেষ্টা করছেন। এটা বন্ধ করার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:

এই রকম খবর আমার জানা নেই। তবে এ সংবাদ যদি আমাকে সংগ্রহ করে দেন তবে নিশ্চয়ই স্টেপস নেওয়া হবে।

Sj. Ramanuj Halder:

এখানে উচ্ছেদের সংখ্যা দিয়েছেন ১,৫০৯ জন। এর মধ্যে কত জন ভাগচাষীকে জমি দেওয়া হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

নোটিশ চাই।

Message

Secretary (SHRI A. R. MUKHERJEA): Sir, the following message has been received from the West Bengal Legislative Council:—

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 2nd December, 1959, agreed to the Murshidabad Estate Administration (Amendment) Bill, 1959, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council".

Calcutta:
The 2nd December, 1959.

Leave of absence of Dr. Narayan Chandra Roy, M.L.A.

Mr. Deputy Speaker: Dr. Narayan Chandra Ray, a member of this House, who is proceeding outside India for the treatment of his ailing wife, has applied for leave of the House for remaining absent from the meetings of the Assembly from 23rd November, 1959, till he returns.

I think the House will have no objection to granting him the necessary leave of absence.

There being no objection the leave is granted.

Rise in the price of sugar

[4—4-10 p.m.]

Sj. Ganesh Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এখানে একটা অত্যন্ত লজ্জার বিষয় উল্লেখ করতে চাই যে, চিনির দাম অত্যন্ত বেশি বেড়ে গিয়েছে। কাঁটাপুকুরে যে গুদাম আছে সেখানে ৩৮ টাকা থেকে ৩৯ টাকা পাইকারী দরে বিক্রয় করবার নির্দেশ আছে এবং ৪১ টাকা ক'রে খুচরা

বিক্রয় করতে হবে। কিন্তু ফেক লাইসেন্স হোল্ডার এই দরে বিক্রয় করে না এবং তারা সরকারে নির্দিষ্ট কন্ট্রোল্ড রেটে কখনই বিক্রয় করে না। একটা ঘটনা কিছুদিন আগে ঘটেছে, সেটা আমি বলছি—কিছুদিন আগে চিনির ব্যবসাদাররা, যেমন মাতাদীন খৈতান কংগ্রেস ফান্ডে অনেক হাজার টাকা চাঁদা দিয়েছেন, সেই সময় এই জিনিস মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের কাছে উল্লেখ করা হয়েছিল, কিন্তু তখন তিনি বলেছিলেন, চিনির দাম বাড়ছে বটে তবে অন্য প্রদেশের তুলনায় এখানে চিনির দাম অনেক কম। এই ইঙ্গিত পাওয়া মাত্র তারপরেই চিনির দাম আরও বেড়ে যাচ্ছে এবং এ'দের কন্ট্রোল করার কোন চেষ্টা হচ্ছে না। এতে সাধারণ মানুষের দুঃখকষ্ট বেড়ে যাচ্ছে। আমি সরবরাহ মন্ত্রীর কাছে জানতে চাই তিনি কি প্রচেষ্টা করছেন এই চিনির দাম কমাবার জন্য। যদি চিনির দাম কন্ট্রোল না করেন তা হলে সাধারণ মানুষের চিনি খাওয়া চলবে না।

Sj. Sunil Das:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমিও এ সম্পর্কে কিছু বলতে চাই। আজকে সংবাদপত্রে বেরিয়েছে যে, গত কয়েক সপ্তাহের ভিতর চিনির পাইকারী দর মণপ্রতি ৭ টাকা এবং খুচরা দর সেরপ্রতি ১২—১৫ নয়া পয়সা মূল্যবৃদ্ধি পেয়েছে। আমরা শুনেছিলাম চিনির কোটা যা দেওয়া হয়েছিল তা কলকাতার চাহিদার পক্ষে পর্যাপ্ত, অথচ এখন এই প্রাচুর্যের ভিতর অপ্রাচুর্যের সৃষ্টি ক'রে মূল্যবৃদ্ধির চেষ্টা হচ্ছে। এখন আমরা আবার শুনতে পাচ্ছি, ক্যালকাটা থেকে বর্ডার এরিয়াতে চিনি চলে যাওয়ার দরুণ এখানে একটা স্কারসিটির পরিস্থিতি সৃষ্টি হচ্ছে—এ সম্পর্কে এই পরিস্থিতির প্রতিরোধ করার জন্য সরকারপক্ষ থেকে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সেটা আমরা সরবরাহমন্ত্রীর কাছ থেকে শুনতে চাই। আজকের সংবাদে বলা হচ্ছে দর নাকি আরও বৃদ্ধি পাবে। যাই হোক, আমরা মাননীয় সরবরাহ মন্ত্রীর বক্তব্য শুনতে চাই।

Sj. Natendra Nath Das:

গত জুলাই মাসে চিনির দাম এক টাকা চার আনা, এক টাকা পাঁচ আনা এইরকম ছিল, আজকে এক টাকা ছয় আনা ক'রে হয়েছে, অথচ আমরা দেখতে পাচ্ছি

Central Ministry of Food and Agriculture by their notification, dated the 25th of October, 1959.

নিয়ন্ত্রণ ক'রে দিয়েছেন ৩৭ টাকা ৮৫ নয়া পয়সা,

ex-factory price per maund of 82.27 pounds.

অথচ আমাদের এখানে বিহারে যে দামে বিক্রি হচ্ছে সেই অনুপাতে অনেক বেশি। চিনির দামের সঙ্গে সঙ্গে গুড়ের দামও বাড়াতে বাধ্য হয়েছে ব্যবসায়ীরা। এ সম্পর্কে সাপ্লাই মিনিস্টারএর বক্তব্য শুনতে পেলে ভাল হয়।

Mr. Deputy Speaker:

এসব ফুড ডিবেটএ বলবেন।

Dr. Nirendra Kumar Chatterjee:

শুধু কলকাতার খবরই নয়, কলকাতার আউটসাইড থেকেও এইরকম রিপোর্ট পাওয়া যাচ্ছে। সুতরাং প্রফুল্লবাবুর এ বিষয়ে কি বলবার আছে আমরা জানতে চাই।

Mr. Deputy Speaker:

দেখুন, এসব কথা এখন রেলিভ্যান্ট হয় না, আমি তো বলেছি ফুড ডিবেটএর সময় এগুলি বলার সুযোগ আপনারা পাবেন।

Sj. Hare Krishna Konar:

আমি অন্য একটা সংবাদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—

Estate Acquisition Amendment Bill

যেটা সিলেক্ট কমিটি থেকে পাস ক'রে এখানে দেওয়া হয়েছিল এবং কথা ছিল এখানে নেওয়া হবে, শুনতে পাওয়া গেল যে, কংগ্রেস পার্টির মধ্যে মতভেদের জন্য সেটা স্থগিত রাখা হচ্ছে।

Mr. Deputy Speaker:

আমি এসব অ্যালাউ করতে পারি না।

Oriental Gas Company

Sj. Deben Sen:

আমি একটা কলঙ্কজনক কথা আপনার কাছে রাখতে চাচ্ছি এবং এটা খুব জরুরি ব'লে আমি মনে করি—ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি তাদের বহু জরুরি এবং দামী প্রপার্টি ইতিমধ্যেই বিক্রি ক'রে দিয়েছে ব'লে আমরা সংবাদ পেয়েছি।

Mr. Deputy Speaker:

দেবেনবাবু, তাহলে এই অর্ডার পেপার দেবার কি দরকার? আপনার মত অভিজ্ঞ পার্লা-মেন্টারিয়ান এইরকম করছে কি ক'রে কাজ হবে? আমি এটা অ্যালাউ করতে পারি না।

Sj. Deben Sen:

জিনিসপত্র সরানো হচ্ছে, গুদাম ভর্তি বহু জিনিস বিক্রি হয়ে যাচ্ছে, এটা স্টেট গভর্নমেন্ট জানেন কিনা এবং যদি জানেন এ সম্বন্ধে কোন স্টেপ নেবেন কিনা, কারণ বিক্রি হয়ে গেলে কি আর প্রপার্টি থাকবে।

Mr. Deputy Speaker:

এসব ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি আলোচনার সময় বলবেন।

Sj. Dhirendra Nath Dhar:

ডিসম্যান্টল্ড হয়ে যাচ্ছে এরপর আলোচনা ক'রে কি হবে?

Mr. Deputy Speaker:

বিলের আলোচনার সময় বলবেন, আমি তো ব'লে দিয়েছি।

GOVERNMENT BILL

The Burdwan University Bill, 1959.

Clause 9.

[4-10—4-20 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ নাইনএ যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে ৩৫(এ) এবং ৩৫(বি)তে, তাতে আছে—

Sir, I beg to move that in clause 9(2), lines 3 and 4, for the words "Government Colleges, Sponsored Colleges, and other Colleges, affiliated to it", the words "affiliated Colleges" be inserted.

এর কারণ হচ্ছে, এখানে যে বিল আমাদের সামনে দেওয়া হয়েছে এবং তার মধ্যে যে ডেফিনিশন আছে সেই ডেফিনিশনএর মধ্যে দুইরকম কলেজএর ডেফিনিশন আছে—একটা হচ্ছে কলেজেস, আর-একটা হচ্ছে,

Constituent Colleges; Government College or sponsored College

এর কোন ডেফিনিশন নাই। এর মধ্যে যে গভর্নমেন্ট কলেজ এবং স্পনসর্ড কলেজ নেবার চেণ্টা হচ্ছে তার ডেফিনিশন বিশেষ কোন জায়গায় নাই—তার যুক্তি ও মানে আমরা বুঝি না। কোন্‌টা গভর্নমেন্ট কলেজ, কোন্‌টা স্পনসর্ড কলেজ, তার কোন ডেফিনিশন দেওয়া হয় নি গোড়াতে। অতএব অ্যাফিলিয়েটেড কলেজ হ'লে গভর্নমেন্ট কলেজও আসবে, স্পনসর্ড কলেজও আসবে। কনস্টিটিউয়েন্ট কলেজ নাম দিন, আমাদের আপত্তি নাই।

কিন্তু এখন থেকে গভর্নমেন্ট কলেজ বা স্পনসর্ড কলেজ এই দুটোর নমেনক্লেচার যখন বিলে স্থান পায় নি তখন এর সংজ্ঞায় আইনত আনডিফাইন্‌ড রয়েছে এবং এর কোন দাম নেই। অতএব সেখানে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে যে, ঐ স্পনসর্ড কলেজ এবং গভর্নমেন্ট কলেজের সংজ্ঞাগুলি তুলে দিয়ে অ্যাফিলিয়েটেড কলেজ বললে আটকাবে না। কারণ তার মধ্যেই গভর্নমেন্ট কলেজ এবং স্পনসর্ড কলেজ আসে। ডেফিনিশন না থাকলে বডি অফ দি অ্যাক্টে গভর্নমেন্ট কলেজ এবং স্পনসর্ড কলেজ থাকতে পারে না। সুতরাং এটা কতদূর আইনসঙ্গত সেটা আপনি বুঝবেন।

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 9(4), line 6, for the word "Chancellor" the words "Chief Justice of Calcutta High Court" be substituted.

Sir, sub-clause (4) runs thus: "If any question arises relating to the seniority of any person whose name is entered in a register referred to in sub-section (1) or sub-section (2), the question shall be decided by the University and an appeal from such decision shall, if preferred within thirty days from the date of such decision, lie to the Chancellor." Sir, it has been provided that a decision by the University can be challenged by an appeal to the Chancellor. Now, under this Act, the Chancellor is not somebody outside the University, he is a part and parcel of the University. What is the definition of 'University'? The University has been defined in section 3(1) as follows: "The first members of the University referred to in sub-section (2) of section 8 and all persons who may hereafter become members of the University shall, so long as they continue to be members, constitute a body corporate by the name of the University of Burdwan." So, the persons referred to in section 8(2) shall be the permanent members. Section 8(2) says: "The persons referred to in clause (i) to (iv) and (vii) to (x) of sub-section (1) shall be first members of the University. Who is the person referred to in Section 8(1)(i)? He is Chancellor. So, the Chancellor is always a part and parcel of the University and he will always form a constituent of the University. Therefore, if a decision is made by the

University, it is made by the Chancellor himself along with certain oth members of the University. So, how can an appeal lie against the decisi of the Chancellor sitting with some other members to the Chancellor hi self? How can the same person, while deciding a case sitting with oth persons and making a preliminary decision, constitute an appellate authori for the same case? This is inconsistent. Therefore, I would say that eith you make the University all in all and do not make any provision for appe or, if you insist on having a provision for appeal against the decision the University, you make the appellate authority somebody other than an member of the University. Therefore, I have proposed "Chief Justice the Calcutta High Court" in place of the "Chancellor" because th Chancellor is always a constituent part of the University—the Chancell may or may not be present when the University is deciding a case and h absence does not make any difference in the position. Therefore, I woul say that you either make somebody else as the appellate authority or let no the Chancellor decide a case along with other persons. Sir, in this connec tion I would draw your attention to Section 3 of the Calcutta Universit Act. There the First Chancellor is a member in the University and th others are not. You kindly see section 3 of the Calcutta University Ac There it is stated: The First Chancellor and the Vice-Chancellor of th University and the first member of the Senate and Syndicate and th Academic Council and all persons may hereafter become officers or member so long as they continue to hold such office or membership and shall on an from the appointed day constitute a body corporate by the name Universit of Calcutta. So on the day when the Calcutta University Act was publishe or came into operation, the first Chancellor remains a member of th University but the second Chancellor is not. As soon as the first Chancello goes away, the second Chancellor does not become a member of th University.

Then again, Sir, if you look to section 44 and section 47(3) you will find—there is some power of the Chancellor but at the same time there is some power of the Chancellor but at the same time there is no question as to appeal to the same authority. If any question arises whether any person is eligible for election or nomination or whether any person has been duly elected or nominated or is entitled to be a member of any other University, the question shall be referred to the Chancellor whose decision thereon shall be final and no suit or proceedings shall lie in any court against the decision. It is a proper and justifiable section because Chancellor is the only authority. There is no Appellate power. In Section 47(3) you will see a similar provision. If the Syndicate does not accept the recommendation of the Selection Committee, it shall refer the recommendation back to the Selection Committee for reconsideraion and if the Syndicate does not accept the reconsidered view of the Selection Committee, the matter shall be referred to the Chancellor whose decision shall be final. So under the Calcutta University Act there is no provision for the appeal. Only there is consideration and a chance for reviewing the decision. If the Selection Committee or other committee does not review, then it will be referred to the Chancellor whose decision will be final. In this section you are creating an Appellate Authority and in creating such Appellate Authority you are making the Chancellor to be the person who constitutes the original authority. I would request you to see clause 13. Here it is said. The following shall be the officers of the University:—

The Chancellor, the Vice-Chancellor, the Finance Officer and the Registrar.

They are the officers of the University. So the decision by the University as a whole shall be appealed against to one officer of the University. How

is it possible and how is it consistent? I fail to understand all these. Sir, I have proposed Chief Justice of Calcutta High Court to be the Appellate Authority against any decision of the University.

[4-20—4-30 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I oppose all the amendments proposed. Sir, I will tell the House to remember that sub-clause (5) of clause 8 was accepted by the House.

Sub-clause (5) of clause 8 , which was accepted last night by the House, mentions separately three principals one of a Government college, another of a sponsored college and a third of an affiliated college and therefore clause 9 follows as a consequential clause. So you cannot omit those words—the three registers have to be kept separately.

Dr. Hirendra Kumar Chattopadhyay: What I pointed out is that in the definition clause, you have not defined these colleges. How would you define these colleges?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Those terms are well known in the academic world and there is no necessity of defining all those words.

As regards the amendment of Mr. Panda, Sir, it is necessary to provide for an appeal. Mr. Panda's point is that since the Chancellor is one of the members of the University it is to be presumed that the Chancellor would also preside. That is not so. His argument is that the University includes the Chancellor and so if the University comes to a decision, it means the decision of the Chancellor as well and therefore how can the Chancellor over-ride the decision of the University again. That is his argument. But if you refer to clause 14, you will find that "the Governor of the State of West Bengal shall be the ex-officio Chancellor of the University and shall when present, preside at meetings of the University including any convocation of the University". Sir, it is not expected that Chancellor will take part in the day to day administration of the University. Therefore the decision of the University means the decision of the members of the University minus the Chancellor. Hence the Chancellor has been given the right to decide.

Shri Basanta Kumar Panda: What will be the position if the Chancellor is present and decides?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: In fact, the Chancellor never presides over the meetings, you know that.

Shri Basanta Kumar Panda: But he has the right to be present and to preside and if he is present and in his presence a decision is made, what then?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: He will never preside.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that in clause 9(2), lines 3 and 4, for the words "Government Colleges, Sponsored Colleges, and other Colleges, affiliated to it" the words "affiliated Colleges" be inserted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 9(4), line 6, for the word "Chancellor" the words "Chief Justice of Calcutta High Court" be substituted, was then put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 9A

Shri Jagannath Kolay: Sir, I beg to move that after clause 9 the follo' ing clause be inserted, namely:—

"9A. The University shall maintain and keep up-to-date, in su(manner as may be prescribed by Statutes, separate registers (the names of Teachers of the University, Teachers of Colleg and Members of Governing Bodies of Colleges not being Principa or Teachers of Colleges."

The motion was then put and agreed to.

The question that new clause 9A do stand part of the Bill was then pı and agreed to.

Clause 10

Shri Jagannath Kolay: Sir I move that in sub-clause (1) of clause 1(after the word "appointment" occurring in lines 1 and 2 the words "c election" be inserted.

I also move that in sub-clause (2) of clause 10, after the word "appoint ment" occurring in lines 2 to 3 and in line 5, the words "or election" b inserted.

Shri Subodh Banerjee: Sir, I beg to move that in clause 10(1)(a), a the end, the words "a deaf-mute or" be inserted.

I also move that in clause 10, after the sub-clause (2), the following b inserted, namely:—

"(3) In case of dispute or doubt the University shall determine whethe a person is disqualified under this section and its decision will b final."

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, আমি প্রথমে ১০ নম্বর ধারার ১ নম্বর উপধারার আইটে "এ"তে একটা কথা যোগ করতে চাই, অর্থাৎ ডিসকোয়ালিফিকেশন আইটেম বাড়াতে চাচ্ছি যেটা কি না ডেফ্ এন্ড মিউট যদি হয় হি উইল বি ডিসকোয়ালিফায়েড। এটা আমার নতুন কিছ্‌ নয়, শিক্ষা মন্ত্রীমহাশয় হাসবেন না—

The same disqualification is there in the Calcutta University Act, 1951 আমি জিজ্ঞাসা করতে চাই, এমন কি বিশেষ ঘটনা ঘটল, যাতে করে ডেফ অ্যান্ড মিউট ডিস কোয়ালিফিকেশন, যেটা ক্যালকাটা ইউনিভার্সিটি-এর বেলায় আছে, এখান থেকে তুলে দেওয় হচ্ছে? ডেফ অ্যান্ড মিউট প্রপারলি সার্ভ করতে পারবে না বলে আমার ধারনা, স্‌তরাং এটা থাকা দরকার। এমন যদি হত যে আপনাদের ফিসিক্যালি ক্রিপল্ড—ডেফ অ্যান্ড মিউট এদের জন্য কোন কলেজ আছে, তাহলে তাদের রিপ্রেজেন্টেটিভ হিসাবে যদি ডেফ অ্যান্ড মিউট কেউ যেত, তাহলে আমাদের কিছ্‌ বলার ছিল না, যেমন সেকেন্ডারী বোর্ড অফ এডুকেশানএ ডেফ অ্যান্ড মিউটএর যদি কেউ রিপ্রেজেন্টেটিভ থাকে, তাহলে আমাদের কিছ্‌ বলার নেই, কারণ ডেফ অ্যান্ড ডাম্ব এদের রিপ্রেজেন্টেটিভ হিসাবে সেখানে যেতে পারে। কিন্তু ইউনিভার্সিটির ক্ষেত্রে ডেফ অ্যান্ড ডাম্বএর ট্রেনিংএর জন্য এমন কোন প্রোভিশন নেই। ডেফ অ্যান্ড মিউট যদি কোন লোক ইউনিভার্সিটিতে যায়, সেটা কি ঠিক হবে? প্রপার ফাংশানিং, প্রপার ডিসচার্জ অফ ডিউটিস হবে না বলে আমি মনে করি। এইজন্য আমি ওটা ডিসকোয়ালিফিকেশন হিসাবে রাখতে চেয়েছি। এটা ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৫১এ আছে। এটা হল আমার এক নম্বর বক্তব্য।

দ্বিতীয় নম্বর বক্তব্য—আমি এদিকে একটু নজর দিতে বলছি, আমি মনে করি যে এটা আর একটু ক্লেরিফায়েড হওয়া দরকার। ২নং উপধারায় ল্যাঙ্গুয়েজটা দেখুন,

"If any member incurs any of the disqualifications enumerated in sub-section (1) after the date of his appointment,......" "he shall be removed from his office as member of the University by the Chancellor".

দাঁড়াবার সময় আমার ডিসকোয়ালিফিকেশন ছিল, অন্য কেউ জানতো না, ডিসপুট উঠে নি, আমি অ্যাপয়েন্টেড হয়ে গেছি বা ইলেকটেড হয়ে গেছি, এরকম ক্ষেত্রে আমাকে রিমুভ করবেন, সাবসিকোয়েন্ট রিমুভ্যাল—কে রিমুভ করবেন, চান্সেলার রিমুভ করবেন। এখন সে জায়গায় আমার বক্তব্য হচ্ছে নিশ্চয়ই চান্সেলার রিমুভ করবেন, কিন্তু

Who is going to see that he incurs disqualification? There is to be a dispute. Otherwise how does the Chancellor comes to know that he is incurring disqualification? language

আমার পয়েন্ট হচ্ছে এখানে পরিস্কার ল্যাংগয়েজটা দেখুন কি দাঁড়াচ্ছে

"If any member incurs any of the disqualification, he shall be removed from his office".

আমার আপত্তি এই জায়গায় নেই। কেউ যদি ডিসকোয়ালিফিকেশান ইনকার করে

he shall be removed. But how the thing is going to be determined? That is my point.

কেমন করে হবে? মনে করুন কেউ করলো না, তাহলে সুয়ো-মটু চান্সেলার রিমুভ করবেন

or a dispute will be needed for that?

পয়েন্ট-আউট করতে হবে।

[4-30—4-40 p.m.]

কিম্বা মনে করুন যাকে আপনি সরাতে চাচ্ছেন তিনি চ্যালেঞ্জ করছেন, তাঁর ডিসকোয়ালিফিকেশন স্বীকার করছেন না, তাহলে কি হবে? মনে করুন একজন লোক চান্সেলারএর কাছে কমপ্লেন করলেন

he is suffering from that disqualification

তিনি বলছেন, না: ডিসপিউট তুলেছেন এক্ষেত্রে কি হবে? সেইজন্য আমার মতে এখানে একটা স্পেসিফিক প্রোভিশন থাকা দরকার—ইন কেস অফ ডিসপিউট। ইউনিভার্সিটির ডিসিসন নেওয়া হবে। আপনি যদি মনে করেন ভাইস-চান্সেলারএর ডিসিসন দরকার, তা করুন। আমার পয়েন্ট হচ্ছে, একজনের উপর এই রকম ক্ষমতা দেওয়া উচিত। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টে এই রকম ব্যবস্থা আছে। আমার সংশোধনী দিয়েছি এই জন্য যে,

in case of dispute or doubt the University shall determine whether a person is disqualified under this section and his decision will be final.

এখানেও এই রকম একটা প্রোভিশন রাখুন। আপনি যদি মনে করেন ইউনিভার্সিটি নয়, তাই ভাইস-চান্সেলারএর ডিসিসন ফাইনাল হবে, তাহলে তাই করুন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু আমি মনে করি এই রকম একটা ধারা রাখা দরকার। আমি রিমুভ হলে, আমিও ডিসপিউট তুলতে পারি, তখন

who is going to determine?

এইটাই আমার প্রস্তাব, দেখুন এই রকম একটা প্রোভিশন রাখা দরকার আছে কিনা? আমি মনে করি দরকার আছে, তা নাহলে কনফিউশন উপস্থিত হতে পারে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সুবোধবাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটা সাপোর্ট করে আমি কিছু বলতে চাই। এখানে ডিসকোয়ালিফিকেশানএর মধ্যে একটা হচ্ছে আনসাউন্ড মাইন্ড। আনসাউন্ড মাইন্ড ডিটারমাইন করতে হলে দুইজন কম্পিটেন্ট ডাক্তার দিয়ে সেপারেটলি এগজামিন করে ডিক্লেয়ার করা দরকার। তবে সে আনসাউন্ড মাইন্ড বলে গ্রাহ্য

বে। অতএব কেউ আনসাউন্ড মাইন্ড কিনা, সেটা ডিটারমিন করতে একজন নয়, দু-জন ডাক্তারের প্রয়োজন, এবং তাঁরা সেপারেটলি এগজামিন করে রিপোর্ট দেবেন। এই দুইজন ডাক্তারের মধ্যে একজন যদি রিপোর্ট দেয় অমুক আনসাউন্ড মাইন্ড বলে, তাহলে সেটা ঠিক হবে না এবং চ্যান্সেলার যদি সেটা মেনে নেন তাহলে পাগলামী হবে। তারই জন্য সুবোধবাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা আমি সাপোর্ট করছি। এখন একটা ম্যাসিনারী অর্ অ্যারেঞ্জমেন্ট রাখা উচিত যে ইন কেস অফ ডিসপিউট অর চ্যালেঞ্জ এলে তা ডিটারমিন করা যাবে। অন্ততঃ একটা অ্যারেঞ্জমেন্ট রাখা যাতে এই ধরনের ডিসপিউট উঠলে পর তা ডিটারমিন করা যায়, এবং তারই জন্য আমি এই অ্যামেন্ডমেন্টটা সাপোর্ট করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That provision which Shri Subodh Banerjee suggests can be made under the general powers of the University either by Statute or by Ordinance or by Rules. This cannot be made in the Act itself. That is the reply to Mr. Banerjee's amendment. Shri Subodh Banerjee has no objection to the Chancellor being the authority to determine.

As regards the question who will determine whether a person is of unsound mind, well that can be done by the Vice-Chancellor of the University himself or by framing a rule for that purpose. You will see that in section 20 the general powers of framing Statutes, Ordinances, Regulations and Rules have been given to the University.

I oppose the amendments.

The motion of Shri Jagannath Kolay that in sub-clause (1) of clause 10, after the word "appointment" occurring in lines 1 and 2 the words "or election" be inserted, was then put and agreed to.

The motion of Shri Jagannath Kolay that in sub-clause (2) of clause 10, after the word "appointment" occurring in lines 2-3 and in line 5, the word "or election" be inserted, was then put and agreed to.

The motion of Shri Subodh Banerjee that in clause 10(1)(a), at the end, the words "a deaf-mute or" be inserted, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 10, after the sub-clause (2), the following be inserted, namely:

> "(3) In case of dispute or doubt the University shall determine whether a person is disqualified under this section and its decision will be final."

was then put and lost.

The question that clause 10, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Shri Jagannath Kolay: Sir, I beg to move that to clause 11 the following sub-clause be added, namely:—

> **"(3) If a casual vacancy arises in the seat of any member elected under clause (xiia) or clause (xiib) of sub-section (1) of section 8 for any of the reasons referred to in clauses (a), (b), (c), (d) or (e) of sub-section (1), such vacancy shall be filled by a person having the requisite qualifications to be elected by the body and in the manner referred to in clause (xiia) or (xiib), as the case may be.**
>
> **(4) Any person elected under sub-section (3) to fill a casual vacancy shall, subject to the provisions of the proviso to sub-secton (4) of section 8, hold office as a member for the unexpired period of the term of office of the member in whose place he is so elected."**

Sj. Subodh Banerjee:

আমার যেটা সংশোধনী প্রস্তাব, এখানে এই যে অ্যাপয়েন্টমেন্ট কথাটা আছে, হতে পারে ইলেকটেড, এজন্যে আমি রেখেছিলাম—

other than the ex officio members—

এখানে আপনাদের যে ল্যাংগোয়েজ আছে, অ্যাপয়েন্টেড আন্ডার ক্লজ, ইত্যাদি, ইত্যাদি, সেখানে 'ইলেকশন' তো হতে পারে। সেটা বাদ দিয়ে শুধু যদি বলে দেন

other than the ex officio members

ভাল হয়।

They may be elected, they may be appointed Chief Whip

যখন সংশোধনী এনেছেন তখন এটা আমার আর মুভ করার দরকার নেই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I accept the amendment moved by Shri Jagannath Kolay.

The motion of Shri Jagannath Kolay that to clause 11 the following sub-clauses be added, namely:—

(3) If a casual vacancy arises in the seat of any member elected under clause (xiia) or clause (xiib) of sub-section (1) of section 8 for any of the reasons referred to in clauses (a), (b), (c), (d) or (e) of sub-section (1), such vacancy shall be filled by a person having the requisite qualifications to be elected by the body and in the manner referred to in clause (xiia) or (xiib), as the case may be.

(4) Any person elected under sub-section (3) to fill a casual vacancy shall, subject to the provisions of the proviso to sub-section (4) of section 8, hold office as a member for the unexpired period of the term of office of the member in whose place he is so elected."

was then put and agreed to.

The question that clause 11, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 12, 13 *and* 14

The question that clauses 12, 13 and 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

[4-40—4-50 p.m.]

Shri Subodh Banerjee: Sir, I beg to move that in clause 15(1), line 1, after the words "of the University" the words "shall be a distinguished eduactionist and" be inserted.

I also beg to move that in clause 15(1), line 5, for the words "four years" the words "three years" be substituted.

১৫নং ধারায় আমার দুটো জিনিস করতে চাই। প্রথম কথা আমি মনে করি ভাইস চ্যান্সেলর একজন ডিস্টিংগুইস এডুকেশানিস্ট হওয়া দরকার। কেন এটা করেছি। আপনি ভাইস চ্যান্সেলারস পাওয়ার অ্যান্ড ডিউটিজ' দেখুন, সেখানে কি রয়েছে

shall be a whole-time officer of the University and shall be the administrative and academic head of the University. Academic head—my emphasis is on the two words—academic head—

এটা যদি হয় তাহলে

definitely he must be connected with the academic world of the country or the University or the area connected with the University.

সেজন্যে ডিস্টিংগ্রইসড এডুকেসানিস্ট হওয়া তাঁর দরকার। এ বিলের মাঝখানে ঠিক লেখা নেই। শিক্ষা মন্ত্রীমহাশয় ভাল করে তার মাইন্ড জানেন, কাকে তিনি ভাইস চ্যানসেলার করবেন, শুনছি শ্রীসুকুমার সেনকে করবেন। কোন এক্সপার্ট‌এর প্রশ্ন এখানে নেই, কাউকে গালাগালি দেবার প্রশ্ন নয়। আপনারা একটা সাইড দেখছেন কেন—এ্যাডমিনিস্ট্রেটিভ সাইড শুধু দেখছেন কেন? ভাইস চ্যানসেলরের এ্যাডমিনিস্ট্রেটিভ সাইড শুধু দেখলে চলবে না। ভাইস চ্যানসেলরের এ্যাডমিনিস্ট্রেটিভ সাইড ত আছে, একাডেমিক সাইড ত আছে। সত্য কথা বলতে কি এ্যাডমিনিস্ট্রেটিভ সাইড কম। ডে-টু-ডে-এর যে কাজ সেটা করেন রেজিস্ট্রার। ফাইনান্সএর যে কাজ সে কাজ করেন ফিনানসিয়াল অফিসার, অন্য জায়গায় ট্রেজারার। এছাড়া আর যা কিছু জেনারেল পলিসি এ্যাডমিনিস্ট্রেসনএর, সেটা গাইড করছেন ভাইস চ্যানসেলর, জেনারেল প্রিনসিপল এ্যান্ড পলিসি অব এডুকেশন গাইড করেন ভাইস চ্যানসেলর। কিন্তু এ'রা ভাইস চ্যানসেলরকে দাঁড় করাচ্ছেন কোথায়, কেরানীতে দাঁড় করাচ্ছেন, ক্যালকাটা ইউনিভারসিটির ভাইস চ্যানসেলরকে কেরানীতে দাঁড় করাচ্ছেন, এ্যান্ড হি ইজ নো বেটার দেন এ বিগ ক্লার্ক। তার সঙ্গে রেজিস্ট্রারএর ডিফারেন্স কি? মাইনে কম বেশী, যার স্পেশাল পাওয়ার ভাইস চ্যানসেলরএর হাতে ক্যালকাটা ইউনিভারসিটি অ্যাক্টএ দিয়েছেন। আর তাকে চেয়ারম্যান হিসাবে প্রিসাইড করার অধিকার দিয়েছেন, যেটা তার য়্যাবসেন্সএ ট্রেজারার করেন। রিয়ালি স্পিকিং এটাকে কি আপনি ভাইস চ্যানসেলরএর কাজ বলে মনে করেন, অন্ততঃ আমি মনে করি না, যে জায়গায় পলিসি করা দরকার, স্কোপ রয়েছে, সেখানে কি হচ্ছে? আজকে এ্যাডমিনিস্ট্রেসনের কাজ একটা লোককে দিয়ে করাতে পারেন, কিন্তু সত্যিকারের অভাব হচ্ছে, এমন লোকের যারা একাডেমিক লাইফ প্রপারলি লিড করে, ভাইস চ্যানসেলরের জায়গায় যিনি আসবেন তাঁর হোল এ্যাটেনসন স্ট্যানডারড অব এডুকেসনএর উপর থাকবে। স্ট্যানডারড অব এডুকেসন হাই করার দরকার আছে, সেখানে যদি ফাইলবাজী করতে হয়, মন্ত্রীদের মত অবস্থা হবে, গিয়ে দেখবো টেবলএর সামনে এতগুলি ফাইল, তাও ক্লিয়ার হতে ৬মাস, এই ফাইলবাজীতে আর অন্য কিছু হচ্ছে না। আমার বক্তব্য—রিয়ালি দেশের যেটা প্রয়োজন সেদিকে তাকিয়ে যদি ধরেন এবং একাডেমিক ব্যাপার দেওয়া দরকার করা উপর, সেদিকে যদি দেখি তাহলে ডিস্টিংগুইস্ট এডুকেসানিস্টএর কথায়ই বলতে হয়, আমি তো বলছি না অমুককে করুন। দেশের মধ্যে যারা ডিটিংগুইস্ট এডুকেসানিস্ট সেরকম লোককে করতে আপত্তি কি? ভাইস চ্যানসেলর যিনি ইউনিভারসিটি হেড, এ্যাডভান্সমেন্ট অব লারনিংএর ক্ষেত্রে হেড অব দি ইনস্টিটিউসন যিনি, তিনি এডুকেশনিস্ট হতে আপত্তি কি থাকতে পারে? যদি আমার য়্যামেন্ডমেন্টএ থাকে যে এরকম কেডারএর লোককে দেবেন, তাহলে আপত্তি কি থাকতে পারে? আর যদি মাইন্ডএ থাকে এরকম কেডারএর লোককে দেবো দ্যাট ইজ এ ডিফারেন্ট থিং এই হল প্রথম নম্বর বক্তব্য।

দ্বিতীয় নম্বর বক্তব্য—ভাইস চানসেলরএর টার্ম ফোর ইয়ারস করছেন, টু ইয়ারস মেম্বারদের ক্ষেত্রে। আদার মেম্বারস টু ইয়ারস কিন্তু ভাইস চানসেলরএর বেলায় ফোর ইয়ারস কেন? হোয়াই নট থ্রি ইয়ারস! আমি সেজন্য এ্যামেন্ডমেন্টএ দিয়েছি থ্রি ইয়ারস, অন্য মেম্বারদের মত না করে এই থ্রি ইয়ারস করলাম কেন দেয়ার ইজ রিজন বিহাইন্ড ইট। ধরুন নিউ মেম্বার থাকতে হলে ওয়ার্ক কে করবে? ক্যালকাটা ইউনিভারসিটি অ্যাক্টএ তিন মাস করতে পারে, সেখানে কোন প্রোভিসন নাই সুতরাং কন্টিনিউটি রাখার জন্য ভাইস চানসেলর মাস্ট রিমেন, তাই এই ১ বছর সাফিসিয়েন্ট টাইম বলে মনে করি। অর্থাৎ ইতিমধ্যে নূতন লোকেরা এসে যাবে, তারা ১ বছর কাজ করার পর অওল্ড ভাইস চানসেলর যাবেন, কিন্তু তাঁর ক্ষেত্রে ৪ বছর যদি করেন, তহেলে ভাইস চানসেলর গেলেন, সমস্ত পুরানো মেম্বাররাও চলে গেলেন, তাহলে কি পজিসন হবে? তবে এল সি এম করে ৬ বছর পরে এমন সময় আসতে পারে যখন—সকলেই চলে যাবেন। সে যাই হোক আমি অন্য মেম্বারদের যেখানে টু ইয়ারস সেখানে ভাইস চানসেলরএর বেলায় থ্রি ইয়ারস করতে বলি, এতে সাফিসিয়েন্ট কন্টিনিউটি থাকবে।

Dr. Hirendra Kumar Chattopadhayay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ক্লজ ফিফটিনএ সুবোধবাবু যে অ্যামেন্ডমেন্টগুলি দিয়েছেন, তা সমর্থন করছি এবং তা সমর্থন করার পর আমি আমার অ্যামেন্ডমেন্টগুলি মুভ করবো। তা সমর্থন করার কারণ হচ্ছে দুই বৎসরের টার্ম করছেন লাইফএর এটা আমরাও

সমর্থন করি না। কারণ মন্ত্রী মহাশয়ও জানেন বর্তমানে ক্যালকাটা ইউনিভারসিটির সিনেট যে স্ট্যাটাস করে পাঠিয়ে দেন, সেই স্ট্যাটাস তারা আবার পাঠান সেক্রেটারি টু দি চানসেলরএর কাছে এবং সেক্রেটারি টু দি চানসেলর, আমরা শুনলাম, তিনিই হচ্ছেন সেক্রেটারি টু দি এডুকেশন ডিপার্টমেন্ট এবং তিনিই ডি পি আই, অর্থাৎ তিনি এক সঙ্গে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর; তার কাছে এসে থাকে। স্বর্গীয় ডাক্তার মুখার্জী, যিনি চানসেলর, তাঁর সঙ্গে আমার আলোচনা হয়, তিনি আমাকে বলেছিলেন যে এমনও হয় যে স্ট্যাটাস সিনেট থেকে এসে থাকে এবং তা ৬ মাসের মধ্যে তাঁর সামনে দেওয়া হয় না। এবং ৬ মাসের মধ্যে যদি চানসেলরএর সামনে সেই স্ট্যাটাস কনসিডার করার জন্য প্লেসড না হয়, তাহলে এমন বহু স্ট্যাটাস আছে যা পাঠিয়ে দেবার পর ১½ বৎসর দুই বৎসরেও তা এ্যাপ্রুভড হয়ে আসে না। এই রকম অবস্থায় এমনও হতে পারে যে দুই বৎসর যদি তাদের লাইফ টার্ম হয়, তাহলে একটা বডি তারা স্ট্যাটিউটস ফ্রেম করে গেল, তার এ্যাপ্রুভাল আসতে আসতেই তাদের লাইফ শেষ হয়ে গেল, তখন তার রাশানাইলিটি অফ দি স্ট্যাটিউটস আবার নুতন করে যাঁরা আসবেন, তাদের বুঝতে হবে, পড়তে হবে, শিখতে হবে। অতএব আমার মনে হয় আপনারা দুই বৎসরের বেশি দিতে চাচ্ছেন না কারণ পাছে তারা ডাগর হয়ে উঠে এক্সপিরিয়েন্সড মেম্বার হয়, তাই তাদের কাঁচা বা তরুণ করে রেখে দেওয়াই বোধ হয় আপনাদের উদ্দেশ্য। এখানে চানসেলরকে কেন ৪ বৎসর করা হবে তাও বুঝতে পারলাম না, তার বেলাও তাই করা উচিত ছিল। অবশ্য তিনি বলবেন যে ওভার-ল্যাপিং একটু দরকার। কিন্তু ওভারল্যাপিং হলে আবার সেই এল সি এমএর ফাঁড়া। সুতরাং আমি সুবোধবাবুর এই অ্যামেন্ডমেন্টটা সাপোর্ট করছি।

এরপর যেটাতে আসছি সেটা ক্যালকাটা ইউনিভারসিটি অ্যাক্টএও দেখেছি। আমরা এ জিনিস চাই না। আমরা অ্যামেন্ডমেন্ট ৪১(এ) সেটা হচ্ছে

Sir, I beg to move that in clause 15(1), lines 2 and 3, for the words "in consultation with the Minister" the words "out of a penal of names recommended by the University" be substtuted.

এখানে ইন কনসালটেশন উইথ দি মিনিস্টার এ কথাটা তুলে দিতে চাই, এটাই আমাদের দাবী। তার কারণ হচ্ছে, ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন, অনেক সময় এই জিনিস হতে পারে; যে ইউনিভারসিটির এ্যাকাডেমিক ইনডিপেনডেন্স বলে একটা জিনিস আছে, ইউনিভারসিটির এ্যাকাডেমিক পলিসি বলে একটা জিনিস আছে, সেটা অনেক সময় মন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত নাও হতে পারে, সেই জিনিস ভাল করে বলে দিতে চাই যে, যেমন আমাদের বাংলাদেশে হয়েছে সেখানে মন্ত্রীমহাশয়ের সঙ্গে ইউনিভারসিটির একমত হয় নি। এমন কি ইংরাজ আমলেও হয়েছিল, চানসেলর ছিলেন লর্ড লিটন তাঁর সঙ্গে স্যার আশুতোষ মুখার্জীর মতের মিল হয় নি। সুতরাং ভাইস চানসেলরএর সঙ্গে এ্যাকাডেমিক ডিফারেন্স হওয়াটা লজ্জার কথা নয়, শিক্ষার একটা স্বাধীনতা থাকা উচিত, একটা এ্যাকাডেমিক ইনডিপেনডেন্স থাকা উচিত। আমি যে এটা অপজিশন থেকে বলছি তা নয়, একথা যাঁরা ভারতবর্ষের সেন্ট্রাল কেবিনেটএ মিনিস্টার ছিলেন ডাঃ জন মাথাই বলেছেন, স্যার সি ডি দেশমুখ বলেছেন, তাঁরা বিরোধী দলের ছিলেন না বা বামপন্থী ছিলেন না, তাঁরা এ্যাকাডেমিক ইনডিপেনডেন্সএর কথা মেনসন করে বলেছেন ওয়ান অফ দি ভারচুস অফ দি ইউনিভারসিটি এবং এটাই হওয়া কর্তব্য বলে তাঁরা মনে করেন, সেখানে ভাইস চানসেলরকে অ্যাপয়েন্ট করতে হবে ইন কনসালটেসন উইথ দি মিনিস্টার। যতই করুন যে চানসেলর করবেন কিন্তু

the Minister's opinion will have a very say in the matter.

এবং সেইজন্য এখানে এডুকেশনাল পলিসির ইনডিপেনডেন্স দরকার। এখানে ইন কনসালটেসন উইথ দি মিনিস্টার এ কথাটা বললে মনে হয় যে ইউনিভারসিটি; এ্যাকাডেমিক আউটরেজ বলতে যা বুঝায় সেই জিনিসই করা হচ্ছে। তাই আমি এটা আবার বলছি এটা হচ্ছে, আউটরেজিং দি এ্যাকাডেমিক মডেসটি অফ দি ইউনিভারসিটি এবং সেই জায়গায় আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে

The Vice-Chancellor shall be selected out of a panel of names recommended by the University.

[4-50—5 p.m.]

শিক্ষা সম্বন্ধে যাঁরা আলোচনা করেন, শিক্ষা সম্বন্ধে যাঁরা চিন্তা করেন তাঁদেরই ভাইস চান্সেলর করতে পারবেন। ইউনিভারসিটি এডুকেসন সম্বন্ধে যারা ওয়াকিবহাল সেইরকম তিন-জন এডুকেশানিস্টএর নাম যাবে—যেটা সুবোধবাবু বলেছেন সেটাই আমি এখানে বলেছি। এটা ভুলে গেলে চলবে না যে, এডুকেসন একটা স্পেশালিটি—যিনি এডুকেশনাল ম্যাটারসএ স্পেশালিস্ট তিনি অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাপারে ফেলিওর হতে পারেন। সেইরকম অ্যাডমিনিস্ট্রেটিভ ম্যাটারসএ যিনি স্পেশালিস্ট তিনি এডুকেশনাল ম্যাটারসএ ব্যর্থ হতে পারেন। তাই জন্য আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি

out of a panel of names recommended by the University.

তাহলে সুবোধবাবু যেটা চেয়েছেন সেটা এনসুড হয়। এই প্যানেলএর মধ্যে এডুকেশানিস্টএর নাম পাঠাবেন। কে কবে ভাল করে অ্যাডমিনিস্ট্রেশন চালিয়েছে, সেটা বিচার করে যদি তাঁদের নিয়ে ইউনিভারসিটি করতে হয়, তাহলে কি ধরনের ইউনিভারসিটি হবে আমাদের বোধগম্য হচ্ছে না। যদি ইউনিভারসিটিই করতে হয় তাহলে তাঁদের এ্যাকাডেমিক ইন্টারেস্ট কাউন্ট করতে হবে। এখানে যেরকমভাবে কম্পোসড হচ্ছে তাতে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাপার হয়ে দাঁড়াবে এবং তাহলে এটাকে এডুকেশন সেক্রেটারিয়েটএর একটা উইং তৈরি করলেই ভাল হয়। কিন্তু যদি শিক্ষার দিকে তাকাতে হয়, তাহলে আমি যেটা বলেছি

out of a panel of names recommended by the University.

এবং আমি আশা করি অন্ততঃপক্ষে আমার এই অ্যামেন্ডমেন্টটা শিক্ষা মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন এ্যাকাডেমিক ইন্টারেস্টএর সম্মান রক্ষা করবার জন্য। আমার এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করলে আমার দ্বিতীয় অ্যামেন্ডমেন্টটা এসে পড়ে। প্রথম বারে কি হবে? প্রথম বারে অর্থাৎ যখন ইউনিভারসিটি তৈরি হয় নি, কম্পোসড হয় নি তখন কি করে হবে—সেজন্য আমি মুভ করছি

"(1a) The First Vice-Chancellor however shall be appointed by the Chancellor in consultation with the Vice-Chancellor, Calcutta University, the Rector, Jadavpur University and the Vice-Chancellor, Biswa Bharati University."

পশ্চিমবাংলায় যে তিনটি বিশ্ববিদ্যালয় আছে, সেখানে যাঁরা ভাইস চ্যান্সেলর আছেন তাঁরা সকলেই এ্যাকাডেমিসিয়ান, তাঁরা জানেন পশ্চিমবাংলার কোথায় কোনখানে এ্যাকাডেমিসিয়ান আছেন, যাদের হাতে শিক্ষার দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত থাকতে পারা যায়। সেজন্য আমি মনে করি যে, প্রথমবারে অর্থাৎ যখন ইউনিভারসিটির কম্পোজিসন হয় নি, তখন তাঁদের সঙ্গেই পরামর্শ করা সমীচীন হবে। মিনিস্টির সঙ্গে পরামর্শ করার চেয়ে। এবং আমি মনে করি তাহলেই আমরা ভাল জিনিস পাব। সেজন্যই আমি বলেছি

The First Vice-Chancellor however shall be appointed by the Chancellor in consultation with the Vice-Chancellor, Calcutta University, the Rector, Jadavpur University and the Vice-Chancellor, Biswa Bharati University.

এবং আমি আশা করি এ্যাকাডেমিক ইন্টারেস্টএর দিকে লক্ষ্য রেখে এবং ফর এ্যাডভান্সমেন্ট অফ লার্নিং। শিক্ষা মন্ত্রীমহাশয় আমার এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন।

Sj. Sisir Kumar Das:

মাঃ ডেপুটি স্পীকার, স্যার, এই যে দুটো অ্যামেন্ডমেন্ট এসেছে সুবোধ ব্যানার্জি মশাই এবং ডাঃ হীরেন চট্টোপাধ্যায় মহাশয়ের নামে সেই দুটো অ্যামেন্ডমেন্ট আমি সাপোর্ট করি। আমি দেখতে পাচ্ছি ক্লজ ১৬-এ আছে

the Vice-Chancellor shall be a whole-time officer of the University and shall be the administrative and academic head of the University.

এ্যাকাডেমিক হেড যিনি হবেন তাঁর এ্যাকাডেমিক কোয়ালিফিকেশন থাকা দরকার, তা না হলে যা হবে সেটা হবে "হংস মধ্যে বক যথা"। একজন অ্যাডমিনিস্ট্রেটিভ হেডকে যদি ইউনিভারসিটির হেড করে বসিয়ে দেওয়া যায়, তাহলে ইউনিভারসিটির গৌরব কিভাবে রক্ষিত হবে?

It does not redound to the credit of the University that some Administrative Officer should preside over academic head or academicians.

এটা একটু ভেবে দেখবেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ধারা যদি দেখেন, তাহলে দেখতে পাবেন যাঁরা যাঁরা এ সম্মান পেয়েছেন তাঁরা প্রত্যেকেই বড় বড় এডুকেশানিস্ট। এর মধ্যে অনেক হাইকোর্ট জাজও আছেন, কি হাইকোর্টএর জজ হলেও তাঁদের মধ্যে হাই এ্যাকাডেমিক কোয়ালিফিকেশন যথেষ্ট আছে, অনেকেই কেমব্রিজ, অক্সফোর্ডএর এম এ। একজন আই সি এস অফিসারকে যদি বসিয়ে দেন তাহলে কি হবে, হি মে বি এ গুড অ্যাডমিনিস্ট্রেটর নো ডাউট; কিন্তু যখন কোন এ্যাকাডেমিক বিষয়ের ডিসকাশন হবে, স্কলারশিপ দেওয়া হবে কি হবে না, কোন বিষয়ে লেকচারশিপ স্থাপন করতে হবে কিনা, যেমন টেগোর লেকচারশিপ অফ দি ক্যালকাটা ইউনিভারসিটি এসব গুরুত্বপূর্ণ ব্যাপারে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসাররা কি করবেন? আপনারা যা ব্যবস্থা করছেন তাতে কোন এ্যাকাডেমিসিয়ানকে রাখা হয় নি। আই সি এস যাঁরা তাঁরা ভালো লোক সন্দেহ নাই, কিন্তু তাঁরা এম এ ক্লাশএ পড়াতে পারবেন না, কোন হাই সাবজেক্টএর ডিসকাশন হলে বুঝতে পারবেন না, সেই ক্ষমতা তাঁদের নাই। এটা একটা হাস্যাস্পদ ব্যবস্থা হচ্ছে, এ জিনিস আমরা কখনো সমর্থন করতে পারি না। অবশ্য এর মধ্যেও যে একসেপসন নাই একথা আমি বলছি না যেমন আমাদের ডাঃ রায়; তিনি ডাক্তার হিসাবে একজন বিশ্বের শ্রেষ্ঠ ডাক্তার তো বটেই, তা ছাড়াও তিনি অন্যান্য অনেক বিষয়েও জ্ঞান রাখেন। তাহলেও তিনি যখন স্টাটিসটিসিয়ান সেজে স্টাটিটিকসএর কথা বলেন, লর্ড কিনেস-এর ইকনমিক থিয়োরী আওড়ান, তখন আমাদের গায়ে লাগে। অর্থশাস্ত্র এত সোজা নয়, এত সোজা হলে ঘরে ঘরে ডকটোরেট তৈরি হত। আসল কথা হল, এ্যাকাডেমিসিয়ান যিনি হবেন তার সব বিষয়েই কিছু কিছু জ্ঞান থাকে। যিনি একটা সাবজেকটএর স্পেসিয়ালাইজড সেই সাবজেকট-এর কথা বাদ দিলেও অন্যান্য সাবজেকটএ, অর্থাৎ যে বিষয়ে তিনি স্পেসিয়ালাইজড করেন নি, সে বিষয়ে কিছু মাথা গলাতে পারেন। কিন্তু কোন বিষয়ে যিনি স্পেসিয়ালাইজ করেন নি, তিনি কোন বিষয়েই কথা বলতে পারেন না। তাই ডাঃ রায়ের কাছে অনুরোধ ক্যালকাটা ইউনিভারসিটি ধারা থেকে বিচ্যুত হবেন না। এ্যাকাডেমিসিয়ানদের বাদ দিয়ে এই বিশ্ববিদ্যালয়ের যদি অ্যাডমিনিস্ট্রেশন অফিসার যাঁরা ডাঃ রায়ের ইয়েসম্যান হবেন তাঁদের বসিয়ে দেন, তাহলে শাসন কার্যের দিক থেকে সুবিধা হতে পারে, কিন্তু শিক্ষাদান যা বিশ্ববিদ্যালয়ের একমাত্র প্রকৃত কাজ তা ব্যাহত হবে।

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 15(1), lines 3 and 4, for the words "such salary and emoluments as the Chancellor may decide" the words "a consolidated salary of two thousand rupees per mensem inclusive of the allowances" be substituted.

Sir, I also beg to move that in clause 15(2), lines 3 and 4, the words ", subject to the approval of the Chancellor," be omitted.

My first amendment is about the salary and allowances of the Vice-Chancellor. In this section everything has been left vague. If you look to the section, you will see that the Vice-Chancellor shall be paid from the University fund such salary and emoluments as the Chancellor may decide and shall hold office for four years. The fixation of salary and allowances has been left in the hand of the Chancellor alone. So with the change of a Vice-Chancellor the salary may vary. The Chancellor today may appoint a Vice-Chancellor say, at Rs. 2,000; the next Vice-Chancellor may be appointed on a salary of Rs. 5,000. This is vague and there will be an uncertain pressure upon the funds of the University. Therefore, Sir, I would say that following the provisions of section 9 of the Calcutta University Act, something should be fixed and that should fixed for ever and through this House. Sir, in section 9 of the Calcutta University Act it has been provided that the Vice-Chancellor shall get from the University fund a consolidated salary of Rs. 2,500 per mensem inclusive of allowances. Nothing should be kept vague and nothing should be kept uncertain with regard to the salary of the Vice-Chancellor. So Sir, without leaving this thing at the discretion of the Chancellor and without leaving this thing to be a variable amount, let us fix a particular figure which will be inclusive of salary and allowances.

The Vice-Chancellor of the Calcutta University is now getting Rs. 2,500. At Burdwan we are having a new university and I think the pressure of work there will be somewhat lesser. Therefore, I have proposed five hundred rupees less. Let him get Rs. 2,000 inclusive of all allowances.

[5—5-35 p.m.]

Next, as I said just now, you are separating Chancellor from the University—you are thinking that the Chancellor from the University—you are thinking that the Chancellor is some one who is apart from the University. Therefore, you have said in sub-clause (2) "If the Vice-Chancellor is by reason of leave, illness or other cause temporarily unable to exercise the powers and perform the duties of his office the University may subject to the approval of the Chancellor......" The Chancellor is a member of the University but in the appointment of a Vice-Chancellor the University will act subject to the approval of the Chancellor. Why do you keep this anomalous provision? You just now said that it is unusual that Chancellor attends all the meetings of the University. It may be so, but there may be occasions when he may be present. Therefore, his special sanction is not necessary. In this connection I would like to draw your attention to an analogy of the Privy Council. Suppose in the Privy Council there are 20 Judges. They may sit together, or the full House may be there, or a part of it may be there. Suppose out of 20 Judges 12 Judges are present and they come to a decision. That decision of the 12 Judges will stand the scrutiny of the absentee Judges. In this Bill, Sir, the Chancellor has not been given any superior position in all cases to other members. He has been given the power only as a constitutional Governor to appoint the Vice-Chancellor on the advice of the Minister, but he has got no power or no overriding power with regard to other members, who come by rotation or election. He is also a member and the Vice-Chancellor is also a member, only he presides over a meeting, but he has got no double vote or no greater power than the other members. Therefore, Sir, I would say, you are making a fundamental mistake here by saying that the Chancellor is some one apart from the University—the University will come to a decision and that decision shall be ratified by the Chancellor. This is against the provisions of this Act. I would, therefore, request that this portion may be deleted.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I am very sorry I cannot accept any amendment and let me explain why. The first amendment has been moved by Shri Subodh Banerjee which runs thus: "The Vice-Chancellor shall be a distinguished educationist". Now, Sir, by educationist surely it is meant that he is an academician. It cannot mean that a person who holds a high degree or diploma of a University is an educationist or academician. Educationist strictly means a person who lives in the academic world, one who carries on function of a teacher in the University. That means educationist. Shri Subodh Banerjee says he must be a "distinguished educationist." A distinguished educationist, as the phrase goes, cannot mean a Judge of the High Court, but there or were so many Judges of the High Court who have been Vice-Chancellors. Not to speak of Sir Ashutosh or Sir Gurudas there were other Judges of the High Court who had been Vice-Chancellors of the Calcutta University. Were they distinguished educationists? Surely not. Even now we are asked to consult the Vice-Chancellors of Viswa Bharati or the Jadavpur University and of the Calcutta University to select a Vice-Chancellor for the Burdwan University. This is a procedure which does not obtain in any University at all. Take for instance the present Vice-Chancellor of the Viswa Bharati. You cannot say that he is distinguished educationist. All that you can certainly say

is that he was a distinguished Judge, the Chief Justice of the Supreme Court. There may be no second man comparable with him as a distinguished Judge but after all we cannot say that he is an educationist. Educationist means something very, very different. Take for instance Sir Ewart Grieves who was a Vice-Chancellor of the Calcutta University; he was not an educationist. There were series of Vice-Chancellors of the Calcutta University who could not be termed as educationists. Therefore, Sir, I cannot accept that amendment. I will further explain why. The clause says that the Vice-Chancellor shall be the administrative and academic head of the University. That does not mean that he must be a distinguished educationist only. He will have two functions, viz., he will have administrative function as he will be the chief executive officer of the University and he will also be the chief so far as academic activities are concerned. That does not mean that he must be a distinguished educationist. There have been non-educationist Vice-Chancellors in other Universities also. (Shri Sisir Kumar Das: Dr. Mathai was a Professor of Economics. He had a doctorate degree.) I did not refer to him at all.

Sir, as regards fixing the salary, we have not fixed the salary purposely because, after all, it is to be determined on considering what the University wants it to be like, what will be the experience and qualifications of the person that will be selected as Vice-Chancellor, and therefore the salary will have to be fixed according to the qualifications of the Vice-chancellor and according to the duties he will have to discharge as Vice-Chancellor of the University.

Now as to the term of appointment, Sir. The Vice-Chancellor of the Calcutta University is appointed for a term of four years. Not only that, The Radhakrishna Commission—the University Commission—recommended that the Vice-Chancellor should be appointed for a term of six years. Therefore we have not been wrong in fixing the term of office of the Vice-Chancellor to be one of four years.

As regards the other amendment, namely, to omit the phrase 'in consultation with the Education Minister'. That very phrase, Sir, has been used in the Calcutta University Act. I still remember that in 1951 when the Calcutta University Act was under discussion Dr. Prafulla Chandra Ghosh moved such an amendment but the words were not omitted by the Legislature of the day. Let us see the effect of it. In spite of this phrase or provision who were the Vice-Chancellors of the Calcutta University since 1951? Dr. Jnan Ghosh was the Vice-Chancellor, and then Professor Siddhanta came to be Vice-Chancellor. Can you say that because of that phrase men who are not distinguished educationists have been appointed as Vice-Chancellors? You cannot say that.

Sir, I oppose all the amendments. I think these amendments have not been supported by any serious arguments whatsoever.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[*After adjournment.*]

[5-35—5-45 p.m.]

Mr. Deputy Speaker: I am now putting all the amendments except amendment No. 41 to vote.

The motion of Dr. Hiren Chatterjee that in clause 15(1), lines 2 and 3, for the words "in consultation with the Minister" the words "out of a panel of names decommended by the University" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 15(1), lines 3 and 4, for the words "such salary and emoluments as the Chancellor may decide" the words "a consolidated salary of two thousand rupees per mensem inclusive of the allowances" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 15(2), lines 3 and 4, the words ", subject to the approval of the Chancellor," be omitted was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 15(1), line 5, for the words "four years" the words "three years" be substituted, was then put and lost.

The motion of Dr. Hiren Chatterjee that after clause 15(1), the following new sub-clause be inserted, namely:—

"(1a) The First Vice-Chancellor however shall be appointed by the Chancellor in consultation with the Vice-Chancellor, Calcutta University, the Rector, Jadavpur University and the Vice-Chancellor, Biswa Bharati University."

was then put and lost.

The motion of Shri Subodh Banedjee that in clause 15(1), line 1, after the words "of the University" the words "shall be a distinguished educationist and" be inserted, was then put and a division taken with the following result:

AYES—58.

Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Brindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sunil
Dey, Sj. Tarapada
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sjta. Labanya Prova
Halder, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
You must admit that implementation is quite a different proposition from passing laws, enacting rules and wishing that everything would be perfect and easy. It may be that some people may interpret that I am condemning the Government servants. I am not. What is in mind is that these officers are without experience, without knowledge, without detailed knowledge of handling situations such as this. It is a terribly difficult situation, the food situation and if you want to tackle it, you have got to plan it out, you have got to devote quite a long time before you can come to any definite planning. But this was something, if I may say so, in the nature of an emergency and so emergency legislation had to be taken recourse to. Having regard to that, I do admit that there have been failures, failures for very many reasons and the reasons have been stated in detail in the answer offered by the department. They said for tacking these things 'we had to look to the police'. Now, honourable members, do you think that the police is a suitable machinery for enforcing these Food Control Orders, I ask you. (Dr. HIRENDRA KUMAR CHATTOPADHYAY: Kali Babu will answer that.) I will answer for Kali Babu. No, that is the answer. Kali Babu cannot give a better answer. Kali Babu may be found of his department. Kali Babu may take the policemen on his back but I have no desire to back anybody. I am judging the question in the proper perspective. (DR. HIRENDRA KUMAR CHATTOPADHYAY: You are advocating for Kali Babu.) I am advocating for myself much to the dislike and disgust of me. Well, Tarun Babu is also a member of the Cabinet. At the moment I am not at least advocating his cause. I am saying a few things which are against him. The point that the department has offered we must judge it patiently, we must judge it quietly, we must see whether the explanation which the department has offered is worthy of consideration, worthy of acceptance or not. Worthy of consideration it is, even if you want to criticise, you have got to consider—but whether it is worthy of acceptance or not, you have got to consider that. Well, the department says, 'the control was wholly imperfect, money was not there, the officers were not there, the motor vehicles were not there, what can we do?" Well, to any knowledgeable person I think it would appear that there is a good deal of substance in what has been said—there is no doubt about it.

The next point that I wish as a barrister to appeal is that a number of names of individuals were picked out to prove that there has been discrimination. Well, if you come out with a specific case, I daresay it is much simpler to answer and the answer has been given in this case. If you say it is all unplanned, it is very difficult to answer. Look at these particular firms—Anandimata Rice Mill of Burdwan, Balaram Saha, Natun Bazar, Nadia, P. N. Ray, N. P. Chanda and a large number of other names—which have been mentioned in the report as individuals and firms who have been discriminated and to whom goods have been offered. The answer is there stated by the department. They have taken case by case, firm by firm and they have answered. Now, take, fro instance, the firm Shri Natabar Traders. The best answer is with regard to this firm. The charge was that this firm enjoyed the benefit of discrimination. Now, let us see what the answer

of the department is: "This firm was under contract with South Eastern Railway for supply of 5,000 maunds of rice to the Railway Grain Shop at Adra (Purulia)."

[4-10—4-20 p.m.]

They were allowed to move the necessary rice from Birbhum at the request of the General Manager, South Feastern Railway. Now, if this is a fact should the writers' of this report have made this glaring mistake, if I may say so? If they had any ground to check up the cases of these individual firms the proper procedure should have been to send for the departmental head and said, "Look here, in our opinion this particular firm has got more advantage that they should have done. What is your explanation?" If they had offered this explanation and that was not acceptable to the framers of the report what they should have done is this. They should have mentioned this case in the report that "we asked from the Director of Food about this particular firm. He has offered this explanation. We have found the explanation to be untrue or incorrect" and those facts should have been brought in this report. And then the report, I may say, would have been worth considering. It is no good making an one-sided report. It is no good saying these are the persons who have been favoured, who have been benefited, by discrimination. Why did not the writers of this report mention that these are the explanations offered by the Director of Food, but for the following reasons which we are going to mention in the report, these answers are not acceptable to us. They did not do that. They did not do anything of the kind. It is an one-sided report and, if I may say with respect, it is an unplanned and ill-considered report of those who are responsible for it. The word "ill-considered" is no castigation of some members. After all you cannot afford to be weak and deliver judgment; you must be strong enough to say "there is criticism offered against the report". (DR. KANAILAL BHATTACHARJEE: পার্টিতে এসব কথা বলেন ?)

You were not there to listen to.

Shri Siddhartha Shankar Ray: I wish to raise a point of order, Sir, because, the honourable member is proceeding entirely on a wrong basis. He is saying something which is not in the report.

Shri Sankardas Bandyopadhyay: Sir, I object to this. He is delivering another speech. I would like to know if he can do that.

Mr. Deputy Speaker: He is on a point of order.

Shri Siddhartha Shankar Ray: Sir, the point of order I raise is that the honourable member speaking on the report is not entitled to misrepresent facts, which in fact, are not in the report.

Mr. Deputy Speaker: I am sorry, that is not a point of order.

Shri Sankardas Bandyopadhyay: Sir, if you have given the ruling in my favour the monourable member should resume his seat.

Sir, the framers of the report have made it abundantly clear. What they suggested was that "preference has been given".

[At this stage the red light was lit.]

Mr. Deputy Speaker: Mr. Banerjee, your time is over.

Shri Sankardas Bandyopadhyay: I bow down to your ruling, but I would say only a few words by way of explanation before resuming my seat. What is clear in the report of the framers is that they have said

"perference has been shown". (Shri SIDDARTHA SHANKAR RAY: No question.) I am not going to tolerate this sort of interruption. Keep your question to yourself. I know your 'question' is only meant for obstructing me, not allowing me to proceed.

Shri Siddhartha Shankar Ray: Sir, may I be permitted to say a few words?

Mr. Deputy Speaker: No. Please resume your seat.

The Hon'ble Prafulla Chandra Sen:

আজকে সকলেই, মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বুঝতে পেরেছেন যে সত্যই এটা পোস্ট মর্টেম। এবং যে তিনজন বিরোধী সদস্য বক্তৃতা দিয়েছেন তাঁদের মনেও এটা উদয় হয়েছিল এই পোস্ট মর্টেমের উদ্দেশ্য কি। এমন একটা পচা জিনিস, যাকে ভাল করে কেউ ছুঁতে পারে না, যা মরে ভূত হয়ে গিয়েছে। দেবেনবাবুও ভূতগ্রস্থ হয়েছেন। দেবেনবাবু অন্য কিছু না বলতে পেরে এমন ভাব দেখালেন যেন এই রিপোর্টএ একটা মস্তবড় কিছু আবিষ্কার করে ফেলেছেন। আমি ভাবলাম এই রিপোর্টএ এমন গুপ্ত কিছু বের করে ফেললেন যা আমাদের কারো চোখে পড়লো না, খালি দেবেনবাবুর চোখেই পড়লো! সেদিন প্রশ্নোত্তরে, মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, দেবেনবাবু এমন মত প্রকাশ করলেন এবং এমন হাবভাব দেখালেন যেন এর মধ্যে একটা বিরাট ষড়যন্ত্র আবিষ্কার করে ফেলেছেন! এমন দুর্নীতির সন্ধান তিনি পেয়েছেন যাতে করে এই হাউসএ একটা কিস্তি মাত করতে পারবেন। অনেকের মনে আশঙ্কা হয়েছিল (এ ভয়েসঃ আপনি ভয় পেয়ে গিয়েছিলেন বুঝি?)—আমি এই সমস্ত অলীক ব্যাপারে মোটেই ভয় পাই না। যে জিনিস অসত্যের উপর নির্ভর করে তাতে আমি ভয় পাই না, মাননীয় সদস্যরা যাই করুন না কেন। কিন্তু দেবেনবাবু রিপোর্ট সম্বন্ধে বিশেষ কিছু বলেন নি। তিনি গণতন্ত্র সম্বন্ধে ক্ষুদ্র একটা বক্তৃতা দিলেন এবং বললেন যে ফুড মিনিস্টার প্রফুল্ল সেনকে পদত্যাগ করতেই হবে, এবং ফুড ডিপার্টমেন্টের কর্মচারী যাঁরা আছেন তাঁদের শাস্তি দিতে হবে। আমার নিজের কথা কিছু বলবো না। আমি পদত্যাগ করিনি এবং করবার ইচ্ছাও নেই। আমাদের ফুড ডিপার্টমেন্টে কর্মচারী যাঁরা আছেন তাঁদের সম্বন্ধে এই কথা বলবো যে তাঁরা কোন দুর্নীতির কাজ করেন নি। এ কথা কেউ বলতে পারে না, দেবেনবাবু বলতে পারেন না, শ্রীহরেকৃষ্ণ কুঁয়ার বলতে পারেন না, শ্রীগোপাল বসুও বলতে পারেন না যে ফুড ডিপার্টমেন্টের কোন কর্মচারী—সে উপরের কর্মচারীই হোক, কি মাঝের কর্মচারীই হোক, কি নীচের কর্মচারীই হোক—দুর্নীতি করেছে। তাঁরা ঘুষ নিয়েছেন, এইরকম কোন প্রমাণ তাঁরা দিতে পারেন নি। কাজে কাজেই ফুড ডিপার্টমেন্টের উপর যতই খাপ্পা হয়ে বলুন না কেন যে তাদের শাস্তিবিধান করতে হবে বা কর্মচারীদের বরখাস্ত করতে হবে কিন্তু অভিযোগের কোন প্রমাণ দিতে পারেন নি।

একজন মাননীয় সদস্য—শ্রদ্ধেয় ব্যানার্জি মহাশয়—বক্তৃতা দিয়ে বললেন যে রিপোর্টে ডিসক্রিমিনেশানের কথা মোটেই বলা হয়নি।

(Sj. SIDDHARTHA SANKAR RAY: বলা হয়েছে ইলিগাল কাজ করা হয়েছে।)

সত্যই বলা হয়নি। যদি বলা হোত তাহলে দেবেনবাবুর কথা অনুসারে ফুড ডিপার্টমেন্ট-এর কর্মচারীদের শাস্তি দেওয়া হোত। কাজে কাজেই কোন অন্যায় কাজ কেউ করেনি। কোথাও প্রমাণ নেই যে ফুড মিনিস্টার অন্যায় করেছে; কোথাও প্রমাণ নেই যে ফুড ডাইরেক্টার অন্যায় করেছে, কোথাও প্রমাণ নেই যে এ আর সি পি-রা অন্যায় করেছে; কোথাও প্রমাণ নেই যে ডেপুটি এ আর সি পি অন্যায় করেছে। সুতরাং পদত্যাগের প্রশ্ন আসে না, আর শাস্তি দেবারও প্রশ্ন উঠে না। এই জিনিস নিয়ে, স্পীকার মহোদয়, আপনি যখন মোশনটা এ্যাডমিট করলেন তখন আমরা একটু আশ্চর্যই হয়ে গিয়েছিলাম কিন্তু এখন দেখছি ভালই হয়েছে। আজকে যে বক্তৃতা শুনলাম এবং সকলেই শুনেছেন এ পক্ষের, ও পক্ষের তাতে বিশেষ কিছু পদার্থ নেই। কাজে কাজেই ঐ পক্ষের একজন উপদেশ দিয়ে গেলেন যে ক্যাবিনেটের মধ্যে ২।৪ জন ভাল লোক আছেন, কংগ্রেস পার্টির মধ্যেও ২।৪ জন ভাল লোক আছেন, তাঁদের কাছে খুব জোর গলায় বক্তৃতা দিয়ে বললেন, ওহে ভাল লোক! তোমরা যদি ভাল কার্য কর এবং সেই ভাল কার্যের পুরস্কার পেতে হলে তোমরা ঐ দল থেকে চলে এসো।

[4-20—4-30 p.m.]

একজন মাননীয় সদস্য বলেছেন, কেন কাউন্সিলকে অপমান করা হল। ডিপার্টমেন্ট বলছেন আমাদের কাছে জিজ্ঞাসা করা হয় নি। এটাতে আমরাই আশ্চর্যান্বিত ও স্তম্ভিত হয়েছি। সত্যিই যদি কোন বিষয়ে ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা না করা হয়ে থাকে তাহলে ডিপার্টমেন্ট আশ্চর্যান্বিত হবেই। এতে চিত্তবাবুর উষ্মাপ্রকাশ করার কি কারণ হল বুঝতে পারি না। একজন বললেন সমস্ত স্টেটটাই কেন কর্ডন করা হয় নি। তিনি জানেন না যে, সমস্ত স্টেটএ কর্ডন করতে হলে কেন্দ্রীয় সরকারের অনুমতি চাই। আমরা অবশ্য পরোক্ষভাবে কর্ডন করেছিলাম, যখন জেলাগুলিকে কর্ডন করেছিলাম তখন পরোক্ষভাবে সমস্ত স্টেটটাই কর্ডন্ডড হয়ে গেল। এটাও তারা বুঝতে পারেন না—অবশ্য এটা তাদের জানা উচিত কেন্দ্রীয় সরকারের অনুমতি থাকা দরকার সমস্ত স্টেট কর্ডন করতে গেলে। একজন বললেন বীরভূম একটা ভয়ঙ্কর কাণ্ড হয়েছে—তাদের বেশী টাকা পাইয়ে দেওয়া হয়েছে। তাদের চাল ছিল ভাল। যে চাল নেওয়া হয়েছিল সেই চালের দর বেঁধে দেওয়া হয় নি—কিন্তু কেন্দ্রীয় সরকার যখন বেঁধে দিলেন তখন তাদের ন্যায্য দরই দেওয়া হল। কেউ এটাকে অন্যায় বলতে পারবেন না। কমিটি পরিষ্কার বলেছেন, পরে তাঁরা সন্তুষ্ট হয়েছেন দেখে যে তাদের ন্যায্য দর দেওয়া হয়েছে, তাদের কিছুই কমবেশী দেওয়া হয় নি। অনেকে আবার এই ভাব প্রকাশ করেছেন যে, এত রাইসমিলের মধ্যে বেছে বেছে মাত্র কয়েকজনকে পারমিট দেওয়া হয়েছে। আমাদের এখানে যত রাইস মিল আছে তারা প্রায় সকলেই পারমিট পেয়েছে। এখন আমার মনে নেই, এক হাজারের বেশি পারমিট দেওয়া হয়েছে। কাজেকাজেই যেখানে যেখানে কাজ করতে পারে তাদেরই অনুমতি দেওয়া হয়েছে চলে আসবার জন্য। শঙ্করদাস ব্যানার্জি মহাশয় পরিষ্কারভাবে বুঝিয়ে দিয়েছেন ১৯৫৪ সালের জুলাই মাসে যখন ডিকন্ট্রোল করি তখন আমরা আমাদের কর্মচারীদের অন্য বিভাগে দিয়ে দিই—১৮,৭০০ কর্মচারী ছিলেন, তার মধ্যে ১২০০০কে অন্য বিভাগে দিয়ে দেওয়া হয়। আমরা ভেবেছিলাম বোধহয় আমাদের খাদ্যবিভাগই রাখা হবে না, আমাদের বোধ হয় আর নিয়ন্ত্রণ করতে হবে না। আমাদের প্রাকিওরমেন্ট বিভাগে প্রায় ৬ হাজার কর্মচারী ছিল, সেখানে থাকল মাত্র ৭।৮ শত কর্মচারী। কাজেকাজেই আমরা রাতারাতি ৭।৮ শত কর্মচারীর পরিবর্তে ৪ হাজার কর্মচারী করতে পারি না। শিথিলতা হতে পারে, কিন্তু দুর্নীতি হয় নি। কেউ অন্যায় কার্য করেন নি। কেউ ইল্লিগাল কাজ করেন নি। আজকে এই যে রিপোর্টের আলোচনা হল এবং মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যে এটা এ্যাডমিট করেছেন এজন্য আপনার কাছে আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। কিন্তু দুঃখের কথা, অনেক বাজে বাজে কথা হয়েছে, কাজের কথা কিছুই শুনলাম না। এবং সেজন্যই আজকের এই ডিবেট অসার, এর মধ্যে সার পদার্থ নাই। রিপোর্টের মধ্যে যেসমস্ত রেকমেন্ডেশন আছে সেগুলিই আসল এবং সেই সুপারিশগুলি আমরা স্বীকার করে নিয়েছিলাম। এবং স্বীকার করে নিয়ে সেগুলি কার্যকরী করার জন্য আপ্রাণ চেষ্টা করেছি এটা মাননীয় সদস্যরা সকলেই জানেন। অনেক ক্ষেত্রে আমরা ব্যর্থ হয়েছি, সফলকাম হতে পারি নি। আমি পুনরায় বলব এই যে ডিবেট আজকে হল এটা খুব ভালো হয়েছে, কারণ সকলেই জিনিসটা বুঝতে পেরেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর বেশী সময় নেব না। এখানে আমার বক্তব্য শেষ করছি।

Non-official Resolutions.

Shri Samar Mukherjee: Sir, I beg to move—

Whereas the Government has failed to implement the promises and proposals in respect of reclamation of land, setting up medium, small and cottage industries, development of Government colonies set up so far, helping to secure land by the refugees through *bynanama*, etc., in West Bengal for rehabilitation of displaced persons;

Whereas due to this failure a serious situation has developed in the sphere of refugee rehabilitation, especially with regard to the rehabilitation of camp refugees:

Whereas the situation has been further aggravated due to the sending of unwilling camp refugees under the threat of stoppage of doles

and other rehabilitation facilities to Dandakaranya Project in spite of its failure in violation of the assurance given by the Government that refugees will not be taken there (i.e., to Dandakaranya) till the area is developed;

This Assembly is of opinion that with a view to expedite rehabilitation of refugees and to prevent further unfruitful expenditure from the State exchequer, the State Government should, forthwith, undertake the following measures, viz.—

(i) execution of all the proposed schemes for land reclamation along with new schemes in the State especially in the western districts;

(ii) implementation of all the proposed schemes for setting up of medium, small and cottage industries including transformation of Cooper's Camp into an industrial township, and taking up further schemes in this regard;

(iii) to expedite implementation of the 'bynanamas' executed so far and to encourage further rehabilitation through this scheme;

(iv) to expedite development of all the colonies set up so far and help the local bodies to develop areas with large refugee concentration;

(v) advise the Union Government not to take unwilling camp refugees under threat of stoppage of doles and rehabilitation facilities to Dandakaranya and to restore payment of doles to those who have been victimised for expressing their unwillingness to go there.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই প্রস্তাবের বিষয়বস্তু থেকেই বোঝা যাচ্ছে এই প্রস্তাব দেবার কি উদ্দেশ্য। আজকে বাস্তুহারাদের সমস্যা একটা সাংঘাতিক পর্যায়ে এসে পৌঁছেছে। এজন্যই আজ এই সমস্যা সম্বন্ধে খুব গভীরভাবে আলোচনা করা প্রয়োজন। সম্প্রতি সংবাদপত্রগুলিতে এ সমস্যা নিয়ে ব্যাপকভাবে লেখালেখি শুরু হয়েছে, বিশেষ করে দণ্ডকারণ্য ব্যাপার নিয়ে। দণ্ডকারণ্য সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা বিস্তৃতভাবে বলেছেন। সেজন্য দণ্ডকারণ্য সম্বন্ধে আমি বিশেষভাবে বলতে চাই না, কিন্তু যে দণ্ডকারণ্য পরিকল্পনা সম্বন্ধে এত ঢাকঢোল পেটান হল সেই দণ্ডকারণ্যের অবস্থা আজকে কোন জায়গায় এসে পৌঁছেছে তা সংবাদপত্রগুলির মাধ্যমে প্রতিদিন আমাদের নজরে পড়ছে। আমরা অনেক আগেই বলেছিলাম যে, আমলাতান্ত্রিক কায়দায় যেরকম জবরদস্তিমূলকভাবে ক্যাম্পগুলি তুলে দেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা মোটেই সমর্থনযোগ্য নয়। আমাদের কথা ছিল জোরপূর্বক কাউকে পাঠান চলবে না। আজকে দণ্ডকারণ্য পরিকল্পনা নিয়ে ব্যাপকভাবে বাংলিং চলা সত্ত্বেও তা গভর্নমেন্ট উদ্বাস্তুদের উপর জোরজবরদস্তি চালিয়ে যাচ্ছেন তাদের বাধ্য করার জন্য। এ নিয়ে যখন আন্দোলন হয়েছিল তখন গভর্নমেন্ট সেই আন্দোলনকে দমন করার জন্য জবরদস্তিমূলক পন্থাবলম্বন করেন এবং যারা সেই আন্দোলনে যোগদান করেছিল তাদের শাস্তি দেবার ব্যবস্থা করা হয়েছে। আজ দণ্ডকারণ্য পরিকল্পনার ব্যর্থতা সম্বন্ধে চতুর্দিকে সমালোচনা শুরু হয়েছে এবং যখন এই পরিকল্পনার প্রতি বাস্তুহারাদের আস্থা সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে তখনো তাদের জোর করে সেখানে নিয়ে যাবার জন্য ব্যবস্থা হচ্ছে। এই গভর্নমেন্ট প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ইচ্ছার বিরুদ্ধে কাউকে নিয়ে যাওয়া হবে না, কিন্তু সেই প্রতিশ্রুতি ভুলে গিয়ে আজকে তারা উদ্বাস্তুদের যে রিফিউজী কার্ড দেওয়া হয়েছিল, সেই কার্ডের অমর্যাদা করে অফিসে নিয়ে গিয়ে সেই কার্ডের উপর সিলেক্টেড ফর দণ্ডকারণ্য বলে স্ট্যাম্প মেরে দিচ্ছেন। এবং যদি না যায় তাহলে সঙ্গে সঙ্গে তাদের ডোল বন্ধ করে দেওয়া হচ্ছে। সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে, অনেক ক্ষেত্রে গভর্নমেন্ট ট্রাক গিয়ে ফিরে এসেছে। কিন্তু এ থেকেও গভর্নমেন্টএর কোন শিক্ষা হয় না, এবং এরপরও তাঁরা ঘোষণা করেছেন খুব তাড়াতাড়ি ক্যাম্পগুলি ভেঙ্গে দেবেন।

[4-30—4-40 p.m.]

সংবাদপত্রে বেড়িয়েছে যে মার্চ মাসের মধ্যে ক্যাম্প ভেঙ্গে দেওয়া হবে। কুপারস ক্যাম্পের পাঁচশত লোকের দণ্ডকারণ্যে যাওয়ার জন্য লিস্ট তৈরী হোল এবং এইভাবে সোনারপুর ক্যাম্প, হাসনাবাদ ক্যাম্প প্রভৃতি স্থানেও লিস্ট তৈরি হোল এবং জানান হোল যে যেতে চাচ্ছে না তার ডোল কাটা হবে। এই পদ্ধতির আসল উদ্দেশ্য কি লোককে দণ্ডকারণ্যে পাঠান? নিশ্চয়ই তা নয়। এর পেছনে গভর্নমেন্টের একটা গূঢ় উদ্দেশ্য আছে এবং যেটা আজ পশ্চিম বাংলার জনসাধারণের কাছে তুলে ধরার প্রয়োজন আছে। সেটা হোল যে কেন্দ্রীয় সরকার বা পশ্চিমবঙ্গ সরকার দুই বৎসর আগে থেকেই বাস্তুহারাদের দায়িত্ব পরিত্যাগ করার একটা পরিকল্পনা গ্রহণ করেছে এবং কি কায়দায় সেটা করা যায় তারজন্য নানা পদ্ধতি গ্রহণ করেছে। তাদের এই বিভিন্ন পদ্ধতির মধ্যে একটা হোল যে দণ্ডকারণ্যের নাম করে বিভিন্ন পরিবারের উপর জোরজবরদস্তি করা এবং যারা যেতে চাইবে না তাদের নাম কেটে, ডোল বন্ধ করে ক্যাম্প থেকে তাড়িয়ে দেওয়া। এই পদ্ধতি অত্যন্ত সফলতার সঙ্গে—সাকসেসফুল্লী— বহু ক্যাম্পে হয়েছে এবং অধিকাংশের নামই লিস্ট থেকে খারিজ করে দিচ্ছে এবং এইভাবে এঁরা মনে করছেন যে খুব তারাতারি এই বাস্তুহারা সমস্যার সমাধান করতে পারবেন। তারপর দ্বিতীয় পদ্ধতি নিয়েছেন 'স্ক্রীনিং' তাঁরা বিভিন্ন বাস্তুহারার আয়ের একটা রিভিউ করছে এবং যে স্ক্রীনিংএর কথা আগে বললাম এবং কাগজে যা রিপোর্ট দেখলাম তাতে স্ক্রীনিংএর প্রাথমিক ফলাফল ঘোষিত হয়েছে যে শতকরা ৭০ ভাগ ক্যাম্প বাস্তুহারার নাকি অতিরিক্ত আয় আছে—এক্সট্রা ইনকাম—এবং বাকী ৩০ ভাগের নাকি আত্মীয়স্বজনের কাছ থেকে টাকা পয়সা আসে। কাজেই সমস্ত উদ্বাস্তু সম্বন্ধে এঁরা এই মনোভাব অবলম্বন করেছেন। এবং এর ফলে ঐ স্ক্রীনিংএর নাম করে বিভিন্ন ক্যাম্পে শতশত পরিবারের ডোল কাটা হচ্ছে। শুধু ডোলই নয় বাস্তুহারা হিসেবে তারা যে বেনিফিট পেত যেমন ছাত্ররা স্টাইপেণ্ড, বুক গ্রান্ট পেত এবং অনেকে শীতের সময় কম্বল, কাপড়চোপর পেত বা মেডিকেল হেল্প পেত সেই বেনিফিটগুলি এখন আর দেওয়া হবে না। এবং অল অন এ সাডেন সমস্ত কেটে দেওয়া হয়েছে। এটা ঠিক যে কিছু কিছু বাস্তুহারা পরিবারের সামান্য এক্সট্রা ইনকাম আছে এবং তারা যদি এইভাবে আত্মনির্ভরশীল হতে পারে তাদের ডোল দেওয়ার পক্ষপাতী নই। কিন্তু স্ক্রীনিংএর নাম করে অনেক ক্ষেত্রে শুধু রিপোর্টের উপর ভিত্তি করার ফলে আজ বহু বাস্তুহারা পরিবার অনশনের সামনে এসে দাঁড়িয়েছে এবং এই স্ক্রীনিং হচ্ছে একটি পদ্ধতি যে পদ্ধতি অবলম্বন করে খুব তারাতারি ক্যাম্পগুলোকে তুলে দেওয়ার পক্ষে সুবিধা হবে। সুতরাং ক্যাম্পগুলোকে ডিজল্ভ করার এই চতুর কৌশল অবলম্বন করার ফলে আজ ক্যাম্পের বাস্তুহারারা এক সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। ইতিমধ্যেই বিভিন্ন ক্যাম্পে ডোল কাটা আরম্ভ হয়েছে—যেমন কাগজে বেড়িয়েছে যারা ব্যবসা করত এরকম ২২৭টি পরিবারের সমস্ত ডোল ঐ স্ক্রীনিংএর নামে কাটা হয়েছে। অবশ্য এর মধ্যে কিছু কিছু পরিবার আছে যাদের হয়ত ভাল দোকানপত্র চলে, কিন্তু অধিকাংশ লোকই হচ্ছে যারা হয়ত সামান্য কিছু শাকপাতা বিক্রী করে দুই-চার টাকা উপার রোজগার করে। কাজেই এইভাবে সকলের ডোল কেটে দেওয়ার ফলে আজ অগ্রিকাংশ লোকই বিপদের মধ্যে এসে পড়েছে। তারপর ডোল যা দেওয়া হচ্ছে—তা হচ্ছে বয়স্কদের ১২ টাকা এবং শিশু—নন এডাল্টদের ৮ টাকা। একথা সকলেই জানেন যে এই ১২ টাকায় কোন এ্যাডাল্ট বাঁচতে পারে না—তাকে বাঁচতে হলে চাই সাবসিডিয়ারি ইনকাম। কিন্তু আমাদের গভর্নমেন্ট বা তাদের ডিপার্টমেন্টের হিউম্যান কর্নাসডারেশান বলে কিছু নেই—কেননা যারাই আজ কিছু এক্সট্রা রোজগারের চেষ্টা করবেন ঐ স্ক্রীনিংএর নামে তাদের সেই ইনসিয়েটিভ নষ্ট করা হচ্ছে এবং লিস্ট থেকে নাম কেটে দিয়ে তাদের রিফিউজী ক্যাম্প থেকে উঠিয়ে দেবার বন্দোবস্তকে তরান্বিত করা হচ্ছে। এ ছাড়া আরও আশ্চর্যজনক ভাবে বহু পরিবারের স্ক্রীনিং হয়েছে যেমন যদি কোন স্ত্রীলোকের মাথায় সিন্দুর দেখা যায় তাহলেই ধরে নেওয়া হবে যে তাকে খাওয়াবার লোক আছে। অথচ তার স্বামী একজন টি বি রোগী কিনা কিংবা সে পাগল বা অক্ষম কিনা সে খবর নেওয়ার প্রয়োজন হোল না। এরকম বহু কেস আমার জানা আছে যেগুলি পরবর্তীকালে রিভিউ করার কোন বন্দোবস্ত হয় নি এবং স্ক্রীনিংএর রেজাল্টের উপর ভিত্তি করে বরাবরের জন্য তাদের ডোল কেটে দেওয়া হয়েছে। কিন্তু আশ্চর্য, তা সত্ত্বেও তাদের রিহ্যাবিলিটেশনএর কোন বন্দোবস্ত গভর্নমেন্ট থেকে করা হয় নি এবং যার ফলে আজ ক্যাম্পের অধিবাসীরা একটা সাংঘাতিক অবস্থার মধ্যে পড়েছে। আমি

াক হয়ে যাই যে ঠিক এরকম অবস্থায় আবার পণ্ডিত নেহের, এবং খান্না সাহেব হ্মকি য়েছেন যে ক্যাম্পগুলি এ্যাট এনি কষ্ট আমরা তাড়াতাড়ি তুলে দেব। এইসব নানা কারণে বাস্তুহারাদের জীবন অসহনীয় হয়ে উঠেছে এবং তাদের মনে একটা ডিমরালাইজেসনএর সৃষ্টি হয়েছে। আজকে ইতিমধ্যেই রাজপুর ক্যাম্পে ১৩৩ জন, চাঁদমারির দুইটি ক্যাম্পে শত এবং আরও ২২৭জন এবং রাণাঘাট মহিলা ক্যাম্পের বহু লোকের নাম কাটা হয়েছে এবং ছাড়া কুপার্স ক্যাম্পে এবং সোনারপুর ক্যাম্পে ২২এ জানুয়ারির পর একটা লটএর নাম টা হবে বলে নোটিস দেওয়া হয়েছে। বাংলাদেশের বাইরে রিফিউজীরা যেতে চায়, কিন্তু দের দণ্ডকারণ্য ফেলইওর হয়েছে, বেতিয়া ক্যাম্পেও রিহ্যাবিলিটেসন হয় নি—কাজেই এইসব খ রিফিউজীরা স্বাভাবিকভাবেই বাংলাদেশের বাইরে যেতে চায় না। অথচ এদিকে পশ্চিম লার ভিতরে তাদের রিহ্যাবিলিটেসন করবার যে সুযোগ আছে তার সদ্ব্যবহার করবার চেষ্টাও র্নমেন্ট করছেন না। তাঁদের এই চেষ্টা না করার কারণ—গত জানুয়ারি মাসে বাজেট সেসনএ রা এই এ্যাসেম্বলিতে যে একটা বই সারকুলেট করেছিলেন তাতে বলেছিলেন যে আমরা য়নানামা স্কীমএর সুযোগ দেব। এই বায়নানামা স্কীমের মানে হচ্ছে যে রিফিউজীরা নিজ দ্যোগে মালিকদের সঙ্গে আলাপ আলোচনা করে জমির বন্দোবস্ত করবে এবং গভর্নমেন্ট দের লোন দেবেন। তাঁদের এই বায়নানামা স্কীমএর জন্য গভর্নমেন্টের হিসেব মত তারা ৩৯ জার দরখাস্ত পেয়েছিলেন এবং তার মধ্যে ১৮ হাজার রিজেক্ট করে ১৬ হাজার অ্যাকসেপ্ট রেছেন এবং বাকি পাঁচ হাজারের মত কেস কর্নসিডার করছেন। কিন্তু সেই কর্নসিডারেশনএর রগতি যে কি হোল তা আজও আমরা জানতে পারলাম না। অথচ এদিকে যারা বায়নানামা ছে তাদের কাছ থেকে আমরা কমপ্লেইন্ট পেয়েছি যে বায়নানামা স্কীম সম্বন্ধে গভর্নমেন্ট খে যাই বলুন না কেন আসলে তাঁরা কোন রকম এনকারেজ করছে না। এই বায়নানামা সম্বন্ধে রা প্রথমে বলেছেন যে প্রি-১৯৫৪ এবং পোস্ট-১৯৫৪ এই দুটো পাথক্য ছিল অর্থাৎ যারা ৫৪ সালের জুন মাসের পরে এসেছে তাদের এই বায়নানামার সুযোগ দেওয়া হোত না। ন্তু পরে গভর্নমেন্ট বললেন যে আমরা এই বাধা তুলে দিলাম এবং আমাদের কাছে গভর্নমেন্টের ফ থেকে যেসমস্ত রিপোর্ট এসেছিল তাতে আমরা প্রতিশ্রুতি পাই যে বায়নানামা উঠে য়েছে। যদিও এ'রা মুখে বললেন যে ১৯৫৪ সালের পরে যারা এসেছে তারাও বায়নানামার যোগ পাবে কিন্তু এ'দের অফিসারদের কাছে কোন সার্কুলার গেল না যে ১৯৫৪এর বেরিয়ার—র্থাৎ ঐ পোস্ট এ্যান্ড প্রি উঠে গেছে এবং এর ফলে দেখা গেল যে যখন থেকে বায়নানামা ন্দাবস্ত হচ্ছে তখন সেই সমস্ত অফিসাররা বলল যে আমরা এই সমস্ত বায়নানামা গ্রহণ ব না। এ ছাড়া, আরও বিভিন্ন কারণ দেখিয়ে অনেক বায়নানামার দরখাস্ত রিজেক্ট করা হচ্ছে এবং তার মধ্যে এমন সব কেস রয়েছে যেগুলি রিজেক্ট করার কোন কারণ নেই। তারপর খানে তাঁরা একটা সার্কুলার বেড় করে ডিক্লারেশন দিলেন যে এখন আর কোন রকম পার্থক্য কবে না, যারা নিজ উদ্যোগে বায়নানামা করে পশ্চিম বাংলায় থাকতে চায় তারা থাকতে পারবে। ন্তু ঠিক উল্টোটি হোল। কল্যাণী এবং সরসন্ধ্যা ক্যাম্পে অনেকে বায়নানামার জন্য দরখাস্ত রেছিল এবং তাদের কতগুলি ফ্যামেলিকে বিভিন্ন জায়গায় মুভমেন্ট করার জন্য অর্ডার পর্যন্তও ওয়া হয়েছিল। কিন্ত তারপর কি কারণে তাদের সেই অর্ডার উইথড্র করা হোল এবং তাদের য়নানামা একসেপ্ট করা হয় নি। গভর্নমেন্টএর সেই অর্ডারএর কপি আমার কাছে আছে ং প্রাণকৃষ্ণ চক্রবর্তীর দরখাস্তের বেলায় এরকম ঘটনা ঘটেছে অথচ বলা হয়েছে—

ey are not eligible for bynanama.

[-40—4-50 p.m.]

তারপর বায়নানামার জন্য টাকা পয়সা খরচ করে, দৌড়ঝাপ করবার পর সেগুলি বন্ধ করে ওয়া হয়েছে। এইরকম অসংখ্য বায়নানামার কেস বন্ধ রাখা হয়েছে। আপনারা যদি চান লে আমরা এইসমস্ত কনক্রিট কেস আপনাদের দেব। নানা অজুহাত দেখিয়ে এ সম্বন্ধে র্নমেন্ট অর্ডার এক্সিকিউটেড হচ্ছে না। গোপালনগর ট্রানজিট ক্যাম্প, শিবতলা, পানাগড় ভৃতি বিভিন্ন ক্যাম্প থেকে অভিযোগ এসেছে যে যেসমস্ত বায়নানামা করা হয়েছিল, অর্ডার রে তা নাকচ করে দেওয়া হয়েছে। হ্যান্ডবিলএ দেওয়া হয়েছিল যে ৩১এ অগাস্ট বায়নানামা খাস্ত করার একটা টার্গেট ডেট ফাইনাল লাস্ট ডেট নয়। অবশ্য তারপর ৩০এ নবেম্বর ডেট

করলেন, এখন শুনছি সেটা এক্সটেন্ড করে ৩১এ ডিসেম্বর করেছেন। কিন্তু ৩১এ ডিসেম্বরের খবরটা অফিসারের কাছে যায় নি, যার ফলে রিফিউজীরা এর সুযোগ গ্রহণ করতে পারছে না। এইভাবে গভর্নমেন্ট প্রতিটি ক্ষেত্রে রিফিউজিদের ডিসকারেজ করছে। যারা বায়নানামা করতে পারছে না তাদের ডোল বন্ধ, সমস্ত বেনিফিট বন্ধ, তারপরে দরখাস্ত করলে সেগুলি হয়ত এনটারটেন্ড হবে না। সবচেয়ে মজার ব্যাপার এই যে তারা বলছেন, হ্যাঁ, বায়নানামা তোমরা করতে পার, কিন্তু বায়নানামা করতে গেলে যে পদ্ধতির ভিতর দিয়ে করতে হবে সেই পদ্ধতি এমন কষ্টকর যে শেষ পর্যন্ত বায়নানামা এক্সিকিউটেড হবে না, যেমন হ্যান্ডবিলএ দিলেন যে ৩১এ অগাস্টের মধ্যে যারা দরখাস্ত করবে তাদের বায়নানামার প্রেফারেন্স দেবেন, কিন্তু ফার্স্ট অগাস্ট থেকে বায়নানামার স্পেশাল অফিসারএর পোস্ট উঠে গেল—বুঝতে পারলাম না যে এদুটোর কি করে সামঞ্জস্য থাকে। তারপর বায়নানামা সম্বন্ধে সমস্ত দরখাস্ত যাবে রিহ্যাবিলিটেশন মিনিস্টারএর কাছে। এই বায়নানামা এক্সিকিউটেড করা উচিত কি না উচিত এ সম্বন্ধে যারা কম্পিটেন্ট জোনাল অফিসার তাদের মতামত দেবার কোন অথরিটি রাখা হল না। তা ছাড়া বায়নানামা সম্বন্ধে জমি কিনতে গেলে তার সিলিং বললেন, হ্যাঁ, আমরা রেসট্রিকশান রেখেছি কিন্তু কোন অর্ডার দেন নি, ফলে আসলে এই বায়নানামাগুলি শেষ পর্যন্ত কার্যকরী হচ্ছে না। এই তো গেল বায়নানামার ব্যাপার। তারপর পশ্চিমবঙ্গের ভিতর ল্যান্ড রিক্লামেশনএর ব্যাপার। সেই ল্যান্ড রিক্লামেশন ব্যাপারেও কোন কাজ এগোচ্ছে না। একদিকে দণ্ডকারণ্য ফিয়াসকো অপরদিকে পশ্চিমবঙ্গের অলটারনেটিভ রিহ্যাবিলিটেশানএর স্কোপগুলি কোনরকম কার্যকরী হচ্ছে না। আমাদের মিডিয়াম, স্মল, কটেজ ইন্ডাস্ট্রিগুলির পরিস্থিতি কি কোথায় কি হয়েছে সেটা আপনারা জানেন—আমি জানি না সে সম্বন্ধে পরবর্তী বক্তা আলোচনা করবেন। তা ছাড়া ল্যান্ড রিক্লামেশান সম্বন্ধে গভর্নমেন্ট বলেছেন যদিও আমরা জানি হিসাবের অনেক তনছকতা করেছিলেন—১০ হাজার ক্যাম্প রিফিউজিকে আমরা এখানে এগ্রিকালচারাল ল্যান্ড দিয়েছি। এক বছর হয়ে গেল নোট সারকুলেট করেছেন, কিন্তু যে স্কীমগুলি আপনারা গ্রহণ করেছিলেন সেই স্কীমগুলি এগুচ্ছে না। হেড়োভাঙ্গা স্কীম আরম্ভ করলেন সেটাও এগুচ্ছে না। ৭ হাজার একর জমি সুন্দরবনে ডেভালাপ করবেন স্টেজ-ওয়াইজএ, দুটো স্টেজএ স্কীমটা কার্যকরী করার কথা—৭৫০, ৭৫০ করে ফ্যামিলি যাবে কিন্তু এখন শুনছি স্কীমটার সেকেন্ড স্টেজ সাসপেনডেড হয়ে আছে ডেভেলপমেন্টের আর কাজ হয় নি। কেলেঘাইয়ে ১২ শত একরের একটা স্কীম নিয়েছেন এবং আমরা যতটুকু শুনেছিলাম তাতে জেনেছি যে সেখানে বহু পসিবিলিটি আছে, কিন্তু সেটাও ধীরে ধীরে চলছে এবং এবছরে নাকি শুনলাম কেলেঘাইয়ে ফসল উৎপাদন আগের চেয়ে অনেক ভাল হয়েছে, সুতরাং কেলেঘাইয়ে যথেষ্ট পসিবিলিটি আছে একথা আমরা মনে করি। কিন্তু গভর্নমেন্ট যে রেটে কাজ চালাচ্ছেন—এই যে রিহ্যাবিলিটেশান-এর ব্যবস্থা সিরিয়াসলি করতে চান বলে বলেছেন—তাতে তা বোঝা যায় না। এ ছাড়া তারা বলেছেন তিস্তা চরের কথা। আজ তিস্তা চরের প্রশ্ন তারা চাপা দিয়ে রেখেছেন। তা ছাড়া বহু ল্যান্ড ডেভালাপমেন্টএর পসিবিলিটি আছে, রিক্লামেশনএর পসিবিলিটি আছে যেগুলি বারবার আমরা বলেছি, এখন সময় কম বলে ডিটেল বলতে পারছি না—কিন্তু গড়বেতা, শালবনীতে প্রচুর জমি আছে—একটা স্কীম টেক-আপ করেছেন কিন্তু প্রগ্রেস এত ধীরে ধীরে হচ্ছে যে কবে যে সেগুলি কার্যকরী হবে জানি না, অথচ এই সময়ের মধ্যে ক্যাম্পগুলিকে ভেঙ্গে দেওয়া হচ্ছে বিকল্প রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা না করে। এখন ঐ ক্যাম্প রিফিউজিদের ভাগ্য অত্যন্ত অন্ধকারাচ্ছন্ন। গভর্নমেন্ট কলোনী সম্বন্ধে গত বছর প্রফুল্লবাবু নিজে এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে বলেছিলেন যে কলোনীতে ৫০ পারসেন্ট ইনহ্যাবিটান্টসএর যা ইনকাম তাতে ফুল রিহ্যাবিলিটেশান হয় না। তিনি নিজে স্ট্যাটিসটিক্যাল ব্যুরো থেকে তথ্য দিয়ে বলেছিলেন যে তাদের পার ক্যাপিটা ইনকাম যেমন তাহেরপুর কলোনীতে ৭ টাকা ১৪ নয়া পয়সা অথচ অল ইন্ডিয়া এভারেজ হচ্ছে প্রায় ২৪ টাকা ৩ নয়া পয়সা সে সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে যাতে অল ইন্ডিয়া লেভেলএ কলোনীগুলোর লিভিং স্ট্যান্ডার্ড হয় এবং যাতে তাদের পার ক্যাপিটা ইনকাম এর স্ট্যান্ডার্ড আসে সেজন্য চেষ্টা করবেন বলে বলেছিলেন। ১৯৫৭ সালে তারা একটা বই সারকুলেট করেছিলেন এবং তাতে হিসাবের ক্যালকুলেশান করে বলেছিলেন যে আমরা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে ৬০ কোটি টাকা চেয়ে পাঠিয়েছি। সেই গভর্নমেন্ট কলোনীগুলিতে ইন্ডাস্ট্রি হচ্ছে না, কোন এমপ্লয়মেন্টএর বন্দোবস্ত নেই এবং সেখানে থেকে লোক না খেয়ে মরছে, টি বি

ভিকটিম হচ্ছে, ব্যাপকভাবে ডেসারসান হচ্ছে, একটা হরিবেল কনডিশান, এইভাবে গভর্নমেন্ট ...... কোন ডেভেলপমেন্ট হচ্ছে না। স্কোয়াটার্স কলোনীগুলির এখনও রেগুলারাই-জেশান হয় নি, তাঁরা যে লেটেস্ট বই দিয়েছিলেন তাতে বলেছেন ৯২টা স্কোয়ার্টার্স কলোনী ......শান হয়েছে, কিন্তু এখনও রেগু......নের কাজ এগুচ্ছে না—এই হচ্ছে কলোনীর লোকেদের অভিযোগ। সঙ্গে সঙ্গে আবার নতুন করে কম্পেনসেসনের জন্য নোটিস জারী হয়েছে ১-২-৩-৪ হাজার টাকার মত, কম্পেনসেসনের জন্য নোটিস জারী হয়েছে, ফলে তাদের কোর্টের দোর গোড়ায় দাঁড়াতে হবে এবং তারপরে ঘটিবাটি ক্রোক করা ইত্যাদি আরম্ভ হবে, এই হচ্ছে কলোনীর অবস্থা। তারপর স্টুডেন্টদের যেসব স্টাইপেন্ড দেওয়া হোত সেসব স্টাইপেন্ড কেটে দেওয়া হয়েছে—খুব ড্রাস্টিক্যালী কার্টেল করা হয়েছে। ১৯৫৮-৫৯ সালে দেওয়া হয়েছিল ৬৮ লক্ষ টাকা, ১৯৫৯-৬০ সালে দেওয়া হয়েছিল ৫৪ লক্ষ টাকা এবং ১৯৬০-৬১ সালে ৪৪ লক্ষ টাকা—এইভাবে কমিয়ে কমিয়ে তাদের স্টাইপেন্ড বন্ধ করবেন। আবার কন্ডিসন দিয়েছেন যে এ্যাভারেজ ৪৫ পার্সেন্ট মার্ক প্রত্যেক সাবজেক্টে পেতে হবে তা না হলে স্টাইপেন্ড পাবে না যার ফল সংবাদপত্রে বেরিয়েছে আড়াই হাজার স্কুল এ্যাফেকটেড হয়েছে। এ ছাড়া টি বি গ্রান্টে রেসট্রিকসান হয়েছে এবং অন্যান্য সেকসান অব দি রেফিউজিস তাদের হাউস বিল্ডিং লোন আজকে বন্ধ - কনট্রিবিউটারী লোনে যারা স্কোয়াটার্স বাড়ীতে ছিল তারা নিজেরা একটা জায়গায় যেয়ে নিজেদের বিল্ডিং তৈরি করছে বা বায়নানামা স্কীমে, তারা কনট্রিবিউট করেছে কিন্তু গভর্নমেন্টের অংশটা না পাওয়ার ফলে আধখানা ঘর তৈরি হয়ে পড়ে আছে দুই-তিন বছর ধরে অথচ নিজেদের ভাড়া বাড়ীতে বাস করতে হচ্ছে। যেমন হালিশহরের বিভিন্ন কলোনী থেকে অভিযোগ এসেছে। তারা কোন লোন পাচ্ছে না। সোদপুরে যারা এক বছরের উপর গেছে, তাদের লোন দেওয়া হচ্ছে না। তারা ডিপার্টমেন্টে বারে বারে আসছে—কিন্তু এক্সট্রিম হ্যারাসমেন্টের মধ্যে তারা ফিরে যাচ্ছে। অন্যান্য কেসে প্রাইওরিটি দেওয়া হচ্ছে। এই করে আজকে ক্যাম্প তুলে দেবার জন্য স্ক্রিনিংএর পন্থা নেওয়া হচ্ছে এবং দণ্ডকারণ্যে পাঠাবার নাম করে তাদের ডোল বন্ধ করে দেওয়া হচ্ছে, ক্যাম্প থেকে তাদের তাড়িয়ে দেওয়া হচ্ছে এবং ক্যাম্প রেফিউজীর অজুহাত তুলে অন্যান্য সেকসনের বোনাফিট তুলে দিয়ে আজকে একটা সাংঘাতিক অবস্থার মধ্যে বাস্তুহারাদের ফেলে দেওয়া হচ্ছে। এই অবস্থার যদি পরিবর্তন না হয় তাহলে বাস্তুহারাদের জীবনে দুর্গতির সীমা পরিসীমা থাকবে না। গভর্নমেন্টের কোন স্কীম নেই, প্ল্যান নেই—কতকগুলি স্কীম যেগুলি তারা আগে নিয়েছেন সেগুলি সম্বন্ধেও তারা সিরিয়াস নন জমি ডেভেলপমেন্টের কোন ব্যবস্থাও তারা করছেন না। এইভাবে এক সাংঘাতিক অবস্থার ভেতর রেফিউজি রিহ্যাবিলিটেশান প্রোবলেমকে এনে হাজির করেছেন। আমি বলি বাংলাদেশের পোটেনসিয়ালিটি এখনও যথেষ্ট আছে, কিন্তু সরকার কেবল এক্সপেরিমেন্টই চালিয়ে যাচ্ছেন। কেলেঘাই সম্বন্ধে আমরা এখানে বলেছি, বিভিন্ন স্কীমও আমরা দিয়েছিলাম—আমরা বলেছিলাম এখানে ইনটেনসিভ কাল্টিভেশনের যদি বন্দোবস্ত করা হয় তাহলে কম জমি দিয়ে বহু ফ্যামিলিকে রিহ্যাবিলিটেট করা যায়। আজকে বড় বড় স্টীল ফ্যাক্টরী গড়ে উঠছে, কিন্তু মিডিয়াম, কটেজ এবং স্মল ইন্ডাস্ট্রির কোন ডেভেলপমেন্ট হোল না। সরকার টাউনসিপেরও ডিসিসন করেছিলেন কিন্তু টাউনসিপের কাজ কিছুই এগুচ্ছে না। সেজন্য আমি বলি সত্যই যদি রেফিউজীদের প্রতি কোন দায়িত্ব বোধ থাকে তাহলে গভর্নমেন্ট যেসমস্ত প্রতিজ্ঞ করেছিলেন সেগুলি রক্ষা করা উচিত এবং পশ্চিমবাংলার ভেতর ল্যান্ড ডেভেলপমেন্ট করে সকলের কো-অপারেশন নিয়ে সলিউসনের দিকে তাদের চেষ্টা করা উচিত। তা যদি না হয় তবে রিফিউজীদের জীবনই শুধু অন্ধকারাচ্ছন্ন হবে না, বাংলাদেশের অর্থনীতিও আরো ধ্বংসের পথে এগিয়ে যাবে এই আমার বক্তব্য।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

ডেপুটি স্পীকার মহাশয়, বছর দেড়েক আগে প্রফুল্ল সেন মহাশয় খুব জোর গলায় আমাদের শুনিয়েছিলেন, যে আমরা উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারি নি বটে কিন্তু আমরা সচেষ্ট আছি এবং যতশীঘ্র সম্ভব তাদের একটা ব্যবস্থা আমরা করবো। তারপরে দেখা গেল আস্তে আস্তে সমস্যাগুলিকে সব জোর করে মাটি চাপা দিয়ে নিশ্চিহ্ন করে ফেলা হোল। খান্না সাহেবকে যখন এখানে আনা হোল—কেন্দ্র থেকে মন্ত্রী আসছেন—ওঁরা বললেন যে উনি আসার এই সমস্যার একটা বিরাট সমাধানের ব্যবস্থা হবে, কিন্তু একটা একটা করে প্রথমে মাইগ্রেশন বন্ধ করে, ডোল

বন্ধ করে, গ্রান্ট বন্ধ করে, ফাইনান্স বন্ধ করে আস্তে আস্তে একেবারে হাত গুটিয়ে নিয়ে এসে ও'রা বলতে চান যে আজ আমাদের সমস্যার সমাধান হয়ে গেছে।

[4-50—5-15 p.m.]

কমিউনিস্টদের গালাগালি দিয়ে তাদেরত তাড়িয়ে দিতে পারেন না? একটা ডিসকন্টেন্টমেন্ট-এর বীজ সমস্ত দেশের লোকের মনের মধ্যে বপন করে রেখেছেন সে দিকে যদি লক্ষ্য না রেখে এখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে নেচে নেচে অনেক কথা বলে কোন ফল হবে না। নিজেরা কাজ না করে এখানে দাঁড়িয়ে খালি বাজে বক্তৃতা দিয়ে আপনাদের কর্তব্য শেষ করছেন যদি মনে করেন তাহলে অত্যন্ত ভুল করবেন। কমিউনিস্ট পার্টি বহু বিপর্যয়ের মধ্যেও আস্তে আস্তে এগিয়ে যাচ্ছে এবং তার কারণ হচ্ছে যে আপনারা ডিসকনটেন্ট চারিদিকে বাড়িয়ে তুলছেন। আজকে আমাদের সমাজের মধ্যে উদ্বাস্তু হচ্ছে—একটা বিরাট সমাজ, তাদের জন্য আপনারা কিছুই করলেন না। সমস্ত টাকা অপব্যয় করলেন, নিজেরা খেলেন, দালালদের খাওয়ালেন, বড় বড় অফিসারদের নিযুক্ত করে টাকা নষ্ট করলেন। এদেশে কাউকে ঠিকমত রিহ্যাবিলিটেট করলেন না। তারপর দেখা যাচ্ছে বাঙ্গালী জাতির উপর কেন্দ্রের কারও সহানুভূতি নেই, শুধু গলা টিপে মেরে ফেলবার চেষ্টা হচ্ছে। এ'রা আশা করেছিলেন খান্না সাহেব এসে কিছু করবেন, অবশ্য আমি আশা করি নি। তিনি এসে আরও নিশ্চিহ্ন করবেন এইটাই আমার মনে হয়েছিল, আজ সেটা প্রমাণিত হচ্ছে। আজ এই যে দণ্ডকারণ্য নিয়ে রাজনীতি চলেছে, সেটা উপেক্ষা করবার মত নয়। খান্না সাহেব যখন দেখলেন সত্যি সত্যিই বাঙ্গালীরা সেখানে যেতে চায়, ভালভাবে থাকতে চায়, তখন তার মধ্যে একটা গোলযোগ বাঁধিয়ে দিলেন। এই ফ্লেচার সাহেব সম্বন্ধে কোন খবর আমরা রাখি না তা নয়। সত্যই বাঙ্গালী উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য, রিহ্যাবিলিটেট করবার জন্য তিনি নিজেকে সম্পূর্ণভাবে নিয়োগ করেছিলেন, তাঁকে রাখা হল না, তাঁকে তাড়িয়ে দিলেন। তা ছাড়া তিনি অনেক ভাল ভাল বাঙ্গালী অফিসারকেও তাড়িয়ে দিলেন। সুতরাং যদি আসল খবরটা নিয়ে প্রতিকারের ব্যবস্থা করেন তাহলে বোধহয় উদ্বাস্তুদের পক্ষে শুধু নয়, আপনাদের পক্ষেও মঙ্গল হবে।

আজ সমস্ত বাংলাদেশের মানুষের মনে এই ধারণা এসেছে যে খান্না সাহেব বাংলার শত্রু এবং তাঁর দ্বারা বাঙ্গালী উদ্বাস্তুদের কোন দিনই সুবিধা হবে না। আমি কোনদিনই দণ্ডকারণ্যের পক্ষপাতী ছিলাম না—আমাদের নেতারা বললেন—হাঁ, এটা হলে ভাল হয়। বহু ফ্যামিলিকে সেখানে পাঠান হল কিন্তু কি ব্যবহার তারা পেয়েছে? তারা আজ বিপর্যয়ের সামনে এসে দাঁড়িয়েছে—যেন তারা মানুষ নয়, তারা যেন ভারতীয় নয়, এইভাবে তাদের দেখা হচ্ছে। আমাদের যে দাবী ছিল বাংলাদেশের আশেপাশে বাংলাভাষাভষী যেসমস্ত অঞ্চল রয়েছে তা আমাদের ফিরিয়ে দেওয়া হোক সেখানে উদ্বাস্তুদের বসাব। তাঁরা তখন একটা মোটামুটি মিটমাট করলেন, তারপরে সব ঠাণ্ডা হয়ে গেল। আজও পুরুলিয়ার নিকটবর্তী অঞ্চল নিয়ে আমাদের যে দাবী রয়েছে তা নিয়ে কোন ব্যবস্থা হচ্ছে না। সেখানকার খবর কাগজে পড়ি, দেখি সেখানে হিন্দীভাষী জোর করে শেখান হচ্ছে, নানা রকম জুলুম বাঙ্গালাভাষাভাষীদের উপর চালান হচ্ছে। তবুও আমরা কিছু করছি না। আমরা বলি বাংলভাষাভাষী অঞ্চলগুলি নিয়ে আপনারা একটা দাবি জানান। শ্রী পি সি সেন কেন এই দাবী জানাবেন না? আজকে কি করলা মহারাজা? তাদের সেই দাবী কংগ্রেস সরকারের নাকে দড়ি দিয়ে মানিয়ে ছাড়ল। বাঙ্গালী যদি একজোট হয়ে, বাঙ্গালার স্বার্থের জন্য, বাঙ্গালীর স্বার্থের জন্য, বাঙ্গালীর সম্বন্ধে কিছু বলতে যায় তাহলে সেটা প্রভিন্সিয়ালিজম হয়ে যায়। কিন্তু আজ তো অন্য কোন জায়গায় বাঙ্গালীর স্থান নেই—সকলে আজ আমাদের তাড়িয়ে দিতে চায়, সকলে আমাদের ঘৃণা করতে চায়, সকলে আমাদের দাবিয়ে রাখতে চায়। বাঙ্গালী আজ তার নিজের দেশেও বিদেশী হয়ে আছে। টাটার নগরে আজ ছোট ছোট বাঙ্গালী বাড়ীওয়ালা পালাচ্ছে। এর একটা সমাধান না করে শুধু রাজনৈতিক গালাগালি দিয়ে কি লাভ হবে? সাময়িক লাভ একটু হতে পারে, কিন্তু স্থায়ীভাবে কিছু হয় না। আজ কি সরকার পক্ষ, কি আমাদের পক্ষ দুই পক্ষ থেকেই একটা দাবী উঠাতে হবে যে খান্না সাহেবকে সরাতে হবে এবং একথাও বলব শ্রী পি সি সেন নিজের হাতে তাঁর কাজ নিন। যেমন জোরের সঙ্গে একদিন আমাদের আশ্বাস দিয়েছিলেন যে আমি এই উদ্বাস্তু সমস্যার সমাধান করব সেইরকমভাবে যদি আবার সব করবার চেষ্টা করেন

আমার মনে হয় তিনি সকলের সাহায্য পাবেন। পরের হাতে দায়িত্ব তুলে দিয়ে নিজে [illegible]। রাজনৈতিক দলাদলির মধ্যে পড়ে তো বাংলাদেশকে ডুবাচ্ছেন। তা না করে নিজে আজ এগিয়ে আসুন সঠিক কাজ করবার জন্য। আমি এখানে জোর করে বলছি—
Khanna Sahib is an enemy of West Bengal and he should by all means be removed.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Privilege Motion regarding the election of Speaker.

Shri Siddhartha Shankar Ray: Sir, I do not find the Chief Minister here. Will he come to the House now? For I have a privilege motion to raise. If he does not come to the House today, then I shall raise the question tomorrow when we meet at 9 a.m.

Mr. Deputy Speaker: We shall meet tomorrow at 9-30 a.m.

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

আপনি তো স্যার, ঘাড় নাড়লেন, তাতে বুঝা গেল না মুখ্যমন্ত্রী মহাশয় আসবেন কিনা, ব্যাপারটা গুরুতর।

Mr. Deputy Speaker: May I know the point of privilege? You may give me the note regarding the point of privilege.

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

এই কে গুরুতর ব্যাপার বুলিয়ে রাখছেন আপনাকে ডেপুটি স্পীকার করে, আপনাকেও করছেন না আর কাউকেও স্পীকার করছেন না।

Mr. Deputy Speaker: That is a personal matter.

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

না, না, স্যার, এটা, হাউসের প্রিভিলেজ, এই অধিবেশন, তার আগের অধিবেশনের আগের অধিবশেনে শ্রীশঙ্করদাস ব্যানার্জি রিজাইন করেছিলেন কিন্তু আজ পর্যন্ত স্পীকার মনোনীত করা হচ্ছে না। এটা স্যার, মেছোহাট নয়, এটা এসেম্বলী, এ সম্বন্ধে একটা প্রশ্ন তুলতে চাই আমরা স্পীকার পাব কিনা। আমরা কিন্তু স্যার, আপনাকেই সাপোর্ট করবো, কংগ্রেস করলেও, কারণ আপনি বেশ কাজ চালিয়ে যাচ্ছেন।

Mr. Deputy Speaker:

এটা পার্সোনাল ম্যাটার, আর কেউ যখন এসে বসবেন তাঁকেই এটা বলবেন।

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

না না এর একটা গুরুত্ব আছে, আপনাকে নিয়ে বসিয়ে রেখেছে, এরা কিছুতেই স্পীকার করবে না। একজন পারমানেন্ট স্পীকার থাকা উচিত নয় কি
West Bengal Legislative Assembly তে

Mr. Deputy Speaker:

[illegible] দেখাবেন।

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

হাঁ, স্যার, সব নিয়ে বসে আছি কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় নেই বলে শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় প্রশ্ন তুলতে পারছেন না, এখন না করা হলে কাল ৯-৩০ মিনিটের সময় মুখ্যমন্ত্রী মহাশয় যখন

আসবেন—তখন সবাই এসে আমরা বলবো এবং তখন দেখবো তিনি কি বলতে চান জনসাধারণের কাছে তাও জানা যাবে। তিনি ইচ্ছা করলে স্পীকারকে পকেটে রাখতে পারেন মাসের পর মাস বছরের পর বছর—এটা চলবে না, এটার ব্যবস্থা করতে হবে।

Sj. Siddhartha Shankar Ray:

আমার পয়েন্ট হচ্ছে এই যে স্পীকারস ইলেকশান হচ্ছে না—এটা আপনার প্রতি আমার প্রতি ডিসরেসপেক্ট দেখান হচ্ছে। পার্লামেন্টারি ডেমক্রেসির ইতিহাসে এর নজির খুব পাওয়া যায় না যে স্পীকারস ইলেকশন, সেসনের পর সেসন বন্ধ করে রাখা হয়েছে।

Non-official Resolutions

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিম বাংলায় ৯১টি উদ্বাস্তু ক্যাম্পে যে ৩৫ হাজার উদ্বাস্তু পরিবার দারুণ অসুবিধার সম্মুখীন এবং সরকারী পেষণ যন্ত্রের মধ্যে মর্মান্তিক অবস্থার মধ্যে দিনপাত করছে তার প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সরকার কিছুদিন আগে এক বিবৃতিতে জানিয়েছেন যে ৫ (?) হাজার উদ্বাস্তু পরিবারকে অবিলম্বে ক্যাম্প ছেড়ে যেতে হবে এবং এই যে তাদের ক্যাম্প ছেড়ে যেতে হবে তার জন্য বায়নানামা করতে হবে এবং বায়নানামা স্কীম অনুসারে জমি সংগ্রহের উপর গৃহনির্মাণের ঋণের ব্যবস্থা করতে হবে। কিন্তু ৩৫ হাজার পরিবারকে যে সামান্য সময় দেওয়া হয়েছে অর্থাৎ জমি সংগ্রহের জন্য এবং জমি সংগ্রহ করে গৃহনির্মাণ ঋণের জন্য যে সময় প্রয়োজন সে সময় তাদের না দিয়ে ইতিমধ্যে তাদের ক্যাস ডোল কেটে দেওয়া হচ্ছে।

ডেপুটী স্পীকার মহাশয়, পুনর্বাসন মন্ত্রীদের মধ্যে একজনকেও উপস্থিত দেখছি না, আমরা যে প্রস্তাব রাখছি তা কে জানবে, এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কোন মন্ত্রী যদি না থাকে তাহলে আমাদের প্রতি এবং এই হাউস-এর প্রতি ডিসরেসপেক্ট দেখান হয়।

Mr. Deputy Speaker:

খবর দেওয়া হয়েছে।

Sj. Siddhartha Shankar Ray:

পার্লামেন্টএ নজীর আছে যে মন্ত্রীরা হাউসএ না থাকলে হাউস এডজারন্ড করে দেওয়া হয়।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

আপনার উপর অবজ্ঞা করা হচ্ছে

Sir, you are the defender of this house.

আমাদের প্রিভিলেজ-এর প্রোটেকশান, আমাদের আলোচনার সময় মন্ত্রীরা যদি না থাকেন তাহলে আমাদের প্রতিও অবজ্ঞা করা হয়। একটু আগে প্রফুল্ল সেন, আপনি আলোচনা করতে দিয়েছেন বলে, বললেন যে ভাল করেন নি। স্পীকারের আসনে যিনি আসীন তাকে মন্ত্রিমহাশয় এইরকম অবান্তর কথা বললেন এবং আপনি তা শুনে কিছু বললেন না খালি হাসলেন। এরপর আপনার প্রফুল্ল সেনকে বের করে দেওয়া উচিত ছিল। এত বড় কথা বলে যে চেয়ার-এর প্রতি ডিসরেসপেক্ট করে তাকে আমি মানুষ বলে মনে করি না।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কথা বলছিলাম, ক্যাম্পে ৩৫ হাজার উদ্বাস্তুদের আজকে যেমন করে সরকারের পেষণে নির্যাতিত হচ্ছে সে সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমে বলেছি ৫ হাজার বাস্তুহারা পরিবারকে আদেশ দেওয়া হয়েছে তিন মাসের মধ্যে তোমরা বায়নানামা করে এই অঞ্চল বা ক্যাম্প ছেড়ে চলে যাবে। কিন্তু তিন মাসের মধ্যে সমস্ত উদ্বাস্তুদের পক্ষে গৃহ-নির্মাণের ঋণের জন্য বা বাড়ী বা জমি ক্রয় করার জন্য যে বায়নানামার যে স্কীম সেই দলিল তৈরী করার জন্য, তা সরকারের কাছে পেশ করার জন্য, এবং ঋণের ব্যবস্থা করার জন্য ইনকোয়ারী ইত্যাদি যেসব প্রোসিডিওর আছে তার মধ্যে তাদের ঋণ দেওয়া সম্ভবপর নয়। তবুও, স্যার,

এই কথা জেনেও এই ৫ হাজার পরিবারকে আদেশ দিয়েছেন যে তোমাদের ক্যাস ডোল কেটে দেওয়া হচ্ছে এবং রেজিস্টার থেকে নাম কেটে দেওয়া হচ্ছে। এই ৫ হাজার পরিবার ছাড়া যে স্ক্রীনিং গভর্নমেন্ট-এর তরফ থেকে করা হয়েছে তা অধিকাংশ ভুল এবং অধিকাংশ ভালভাবে এনকোয়ারী না করে এই স্ক্রীনিং রিপোর্ট দেওয়া হয়েছে। এই স্ক্রীনিং রিপোর্ট-এর ফলে ১০ হাজার উদ্বাস্তু যারা ক্যাম্পএ বাস করে তাদের ক্যাস ডোল কেটে দেওয়া হচ্ছে। এর ফলে স্ক্রীনিং রিপোর্ট-এর নাম করে এই ১০ হাজার উদ্বাস্তু যারা ক্যাম্পে আছে তাদের ক্যাস ডোল বন্ধ করে দিয়ে তাদের পুনর্বাসন থেকে বঞ্চিত করে দেবার এই চক্রান্ত চলছে। শুধু তাই নয়, এই ১০ হাজারের বাইরেও আরো পরিবার আছে এবং পারসিয়্যালী, আংশিকভাবে তাদের ক্যাস ডোল কেটে দেওয়া হচ্ছে। এ ছাড়া স্ক্রীনিং রিপোর্ট-এর উপর ভিত্তি করে বহু উদ্বাস্তু টি বি রোগী, যাদের টি বি রোগের সাহায্য হিসাবে ডায়েট, মেডিসিন দেওয়া হয়, আমি সরাসরি মন্ত্রি-মহাশয়কে প্রশ্ন করতে চাই, যে এই টি বি স্ক্রীনিং বোর্ড-এর সামনে অনেক পেসেন্টকে উপস্থিত করা হয়নি এবং তাদের এক্সজামিন করা হয়নি কিন্তু তাদের ক্যাস ডোল কেটে দেওয়া হল। এবং টি বি বলে সার্টিফিকেট দেওয়া হয়েছে তাদেরও ক্যাস ডোল বন্ধ করে দেওয়া হচ্ছে।

[5-25—5-35 p.m.]

ছাত্রদের সম্পর্কে বলতে গেলে এই কথাই বলতে হয় যে, সেকেণ্ডারী স্টেজএ যেসমস্ত ছেলে পড়ে বিভিন্ন ক্যাম্পে তাদের মধ্যে প্রায় শতকরা ৮০ জন ছাত্র ছাত্রজীবন ত্যাগ করতে বাধ্য হয়েছে এই সরকারী নীতির ফলে। আমি এখানে শুধুমাত্র একটি ক্যাম্পের কথাই বলব,—ঘুসুড়ি ক্যাম্প—এই ক্যাম্পের অধিবাসী ৫ম মানে থেকে ১০ম মানের ছাত্রদের মধ্যে শতকরা প্রায় ৮০ জন ছাত্র স্কুল লাইফ ছেড়ে দিয়েছে কারণ, তাঁরা গভর্নমেন্ট থেকে কোনরকম সাহায্য পায়নি। তারপর, গভর্নমেন্টের নীতিহীন নীতি সম্বন্ধে আমি কয়েকটা কথা বলব। এমালগামেশান অফ ফ্যামিলিস নিয়ে এক অভূতপূর্ব ব্যাপার চলছে। ২।৩টি পরিবার যারা দেশে থাকতে আলাদাভাবে বাস করতেন এবং এখানেও আলাদাভাবে মাইগ্রেশান সার্টিফিকেট নিয়ে এসেছেন তাদের একটি পরিবার করে দেওয়া হয়েছে যার ফলে বহু লোক পুনর্বাসনের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ১০ হাজার লোকের ক্যাস ডোল কেটে দেওয়া হয়েছে এবং ৫ হাজার লোককে নোটিশ দেওয়া হয়েছে। এই যে চক্রান্ত চলছে ক্যাস ডোল বন্ধ করে দেওয়ায়, এই চক্রান্তের ফলে বিভিন্ন ক্যাম্পের উদ্বাস্তুদের মধ্যে গভীর নৈরাশ্যের সৃষ্টি হয়েছে—এবং কিভাবে আজকে নিরীহ যক্ষ্মারোগাক্রান্ত রোগীদের মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হচ্ছে তা বর্ণনাতীত। এ সম্পর্কে যে স্ক্রীনিং বোর্ড-এর রিপোর্ট আমাদের এখানে রাখা হয়েছে তাতে একটা প্রকাশ্য তদন্ত করার দাবী আমি এখানে রাখছি। তা ছাড়া আমি আরো একটা প্রশ্ন এখানে রাখবো যে, আজ পর্যন্ত যে ৯ থেকে ১০ হাজার ল্যান্ড পারচেস-এর বায়নানামা করা হয়েছে—দীর্ঘ কয়েক বৎসর উত্তীর্ণ হবার পরও এ সম্পর্কে যে এনকোয়ারী করা প্রয়োজন ছিল সেই এনকোয়ারী করা হয়নি এবং যেটা আরো আতংকের কথা সেটা হচ্ছে এই যে, জমিদারদের যোগাযোগে সেই বায়নানামাগুলি ক্যানসেল করবার ব্যবস্থা চলছে। অথচ এ পর্যন্ত গভর্নমেন্ট থেকে কোনপ্রকার ব্যবস্থা করা হয়নি। মুখ্যমন্ত্রী স্বয়ং বলেছিলেন যে, কারুর ইহার বিরুদ্ধে বাংলার বাইরে পাঠান হবে না এবং যাঁদের বায়নানামা থাকবে সেই বায়নানামা ভাল করে পরীক্ষা করা হবে এবং পরীক্ষার পর যদি দেখা যায় যেস্থানে উদ্বাস্তুরা আছেন তা সর্বতোভাবে উপযুক্ত তাহলে তাদের সেই স্থান ত্যাগ করে অন্যত্র কোথাও যেতে হবে না। কিন্তু আজকে বায়নানামার সমস্ত রকম কাগজপত্র থাকা সত্ত্বেও তাদের উপর নানাভাবে প্রেসার দেওয়া হচ্ছে, তাদের উপর নোটিস দেওয়া হচ্ছে যে, দণ্ডকারণ্য না গেলে ক্যাস ডোল বন্ধ করে দেওয়া হবে। এভাবে উদ্বাস্তুদের পুনর্বাসনের কোন সামগ্রিক দৃষ্টিভঙ্গি না নিয়ে যেভাবে তাদের উপর অত্যাচার চালান হচ্ছে তাতে মনে হয় উদ্বাস্তুদের ক্যাম্প থেকে বিতাড়ন করাই এঁদের উদ্দেশ্য। তারপর, দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে ইতিমধ্যেই বিভিন্ন সংবাদপত্রে বিরূপ মন্তব্য প্রকাশিত হচ্ছে। তাই আমরা দেখছি আজকে দণ্ডকারণ্যে কি ধরনের অচল অবস্থা সৃষ্টি হয়েছে। ফ্রেচ সাহেব, চীফ এডমিনিস্ট্রেটর, যে রিপোর্ট পেশ করেছিলেন তাতে দেখা যায় যে, গত মে মাস থেকে আরম্ভ করে আজ পর্যন্ত দণ্ডকারণ্যে যেসমস্ত পরিকল্পনা নেওয়ার কথা ছিল সেইসমস্ত পরিকল্পনা মোটেই অগ্রসর হয়নি এবং স্ট্যান্ডস্টিল অবস্থায় রয়ে গিয়েছে। সেখানে চাষী পরিবার ও অন্যান্যদের জন্য যেসব ঘরবাড়ী তৈরি হবার

কথা ছিল তা কিছু হয়নি। এমতাবস্থায় স্কীল্ড লেবার নিয়ে গিয়ে কাজ হবে বুঝতে পারি না, এবং এই অবস্থার কথা জেনে কোন লোক যেতেও রাজী হতে পারে না। তারপর, বিভিন্ন ট্রানজিট ক্যাম্পে নানারকম অসুবিধা রয়েছে, জলের ব্যবস্থা করা হয়নি, নিত্যপ্রয়োজনীয় অপরিহার্য জিনিসের ব্যবস্থা করা হয়নি, যার জন্য যারা সেখানে গিয়েছে কাজ করার জন্য তারা সেখানে থাকতে পারেনি। এমতাবস্থায় বাংলাদেশের বিভিন্ন ক্যাম্পের উদ্বাস্তুদের উপর নোটিস জারী করা হচ্ছে ক্যাস ডোল বন্ধ করে দেওয়া হবে বলে। দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে আরো বলা দরকার যে, চীফ এডমিনিস্ট্রেটর নিজেই বলেছেন যে, সেখানে কাজ শুরু করার মত যেসমস্ত মেটিরিয়ালস ও ইনফরমেশন থাকা দরকার তা গভর্নমেন্টের কাছে নাই যার জন্য অনেক কাজ, রাস্তা তৈরীর কাজ ইত্যাদি আরম্ভ করা হয়নি, বা আরম্ভ করা হলেও অর্ধসমাপ্ত অবস্থায় পরিত্যক্ত হয়েছে। চীফ এডমিনিস্ট্রেটর বলেছেন, যে হাসপাতাল তৈরী করার কথা ছিল তা এখনো হয়নি। যেসমস্ত মেশিনারী যাবার কথা ছিল তা যায়নি, যা গিয়েছে তাও স্টোরহাউসএ অব্যবহার্য অবস্থায় পড়ে রয়েছে। এবং যেসমস্ত টিউবওয়েল বসাবার কথা ছিল, সেইসব টিউবওয়েল-এর কাজ কিছুই হয়নি, এবং সমস্ত পরিকল্পনাটা এখন রিভাইজড হয়ে গিয়েছে একথা চীফ এডমিনিস্ট্রেটর নিজে বলেছেন। তিনি আরো বলেছেন যে, শুধু তাই নয়, যে টাকা খরচ হওয়ার বাজেট প্রভিসন ছিল এখন দেখা যাচ্ছে তার থেকে এভারেজ এক্সপেনডিচার ৭০ পারসেন্ট বেশী হবে। কাজেই যে বাজেট নিয়ে দণ্ডকারণ্য পরিকল্পনার কাজ শুরু হয়েছিল সেই পরিকল্পনা সম্পূর্ণ ব্যর্থ হতে চলেছে, এবং শুধু তাই নয়, চীফ এডমিনিস্ট্রেটর নিজে তাঁর রিপোর্টে বলেছেন

"bore-hole latrines are in a bad state, most of the handpumps are out of order, nowhere has construction of building for health centres, for mobile units, for warehouses for consumer goods and project stores has been started."

এজন্য আজকে দলাদলি ও অকর্মণ্যতার দরুন দণ্ডকারণ্য দুর্নীতির পীঠভূমিতে পরিণত হয়েছে—এমতাবস্থায় চাষী পরিবারকে নোটিস দিয়ে ক্যাস ডোল বন্ধ করার কি যুক্তি আছে?

[5-35—5-45 p.m.]

৫ হাজার পরিবারের ক্যাস ডোল বন্ধ করে নোটিস দিয়ে দিয়েছেন যে ক্যাম্প থেকে তারা বেরিয়ে যাক। এইভাবে তাদের বিতাড়ন করে পুনর্বাসন না দিয়ে ভিখারীর ভাবে জীবনযাপন করতে দেওয়ার যে নীতি সেই নীতি আজ পরিষ্কার হয়ে উঠেছে। এই ক্যাম্প উদ্বাস্তু ছাড়া মন্ত্রি-মহাশয়ের কাছে আমি আর একটা প্রশ্ন রাখতে চাই। যারা মুসলমানের বাড়ীতে স্কোয়াট করে আছে তাদের শত শত ল্যান্ড পারচেজ লোনের দরখাস্ত স্যাংশান হয়ে গেছে। এইভাবে ৩।৪ বছর ধরে ল্যান্ড পারচেজ লোনের জমি এনকোয়ারী করে স্যাংশান হয়ে গেছে। এইরকম হাওড়ায় ৪০০ কেস পড়ে আছে। হাউস বিল্ডিং লোন এনকোয়ারী হয়ে স্যাংশান হয়ে পড়ে আছে। এইভাবে ৫০০ থেকে ৬০০ কেস ৩ বছর আগে স্যাংশান পেয়েছে। সেই গৃহনির্মাণ লোন স্যাংশান করা সত্ত্বেও সমস্ত প্যারাফার্নেলিয়া স্যাটিসফাই করা সত্ত্বেও গভর্নমেন্টের তরফ থেকে কিছুই করা হচ্ছে না। আমরা জানি যে গভর্নমেন্টের যে নীতি, সে নীতি হল উদ্বাস্তুদের জোর করে ক্যাম্প থেকে বিতাড়ন করা। শুধু এই নয়, আমরা জানি যে কম্পিটেন্ট অথরিটি ৭ বছর আগে রায় দিলেন যে এদের পুনর্বাসনের অধিকার দিতে হবে, কিন্তু আজ পর্যন্ত সে রায় কার্যকরী হয়নি। হাওড়া এবং বাংলাদেশের বিভিন্ন কোর্টের সংবাদ নিয়ে দেখবেন যে কম্পিটেন্ট অথরিটির নীচে ক্লার্ক বা পিওন নিযুক্ত করা আছে, কিন্তু ১২ বছর ধরে সেইসমস্ত কম্পিটেন্ট অথরিটিকে কোন পাওয়ার দেওয়া হয়নি বলে কোর্ট ফাংসান করতে পাচ্ছে না। সুতরাং আমি বলব যে এর চেয়ে লজ্জার আর কি আছে। সেখানে স্টাফ মেনটেন হচ্ছে, কিন্তু সেক্রেটারিয়েট থেকে পাওয়ার দেওয়া হয়নি বলে সেখানে কোন কাজ হচ্ছে না। বাংলাদেশে রিক্লামেশানে যেসমস্ত জমি আছে, যা কোলাঘাট, তিস্তা চর, হেড়োভাঙ্গা, গড়বেতা, সুন্দরবন ইত্যাদি অঞ্চলে ল্যান্ড রিক্লেম করার যে সুযোগ আছে সেই সুযোগ যদি তাঁরা গ্রহণ করতেন এবং বাংলাদেশে পুনর্বাসনের ব্যবস্থার দিকে যদি তাঁদের আন্তরিকতা থাকতো তাহলে নিশ্চয় বাংলাদেশে উদ্বাস্তু পুনর্বাসন হতে পারত ও সমস্যার সমাধান হত। কিন্তু যেভাবে মন্ত্রীমণ্ডলী পুনর্বাসনের ক্ষেত্রে নিজেদের অপদার্থতার পরিচয় দিয়েছেন তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে আমি এই প্রস্তাব সমর্থন করছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, এই প্রস্তাবের মধ্যে পশ্চিম বাংলা সরকারের উদ্বাস্তু পুনর্বাসনের ব্যর্থতার কথা লেখা আছে। আজ আমি সেই দণ্ডকারণ্য প্রজেক্ট যার মারফৎ পশ্চিম বাংলার উদ্বাস্তুদের ভালভাবে, সুষ্ঠুভাবে পুনর্বসতির কথা ঘোষণা করা হয়েছিল সেটা যে কেন ব্যর্থ হতে চলেছে সে সম্বন্ধে বলব। আমার মতে এই পরিকল্পনা ব্যর্থ হওয়ার জন্য দায়ী আমাদের কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী শ্রীমেহেরচাঁদ খান্না। এই মেহেরচাঁদ খান্না আমাদের কাছে কতগুলি প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং যার প্রথমটি হোল যে পশ্চিম বাংলায় আর তিল ধারণের স্থান নেই কাজেই উদ্বাস্তুদের বাইরে পাঠিয়ে অতি দ্রুতগতিতে পুনর্বাসন করতে হবে। তারপর তিনি প্রতিশ্রুতি দিলেন যে পশ্চিম বাংলায় উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন করার কোন ব্যবস্থা হয় নি সুতরাং সেটাও করা হবে। তারপর তিনি প্রতিশ্রুতি দিলেন যে জবরদখল কলোনীর সমস্যা তিনি আর জিইয়ে না রেখে তার সমাধান করে দেবেন। কিন্তু কার্যতঃ দেখা গেল যে ১৯৫৬ সালের ডিসেম্বর মাসে বিভিন্ন ক্যাম্পে যে ২ লক্ষ ৯৭ হাজার উদ্বাস্তু নরনারী ছিল তাদের মধ্যে ১৯৫৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বিহার, উত্তরপ্রদেশ, উড়িষ্যা, মধ্যপ্রদেশ এবং রাজস্থান প্রভৃতি স্থানে পাঠিয়ে মাত্র ১৭ হাজার দুই শত লোকের পুনর্বসতির ব্যবস্থা হয়েছে। তারপর তাঁর অর্থনৈতিক পুনর্বাসনের প্রতিশ্রুতির দিকে তাকালে দেখতে পাই যে ১৯টি কারখানায় ৯ হাজার শ্রমিক নেওয়া হবে এই ভিত্তিতে যে দুই কোটি ৪৫ লক্ষ টাকার বাজেট তৈরি করেছিলেন তাতে ঐ ৯ হাজারের মধ্যে মাত্র ২ হাজার লোককে চাকরি দেওয়া হোল এবং তারজন্য ঐ ২ কোটি ৪৫ লক্ষ টাকার মধ্যে খরচ করেছেন ১ কোটি ৩৯ লক্ষ টাকা। তারপর তাঁর জবরদখল কলোনীর সমস্যা মেটাবার প্রতিশ্রুতির দিকে তাকালে আমরা দেখব যে ১৪০টি জবরদখল কলোনীর মধ্যে মাত্র ৮০টিকে বৈধকরণ করা হয়েছে এই ৪ বছরের মধ্যে। স্যার, মোটামুটি, এই হচ্ছে আমাদের কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী শ্রীমেহেরচাঁদ খান্নার এ্যাচিভমেন্ট। এ ছাড়া আর একটি নির্মম হত্যাকাণ্ডের মধ্যে দিয়ে তিনি ১৯৫৭ সালে এই উদ্বাস্তুদের সংখ্যা কমাবার চেষ্টা করেছেন। ১৯৫৭ সালে ১৯ হাজার ১৩ জন উদ্বাস্তু পুনর্বাসন পেয়েছে কিন্তু ডেথ এ্যান্ড ডিসচারজএর দ্বারা তিনি ২৬ হাজার ১৪১ জনের সমস্যা চুকিয়েছেন এবং ১৯৫৮ সালে ২৫ হাজার ৯৫৫ জন যেখানে পুনর্বাসন পেয়েছে সেখানে ডেথ এ্যান্ড ডিসচার্জ দেখান হোল ১৩ হাজার ৬ শত। কাজেই এই হোল দণ্ডকারণ্য স্কীম সম্বন্ধে তিনি যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন তার ফলাফল। এই দণ্ডকারণ্য স্কীম যখন প্রথমে এল তখন থেকেই এই ভদ্রলোক চেষ্টা করছিলেন যাতে এটা একটা সেপারেট বডি হিসেবে না হয়ে রিহ্যাবিলিটেসন মিনিস্ট্রির অধীনে একটা ভিন্ন অরগ্যানাইজেসন হিসেবে থাকে এবং তার কর্তৃত্বের বাইরে না যায়। তার এই চেষ্টার কারণ হচ্ছে যে যদি কখনও রিহ্যাবিলিটেসন ডিপার্টমেন্ট উঠে যায় তাহলেও যেন তিনি এই দণ্ডকারণ্যের কর্তা হয়ে বসতে পারেন। কিন্তু যখন তিনি দেখলেন যে

Rehabilitation Sub-Committee of the Union Ministry and Government of India Sub-Committee

ক্যাবিনেটএ ইনিসিয়েটিভ নিয়ে এই দণ্ডকারণ্য স্কীম করেছেন তখন এটা তার কর্তৃত্বাধীনে আসবে না মনে করে তখন থেকেই তিনি এটা বানচাল করবার চেষ্টা করছেন এবং তার প্রথম পদক্ষেপ হোল যে দণ্ডকারণ্য স্কীম হওয়ার পরে তিনি উড়িষ্যা, মধ্যপ্রদেশ এবং রাজস্থান প্রভৃতি স্থানে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য জায়গা খুজতে আরম্ভ করলেন। তারপর তার দ্বিতীয় প্রচেষ্টা হিসেবে তিনি কতগুলি শর্ত দিলেন যাতে উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে না যেতে পারে—যেমন ৪ জনের কম ফ্যামিলি মেম্বরস যেন না হয় এবং এইভাবে আরও ১২ রকমের শর্ত দিলেন। এই দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের নিয়ে যাওয়ার জন্য ৭ বার লিস্ট তৈরি হয়েছে, কিন্তু আশ্চর্যের বিষয় যে প্রতিবারেই এই মেহেরচাঁদ খান্নার জন্য সেই লিস্ট পাল্টাতে হয়েছে। স্যার, আমাদের বামপন্থীদের প্রতি দোষারোপ করা হয় যে আমরা এই দণ্ডকারণ্য স্কীমকে বানচাল করবার চেষ্টা করছি। কিন্তু আমি বলতে পারি যে বামপন্থীরা কোনদিন সেই চেষ্টা করে নি বা এর বিরুদ্ধাচরণ করে নি। এমনকি সমস্ত সংবাদপত্রও একে সমর্থন করে একটা স্পেশ্যাল ইস্যু বের করেছিলেন যাতে এই স্কীম সাকসেফুল হয় এবং সেখানে পশ্চিম বাংলার বাস্তুহারাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা হয়, কিন্তু আজ যে দণ্ডকারণ্য স্কীম বানচাল হতে চলেছে তা বামপন্থী বা বাস্তুহারাদের দোষে নয়, তার জন্য দায়ী হচ্ছে এ্যাডমিনিস্ট্রেসন এবং এই খান্না সাহেব, শুদ্ধ তাই নয় কি

প্লেচারের মত একজন ভাল অফিসারকেও আজ এই খান্না সাহেবের জন্য চলে যেতে হয়েছে। স্যার, এই খান্না সাহেব গোড়া থেকেই আর একটা চক্রান্ত করেছিলেন এবং সেইজন্য তিনি পাঞ্জাবের গভর্নর মিঃ গ্যাডগিলকে চিঠি লিখে জানিয়ে ছিলেন যে ঐ দণ্ডকারণ্যে পাঞ্জাবী উদ্বাস্তুদের বসান যায় কিনা এবং দ্বিতীয় কথা তিনি বলেছেন যে এক্স-আরমিমেনদের সেখানে রিহ্যাবিলিটেট করা হবে। অবশ্য পরে আমরা শুনেছি যে ইউনিয়ন ক্যাবিনেটে পণ্ডিত নেহেরুর কাছে আমাদের কেন্দ্রীয় আইনমন্ত্রী শ্রীঅশোক সেন জিজ্ঞাসা করেছিলেন যে একথা সত্য কিনা। কিন্তু পণ্ডিত নেহেরু বলেছেন যে একথা সত্য নয় এবং সেখানে পশ্চিম বাংলার উদ্বাস্তুদেরই অগ্রাধিকার দেওয়া হবে। তবে এখন অবশ্য এক্স-আরমিমেনদের রিহ্যাবিলিটেট করিয়ে পশ্চিম বাংলার উদ্বাস্তুদের পুনর্বাসনের দাবীকে বানচাল করবার যে প্রচেষ্টা সেটা চাপা পড়েছে।

[5-45—5-55 p.m.]

স্যার, এখানে আমি বলতে চাই যে উত্তর ভারত এবং উত্তর-পশ্চিম ভারতের পশ্চিম পাঞ্জাব থেকে যেসমস্ত পাঞ্জাবী উদ্বাস্তু এসেছিল তাদের প্রশ্ন এখন আর নেই, তাদের পুনর্বাসন হয়ে গেছে, কিন্তু আজও বুকে কাঁটার মত পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যা আমাদের মধ্যে রয়েছে। যে পুনর্বাসন মন্ত্রণালয় দণ্ডকারণ্য এ্যাডমিনিস্ট্রেসান আজকে বাঙ্গালীদের দ্বারা পরিচালিত হওয়া উচিত ছিল, সেখানে দেখছি সেক্রেটারি হচ্ছে পাঞ্জাবী, জয়েন্ট সেক্রেটারী হচ্ছে পাঞ্জাবী, খান্না সাহেব যিনি পেশোয়ার থেকে এসে এক সময় উদ্বাস্তু ছিলেন, এখন নিজেকে পুনর্বাসন করে নিয়েছেন, এটা যেন একটা অবাঙ্গালীদের লীলানিকেতন হয়ে দাঁড়িয়েছে। স্যার, এতকাল আমরা মীনাপেশোয়ারীর কথা শুনেছিলাম, আজকে নতুন পেশোয়ারী এসে উদ্বাস্তু পুনর্বসান ব্যাপারে বিপর্যয়ের সৃষ্টি করে চলেছে। আমি জিজ্ঞাসা করতে চাই আজকে খান্না সাহেবের সাহস কোথা থেকে আসে? স্যার, শুনেছি ডাঃ রায় এবং প্রফুল্লচন্দ্র সেন, তাঁরা নাকি ঐ কাজের দোসর কারণ তিনি ইউনিয়ন ক্যাবিনেট মিটিংএ বলে বেড়ান যে ডাঃ রায় তাঁকে সমর্থন করেন—এ আমরা শুনেছি, আমার খবর পাকা। মিঃ ব্যানর্জ্জো যিনি একজন ইঞ্জিনিয়ার ডাঃ রায়ের আশ্রিত এবং তাঁর যে চক্র আছে, পেট যে কয়জন লোক আছে, তিনি তাদেরই একজন। আজকে তাকে দিয়ে ঐ খান্না সাহেব ডাঃ রায়ের কান ভাঙ্গাচ্ছেন। স্যার, কিছুদিন আগে কংগ্রেসের যে শেষ মিটিং হয়ে গেল

Last Executive Meeting of the West Bengal Congress Committee............

Mr. Deputy Speaker:

যতীনবাবু, খান্না সাহেবের বিরুদ্ধে আপনি যা বললেন তা এখানে রিলেভান্ট নয়। আমাদের এখানে তাঁর নামে যেসব কথা ব্যবহার করছেন ওসব কথা ব্যবহার করবেন না।

Sj. Jatindra Chandra Chakravorty:

সেই কংগ্রেস এক্সিকিউটিভ কমিটি মিটিংএ খান্না সাহেব বলেছেন

Every step has been taken in consultation with Dr. Roy and Shri P. C. Sen.

আমি ডাঃ রায় এবং প্রফুল্লচন্দ্র সেন দুজনকেই দায়ী করছি। স্যার, আমি দুপুর বেলায় খবর পেয়েছি যে প্রফুল্লচন্দ্র সেন আজকে এই যে আলোচনা হচ্ছে তার জবাব দেবেন না, পূরবী মুখার্জীকে দিয়ে জবাব দেওয়াবেন. সে সৎসাহস তার নেই। কংগ্রেসী সদস্যদের কাছে জানাচ্ছি যে তাদের দায়িত্ব এ ব্যাপারে সব থেকে বেশি, তারাই খান্না সাহেবকে পুনর্বাসন মন্ত্রী করেছেন. তাদেরই ভোটের জোরে তিনি উপরে গেছেন—শ্রীসুধীর রায় চৌধুরী মহাশয় প্রস্তাব করেছেন তাঁকে অপসারণ করা হোক, আগের বছর

I demanded his removal from the Ministry,

স্যার, আজকে

I demand his removal not only from the Ministry, but from the State of West Bengal.

স্যার, যে কুৎসিৎ, কুটিল এবং কদর্য মন নিয়ে রাত্রের গোপন অন্ধকারে বিচরণরত প্রেতেরমত এই ভদ্রলোক আমাদের বুকের উপর চেপে বসে আছেন তাতে সেই ভদ্রলোককে যতক্ষণ পর্যন্ত পশ্চিমবঙ্গ থেকে অপসারণ না করা হবে ততক্ষণ পর্যন্ত আমাদের পশ্চিমবঙ্গের যে দুর্ভাগা উদ্বাস্তু

ভায়েরা আছে তাদের পুনর্বাসন সম্ভবপর হবে না। তার দোসর এবং তার সঙ্গে আজকে যারা ষড়যন্ত্রে লিপ্ত আছেন—ঐ ডাঃ রায় এবং প্রফুল্লচন্দ্র সেনকেও আমি দায়ী করছি। আজকে পুনর্বাসন ব্যাপারে যে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে তাতে তারা খাস্না সাহেবকে সহযোগিতা করছেন। এই কথা বলে আজকে এখানে যে প্রস্তাব উপস্থিত করা হয়েছে তাকে আমি সমর্থন করছি।

Shri Haridas Mitra: I move that—

(i) after the words "following measures, viz.," in line 4, paragraph 4, the following new paragraph be added, viz.:—

"that before taking up any work, the Government should try at the first instance to create the proper psychological atmosphere and confidence both among the refugees whom they want to rehabilitate in different schemes both within and outside the State and also among the general people by adopting suitable methods and procedure in this regard and by radically changing the power-source of implementing these various schemes before actually undertaking to implement them";

(ii) the following be added at the end of the resolution, namely:—

"(vi) to expedite the regularisation and development of all the squatters colonies throughout the State of West Bengal and to set off all amount of compensation charged upon the refugees of the squatters colonies, who have not been granted any assistance whatsoever from the Government for their rehabilitation."

ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিম বাংলার উদ্বাস্তু পুনর্বাসনের ইতিহাসের দিকে চেয়ে দেখলে দেখা যাবে একশো কোটি টাকার একটা ব্যর্থতার ইতিহাস। যে সুযোগ ও'রা পেয়েছিলেন প্রথম দিন থেকে সেই সুযোগ যদি পশ্চিম বাংলা সরকার গ্রহণ করতেন তাহলে আজকে এই পশ্চিম বাংলা ধনেজনে পূর্ণ হয়ে উঠতো। আমাদের মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় বিগত বাজেট অধিবেশনে কার্যতঃ স্বীকার করে গেছেন যে পশ্চিম বাংলায় পুনর্বাসন ব্যর্থ হয়েছে—তিনি বলেছেন যে পূর্ব বাংলার উদ্বাস্তুরা পশ্চিম বাংলার সম্পদ বাড়িয়েছে, তাদের বৈদেশিক মুদ্রা অর্জন করবার ব্যবস্থা করে দিয়েছে, একথা তাঁর বক্তৃতার মধ্যে পরিষ্কার ছিল। আজকে আমরা দেখতে পাচ্ছি সবচেয়ে বড় যে প্রয়োজন—আমার এ্যামেন্ডমেন্ট যেটা রয়েছে সেটা হচ্ছে মানসিক পরিবেশ এবং সরকারের প্রতি আস্থা সৃষ্টি উদ্বাস্তুদের মধ্যে করাতে হবে। যদি তাদের মধ্যে সেই মানসিক পরিবেশ সৃষ্টি না করতে পারেন, উদ্বাস্তুদের মধ্যে সরকারের প্রতি আস্থা সৃষ্টির ব্যবস্থা না করতে পারেন তাহলে কখনও তারা এই উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারবেন না। সরকারের সুস্থ চিন্তাধারা নেই, সুষ্ঠু পরিকল্পনা নেই, বারে বারে তোগলকের মত একবার একটা পরিকল্পনা করেছেন, একবার সেটাকে ছেড়ে দিয়েছেন। শুধু সংবাদপত্রের মারফত নিজেদের প্রচার করেছেন এবং জনমতের চাপে পড়ে তারা যেটুকু করবার চেষ্টা করেছেন তাতেও ব্যর্থ হয়েছেন। আমি কয়েকটা উদাহরণ আপনার সামনে রাখছি—তাহেরপুর গভর্নমেন্ট কলোনী, এক স্কোয়ার মাইল সেই কলোনী, ১৫ হাজার লোক সেখানে আছেন, ৮০ লক্ষ টাকা সেখানে ঋণ দেওয়া হয়েছে। সরকারী কলোনীতে রাস্তাঘাট তৈরি হয়েছে কিন্তু কোন মানুষের অর্থ-নৈতিক পুনর্বাসন সেখানে হয় নি। একশো বিঘা জমি আজকে সেখানে পড়ে রয়েছে, একটা স্পিনিং মিল করবার জন্য। এই তো হরিদাস দে মহাশয় কাল বলছিলেন যে নদীয়া জেলায় তাঁতীদের ৬২ টাকার সুতা আজকে ৮০ টাকায় কিনতে হচ্ছে। আমি বলছি পশ্চিম বাংলায় এক লক্ষ তন্তুবায় পরিবার আছে, আজ কেন সেখানে একশো বিঘা জমি পড়ে আছে, কোনরকম স্পিনিং মিলের ব্যবস্থা সেখানে হোল না। সরকার বলবেন কোন শিল্পপতিকে তারা ভার দিয়েছিলেন, তিনি করেন নি। আমি জিজ্ঞাসা করি সরকার কি বসে থাকেন—তাঁরা নিজেরা কোন মিল করতে পারতেন না? সাতরকম কুটিরশিল্প সেখানে করবেন বলেছিলেন, মাত্র দুইরকম করেছেন, পাঁচ রকম ফেলে দিয়েছেন। আমি মনে করিয়ে দিতে চাই যে এই যেসমস্ত টাকা নষ্ট করলেন সেই বিপুল চ্যাটার্জির কথা নিশ্চয়ই মন্ত্রী মহাশয়ের মনে আছে, যার টাকা চুরির জন্য

এমন অবস্থা হয়েছিল যে সেই আই এ এস অফিসারকে সাসপেন্ড করতে হয়েছিল। হাবড়ার ক্যালসিয়াম কার্বনেট নামে এক কারখানা করেছেন এক মাড়োয়ারী ভদ্রলোক তাঁকে ১০ লক্ষ টাকা ধার দিয়েছেন এই শর্তে যে সেখানে তিনশো রেফিউজিকে অন্ততঃ কাজ দেবেন। আমি কয়েকদিন আগে হাবড়ায় গিয়ে দেখে এসেছি মাত্র ৩০-৩২ জন সেই ক্যালসিয়াম কার্বনেট ফ্যাক্টরীতে কাজ করছে। মুর্শিদাবাদের জিয়াগঞ্জ অঞ্চলে ১০ হাজার উদ্বাস্তু পরিবার ক্যাম্পে রয়েছে—আমি শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ের কাছে বলেছি, যে জিয়াগঞ্জে একটা টাউনসিপের স্কীম করুন, সেখানকার লোকেরা এসেছিল তারা বলে গেছে চিনির কল সেখানে তৈরি হোতে পারে, কাগজের কল তৈরি হোতে পারে এবং ১০ হাজার উদ্বাস্তুর সেখানে পুনর্বাসনের ব্যবস্থা হোতে পারে। মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জের ধারে কাছে এ্যালাইড ইন্ডাস্ট্রি আরো অনেক গড়ে উঠতে পারে, কিন্তু আজও পর্যন্ত তার কোন ব্যবস্থা করেন নি। সেই একই ইতিহাস গয়েশপুরের—১০ হাজার উদ্বাস্তু সেখানে রয়েছে। গত বছর গয়েশপুরে গিয়ে দেখে এলাম একটা স্পিনিং মিল তারা সেখানে করছেন, বাড়ী তৈরি হচ্ছে কয়েকদিন আগে গিয়ে দেখলাম ১০ মাস আগে যে অসহায় সেই বাড়ীটা ছিল ঠিক যতটা পর্যন্ত বালির কাজ হয়েছিল সেটা সেই অবস্থায় দাঁড়িয়ে আছে। এক বছরের মধ্যে কোন কাজ হোল না। কল্যাণীর কথা ডাঃ রায় বারবার বলেন, কিন্তু সেখানেও কিছুই করেন নি উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য। একশো কোটি টাকা তাঁরা হাতে পেয়েছিলেন—কোন্‌টা তাঁরা করেছেন? একটা কোন মিল তৈরি করে কোন টাউনশিপ তৈরি করে তাদের কোন পুনর্বাসনের ব্যবস্থা করতে পেরেছেন?

[5-55—6-5 p.m.]

কুপার্স ক্যাম্পে নোটিস দিয়েছেন মার্চ মাসের মধ্যে তাদের চলে যেতে হবে। সেখানে একটা টাউনশিপ স্কীমএ রাস্তাঘাট ইলেকট্রিসিটি, স্কুল, কলেজ প্রভৃতি নিয়ে একটা কমপ্লিট ডেভালাপমেন্ট হয়েছে, অথচ সেখানে নোটিস দিয়েছেন ক্যাম্প বন্ধ করে দেওয়া হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি নিজেরা বলুন পশ্চিম বাংলায় উদ্বাস্তুদের পুনর্বাসনের কি ব্যবস্থা হয়েছে। এই যা করছেন তাতে কি উদ্বাস্তুদের আস্থা সরকারের উপর বাড়বে না কমবে? বাগজোলার কথা আগের বার আমি বলেছিলাম, সেটা বলতে গেলে মন্ত্রী মহাশয় বলেন সেখানে স্থানীয় লোকের সংগে মারামারি হয়েছিল, আমি জিজ্ঞাসা করতে চাই বাগজোলায় যে কয়েক হাজার পরিবারের জন্য আপনারা জমি রেজিস্ট্রী করে দিয়েছিলেন, সেখানে বাঁশ গেড়ে ক্যাম্প করবার অর্ডার দিয়েছিলেন তখন তো সেখানে কোন গোলমাল হয় নি। যার জন্য বাগজোলায় তারা জমি পেয়ে বাস করতে পারল না সেটা হল উপযুক্ত সাইকোলজিক্যাল এফেক্ট আপনারা তৈরি করতে পারছেন না, তাদের মনে আস্থা সৃষ্টি করতে পারছেন না। স্ক্রীনিং বোর্ডএর কথা কয়েকজন সদস্য বার বার বলেছেন। আমি ডিটেলসএ যেতে চাইনে শুধু দু-একটি কথা বলছি। কয়েকজন যুবক যারা বিভিন্ন ক্যাম্পে আছে তারা আমার কাছে আসলেন আমি রেফিউজি কমিশনারএর কাছে এদের সম্পর্কে চিঠি লিখলাম যে এরা চাদমারী পি এল ক্যাম্প থেকে আমার কাছে এসেছিল এদের ডোল কেটে দেওয়া হয়েছে। কমিশনার আমাকে জানালেন যে এরা ট্রেনিং নিতে চায় নি এজন্যে এদের ডোল কাটা হয়েছে। আমি এ বিষয়ে তার সংগে সম্পূর্ণ একমত যে যদি কোন যুবক যে বেকার বসে আছে তাকে সরকার থেকে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা হয় যে ট্রেনিং নিলে সে চাকুরি পাবে সেই এসিউরেন্স থাকে এবং সেই প্রস্তাবিত ট্রেনিং সে যদি সেই ট্রেনিং নিতে রাজী না হয় তাহলে তার ডোল কেটে দেওয়া উচিত। আমি খবর পেয়ে পুনরায় সেই ক্যাম্পে গিয়ে জানলাম যে সেই যুবকদের ট্রেনিং নেওয়ার কথা কেউ জিজ্ঞাসা করেন নি। এখনও যদি তাদের কোন ট্রেনিং দেওয়া হয় যে ট্রেনিং নিলে তারা কাজ পাবে নিশ্চয়ই সে ট্রেনিং তারা নেবে। মন্ত্রী মহাশয় যেন এ সম্বন্ধে খোঁজ নেন। স্টুডেন্টস স্টাইপেন্ড সম্বন্ধে বলা হয়েছে। আমি তা নিয়ে বলতে চাইনে। আজকে সবচেয়ে বড় অস্থিরতা উদ্বাস্তুদের মধ্যে এসেছে কারণ স্ক্রীনিং বোর্ড করে ১০ হাজার উদ্বাস্তুদের ডোল কেটে দেওয়া হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে এনকোয়ারী করা হয় নি বা ফের্সড এনকোয়ারী করা হয়েছে। অনেক ক্ষেত্রে ফলস মিথ্যা কথা বলে তাদের ডোলস কাটবার ব্যবস্থা হয়েছে। আমি দাবী করব পুনরায় এখানে এনকোয়ারী করা হোক এবং সেই স্ক্রিনিং বোর্ডএ গিয়ে আমি ব্যক্তিগতভাবে সরকারকে সাহায্য করতে রাজী আছি। আমি চাই প্রকৃত যে অন্যায়কারী তার ডোল কাটা হোক কিন্তু যে কোন অপরাধ করে নি তার যেন ডোল কাটা না হয়।

শিয়ালদহ সম্পর্কে মন্ত্রীমহাশয়ের কাছে এবং ডাঃ রায়ের কাছে অনেকবার গিয়েছি। গত ছর ডাঃ রায় বলেছিলেন শিয়ালদহ স্টেসনের ৬০০ ফ্যামিলির পুনর্বাসন যদি চাও তাহলে আমার ডপার্টমেন্টকে সাহায্য কর। এখানকার প্রতি পরিবারের লিস্ট করে দিয়েছি—যারা চলে যেতে াইছে তাদের লিস্ট করে দিয়েছি, কিন্তু কোন কাজ কি হয়েছে? কোন সাইকোলজিকাল াটমোসফেয়ার তারা ক্রিয়েট করছেন কি? সিনসিয়ারলি তারা কিছু করছেন কি? আমি াদের অফিসারদের সংগে শিয়ালদহ স্টেসনে ঘুরেছি। স্ক্রিনিং লিস্ট করে দিয়েছি—যারা যেতে ায় তাদের লিস্ট করে দিয়েছি। এখানে আমি জবর দখল কলোনীর কথা না বলে পারছি না। াংলাদেশে এই জবর দখল কলোনী ১৪৭টি আছে। সরকার থেকে তার মধ্যে ১৪২টিকে স্বীকার রে নেবেন বলে ঘোষণা করেছেন এবং জবর দখল কলোনীর প্রতিটি মানুষ নিজেদের প্রয়াসে াস্তাঘাট, স্কুল কলেজ, হাসপাতাল, জলের ব্যবস্থা করেছেন। বহুবার বলা হয়েছে কিন্তু াদের কোন রকম সাহায্য করেন নি।

তারপর কমপেনশেসান-এর প্রশ্নে কিছু বলব। মাননীয় পি, সি, সেন বলেন কমপেনশেসান-ার ব্যাপারে কি অবস্থা সৃষ্টি করেছেন, কিভাবে কমপেনশেসান ধার্য্য করেছেন। টালীগঞ্জে য ২০লক্ষ লোক রয়েছে তাদের প্রত্যেকের উপর সরকার কমপেনশেসান-এর টাকা চাপাচ্ছেন। াই কমপেনশেসান-এর টাকা আদায়ের ব্যবস্থা কি রকম চলছে তার একটা উদাহরণ দেব—একটা র্ডার পড়ে এখানে শুনাচ্ছি তা হলে বুঝতে পারবেন—সূর্যনগর কলোনীর ব্যাপার।

'ase No. 3411/51 Sreemati Chayya Sen Gupta. Regarding case No. 203. Vith reference to the above order by the Government Authority you are ɔ pay compensation of Rs. 21.8 Naye Paise per month from 1-1-50 to 8th anuary, 1955, i.e., for five years amounting to Rs. 1,318.34 Naye Paise. 'lease send the amount to me immediately. Otherwise we shall be compelled ɔ take action against you.

াঁচ বছরে ১,৩১৮ টাকা, ১৯৫০ সালের পয়লা জানুয়ারী থেকে তারা করছেন। আরও পাঁচ ছরে আসছে ১,৩১৮ টাকা ৩৪ নয়া পয়সা। যদি সামনের বছর কমপেনশেসান করেন তাহলে ,৮৮০ টাকা শুধু ওখানে কমপেনশেসান চার্জ হচ্ছে আর যে জমির উপর চার্জ হচ্ছে তার দাম ,৮৭৫ টাকা। কিন্তু প্রায় তিন হাজারের কাছাকাছি কমপেনশেসান ধরেছেন। একবার ভেবে খুন এই কমপেনশেসান-এর অবস্থাটা কোনখানে গিয়ে দাড়াচ্ছে—ঢাকের দায়ে মনসা বিকি য়ে যাবে। আমি পরিষ্কারভাবে শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ের কাছে বলতে চাই যে ১৯৫১ সালে খন এই আইন পাশ হয়েছিল তখন যদি এই সমস্ত জমিগুলি রিকিউজিসান করতেন তাহলে াবর দখল কলোনীর মানুষদের ঘাড়ে এই কমপেনশেসান-এর বোঝা চাপত না। এখন তাদের র বাছুর পর্যান্ত বিক্রী হয়ে যাচ্ছে এই কমপেনশেসান-এর ধাক্কায়। এই কমপেনশেসান-এর মপিটেন্ট অথরিটি জজ শ্রীশোভন সেনগুপ্ত ১৪ তারিখে (?) সেক্রেটারী, ওয়েলফেয়ার ডপার্টমেন্ট এবং সেক্রেটারী ল্যান্ড এন্ড ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট-এর কাছে দুখানা চিঠি লখেছেন—তার মধ্যে পরিষ্কার এই কথা বলেছেন যে এই কমপেনশেসান যদি দিতে হয় তাহলে ধিকাংশ রিফিউজি-কে পুনর্বার এভিকসান-এর সামনে দাড়াতে হবে। আমি দাবী করি ন্ত্রীমহাশয় সেই চিঠিখানা এখানে হাজির করান—দেখা যাক যে ডিস্ট্রিক্ট জজ-কে তারা এপয়েন্ট রেছেন—কম্পিট্যান্ট অথরিটি করেছেন তিনি কি বলেছেন।

টালীগঞ্জ সম্পর্কে মাষ্টার প্ল্যান-এর কথা অনেক শুনেছি ৩ কোটি ৭৫ লক্ষ টাকার কীম-এর কথা শুনেছি—এখনও ফাইনালাইজড হয়নি। খান্না সাহেবকে চিঠি লিখেছিলাম—তনি জানিয়েছেন এ ব্যাপারে তাঁর সমস্ত কাজ তিনি করে দিয়েছেন। এখনও স্কীম-টা াইনালাইজড হয়েছে কিনা জানি না। বলতে লজ্জা হচ্ছে বর্তমান মন্ত্রীমহাশয়। এই কলোনী াস্তুহারাদের অর্থনৈতিক পুনর্বাসনের দিকে একটুকুও দৃষ্টি দেন না। আমাদের টালীগঞ্জ মণ্ডলে ৪ বর্গমাইল জমি রাখা আছে, নেতাজীনগর কলোনীতে। ১৯৫৬ সালে সেখানে র-রোলিং মিল করবার জন্য একজন ভদ্রলোক চিঠি দিয়েছিলেন এবং তিনি টাকা পয়সাও সরকারের কাছে চান নি তিনি ওই মিলে ৮০০ যুবককে এমপ্লয়মেন্ট দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু আমি জানি সেই জমি আজও পড়ে আছে। আমার তো এই ইনফরমেশন আছে। দয়া করে মন্ত্রী মহাশয় যেন বলেন কেন এটা হয় নি তাহলে জিনিসটা বুঝতে পারব।

[6-15—6-25 p.m.]

বায়নানামা সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। আমি শুধু একটা কথা বলবো, আমি একটা ল্যান্ড কমিটি করার জন্য অনেকদিন বলেছিলাম, কিন্তু সেটা আপনারা করেন নি। খান্না সাহেব সম্বন্ধে বহু আলোচনা হল। আমি প্রফুল্লবাবুকে একটা কথা বলবো। যদি সত্যই খান্না সাহেব বাংলার উদ্বাস্তু দরদী হন তবে এখানে খান্না সাহেবের অধীনে প্রোটোটাইপ-কাম-ট্রেনিং সেন্টারএ উদয়ভিলায় যে লাঞ্ছনা চলছে সে সম্বন্ধে যদি খবর নেন, ইনকোয়ারী করেন তাহলে দেখবেন বাংলাদেশের উদ্বাস্তুদের উপর কি লাঞ্ছনা চলছে! এখানেই যদি এই হয় তাহলে সাত-আট হাজার মাইল দূরে কি চলছে, দণ্ডকারণ্যে কি ব্যবস্থা চালাবে সেটা একবার ভেবে দেখুন। এই দণ্ডকারণ্য নিয়ে বহু আলোচনা হয়েছে। ডাঃ রায়ের কাছে উদ্বাস্তুদের সম্বন্ধে বিগত আলোচনার পর একটা চিঠি লিখেছিলাম তার উত্তরে সারা বাংলা বাস্তুহারা সম্মেলনকে যে চিঠি লিখেছেন তা পড়ে দিচ্ছি। চিঠি নম্বর ডি ও নং ২৯৮সি.এম—এই যে পরিস্কার ডাঃ রায়ের সই করা চিঠি—

"I made it clear at the meeting of the Advisory Board that any refugee who was unwilling to go outside the State of West Bengal will not be forced to do so and if there was any person whose cash dole has been stopped only on the ground of his unwillingness to go outside West Bengal, such dole would be restored".

আমি শুধু জিজ্ঞাসা করতে চাই এই চিঠির পরও আজকে হাজার হাজার মানুষের ক্যাশ ডোল কেটে দেওয়া হচ্ছে। এর চেয়ে চরম বিশ্বাসঘাতকতা আর কিছু হতে পারে না। আমি জানাতে চাই এ চিঠি লেখার পর আমি খবরের কাগজে দেখেছি খান্না সাহেব হুকুম জারী করলেন, ৩১এ জুলাই ১৯৫৯ সালে যে বন্ধ করে দেব। স্যার এই যে পদাঘাত এর কোন জবাব বাংলা সরকার থেকে দেওয়া হয়েছিল কি? কোন কথা সেখানে বলা হয়েছে কি? দণ্ডকারণ্য সম্বন্ধে আমার বলবার সময় নাই। আমি শুধু একথা বলবো যে এটা ঠিক নয় যে আমরা দণ্ডকারণ্য চাই না। যারা উইলিংলি দণ্ডকারণ্যে যেতে চায় তারা নিশ্চয়ই যাবে কিন্তু সেখানে মানুষের মত বাঁচবার অধিকার যদি না পায় তাহলে পুনরায় বাংলায় বিরাট আন্দোলন হবে।

Sj. Nepal Roy:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার আজকে বিরোধী দলের বক্তৃতায় যা আমি শুনলাম তাতে একথা বুঝতে পারলাম যে এই পশ্চিমবাংলার উদ্বাস্তুদের যাতে পুনর্বাসন হয় তার জন্য বিশেষ চিন্তিত। এদিকে যাঁরা বসে আছেন তাঁরাও বিশেষ চিন্তিত এই উদ্বাস্তুদের পুনর্বাসন ব্যাপারে। কিন্তু এটা নিশ্চয়ই ফ্যাক্ট যে উদ্বাস্তুদের পুনর্বাসন পুরোপুরি হয় নি। আংশিকভাবে হয়ত কোন কোন উদ্বাস্তুর হয়েছে কিন্তু এটা কখনো অস্বীকার করা যায় না যে উদ্বাস্তুরা এখানে অত্যন্ত অমানুষের মত আছে। আমার দেশও পূর্ববাংলায় তাই আমিও তাদের অন্তরের কথা জানি। সেজন্য আমি একথা বলবো পশ্চিমবাংলা-সরকারকে অনুরোধ করবো যাতে করে সত্যিকারের উদ্বাস্তু সমস্যার সমাধান হয়। অবশ্য পশ্চিমবঙ্গ-সরকারকে অনুরোধ করলেও তাঁরা কিছু করতে পারবেন তা নয়। এর দায়িত্ব সম্পূর্ণভাবে সেন্ট্রাল গভর্নমেন্টএর। পশ্চিমবঙ্গ-সরকারকে আমি শুধু বলবো এটা একটা পোস্ট বক্স! এদের হাতে কোন ক্ষমতা নাই। এঁরা উপর থেকে যে ফরমান আসবে তাই করবে যেটা আমাদের বন্ধু বলে গেলেন যে ডাঃ রায়ের হুকুম থাকা সত্ত্বেও অ্যাসুরেন্স থাকা সত্ত্বেও খান্না সাহেব ফরমান দিলেন যে এটা হবে না। আমি জানি না আমি তো মন্ত্রী নই এদের ভিতরে ভিতরে কি খবর সে আমি রাখিনা কিন্তু এটা বলি একটা প্রদেশের চীফ মিনিস্টার বিশেষ করে ডাঃ রায়ের মত লোক যিনি সারা ভারতবর্ষের শ্রদ্ধেয় মানুষ তাঁর কোন কথা যখন তিনি জনতার সামনে রাখেন তখন সে কথার সম্মান রাখা উচিত প্রত্যেকেরই রাখা উচিত।

সেইজন্য আমি জানি ডাঃ রায় এই কথা বলেছিলেন যেটা আমাদের মিত্র মহাশয় এখানে বলেছেন। আমি শুধু কতকগুলি পয়েন্টএর উপর বলবো। এঁরা যেসমস্ত কথা বলেছেন তার আমি সবগুলিই ডিনাই করে যাবো তা নয় কারণ এর অনেকগুলি কথা আংশিক সত্য এবং অনেকগুলি কথা সত্য। যেমন অপূর্ববাবু বলেছেন বায়নানামার কথা। সত্যই ৭।৮ বৎসর

ধরে বায়নানামা করে বসে আছে সেই রকম লোক বহু আছে। কম্পিটেন্ট অথরিটির কথা বলা হয়েছে, এটাও সত্য কম্পিটেন্ট অথরিটির কাছে হাজার হাজার কেস পড়ে আছে। এমন কি সেখানকার উদ্বাস্তু যারা যেখানে নতুন করে ২।৪ কাঠা জমি নিয়ে বসেছে তাদের জমিও উদ্বাস্তুরা দখল করে ডবল উদ্বাস্তু করেছে। আজকে সেই সমস্ত জমি সরকার এদের দিতে পারছেন না। সরকারের কাছে আমার নিবেদন তারা সত্বর এই সব ছোট ছোট জমির মালিককে জমি ফিরিয়ে দিন। যারা বড় বড জমির মালিক, খাণ্ডারিয়া, জয়সয়াল প্রভৃতি জমিদারের জমি যা উদ্বাস্তুরা দখল করে রেখেছে সেটা তারা ভাল কাজই করেছে। কারণ একজন জমিদার থাকবে আর যারা দেশের স্বাধীনতা এনেছে, দেশের জন্য মৃত্যু বরণ করেছে তারা রাস্তায় থাকবে, তা কখনই হতে পারে না। আজকে তাদের অধিকার আছে। গণতান্ত্রিক দেশ যখন আমরা বলছি, সমাজতান্ত্রিক দেশ যখন আমরা প্রতিজ্ঞা করতে চাই তখন যাতে সকলের সমান অধিকার থাকে এটাই আমরা সমর্থন করবো। এইগুলি নিয়ে নেওয়া উচিৎ এবং কি কারণে যে তা নিতে দেরী হচ্ছে তা জানি না। এর পিছনে কার হস্ত আছে জানি না তবে এটা ঠিক যে তাদের সে হস্ত দিল্লীতে আছে পশ্চিমবঙ্গে নয় এবং পশ্চিমবঙ্গ-সরকারকে সে দোষে দায়ী করা যায় না। সেখানে বহু ক্যাপিটালিস্ট গ্রুপ গিয়ে তদবির করছে। একথা মিত্র মহাশয় বলেছেন যে, যে জমির দাম ১৮ হাজার টাকা সেখান ২৮ শত টাকা কমপেনসেশন দেওয়া হবে। আমি জানি না কি হিসাবে, কারা হিসাব করে এই নোটিস দিচ্ছেন। সরকারকে আমি অনুরোধ করবো যে কম্পিটেন্ট অথরিটিরকাছে যে সব কেস আছে সেগুলি যেন এক মাসের মধ্যে শেষ করে দেওয়া হয়। এবং যারা কম্পিটেন্ট অথরিটির কাছে গিয়েছেন তাদের মধ্যে জমিদার খুব বেশী যান নি, ছোট ছোট যারা গরীব উদ্বাস্তু, জমি কিনেছে বিভিন্ন জায়গায় তারাই গিয়েছে, বা মুসলিম যাদের জোর করে তাড়িয়ে দেওয়া হয়েছে জমি থেকে তারাই কম্পিটেন্ট অথরিটির কাছে গিয়েছেন। এইজন্য আমি বলছি যে, এই দেশে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃস্টান, তাদের সকলেরই যখন সমান অধিকার আমরা মেনে নিয়েছি তখন নিশ্চয়ই প্রত্যেককে সমান সুযোগ দিতে হবে। গ্রামের অনেক মুসলমান আছে তাদের আমি খবর জানি, তাদের মধ্যে অনেকে আমার কাছে এসেছে, কম্পিটেন্ট অথরিটির কাছে কেস রেখেছে, এবং বলেছে যে এখন পর্যন্ত তাদের বিচার হয় নি, তাদের ফাঁসির হুকুম হবে, কি ছেড়ে দেওয়া হবে তা ঠিক হয় নি, তাদের ঝুলিয়ে রাখা হয়েছে। আমি বলছি যে এইগুলির প্রতি নজর দেওয়া উচিত। আপনারা শুধু যে গালাগালি দেবেন এবং বাহবা নেবেন তা হলে হবে না, তাদের দায়িত্বও নিতে হবে। রিফিউজিদের যে-করেই হোক আজকে পুনর্বাসন করাতে হবে। সেটা পশ্চিমবঙ্গেই হোক, দণ্ডকারণ্যেই হোক, বা অন্য কোন জায়গাতেই হোক। আজকে তাদের পুনর্বাসন করার দায়িত্ব যদি না নিতে পারেন তাহলে গালাগালি করার অধিকার আপনাদের নেই। শুধু প্রফুল্ল সেন এবং খান্না সাহেবকে গালাগালি দিয়ে লবিতে গিয়ে বললেন যে খুব বলে এলেন এতে সমস্যার সমাধান হবে না। আজকে রিফিউজি কলোনিতে আমাদের অনেক বন্ধু গিয়েছেন এবং তাদের কি অবস্থা জানেন। সেখানে সকলেরই সহযোগিতা নিয়ে এক কাজ করা দরকার এবং সরকারের ডিফেক্ট ধরিয়ে দেওয়া দরকার। শুধু গালাগালি করলে হবে না। শুধু তাই নয় এটা সকলেরই আজকে বোঝা উচিত যে পশ্চিমবঙ্গ-সরকারের একে করার ক্ষমতা বিশেষ কিছু নেই। কারণ তারা পিয়নের কাজ করছে। কেন্দ্র থেকে যে যে টাকা আসবে সেই টাকা শুধু ভাগবাটোয়ারা করে দেবেন, মনিঅর্ডার যেরকম পিয়নরা দিয়ে থাকে। এখানে খান্না সাহেবের সঙ্গে, যতীন চক্রবর্তী মহাশয়, মিনা পেশয়ারীর তুলনা করেছেন কারণ খান্না সাহেবও পেশোয়ারের লোক। কিন্তু আমি এর ঘোর প্রতিবাদ করি। কারণ খান্না সাহেব একজন শ্রদ্ধেয় লোক, পণ্ডিত লোক, তাঁর শুধু এক বৎসরের অভিজ্ঞতা নয়, তাঁর পুরানো অভিজ্ঞতা আছে, তিনি আগেও মন্ত্রী ছিলেন। তিনি সেই প্রভিন্স থেকে এসেছেন বলেই তাঁর নিন্দা করতে হবে তাহলে চলবে না, এর দায়িত্ব নিতে হবে। যতীন চক্রবর্তী মহাশয় রিফিউজি এলাকায় কোনদিন যান নি কিন্তু বলতে হবে বলেই বললেন। আমি সেই জন্য বলছি যে একজনকে গালাগালি করবেন আর একজনকে তোষামদ করবেন এই দুইমুখো নীতি পরিহার করতে হবে। আজকে এই গণতান্ত্রিক দেশে খান্না সাহেবকে বা পণ্ডিত নেহরুকে গালাগালি দিলে ফাঁসি হয় না এটা আপনারা জানেন এবং এটা জেনে রোজই আপনারা গালাগালি দিচ্ছেন এবং ফাঁসি এখন পর্যন্ত আপনাদের হয় নি। কিন্তু গণতান্ত্রিক দেশে আপনাদের দায়িত্ব এইভাবে এড়িয়ে গেলে চলবে না।

[6-15—6-25 p.m.]

দণ্ডকারণ্য সম্বন্ধে অনেক কিছু আমার জানা আছে। আমার কাছে অনেক রেকর্ড অনেক ডকুমেন্ট আছে সে সম্বন্ধে আমি আজ বলব না। আমি শুধু বলতে চাই যে আপনারা যদি রিফিউজিদের রিহ্যাবিলিটেশন নিয়ে যদি রাজনীতি করেন তাহলে সম্পূর্ণ দায়িত্ব আপনাদেরই উপর বর্তাবে। কারণ ১৯৪৬ সাল থেকে আরম্ভ করে ৪৭ সালে যখন পার্টিশন হ'ল তারপরেই উম্বাস্তুরা এখানে আসতে লাগল। তারপর থেকে আপনারা কি দায়িত্ব পালন করেছেন একমাত্র বিধানসভার বক্তৃতা করা ছাড়া। আর যা করেছেন তা হচ্ছে উদ্বাস্তুদের টাকা লুটপাট করে নিয়েছেন। যদি উদ্বাস্তুরা ১ হাজার টাকা পেয়েছে তার মধ্যে ৮০০ টাকাই চুরি হয়ে গিয়েছে। এটা অসত্য নয়। যদি ১০০ কোটি উদ্বাস্তুদের হাতে দেওয়া হত তাহলে তাদের এখানেই রিহ্যাবিলিটেশন হয়ে যেত। উদ্বাস্তু নিয়ে আপনারা রাজনীতি করেছেন। আপনারা জানেন যে যতদিন উদ্বাস্তুরা থাকবে ততদিন আপনাদের দল থাকবে এবং ততদিন আপনারা বেঁচে থাকবেন। এই যে মনোভাব এটা আপনাদের ত্যাগ করা উচিত। আমি এখানে কাউকে ব্যক্তিগতভাবে আক্রমণ করতে চাই না। যদিও আক্রমণ করবার মত যথেষ্ট মেটিরিয়াল আমার হাতে আছে যে লক্ষ লক্ষ টাকা উদ্বাস্তুদের চুরি হয়ে গিয়েছে। আজকে সে সবের মধ্যে যাচ্ছি না। আমি শুধু মানুষ হিসেবে মানুষের কাছে আবেদন জানাতে চাই যে আপনারা উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করবেন না। আপনারা একবার চিন্তা করে দেখুন যখন বন্যা হয়েছিল সেই সময় উদ্বাস্তুরা যেভাবে ছিল শিয়ালকুকুররাও সেইভাবে থাকে না। আমরা যদি এইভাবে রাজনীতি করি তাহলে আমাদের ভবিষ্যৎ বংশধররা আমাদের কি বলবে আর দেশের মানুষের কাছেই বা আমরা কি কৈফিয়ৎ দেব। আমি স্যার, আজকে অন্য কিছুর অবতারণা করতে চাই না। আমি আপনাদের কনসেন্সেএর অ্যাপিল করব। এটা ন্যাশনাল কজ্ হিসেবে দেখা উচিত যতদিন না উদ্বাস্তুদের সম্পূর্ণ রিহ্যাবিলিটেশন না হয়। এই কথা বলে আমি সকলের কাছে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Jyoti Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, এখানে যে প্রস্তাব রাখা হয়েছে সমরবাবুর পক্ষ থেকে আমি সেটা সমর্থন করি, এবং করতে গিয়ে দুটো বিষয় সম্পর্কে আমি কিছু বলতে চাই। একটা হচ্ছে বাস্তুহারাদের পুনর্বসতি এবং সে সম্পর্কে দণ্ডকারণ্য যে পরিকল্পনা হয়েছিল এবং এখানে পশ্চিমবাংলার নতুন একটা পরিসল্পনা যা হয়েছিল বাস্তুহারাদের পুনর্বসতি সম্বন্ধে, অর্থাৎ, ইন্ডাস্ট্রি গড়ে তোলবার জন্য যে ১০ কোটি টাকা ধার্য হয়েছিল কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে—এটার নাম হচ্ছে রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশন। দণ্ডকারণ্য সম্পর্কে এখন বোধ হয় বিশেষ গালাগালি করে লাভ নাই, কারণ, এটা শুধু আমার কথা নয়—আজকে পরিষ্কার হয়ে গিয়েছে চরম ব্যর্থতায় পর্যবসিত হয়েছে দণ্ডকারণ্য পরিকল্পনা। এবং এটাও দুর্ভাগ্যবশতঃ পরিষ্কার হয়েছে যে, কিছুদিন আগে আমরা যা বলেছিলাম সেটাই সত্য প্রমাণিত হয়েছে। আমার শুধু মনে হয় যে, দণ্ডকারণ্য পরিকল্পনা ইচ্ছা করলে নিশ্চয়ই ভালো পরিকল্পনায় রূপায়িত করা যেত, কিন্তু এই সরকার ভালো কাজে হাত দিলেও খারাপ হয়ে যায় এবং যেভাবে এটাকে কার্যকরী করার চেষ্টা হচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি শুধু ব্যর্থতাই নয়, এ'রা যে কত দায়িত্বহীন কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ-সরকার তারও প্রমাণ আমরা দেখতে পাচ্ছি। এ'রা মানুষকে মানুষ ব'লে গণ্য করেন না—বাস্তুহারাদের বিশেষ করে, এবং আমরা যতই দণ্ডকারণ্য পরিকল্পনার প্রতি লক্ষ্য করি ততই বাস্তুহারা পুনর্বসতির ব্যাপারে এ'দের মানবতাবিরোধী দৃষ্টিভঙ্গী পরিষ্কার হয়। এই অ্যাসেমব্লীতে যখন প্রথম দণ্ডকারণ্য পরিকল্পনার কথা হয় আমরা তার বিরোধী ছিলাম না—আমরা তখন এখান থেকে বলেছিলাম এবং আমরা ভোটও দিয়েছিলাম—পরিকল্পনাটা আমরা জানি না, আসুন আমরা পরিকল্পনাটা জানবার চেষ্টা করি। তখন আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং সেই প্রস্তাব পাসও হয়েছিল যে, সকলকে নিয়ে আলোচনা করবেন। কিন্তু সেই প্রতিশ্রুতি আপনারা পালন করলেন না।

[6-25—6-35 p.m.]

তারপর আমরা সংবাদপত্রে দেখলাম যে পরিকল্পনা হয়ে গেছে এবং তা কার্যকরী করতেও শুরু করেছে। অথচ এ বিষয়ে আমাদের সঙ্গে কোন পরামর্শ করার

প্রয়োজন বোধ করলেন না। তারপর সংবাদপত্রের মালিকের উপর প্রভাব বিস্তার করে তাদের রিপোর্টারদের দিয়ে নানা রকম কথা লেখান হোল—যে একটা নতুন আমেরিকা আবিষ্কার হয়েছে—এর মাটির তলায় এবং উপরে প্রচুর সম্পদ পাওয়া গেছে ইত্যাদি ইত্যাদি। আমাদের প্রাক্তন স্পীকার শ্রীশঙ্করদাস ব্যানার্জি নিজের পকেটের পয়সা খরচ করে ঐ দণ্ডকারণ্য দেখতে গেলেন এবং ফিরে এসে আমাদের বোঝালেন যে শিলংএর চেয়েও ওখানকার ক্লাইমেট ভাল এবং বেশ চমৎকার রেইনফল হয়। তারপর খাম্না সাহেব তার অফিসে আমাদের ডেকে পাঠালেন। সেখানে আমাদের বিরোধীদলের লোক ছিলেন, কেন্দ্রীয় আইন মন্ত্রী অশোক সেন এবং ফ্লেসার সাহেবও ছিলেন। আমাদের বললেন যে চমৎকার অফিসার পেয়েছি এবং আমরা এ্যারোপ্লেনে করে সব ভালভাবে সারভে করে দেখেছি। আমরা সমস্ত কথা শুনে যা বুঝলাম তাতে তাদের বললাম যে বর্ষাকাল যখন এগিয়ে আসছে তখন সকলের আগে কতগুলি রাস্তাঘাট তৈরি করতে হবে এবং মনে হচ্ছে তাতেই ১ বছর লেগে যাবে। কিন্তু তারা সেসব কথা বুঝলেন না, তারপর মুখ্যমন্ত্রী আমাদের বললেন যে যদিও ভাষার একটা ব্যাপার সেখানে আছে তবুও একটা অথরিটি সেখানে তৈরি হয়েছে তারাই লোককে চাকরী প্রভৃতি দেবেন এবং আমাদের সঙ্গে পরামর্শ করে তাঁরা কাজকর্ম করবেন এবং কেন্দ্রীয় সরকার থেকেই নাকি এরকম বলা হয়েছে। তারপর শ্রীঅরুণ গুহ মহাশয় আমাদের গালাগালি করে অমৃতবাজার পত্রিকায় একটা আর্টিকেল লিখলেন যে এঁরা অত্যন্ত খারাপ লোক। কিন্তু আমি বলব যে যদি আপনারা আমাদের মত নিয়ে কাজ করতেন তাহলে ভালই হোত। কিন্তু দুর্ভাগ্যক্রমে আমরা যে আশঙ্কা প্রকাশ করিছিলাম সেটাই হোল। আমরা যদিও দণ্ডকারণ্যের বিরোধী নই কিন্তু আমরা বলেছিলাম যে যখন বাংলাদেশের ভিতরে এবং বাইরে আপনাদের এত পরিকল্পনা ব্যর্থ হয়েছে তখন কোন লোককে বাইরে পাঠাবার আগে তার মতামত জেনে নেওয়া উচিত এবং যদি সে স্বেচ্ছায় যেতে চায় তবেই তাকে পাঠাবেন। তখন সরকার আমাদের বললেন যে ১৪ হাজার লোকের অ্যাপলিকেশন পেয়েছি যারা সেখানে যেতে চায়। আমরা বললাম তাহলে এই ১৪ হাজার পাঠিয়ে দিন এবং তারা সেখানে গিয়ে সেখানকার অবস্থা দেখেশুনে যদি ভাল মনে করে তখন এখানে চিঠি লিখবে এবং তারপর নিশ্চয়ই অন্যান্য লোক সেখানে খুব উৎসাহ নিয়ে যাবে। কিন্তু দেখা গেল সেখানে লোকে জন্তুজানোয়ারের মত বাস করছে এবং ফলে কেউ যেতে রাজী হচ্ছে না। তারপর সরকার বললেন যে জুলাই মাসকে টারগেট ডেট করে আমরা ক্যাম্প তুলে দেব। আমরা বললাম যে এখনই টারগেট ডেট না করে যে ১৪ হাজার নিয়েছেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করুন এবং টারগেট ডেট পিছিয়ে দিন। কিন্তু কিছুই হোল না—ফলে এখানে আন্দোলন আরম্ভ হোল। আমরা তখন পণ্ডিত নেহরুকে চিঠি লিখলাম। তিনি অনেক ভেবেচিন্তে বললেন যে বাংলাদেশে উদ্বাস্তুদের জন্য আর কোন জায়গা নেই এবং সেই জন্যই এত টাকা খরচ করে এই পরিকল্পনা করা হয়েছে। তিনি আমাদের আরও জানালেন যে সেখানে যাতে ভালভাবে পুনর্বসতি হয় তারই যখন ব্যবস্থা করা হয়েছে তখন এতে কারুর বাধা দেওয়া উচিত নয়। কিন্তু বাস্তুহারারা এঁদের জোরজুলুমের বিরুদ্ধে যখন আন্দোলন শুরু করলেন তখন আমরা এবং বাস্তুহারা সংগঠনের পক্ষ থেকে বললাম যে বাংলা-দেশের মধ্যে যে ক' হাজার লোককে আপনারা জায়গা দিতে পারেন তার ব্যবস্থা করুন। আপনারা ইন্ডাস্ট্রিজ করপোরেশন করেছেন, কুটিরশিল্প করেছেন এবং জমি রিক্লেম করবার কথাও বলছেন। আমরা বলি যে এগুলি খুব ভাল কাজ কিন্তু শুধু দণ্ডকারণ্যের জন্য বসে থাকবে না সঙ্গে সঙ্গে এখানেও হোক—অর্থাৎ দুটোই এক সাথে হোক। এরই সঙ্গে সঙ্গে আমরা একথাও বলেছিলাম যে পুনর্বাসনের জন্য যে সব উদ্বাস্তুরা স্বেচ্ছায় দণ্ডকারণ্যে যেতে চাইবে শুধু তাদেরই সেখানে পাঠাবেন। কিন্তু তারপর আন্দোলন ভেঙ্গে গেল—সফল হোল না। এই ক্যাম্পে বাস্তুহারা যারা আছে তাদের ইন্ডিয়ান সিটিজেন উইথ রাইট যা বোঝায় সেসব জিনিস নেই। অর্থাৎ তাদের স্লেভ-এ পরিণত করা হয়েছে এবং এদের স্লেভস হয়েই থাকতে হবে। কারণ একটা পরিবারের একজন হয়ত সত্যাগ্রহে গেছে তার সমস্ত পরিবারের ডোল কেটে দেওয়া হল। এরা একটা চেনড্ গ্যাঙ্গাস হয়ে থাকে এবং ডোলের উপরেই নির্ভর করে এদের রাখা হয়েছে। এদের ডোল যখন কাটতে আরম্ভ হল তখন দেখলাম যে এদের শিশুরা একফোঁটা দুধের অভাবে কাঁদতে থাকে। অর্থাৎ এইভাবে প্রফুল্লবাবু, খাম্না সাহেব দেখলেন এদের ঐখানেই জব্দ করতে পারা যায়, মারধোর দিয়ে বা জেলে আটকে রেখে কিছু হবে না। এজন্য তাদের আন্দোলন ব্যর্থ হল। যারা সারা বছর চ্যারিটির উপর নির্ভর করে তারা আন্দোলন কি করে করবে? এরা যে সিটিজেনস

অব চ্যারিটিস তা ও'রা বেশ ভালভাবেই জানেন। তারপর আমরা যখন দেখলাম আপনাদের দণ্ডকারণ্য পরিকল্পনা ব্যর্থ হল তখন আমরা খান্না সাহেব, মুখ্যমন্ত্রীর সংগে দেখা করে বললাম যে আপনারা আবার ডোল রেস্টোর করুন। কিন্তু প্রফুল্লবাবু বললেন যে, তাতো হয় না, কারণ আমাদের খাবে পরবে আর আমাদের বিরুদ্ধে আন্দোলন করবে। এতে আমরা বুঝলাম যে ও'রা এদের মেরুদণ্ড ভেংগে দিতে চান এবং ভারতবর্ষের নাগরিক না করে এদের স্লেভে পরিণত করে রাখতে চান। প্রফুল্লবাবু যখন বললেন যে আমরা ডোল রেস্টোর করব না তখন আমরা খান্না সাহেবের কাছে আবেদন করলাম এবং আমি কাগজে স্টেটমেন্টও দিলাম যে এটা একটা স্যাডে-জারীর পরিচয়। খান্না সাহেব আমাদের উত্তরে জানালেন যে আপনারা আগে বলুন যে আপনাদের অন্যায় হয়েছে এবং ওরা আর আইন অমান্য করবে না তাহলে আমরা একটা কিছু করব। আমি তাঁকে তখন বললাম যে কৈ আপনাদের তো কারুর চাকরী গেল না, ডোল বন্ধ হল না, কোন অফিসারের কিছু হল না? এখানে ফ্লেচার ভাল, কি ব্যান্ডো সাহেব খারাপ সেসব হচ্ছে গভর্নমেন্টের কনসার্ন। কিন্তু আমি বলব যে সংবাদপত্রে যে রিপোর্ট বেরিয়েছে তাতে তো কোন অফিসারের কোন অসুবিধা হল না, খান্না সাহেবের চাকরী গেল না। অথচ আমরা দেখলাম যে এতগুলো লোকের ডোল শুধু কাটা গেল। পণ্ডিত নেহরুকে বোঝান হয়েছিল যে জুলাই মাসের মধ্যে আমরা ৩৫ হাজার পরিবারকে পাঠিয়ে দেব—কিন্তু সেকথা কোথায় গেল? সেজন্য আমি বলব যে পদত্যাগের কথা কাউকে বলে লাভ নেই। কারণ প্রফুল্লবাবু আগে একবার বলেছিলেন যে পদত্যাগ করতে বললেই কি আমি পদত্যাগ করব। আমাদের যিনি খাদ্যমন্ত্রী—লোকে যাঁকে দুর্ভিক্ষমন্ত্রী বলে—তাঁকে যখন আবার পুনর্বাসন মন্ত্রী করা হল তখনই আমরা জানি যে এদের এই রকম অবস্থা হবে। অর্থাৎ খাদ্যে যেমন উনি সর্বনাশ করেছেন তেমনি এদেরও উনি সর্বনাশ করবেন। কেন্দ্রীয় সরকারকে দোষ দেবার আগে আমি আমাদের পশ্চিমবঙ্গ-সরকারকে দোষ দেব। কারণ যখনই ও'দের কাছে আমরা গেছি তখন ও'রা বলেছেন যে আমাদের কেন আপনারা বলছেন, কারণ আপনাদের পশ্চিমবঙ্গ-সরকারই বলেছেন যে বাস্তুহারাদের জন্য সেখানে আর কোন জায়গা নেই এবং সেজনাই আমরা দণ্ডকারণ্য ইত্যাদি জায়গা খুঁজে বেড়াচ্ছি।

[6-35—6-45 p.m.]

কিছু ইঞ্জিনীয়ারকে এবং ২।৪ জন অফিসারকে পাঠিয়ে দিয়ে তাঁরা মনে করলেন সব ঠিক হয়ে গেছে। এইভাবে আমরা দেখলাম ৩৫ হাজার তো দূরের কথা, ৫ শত লোককে বোধ হয় আপনারা নিয়ে গেছেন। এখন আবার দেখছি যে নিজেদের কৃতিত্ব জাহির করবার জন্য খান্না সাহেব জোর করে পার্লামেন্টে বলছেন প্রতি ১।২ দিন অন্তর দণ্ডকারণ্যে লোক যাবে। আপনারাই তো প্রতিশ্রুতি দিয়েছিলেন যে জোর করে নেব না, প্রতিশ্রুতি দিয়েছিলেন ব্যবস্থা না করে নেব না,

Notes submitted by United Central Refugee Council regarding rehabilitation of Refugee

এর মধ্যে লেখা আছে ব্যবস্থা না করে আমরা নেব না। কিন্তু কোন ব্যবস্থা না করে আবার পাঠিয়ে দিলেন, আবার তো সেখানে গোলমাল হবে। এখনও কি আপনাদের শিক্ষা হল না? সেজন্য আমি বলি ধীরে ধীরে একটা ব্যবস্থা করে যে ১৪ হাজার রিফিউজি আছে তাদের আপনারা নিয়ে যান। তার সংগে সংগে আমরা বলতে চাই যে আপনারা এই সময়টা একেবারে নষ্ট করেছেন। আমি সেইজন্য বলছি যে পদত্যাগ-টদত্যাগের কোন মানে হয় না। কংগ্রেসের মধ্য থেকে এইটুকু বুঝেছি যে তারা সেচ্ছায় পদত্যাগ করবেন না—কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী করেছিলেন বোধ করি তাঁর কিছু লজ্জা হয়েছিল। এরা যদি নিজের পার্টিতে নিজেরা ঠিক করেন তো করবেন কিন্তু পার্লামেন্টারি ডেমোক্রেসিতে যেভাবে পদত্যাগ করতে হয় সেভাবে এরা করবে না। এসব কথা বলে তো আমাদের কোন লাভ হবে না কারণ সেই পার্লামেন্টারি ডেমোক্রেসি ওর বিশ্বাস করেন না। যাই হোক আমরা বলছি যে পশ্চিমবঙ্গ-সরকার চরমতম দোষ করেছেন এবং কেন্দ্রীয় সরকার তো নিশ্চয়ই করেছেন কারণ তারা দণ্ডকারণ্যের অথরিটি সেট আপ করেছিলেন। ইংলন্ড বা অন্য কোথাও হলে যারা পার্লামেন্টারী ডেমোক্রেসিতে বিশ্বাস করে তারা ঐভাবে পদত্যাগ করতেন কিন্তু ও'রা ঐভাবে পদত্যাগ করবেন বলে মনে হচ্ছে না। বাস্তুহারাদের আপনারা ভুল বুঝিয়েছেন। আমি সংবাদপত্রকে বলব—ভয় হয় বেশি বললে হয়ত আমার বক্তৃতা ছাপবে না

কিন্তু না বলেও পারছি না। সংবাদপত্র তাঁরা সমস্ত কিছু না জেনেই লিখলেন, যেন লিখে দিলেন প্রমিসের উপর—অথচ তারা দেখেছেন যে কিভাবে পুনর্বসতি হয়েছে। তারা বাস্তুহারাদের বলেছিলেন যে কিছু ভেবো না চমৎকার হবে, তোমরা আন্দোলন করে ভুল করছ, তোমরা পড়ে থাকবে কেন, সব ঠিক হয়ে যাবে; কিন্তু তাদের জন্য তারা যে দায়িত্ব নেন নি আজ তারা দায়মুক্ত। কাজেই কেবল পুনর্বসতি মন্ত্রী পদত্যাগ করুন, তাতেই সব হয়ে যাবে, আর কিছু করার নেই, আর কিছু দেখবার নেই, তাতে হবে না। উনি যদি করেন তবেই বুঝব পার্লামেন্টারী ডেমোক্রেসি কিছুটা মানছেন। কাজেই আমি বলি এইসব খেলা আমরা বুঝি না। মন্ত্রীদের কাগজ একজন কংগ্রেস সেকশনএর কাগজ আর একজনকে বলছে, এই তো চলছে। কিন্তু এই করে বাস্তুহারাদের পুনর্বসতি হতে পারে না। সেইজন্য আমরা সেইসব কথার মধ্যে যাচ্ছি না। তাঁরা যা ভাল বুঝবেন করবেন। তারপর আমার কথা হচ্ছে রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশন সম্বন্ধে। এখানে দেখুন, শ্রী বিড়লা তার চেয়ারম্যান, ১০ কোটি টাকা বাস্তুহারাদের পুনর্বসতির জন্য কেন্দ্রীয় সরকার থেকে দেওয়া হয়েছে, কিন্তু কোন কাজ হয়েছে বলে আমরা জানি না। কোন কাজ হবে কি করে? ২৫এ ফেব্রুয়ারি অ্যাসেমব্লীতে শ্রীতরুণকান্তি ঘোষ—উনি আজকে নেই, আমাদের কথার উত্তরে বলেছিলেন যে গতকাল গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে ৫ কোটি টাকার একটা স্কীম পাঠান হয়েছে—ইন্ডাস্ট্রিয়াল স্কীমএর ব্যাপারে এবং তাতে ২৭ হাজার লোক এমপ্লয়মেন্ট পাবে। ২৭এ ফেব্রুয়ারি এই কথাটা আমরা ঠিক বুঝতে না পেরে পার্লামেন্টে জিজ্ঞাসা করা হল এটা কি ব্যাপার। পার্লামেন্টে ১৩ই মার্চের রিপ্লাইএ বললেন খান্না সাহেব—২৭এ ফেব্রুয়ারি ১৫এর বক্তৃতা দেখে তিনি স্টেট গভর্নমেণ্টএর কাছে জানতে চাইলেন এটা কি ব্যাপার, আমরা তো এই রকম কিছু পাই নি। কোন রিপ্লাই তোরা পেলেন না এটা ১৩ই মার্চের কথা। ১৭ই মার্চ আবার আমি পার্লামেন্টের বক্তৃতা শুনে এখানে তুললাম যে এটা কি বুঝতে পারলাম না। প্রফুল্লবাবু বললেন এটা ঠিক গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে দেওয়া হয় নি, এটা দেওয়া হয়েছে ঐ রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশনএর কাছে। আমরা বুঝে গেলাম যে ইন্ডিয়া গভর্নমেন্ট বলে একটা ভুল হয়েছে। পার্লামেন্টে আবার কোয়েশ্চেন করা হল, পার্লামেন্টে তাঁরা বললেন করপোরেশন রেজিস্টার্ড হল ১৩ই এপ্রিল তাহলে ১৭ই মার্চ আমাদের কাছে কি করে পাঠান হ'ল? কর্পোরেশনেই ১৭ই মার্চ কিন্তু প্রফুল্লবাবু বলেছিলেন আমরা পাঠিয়েছি। তার পরে ৬ই এপ্রিল প্রথম তাদের মিটিং হল এবং ১৩ই এপ্রিল সেটা রেজিস্টার্ড হল অথচ মার্চ মাসে নাকি তারা পাঠিয়েছিলেন। যাহোক এটা যখন জিজ্ঞাসা করা হল খান্না সাহেবকে এই স্কীম তাহলে কি করে বাংলাদেশের সরকার পাঠালেন করপোরেশন যেখানে রেজিস্টার্ড হয় নি বা তাদের কোন মিটিং হয় নি তখন খান্না সাহেব উত্তর দিচ্ছেন

it is a matter for the State Government to look into.

এটা তিনি বললেন—এই ভাবে অসত্য কথা ও'রা বলছেন। এখন তা যদি হয় তাহলে আমরা জানতে চাই কি দাঁড়'লো—এই ইন্ডাস্ট্রীয়াল ফাইনান্স করপোরেশন কিছু করছেন কি? কত বাস্তুহারাকে সেখানে চাকরী দিচ্ছেন, কোথায় স্কীম হয়েছে—এতদিন হয়ে গেল কোন স্টেটমেন্ট তো আমাদের কাছে নেই। কাজেই আমরা ধরে নিতে পারি যে বিশেষ কিছুই হয় নি—এটা একটা ব্লাফ ছাড়া আর কিছুই নয়। তারপর আর একটা কথা—আমি ফিগারের মধ্যে যাচ্ছি না—সেটা হচ্ছে প্রাইভেট ইন্ডাস্ট্রীজগুলির লিস্ট আমার কাছে আছে, পার্লামেন্ট থেকে পেয়েছিলাম, পার্লামেন্টের টেবিলে এটা প্লেস করা হয়েছিল। প্রাইভেট ইন্ডাস্ট্রীতে যখন টাকা দিয়েছেন এতো বাংলা সরকারের তদন্ত করার কথা। আরতী কটন মিলস, দাসনগর, সেখানে ৬শো লোকের এমপ্লয়মেন্ট পাওয়ার কথা—১২ লক্ষ টাকা তাদের দেওয়া হয়েছে, ১৫ লক্ষ টাকা দেওয়ার কথা—মাত্র ৪৮ জনের চাকরী সেখানে হয়েছে। এরকম করে হিসাব নিয়ে দেখেছি ৫২৬০ জন বাস্তুহারাকে চাকরী দেওয়া কথা প্রাইভেট ইন্ডাস্ট্রীজগুলিতে কিন্তু মাত্র ১০৭১ জনকে চাকরী দেওয়া হয়েছে—এটা ১৯৫৮ সালের শেষের দিকের রিপোর্ট। এইভাবে সমস্ত ফিগার আমার কাছে আছে। এরকমভাবে সমস্ত চুরি হচ্ছে, কোন ব্যবস্থাই হচ্ছে না, মেসিন কেনা হচ্ছে না অথচ টাকা নেওয়া হচ্ছে। যেমন দন্ডকারণ্যের ব্যাপার হচ্ছে—স্লেভদের রিহ্যাবিলিটেশন কি না, মানুষের তো আর রিহ্যাবিলিটেশন নয়! এইভাবে তাঁরা সমস্ত জিনিসটা করছেন—ক্যাম্প-ট্যাম্প বন্ধ করে তাদের সেখান থেকে বের করে দিয়ে বলে দেবেন সব সমস্যা মিটে গেছে,

এটাই বোধ হয় তাঁরা চাচ্ছেন, যার জন্য হেড়োভাঙ্গা বলুন, কেলেঘাই বলুন, অন্যান্য স্কীম বলুন সেখানে দেখছি ১০ হাজার লোককে বসাবার কথা পশ্চিম বাংলায়, তারও কিছু হচ্ছে না। এই-ভাবে মোটামুটি আমরা দেখতে পাচ্ছি—এটা আমাদের অন্ততঃ জানা কথা কিন্তু মুস্কিল হচ্ছে এখন যদি আন্দোলন হয় তাহলে বলবেন চীন পাশে হিমালয়ে এসে গেছে। এখন তোমরা আন্দোলন ক'র না, যেমন খাদ্য আন্দোলনের বেলায় দেখেছি যখন ৩০।৩৫ টাকা চালের দর তখন ও'রা বললেন চীন আমাদের দেশ আক্রমণ করেছে, খাদ্যের দামের বিরুদ্ধে তোমরা আন্দোলন কোর না—আজকে এইসব বলা আরম্ভ হয়েছে। কাজেই আজকে বাস্তুহারারা নিজেদের বাঁচার জন্য যদি আন্দোলন করে তাহলে তাঁরা হয়ত বলবেন চীনেরা কাছে এসে গেছে, তোমরা ক্যাম্প ছেড়ে বেরিয়ে যাও তোমাদের ডোল বন্ধ কর দিলাম। আমরা আর কিছু করতে পারবো না। সুতরাং আমি বলি আমাদের বলবারও কিছু দরকার নেই, উত্তর শোনার কিছু দরকার- বাংলা-দেশের মানুষ বুঝুক কি ঘটনা হয়েছে এবং তা'র থেকে তারা আমাদের বাংলাদেশের মন্ত্রীদের দেশপ্রেমের কথা বিচার করে নিক।

[6-45—6-58 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, উদ্বাস্তুদের যে সুষ্ঠু পুনর্বাসন হয় নি এবিষয়ে বিরোধী দলের সঙ্গে কোন মতানৈক্য নেই।

পুনর্বাসনের মধ্যে অনেক অসুবিধা আছে কারও অজানা নেই। পশ্চিমবাংলায় এপর্যন্ত আমরা যাদের পুনর্বাসন করেছি তার মধ্যে ঠিক ঠিক ভাবে পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব হয় নি একথাও বারবার আমরা এখানে বলেছি। কেউ কেউ বললেন পশ্চিম বাংলায় অনেক পতিত জমি আছে সেই সমস্ত পতিত জমিকে উদ্ধার করে এখানেই পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। একথাও আমরা বিরোধী দলের কাছ থেকে শুনেছি—আমাদের পশ্চিম বাংলায় যে ৫ লক্ষ ভূমিহীন পরিবার আছে তাদের জমি দেওয়া হোক। এখানে মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন সোনারপুর আরাপাঁচ বাগজোলা অঞ্চলের কথা কারও অবিদিত নেই যে সেখানে আমরা আশ্রয়প্রার্থীদের যখন পুনর্বাসনের ব্যবস্থা করতে চাই তখন বিরোধী দলের অনেকে স্থানীয় লোকদের নিয়ে আন্দোলন করতে আরম্ভ করেছিলেন এবং সেখানে আমরা বাধ্য হয়েছিলাম সেই জমি পুনর্বাসনের জন্য উদ্বাস্তুদের না দিতে।

আমাদের পশ্চিম বাংলায় যত জমিকে চাষের আমলে এনেছি—ভারতবর্ষেতো নয়ই পৃথিবীর কোন দেশে এত পরিমাণ জমি চাষের আওতায় আসে নি। আমাদের পশ্চিম বাংলায় যে সমস্ত জমি আছে ব্যবহারযোগ্য তার শতকরা ৮২ ভাগ আমরা চাষ করি এবং অধিকাংশ জমি হচ্ছে খারাপ জমি, মারজিন্যাল সাব-মারজিন্যাল ল্যান্ড, একবার যদি বৃষ্টি হয় বা ড্রাউট হয় তাহলে মারজিন্যাল, সাব-মারজিন্যাল ভূমিতে ফসল হয় না। কিছুদিন আগে আমি সোনারপুর, আরা-পাঁচ অঞ্চলে গিয়েছিলাম, সেখানে আমাকে অনেক উদ্বাস্ত এসে বললেন আমরা চাষ করেছি কিন্তু জমি এত নোনা যে ফলন ভাল হয় নি। কাজে কাজেই জবরদস্তি করে যদি কেউ বলেন যে পশ্চিম বাংলায় যত উদ্বাস্তু চাষী আছে তাদের সবাইকে জমি দিতে হবে তাহলে আমি বলবো তাঁরা উদ্বাস্তুদের বন্ধু নন, উদ্বাস্তুদের শত্রু। বাইরে আমরা কিছু উদ্বাস্ত পাঠিয়েছি এবং এখানে যাদের রাখবার তাদের রেখেছি, তাদের পুনর্বাসনের জন্য সাহায্য সর্বপ্রকারে দেওয়া হচ্ছে তাদের টোটালের অর্ধেক সংখ্যক পুনর্বসতি পেয়েছে, আমরা কেন্দ্রীয় সরকারকে তাদের কথা জানিয়েছি, কেন্দ্রীয় সরকার বলেছেন হ্যাঁ তাদের আমরা টাকা দেবো না, কিন্তু যন্ত্রপাতি দিতে প্রস্তুত আছে। এমনভাবে তাদের জিনিসপত্র দিয়ে সাহায্য করতে প্রস্তুত আছি, যাতে তাঁরা সত্যিকারের পুনর্বাসন পেতে পারেন, যাতে তাঁরা ছোটখাট শিল্প চালাতে পারেন। অনেকে মনে করেন আমাদের দেশে যদি পোলট্রির ব্যবস্থা হয়, মুরগী পালনের ব্যবস্থা হয় তাহলে তা করে অনেক উদ্বাস্ত পরিবার তাঁদের সংসারযাত্রা নির্বাহ করতে পারবেন। সেইজন্য আমাদের টালিগঞ্জ অঞ্চলে একটা মস্তবড় পোলট্রি ফারম করা হয়েছে। সেখানে যাঁরা গিয়েছেন তাঁরা জানেন সেই পোলট্রি ফারম যেরকম সার্থক হয়েছে, তাতে করে বহু উদ্বাস্তুদের সুযোগ-সুবিধা হবে, তাঁরা আয় করতে পারবেন।

আমাদের পশ্চিম বাংলায় হেড়োভাঙ্গায় বলুন বা অন্য জায়গাই বলুন, সেই সমস্ত জায়গায় কিছু কিছু পুনর্বাসন হবে। কিন্তু আজকে পশ্চিমবাংলার জমির যে অবস্থা, তাতে আমাদের এখানে জমির উপর নির্ভর করে যদি আরও পুনর্বাসনের ব্যবস্থা করতে যাই তাহলে তাতে উদ্বাস্তুদের ভাল হবে না।

আমাদের এখানে ক্যাম্পে যাঁরা ছিলেন তাঁদের সম্বন্ধে আমি বলেছিলাম এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে জোর করে বলা হয়েছিল যে ৩১এ জুলাই, ১৯৫৯ সালের মধ্যে এই সমস্ত ক্যাম্পগুলি তুলে দেওয়া হবে।

১৯৫৯ সালের মধ্যে ক্যাম্প তুলে দেবার কথ—যদি তুলে না দেওয়া হয় তাহলে ক্যাম্প তো থাকবে, আছে তো। আমরা তুলে দিতে পারি নি, কিন্তু তার জন্যে ক্যাম্পের সব কাজ কি বন্ধ করে দিয়েছি, তাদের কি খেতে দিই না, খাবার দিই না, টেন্টএর ব্যবস্থা করি না? আমরা নিশ্চয়ই করেছি। জোর করে দণ্ডকারণ্যে কাউকে পাঠান হবে না, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই কথা বলেছিলেন—আমরা একটি পরিবারকেও তো জোর করে পাঠাই নি। বায়নানামা নিয়ে অনেকে অনেক কথা বলেছেন। বায়নানামা যারা করেছেন তাঁদেরকেও পরীক্ষা করে দেখেছি যেগুলি ঠিক ঠিক হয়েছে সেগুলির ব্যবস্থা করে দিয়েছি, যেসমস্ত বায়নানামা ঠিক নয় সেক্ষেত্রে ব্যবস্থা করতে পারি নি। সম্প্রতি একটা সার্কুলার দিয়েছি যারা বায়নানামা চান তারা তাড়াতাড়ি বায়নানামার ব্যবস্থা করুন আমি তাদের সর্বতোভাবে সাহায্য করব। কিন্তু কৃষক যারা এবং মাননীয় সদস্যরা জানেন যারা আমাদের ক্যাম্পে আছেন তাদের মধ্যে কৃষকের সংখ্যা বেশী, তারা বায়নানামা করে চাষের উপযুক্ত জমি পেতে পারে না। তবে অনেকে ছোটখাট ব্যবসা করেন। কিন্তু ছোটখাট ব্যবসার জন্য যারা আমাদের কাছ থেকে টাকা নিয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়েছেন তাদের অনেকেরই পুনর্বাসন হয় নি—একথা সকলেই জানেন, কারণ, ছোট কারবারের জন্য হয়ত পাঁচ হাজার, তিন হাজার টাকা নিয়েছেন, কিন্তু এক জায়গায় হয়ত পাঁচ হাজার লোক আছে, সেখানে পুনর্বাসন ওই টাকায় কি করে হতে পারবে? ফল হচ্ছে আমরা ভিক্ষুকের সৃষ্টি করছি—এত ভিক্ষুক সৃষ্টি করলে আমাদের অর্থনৈতিক কাঠামো যেটা সেটা ভেঙে চুরমার হয়ে যাবে। এজন্যেই বাংলার বাইরে আমরা পুনর্বাসনের ব্যবস্থা করছি। দণ্ডকারণ্য সম্বন্ধে অনেক কথা উঠেছে—ফ্লেচার সাহেব ভাল, কি ব্যানার্জি সাহেব ভাল সেকথায় আমি যেতে চাই নে। আমাদের একমাত্র চিন্তার বিষয় কি করে আমরা উদ্বাস্তুদের বাংলার বাইরে পুনর্বাসনের ব্যবস্থা করে দিতে পারি। গত বছর অনেক উদ্বাস্তু বাংলাদেশের বাইরে গিয়েছে—রাজস্থান গিয়েছে, দণ্ডকারণ্যে কিছু গিয়েছে। দণ্ডকারণ্যে একদম কোন কাজ হয় নি একথা সত্য নয়—সেখানে রাস্তা হয়েছে—সে অঞ্চলে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে, সেখানে ম্যালেরিয়া তাড়ানর ব্যবস্থা হয়েছে এবং সম্প্রতি কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন সপ্তাহে একবার, দুইবার, তিনবার এখান থেকে উদ্বাস্তু পরিবার যাবেন। আমার মনে হয় ভবিষ্যতে দণ্ডকারণ্য যে পরিকল্পনা তা সার্থক হবে এবং তা সার্থক হলে আমাদের কোন ক্ষতি—উদ্বাস্তুদের কোন ক্ষতি নেই, বরং মঙ্গল হবে—যদি সার্থক না হয় তাহলে ক্যাম্প কখনও তুলব না। জ্যোতিবাবু বললেন আন্দোলনের জন্য ডোল বন্ধ করা হয়েছে। আমার মনে হয় জ্যোতিবাবু ভয় পেয়ে গেছেন

(Noises and disturbances from the Opposition Benches:)

ও'র কথা শুনে মনে হচ্ছিল উনি খুব ভয় পেয়েছেন—পেয়ে থাকেন তো ভালই হয়েছে। নিজেরা জেলে না গিয়ে উদ্বাস্তু বেচারাদের জেলে পাঠিয়ে লাভ কি। আমরা উদ্বাস্তু বেচারারা জেলে থাকু চাই নে, আবার এও আমি মনে করি না যে আন্দোলন করে কোন লাভ হবে। কাজেই আমি মনে করি আজ যে প্রস্তাব আমাদের সামনে উপস্থিত হয়েছে এই প্রস্তাবের কোন অর্থ হয় না। আমি এর বিরোধিতা করছি এবং মনে করি এই প্রস্তাব যদি পাসও হত তাতেও উদ্বাস্তুদের কোন উপকার হত না।

The motion of Shri Haridas Mitra that—

(i) after the words "following measures, viz.," in line 4, paragraph 4, the following new paragraph be added, viz.:—

"that before taking up any work, the Government should try at the first instance to create the proper psychological atmosphere and confidence both among the refugees whom they want to rehabilitate in different schemes both within and outside the State and also among the general people by adopting suitable methods and procedure in this regard and by radically changing the power-source of implementing these various schemes before actually undertaking to implement them";

(ii) the following be added at the end of the resolution, namely:—

"(vi) to expedite the regularisation and development of all the squatters' colonies througout the State of West Bengal and to set off all amount of compensation charged upon the refugees of the squatters colonies, who have not been granted any assistance whatsoever from the Government for their rehabilitation."

was then put and lost.

The motion of Shri Samar Mukherjee that—

Whereas the Government has failed to implement the promise and proposals in respect of reclamation of land, setting up medium, small and cottage industries, development of Government colonies set up so far, helping to secure land by the refugees through bynanama, etc., in West Bengal for rehabilitation of displaced persons;

Whereas due to this failure a serious situation has developed in the sphere of refugee rehabilitation, especially with regard to the rehabilitation of camp refugees;

Whereas the situation has been further aggravated due to the sending of unwilling camp refugees under the threat of stoppage of doles and other rehabilitation facilities to Dandakaranya Project in spite of its failure in violation of the assurance given by the Government that refugees will not be taken there (i.e. to Dandakaranya) till the area is developed;

This Assembly is of opinion that with a view to expedite rehabilitation of refugees and to prevent further unfruitful expenditure from the State exchequer, the State Government should, forthwith, undertake the following measures, viz.—

(i) execution of all the proposed schemes for land reclamation along with new schemes in this State specially in the western districts;

(ii) implementation of all the proposed schemes for setting up of medium, small and cottage industries including transformation of Cooper's Camp into an industrial township, and taking up further schemes in this regard;

(iii) to expedite implementation of the 'bynanamas' executed so far and to encourage further rehabilitation through this scheme;

(iv) to expedite development of all the colonies set up so far and help the local bodies to develop areas with large refugee concentration:

(v) advise the Union Government not to take unwilling camp refugees under threat of stoppage of doles and rehabilitation facilities to Dandakaranya and to restore payment of doles to those who have been victimised for expressing their unwillingness to go there.

was then put and a division taken with the following result:—

AYES—44.

Banerjee, Sj. Dhirendra Nath
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Chitto
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Gupta, Sj. Sitaram
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Mandal, Sj. Bijoy Bhusan
Mitra, Sj. Haridas
Mondal, Sj. Haran Chandra
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Bhupal Chandra
Prasad, Sj. Rama Shankar
Ray, Sj. Phakir Chandra
Roy, Dr. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sen, Sj. Deben
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—118.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Janab
Banerjee, Sjta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Brahmamandal, Sj. Debendra Nath
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Gokul Behari
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jamadar
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Mohibur Rahaman Choudhury, Janab
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab

Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, The Hon'ble Hem Chandra
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Tudu, Sjta. Tusar
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Hoque, Janab Md.

The Ayes being 44 and the Noes 118 the motion was lost.

Adjournment.

The House was then adjourned at 6-58 p.m. till 9-30 a.m. on Saturday, the 5th December 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

I also move that in clause 26, lines 6 to 8, the words beginning with "and the decision" and ending with "by the Board" be omitted.

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, সুবোধবাবু যা বললেন এ আশংকা আমারও হয়েছিল যে এভরি অফিসার বললে সারা জগতের লোককে বুঝায় না। ইংরাজী ভাষায় এভরি অফিসার মানে যারা অফিসার তাদেরই বুঝায়, এভরি অফিসার বললে অফিসারদের একজনকে বুঝায়। সুবোধবাবু যা বললেন তাতে সন্দেহ আরও ঘনীভূত হচ্ছে। তিনি ট্রাইব্যুনাল ইত্যাদি করেন সুতরাং আরও ভাল বুঝবেন। এভরি অফিসার না বলে এভরি এমপ্লয়ী বললেই ভাল করতেন। কিন্তু তা না বলে কেন তাদের মাকালীর বলির পাঠা করে রাখা হচ্ছে এটা বুঝি না। আমার গভীর আশংকা আছে এবং বর্তমানে গভর্নমেন্টএর যে চরিত্র অন্ততঃ সোস্যাল প্যাটার্নএর কথা বলা হচ্ছে তাতে আমার এটাই মনে হচ্ছে যে এমপ্লয়িজদের বলির পাঠা করে রাখছেন। তাই অফিসারএর জায়গায় এমপ্লয়ী ব্যবহার করা হয় নি।

তরপর আর একটা জিনিস একটা বোর্ড তৈরি করা হচ্ছে, তার মধ্যে দুজনকে বলা হচ্ছে মেম্বার আর চ্যান্সেলার যাকে এ্যাপয়েন্ট করে দেবেন তাকে বলা হচ্ছে আমপায়ার, তাঁকে মেম্বার বলেন নি। এই আমপায়ারএর কি মানে জানি না, আমরা তো জানি খেলাধুলা ব্যাপারেই আমপায়ার থাকে এবং তার ডিসিসনই ফাইনাল হয়। আমার জিজ্ঞাস্য হচ্ছে এই আমপায়ারএর মানে কি? এটা কি কোন প্রিভিলেজড় ক্যাটিগরি? এই যে প্রোরোগেটিভ এটা কি
will his prerogative in anyway superior to other members!
আই আশংকা হচ্ছে। এঁরা মুখে বলেন সোস্যালিস্ট প্যাটার্ণ কিন্তু কাজে মেম্বার এবং আমপায়ার এই দুরকম করছেন, এর অন্তর্নিহিত অর্থ কি দয়া করে উত্তর দেবার সময় বলবেন।

তারপর আর একটা জিনিস আছে

the decision of the Board in such dispute shall be final and no suit shall be in any Civil Court in respect of the matters decided by the Board.

আমি একথার মানে বুঝতে পাচ্ছি না। এটা থাকা সত্ত্বেও কি আপনারা কোন লোককে হাই কোর্টএ কিংবা সুপ্রিম কোর্টএ যাওয়া বন্ধ করতে পারবেন? সুতরাং যা হচ্ছে তাতে উপহাসাস্পদ হওয়া ছাড়া আর কিছু নয়। অর্থাৎ চোখ রাঙ্গিয়ে কিংবা ধমক দিয়া যদি কাউকে ঘাবড়ে দেওয়া যায়। আমি এই এক্সপ্রেসনটাকে বলছি কোন মানুষকে বলছি না—এটা একটা স্টুপিড এক্সপ্রেসন। এটা দিয়ে উপাহাসাস্পদ হওয়ার প্রয়োজন কি? এমপ্লয়ীদের ভয় দেখান ছাড়া এর কি মানে জানি না। সেজন্য এটা বাদ দিতে বলছি।

It does not stand scrutiny on the back ground of the Constitution.

যা করছেন এটা টেকে না, শুধু শুধু দুর্নামের ভাগী হবেন, এটা এ্যান্টি কনস্টিটুশান এই স্টুপিড পোর্শন অব সাব ক্লজ কোন্ উদ্দেশ্যে করা হয়েছে বুঝলাম না। আর আমপ্লয়ার কথাটা কেন ব্যবহার করছেন সেটাও বলবেন এবং এটা ড্রপ করে দেবেন।

Sj. Satyendra Narayan Majumdar:

আমি সুবোধবাবু যে কথা বলেছেন তার সমর্থনে দুই-একটি কথা বলছি। আমার বিশেষ করে বলবার প্রয়োজন এইজন্য, সুবোধবাবু যখন বলছিলেন, মাননীয় মন্ত্রী মহাশয়কে ব্যাখ্যা করে বুঝাবার চেষ্টা করছিলেন যে এমপ্লয়ীরা অফিসারএর মধ্যে পড়বে কিনা, তখন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় মাথা নাড়ছিলেন এবং তা দেখে মনে হল সেইজন্যই বোধ হয় মাথা নাড়ছিলেন। অবশ্য মাথা নাড়া দেখে আমার পক্ষে কিছু বোঝা সম্ভব নয়। একটা জিনিস পরিষ্কার করতে চাই, এখন ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টএর আইনে যা রয়েছে তাতে এটা অস্বীকার করা হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টএর আওতা থেকে পরিষ্কার এটাকে বাদ দেওয়া হয়েছে। এবং আর একটা জিনিস সুবোধবাবু বলেছেন যে, যদি কোন ডিসপিউট হয় তাহলে এই ডিসপিউট নিয়ে আদালতে ট্রাইব্যুনালএর সামনে তারা যাবে কিনা। এটা এখানে গভর্নমেন্ট সম্পূর্ণভাবে তাদের নিজেদের হাতে রাখছেন। যখন ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট এ্যামেন্ডেড হয় শেষবারে পারলিয়ামেন্টেএ, সেই সময় সেখানে আমরা যারা শ্রমিক প্রতিনিধি ছিলাম, আমরা সকলেই এই দাবী জোরের সঙ্গে করেছিলাম যে শ্রমিকদের সরাসরি অন্ততঃ লেবার কোর্টে যাবার অধিকার দেওয়া হোক। এবং লেবার কোর্টএ যাবার ব্যাপারে গভর্নমেন্টএর ইচ্ছার উপরে ছেড়ে দেওয়া যেন না হয়। কিন্তু গভর্নমেন্ট সম্পূর্ণভাবে সে অধিকার নিজের হাতে রেখে দিয়েছেন এবং বলেছেন তারা বিবেচনা করে দেখবেন। এই যে যুক্তি ও দৃষ্টান্ত সুবোধবাবু দিলেন সেই কারণে মুখ্যমন্ত্রী মহাশয় আগেও বলেছিলেন যে ভবিষ্যতে এই রকম কোন ঘটনা হলে গভর্নমেন্ট হয়ত বলবেন যে ইউনিভারসিটির ব্যাপারে ট্রাইব্যুনালে যাওয়া উচিত নয়। অথচ এমপ্লয়ীজদের অন্য কোনভাবে আজকের দিনে তাদের অভিযোগ মিটানর আইনগত কোন অধিকার দিলেন না। ধর্মঘট করতে গেলেও বলবেন যে অন্যায় করছে, শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট করা উচিত নয় অথচ অভিযোগ মিটাবার কোন অধিকার দিচ্ছেন না, নিজেদের ইচ্ছার উপর রেখে দিচ্ছেন এটা সমর্থনযোগ্য নয়। সুতরাং সুবোধবাবু যে এ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছেন সেটা গ্রহণ করা উচিত। এটা এখানে ডিফিটেড হয়ে যাবে বলেই এটা নিবেদন করছি যে এটা নিলে কাজ ভাল হবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I stand by my interpretation of clause 25 that the words "every salaried officer" mean every employee—particularly because of the phrase "Except as otherwise provided under this Act". That surely refers to clause 13.

I think that every employee will have the right to hear the dispute referred to the Board of Arbitrators which is constituted under clause 26. The clause says "Every dispute arising out of a contract between the University and any of its officers or teachers shall be referred to a Board of Arbitrators". Now, if an employee is employed under a contract surely he will be able to take advantage of clause 26 and to have his dispute referred to the Board of Arbitrators.

As regards the word "umpire", if a member of the Senate of the Calcutta University does not know the meaning of the word then I am not going to explain it. The meaning of the word "umpire" should be well known.

The motion of Shri Subodh Banerjee that in clause 26, in line 2, after the words "or Teachers" the words "or other employees" and in line 5 after the word "Teacher" the words "or the employee" be inserted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that in clause 26, line 5, for the words "and an umpire" the words "a member" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that in clause 26, lines 6 to 8, the words beginning with "and the decision" and ending with "by the Board" be omitted, was then put and lost.

The question that clause 26 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 27

[12—12-13 p.m.]

Sj. Subodh Banerjee:

মাননীয় ডেপ্ুটি স্পীকার মহাশয়, আমি আবার বলছি
the Education Minister is wrong
কেন বলছি—এটা গায়ের জোরের কথা নয়—আমি এই এ্যাক্ট দিয়েই দেখাব,
please look at clause 27: "The University shall constitute for the benefit of its officers (including the vice-Chancellor), Teachers and other servants."
অফিসার কথা ইউজ করার পর আপনারা আদার সার্ভেন্টস কথা ইউজ করেছেন।
it proves my contention is correct
এটাই প্রমাণ করে। এইজন্যই আমি বলেছিলাম অফিসারস কখনো আদার সার্ভেন্টস ইনক্লুড করে না এবং যে জায়গায় ইনসিওরেন্স পেনসনএর কথা বলেছেন সেখানে অফিসারস কথাটা ব্যবহার করার পর আদার সারভেন্টস ইউজ করতে হচ্ছে; এর অর্থ অফিসার ইনক্লুড করে না আদার সার্ভেন্ট। এখানে ডেফিনিটলি এই কথা রয়েছে সমস্ত এমপ্লয়ী অফিসার ও সমস্ত সার্ভেন্টস ইনক্লুড করে, তবে কেন আদার সার্ভেন্ট ইনক্লুড করলেন? সুতরাং আমার বক্তব্য হচ্ছে, যদি এতে আপনার ভেনিটিতে লাগে বা কোনরকম ডিফিকাল্টি থাকে তাহলে দরকার নাই আমার সংশোধনী গ্রহণ করার। আপনি আমাদের এ্যাসুরেন্স দিন আপনার স্ট্যাটুট করেক্ট করবেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have given that assurance before. I have already said that, I think, by a Statute the University will be able to prescribe those conditions and that the University will be able to take into account the question of other employees and if the University so desire, will be able to provide exactly for that thing viz., reference to the Board of Arbitrators—which you so desire.' I have already made that clear.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রীকে আমি বলছি এটা বুমেরাঙ্গ হবে তাঁর পক্ষে—এটা আমার ইগনোরেন্স নয়প কার ইগনোরেন্স সেই কথা সুবোধবাবু বলেদিয়েছেন। আমপায়ার হোক আর যাই হোক, মিঃ ডেপুটি স্পীকার স্যার,
"I wanted to know what is meant by 'umpire'. I may be ignorant about the Industrial Disputes Act. I am not more ignorant in English than the Minister. I never stood second from the bottom to the University. I stood at the top."

I move that in clause 27(1), line 5, after the word "funds" the words "and gratuity" be inserted.

এখন আমি ক্লজ ২৭(১)এতে কিছু বলছি। এখানে আমার পয়েন্ট হচ্ছে, আমরা জানি যেখানে প্রভিডেন্ট ফান্ড থাকে, আর যদি পেনসন না থাকে, সেক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ডএর গ্রাচুয়িটি বলে একটা জিনিস থাকে। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এখানে সার্ভেন্টস কথা বলে দিলেন—প্রথমে কন্ট্রাক্ট হবে, অফিসারদের জন্য কন্ট্রাক্ট হবে, তারপরে সার্ভেন্ট লিখে দিয়েছেন। এখন আবার শুনছি সবই স্ট্যাটুট এ্যাক্ট হয়ে যাবে। আমার কথা হচ্ছে, এখানে থাকছে ২৭(১) ক্লজএ—

such pension ,insurance or provident funds and gratuity as it may deem fit.

সেক্ষেত্রে আমি বলছি উইথ গ্রাচুয়িটি। শুধু

provident fund is not sufficient.

হলে হবে না, পেনসন, গ্রাচুয়িটি থাকা উচিত। এই জিনিস বহু জায়গায় আছে, কর্পোরেশান ইত্যাদি প্রতিষ্ঠানে। যেখানে প্রভিডেন্ট ফান্ড আছে তার সঙ্গে সঙ্গে গ্রাচুয়িটি আছে—অনেক ক্ষেত্রেই ৩০ বৎসর সার্ভিস হলে ১৫ মাসের গ্রাচুয়িটি পায়। সুতরাং গ্রাচুয়িটি ইনক্লুড করার জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। এবং আমি আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় এটা একটা অধিকার হিসাবে মেনে নিয়ে গ্রাচুয়িটি দেবার ব্যবস্থা করবেন। তাইজন্য গ্রাচুয়িটিও এই সাব-ক্লজএ ইনক্লুড করার জন্য আমি তাঁকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I think this is unnecessary.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that in clause 27(1), line 5, after the word "funds" the words "and gratuity" be inserted, was then put and a division taken with the following result:—

AYES—40.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Bera, Sj. Sasabindu
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Chakraverty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Bhupal Chandra
Prasad, Sj. Rama Shankar
Roy, Sj. Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Sen, Sj. Deben
Sen, Sjta. Manikuntala
Tah, Sj. Dasarathi

NOES—106.

Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjta. Maya
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Blanche, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Aranga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar

Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soleman, Janab
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjta. Anima
Jehangir Kabir, Janab
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Monoranjan
Misra, Sj. Sowrindra Mohan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Bhikari
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjta. Tusar
Yeakub Hossain, Janab Mohammad

The Ayes being 40 and the Noes 106 the motion was lost.

The question that Clause 27 do stand part of the Bill was then put and agreed to.

Clause 28.

The question that Clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that a Preamble be added to the Bill as follows, namely:—

> "Whereas it is expedient and desirable that greater facilities may be made available to the evergrowing student population in West Bengal, and that the demand for higher education is on the increase and the facilities which can be offered by the colleges under the Calcutta University and the University itself are proving and will continue to prove too inadequate to cope with these growing numbers, particularly in respect of the Post Graduate courses."

The motion was then put and lost.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I beg to move that the Burdwan University Bill, 1959, as settled in the Assembly, be passed.

Mr. Deputy Speaker: We want to finish the third reading today.

Shri Ganesh Ghosh: Sir, many of the members of this House have already left. Most of them would like to speak during the third reading. So let us stop here.

Mr. Deputy Speaker: Then we take up the third reading on Monday. The Flood debate will be for two hours and there will be no questions. The House stands adjourned till 3 p.m. on Monday, the 7th December, 1959.

Adjournment.

The House was accordingly adjourned at 12.13 p.m. till 3 p.m. on Monday, the 7th December, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on **Monday, the 7th December, 1959**, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mullick) in the Chair, 13 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 215 Members.

Adjournment motion

[3—3-10 p.m.]

Shri Jyoti Basu: Sir, my adjournment-motion runs thus:

"The proceedings of the Assembly do now adjourn to raise a discussion on a matter of urgent public importance and of recent occurrence, viz., the discriminatory decision of the police, under instructions of the Police Minister, since Friday, the 4th December, to deny the use of microphones in Calcutta to the Communist Party of India on the subject of Indo-China relations and peaceful settlement."

এ বিষয়ে আমি ডাঃ রায়কে একটা চিঠি দিয়েছিলাম।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, in reply which I have given to Shri Jyoti Basu on the question which he has raised in a private letter in which he has mentioned about this matter of discrimination, I have said: I have made enquiry regarding the contents of the letter. It appears that the police was of the view that the speeches that are made at meetings recently held, particularly the ones at Ochterloney Monument, create excitement among the people in the present period of tension regarding Indo-China matter. It is only to prevent such a situation in future that the order of the Commissioner of Police was issued. We have discussed this matter and we are of the opinion that permission may be given to all parties for mikes to be used at meetings provided notice for the holding of such meetings is given beforehand. When such permission is given, Government will find out if the privilege is being abused. If speeches are made at such meetings which, in its opinion, are likely to disturb public order or tranquillity then such meetings might have to be prohibited.

Shri Jyoti Basu:

তাহলে গুণ্ডাদ্বারা আক্রমণ করলেও প্রহিবিটেড হয়ে যাবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We will discuss that when the necessity arises.

Presentation of the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts and Audit Reports thereon.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to present the Report of the Public Accounts Committee on the Appropriation Accounts for 1953-54 and 1954-55, and Finance Accounts for 1952-53, 1953-54 and 1954-55 and Audit Reports thereon.

Laying of Annual Report of the Public Service Commission, West Bengal, for the year 1956-57

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to lay before the Assembly the Annual Report of the Public Service Commission, West Bengal, for the year ending 31st March, 1957, and the Memorandum explaining, as respects the case where the advice of the Commission could not be accepted during this period, the reasons for non-acceptance.

Debate on Flood and Relief

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে স্ট্যাটিস্টিক্যাল রিপোর্টটা দেওয়া হয়েছে এটা তাড়াতাড়িতে একটু ভুল ছাপা হয়েছে। আমি আপনার অনুমতি নিয়ে সেগুলি দেখিয়ে দিচ্ছি।

দ্বিতীয় পৃষ্ঠায় টেবিল ১-এ ১৯৫৯এর ঘরে ম্যাক্সিমাম ইন ২৪ আওয়ার্স, ফার্স্ট উইক অব অক্টোবরের যে ফিগার ০·৯১, ওটা হবে ৭·১৫। তার নীচে ১৯৫৮-র ফার্স্ট লাইনে অ্যাভারেজ অব দি উইক তার অঙ্কটা ১৬-এর নীচে যেটা আছে ৫০৭ ওটা ৩·০৭ হবে। তারপরে টেবিল ২; ১৯৫৮-এর মাঝখানে ম্যাক্সিমাম ইন ২৪ আওয়ার্স, এর শেষদিকে ১৫-এর নীচে আছে ৫·৮৩ ওটা হবে ৩·৮৩। একবারে নীচে ১৯৫৮-এর ডানদিকে সেপ্টেম্বরের উপর লেখা আছে হেভী রেন ফল, ওটা কাটা যাবে। তারপরে টেবিল ৪ পেজ ৩ ১৯৫৯-এ ম্যাক্সিমাম ইন ২৪ আওয়ার্স ওটা ফার্স্ট অক্টোবরে যেটা আছে ৩·২৫, ওটা হবে ৫·২৫। তারপরে ১৯৫৮-এ হেভী রেন ফল কাটা যাবে। সেপ্টেম্বরের উপর যে হেভী রেন ফল লেখা আছে ওটা কাটা যাবে। তার নীচে টেবিল ৫ ১৯৫৬-এর অক্টোবরের পাশে লেখা আছে হেভী রেন ফল, ওটা কাটা যাবে। ১৯৫৬-এ ওর নীচে অক্টোবরের পাশে লেখা আছে হেভী রেন ফল, ওটাও কাটা যাবে। শেষ পৃষ্ঠায় প্যারা ৬—চেঞ্জেস অব ইনক্রিজিং দি ইনটেনসিটি, ওটা চার্জেস হবে, আর তার নীচে চার্জেস আর এভরি লাইকলি, ওটা হবে ভেরি লাইকলি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সম্প্রতি বন্যার ব্যাপকতা এবং তীব্রতা অভূতপূর্ব ছিল। এবারের বন্যাতে প্রায় ১০ হাজার ৯ শত ৩০ বর্গ মাইল এরিয়া ক্ষতিগ্রস্ত হয়েছে এবং মোট ৫৪ লক্ষ ৩ হাজার লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বন্যা শুধু যে সেপ্টেম্বর মাসে একবার হয় তা নয়, অক্টোবরের প্রথমেতেই আবার হয়। ৫০ বছরের মধ্যে এই রকম তীব্র বন্যা ঘটে নি। কি কারণে বন্যা হয়েছিল সেটা হয়ত যাঁরা বিশেষজ্ঞ তাঁরা ভবিষ্যতে আলোচনা করবেন এবং তার প্রতিকার কি করে হবে তার নির্দেশ দেবেন। তবে এটা সাধারণভাবে আমি বলতে পারি যে যদিও সেপ্টেম্বর মাসের প্রথমে আমাদের এখানে বৃষ্টিপাত খুব হয়েছিল কিন্তু ময়ূরাক্ষী এবং দামোদর ক্যাচমেন্ট এরিয়াতে খুব বেশী বৃষ্টিপাত হয় নি। কিন্তু ৩০এ সেপ্টেম্বর, ১লা অক্টোবর এবং ২রা অক্টোবর আমাদের এদিকেও খুব বৃষ্টি হয় এবং ক্যাচমেন্ট এরিয়াতেও খুব বৃষ্টি হয়, তার ফলে এই বন্যা এত ব্যাপক হয় এবং তীব্র হয়। আমাদের মাননীয় সেচ মন্ত্রী মহাশয় হয়ত আজকের এই বিতর্কে যোগ দেবেন এবং কি কারণে বন্যা হয়েছে মোটামুটি আমাদের জানাবেন এবং প্রতিকারের কি উপায় তারও হয়ত মোটামুটি কিছু নির্দেশ দেবেন। এবারের বন্যায় ১০ হাজারের উপর বর্গমাইল এরিয়া ক্ষতিগ্রস্ত হয়েছে, ৫৪ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ফসলেরও ক্ষতি খুব বেশী হয়েছে, বোধ হয় এত ক্ষতি এর পূর্বে ফসলের কোনদিন হয় নি।

[3-10—3-20 p.m.]

যদিও আমরা আশা করেছিলাম আমন ধানের ফসল এবারে খুবই ভাল হবে, তবুও এ কথা বলতে পারি যে ৫ লক্ষ টনের বেশী চাল নষ্ট হয়েছে; তৎসত্ত্বেও আমাদের কৃষি বিভাগ থেকে তাঁরা যে আভাস দিয়েছেন, সেই পূর্বাভাবে তাঁরা বলেছেন যে গতবারের তুলনায় এবারকার আমন ধান বেশী হয়েছে।

এবার প্রথম বন্যা হওয়ার সংগে সংগে আমরা সাময়িক সাহায্য দিয়েছিলাম এবং মনে করেছিলাম যে পূজার আগেই বন্যার প্রকোপ কমে যাবে এবং আমরা লোককে স্থায়ীভাবে কি করে সাহায্য দিতে পারি তার ব্যবস্থা করবো। কিন্তু পূজার পূর্বে পুনরায় বন্যা হল এবং আমাদের নূতন করে সাহায্য দিতে হল। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে একটা কথা বললে আপনি বুঝতে পারবেন কি রকম ব্যাপকরূপে এবারকার বন্যা হয়েছিল। শেষ পর্যন্ত প্রায় চার লক্ষ লোককে আমাদের রেসকু করতে হয়েছিল এবং এই চার লক্ষ লোকের আশ্রয়ের ব্যবস্থা আমাদের করতে হয়েছিল। এটা এক দিনে করা সম্ভব হয় নি, কয়েক দিন ধরে আমাদের এই ব্যবস্থা করতে হয়েছে। এটা কি রকম কাজ, সেটা এক সেকেন্ড-এ বক্তৃতা দিয়ে বোঝাতে পারবো না। এই কাজ করতে গিয়ে অনেকের জীবন পর্যন্ত বিপন্ন হয়েছিল। অনেকে জানেন আমাদের পুলিশ বাহিনী বিপন্নদের উদ্ধার করতে গিয়ে খুব ভাল কাজ করেছেন। শুধু মানুষ নয়, অনেক জায়গায় গরু-বাছুর, ছাগল, পশু-পক্ষীর জীবন পর্যন্ত বিপন্ন হয়েছে, সেখানে তাঁরা গিয়ে তাদের উদ্ধার করেছেন এবং তাদের কাজের জন্য, সকলেই তাদের প্রশংসা করেছেন। এ'রা ছাড়াও সেখানে আরও অনেক প্রতিষ্ঠান খুব ভাল কাজ করেছেন; যেমন রামকৃষ্ণ মিশন, মাড়োয়ারী রিলিফ সোসাইটি, কাশী বিশ্বনাথ সেবা সমিতি, প্রদেশ কংগ্রেস কমিটি, ভারত সেবাশ্রম সঙ্ঘ ইত্যাদি। এ'রা খুব ভাল কাজ করেছেন, সেইজন্য আমি এই সমস্ত প্রতিষ্ঠানকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এবারে আমাদের খাদ্য বিভাগের কাজ খুবই ভাল হয়েছে, এটা স্বীকার করতেই হবে। বন্যার সময় যখা বৃষ্টির দরুন রাস্তাঘাট খারাপ, যানবাহনের অসুবিধা তখন আমাদের খাদ্য বিভাগ থেকে তিন-চার দিনের মধ্যে প্রায় ৯ লক্ষ টনের মত খাদ্যশস্য আমরা বন্যাপীড়িত অঞ্চলে পাঠিয়ে ছিলাম, এবং এরজন্য আমাদের খাদ্য বিভাগের বহু কর্মচারীকে বিশেষ পরিশ্রম করতে হয়েছিল, কোন কোন দিন অনেক রাত্রি পর্যন্ত জেগে কাজ করতে হয়েছে এবং ১৪।১৫ ঘণ্টা ধরে একযোগে কাজ করেছেন। আমাদের যেটা রিলিফ বিভাগ, সেখানকার কর্মচারীরাও বিশেষ পরিশ্রম ও কৃতিত্বের সংগে কাজ করেছেন। আমাদের খাদ্য ও রিলিফ বিভাগের সমস্ত কর্মচারীদের ছুটি বাতিল করে দিয়েছিলাম, এবং যে যে জেলায় বন্যা হয়েছিল, সেই সমস্ত জেলার ম্যাজিস্ট্রেট ও বিশেষ বিশেষ কর্মচারীদের ছুটি বাতিল করে দিয়েছিলাম বন্যাপীড়িত অঞ্চলে কাজ করবার জন্য। যদিও এই সেচ বিভাগের উপর অনেকের বিরক্তি জন্মেছিল যে সেচ বিভাগের পলিসির জন্য এই বন্যা হল, আমি বলবো সেই সেচ বিভাগই, তার কর্মচারী, ইঞ্জিনীয়ার, ওভারসিয়ারর‍া আপ্রাণ চেষ্টা করেছিলেন এই বন্যাকে রুখতে। অবশ্য তাঁদের সংগে সেখানকার গ্রামবাসীরাও থেকে কাজ করেছিলেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় মাননীয় মন্ত্রী পূরবী মুখার্জীকে পাঠিয়েছিলেন বর্ধমান জেলার কয়েটা বন্যাপীড়িত অঞ্চলে। তা ছাড়া অন্যান্য মন্ত্রীকে এক একটা অঞ্চলে পাঠান হয়েছিল কাজের ভার দিয়ে। তারা একটা বাঁধ রক্ষা করেছিলেন এবং সেই বাঁধ রক্ষা করার দরুন কালনা সহর বন্যার হাত থেকে বেঁচে গিয়েছিল। অবশ্য সেখানকার গ্রামের লোকেরাও তাঁদের সংগে থেকে এই বাঁধকে রক্ষা করার কাজে আপ্রাণ চেষ্টা করেছিলেন। আমরা সংবাদ পেয়েছিলাম এই বাঁধ ভেংগে গেল, গেল। ম্যাজিস্ট্রেট, বি ডি ও, সার্কেল অফিসার, থানার দারগা, পুলিশ বাহিনী সবাই সাহায্য করেছেন। সব জায়গায় যে বাঁধ রক্ষা করা যেতে পারা গিয়েছে তা নয়। অনেক জায়গায় বাঁধ ভেংগে গিয়েছে, প্রচুর পরিমাণে শস্য নষ্ট হয়েছে। কিন্তু আবার অনেক জায়গায় জনসাধারণ ও বে-সরকারী প্রতিষ্ঠান, তাঁরা চেষ্টা করে বন্যাকে রুখেছেন এটা সত্য। অনেক জায়গায় বাঁধ নষ্ট হয়েছে—ভেংগে গেছে—জল ঢুকেছে, শস্য নষ্ট হয়েছে। কিন্তু আবার অনেক জায়গায় বাঁধগুলি জনসাধারণ এবং অনেক বে-সরকারী প্রতিষ্ঠান চেষ্টা করে রক্ষা করেছেন। এই যে এত বড় বন্যা হয়েছিল এতে চার লক্ষ লোককে রেসকু করে আশ্রয় দিতে হয়েছিল। নবদ্বীপের মত সহরে ৮ ফুট থেকে ১২ ফুট জল জমেছিল, পনের দিন ধরে—পানীয় জল নষ্ট হয়ে গিয়েছিল, কিন্তু স্বাস্থ্য বিভাগ বিভিন্ন জায়গায় মেডিক্যাল ইউনিট পাঠিয়েছিল—৩৮০টি মেডিক্যাল ইউনিটস পাঠিয়েছিলেন—১,৩০০ সেবক, ডাক্তার এবং অন্যান্য অ্যাসিস্ট্যান্টস পাঠিয়েছিলেন। এ'রা সকলে মিলে এত সুন্দর কাজ করেছেন যে এই সমস্ত অঞ্চলে খুবই কম কলেরা এবং অন্যান্য সংক্রামক রোগ দেখা দিয়েছিল। এই সমস্ত জায়গায় টিউব-ওয়েল তারা ডিসইনফেক্ট করেছেন—ইন্দারা ডিসইনফেক্ট করেছেন, ট্যাবলেট বিতরণ করেছেন, ওষুধ বিতরণ করেছেন। এমনভাবে সকল কাজ তারা করেছেন যে স্বাস্থ্য বিভাগের

এই সমস্ত কর্মচারীরা দেশবাসীর প্রশংসা অর্জন করেছেন। এবারকার বন্যায় আমরা ৩২ লক্ষ লোককে গ্রাচুইটাস রিলিফ হিসাবে চাল এবং গম দিয়েছি—সেটা কমে কমে বর্তমানে ১৬ লক্ষে দাঁড়িয়েছে। যে সমস্ত জায়গায় বন্যা হয়েছিল সেখানে আগে থেকে অর্থাৎ ১৯৫৬ সাল থেকে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে কিছু কিছু টেন্ট ছিল—কোন কোন জায়গায় ছিল—সেগুলি যথাসময়ে তারা সরবরাহ করেছেন। আমরা ৬,২২০ পিস টারপলিন পাঠিয়েছি এবং পূর্বে থেকে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে প্রায় পাঁচ হাজার টেন্ট অ্যান্ড টারপলিন জমা ছিল। ২,৪৭,১৬১ পিস ধুতি এবং শাড়ী পাঠিয়েছি, ৫৫,০০০ পিস শিশুদের জামা পাঠিয়েছি, ৭৪,৬৯৪ খণ্ড কম্বল পাঠিয়েছি। আমাদের পক্ষ থেকে মিলক্ পাউডার পাঠান হয়েছে প্রায় ৯ লক্ষ প'উন্ড—এ ছাড়া স্বাস্থ্য বিভাগ থেকে আরও মিলক্ পাউডার দেওয়া হয়েছে। ওষুধ, ডিসইনফেকট্যান্টস ইকুইপমেন্টস ইত্যাদি স্বাস্থ্য বিভাগ থেকে যা দেওয়া হয়েছে তার মূল্য হচ্ছে ১৪ লক্ষ ৭৬ হাজার টাকা। কতকগুলি অঞ্চল সকলেই জানেন একেবারেই বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল—সেই সমস্ত জায়গায় আমরা প্রথমে চিড়া এবং গুড় এয়ার ফোর্সের সাহায্যে ফেলেছিলাম—পাঁচ হাজার পাউন্ড চিড়া এবং গুড় ফেলা হয়েছিল। তারপর যখন একটু একটু জল কমে আসছে তখন আকাশ থেকে যে চাল ফেলেছিলাম তার পরিমাণ হবে চার লক্ষ পাউন্ড। বর্ধমান জেলার গঙ্গাতিকুরি, পূর্বস্থলী, গুসকরা, বেদিয়াতে, হুগলি জেলার খানাকুলে, মেদিনীপুরের ঘাটালে, মুর্শিদাবাদ জেলার ভরতপুর, বড়ন, কান্দিতে এবং নদীয়া জেলার কালীগঞ্জ অঞ্চলে এই চিড়া গুড় ফেলা হয়েছিল। পাঁচ হাজার মণ চালও ফেলা হয়েছিল বর্ধমান জেলার খণ্ডঘোষ, রঞ্জিবানপুর,, নন্দনঘাট, পূর্বস্থলী এবং নলিগ্রাম এলাকায়; হাওড়ার উদয়নারায়ণপুর, পাঁচরুল এলাকায়; নদীয়ার বল্লভপাড়ায়; মুর্শিদাবাদের শ্রীহট্ট এবং কাঁদি এলাকায়।

একটা জিনিস এখানে বলব। এবার আমাদের প্রথম দিকের পরিকল্পনা ছিল যে এত ফসলের যখন ক্ষতি হয়েছে পাঁচ লক্ষ টন চাল যেখানে আমাদের ক্ষতি হ'ল সেখানে আমরা বোরো ধানের চাষ এবং রবিশস্যের চাষের ব্যবস্থা করতে পারি কি না। আমাদের এখানে বেশী বীজ ছিল না—কমই ছিল—আমরা তাই অন্যান্য প্রদেশ থেকে, যেমন রাজস্থান, উড়িষ্যা প্রভৃতি রাজ্য থেকে এই বীজের ব্যবস্থা করেছি। উড়িষ্যা সরকার অনুগ্রহ করে আমাদের আউসের বীজ দিয়েছেন—রাজস্থান থেকে আমরা গমের বীজ পেয়েছি—সেটা জেলায় জেলায় আমরা পাঠিয়েছি—এর মূল্য হবে ৫২,৯৪,৬০০ টাকা এবং এর থেকে যে ফসল হবে তার মূল্য প্রায় দশ কোটি টাকা হবে। আমরা যেমনি যেমনি গ্রাচুইটাস ডোলস দেওয়া ক্রমে ক্রমে কমিয়ে আনছি, তেমনি তেমনি আমরা টেস্ট রিলিফ-এর ব্যবস্থা করেছি—যাতে লোকে রবি ফসল করতে পারে। রবি ফসল যাতে ভাল করে করতে পারে তার জন্য ৬৫ লক্ষ ৫ হাজার টাকা এগ্রিকালচারাল লোন দিয়েছি।

[3-20—3-30 p.m.]

যাদের বাড়ী নষ্ট হয়েছে মেরামতের জন্য এই পর্যন্ত ১৮॥ লক্ষ টাকা বিভিন্ন জেলায় পাঠিয়ে দিয়েছি। আর একটা পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। ১৯৫৬ সালের বন্যায় যে অভিজ্ঞতা হয়েছে তাতে যাদের বাড়ী একদম ভেঙ্গে গিয়েছে, আবার ক্ষতিগ্রস্ত হতে পারে সেই অঞ্চলে যারা অত্যন্ত দরিদ্র তাদের জন্য ১ লক্ষ পাকা বাড়ীর ব্যবস্থা করেছি—নিজের বাড়ী নিজে তৈরি কর—এই পরিকল্পনায়। বিল্ড ইওর ওন স্কিম-এ গত বন্যায় ২১ হাজার বাড়ী তৈরি করেছিলাম বিভিন্ন জেলায়, বর্ধমান জেলায়, হুগলি জেলায়, মুর্শিদাবাদ জেলায়, হাওড়া জেলায় ইত্যাদিতে এবং এই সমস্ত বাড়ী খুব কম পড়েছে। ২৫।৩০ খানা পড়েছে, মাটির ঘরই বেশী পড়েছে। এই পরিকল্পনায় ১ লক্ষ লোক নিয়ে করা হয়েছে। ৩০০।৩২৫ টাকা প্রতি বাড়ীর জন্য খরচ হয়, নিজেদের ইট নিজেরা তৈরি করে নিতে হবে। সুতরাং ৩ কোটি টাকা খরচ হচ্ছে এই বিল্ড ইওর ওন স্কীম-এ। যাদের বাড়ী বেশী নষ্ট হয়েছে তাদেরও কিছু গ্রান্ট দেব বাড়ী মেরামত করার জন্য। এইবারের বন্যায় প্রাণহানি অনেক লোকের হয়েছে এটা সকলেই জানেন। বন্যায় এবং সাইক্লোন-এ হিসাব করে মোটামুটি দেখা গিয়েছে ১০৭ জনের মৃত্যু হয়েছে। ৮৮ জন বন্যার ফলে, বৃষ্টির ফলে ৯ জন আর সাইক্লোন-এ ১০ জন। পশু মরেছে ৭ হাজারের উপর, ৮,৪৭০টি পশু মারা গিয়েছে। আমরা এখানে টেস্ট রিলিফ ওয়ার্ক আরম্ভ করেছি এবং এই কাজের টাকা ধার্য করেছি। একটা জিনিষ তুলনা করলে মাননীয় সদস্যরা বুঝতে পারবেন যে ১৯৫৬ সালে এই সময় অর্থাৎ বন্যার দুমাসের মধ্যে আমরা টেস্ট রিলিফ দিয়েছিলাম ৪৭ লক্ষ

কা, আর এবার দু'মাসে ৬৩ লক্ষ টাকা দিয়েছি। গৃহ মেরামতে গত বার দু'মাসে ৯ লক্ষ টাকা য়েছিলাম, এবছর দিয়েছি ১৮ লক্ষ টাকা। আমরা এবার বীজ ৫২ লক্ষ ৯৪ হাজার টাকা য়েছি কিন্তু গতবারে মাত্র ১০ লক্ষ ৮৯ হাজার টাকা দিয়েছিলাম। কাজেকাজেই এবার আমরা াতে বেশী করে ফসল উৎপন্ন করতে পারি তার জন্য আমরা যতটা সম্ভব ব্যবস্থা করেছি। ষিঋণ বন্যার দু'মাসের মধ্যে গতবার দিয়েছিলাম ৫৯ লক্ষ ৫৫ হাজার টাকা—এবার ৬৫ লক্ষ হাজার টাকা। একটা জিনিষ এবার করলাম, গতবারেও করেছিলাম—অনেক জেলায় জেলা ্যাজিস্ট্রেটকে বলেছি যে যেসব তন্তুবায় পূজোর সময় কাপড় তৈরি করেছিল কিন্তু মাল পাঠাতে রল না, মজুত ছিল, তাদের সেই ধুতি কাপড় যদি খুব বেশী মূল্যবান না হয়, তাহলে যেন কনে নেয়। শেষ পর্যন্ত আমরা হিসাব করে দেখেছি যে ২০ হাজার ধুতি এবং শাড়ী বন্যার্ত ন্তুবায়দের কাছ থেকে জেলা ম্যাজিস্ট্রেটরা ক্রয় করেছেন।

Sj. Manoranjan Hazra:

পানচাষীরা এগ্রিকালচারাল অ্যান্ড আর্টিজান লোন পাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এগ্রিকালচারাল কিম্বা আর্টিজান যে হেড-এই ফেলুন তাতে কিছু আসে যায় না। যারা ানচাষী তাদের যদি চাষী ধরেন তাহলে এগ্রিকালচার লোন পাবে আর যদি মনে করেন ব্যবসা রছে তাহলে আর্টিজান লোন পাবে। যে কোন হেড-এই পড়ুক তাতে কিছু আসে যায় না।

[এ ভয়েস: ঋণের পরিমাণ এগ্রিকালচারাল ধরলে কমে যায়]

ামার বক্তব্য হচ্ছে গতবারে পানচাষীদের ৩।৪ শত করে লোন দিয়েছিলাম, যাদের যেমন প্রয়োজন য়েছিল দিয়েছি। তারপর আমাদের খাদ্য উৎপাদনের ব্যাপারে যাদের ফসল ভাল হয় তাদের ুব ভালই হল কিন্তু যাদের গিয়েছে তারা সর্বস্বান্ত হয়েছে। কাজেকাজেই আমরা চেষ্টা করছি ারা কিভাবে, কি করে ভবিষ্যতে নিজেরা স্বাবলম্বী হতে পারে, নিজেদের পায়ে দাঁড়াতে পারে। ার একটা জিনিষ না বলে পারছি না আমাদের এখানে সেদিন যে নন অফিসিয়াল রজলিউশন এসেছিল তাতে অনেকেই বিফিউজি রিহ্যাবিলিটেশন-এর কথা বলতে গিয়ে ণ্ডকারণ্যের কথা বলেছেন, কিন্তু এখানে একটা কথা বলতে চাই যে আমাদের ত লোকের ক্ষতি হয়েছে তার মধ্যে যে সমস্ত উদ্বাস্তু আছে তাদেরই ক্ষতির পরিমাণ সবচেয়ে বশী। কারণ তারা নীচু জায়গায়, নীচু জমিতে বাস করছে যার ফলে একবার বৃষ্টিতে তাদের রবাড়ীর ক্ষতি হয়েছে আবার ঐ অঞ্চলে বন্যা আসার ফলে তাদের সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে। দের কথা আমরা চিন্তা করছি, কি করে আমরা এই সব উদ্বাস্তুদের সাহায্য করতে পারি। ১৯৫৬ সালে তাদের গভর্নমেন্ট থেকে টাকা দেওয়া হয়েছিল ঋণ হিসাবে, তারা সেই ঋণ শোধ রতে পারে নি। আজকে আবার ১৯৫৯ সালের বন্যায় তাদের ঘরবাড়ী পড়ে গিয়েছে এবং সল নষ্ট হয়ে গিয়েছে, তারা কি করে দাঁড়াবে সেটা আমরা চিন্তা করছি। পশ্চিমবঙ্গের ব সমস্ত জায়গায় লোকদের ঘরবাড়ী পড়ে গিয়েছে, যেখানে ক্ষতির পরিমাণ খুব বেশী সেখানে ামরা টেস্ট রিলিফ-এর কাজ আরম্ভ করেছি। ইতিমধ্যেই আমরা অনেক জায়গায় বাঁধ, মিদারদের বাঁধ যা সাবেকী বাঁধ এবং অন্যান্য বাঁধ, মেরামতের কাজ আরম্ভ করেছি। এবং ান্যভাবে টেস্ট রিলিফ-এর কাজ আরম্ভ করেছি। শেষ পর্যন্ত টেস্ট রিলিফ-এ হয়ত ৩।৪ কোটি াকা খরচ হবে। অবশ্য আবার যদি ফসল ভাল হয় তাহলে লোকেরা নানারকম কাজ পাবে, ারা দুস্থ তারাও নানা রকম কাজ পাবে, তবে তা ভবিষ্যতের কথা, এখন কিছু বলা যায় না। খানে এইটুকু আমরা বলতে পারি যে আমরা ধীরে ধীরে ডোল বন্ধ করে দিচ্ছি এবং টেস্ট রিলিফ-এর মাধ্যমে লোককে সাহায্য করছি যাতে তাদের আত্মমর্যাদা ও আত্মসম্মান বাড়ে। এবং াতে তাদের উপকার হবে, সমাজের উপকার হবে এবং দেশেরও উপকার হবে।

Sj. Amarendra Nath Basu:

আপনাকে একটা কথা জিজ্ঞাসা করছি, আপনি কি খবর রাখেন যে এবার পিপলস্ রিলিফ মিটি খুব ভাল কাজ করেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এবার পিপল্‌স রিলিফ কমিটি ভাল কাজ করেছে এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও তাদের কিছু সাহায্য করেছেন বলে শুনেছি।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার আলোচনা প্রধানত বন্যার প্রতিকার সম্পর্কে নিবদ্ধ রাখবে। তবে ত্রাণমন্ত্রী মহাশয় বন্যার সাহায্যের ব্যাপারে অনেক কিছু বলেছেন সেইজন্য প্রথমে সেই সম্পর্কে সংক্ষেপে ২।৪টা কথা বলবো। প্রথমতঃ রেসকু ব্যাপারে, উদ্ধার কার্য্যের ব্যাপারে বাস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি যে সময়মত নৌকা বহু জায়গায় গিয়ে পৌঁছায় নি যার জন্য উদ্ধারকার্য ব্যহত হয়েছে। সেইজন্য আমি বলবো স্থায়ীভাবে প্রতিটা মহকুমায় কিছু কিছু নৌকা রেখে দিন এবং অন্য সময় এই সব নৌকা রোইং ক্লাব করে ব্যবহার করা যেতে পারে এবং সেইগুলিই বন্যার সময় উদ্ধার কার্যে ব্যবহার করা যেতে পারে। আমি জানি বর্ধমানে ঘুষকরা এল কম ৭।৮ দিন পর এলাহাবাদ থেকে বোট এসে যখন পৌঁছালো তখন সেই মিলিটারী বোট চালাবার মত জল নেই। সেই জন্য অনেক মিলিটারী বোট কার্যকরী হয় নি। দ্বিতীয়তঃ, তিনি অনেক যায়গার সাহায্য সম্পর্কে অনেক কথা বলেছেন, সে সম্বন্ধে ২।১টি কথা বলবো। প্রথমতঃ হচ্ছে বিল্ড ইওর ওন হাউস স্কীম একটা ভয়ানক প্রচার করা হচ্ছে। কিন্তু বাস্তব ঘটনা হচ্ছে, গত বৎসর ১৯৫৬ সালেও এই রকম করা হয়েছিল এবং যেখানে ১ লক্ষ ঘর তৈরি করার কথা ছিল, সেখানে এই দীর্ঘ ২।৩ বৎসর পর মাত্র ১৭ হাজার ঘর হয়েছে। সেইজন্য তাতে কাজ হয় নি। বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারি প্রতি জেলায় এই সুযোগ দরিদ্র বাগদী দুলে প্রভৃতি যাদের ঘর গিয়েছে তাদের চেয়ে অনেক মধ্যবিত্ত স্থানীয় লোক তারা তার সুযোগ নিয়ে তাদের গোয়ালঘর বা ঐ ধরনের কিছু করেছে। আপনাদের বাগান—যেটাতে কৃষ্ণমাচারীকে নিয়ে এসেছিলেন—কালনার কাছে বিজয়নগর করেছিলেন, আজকে গিয়ে দেখে আসুন সেই বিজয়নগরের কি অবস্থা। আমার মনে হয় এই পূজার ছুটির পর স্কুল খুলে গেলে এইসব আশ্রয়প্রার্থীরা নিরাশ্রয় হয়ে যাবে, কারণ সেখান থেকে তাদের তাড়িয়ে দেওয়া হবে।

[3-30—3-40 p.m.]

এই সময় যদি যারা দরিদ্র ও গরীব, যাদের আপনারা গ্রান্ট দেন যা আপনাদের নির্দিষ্ট আছে ১৫০ টাকা, তা দিয়ে দিতেন তাহলে তারা নিজেদের গরজেই তা নিয়ে করতে পারত—তাদের ঝুলিয়ে না রেখে, নানা রকম দলিলপত্র নিয়ে হয়রানী না করে, ঐ সময় যদি দিয়ে দিতেন তাহলে তারা অনেক কাজ করতে পারত। সেজন্য আমি মনে করি আপনাদের বিল্ড ইওর ওন হাউস কোনখানে ভাল করে কার্যকরী করা হয় না। আপনাদের মনগড়া নানা রকম স্কীম আছে, কিন্তু সেগুলি জনসাধারণের উপকারে আসছে কি না তা দেখার অবসর আপনাদের নাই। এবার ৫ লক্ষ টাকার খড় নষ্ট হয়েছে, নানাভাবে ড্যামেজ হয়েছে ৫ লক্ষ টাকার উপর। বড় বড় কথা না বলে বাস্তব অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে কাজ করা উচিত। এটা আমাদের বিরোধীপক্ষের কথাই নয়, দুজন বৈজ্ঞানিক, আসাম ইঞ্জিনীয়ারিং কলেজ-এর প্রিন্সিপাল—এসব বিষয়ে তাঁর বিশেষ বিশেষ অভিজ্ঞতা আছে, তিনি টেনেসি ভ্যালিতে ড্যাম অপারেসন সম্বন্ধে বিশেষ শিক্ষা নিয়ে এসেছেন, এবং শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজ-এর

Head of the Department of Mathematics Prof. S. K. Chakraborty

এদের অভিমত হচ্ছে এই বন্যাকে বারন করা যেতে পারে। এটা যে ম্যান-মেড ফ্লাড তার অন্যতম কারণ হচ্ছে, যদি রিজারভয়ের ঠিকভাবে অপারেট করা হোত তাহলে এই ধরনের বন্যার প্রকোপ হত না। এখানে একটা জিনিষ দেখবেন, যে তথ্য দেওয়া হয়েছে তাতে এটাই প্রমাণ করার চেষ্টা হয়েছে যে, এ সমস্তই যেন বৃষ্টিপাতের উপর নির্ভর করে, কিন্তু এবারকার যা তথ্য সংগ্রহ করা গেছে, আপনারা গত ৫০ বৎসরের কথা বললেন, তাতেই আমাকে এটা বলতে হচ্ছে, সেপ্টেম্বরের ২য় সপ্তাহ থেকে অক্টোবরের প্রথম সপ্তাহ পর্যন্ত পশ্চিমবঙ্গের সর্বত্র অ্যাভারেজ-এর চাইতে কম বৃষ্টিপাত হয়েছে—এটা যিনি বলেছেন একজন

Head of the Department, Shibpur College

তিনি আগে মেটিয়রলজিক্যাল ডিপার্টমেন্ট-এ ছিলেন, এই ব্যাপারে তাঁর অভিজ্ঞতা আছে, ওই

সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টিপাত নরম্যাল-এর চাইতে কম, তারপর যা বৃষ্টি হয়েছে তাও নরম্যাল-এর চাইতে কম, এই পিরিয়ডটা বিশেষভাবে লক্ষ্য করবার বিষয়। আপনার স্মরণ থাকবে যে, গত অধিবেশনের শেষে বন্যা অঞ্চল থেকে যখন আমরা সাইক্লোন সম্পর্কে খবর পাই তখন আমি বলেছিলাম সমস্ত কাজ ছেড়ে দিয়ে এই বন্যা সম্পর্কে অবহিত হওয়া দরকার। যে সংবাদ আমাদের কাছে তা অত্যন্ত আতঙ্কজনক। আমি খুব ভালো করে বিশ্বস্তসূত্রে সংবাদ নিয়ে দেখেছি ৩০এ সেপ্টেম্বর তারিখে ৫॥টার সময় যখন মেটিরিওলজিক্যাল ডিপার্টমেন্ট-এ ইন্টিমেশন যায় তখন সেখানে কোন লোক ছিল না। তারপর, ড্যাম অ্যান্ড রিজারভার অপারেশন-এর ভার যাকে দেওয়া হয়েছে—এটাই হচ্ছে পারাটং কিক—যিনি একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার, সিভিল ইঞ্জিনীয়ারিং-এ যার স্পেসিফিক ট্রেনিং নাই তাঁকে ড্যাম অপারেশন-এর ভার দেওয়া হয়েছে। একজন অভিজ্ঞ ইঞ্জিনীয়ার ১৯৫৬ সালের অভিজ্ঞতা থেকে বলেছিলেন মাইথনে ৪০৭ এবং পাঞ্চেতে ৪১০ এই লেভেল রাখা হবে। এই ছিল সিদ্ধান্ত। পরে অবশ্য হাইড্রো-ইলেকট্রিসিটি পারপাস-এ নিজেদের মধ্যে আলোচনা করে বিন্দু বাড়িয়ে দেন, কিন্তু তা সত্ত্বেও এটা ফ্যাক্ট যে, ১লা অক্টোবর প্রথম যখন সাইক্লোন আসে তার আগেই মাইথনে ৪৮৪ এবং পাঞ্চেতে ৪১৫ ওঠে। আসাম ইঞ্জিনীয়ারিং কলেজ-এর প্রিন্সিপাল দাসগুপ্ত যাঁর এই বিষয়ে অভিজ্ঞতা আছে তিনি এসম্পর্কে বলেছেন এত দূরই বা উঠতে দেওয়া হয়েছিল কেন? ডি ভি সি-র

Secretary and General Manager Shri U. K. Ghosal

এ সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন তা আমি দেখেছি। এখানে আমার জিজ্ঞাসা হল, সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে যে সময় লোয়ার ক্যাচমেন্ট এরিয়াতে বন্ধ করা প্রয়োজন ছিল তার অনেক পরে ১১ই সেপ্টেম্বর তারিখে কেন সেখানে জল কমান হয়েছে। এটা মনসুন সিজন, এবং ১৯৫৬ সালের বন্যার পর আমাদের অভিজ্ঞতা হয়েছে যে, কোন কোন ক্যাচমেন্ট এরিয়াতে ২০এ অক্টোবরের পরেও বেশী বৃষ্টিপাত হয়েছে, এরকম ঘটনা হয়েছে। সেজন্য সেপ্টেম্বর-এ বেশী রেনফল হলে দ্বিতীয়বার আর হবে না এই রকম মনে করারও কোন কারণ নাই। বিশেষ করে ১৫ই অক্টোবর পর্যন্ত মনসুন সিজন ঘোষণা করা আছে এবং যেক্ষেত্রে ফ্লাড রুখবার জন্য আপনাদের ব্যবস্থা আছে সেক্ষেত্রে কেন জল কমানের জন্য ব্যবস্থা করা হয় নি। ৩০এ সেপ্টেম্বর তারিখে ডি ভি সি কর্তৃপক্ষ ইন্টিমেসন পাওয়া সত্ত্বেও ১লা অক্টোবর রাত্রি ১০টার পর ফ্লাড ওয়াটার রিলিজ করা যখন নাকি লেভেল প্রায় ৪৯০ পার হয়ে গিয়েছে। যদি ৩০এ সেপ্টেবর তারিখে অন্ততঃ ২ লক্ষ কিউসেক জল ছেড়ে দেওয়া যেত তাহলেও এই পরিস্থিতি হত না। কর্তৃপক্ষ মহল থেকে একটা জবাব ও কৈফিয়ৎ দেবার চেষ্টা করা হয়েছে যে, তারা সংবাদ পেয়েছিলেন নীচের ক্যাচমেন্ট এরিয়ারে বেশী হবে না, এবং পরে যখন ইন্টিমেসন পাওয়া গেল তখন যোগাযোগের অভাবে অনেক দেরী হয়ে গিয়েছে। ১৯৫৬ সালের বন্যার পরই এটা আমরা অনুভব করেছিলাম যে, যেহেতু এই সঙ্গে বহু লোকের ভাগ্য জড়িত সেই কারণেই সেখানে

self-recorder radio-operated gauge

রাখা দরকার, এবং রেডিওগ্রাম মারফৎ সংবাদ দেবার ব্যবস্থা রাখা দরকার। আজকের দিনে টেলিগ্রাফ তার কেটে নিয়ে কমিউনিকেশন কাট অফ্ হয়ে যাওয়ার অজুহাত একেবারেই অগ্রাহ্য। একটা মেটিওরলজিক্যাল অবজারভেটরি করবার যে কথা ছিল সে ব্যাপারেও আজ কিছু করা হল না এবং এ সম্পর্কে যে সমস্ত রেকমেন্ডেসনস এসেছে আপনাদের কাছে বিভিন্ন অভিজ্ঞ মহল থেকে তাতেও কোন কাজ হয় নি। তাঁরা যে সমস্ত সিরিয়াস ওয়ার্নিং দিয়েছিলেন তা কেন আপনারা গ্রহণ করলেন না? এর পর কি বলা হবে? এটাকে সাধারণ মানুষের স্বার্থ সম্পর্কে, তাদের ভাগ্য সম্পর্কে চরম উদাসীনতা ছাড়া আর কি বলা যেতে পারে?

এবার আমি সর্ট টার্ম ও লং টার্ম কতগুলি প্রোপোজালএর কথা বলব—বিভিন্ন ক্যাচমেন্ট এরিয়াতে কোথায় কোথায় ড্রেনেজ-এর দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছে।

[3-40—3-50 p.m.]

কিন্তু কোন দিক থেকে এই ড্রেনেজ ইমপ্রুভমেন্ট সম্পর্কে কোন ব্যবস্থা করা হচ্ছে না। সেখানে বলা হবে যে পূর্বতন জমিদারদের যে-সমস্ত বাঁধ ছিল সেগুলি সমস্ত একটা স্ট্যান্ডারডাইজড ফরম-এ ছিল না। কিন্তু সরকার যখন সেগুলোকে নিয়েছেন তখন সেগুলোকে একটা স্ট্যান্ডারড

করম-এ এনে সেইভাবে মেনটেন করার কি ব্যবস্থা আপনারা করেছেন? আজকে অজয়তে যে অসংখ্য ব্রীচ হল তার জন্য কে দায়ী? সেখানকার বাঁধের অবস্থার জন্য কোথায় কোথায় কি পরিমাণ ক্ষতিগ্রস্ত হয়েছে তার কি কোন খবর রাখা হচ্ছে? ১৯৫৬ সালের ওয়ার্নিং দেওয়া সত্ত্বেও যদি সরকার থেকে কোন ব্যবস্থা না করে এখন যদি বলেন যে সবই ভগবানের মার তাহলে আমি বলব যে এই সমস্ত ঢেকে রাখার কোন মানে হয় না। ময়ূরাক্ষী এলাকাতেও সেই একই প্রশ্ন আজ এসেছে। কুয়ো সংস্কারের কথা দীর্ঘদিন ধরে হচ্ছে, কিন্তু সেখানে কিছু করা হয় নি। কুনোবা, বক্রেশ্বর এসে যেখানে ময়ূরাক্ষীতে পড়ছে সেখানেও ঐ অবস্থা হচ্ছে। হিজোল বিল এবং অন্যান্য বিলে যেসমস্ত এমব্যাংকমেন্ট ছিল সেই সমস্ত এমব্যাংকমেন্ট যদি সাধারণভাবে কোন রকম ক্ষতি করে তাহলে সেগুলির জন্য আইনতঃ তাদের বিরুদ্ধে পেনালের ব্যবস্থা নিতে হবে। এই হিজোল বিল যেখানে ঐ অঞ্চলে জল রাখার দিক থেকে কার্যকরী হচ্ছে সেখানে ঘের দিয়ে তার ধারে বাঁধ দেওয়া হয়েছে, অথচ এ সম্পর্কে কোন ব্যবস্থা করা হয় নি। এর জন্য ভাগীরথীর অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। এই সমস্ত রিপোর্ট আছে। ভাগীরথীতে আজ পর্যন্ত গঙ্গা ব্যারেজের কোন কিছু হয় নি এবং সেটা আজ পর্যন্ত ধোয়া হয়েই থেকে গেল। এর জন্য ভাগীরথী, ময়ূরাক্ষী—আমাদের যা সিস্টেম অফ রিভার—বিশেষ করে অজয়ে যে জল নিয়ে যাচ্ছে তা প্রচুর সিল্ট নিয়ে যাচ্ছে এবং যার ফলে কাটোয়া দিয়ে প্রায় ১ লক্ষ ২৭ হাজার কিউসেক জল বহন করার ক্ষমতা ভাগীরথীর নেই। এমন কি সেখানে অনেক সময়ে ৩ লক্ষের বেশী হচ্ছে বলে আপনার রিপোর্টে আলোচনা করা হয়েছে। অথচ এই ওয়ার্নিং পাওয়া সত্ত্বেও কিছু করা হয় নি এবং এর ফলে আজ বাংলার প্রতিটা অঞ্চলের মানুষ ১৯৫৬ এবং ১৯৫৯ সালের অভিজ্ঞতায় তাঁরা ভাবছেন যে কোটি কোটি টাকা বন্যা নিরোধের জন্য সরকারের তরফ থেকে খরচ করার পর যদি এইরকম অবস্থা হয় তাহলে সেখানে যে গলদগুলি আছে সেগুলিকে দূর করা দরকার। কিন্তু আপনাদের যদি আত্মসন্তুষ্টির মনোভাব থাকে তাহলে কিছুই হবে না। এদিক থেকে আজকে অন্ততঃ পক্ষে এই ব্যাপারে বিভিন্ন ডিপার্টমেন্ট পরস্পরের পিঠ চাপড়ানোর মনোভাব নিয়ে সেখানকার ত্রুটিগুলি দূর করা উচিত। আপনারা যে এনকোয়ারী কমিটি করেছেন তাতে কেন্দ্র থেকে একজন, ডি ভি সি থেকে একজন, বেঙ্গল গভর্নমেন্ট থেকে একজন, রেল থেকে একজন এবং পি ডব্লিউ ডি থেকে একজন থাকবেন—অর্থাৎ দেখা যাচ্ছে যে এই ব্যাপারে প্রত্যেকেই অল্পবিস্তর দায়ী। আমরা জি মণ্ডলের রিপোর্টে দেখি যে সেখানে কাটোয়া, ঘুসকরা ধরে ব্রীজের নম্বর দিয়ে বলা হচ্ছে যে এই এইসমস্ত রেলওয়ে ব্রীজের ওপনিং রাখেনি বলে সেখানে জল আটকাচ্ছে। সেখানে বলা হচ্ছে যে ভেস্টেড ইন্টারেস্টের দিকে নজর রেখে প্রচুর টাকা মাইনের অফিসাররা সাধারণ ছোট ছোট চাষীদের কি হল না হল সেদিকে তারা কোন কেয়ার করে নি। প্রভাবশালী এই সমস্ত প্রতিষ্ঠানগুলো জনসাধারণের স্বার্থ যাতে বিশেষভাবে দেখে সেইরকম-ভাবে আইনের ব্যবস্থা রাখা উচিত এবং এ বিষয়ে তাদের কমপেল করা উচিত যাতে তারা সাধারণের স্বার্থ আগে দেখে। পি ডব্লিউ ডি-র রাস্তার কথা বলা হয়েছে যে তারাই এর জন্য দায়ী। যাই হোক আমরা দেখছি এই রিপোর্টে যৌথভাবে নিজেদের দায়িত্ব স্খালনের কথাই আছে। সেজন্য বলব যে এরজন্য যারা দায়ী তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমরা জানতে চাই যে এই কমিটির মধ্যে কেন বেসরকারী লোক থাকবেন না? ১৯৪৩ সালে বন্যা নিয়ে যে অনুসন্ধান কমিটি হয়েছিল সেই কমিটির চেয়ারম্যান ছিলেন বর্ধমানের রাজা। কিন্তু এবিষয়ে তিনি ইঞ্জিনীয়ার বা এক্সপার্ট নন। সেজন্য বলছি যে যে এলাকার অধিবাসীরা এর জন্য দুর্গতি ভোগ করেছে সেসব এলাকার লোক এই সমস্ত কমিটির ভেতরে থাকবে এবং এক্সপার্ট যাঁরা থাকবেন তাঁরা যেন কেউ এর সংগে যুক্ত না থাকেন। অর্থাৎ যদি এক্সপার্ট এর সংগে যুক্ত থাকেন তাহলে তিনি ভেতরের জিনিষ বলবেন না যেটা আসলে ইঞ্জিনীয়ারিং কলেজের লোক বলতে পারবেন। অর্থাৎ যাঁরা এর স্বার্থের সংগে যুক্ত নন এইরকম ধরনের ইঞ্জিনীয়ার নিয়ে এসে যদি অনুসন্ধান করা হয় তবে সত্যিকারের রিপোর্ট বেরুবে। চুর্ণী, জলঙ্গীর যে অবস্থা, নদীয়া জেলার যে অবস্থা, ২৪-পরগনার মাতলা, কুলটির যে অবস্থা এবং সেখানকার মেছো ভেড়ীর প্রভৃতির জন্য যে অবস্থা সেসব দূর করার কোন ব্যবস্থা করা হচ্ছে না। ১৯৫৬ সালে এবং ১৯৫৯ সালে যে দুটো ওয়ার্নিং হল তারপর সমস্ত জিনিষগুলোকে ভাল করে বিবেচনা করা উচিত ছিল। এটা সর্বত্র স্বীকৃত সত্য যে অ্যাফরেস্টেশনের দিক থেকে কিছু করা হয় নি। আপনার ক্যাচমেন্ট এরিয়া এবং সয়েল ইরোশান যা হচ্ছে, রিজার্ভারের লাইফ কি হচ্ছে সেসব কিছু দেখা হয় নি। আমাদের

সম্পর্কেও তাই এবং এখানেও তাঁদের সিদ্ধান্তকে নেওয়া দরকার। আগে হিসাব ছিল ডি ভি সি থেকে ৬২ লক্ষ কিউসেক জল দেওয়া হবে এবং ডিজাইনড ফ্লাড হিসাবে তের দিন-এর কথা ছিল ১০ লক্ষ,, কিন্তু সেসব কিছু করা হয় নি। লোয়ার রেঞ্জ-এর সঙ্গে ড্রেনেজের গুরুত্ব দিতে হবে এবং ভাগীরথীর মেন আউটফলের যদি ব্যবস্থা না করা হয় তাহলে কিছুই হবে না। অর্থাৎ দুটো বন্যার পর কেন্দ্রীয় এবং পশ্চিমবঙ্গ সরকারের এইগুলি সবচেয়ে বড় সমস্যা এবং সেই হিসাবে এই সমস্যার সমাধান যাতে করতে পারেন সেদিকে মন দেওয়া উচিত।

Date for discussion of the Report of the Public Service Commission, 1956-57 and the Report of the Public Accounts Committee on Appropriation Accounts.

Shri Subodh Banerjee: Mr. Deputy Speaker, Sir, I was not present in the House but I find that the Annual Report of the Public Service Commission for the year 1956-57 and the Report of the Public Accounts Committee on the Appropriation Accounts for 1953-54 and 1954-55 have been placed before the House, and I also understand that no motion has been moved for discussion of the same. I formally move the motion that these two reports be discussed and a date be fixed for the purpose.

Shri Jagannath Kolay:

আমার মনে হয় নেকসট্ সেসনে এটা ডিসকাসন দেওয়া উচিৎ।

Death-leap from New Secretariat Building

Dr. Radhakrishna Pal:

আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হল ঐ ১৩ তলা বাড়ীটা একটা মৃত্যুমঞ্চ তৈরী হয়েছে এবং এখনই এক দুর্ভাগার জীবন শেষ হয়েছে। এরকম যদি দিনের পর দিন হতে থাকে তাহলে আমরাও হয়ত কোন দিন তার উপর গিয়ে উঠে পড়ব। সুতরাং এর একটা ব্যবস্থা করুন।

Debate on Flood and Relief

[3-50—4 p.m.]

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত অক্টোবর মাসে পশ্চিমবংগের প্রায় ১১টি জেলায় যে ভয়াবহ বন্যা হয়েছিল তার কারণ সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য গভর্নমেন্ট একটা এনকোয়ারী কমিটি নিয়োগ করতে চান, এ কথা আমরা গত ২ মাস যাবত শুনে আসছি। কিন্তু এইরকম একটা জরুরী ব্যাপারে গভর্নমেন্ট এই দুই মাসের মধ্যে এনকোয়ারী কমিটি গঠন করতে পারলেন না এবং এনকোয়ারী কমিটির কাজ আজ পর্যন্ত শুরু হল না। কাজেই, যে সমস্ত এলাকা বন্যা-বিধ্বস্ত হয়েছে সেই সমস্ত এলাকার লোকেরা মনে করে যে, আরও কিছুদিন এইভাবে চলে যাবার পর সমস্ত ব্যাপারটা হোয়াইট ওয়াশ করবার বন্দোবস্ত পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট করতে চান। জরুরী ব্যাপারে জরুরী তদন্ত যদি না হয়, তাহলে মানুষ কি করে জানতে পারবে কেন বন্যা হয়েছিল, এই বন্যার জন্য দায়ী কে এবং যারা দায়ী তাদের কি ব্যবস্থা করা হচ্ছে। স্যার, অনেকে বলেন, যেমন মন্ত্রী মহাশয়রা বললেন, যে অত্যধিক বৃষ্টিপাতের জন্য এ বছরে বন্যা এত ব্যাপক-ভাবে দেখা দিয়েছে। বৃষ্টিপাত কোন বছর স্বাভাবিক হবে, কোন বছর স্বাভাবিকের চেয়ে কম হবে, আবার কোন বছর স্বাভাবিকের চেয়ে বেশী হবে। কিন্তু অস্বাভাবিক বৃষ্টিপাত হলেই যদি বন্যার সম্মুখীন হতে হয় তবে আমাদের ভবিষ্যৎ সম্পূর্ণ অনিশ্চিত। ১৯৫৬ সালে বন্যার সময় মনে হয়েছিল যে এবারকার বন্যার মত বন্যা আর কখনও হয় নি। ১৯৫৯ সালের অর্থাৎ এ বছরের বন্যার সময় লোকে বলেছে তারা তাদের জীবিতকালে এই রকম বন্যা আর কখনও দেখে নি। এর পরে কোন কোন ইঞ্জিনীয়ার বলতে আরম্ভ করেছেন যে ২।৩ বছর পরে আবার যদি এইরকম বৃষ্টিপাত হয়, তাহলে এবারে যে পরিমাণ বন্যা হয়েছে তার চেয়ে অনেক বেশী

পরিমাণ বন্যা হবে। আমি নিজে ময়ূরাক্ষী এলাকায় বসবাস করি। আমি সেই অঞ্চলের লোককে বলতে শুনেছি যে এইরকম বন্যা এর আগে কখনও কোনদিন দেখে নি। ময়ূরাক্ষী ব্যারেজ তৈরি হবার পর এবং মশানজোড় ডাম তৈরি হবার পর নিশ্চয়ই তার কাজকর্মের মধ্যে, তার পরিচালনার মধ্যে, তার জল নিয়ন্ত্রণের মধ্যে, জল ছাড়ার মধ্যে এমন কোন গলদ আছে, যার জন্য এই ভয়াবহ বন্যায় কান্দী মহকুমা সর্বসান্ত হয়েছে এবং বীরভূমের বহু এলাকার সর্বনাশ হয়েছে। এই ধারণা সম্পূর্ণ ভ্রান্ত হতে পারে, কিন্তু এই ধারণা যে ভ্রান্ত একথা বুঝিয়ে দেবার মত কোন প্রচেষ্টা সরকারের তরফ থেকে আজ পর্যন্ত হয় নি। সরকার যদি এই ২ মাসের মধ্যে কোন স্টেটমেন্ট ইসু করে বন্যার প্রকৃত কারণ কি বলতে পারতেন—যদিও স্টেটমেন্ট ইসু করলে বিপদ আছে- যে সেটা সত্য না হতে পারে, সেটা তথ্যমূলক না হতে পারে, তাহলেও মানুষ কিছুটা আশ্বস্ত হতে পারত। ময়ূরাক্ষী অঞ্চলের জনগণ বিশেষ করে মুর্শিদাবাদের কান্দী অঞ্চলের লোকেরা যে অঞ্চল থেকে মাননীয় মন্ত্রী বিমলচন্দ্র সিংহ মহাশয় এসেছেন এবং বীরভূম জেলার বহু মানুষ মনে করে যে এর পর যদি আবার বন্যা হয় এবং সেই বন্যার জল যদি ২।৩ ফুট বেশী হয় তাহলে মানুষের যে কি সর্বনাশ হবে তা কল্পনা করা যায় না—সিউড়ী সহর পর্যন্ত হয়ত জলের তলায় ডুবে যেতে পারে। স্যার, ১৯৫৬ সালে ময়ূরাক্ষীতে যে বন্যা হয়েছিল, এ বছরের বন্যা তার চেয়ে ৩ ফুট প্রায় বেশী হয়েছে। এত বন্যার কারণ কি? স্যার, জনসাধারণ বলে ইতিপূর্বে বহুবার মাথার উপর ২।৩।৪ দিন ধরে বৃষ্টি হয়েছে, বৃষ্টির জলে ভিজেছি, বৃষ্টির জলে কষ্ট পেয়েছি, কিন্তু রাত দুপুরে আমরা বাড়ীতে শুয়ে আছি নিশ্চিন্ত মনে, কোথাও কিছু নাই, এমন সময় হঠাৎ বিরাট জলস্রোত এসে হাজির হয়ে গ্রামকে গ্রাম ভাসিয়ে দিলে, গ্রামে গ্রামে কলরব উঠল, ত্রাহি ত্রাহি ডাক ছেড়ে মানুষ এদিকে ওদিকে ছুটতে আরম্ভ করল, কি করে বন্যার হাত থেকে বাঁচা যায়, এমন ধরনের বন্যা ময়ূরাক্ষী এলাকায় কখনও দেখা যায় নি। স্যার, সাধারণ লোকের ধারনা এই ময়ূরাক্ষী পরিকল্পনা এবং দামোদর ভ্যালী পরিকল্পনা হয়ত আশীর্বাদ হতে পারে, কিন্তু ১৯৫৬ সালে এবং ১৯৫৯ সালে দেখা যাচ্ছে এই ময়ূরাক্ষী এবং দামোদরের বাঁধ অভিশাপে পরিণত হয়েছে। এই দুই পরিকল্পনাকে অভিশাপ বলে মনে করা হয়ত জনসাধারণের পক্ষে ভুল হতে পারে একথা ঠিক, কারণ একথাও আমরা জানি যে কান্দী মহকুমাতে এ বছরে অক্টোবর মাসে ১ সপ্তাহে প্রায় ২৫ ইঞ্চি বৃষ্টি হয়েছে। এটা অত্যন্ত অস্বাভাবিক সে বিষয়ে কোন সন্দেহ নেই। মশানজোড় এলাকাতে ২১ ইঞ্চি বৃষ্টি হয়েছিল ৫ দিনের মধ্যে, এটা অত্যন্ত অস্বাভাবিক, [illegible] ১৮ ইঞ্চি রেকর্ড হয়েছে। এক সপ্তাহের মধ্যে এত বৃষ্টিপাতের ইতিহাসে নেই একথা ঠিকই। কিন্তু অত্যধিক বৃষ্টিপাত হলে সেই বৃষ্টির জলকে ঠিক পথে পরিচালনা করবার জন্য ড্রেনেজ সিস্টেম ঠিক করা যায়, বাঁধগুলি ঠিক রাখবার যে দায়িত্ব-- সেই দায়িত্ব নিশ্চয়ই পশ্চিমবাংলা সরকার পালন করেন নি, তা না হলে নদীর বাঁধ ভাঙ্গবে কেন এবং নদীর বাঁধ ভাঙ্গার জন্য জনসাধারণ এত কষ্ট পাবে কেন? স্যার, আমি জিজ্ঞাসা করি মেটিরিওলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট দিয়ে সারা পৃথিবী জুড়ে জাহাজ ও এরোপ্লেনগুলি অ্যাটলান্টিক, প্যাসিফিক পার হয় -আমাদের বাংলাদেশে কোন মেটিরিওলজিক্যাল অ্যাসিস্টেন্ট আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টে গ্রহণ করেছিলেন যার জন্য বন্যা সম্বন্ধে কোন রকম একটা আইডিয়া তাঁরা করতে পারলেন না? স্যার, সেক্রেটারিয়েট থেকে বন্যার সম্ভাবনা সম্বন্ধে একটা চিঠি পর্যন্ত গেল না, একটা টেলিফোন গেল না, একটা টেলিগ্রাম পর্যন্ত গেল না যে কোন্ কোন্ এলাকাতে দারুণ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। একদিকে মাথার উপর বিরাট পরিমাণ জল পড়ছে, অন্যদিকে ড্যামে প্রচুর পরিমাণ জল ধরে রেখে দেওয়া হয়েছে, ড্যামের গেট ভাল বন্ধ করে রেখে দেওয়া হয়েছে, ব্যারেজের গেট ভাল বন্ধ করে দেওয়া হয়েছে—তার ফলে যা হবার তা হয়েছে। স্যার, জনসাধারণের ধারণা ভুল হতে পারে কারণ জনসাধারণ তাদের নিজের অবৈজ্ঞানিক ধারণা নিয়ে চলে; কিন্তু এক্সপার্টদের পক্ষে এটা বুঝিয়ে দেওয়ার সময় এসেছে কেন এই বন্যা হয়েছে, এই বন্যা প্রতিরোধ করার কি কোন উপায় ছিল না—এবং যথাসময়ে এই বন্যা প্রতিরোধ না করার জন্য দায়ী কে? তারপরে রিলিফের ব্যাপারে আমি বলতে চাই। কিন্তু ইওর ওন হাউস স্কীমের কথা গভর্নমেন্ট বলছেন। ১৯৫৬ সালে কিন্তু ইওর ওন হাউস স্কীম গভর্নমেন্ট নানা জায়গায় প্রচলন করেছিলেন। আমি কয়েকটা জায়গায় দেখেছি—এই বিল্ড ইওর ওন হাউস স্কীমের কাজ অত্যন্ত খারাপভাবে হয়েছে। গভর্নমেন্টের তরফ থেকে যে টাকা দেওয়া হয়েছে সেই টীন কাঁচা মাটির দেওয়ালের উপর চাপানো হয়েছে, পাকা বাড়ীর উপর

চাপানো হয় নি। ফলে, কোথাও কোথাও বিল্ড ইওর ওন হাউস স্কীমে যে সমস্ত বাড়ী তৈরি হয়েছিল সেই সমস্ত বাড়ী এই বৎসর বন্যায় ভূমিসাৎ হয়ে গেছে। আমার অনুরোধ বিল্ড ইওর ওন হাউস স্কীমে আবারও যদি গভর্নমেন্ট কাজ আরম্ভ করতে চান, তাহলে তাঁরা যেন একটু বিবেচনার সংগে কাজ করেন এবং এই কাজ যাতে ফাঁকি দিয়ে না চলে তার ব্যবস্থা করেন।

Sj. Hemanta Kumar Basu:

ডেপুটি স্পীকার মহোদয়, গত ভয়াবহ বন্যায় দেশের জনসাধারণের বিরাট ক্ষতি হয়েছে, লক্ষ লক্ষ জনসাধারণ বিপর্যস্ত হয়েছেন, লক্ষ লক্ষ ঘর ধ্বংস হয়েছে, অনেক গরু-বাছুর মরেছে, প্রচুর খাদ্যশস্য নষ্ট হয়েছে। এই বিরাট বন্যায় বাংলাদেশের সাধারণ লোক, বাংলাদেশের বিভিন্ন সেবা প্রতিষ্ঠান, সেবা সমিতি, সরকার এবং সমস্ত রাজনৈতিক দল সকলে সাধ্যমত দেশের জনসাধারণের দুঃখে পরিশ্রম করেছেন—চাল, কাপড়, টাকা, ঔষধ সংগ্রহ করে বন্যার্তদের সেবার জন্য পাঠিয়েছেন তার জন্য তাঁরা নিশ্চয়ই ধন্যবাদের পাত্র সে বিষয়ে সন্দেহ নেই। মন্ত্রী মহাশয় রিলিফের যে হিসাব দিলেন তাতে বন্যার ব্যাপকতার তুলনায় সাহায্য যথেষ্ট নয় বলতে হবে। আমি অনেক জায়গায় ঘুরে দেখেছি যে বন্যার্তরা অনেক সময় সাহায্য পায় নি বা অন্যান্য প্রয়োজনীয় জিনিষ পায় নি।

[4—4-10 p.m.]

আমি অনেক জায়গায় গিয়েছি এবং দেখেছি যে যারা বন্যার্ত তারা অনেক সময় ডোল পায় নি, সাহায্য পায় নি, তাদের যা প্রয়োজনীয় জিনিস তা তারা পায় নি। তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে দিন কাটিয়েছে। যাই হোক, এখন সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে কি করে, কিভাবে বন্যা প্রতিরোধের ব্যবস্থা করা যায়। আজ বিজ্ঞানের সাহায্যে প্রকৃতিকে সংযত করে মানুষের কল্যাণের কাজে লাগান সম্ভব। পরিকল্পনার সাহায্যে দেশের নানা রকম উন্নতিবিধান করা সম্ভব। অন্যান্য দেশে তারা পরিকল্পনার সাহায্যে অনেক ভাল ভাল কাজ করেছেন। রাশিয়া হোক, চীন হোক, যে-কোন দেশ হোক, তারা পরিকল্পনার সাহায্যে নিজেদের দেশের কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, সকল দিক থেকে চেষ্টা করে উন্নত করতে পেরেছে। কিন্তু আমাদের দেশে ঠিক সেই-ভাবে পরিকল্পনার দ্বারা অগ্রসর হতে পারি নি। আমাদের দেশে বন্যা প্রতিরোধ একটা বিরাট সমস্যা। আমার মনে আছে, তখন আমি সেকেন্ড ক্লাসের ছাত্র ১৯১৩ সালে বর্ধমানে ভিষণ বন্যা হয়। সেই বন্যায় আমি সেবা-কার্য করতে গিয়েছিলাম। আমাকে তিন, চার দিন নৌকায় থাকতে হয়েছে। সেই বন্যায় যদিও অনেক ঘর বাড়ী নষ্ট হয়েছিল, কিছু মানুষ, পশু, পক্ষী মারা গিয়েছিল। কিন্তু তার প্রকোপ এত ব্যাপক ছিল না। নেতাজী সুভাসচন্দ্র তিনি উত্তরবঙ্গের বন্যায় স্বেচ্ছাসেবক নিয়ে গিয়ে যেভাবে মাসের পর মাস সেখানে থেকে, বন্যাপীড়িতদের জন্য সেবা ও পরিশ্রম করেছিলেন সে কথা আপনারা সকলেই জানেন। ১৯৫৬ সালেও একটা বিরাট বন্যায় বাংলাদেশের বহু গ্রাম, শহর ধ্বংস হল, লোক বিপন্ন হল, তখন আমরা দাবী করেছিলাম এ সম্বন্ধে একটা কমিটি গঠন করা হোক, সেই কমিটি বন্যা প্রতিরোধের ব্যবস্থা যাতে করতে পারে সে বিষয় চিন্তা করুন এবং চিন্তা করে তাঁরা সে সম্বন্ধে একটা রিপোর্ট দিন। কিন্তু এখনও পর্যন্ত সে রকম কোন কমিটির রিপোর্ট আমাদের সামনে আসে নি। সরকার মনে করলেন ১৯৫৬ সালের বন্যার পর আর হয়ত বন্যা হবে না। আবার যে ১৯৫৯ সালে এক বিরাট বন্যার সম্মুখীন হতে হবে বাংলাদেশকে, সে কথা তাঁরা ভাবতে পারেন নি। সেই জন্য একটা কমিটি নিয়োগ করেও সেই কমিটির রিপোর্ট বা সুপারিশকে কার্যে পরিণত করবার চেষ্টা করেন নি। ট্রান্সপোর্ট ও কমিউনিকেসনের তদানিন্তন ভারত গভর্নমেন্টের মিনিস্টার শ্রীহুমায়ুন কবির, তিনি এখানে এসে বলেছিলেন ১৯৫৬ সালে লোয়ার গ্যানজেটিক প্লেনের যে অবস্থা, যে সিচুয়েসন সে সম্বন্ধে নিশ্চয়ই ভারত গভর্নমেন্ট একটা প্ল্যান গ্রহণ করবেন। কিন্তু সে বিষয় আমরা কিছুই শুনতে পাচ্ছি না। কোটি কোটি টাকা খরচ করে দামোদর ভ্যালী পরিকল্পনা করেছেন। সেখানে বড় বড় অফিসার নিয়োগ করেছেন, কিন্তু ফল সেরকম হচ্ছে না। বরুউদ্দিন সাহেব টেনেসী ভ্যালীর একজন খুব বড় ইরিগেসন ইঞ্জিনীয়ার এলেন, আর একজন বড় ইঞ্জিনীয়ার মর্গান সাহেব এলেন। তাঁদের কাছে সাহায্য চাওয়া হল পরিকল্পনার জন্য। কিন্তু তাঁরা যে পরিকল্পনা আমাদের সামনে উপস্থিত করলেন, সেই পরিকল্পনাকে আমরা পুরোপুরিভাবে কার্যে পরিণত করলাম না। যখন বাংলাদেশের পরিকল্পনা হয়, তখন

সাড়ে ছয় লক্ষ কিউসেক বৃষ্টি হত। তাই বুরুউদ্দিন ও মর্গান সাহেবের যে প্ল্যান ছিল, সেই প্ল্যানকে পরিবর্তন করে সাড়ে ছয় লক্ষ কিউসেক জল ধরে এই রকম ধরনের ড্যাম এঁরা তৈরি করলেন। আজকে বলা হচ্ছে, আয়ার ড্যাম করা হোক। আর যাই হোক, বাংলাদেশের লোক চায়, আজ তারা দাবী করছে যে বন্যা প্রতিরোধের জন্য বিজ্ঞানসম্মত উপায়ে ব্যবস্থা করা হোক।

[4-10—4-20 p.m.]

Sj. Jatindra Chandra Chakravarty:

স্যার, দামোদর নদীকে বলা হয়ে থাকে রিভার অব উও, তেমনি দামোদর প্রজেক্টকে ময়ূরাক্ষী প্রজেক্টকে বলা যেতে পারে প্রজেক্ট অব উওজ। কারণ এই দুটো প্রজেক্ট মানুষের দুঃখ কমায়নি বরং দুঃখ বাড়িয়েছে। স্যার, যে বন্যা হয়ে গেল এই প্রজেক্টগুলি থাকা সত্ত্বেও এবং তাতে যে ক্ষয়ক্ষতি হয়েছে তার পরিমাণ আমাদের এই পুস্তিকার মধ্যে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য বিনয় চৌধুরী মহাশয় এবং শ্রদ্ধাভাজন হেমন্তবাবু এটা বলেছিলেন যে এটা হল ম্যান-মেড ফ্লাড। কিন্তু স্যার, যদি এটা ম্যান-মেড ফ্লাড হয় তাহলে সেই ম্যানটি কে তা কেউ বলছেন না। আমি সেটা বলছি, এই ম্যান-মেড ফ্লাডএর ম্যানটি হচ্ছে অজয়বাবু, এটা অজয় মেড ফ্লাড, আমি আর একটু বাড়িয়ে বলছি এটা ভূপতি-অজয় মেড ফ্লাড। স্বাধীনতার পর থেকে ভূপতিবাবু ইরিগেশন মিনিস্টার ছিলেন। তারপর ১৯৫২ সাল থেকে অজয়বাবু মন্ত্রী হয়েছেন। আর এদের অজ্ঞতার ও অনভিজ্ঞতার সুযোগ নিয়েছেন কয়েকজন দায়িত্বজ্ঞানহীন নীতিজ্ঞানহীন ইঞ্জিনিয়ারস, তারা কেউ ইরিগেসন ডিপারমেন্টেএর ইনচার্জ, কেউ ডি ভি সি-র ইনচার্জ, কেউ ময়ূরাক্ষীর ইনচার্জ হয়ে আছেন। দক্ষিণ পশ্চিম বাংলায় এবং পশ্চিম বাংলার মেইন পোরশনএ তিনটি রিভার সিস্টেম আছে। প্রথমতঃ ভাগীরথী-হুগলী

main drainage channel for the whole of West Bengal

দ্বিতীয়তঃ পশ্চিম দিকে ময়ূরাক্ষী অজয় দামোদর রূপনারায়ণ, তৃতীয়তঃ পূর্বদিকে

Nadia system of rivers, Bhagirathi, Jalangi, Mathabhanga, Churni

ইত্যাদি সমস্ত নদীপথ ও অববাহিকা সামগ্রিকভাবে নিয়ে বাংলাদেশের সেচ ব্যবস্থা রয়েছে। আমি জিজ্ঞাসা করি এই দুজন মন্ত্রী কি কোনদিন কোন কম্প্রিহেনসিভ প্ল্যান করেছেন? তারা প্রয়োজনও বোধ হয় করেন নি। এমনকি এ সম্পর্কে যে নূনতম ব্যবস্থা হাইড্রোগ্রাফিক ডেটার জন্য টাকা রাখার প্রয়োজন সে ব্যবস্থা পর্যন্ত সরকার পক্ষ থেকে হয় নি। তার ফলে এই ইঞ্জিনীয়াররা যেমন খুসী তেমনি করে মন্ত্রীদের বুঝিয়ে দিতে পারেন ফলে আমরা দেখেছি যে ডাঃ রায় আজ বলেছেন তাঁদের গলার সাথে সুর মিলিয়ে, আয়ার ড্যাম হওয়া চাই, অজয়বাবুও বলছেন, আয়ার ড্যাম হওয়া দরকার; বিনয়বাবু বলেছেন গংগাব্যারাজ না হওয়া পর্যন্ত নাকি এ সমস্যার সমাধান হবে না। আজকে যদি কেন্দ্রীয় সরকার গংগা ব্যারাজ পরিকল্পনা গ্রহণ করে, সোজা হিসাব হচ্ছে, ২০ বছর আগে এই ব্যারাজ তৈরি হবে না এবং এই ব্যারাজের উপর থেকে নালা কেটে ভাগীরথী হুগলী দিয়ে ২০ হাজার কিউসেক ক্রমাগত বইয়ে দিয়ে গংগাকে গভীর করবেন এবং ড্রেনেজ ক্যাপাসিটি বাড়তে আরও ৫-৬ বছর লাগবে। এই অন্তর্বর্তীকালে ময়ূরাক্ষীর প্লাবনে মুর্শিদাবাদ কাঁথি ভাসতে থাকবে। বছর বছর অজয় জলংগী দ্বারা কালনা নবদ্বীপকে ডুবিয়ে দেওয়া যাবে, দামোদরের বন্যায় হুগলী, বর্ধমান, হাওড়া বারবার ভেসে যাবে। স্যার, সেবারকার যে পুস্তিকা দিয়েছেন তার মধ্যে দেখছি ক্ষয়ক্ষতি হয়েছে ৭০ কোটি টাকা এবং এই যে দায়িত্ব দিয়ে রেখেছেন এ দুটো লোকের উপর তারা ড্রেনেজএর কথা চিন্তা করেন নি। তাঁরা ড্যাম করলেন, বাঁধ বেঁধে দিলেন, রাস্তাঘাট করা হল কিন্তু তাদের এই বন্যা রোধ করার কোন পরিকল্পনা ছিল না। তাঁরা দোষ দিচ্ছেন, অতিবৃষ্টি হয়েছে বলে। স্যার, অতিবৃষ্টি নয়, সহজ ও সোজা বুদ্ধি যদি থাকতো, পরিকল্পনা যদি একটু বেশি থাকতো, প্রশাসনিক কুশলতা থাকতো, তাহলে অনেক পরিমাণে এটা কমান যেতো। ১৯৫৬ সালের যে ওয়ারনিং সেই ওয়ারনিং নেওয়া হয় নি। এবং ময়ূরাক্ষী প্রজেক্টএ কানাডা ড্যাম বন্যার জন্য দেওয়া হয় নি বলা হয়েছে। কিন্তু কাঁথি মহকুমার লোকেরা জানে কানাডা ডামএর জন্য বার বার বৎসরের পর বৎসর তাদের দেশ ডুবছে, তারা দুহাত তুলে প্রার্থনা করছে যে ক্যানাডা ড্যাম থেকে আমাদের রেহাই দেওয়া হোক। জিজ্ঞাসা করতে পারি কি এই ফ্লাড প্রোটেকসন ড্যাম ময়ূরাক্ষী কর্তৃপক্ষ বলেছে যে ফ্লাড প্রটেকশন নয়—যদিও তারা বহু পরিমাণে অতিবৃষ্টির জল আটকে রেখেছিল তা সত্ত্বেও কেন জিজ্ঞাসা

করতে পারি কি এই জল তাকে কে আটকে রাখতে বলেছিল। সেপ্টেম্বরএর দুই সপ্তাহে অতিবৃষ্টি শেষ হয়ে গেলে পর ৩০এ সেপ্টেম্বর যে পর্যন্ত বৃষ্টি হয়েছিল তাকে অতিবৃষ্টি বলা যা য়না। গোটা সেপ্টেম্বার অগাস্ট মাসে ময়ূরাক্ষী ক্যাচমেন্ট এরিয়ার নিচে যথেষ্ট বৃষ্টি হল যার ফলে ভাল ধান হল তবু কেন তাদের জল ধরে রাখতে দল। মন্ত্রী মহাশয় অর্ডার দিয়েছিলেন কি কিম্বা অর্ডার এ্যাট অল দেওয়া হয়েছিল কিনা। আমাদের এখানে যে প্রজেক্ট হয়েছে তাতে দামোদরের কর্তৃপক্ষও সেই অপরাধে অপরাধী। আসল ব্যবস্থা করা হয়েছিল, মেইন পারপাস অব দিস প্রজেক্ট হল ৩টা। প্রথম হল ফ্লাড, দ্বিতীয় হল ইরিগেশন, আর তৃতীয় হল পাওয়ার এ্যান্ড ইলেকট্রিসিটি। কিন্তু স্যার, ফ্লাড কন্ট্রোলকে আজকে থার্ড গ্রেড ইমপরটেন্স দেওয়া হচ্ছে। কারণ বাংলাদেশের বাইরে নন বেঙ্গল কন্ট্রোল অব ডি ভি সি যারা তারা বাংলাদেশের এ্যাডমিনিস্ট্রেসন করেন। আজকে তাই এই

Non-Bengal Control of administration

এই ফ্লাড কন্ট্রোলকে থার্ড গ্রেড ইমপরটেন্স দিয়েছে যদিও ফ্লাড কন্ট্রোলএ একজন বাঙ্গালীকে বসিয়ে রাখা হয়েছে ইউ এন ঘোষাল, তবুও সেখানে তারা এই ব্যাপারকে থার্ড গ্রেড ইমপরটেন্স দিয়েছে। দ্বিতীয় কারণ হচ্ছে এ্যাডমিনিস্ট্রেটিভ বাংলিং এবং

criminal short sightedness of the engineers

স্যার, আবার আয়ার ড্যামএর কথা বলা হয়েছে এবং আমরা জানি যেখানে এই নিয়ে যে কমিটি গঠন করা হয়েছে তাতে আলোচনা হয়েছে

how best to utilise water resources of D.V.C. and how to manage them

এবং আমরা শুনেছি যে আয়ার ড্যামকে ফ্লাড কন্ট্রোলএ রূপ দেবার জন্য চেষ্টা চলছে। আয়ার ড্যাম হোক তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু এই আয়ার ড্যামএর আড়ালে আজকে যদি সরকার আত্মগোপন করে রাখতে চান তাহলে আমরা সেখানে আপত্তি জানাই। বিশেষ করে যখন আয়ার ড্যামএর খরচ বাংলাকে দিতে হবে তখন এই ড্যামএর দ্বারা এ্যাফেক্টেড লওয়ার ভ্যালি দামোদর, রূপনারায়ণ, হুগলীর কি উপায় হবে সে সম্পর্কে বাংলাদেশের ইরিগেশন ইঞ্জিনীয়াররা, বিভিন্ন মত পোষণ করেন। সেইজন্য আজকে এই আয়ার ড্যামএর আড়ালে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট আত্মরক্ষা করতে চান তাহলে তা চলবে না। স্যার, কেন জল ধরে রাখা হয়েছিল আজকে সেটাই সব থেকে বড় প্রশ্ন। বিনয়বাবু ও অনেকে একথা বলেছেন কিন্তু মিঃ দাশগুপ্তর যে কথা স্টেটসম্যানএ বেরিয়েছিল সেখানে বলা হয়েছিল এই জল জমিয়ে রাখা হয়েছিল কেন। ১৫ই সেপ্টেম্বর টু ২৩এ সেপ্টেম্বরএ কেন জল জমিয়ে রাখা হয়েছিল তার জবাব আমরা চাই। শোনা যায়, সত্য কিনা জানি না। গুজব শোনা যায় পানচেট ড্যাম পণ্ডিত নেহেরুর আসার কথা ছিল অক্টোবর মাসে এবং সেখানে যখন ফাংশন হবে তখন প্রচুর জল যাতে নির্গত হয় সেটা তাঁকে দেখাবার জন্যই নাকি এই জল জমিয়ে রাখা হয়েছিল।

[4-20—4-30 p.m.]

কিন্তু যে কমিটি বসান হবে সেই কমিটি যেন এটা অনুসন্ধান করে দেখেন। তাঁরা বলছেন তাঁরা নাকি মেটিওরলজিক্যাল ডিপার্টমেন্ট, থেকে কোন খবর পান নি। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই এটা কি সত্যি নয় যে ডি ভি সি একটা প্ল্যান করেছিলেন হাজারীবাগে একটা মেটেরওলজিক্যাল অবজারভেটিভ খোলা হবে। কিন্তু ১৯৫৬ সালের এবং এ বছরের বন্যার পরে ও সেই অবজারভেটরি খোলার প্ল্যান কেন বাতিল করা হয়েছে। এটা কি সত্যি নয় যে আলীপুর অবজারভেটিভ থেকে ২৮এ সেপ্টেম্বর তারিখে এই ওয়ারনিং দেওয়া হয়েছিল যে বে অব বেঙ্গলএ প্রবল জোয়ার আসছে। এই ওয়ারনিং ২৮ তারিখে আলীপুর অবজারভেটরি থেকে ডি ভি সিকে দেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও ড্যাম ইঞ্জিনীয়ার চরম দায়িত্বহীনতার সহিত সেটা উপেক্ষা করেছেন। যার ফলে ১লা অক্টোবর তারিখে যে বন্যা হল, যে অতিবৃষ্টি হল ওখানে যে জল জমিয়ে রাখা হয়েছিল সেটা যদি ওয়ারনিং পাওয়ার পর বেশী কোরে ছেড়ে দিতেন তাহলে এ সর্বনাশ হত না। সেজন্য স্যার সকলেই এটা বলবেন যে এটা ম্যান-মেড ফ্লাড। এবং ১৯৫৬ সালের বন্যার পর তারা সতর্ক হন নি। এবার যে খাদ্য আন্দোলন চলে তার ফলে কংগ্রেস সরকারের বিরুদ্ধে যে বিক্ষোভ ধুমায়িত হয়ে উঠে ঠিক সেই সময় তারা এই বন্যা নিয়ে এসেছেন, এই

ম্যান-মেড ফ্লাড করেছেন। আমি হুসিয়ার করে দিচ্ছি এবং এই সাবধান বাণী উচ্চারণ করছি যে আগামী সাধারণ নির্বাচনের আগে আবার তারা বন্যা নিয়ে আসবেন। এবং সেই বন্যার মধ্যে দিয়ে তারা নিজেদের ভোট জোগার করবেন। এটাই হচ্ছে ট্রাম কার্ড। তা যদি না হত এবং তাদের কোন রাজনৈতিক অভিসন্ধি না থাকত তাহলে ১৯৫৬ সালের বন্যার পর আলীপুর অবজারভেটরি থেকে ওয়ারনিং দেওয়া হয়েছিল এবং যেসমস্ত অভিজ্ঞ ইঞ্জিনীয়ার যেমন ইঞ্জিনীয়ার এন দাশগুপ্ত, এবং প্রফেসার চক্রবর্তী এই সম্পর্কে বার বার যেসমস্ত কথা বলেছেন তা উপেক্ষা করে কেন জল রেখে দিয়েছিলেন। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই জল ধরে রাখবার এই সাজেসন ডি ভি সি কর্তৃপক্ষকে কে দিয়েছিল? কালেকটর নাকি জল ধরে রাখতে বলেছিলেন। কোন কালেকটর এই কথা বলেছিলেন সেটা আমি জানতে চাই। ইরিগেশন ডিপার্টমেন্টএর সঙ্গে ডি ভি সি কতৃপক্ষের একটা ক্লোজ লিয়াইসন থাকা উচিত ছিল—সেই লিয়াইসন আজ পর্যন্ত হয় নি কেন? এর ফলে বাংলাদেশের মানুষ বার বার বন্যার জলে ভাসছে, এবং তার ক্ষয়ক্ষতির পরিমাণ ৭০ কোটি টাকা। আমি জিজ্ঞাসা করতে চাই আজ যে বাংলা দেশে বন্যা এর দায়িত্ব কার? এবং কেন স্বাধীনতার পর থেকে ১২ বছর উত্তীর্ণ হবার পর ও কোন কম্প্রিহেনসিভ প্ল্যান নেওয়া হল না কেন? এই যে দুইজন মন্ত্রী এখানে অজয়বাবু ও ভূপতিবাবু এ'দের অনভিজ্ঞতার ও অজ্ঞতার সুযোগ নিয়ে ইঞ্জিনীয়াররা আজকে সেখানে ছেলেখেলা করছে, তাঁদের প্রত্যক্ষ সমর্থন না থাকত তাহলে কখনই এই জিনিস হতে পারত না।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

মিঃ স্পীকার স্যার, ফ্লাড ও রিলিফের উপর বিতর্ক করবার একটা সুযোগ দেওয়া হয়েছে বটে, কিন্তু তার উপযোগী কোন তথ্য রাখা হয় নি। তাঁরা একটা স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট ছাপিয়ে বিলি করেছেন। এর মধ্যে পড়ে কিছুই পাওয়া গেল না। কোথায় কত বৃষ্টি হয়েছে তার একটা বিরাট তালিকা রয়েছে এর মধ্যে, কিন্তু আসল ব্যাপার সেটা, কজেস অব দি ফ্লাড এ্যান্ড দি রেমিডিস সম্বন্ধে সরকারপক্ষ নির্বাক। শুধু নির্বাকই নয়, তাঁরা ছলনা করে সেটা এড়িয়ে গিয়েছেন। কি বলেছেন,

However, as a Committee is going to be soon appointed to enquire into the causes of floods of September and October, 1959, and to suggest remedies against future recurrence of such floods we need not venture to suggest any causes or remedies in this Statement.

কি সরকার আমাদের। এখনো কমিটি হয় নি, কমিটি করা হবে, তার সামনে সমস্ত জিনিস ধরা হবে, কিন্তু তার সামনে কি খবর বেরুবে না বেরুবে সে সম্বন্ধে গভর্নমেন্টএর কোন কমিটমেন্ট নাই। গভর্নমেন্ট জানেন না কি কজেস? কি রেমিডিস হওয়া উচিত? তাঁদের বলা উচিত ছিল

Irrespective of the fact of the Enquiry Committee

এই হচ্ছে কজেস, আর এই হচ্ছে রেমিডিস। বোধ হয় মন্ত্রী মহাশয় তা জানেন না? যদি তিনি জানেন তাহলে কেন বলেন না? জল বেশী হয়েছে জল বের হতে পারে নি। ট্র্যাস। এটা কি একটা লেখা! যেসমস্ত কর্মচারী এটা লিখে দিয়েছেন তাঁদের চাকরি থাকা উচিত নয়। এগুলি বুঝবার মত আমাদের বুদ্ধি আছে।

The drainage channels and the rivers, even the two bigger ones, viz., the Bhagirathi, Hooghly and Rupnarayan could not drain out the water accumulated by successive floods;

ভাগীরথী ও রূপনারায়ণ দিয়ে জল বের হয় নি, কিন্তু আর যেসমস্ত ছোটখাট খালবিল আছে সেগুলি মজিয়ে রাখা হয়েছে কেন? অন্যান্য যেসমস্ত চ্যানেলস ছিল সেগুলি সম্বন্ধে কি? ওয়াট এবাউট দেম? এতই এ'দের অকর্মণ্যতা, যাঁদের কথা এ'রা এখানে বলেন তাঁদের উপর এ'দের কোন কতৃত্ব বা প্রভুত্ব নাই, তাঁরা যা বলেন, এ'রা এখানে তাই আমাদের বলেন। আজকে দেশের মধ্যে জায়গায় জায়গায় হাহাকার উঠেছে, তার কোন ব্যবস্থা না করে এইরকম স্ট্যাটিস-টিক্যাল রিপোর্ট দেওয়ার কোন মানে হয় না। এ'দের আর কোন অধিকার নাই মন্ত্রীর করার কোন জাস্টিফিকেশন নাই। এখানে বলেছিলেন, এখানে এখানে ফ্লাড হয়েছে, ওখানে ওখানে ফসল হয় নি ইত্যাদি।

[4-30—4-40 p.m.]

এদিকে দেখান হোল ফর গ্রান্টস এ্যাণ্ড আরটিজান লোন ৫ কোটি ৮০ লক্ষ টাকা খরচ হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় কত লোক এফেক্টেড, কোন এরিয়া এফেক্টেড, কত লোককে রিলিফ দিয়েছেন বা কোন কোন ডিষ্ট্রীক্টএ দিয়েছেন তার কোন হিসেব নেই। কাজেই আমরা কি করে বুঝব যে সত্যই রিলিফ দেওয়া হয়েছে না টাকাগুলো পকেটে গিয়েছে। তারপর 1st April, 1959 to 30th November, 1959 এর যে হিসেব দিয়েছেন তার মধ্যে দেখছি আগে যে টাকা বাজেয়াপ্ত হয়েছিল তার হিসেব এর মধ্যে ঢুকিয়ে দিয়েছেন, এঁদের নিজেদের এডমিসন হচ্ছে যে ৪ঠা অগাষ্ট থেকে ফ্লাড শুরু হয়েছে —অর্থাৎ

period of occurrence of flood, heavy rains and cyclones from 4th August, 1959 to 23rd October, 1959

তারপর ক্ষতির হিসেব দিয়ে বলেছেন

this is under details of damages as against 1st April, 1959 to 30th November,

এবং তখন থেকেই টাকা খরচ করা হচ্ছে। আমি বলি এসব ছাপিয়ে দিচ্ছেন কেন? আমরা ফার্ষ্ট এপ্রিল থেকে হিসেব চাই না—সম্প্রতি যে ফ্লাড হয়েছে এবং তাতে কত খরচ হয়েছে বা কোন কোন জেলায় হয়েছে সেটাই আমরা জানতে চাই এবং তার উপর ডিবেট করতে চাই। এটা আমরা সকলেই জানি যে কোলকাতা শহরে এই রিলিফ নিয়ে আপনারা নানা রকম খেলা করলেন, নানা রকম কমিটি হোল, ফ্লাডএর জন্য প্রচুর চাঁদা উঠল, ১০১ টাকা যে চাঁদা দিল তারও ছবি কাগজে বেরুল, কিন্তু আমরা জানতে চাই যে সে টাকা কোথায় গেল? তবে এই টাকা খরচের ব্যাপারে কয়েকটা সাংঘাতিক খবর পেয়েছি যে কোন কোন ইনডিভিডুয়ালকে মোটা মোটা টাকা দেওয়া হয়েছে। তবে সে বিষয়ে আলোচনা না করলেও দেশের লোক আজ জানে যে আপনারা রিলিফ ওয়ার্কএ টাকা খরচ না করে তা দিয়ে রাজনীতি করেন। আমি মেদিনীপুরের একটি "নাপতিনীর" কথা জানি সে ফ্লাডএর সময় সেখানে ছিল এবং সম্প্রতি কোলকাতায় এসে ১৯নং গোয়াবাগান বস্তীতে রয়েছে। সে আমাকে বলেছে যে আমাদের ওখানে কিছুই রিলিফ দেওয়া হচ্ছে না—কয়েকখানা পুরোন ছেঁড়া কাপড় আমাদের গ্রামে নিয়ে দেখান হলো কিন্তু তাও যে আবার কাকে কাকে দেওয়া হলো তা জানতে পারলাম না। কাজেই আমার কথা হলো যে, কারুর কোন কন্‌ষ্টিটিউএনসি বা আসন ঠিক রাখবার জন্য টাকা খরচ করা হচ্ছে কিনা সেগুলো যদি আইটেম বাই আইটেম আমাদের দিতেন তাহলে আমরা বিতর্কে অংশ গ্রহণ করতে পারতাম। তারপর আপনারা সব জায়গাতেই বলেছেন যে, কমিটি টু বি এ্যাপয়েণ্টড যার কাছে সব প্লেস করা হবে এবং তারপর ডি ভি সিকে চার্জ্জ করা হবে এবং ক্যানাডা ড্যাম সম্বন্ধেও করা হবে। কিন্তু আশ্চর্যের বিষয় যদিও আপনারা বললেন

As these charges are very likely to come before the West Bengal Flood Enquiry Committee 1959, to be soon appointed.

কিন্তু সেই ফ্লাড কমিটি কবে এ্যাপয়েণ্টেড তার কোন ডেট আপনারা দিচ্ছেন না। তারপর the government should not pass any opinion on this issue at this stage.

এ কথাটা কেন বললেন? আমার কথা হোল আপনারা যদি বুঝে থাকেন ডি ভি সি-র এনকোয়ারি হবে, তখন এর প্রজেক্ট-এর বা কর্মচারীদের যদি কোন ত্রুটি থাকে তাহলে কেন আপনারা তা বলবেন না। কাজেই এই যে রিপোর্ট দিয়েছেন এটা অত্যন্ত অবান্তর ট্র্যাস—একে ছুড়ে ফেলে দেওয়া উচিত। কাজেই যে সব রিপোর্ট এখানে দিয়েছেন বা যে সব কথা বলছেন তা আমি সমর্থন করতে পারি না।।

Sj. Tarapada Chaudhuri :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বন্যানিয়ন্ত্রণ সম্বন্ধে আমাদের সামনে নানা রকম বিতর্ক হচ্ছে। তবে আমার মনে হয় সত্যিকারের যে সমস্যা তার উপর গুরুত্ব না দিয়ে কেবলমাত্র রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর উপর গুরুত্ব দিয়েই অনেক আলোচনা করলেন। আমি নিজে অল্প

করি যে এ সম্বন্ধে আলোচনা করতে গেলে কয়েকটি বিষয়ের প্রতি অত্যন্ত গুরুত্ব দেওয়া প্রয়োজন। তবে সুখের কথা যে আজকের আলোচনার মধ্যে সেই আসল সমস্যার রূপ খানিকটা ফুটে উঠেছে এবং সেটা যতীনবাবু বলেছেন। আমিও তার কথার উপর বিশেষ গুরুত্ব দিয়ে বলতে চাই যে "আয়ার ডাম" করার প্রয়োজনীয়তা আছে। কিন্তু আয়ার ডাম সম্বন্ধে ঐ ডি ভি সি-র চেয়ারম্যান বা যার পরিকল্পনা করছেন তাদের দৃষ্টিভঙ্গী কি সেটা আজকে আমাদের নিম্ন উপত্যকার বন্যাবিধ্বস্ত এলাকার লোকেদের দেখতে হবে এবং এই এ্যাসেম্বলী হাউসে যে সমস্ত বাঙ্গালী মেম্বার আছেন তাদেরও সেই দৃষ্টিভঙ্গীতে সেই জিনিস বিচার করতে হবে। সেখানে বলছে যে কনজারভেসন অব ওয়াটার রিসোরসেস -অর্থাৎ সেখানে যে নানা রকম পরিকল্পনা হচ্ছে এবং এই দামোদর ভ্যালি কর্পোরেশন অঞ্চলে যেসমস্ত নিউ ইণ্ডাষ্ট্রিজ এবং নিউ টাউনশিপ গড়ে উঠেছে তার ডোমেসষ্টিক ইউজ এবং ইণ্ডাষ্ট্রির জন্য জলের প্রয়োজন আছে। এটা অবশ্য ঠিক যেসমস্ত ইণ্ডাষ্ট্রি গড়ে উঠেছে বা যগুলো ভবিষ্যতে গড়ে উঠবে তার জন্য জল রাখা প্রয়োজন এবং তার ক্যাপাসিটিও বাড়ান প্রয়োজন। কিন্তু আমি বলতে চাই যে, যতক্ষণ পর্যন্ত ওয়েষ্টবেঙ্গল ফ্লাড কমিটি বা অন্য কোন কমিটি এ্যাপয়েণ্টেড হয়ে ফ্লাডএর সময় এই Co-ordination of water resources for running the industries এর দিকে কতকটা দৃষ্টি রাখা হয়েছিল তার পুঙ্খানুপুঙ্খ তথ্য পরিবেশন করতে না পারছে ততক্ষণ পর্যন্ত আমরা খুসী হতে পারব না বা আমাদের সন্দেহও যাবে না। কাজেই আমি বাংলা সরকারকে অনুরোধ করব যে এই এনকোয়ারি যখন হবে তখন তাঁরা যেন এর উপরে বিশেষ গুরুত্ব দেন। তারপর দামোদর নদীর চেহারার দিকে তাকালে আমরা দেখব যে, আপার ভ্যালিতে গাছ কাটার ফলে পাহাড় অঞ্চলের মাটি ধুয়ে আসায় সেখানে চাষ হয় নি কারণ সেখানে সয়েল ইরোসন চলেছে। এরপর প্রবলেম অফ ডিফরেসটেসন এবং সয়েল ইরোসন ইন দামোদর ভ্যালি। এ প্রসঙ্গে আরেকটা কথা আমি বলব যে উপরাঞ্চলের লোকের সুবিধার জন্য যদি নিম্নাঞ্চলের লোকের কোন ক্ষতি হয় তাহলে তার ক্ষতিপূরণ উপরাঞ্চলকে অবশ্যই দিতে হবে, কেননা যে সমস্ত ইণ্ডাষ্ট্রি ওখানে গড়ে উঠেছে তাদের সুবিধার জন্য বাংলাদেশের চাষী কেন দুর্ভোগ ভোগ করবে বা এইভাবে ঋণ পরিশোধ করবে। তারপর এদিকে দেখছি যে ১৪ কোটি টাকার কথা বলা হয়েছে তার অর্ধেক দেবে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এবং অর্ধেক দেবে বাংলা সরকার এবং তারপর যদি আরও কিছু এক্সেসেজ লাগে তারও সমস্ত দায়িত্ব এ বাংলা সরকারের। এ প্রসঙ্গে আরেকটা জিনিস দেখা দরকার যে আমাদের বাংলা সরকার এই ডি ভি সি-র জন্য ৬৮ থেকে ৬৯ কোটি টাকা এবং ময়ূরাক্ষীর জন্য প্রায় ৩০ কোটি টাকা খরচ করেছে। কিন্তু যে আইনের বনিয়াদে এই ডি ভি সি কর্পোরেশন সৃষ্টি করা হয়েছিল এবং তার ফাংকসনএ এর management, allocation purpose and scheme সম্বন্ধে যা উল্লেখ ছিল তার পরিপেক্ষিতে একটা প্রশ্ন উঠেছে যে এঁর দ্বারা বাংলাদেশের চাষী এবং বাঙ্গালী কতটা লাভবান হয়েছে আর বিদেশী অবাঙ্গালীই বা কতটা লাভবান হয়েছে? কাজেই আমি মনে করি যে এসব জিনিসের আলোচনা করা দরকার এবং শুধু West Bengal Flood Relief Committee appoint করাই নয়—আমি সরকারকে অনুরোধ করব যে তারা এই এ্যাসেম্বলী হাউসএ একটা কমিটি গঠন করুন এবং তাঁরা কনভিন্স হোক যে আজকের এই বন্যা বাংলাদেশের লোকের কাছে রিয়েলি লাইফ এ্যাণ্ড ডেথ সমস্যার মত হয়ে উঠেছে এবং আমার মনে হয় যে এত বড় সমস্যা বাঙ্গালীর জীবনে আর কোনদিন আসেনি।

[4-40—4-50 p.m.]

কাজেই আমি আজকে সেই দৃষ্টিভঙ্গি না নিয়ে বলব যে সকলে সমবেতভাবে impartially, without passion, without prejudice পরিষ্কার দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিষয়টা আলোচনা করা দরকার। দামোদরে দেখা গেছে প্রায় গত শতাব্দির প্রারম্ভ থেকে আজ পর্যন্ত বড় বড় ফ্লাড হয়েছে। ১৯১৩ সালে প্রায় সাড়ে ছয় লক্ষের মত কিউসেক জল বের হয় এবং ১৯৪৩ সালে সাড়ে তিন লক্ষ কিউসেকের মত জল বের হয়। ১৯৪৩ সালে যে বান হয়েছিল তাতে ক্ষতির পরিমাণ প্রায় ৫০ কোটি টাকার উপরে

হয়েছিল, পাবলিক ইউটিলিটি রাস্তাঘাট ইত্যাদির প্রচুর ক্যাটাসট্রফি হয়েছিল। ১৯৫৮ সালে তারা বলেছেন যে সাড়ে ছয় লক্ষ কিউসেকের জায়গায় মডারেট করে জল হয়েছিল দুই লক্ষ পাঁচ হাজার কিউসেক অর্থাৎ সেই মডারেট করার জন্য ১৯৫৮ সালে সেখানে ফ্লাড হয় নি। ১৯৫৮ সালে আমি ড্যামের উপকারিতা সম্বন্ধে সত্যিকারের কনভিনসড হতে রাজী আছি, কিন্তু ১৯৫৯ সালে এখানে ৮ লক্ষ কিউসেক জল পাশ করেছে, এর মধ্যে মডারেট করে জল হয়েছে আড়াই লক্ষ কিউসেক অর্থাৎ সাড়ে পাঁচ ছয় লক্ষ কিউসেক জল তারা ধরতে পেরেছে। সুতরাং আমরা দেখছি দুই লক্ষ পাঁচ হাজার কিউসেক জলে বান হয় নি, কিন্তু দুই লক্ষ পঞ্চাশ হাজার কিউসেকে বান হয়েছে অর্থাৎ প্রায় পঞ্চাশ হাজার কিউসেক বেশী জল এসেছে। তারা বলেছে যে এই জল ক্যাচমেণ্ট এরিয়া থেকে এসেছে। তাহলে সেখানে আমাদের অনুসন্ধান করতে হবে। এই পঞ্চাশ হাজার কিউসেক জল যদি ক্যাচমেণ্ট এরিয়ার জল হয় তাহলে স্বভাবতঃই এই প্রশ্ন আসে যে বাঁকা, বেহুলা, কুন্তি ইত্যাদি নদীগুলি মজে গেছে, এদের জল ধারণের শক্তি নেই। কাজেই ক্যাচমেণ্ট এরিয়ার জল বহনকারী এই সমস্ত চ্যানেলগুলিকে ফার্স্ট প্রায়রিটি দিয়ে এক্সকাভেসন করার কাজ ইমিডিয়েটলি টেক আপ করা উচিত এবং উপরে আজকে যে সয়েল ইরোসনএর প্রবলেম আছে সেই সয়েল ইরোসনের জন্য কেন্দ্রীয় গভর্নমেন্টকে অচিরেই ট্যাকেল করবার জন্য আমরা বলব। আজকের কিংবা কালকের স্টেটসম্যান পড়ে আমার মনে ভয়ানক একটা দুশ্চিন্তা এসেছে যে দামোদর ভ্যালি কর্পোরেশনের উপর কেন্দ্রীয় সরকারের যে দৃষ্টিভঙ্গি ছিল তার যেন একটু পরিবর্তন এসেছে এবং তাতে আশংকা হচ্ছে যে দামোদর ভ্যালি কর্পোরেশানের জন্য যে পরিমাণ কেন্দ্রীয় সরকারের সাহায্যের আবশ্যক সে পরিমাণ সাহায্য হয়ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে না। আমি বলব আজকে এ সম্বন্ধে হাউস থেকে একটা রেজলিউসন হওয়া উচিত এবং বাংলা সরকারের যতদূর চাপ দেওয়া সম্ভব ততদূর চাপ যেন তাঁরা দেন। আজ বাঁধের যে সমস্যা আমাদের সামনে এসেছে, সেই সমস্যার সমাধানকল্পে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে সেটা কেন্দ্রীয় সরকার যাতে পুরাপুরি পালন করেন তার সন্দেহের অবকাশ যেন না থাকে। আমি এখানে আর একটি কথা বলতে চাই যে দামোদর ভ্যালি কর্পোরেশনে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার আমূল পরিবর্তনের দরকার। সেখানে এক্সপেণ্ডিচার এ্যালোকেসন করা দরকার, ফান্ডস করা দরকার এবং আমি মনে করি স্টেট গভর্নমেন্ট, সেখানে সবচেয়ে বেশি এ্যাফেকটেড। কাজেই আজকে যাতে বাংলা সরকার সত্যিকারের কর্তৃত্ব করতে পারেন এইরকম অবস্থার সৃষ্টি হওয়া দরকার। আজকে আমরা এমন একটা অবস্থার মধ্যে আছি যে আমাদের একশত কোটি টাকা বা দেড়শত কোটি টাকা সেখানে খরচ হচ্ছে অথচ বানের পর বান হচ্ছে, আমরা অসহায় শিশুর মত ক্রন্দন করছি ডি ভি সি, ডি ভি সি, ডি ভি সি। কাজেই আমরা গত এ্যাসেম্বলী সভায় বলেছিলাম যে এই অসহায় অবস্থার পরিবর্তন চাই। আজকে আবার আমরা হাউস থেকে তার প্রতিধ্বনি করতে চাই।

Sj. Khagendra Kumar Ray Choudhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৫৬ সাল আর ১৯৫৯ সালের বন্যা থেকে অন্ততঃ একটা অভিজ্ঞতা আমাদের হয়েছে সরকারের সেচ ব্যবস্থা সম্পর্কে যে বৃষ্টি যদি না হয় তাহলে তারা সেচ ব্যবস্থায় গ্যারাণ্টি দিতে পারেন, আর বৃষ্টি হলে কোন গ্যারাণ্টি দিতে পারেন না জল থাকবে কি সরবে। দুইবারের বন্যার মধ্য দিয়ে সেটা দেখা গেছে। দ্বিতীয়তঃ আমরা দামোদর পরিকল্পনা বা অন্যান্য পরিকল্পনার কথা, তার ত্রুটিবিচ্যুতি সম্পর্কে আলোচনা করছি না, কিন্তু একটি জিনিষ দেখেছি বর্তমানে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থাকে যদি ঠিকমত কাজে লাগানো যেত তাহলে ক্ষয়ক্ষতির পরিমাণ এত হোত না। অনেক জায়গায় আমরা দেখেছি সামান্য এক জায়গায় বাঁধ ভেঙ্গে গেছে, হয়ত দুই-পাঁচশ টাকা খরচ করলে পর সেটাকে ঠিকমত রক্ষা করা যেত, কিন্তু সরকারের গাফিলতির জন্য এগুলি না করার জন্য বহু ফসল নষ্ট হয়ে গেল। এবং যে রিলিফ দেওয়া হচ্ছে তার চেয়ে অনেক বেশি ধান নষ্ট হয়ে গেল—এটা তো আর ভগবানের মার নয় বা দৈবদুর্বিপাক নয়। অনেক জায়গায় স্লুইস গেট ঠিকমত ফাংসন না করার জন্য অকেজো হয়ে পড়ে আছে, সেগুলি ঠিকমত রিপেয়ার করা হয় না, যার ফলে বহু জায়গা ক্ষতিগ্রস্ত হয়, জল ঠিকমত সরানো গেল না। দামোদরের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এখানে আর একটা উদাহরণ দিলে সরকারের চরম দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় পাওয়া যাবে। উত্তরভাগ পরিকল্পনায় এশিয়ার বৃহত্তম পাম্প বসিয়েছেন এ নিয়ে বার বার জয়ঢাক বাজানো

হল, কিন্তু সেই পাম্প প্লাবনের সময় পর্যন্ত গড়ে দুটোর বেশি চলে নি, কিন্তু চারটা পাম্প বসিয়েছেন। দুটোর বেশি পাম্প চালালেন না তার কারণ হচ্ছে ৪টা পাম্প চালাবার ব্যবস্থা তারা করেন নি। অজয়বাবু খোঁজ নিলে জানতে পারবেন যে সেখানে দুটোর বেশি পাম্প চলে না। এবার রিলিফের কথা বলি—প্লাবনের সময় বহু জায়গায় বিলি হয়েছে, এটা বিনয়বাবু এবং অনেকেই বলে গেছেন—কিন্তু রিলিফ বিলির কায়দাটা সাংঘাতিক। এখন আমরা হাড়ে হাড়ে বুঝতে পারছি যে ইউনিয়ান রিলিফ কমিটিতে সর্বদলের লোক কেন নেওয়া হয় নি। রিলিফ কমিটির মিটিং মণ্ডল কংগ্রেসের বাড়ীতে হচ্ছে এবং এমন জায়গায় রিলিফ দেওয়া হচ্ছে যে জায়গায় তাদের বা মন্ত্রীমণ্ডলীর সুবিধা হবে—তাদের প্রিয়ভাজন লোকদেরই সাহায্য করা হচ্ছে। আমি রিলিফ কমিটির মেম্বার আছি, পাছে দুই-চারটা নাম, লিস্ট দিয়ে দিই কিম্বা কোন প্রতিবাদ করি সেজন্য মিটিং ডেকে মিটিং হয়ে যাবার পর চিঠি আসে আমাদের কাছে। রিলিফের ব্যাপার নিয়ে আরও অনেক জিনিস বলা চলে—যেমন ধরুন অনেক জায়গায় দেখা গেল সরকারের রিলিফ বিলি হচ্ছে মণ্ডল কংগ্রেসের সাইনবোর্ড দিয়ে, আমাদের ২৪-পরগনায় এই ঘটনা ঘটেছে। এটা ডি এম-এর নজরে আনার পর তিনি বললেন তাই নাকি? এইভাবে মণ্ডল কংগ্রেসের সাইনবোর্ড দিয়ে সরকারের রিলিফ বিলি হচ্ছে তারা নির্বাচনে যে জিৎবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। যতীনবাবু বলেছেন ১৯৬১ সালে আবার বোধ হয় বন্যা হবে। যেসব ঘরবাড়ি পড়ে গেছে তার অনুসন্ধান কার্য এখনও চলছে, বোধ হয় ঠিক নির্বাচনের আগে সরকার সমস্ত টাকা দেবেন। আমি বলি আজকে যেসমস্ত গরু-বাছুর মরেছে বা ঘর-বাড়ী পড়েছে যদি ছোট ছোট খাল বিল কাটোনোর বন্দোবস্ত করা যেত এবং জল যদি ঠিকমত সরানোর বন্দোবস্ত করা যেত তাহলে এগুলি হত না।

[4-50—5-15 p.m.]

প্রফুল্লবাবু একটা ফিগার দিয়েছেন যে পাঁচ কোটি কত লক্ষ টাকা দামের ধান নষ্ট হয়েছে। ফিগারে বিশ্বাস করা কঠিন। আমরা জানি, ২৪-পরগনা জেলার এগ্রিকালচারাল সুপারিন-টেন্ডেন্ট একটি খবর দিয়েছেন যে সেখানে এবার ছ লক্ষ কত হাজার টন ফসল হবে। ফিগারটি গত বছরের চেয়ে বেশি। বন্যায় ২৪-পরগনা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে অথচ ফিগার দিচ্ছেন আরবারের চেয়ে বেশী ফসল হবে। তার কাছে জিজ্ঞাসা করেছিলাম এরকম বাজে কথা কেন বলেছেন তিনি বললেন এরকম খবর দিলে মন্ত্রী মহাশয়রা খুসী হন। এর পরের কথা হল ছোট ছোট সেচের ব্যবস্থা করুন বড় বড় দামোদরের মত ব্যাপার নয়। ছোট ছোট জিনিসগুলির ব্যবস্থা না করলে প্রায় ৫০০ বিঘা জমি জলে ডুবে যাচ্ছে তার কোন প্রতিকার হয় না। দ্বিতীয় কথা বিল্ড ইওর ওন হাউস স্কিম সম্বন্ধে আপনারা বললেন এটা খুব সাকসেসফুল হচ্ছে কিন্তু কথা হচ্ছে এর মধ্যে যেসব শর্ত আছে তা পূরণ করে এর সুযোগ সকলে এ্যাভেইল করতে পারে না। যারা ভলানট্যারিলি এর মধ্যে আসতে চান আসুন, কিন্তু যারা এই স্কিমএ আসতে চান না তাদেরকে হাউস বিল্ডিং লোন দেওয়া হবে না, এটা রাখা ঠিক নয়। বিশেষ করে একটি জায়গা সার্ভে করে সেই অঞ্চলের জল নিকাশের ব্যবস্থা কি করে ভাল করা যায় তার চেষ্টা করা দরকার। তিন-চারটি থানার জল যাতে একসঙ্গে নিষ্কাশন হতে পারে সেইভাবে পরিকল্পনা নিয়ে কাজ করা যেতে পারে। এর জন্য বড় বড় পরিকল্পনার দরকার নেই। টেনেসি ভ্যালির মত বড় পরিকল্পনার ব্যাপার এর মধ্যে নেই। তার পর রিলিফ সম্পর্কে দু-একটি কথা বলব। ডাঃ রায় খবরের কাগজে স্টেটমেন্ট দিয়েছিলেন—মার্চ মাসের পর দেওয়া হবে। তার পর কি হল? এবারে চাষ তো হল না পরের চাষের ব্যবস্থা যদি না করতে পারেন, তাহলে কি হবে? টেস্ট রিলিফএ তো ওই এক টাকা করে মাটি কাটার কাজই আসল কাজ করে রেখেছেন। টেস্ট রিলিফএ নানা ধরনের কাজ হতে পারে। শুধু মাটি কাটার কাজে কেন টেস্ট রিলিফ সীমাবদ্ধ রাখবেন? অনেক ধরনের কাজ করতে যারা অভ্যস্ত তাদের যাতে সরকারের উপর নির্ভরশীল না হতে হয় তার ব্যবস্থা করুন। সবচেয়ে বেশী জোর দিতে হবে যাতে বিভিন্ন রকম ফসলের ব্যবস্থা হয় তার উপর। তারপর বিভিন্ন গ্রামে যাতে ছোট ছোট কুটির শিল্প গড়ে উঠে তার ব্যবস্থাও করতে হবে। এর মধ্যে কোন দল উপদল বা বিরোধীদলের স্বার্থ থাকতে পারে না সকলে মিলে এক্ষেত্রে কাজ করা যায়। আর একটি কথা বলব—এই হাউস বিল্ডিং গ্র্যান্ট সম্পর্কে এনকোয়ারি শেষ করে টাকা পেতে অত্যন্ত দেরী হয়—এই গ্র্যান্ট যাতে লোকে তাড়াতাড়ি পেতে

পারে তার ব্যবস্থা করবেন—ওটা ইলেকশন পর্যন্ত টেনে রাখবেন না। ইলেকশনএর টাকা আর হাউস বিল্ডিং গ্র্যান্টএর টাকা যেন একসঙ্গে খরচের ব্যবস্থা না হয় এইটে আমার অনুরোধ।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বন্যা সম্পর্কে বিতর্ক হচ্ছে। যে বন্যা ইতিপূর্বে বাংলায় হয়ে গিয়েছে আমি সে সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। তার কারণ আমার মনে হচ্ছে প্রিভেনসন ইজ বেটার দ্যান কিয়োর। যাতে এ ধরনের বন্যা না ঘটে সেদিকে দৃষ্টি রেখে আমি দু-একটি কথা বলতে চাই। ডি ভি সি নিয়ে অনেক আলোচনা হয়েছে কিন্তু একথা সত্য যে গত ১০০ বছরের মধ্যে এরকম বৃষ্টি হয় নি, এ বৃষ্টির জন্য ডি ভি সি দায়ী নয়। দামোদরের প্রধান পথ যদি গতি পরিবর্তন করে থাকে, মুণ্ডেশ্বরী, রূপনারায়ণ দিয়ে চলে গিয়ে থাকে তারজন্য ডি ভি সি দায়ী নয়। তবুও একথা সত্য ডি ভি সি-র উপর যে দায়িত্ব দেওয়া হয়েছিল সে দায়িত্ব ডি ভি সি পালন করতে সক্ষম হয় নি। আমি একথা বলতে চাই আমাদের দেশ এখনও তেমন ডেভেলপড হয় নি, আমাদের আন্ডার ডেভেলপড কান্ট্রিতে যাতে প্রতিটি নয়া পয়সার আউটপুট ঠিক মত পাই সেটা দেখতে হবে। সেদিক দিয়ে যে পরিমাণ অর্থ আমরা খরচ করি সেই পরিমাণ আউটপুট ডি ভি সি দেয় না বলেই আমাদের মনে ক্ষোভ থেকে যাচ্ছে। দ্বিতীয়তঃ ডি ভি সির কাছে বাংলাদেশের লোক যা আশা করেছিল সেই আশা পূরণ হয় নি। সুতরাং সেদিক থেকে আমার বক্তব্য হচ্ছে, বাংলা দেশের দিক থেকে আমি বলবো যে ডি ভি সি-র কাছ থেকে অনেক বেশী আশা করি এবং যে পরিমাণ অর্থ আমরা দিচ্ছি সেদিকে যতটা নজর রাখা উচিত তা হচ্ছে না। এখানে বলা হয়েছে বন্যা নিরোধের চেষ্টা করা হয়েছে—জনসাধারণ এবং সরকারের তরফ থেকে সমানভাবে চেষ্টা করা হয়েছে। সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সরকারের যে ইরিগেসন ডিপার্টমেন্ট আছে, আপনি জানেন যে ওভারসিয়ারদের আন্ডারএ অনেক কন্ট্রাক্টর কাজ করে যাদের অনেকে অসাধু—সেদিক দিয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে সেই অসাধু কন্ট্রাক্টররা কোন অসাধুতা অবলম্বন করতে না পারে সেদিকে যেন নজর রাখা হয়।

দ্বিতীয় কথা হল বন্যা যখন হয়ে গেল তখন আমাদের প্রধান কর্তব্য হল ৩টি—প্রথমতঃ রেসকু, দ্বিতীয়তঃ রিলিফ, তৃতীয়তঃ রিহ্যাবিলিটেসন। রেসকু সম্বন্ধে একথা স্বীকার্য যে জনসাধারণ এবং সরকার যে চেষ্টা করছেন তার তুলনা নাই। আমরা দেখছি সমস্ত বাংলাদেশে মাত্র ৮৮ জন মারা গিয়েছে। সেদিন খবরের কাগজে দেখলাম ফ্রান্সের একটা ঘটনায় ২০০ লোকের প্রাণ-নাশ হয়েছে। রিলিফ সম্পর্কে ফুড সার্ফিসিয়ান্ট দেওয়া হয়েছে, হাওড়া জেলায় রিলিফে ফুড সার্ফিসিয়েন্ট দেওয়া হয়েছে, যদিও ক্যাটেল ফডার কিছু কিছু কম হয়েছে, কিন্তু ফুড সার্ফিসিয়েন্ট দেওয়া হয়েছে। বিরোধী পক্ষেরও দুই একজন বলেছেন ইউ আর সি বহু যায়গায় জি আর-এর কাজ করেছে। হাওড়া জেলায় যে রিলিফ দেওয়া হয়েছে সেই রিলিফ ইউ আর সি, দেয় নি, ফ্লাড রিলিফ কমিটি দিয়েছে এবং বহু জায়গায় সমস্ত রাজনৈতিক দলের লোক নিয়ে রিলিফ কমিটি তৈরি করা হয়েছিল। মেডিক্যাল রিলিফ সম্বন্ধে এটাই বলতে চাই মেডিক্যাল রিলিফ সার্ফিসিয়েন্ট দেওয়া হয়েছে তার কারণ হচ্ছে নিজে চিকিৎসক হিসাবে এটাই আশঙ্কা করেছিলাম যে এই বন্যার পরে কলেরা, টাইফয়েড, এপিডেমিক আকারে দেখা দেবে। কিন্তু সেরকম কোথাও সেরকম কিছু ব্রেক আপ করেছে বলে আমার জানা নাই আর যদিও করে থাকে সেটা—আমার নজরে আসে নাই।

রিলিফ-এর পরেই আসে রিহ্যাবিলিটেসন এবং আমি সরকারকে অনুরোধ করবো যাতে তাড়াতাড়ি রিলিফ থেকে রিহ্যাবিলিটেসনএ চলে যেতে পারেন এবং তাতে দেশের ও সমাজের মঙ্গল হবে। রিহ্যাবিলিটেসন-এর প্রথম কথা হচ্ছে যে, এ্যাসেসমেন্ট কারেকট হওয়া দরকার।

এই প্রসঙ্গে একটা কথা বলছি গত ২৮শে নবেম্বর স্টেটসম্যানএ যা বেরিয়েছিল তাতে আশ্চর্য হয়ে গিয়েছিলাম। তাতে লেখা ছিল

Damage to the crop in an area of 25 sq. miles in Amta and Howrah has been total but in other parts of the district the yield will be much larger than last year.

জানিনা এই স্ট্যাটিসটিকস তাঁরা কোথায় পেলেন। আমি আমার এলাকার কথা বলতে পারি, সেখানে ৮টা ইউনিয়নের মধ্যে ৬টা ইউনিয়নকেই সরকার ডিসট্রেসড এলাকা বলে ঘোষণা করেছেন। সুতরাং স্টেটসম্যান-এর এই স্ট্যাটিসটিকস অভ্রান্ত নয় এবং ক্রপ সেখানে কি করে বেশী হবে তা বুঝতে পারি না। দ্বিতীয়তঃ টেস্ট রিলিফ। টেস্ট রিলিফ যেখানে হচ্ছে সেখানে আমার সাজেসসন হচ্ছে যে, আমরা জানি যে এর কাজ সপ্তাহে ৫ দিন করে চলে, আমি সরকারকে অনুরোধ করবো যে সপ্তাহে এটা ৭ দিন করা উচিত। এবং এখন যে রেট আছে ১০০ মাটি কাটলে ১ টাকা করে দেওয়া হয় সেটা ১·২৫ নয়া পয়সা করা হোক। এবং শুধু রাস্তাঘাট ও খাল নয়, আরো কিছু কিছু টেস্ট রিলিফ-এর কাজ করা উচিত, বিশেষ করে টেস্ট রিলিফএ চৌঙ্গা তেরী করা হোক এবং সরকারকে অনুরোধ করবো এই ধরণের কাজের দিকে সরকার যেন বিশেষ দৃষ্টি দেন। ইরিগেশন-এর কাজে যেখানে বাঁধ ভেঙ্গে গিয়েছে এবং যেখানে মাটি দেওয়া হচ্ছে সেই সব কাজ যেসব কন্ট্রাক্টরদের দেওয়া হয়—সেখানে আমার মনে হয় স্থানীয় লোকের মধ্যে থেকে ৩০।৪০ পারসেন্ট লোককে কন্ট্রাক্টরদের নিতে হবে। স্মল ইরিগেশন স্কিম-এর নিয়ম হচ্ছে যে জনসাধারণকে ৫৫ পারসেন্ট দিতে হয় এবং সরকার দেন ৪৫ পারসেন্ট। আমি সরকারকে অনুরোধ করবো যে, জনসাধারণ থেকে ¼ অংশ নেওয়া হোক এবং বাকী ¾ দেবেন সরকার। এগ্রিকালচার-এর মধ্যে সবচেয়ে বড় কথা হচ্ছে পান। পান একটা জিনিস, যা চা ও পাটের মত এখান থেকে অন্য প্রদেশে যায়। অন্য প্রদেশে থেকে যেমন সরিষা, ডাল ইত্যাদি আমাদের এখানে আসে তেমনি পান আমাদের এখান থেকে অন্য প্রদেশে যায়। এর দ্বারা বাইরে থেকে প্রচুর পয়সা আমাদের এখানে আসতে পারে। সেইজন্য সরকারকে আমি এই পানের দিকে বিশেষ নজর দিতে বলছি। হাউস বিল্ডিং স্কিম-এর যে মেথড সেটাকে আরো সিমপ্লিফাইড করা উচিত। যদি প্রয়োজন হয় তাহলে কয়েকজনকে মিলে জি পি গ্রান্ট দেওয়া উচিত এবং এটা দিতে যাতে দেরী না হয় সেদিকে নজর দেওয়া উচিত। এগ্রিকালচারাল গ্রান্ট এ্যান্ড লোন যেভাবে দেওয়া হয় তাতে আমি বলবো যে এক একটা ব্লক এরিয়াতে একজন এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার থাকেন তিনিই সারটিফাইড অথরিটি, কাজেই কাজ যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আরো টেমপোরারি হ্যান্ডস রাখা দরকার। আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি যে, তাঁরা নদীতে ও সমুদ্রে যারা মাছ ধরে সেই রাইপেরিয়ান ফিসারমেনদের বোর্ড করে তাদের গ্রান্ট দিচ্ছেন। তারপর কুটিরশিল্পের কথা। যেসমস্ত অঞ্চলে আজ ইলেকট্রিসিটি গিয়েছে সেখানে ছোট ছোট কুটীর শিল্প করা যেতে পারে। যেমন সেখানে হ্যান্ড মেড পেপার ইত্যাদি করা যেতে পারে। আমি সরকারকে অনুরোধ করবো যে এই সব ছোট ছোট কুটীর শিল্প করে রিহ্যাবিলিটেসন প্রসেসএ তাদের সাহায্য করুন। এতে রিফিউজি রিহ্যাবিলিটেসন হবে এবং তাদের মোরেল ভাল হবে। সেইজন্য তাদের রিহ্যাবিলিটেসন প্রসেসে সাহায্য করা হোক।

[5-25—5-35 p.m.]

Sj. Manoranjan Hazra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বন্যার দরুণ পশ্চিমবঙ্গের যে দুর্গতি হয়েছে এর পিছনে সরকারের একটা চক্রান্ত আছে বলে আমি মনে করি। দামোদরের সমস্ত উচ্চ অঞ্চলের জলরাশি হুগলী নদী দিয়ে প্রবাহিত হওয়ার ফলে আজকে হুগলীতে বালি পড়ে ১২।১৩ ফুট উঁচু হয়ে গিয়েছে। এর ফলে কলকাতা বন্দরে হেভি টনেজএর জাহাজ বেশী মাল নিয়ে আসতে পারে না এবং এভাবে কলিকাতার বন্দরের অস্তিত্ব বিপন্ন হতে চলেছে। কলকাতার ইম্পরট্যান্স কমে যাক, বন্দর হিসাবে নষ্ট হয়ে যাক, পশ্চিম বাংলার বৈশিষ্ট্য ধ্বসে পড়ুক, ব্যবসা-বাণিজ্য ধ্বসে পড়ুক, এবং পশ্চিম বাংলার সাধারণ মানুষ পদদলিত হোক এইরকম একটা চক্রান্ত এর পিছনে রয়েছে বলে আমি বিশ্বাস করি। এবং আমি মনে করি এজন্য বাংলাদেশের মন্ত্রীরাই দায়ী। ডি ভি সি আমাদের কি দিয়েছে? যেখানে জলের দরকার, সেখানে জল দিতে পারেনি, যেখানে জলের দরকার নাই, সেখানে জলে ভেসে যাচ্ছে। আজকে আরামবাগ সাবডিভিশন শুকিয়ে

মরুভূমি হয়ে যাচ্ছে, অথচ অন্যত্র ভয়াবহ বন্যা হচ্ছে। গত ২।৩ বৎসরেও দামোদর ড্রেনেজ ক্যানাল হয়নি। আবার যখন হল, তখন ভয়াবহ বন্যা হল। এসব দেখেই আমাদের সন্দেহ হয় যে, এর পিছনে চক্রান্ত রয়েছে কেন্দ্রীয় সরকারের বাংলাদেশকে ধ্বংস করার জন্য। তারপর রিলিফের ব্যাপারে এক অদ্ভুত ব্যবস্থা আমরা দেখছি। গোপনে সারকুলার দিয়ে নমিনেটেড কংগ্রেস মেম্বারসদের দিয়ে রিলিফ বিতরণ করা হচ্ছে এবং এজন্য তাঁদের রেমুনারেসন দেওয়া হচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই এটা কি দলীয় চক্রান্ত নয়? এই ব্যাপারে আমি সরকারের কাছে তদন্ত দাবী করি। মন্ত্রীমহাশয় বলেছেন যে, টেস্ট রিলিফ করবেন, বহু জেলায় ফ্লাড রিলিফ বন্ধ করে দেওয়া হয়েছে—আমাদের জেলাতেও বন্ধ করে দেওয়া হয়েছে। এ'রা বলছেন টেস্ট রিলিফ করা হবে, কিন্তু তাও মার্চ মাসের আগে হবে না। এখন থেকে ফ্লাড রিলিফ বন্ধ করে দেওয়ার কি অর্থ। আমি মন্ত্রিসভার কাছে নিবেদন করব এ'রা যেন মানুষের দুর্গতি মমতা দিয়ে সহানুভূতি দিয়ে দেখেন। এ'রা একটা বিল্ড ইওর ওন হাউস স্কিম করেছেন। আমি নিজে বন্যা বিধ্বস্ত অঞ্চল ঘুরে দেখে এসেছি—সেখানে আমাদের বলা হয়েছে যে, শাল ও টিন ইত্যাদি আপাততঃ পেলেই ঘর তৈরী করতে পারা যায়। সেজন্য আমি অনুরোধ করব যে, আপনাদের যা গ্রান্ট সেটা তাড়াতাড়ি দিন। কবে স্কিম করবেন, কবে কয়লা যাবে, কবে তারা ইট কাটবে,—তারপর ইট কাটার মতো মাটি আছে কিনা—এসব কিছুই ঠিক নাই। এগুলি হচ্ছে স্বপ্নবাদী স্কীম, যদি আপনারা পারেন পরে কার্যকরী করবেন, কিন্তু আপাততঃ আমাদের প্রস্তাবগুলি গ্রহণ করলে বাধিত হবো।

Shri Gobinda Charan Maji:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সম্প্রতি বন্যা সম্বন্ধে যে তথ্য দিয়েছেন তাতে বলা হয়েছে যে, পশ্চিমবঙ্গে ১১টা জেলায় অতিবৃষ্টির ফলে বন্যা হয়েছে। এবারে বন্যায় এবং ঝড়ে ১০৭টি প্রাণহানি হয়েছে। এবং ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৪৮ কোটি টাকা। কিন্তু আমাদের হিসেব মত ক্ষয়ক্ষতির পরিমাণ কম পক্ষে ২০০ কোটি টাকা। এবং এর কারণ স্বরূপ বলা হয়েছে অস্বাভাবিক অতিবৃষ্টি। এবং গত ৫০ বছরের মধ্যে এইরকম অস্বাভাবিক বৃষ্টি আমাদের দেশে হয়নি। আমরা জানি এই দেশে সাইক্লোন এবং ঝড় থেকে পরিত্রাণ পাবার কোন উপায় নাই। এমন কি অন্য কোন সভ্য দেশেও এর হাত থেকে পরিত্রাণ পাবার কোন উপায় আজ পর্যন্ত উদ্ভাবিত হয়নি। কিন্তু অতিবৃষ্টির দরুণ বন্যার হাত থেকে পরিত্রাণ পাবার অনেক পন্থা আবিষ্কৃত হয়েছে। কিন্তু সেই সমস্ত পন্থা আমাদের দেশে কতখানি কার্যকরী হয়েছে সেটাই একমাত্র বিবেচ্য বিষয়। আমাদের ডি ভি সি পরিকল্পনা হচ্ছে। বিগত অধিবেশনে আমরা পরিষ্কার-ভাবে জানিয়ে দিলাম যে নিম্ন দামোদর অঞ্চলে ডি ভি সি সম্পূর্ণরূপে বন্যা নিয়ন্ত্রণে অক্ষম। এবং দুর্গাপুরের দক্ষিণাঞ্চলে অতিবৃষ্টি হলে তা রোধ করতেও ডি ভি সি অক্ষম। টেনেসি ভ্যালির ইঞ্জিনিয়ার ভুরডুইন সাহেব যখন এই পরিকল্পনা প্রস্তুত করেন তখন এই ব্যবস্থা ছিল নিম্ন দামোদর অঞ্চলে যেসমস্ত নদী আছে সেগুলির সংস্কার করতে হবে। কিন্তু কার্যক্ষেত্রে দেখতে পাওয়া গেল যে নিম্ন দামোদর অঞ্চলকে সম্পূর্ণ উপেক্ষা করে উপরের অঞ্চলে ৪টা ড্যাম প্রস্তুত হল। যাতে করে নিম্ন দামোদর একেবারে মজে গেল। এবং উপর তলার আমতা চ্যানেল একেবারে মজে গেল। এতে আমাদের পশ্চিমবঙ্গে যে দুটি প্রধান নদী ভাগীরথী ও রূপনারায়ণ—যে দুটি নদী দিয়ে পশ্চিমবঙ্গে জল নিষ্কাশন হয় সেই দুটি নদী একেবারে মজে গেল। যে সরকারী তথ্য আমাদের পরিবেশন করা হয়েছে তা থেকে দেখতে পাই এ দুটি নদীর জল নিষ্কাশন করতে না পারার দরুণ আমাদের পশ্চিমবঙ্গে এত ভীষণ বন্যা হচ্ছে। এই দুটি নদী মজে যাবার কারণ যদি আমরা অনুসন্ধান করি তাহলে দেখতে পাই দামোদর ভ্যালী পরিকল্পনার ত্রুটির জন্যই আজকে ভাগীরথী, হুগলী, রূপনারায়ণ মজে যেতে বসেছে। এবং রূপনারায়ণ নদীর উপর যে রেলওয়ে ব্রীজ ও ন্যাশনাল হাইওয়ে ব্রীজ রয়েছে তার জন্য প্রচুর পরিমাণ জল আটকে যাচ্ছে। এইভাবে প্রচুর পরিমাণে জল আটকাবার ফলে ভাগীরথী তথা হুগলী নদীর যে দুটো

[5-35—5-45 p.m.]

প্রধান শাখানদী দামোদর নদী তথা রূপনারায়ণ নদীর জল প্রচুর পরিমাণে হুগলী নদী না পাবার ফলে হুগলী নদীর মোহনায় চড়া পড়ে যাচ্ছে। এজন্য কোলকাতা বন্দরেরও নাভিশ্বাস উঠতে আরম্ভ করেছে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে, যদি কোলকাতা বন্দরকে বন্যার হাত থেকে রক্ষা

করতে হয় তাহলে আগে নিম্ন দামোদর এবং নিম্ন রূপনারায়ণকে সংশোধন করতে হবে। নিম্ন দামোদর ও নিম্ন রূপনারায়ণকে সংশোধন করলে পর এই দুটি নদী দিয়ে উপরের জলধারা সমস্ত হুগলী নদীর মোহনায় গিয়ে পড়বে তাতে হুগলী নদীর মুখও ক্রমশ খুলে যাবে। এইভাবে হুগলী নদীর নাব্য এবং গভীরতা যদি বৃদ্ধি পায় তাহলে পশ্চিম বাংলা বন্যার হাত থেকে রক্ষা পাবে। এখানে রিলিফ নিয়ে বহু কথা বলা হয়েছে। গৃহ নির্মাণ ঋণ, চাষী ঋণ ইত্যাদি রিলিফ সম্বন্ধে বহু কথাও হয়েছে। কিন্তু আমি অন্য একটা বলতে চাই। দুর্দশাগ্রস্ত অঞ্চলের কলেজ ও স্কুলের ছাত্রদের পড়াশুনা বাদ দেবার উপক্রম হয়েছে। সেজন্য বলছি যে, তাদের সম্বন্ধে যেন বিবেচনা করা হয়। ইউনিয়ন রিলিফ কমিটি নিয়ে যে কথা উঠেছে—সে সম্বন্ধে কিছু বলতে চাই। বন্যার পরে ডাঃ রায় একটা প্রেস স্টেটমেন্টে বলেছিলেন যে, সমস্ত রিলিফ কমিটি ইউনিয়ান বোর্ডের মেম্বারদের সহযোগিতা নিয়ে রিলিফের ব্যবস্থা করবেন কিন্তু কার্যক্ষেত্রে আমরা দেখছি যে বহু স্থানে রিলিফ কমিটি ইউনিয়ন বোর্ডের সদস্যদের সঙ্গে কোন সহযোগিতা গ্রহণ না করে তারা নিজেরাই জি আর বিলি করছে। আমার বক্তব্য হচ্ছে যে যদি কেবলমাত্র সরকারী মনোনীত ২।১ জন লোক এক একটা ইউনিয়নে রিলিফের বিলি ব্যবস্থা করে তাহলে তাতে রিলিফের কার্য সুষ্ঠুভাবে হতে পারে না। এবং তাতে গণতন্ত্রের মর্যাদা রক্ষা হয় না এবং যেটা হয় সেটা শুধু দলীয় স্বার্থ রক্ষা হয়।

Shri Amarendra Nath Sarkar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৫৬ সালের বন্যার বিপর্যয়ের পর বাংলার মানুষ আবার এক প্রলয়ংকরী বন্যার সম্মুখীন হল। এই বন্যা সম্পর্কে মানুষের কতখানি হাত তা আমাদের ধারণা নেই। কোন কোন সদস্য বলেছেন যে এটা একটা ম্যান মেড ফ্লাড। কিন্তু আমার সঠিক ধারণা নেই যে মানুষ কি করে জল দিয়ে দেশকে ভাসিয়ে দিতে পারে? ১৯৫৬ সালের বন্যার পর এনকোয়ারী কমিটি হওয়া প্রয়োজন ছিল এবং তাদের যেসমস্ত সুপারিশ হোত সেগুলি যদি আমাদের গৃহীত হোত তাহলে হয়ত এ বছর বন্যায় আমরা এতখানি বিপদগ্রস্ত হতাম না। এ বিষয়ে আমি সরকারকে অবহিত হবার জন্য আবেদন করছি। আমাদের যেসব রিভার ভ্যালী প্রোজেক্ট হয়েছে—দামোদর, ময়ূরাক্ষী ইত্যাদি সেখানে সেচ পরিকল্পনার সঙ্গে সঙ্গে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনাও গ্রহণ করা হোক। ময়ূরাক্ষীতে ডাম তৈরী করা হয়েছে তা বন্যা নিয়ন্ত্রণের জন্য নয় সেকথা আমরা জানি। সেটা সেচ পরিকল্পনার জন্য হয়েছে। কঠোর হবে বলে মনে করে হয়ত মিহিরবাবু একটা কথা বললেন না সেটা আমি বলি। সেটা হচ্ছে যে ১লা তারিখে ম্যাসেনজোর ড্যাম থেকে যদি এত বেশী পরিমাণ জল ছাড়া না হোত তাহলে বীরভূম জেলার তিলপাড়া ব্যারেজ থেকে আরম্ভ করে কাঁদি সাবডিভিশান পর্যন্ত ভেসে যেত না। কাজেই এ বিষয়ে আমাদের অবহিত হওয়া দরকার। ইরিগেশান ডিপার্টমেণ্ট এবং মন্ত্রিমহাশয় এর দৃষ্টি আকর্ষণ করছি যে ভবিষ্যতে ম্যাসেনজোর ড্যাম থেকে যখন জল ছাড়া হবে তখন যেন একটা রেড সিগন্যাল দেওয়া হয়। অর্থাৎ এটা থাকলে জনসাধারণ জানতে পারবে যে জল ছাড়া হচ্ছে এবং তারাও তাহলে সেইমত ব্যবস্থা গ্রহণ করবে। আমি বিশেষ করে বীরভূম জেলার কথা বলব কেননা ১৯৫৬ সালের বন্যার পর এবারে আবার এই জেলা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে ওখানকার যাতায়াত ব্যবস্থা এবং টেলিফোন ব্যবস্থা সম্পূর্ণ বন্ধ হয়ে যাওয়ার ফলে প্রথমে সরকারী দপ্তরে বা সংবাদপত্রের অফিসে বীরভূমের কোন সংবাদই এসে পৌঁছাতে পারেনি। আমার সঙ্গে বর্ধমান স্টেশন-এ সাংবাদিক বন্ধুদের সঙ্গে দেখা হওয়ায় তাঁরা বীরভূমের বন্যার সমস্ত খবর জানতে পারেন এবং তারপরে কাগজে বিস্তারিত সংবাদ বেরোয়। সে যাই হোক, এটা সত্যি কথা যে বীরভূম জেলায় অজয় সম্পর্কে একটা পরিকল্পনা গ্রহণ করা একান্ত দরকার। তবে সে পরিকল্পনা যখন গ্রহণ করা হয়, হোক তার আগে আমি একটা কথা বলতে চাই যে বর্ধমান এবং বীরভূম জেলায় অজয়ের দুর্দান্ত বন্যাকে বন্ধ করার জন্য এতদিন পর্যন্ত যেসব জমিদারী এমব্যাঙ্কমেণ্ট ছিল সেগুলো ধ্বংস হয়ে গেছে এবং আমি ব্যক্তিগতভাবে ঐগুলো মেরামত করার জন্য সরকারের কাছে বহুবার আবেদন জানিয়েছি। কিন্তু আশ্চর্যের বিষয় যদিও ১৯৫৬ সালের বন্যার পর ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে এই বাঁধের কিছু অংশ তৈরী করা হয়, এবং কতক অংশ পরেও করা হয় কিন্তু আজ পর্যন্ত সেখানে আর এক ছটাক মাটিও দেওয়া হোল না বা কোন রকম মেরামতের কাজও হোল না। অথচ দেখছি সেগুলোর কোথায়ও ইঁদুরে গর্ত করেছে, কোথায়ও গরুতে ভেঙ্গে দিয়েছে আবার কোন কোন অংশ থেকে চাষীরা মাটি কেটে

নিয়েছে এবং যার ফলে বন্যার জল ঢুকে ঐসব অঞ্চল প্লাবিত করেছে। কাজেই দেখা যাচ্ছে যদি এগুলির মেরামতি কার্য যথাসময়ে করা হোত তাহলে বোধহয় এত ক্ষতি হোত না। তারপর ময়ূরাক্ষী থেকে আরম্ভ করে কান্দী সাব-ডিভিশন পর্যন্ত তার দু'কূলে যেসব জমিদারি বাঁধ ছিল সেগুলোর আজ চিহ্ন পর্যন্তও নেই—অথচ এগুলো রক্ষা করা একান্তই প্রয়োজন। তবে যদি এক্সপার্টরা মনে করেন যে বাঁধ বন্যাকে রোধ করা যায় না তা হলে অন্তত এটা করা দরকার যে সমস্ত নদীর স্পিল এরিয়া থাকার জন্য ঐ জায়গার গ্রামগুলি প্লাবিত করে সেখানে কন্টুর বাঁধ দেওয়া হোক যাতে সেই গ্রামগুলো রক্ষা পায়। এ ব্যাপারে এক্সপার্টরাও এই রকম মতামত দিয়েছেন। অজয় সম্পর্কে একটা পরিকল্পনা গ্রহণ করা দরকার কেননা প্রতি বৎসরই বর্ধমান, বীরভূম জেলার বহু অঞ্চল এই নদীর দ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকার ১৯৫০-৫১ সালে প্রায় ১॥ লক্ষ টাকা খরচ করে এই বীরভূম জেলায় একটা স্কিম করেছিলেন, যেটাকে বলে লাঙ্গলহাটা ড্রেনেজ স্কিম। এই স্কিম তৈরী করার ফলে যদিও কিছু অংশে চাষ আরম্ভ হলো কিন্তু কুয়ে নদীর জল সুষ্ঠুভাবে নিকাশ না হওয়ায় প্রায় ফিফটিন স্কোয়ার মাইলস এলাকা জলের মধ্যে চলে যায় এবং সমস্ত চাষ নষ্ট হয়ে যায়। কিন্তু এই স্কিম যদি পূর্বেই কমপ্লিট করা হোত তাহলে বহু জমির ধান বাঁচত এবং এই অঞ্চলটিও প্লাবিত হোত না। স্যার, আপনার মাধ্যমে আমি সরকারকে একথা বলতে চাই যে, যতক্ষণ পর্যন্ত সুষ্ঠুভাবে তাঁরা বন্যা নিয়ন্ত্রণ করতে না পারছেন ততক্ষণ পর্যন্ত আমাদের চাষীরা নদীর ধারে যে ধরণের বাঁধ দেয় সরকারের তরফ থেকেও সেই ধরণের বাঁধ দেওয়ার ব্যবস্থা করা হোক এবং সেগুলি টেম্পোরারি মেজার্স হলেও ভালভাবে রক্ষা করার ব্যবস্থা হোক। তারপর রিলিফ মেজার্স সরকার যা করেছেন তা ভালই হয়েছে এবং আমাদের জেলায় সরকারী কর্মচারীরা বেশ ভালভাবেই কাজকর্ম করছেন। কিন্তু এ বিষয়ে আরেকটা জিনিস লক্ষ্য করা দরকার, যেসকল চাষীরা ১০ বিঘার মত জমি চাষ করত যাদের সমস্ত জমির ফসল নষ্ট হয়েছে এবং যে খবর হয়ত সরকারী দপ্তরে এসে পৌঁছায়নি তাদের কিভাবে রিলিফ দেওয়া যায়। আমি মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছি যে সেই সমস্ত মধ্যবিত্ত চাষীরা রিলিফ, ডোল প্রভৃতি নেওয়ার পক্ষপাতী নয়। কাজেই এমতাবস্থায় তাদের কিভাবে রিহ্যাবিলিটেট করা যায় সেও একটা প্রশ্ন এসে দাঁড়িয়েছে। তবে আমার মনে হয় যেসব চাষীরা ৫ বিঘা থেকে শুরু করে ২০ বিঘা পর্যন্ত জমি চাষ করে তাদের ক্ষতির একটা এ্যাসেসমেন্ট করে তাদের ক্ষতিপূরণের জন্য সরকার পক্ষ থেকে রিলিফ-এর ব্যবস্থা করা দরকার।

[5-45—5-55 p.m.]

Sj. Phakir Chandra Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত অধিবেশনের শেষ দিনে বন্যা সম্পর্কে বিতর্ক হয়েছিল এবং যেদিন অধিবেশন শেষ হল তারপরের দিন আবার বান। ১৯৫৬ সালে যে বান হয়েছিল সেই সময় দামোদর উপত্যকার নিম্ন অঞ্চলে বারিপাত যা হয়েছিল উপরাঞ্চলে তত হয়নি। এ বছরে প্রথম যে বানটা হল তাতে নিম্নস্থানে যে পরিমাণ বারিপাত হয়েছিল সে পরিমাণ বারিপাত উপরের দিকে হয়নি। কিন্তু শেষের বানটাতে দেখা গেল উপরেও যেমন প্রচুর বারিবর্ষণ হয়েছিল নীচেও তেমনি হয়েছে। ১৯৫৮ সালে দামোদরে একটা প্রবল বান হয়েছিল। সেবারে উপর দিকের জলে বান হয়েছিল নীচের দিকের জলে হয়নি অর্থাৎ এই যে ১৯৫৬ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত যে কয়েকটা টিপিক্যাল সিচুয়েসান পাওয়া গেল তা থেকে একটু ভাল করে সমালোচনা করলে বোঝা যায় যে রিজার্ভার অপারেশান যাদের উপর নির্ভর করছে তারা যদি একটু সারকামস্পেকটিভ হতেন, একটু কনসাস হতেন তাহলে যে কটা ড্যাম আছে এই ড্যাম দিয়ে ফ্লাড বহুলাংশে কমান যেত, রোধ করা যদি নাও যেত। ডি ভি সির পক্ষ থেকে ঘোষাল বলেছেন যে আগস্ট-সেপ্টেম্বর বানের মাস। কিন্তু কথা তা নয়। ডি ভি সির রিপোর্ট থেকে পাওয়া যায় যে জুনের ১৫ থেকে অক্টোবরের ১৫ পর্যন্ত ফ্লাড সিজন। ১৯৪৩ সালে রাণ্ডিয়াতে যে বান হয়েছিল সেটা বড় বান বলে রেকরডেড হয়েছে বোধ হয় ৬ লক্ষ ৫০ হাজার কিউসেক ফিট হচ্ছে তার ইনটেনসিটি। ঐ হিসাব ধরে ড্যামে কতখানি জল ফ্লাড হিসাবে রাখা যায়, তার মিনিমাম ম্যাকসিমাম বেঁধে দেওয়া আছে। এবারে প্রথম যখন বান হল তখন বর্ধমানে ১ দিন কি ২ দিন আমরা দেখলাম দামোদরে ৪ পোয়া বান পেল। ১।২ দিন পরে দেখলাম প্রায় অর্ধেক, এখন অবশ্য ৩ পোয়া এইভাবে দেখছি। সেপ্টেম্বরের শেষ এবং অক্টোবরের ১লা এবং ২রা যে

জল এল সেই জল ৪ পোয়া কেন বোধ হয় ৬ পোয়া বান। এইরকম বান পূর্বে কখনও দেখা যায়নি। ৩ পোয়া বান যদি অল এ্যালং রেখে দেওয়া হত তাহলে একেবারে একসঙ্গে এতটা জল ছাড়ার দরকার হত না এবং যে বানটা হয়েছে, সেটা হত না। এই বানটা কি হয়েছে জানেন—এই বানটা ফ্লাড কন্ট্রোল হয়নি কন্ট্রোলড ফ্লাড হয়েছে। আগে বান আসত ১ দিন জোর ২ দিন কি ২॥ দিনের মধ্যে চলে যেত, কিন্তু এবারে যে বান এল তা যেন আর যেতে চায় না, এ যেন চিরস্থায়ী বন্দোবস্ত করে বসল। বহু ধান হেজে গেছে—লোকের মনে একটা ধারণা ছিল যে ডি ভি সি হয়েছে বান আর হবে না। লোকে নীচের জমিতে বাড়ী-ঘর করেছে, নীচের জমিতে চাষ করেছে, হঠাৎ বান এল, বাড়ী-ঘর-দোর গেল ধান গেল। এবারে উঁচু জমিতে জল গিয়ে ৮।১০।১২ দিন জায়গায় জায়গায় ১৫ দিন পর্যন্ত জল থেকে ধান শেষ করে দিয়েছে। এই কন্ট্রোলড ফ্লাডএ ড্যাম থেকে দুর্গাপুর ব্যারেজ পর্যন্ত লোকের বিশেষ কোন ক্ষতি হয়নি—ড্যাম বেঁচেছে, ইন্ডাস্ট্রিয়াল এলাকা বেঁচেছে—কিন্ত সরল চাষী মেরেছে। ফ্লাড কন্ট্রোল করা ডি ভি সির প্রাইমারি উদ্দেশ্য কিন্ত ফ্লাড কন্ট্রোলটা সেকেন্ডারি উদ্দেশ্য হয়ে গেল আর প্রাইমারি উদ্দেশ্য হয়ে গেল পাওয়ার। এভাবে আজকে লোকের মনে সন্দেহ জেগেছে যে বাস্তবিক এটা কি ঠিক যে দামোদর পরিকল্পনা ফ্লাড কন্ট্রোল-এর জন্য হয়নি, এটা কেবল পাওয়ার জেনারেট করবার জন্য হয়েছে এবং যারা ইন্ডাস্ট্রি করে ধনসম্পদ সৃষ্টি করছে তাদেরই সুবিধার জন্য এটা সৃষ্টি হয়েছে? যে এনকোয়ারি কমিটি সরকার নিয়োগ করতে চাচ্ছেন সেই এনকোয়ারি কমিটির কর্তব্য হওয়া উচিত লোকের মনে যে সন্দেহ জেগেছে সেই সন্দেহকে নিরসন করা। আর একটা কথা, ফ্লাড কন্ট্রোল-এর সঙ্গে সঙ্গে এ্যাসামপসন আছে যে ওয়াটার ওয়েতে কি পরিমাণ জল পাশ করবে। ডি ভি সির কর্তৃপক্ষ বোধ হয় জানেন না, কিংবা জানলেও তারা মনে রাখেন না, কিংবা মনে রাখলেও এটা কার্যকরী করার প্রয়াস পান না যে হাজামজা নদীগুলিকে পরিষ্কার করা একান্ত প্রয়োজন। সাধারণ যেটা জল নিকাশের রাস্তা—যেটা নানা কারণে অবসট্রাকটেড হয়ে গেছে, সেইজন্য জলনিকাশ যেভাবে হওয়া দরকার সেইভাবে হচ্ছে না—এটা যদি তাদের জানা থাকত তাহলে ভাল হত। আরে মশায়, মহালয়া সামনে, অমাবস্যায় কত জোয়ার বাড়বে বলে দিচ্ছেন কিন্তু যারা কর্তৃপক্ষ তাদের সেদিকে খেয়াল নেই যে অমাবস্যায় জোয়ার বাড়লে হুগলী নদীতে জল বাড়বে। তাদের খেয়াল আছে—লোক মরুক আর বাঁচুক—শুধু ড্যাম থাকলেই হল, ইন্ডাস্ট্রি থাকলেই হল।

Sj. Provash Chandra Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ২৪-পরগনা জেলায় বিভিন্ন থানা যেভাবে বন্যা বিধ্বস্ত হয়েছে সেকথা আপনার মারফত মাননীয় সেচমন্ত্রীর কাছে আমি উপস্থিত করছি। প্রথম কোলকাতায় দক্ষিণ পার্শ্ববর্তী অঞ্চল বেহালা, বিষ্ণুপুর, বজবজ, মহেশতলা, টালীগঞ্জ, সোনারপুর, ফলতা এবং মগরাহাট নিয়ে এই বিস্তৃত এলাকা দৈর্ঘ্যে প্রায় ২০ মাইল এবং প্রস্থে প্রায় ১৫ মাইল—এই এলাকার ৩ শো বর্গমাইল এলাকা সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে। শুধু এবারের বন্যায় যে হয়েছে তা নয়, বহু বৎসর ধরে এই এলাকা এইভাবে ওয়াটার লগড হয়ে গিয়ে একটা বিরাট জলবেষ্টিত এলাকায় পরিণত হয়েছে। এবং এ বছর এই বিরাট বন্যার ফলে এই বিস্তৃত এলাকায় প্রায় ১ লক্ষ ৯২ হাজার একরের মত জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা হিসাব করে দেখেছি যে প্রায় ৬৪ হাজার টনের মত খাদ্য এবারে ধ্বংস হয়েছে এবং তার ফলে এই অঞ্চলে প্রায় ২॥ কোটি টাকার মত খাদ্যশস্য ধ্বংস হয়েছে—প্রায় ২০ হাজারের মত গৃহ ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে এবং ২।৩ লক্ষ টাকার মত পানের বরোজ এবং অন্যান্য জিনিস ধ্বংস হয়েছে। এইভাবে বহু বৎসর ধরে ওয়াটার লগড হয়ে থাকায় একমাত্র কারণ হচ্ছে হুগলী নদীর সঙ্গে এই এলাকায় যে খালগুলি সংযুক্ত ছিল সেগুলি ধ্বংস হয়ে যাবার ফলে মজে যাবার ফলে এই বিস্তৃত এলাকা এইভাবে ধ্বংস হয়ে যাচ্ছে। এই খালগুলি সংস্কার করার জন্য বহুবার আমরা মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি—তিনি কয়েকবার বলেছেন গ্রেটার ক্যালকাটা স্কীমের মধ্যে এই খালগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু কেন্দ্রীয় গভর্নমেন্ট টাকা দিচ্ছেন না বলে এই খালগুলির কোন ব্যবস্থা করা যাচ্ছে না। অথচ আমরা জানি যে এ বছর যে পরিমাণ টাকা ক্ষতি হয়েছে সেই টাকারও কম টাকা লাগে এই খালগুলি সংস্কার করতে। সেজন্য আমি বলবো যে এই খালগুলির কাওরাপুকুর, চড়িয়াল এবং ডায়মন্ড হারবারের পার্শ্ববর্তী

খাল গোদাখালি খাল, কাটাখালি খাল, বলরামপুর খাল এবং গোয়াবেড়িয়া খাল এই কটা খাল যদি কাটান তাহলে পরে ৩ শো বর্গমাইল এলাকায় শস্য রক্ষা করা যায় এবং এই ৩ শো বর্গমাইল এলাকায় কয়েক লক্ষ কৃষক পরিবারকে এবং সাধারণ মানুষকে ধ্বংসের হাত থেকে রক্ষা করা যায়।

[5-55—6-5 p.m.]

আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় অবিলম্বে ডায়মণ্ড হারবারের পার্শ্ববর্তী এলাকার এই খালগুলি যাতে সংস্কার করা যায় তার ব্যবস্থা করবেন। আমার জেলা ব্যারাকপুর অঞ্চলের দুরবস্থার কথা মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাতে চাই। ব্যারাকপুরের সমগ্র এলাকায় ১৬টি মিউনিসিপ্যালিটি রয়েছে, সেই মিউনিসিপ্যালিটিগুলি বর্ষাকালে জলপ্লাবিত হয়ে যাওয়ায় তার পার্শ্ববর্তী গ্রামগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। তার কারণ ঐ হুগলী নদীর সঙ্গে ব্যারাকপুর ও তার পার্শ্ববর্তী গ্রামের যে খালগুলি সংশ্লিষ্ট ছিল সেগুলি মজে গিয়েছে। আমি এই খালগুলি সংস্কারের জন্য সরকারের কাছে বহুবার দাবী করেছি, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেই খালগুলি সংস্কারের কোন ব্যবস্থাই এ পর্যন্ত সরকারের তরফ থেকে করা হয়নি। যার ফলে সমগ্র ব্যারাকপুর, যেটা এতবড় একটা এলাকা, ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। শুধু তাই নয় সুন্দরবন অঞ্চলের বিভিন্ন এলাকায় নদীর বাঁধ ভেঙ্গে গিয়ে সন্দেশখালি ও তৎসংলগ্ন এলাকাগুলি জলপ্লাবিত হয়ে ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। বসিরহাটের ধানাকুড়িয়া এলাকাও এইভাবে বিধ্বস্ত হয়ে গিয়েছে। এই সমস্ত এলাকার খালগুলির কথা আমরা বারবার মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে উপস্থাপিত করেছি। তিনি জানেন যে, ধানাকুড়িয়া এলাকা এখনও পর্যন্ত সমুদ্রের মত হয়ে রয়েছে। বেহালা, বিষ্ণুপুর, বজবজ, মহেশতলা, টালিগঞ্জ, সোনারপুর, ফলতা ও মগরাহাট থানার বহু অঞ্চল ওয়াটার লগড হয়ে রয়েছে, সেই জল নিকাশের জন্য অবিলম্বে ব্যবস্থা করা দরকার। ২৪-পরগনা জেলায় কলিকাতার নিকটবর্তী স্থানে, এতবড় একটা অঞ্চল, প্রায় ৩০০ বর্গমাইল এলাকা, যেখানে খালগুলি রয়েছে এবং বনগাঁ অঞ্চলের যেসকল খাল ও সুন্দরবন এলাকার খালগুলি যদি সংস্কার করা যায় তাহলে ২৪ পরগনার যে শস্যভাণ্ডার, যাকে কংগ্রেস সরকার ধ্বংসের মুখে টেনে নিয়ে গিয়েছেন, তাকে বাঁচান সম্ভব হবে।

আমি আশা করি সেচ বিভাগের মন্ত্রীমহাশয় যে সমস্ত খালগুলির কথা বললাম, সেগুলি অবিলম্বে সংস্কার করবার জন্য গ্রেটার ক্যালকাটা স্কিম-এর মধ্যে এনে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রেখে, সমস্ত দিক বিবেচনা করে এই বিধ্বস্ত অঞ্চলকে রক্ষা করবার ব্যবস্থা করবেন এবং আজ খাদ্য সংকটের দিনে কয়েক হাজার টন খাদ্য উৎপাদনের ব্যবস্থাও করবেন।

এই কথা বলে আমি আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Sj. Haridas Dey:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এখানে আজ বন্যার বিষয় নিয়ে আলোচনা হচ্ছে। এ সম্বন্ধে সরকারী রিপোর্ট যা পেশ করা হয়েছে তা থেকে দেখা যাচ্ছে যে ১১টি জেলা বন্যা বিধ্বস্ত হয়েছে তার মধ্যে নদীয়া জেলা বেশী পরিমাণে বিধ্বস্ত হয়েছে। আজ খণ্ডিত নদীয়ার অবস্থা অত্যন্ত শোচনীয়। ১৯৫৬ সালের বন্যা যেতে না যেতে, আবার ১৯৫৯ সালের বন্যায় খণ্ডিত নদীয়ার প্রায় অর্ধেকের বেশী অংশ ধ্বংস বা বিধ্বস্ত হয়েছে। এই খণ্ডিত নদীয়ায় প্রায় ১০ লক্ষ একর জমি আছে, তার মধ্যে অর্ধেকের উপর বন্যা বিধ্বস্ত হয়েছে এবং ১৫ লক্ষ লোকের বাসস্থান নষ্ট হয়েছে ও সেখানে ৬ লক্ষ লোক বন্যা প্রপীড়িত হয়েছে। এখানে একজন মাননীয় সদস্য বলে গেলেন এই বন্যা ম্যান-মেড আমি তা জানিনা, তবে বৃষ্টিতে যে বহু ঘর, বাড়ী, জমি ধ্বংস হয়েছে এটা ঠিক। নদীয়ার যে কটি বড় নদী আছে—বক্রেশ্বর, জলঙ্গী, ইছামতী তা ছাড়া ছোট ছোট নদী এবং বহু খাল বিল, ডোবাও আছে। আগে আমরা দেখেছি বর্ষাকালে এই সমস্ত জায়গায় জল আসত—এদের গভীরতা তখন বেশী ছিল জল ধরত তার পরে জল বেরিয়ে যেত। এখন নদীগুলি মজে গেছে—বেশী জল ধরবার ক্যাপাসিটি না থাকায় অল্প জল হলেই বন্যা হয়ে যায়। সেজন্যে আমার মনে হয় বড় বড় বাঁধ, যেমন দামোদর উপত্যকা; এগুলির দিকে, যতদিন বন্যা কমিটি না হয়, বেশী জোর না দিয়ে এই সমস্ত নদী-নালাগুলি সংস্কারের দিকে বেশী নজর দেওয়া উচিত হবে। নদীয়া জেলা গেল বন্যায় যেভাবে নষ্ট এবং ক্ষতিগ্রস্ত হয়েছে তাতে দেখা যাচ্ছে ছ' লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে—তার মধ্যে বহিরাগত আছে অনেক, প্রায় তিন লক্ষ

লোক। এদের এত বেশী সংখ্যক লোক ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ বহিরাগত বন্ধুরা যত পতিত নীচু জমি ছিল সেখানে গিয়ে ঘরবাড়ী করেছেন—সেজন্যে অল্প জলেই বর্ষাকালে—ভেঙে যায় তারপর বন্যা হলে দুর্দশার আর অন্ত থাকে না। কিন্ড ইওর অউন হাউস পরিকল্পনায় নদীয়া জেলায় অনেক বাড়ী হয়েছিল—এক শান্তিপুরেই অনেকগুলি বাড়ী হয়েছে—সেখানে মাত্র ১৬টি বাড়ী নষ্ট হয়েছে। সেজন্যে আমি বলব এই স্কীম অনুসারে বহিরাগত বন্ধুরা যারা নীচু জমিতে আছেন তারা যাতে উঁচু জমিতে আসতে পারেন তার ব্যবস্থা যেন করা হয়। রিলিফ সম্বন্ধে এখানে আমার এক বন্ধু বললেন—রিলিফ দেওয়া হয়েছে কিন্ত কোন জেলায় কত দেওয়া হয়েছে তা তিনি বলেন নি। নদীয়া জেলায় নয় লক্ষ লোককে রিলিফ দেওয়া হয়েছে। প্রায় ৪০ হাজার মণ, গরুর খাবার এবং রবিশস্যের বীজ সাত হাজার মণ দেওয়া হয়েছে এবং জামা-কাপড় যা দেওয়া হয়েছে তাও বলা হয়েছে। সমগ্র নদীয়া জেলায় ৮২টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছিল তার ফ্যামিলি সংখ্যা ৪,৬৩৮টি এবং ৩৭,৬৯০ ব্যক্তি এতে এ্যাফেকটেড হয়েছিল, বাড়ী ধ্বংস হয়েছে ২,৮৯০টি এবং ক্ষতিগ্রস্ত হয়েছে ৬,১০৩টি—এইভাবে সমগ্র নদীয়াতে বন্যার তান্ডব চলেছে।

total acreage under crop affected

শান্তিপুরে হয়েছে ১৩,৮০০ মণ। শান্তিপুর থানার ছোলা, কলাই, পাট, মেস্তা নিয়ে ১৩,৮০০ মণ এ্যাফেকটেড হয়েছে। শান্তিপুরে যে সাহায্য দেওয়া হয়েছে তার মধ্যে গম দেওয়া হয়েছে ২৯,০০০ মণ, চাল দেওয়া হয়েছে ১,৬০০ মণ, চিড়া দেওয়া হয়েছে ১৪ হাজার ৩০ মণ। সুধীরবাবু বলেছেন এগুলি বাজে খরচ হয়েছে এবং যে মোটা টাকা চাঁদা উঠেছে সেগুলি রাখা হচ্ছে ইলেকশনএ খরচের জন্য। তিনিতো বাড়ীতে বসে কাগজ পড়েন, যদি বন্যা পীড়িত অঞ্চলে যেতেন তাহলে দেখতে পেতেন নদীয়াতে কংগ্রেস থেকে সাহায্যকল্পে যা খরচ করা হয়েছে বা বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান যে রিলিফ কাজ করেছে সেটা সত্যিই প্রশংসনীয়। তার পরে আমি সরকারকে বলব যে চাষীরা আগে বাঁধ কেটে জমিতে জল নিত পলি মাটি পড়বে বলে। এবারে দেখা যাচ্ছে যা বালি জমিতে উঠেছে তাতে অনেকদিন সেখানে চাষবাস হবে না। এই সমস্ত চাষীদের একটা দীর্ঘমেয়াদী সাহায্য দেওয়া দরকার।

[6-5—6-15 p.m.]

এবার দেখা গিয়েছে পলি মাটির বদলে বালি উঠেছে। সেই জায়গায় আসছে বছর কেন ২।৩ বছর ফসল পাবে না। সেই সমস্ত জায়গায় সাহায্য দেওয়া দরকার। এবং নদীয়ায় যে ২০টি টিউবওয়েল হওয়ার কথা—সেটা যাতে ফ্রি দেওয়া হয় তার জন্য সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

Sj. Dasharathi Tah:

অধ্যক্ষ মহোদয়, আপনার সময় মাপ করা তাই আমার বক্তৃতাও মাপ করা। অতএব গণ্ডূষ জলমাত্রেন সফরি ফরফরায়াতে। অধ্যক্ষ মহোদয়, আমরা দেখতে পাচ্ছি এতদিন ধরে গবেষণা করে যে, মন্ত্রীরা এক ধরণের জাতি। এরা স্ত্রীজাতিও নয়, পুরুষ জাতিও নয়—এদের দৃষ্টিভঙ্গীই এক ধরণের। আমাদের ভারতের প্রধান মন্ত্রী মহাশয় বন্যা দেখতে এলেন, বন্যার কান্নায় আমরা আর্তনাদ করছি আর উনি বললেন তোমরা হাস আর উঁচু জায়গায় ঘর তৈরী কর। কি উর্বর মস্তিষ্কের সতেজ গবেষণা, উঁচুতে ঘর বাঁধলে যে বানে সে ঘর ভাঙ্গে না—সে তো সকলেরই জানা আছে। যাই হোক এবারও দেখছি মন্ত্রীমহাশয়রা দুজনেই যা বললেন—বন্যামন্ত্রী এবং ত্রাণমন্ত্রী—তাঁরা কেবল তাঁদের ভালর দিকটাই বলে গেলেন, আর আমাদের মাননীয়া মন্ত্রী পুরবী মুখার্জী বোধহয় আরুণির মত আলিবন্ধন করছেন—বসে থেকে কিংবা শুয়ে থেকে জল আটকেছেন। কোথায় তাঁর সুস্থ দেহ নিয়ে তিনি জল আটকেছেন সেকথা পরিষ্কার করে বলা হয় নি। কিন্তু জনসাধারণের মধ্যে এমন ব্যাপারও হয়েছে, সেদিকে কিন্তু তাঁদের দৃষ্টি পড়েনি। এবা সব বললেন বন্যা—আমি বন্যার ব্যাপারে পরে আসছি। এখন ত্রাণের ব্যাপারটা বলি। বন্যা-রিলিফ করা হয়েছে বলা হল কিন্তু আসল কথাটি কই? অর্থাৎ রিলিফ দেওয়া বন্ধ করে দিচ্ছেন ১৫ই নভেম্বর থেকে তারপর রিলিফ দেওয়া হবে কি হবে না সেকথা নাই। আর একটা কথা নাই। যেমন ফ্লাড মিনিস্টার উঠলেন তেমনি ল্যান্ড রেভিনিউ মিনিস্টার উঠে যদি বলতেন যত জমি বানে ক্ষতি হয়েছে, ফ্লাড এ্যাফেকটেড হয়ে ধ্বংস হয়েছে সেগুলির খাজনা রেহাই হবে

তাহলে ভাল হত। আমরা তো এ দাবী করেই আসছি। এমন কি এ সম্বন্ধে কোন কোন জায়গায় কংগ্রেস প্রতিষ্ঠান থেকেও প্রস্তাব করা হয়েছে কিন্তু সে সম্বন্ধে কোন উচ্চবাচ্য নেই। এদিকে কিস্তি মাৎ করে ফেললেন, বললেন—এন্তার রিলিফ দিচ্ছি। কলাইটলাইএর বীজ দেওয়া হবে সব বলেছেন কিন্তু সেখানে পশুমন্ত্রীর দরকার ছিল অর্থাৎ বড় কথা হল ফডার-এর বা পশুখাদ্যের যে অবস্থা হয়েছে তার আর তুলনা নাই। গম ইত্যাদির বীজ আসছে বটে, পরে পরে আসছে কিন্তু সেটা বিলি হতে হতে বোধহয় শ্রীপঞ্চমী আসবে, মাঘ মাস হয়ে যাবে। তখন ঐগুলি আর বীজের কাজে লাগবে না শ্রীপঞ্চমীতে ভেজে খাওয়া হবে। অতএব সেদিকে বিশেষ দৃষ্টি দিতে বলছি। উপাধ্যক্ষ মহোদয়, বারবার বন্যা সম্বন্ধে দুর্ভিক্ষ সম্বন্ধে দৃষ্টিভঙ্গী পরিবর্তন করার জন্য আমরা সরকারকে জ্ঞানাঞ্জন সর্বদাই দিচ্ছি কিন্ত এদের সেদিকে দৃষ্টি নাই। "চোখের নজর কম হলে আর কাজল দিয়ে কি হবে?" সেদিকে দৃষ্টি নেই। আমরা বলছি কোন কোন ক্ষেত্রে ইচ্ছাকৃত বন্যার ব্যবস্থা করে রখা হয়েছে। সহরের পাশাপাশি স্থানে নীচু স্থানগুলিতে উদ্বাস্তুদের বসানো হয়েছে। নদীতে বন্যা না হলেও প্রতি বর্ষায় এদের বন্যা হবেই এবং ঘরও নষ্ট হবে। এটা স্বয়ং ভগবান এলেও বন্ধ করতে পারবে না। উদ্বাস্তুদের দেখেশুনে তাদের নীচু জায়গায় বাস করার ব্যবস্থা হচ্ছে, তাদের তো পারমানেন্ট বন্যা হয়েই আছে সে বন্যা তো সেখানে চিরকাল থাকবেই। ডি ভি সির কথা পরে বলছি। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মশায় বললেন পাকা ঘর খুব ভাল। আমিও বিশেষ করে বলতে চাই—কে না বলে ভাল? কাঁচা ঘরে কে বাস করতে চায়? "বিল্ড ইওর ওউন হাউস" চমৎকার ব্যবস্থা কিন্ত এটা "ডিগ ইওর ওউন গ্রেভ" হয়ে যাচ্ছে যে? ৩২০ টাকা না কত বরাদ্দ করছেন এক একটা ঘরের জন্য। বেশ ইট তৈরী হচ্ছে নরম নরম ময়ান দেওয়া! যে কয়লা দিচ্ছেন সে আবার পোড়ে না। সামান্য পরিমাণ কয়লায় কাজ হয় না, তাই এইরূপ খারাপ ইট হয়। যদি কো-অপারেটিভ ব্যবস্থা অনেকগুলো লোককে একসঙ্গে কয়লা দিয়ে যদি বড় বড় পাঁজা করিয়ে ইট পোড়াবার ব্যবস্থা হয় তাহলে কিছু কাজ হতে পারে। উপযুক্ত পরিমাণে এর বরাদ্দ বাড়ান উচিত নইলে যে বরাদ্দ করছেন তাতে কিছু হবে না। এতে ঘর হবে না কবর নির্মাণ হবে। সেজন্য টাকা খরচ করছেন ভাল কথা কিন্তু ভাল ব্যবস্থা যাতে হয় সেটাই বিশেষ করে বলি। অন্যদিক দিয়ে টি আর-এর ব্যবস্থা, এত করবেনই। খাজনা রেহাইয়ের কথা দূরে থাকুক এই বিপদের উপর আবার ঋণ আদায়ের জন্য ক্রোকের ব্যবস্থা হচ্ছে এবং এজন্য নোটিশ জারী হচ্ছে। একদিকে এরা রিলিফ দিচ্ছেন—অন্যদিকে দিচ্ছেন ক্রোক। এ যেন মা'র এক হাতে খড়্গ আর এক হাতে অভয়। বন্যায় সর্বস্বান্ত হবার পর এই ক্রোকী পরোয়ানায় চাষীরা আতঙ্কিত হয়েছে। সরকার হ'তে কড়া তাগাদা ও জরুরী চাপ আসছে তহসীলদারদের উপর যে খাজনা আদায় কর নইলে চাকরি যাবে। রিলিফ দেওয়াই যদি সত্যকারের উদ্দেশ্য হয় তবে এই সমস্ত ক্রোক ইত্যাদি বন্ধ করুন।

এবারে ডি ভি সির কথা একটু বলি। ডি ভি সি দামোদরের বন্যা নিয়ন্ত্রণ করেছেন বলেন, কিন্তু আমাদের অভিযোগ, পূর্বে দামোদরে বর্ষার সময়ই বন্যা হোত, কিন্তু ডি ভি সি বছরের সব সময়ই বন্যা করে রেখে দিয়েছেন। এর ফলে বাঁধহীন অরক্ষিত দক্ষিণ দামোদরের অধিবাসীদের স্বাভাবিক জীবনযাপন অচল হতে চলেছে। এই জল ছাড়ার একটা নির্দিষ্ট সময় ঠিক রেখে অন্য সময় জল বন্ধ বা হ্রাস করতে বললে, আমাদের সেচমন্ত্রী অজয়বাবু বলেন, আমার হাত নেই। ডি ভি সি আমার কথা শুনেন না। অথচ তিনি সেচমন্ত্রী। আমাদের পশ্চিমবঙ্গের সেচমন্ত্রীর পজিসনটা হচ্ছে "নীতবরের" ন্যায়। নীতবর উপাধি পান, টাইটেল পান, বরের পাশে বসতে পান, আদর যত্নও পান, কিন্তু 'কনে' ও বরপণ তার ভাগ্যে জুটে না। ডি ভি সি বলেন, কেরামত করে অনেক পরিমাণে বন্যা কমিয়েছি। সেটাও এক দিক দিয়ে কিছুটা ঠিক। আগে বড় বন্যায় যে পরিমাণ জল আসতো, ডি ভি সি হয়ে সেটার উচ্চতা কিছুটা কমেছে বটে, কিন্তু সব সময় জলাধার হতে জল ছাড়ার ফলে ঐ অঞ্চলের লোক গাড়ী পার করে বর্ধমানে আনত এখন সে উপায় নাই। দিনরাত জল ছাড়া হচ্ছে। রেডিও আছে, আকাশবাণী আছে, খবরের কাগজ আছে বিজ্ঞপ্তি দেবার বা প্রচারের কোন অভাব নেই খবরের কাগজে যেমন গঙ্গার জোয়ার ভাটার সংবাদ দেওয়া হয়। সেরূপ কোনদিন কত কিউসেক জলের প্রবাহ ছাড়া হচ্ছে তা জানালে দক্ষিণ দামোদর অধিবাসী সাবধান হতে পারে। ডি ভি সি যদি বলেন, এই দিন হতে ঐ তারিখ পর্যন্ত দামোদরের জল ছাড়া হবে না, গরু, গাড়ী প্রভৃতি হেঁটে পার হতে পারবে তা হলে আমাদের কিছু বলবার নেই। আমাদের অভিযোগ তাঁরা ইচ্ছা করে জল ছেড়ে দিচ্ছেন। আমি

ট্রান্স দামোদর এরিয়া অরক্ষিত বাঁধহীন অঞ্চলের, বন্যায় সৃষ্ট যেসমস্ত হানী হয়েছে এবং সেগুলি দিয়ে যে প্রবল জলস্রোত ঐ অঞ্চলে প্রবেশ করছে, সেদিকে দৃষ্টি দেবার জন্য সরকারকে অনুরোধ করেছি। সেচমন্ত্রীর স্থলে শ্রমমন্ত্রী ঐ ছামার কয়েকটি দেখতে গেলেন। দেখলাম বন্যা পরিদর্শনের নামে মন্ত্রী ও সরকারী কর্মচারীদের খুব নৌকা বিহার হোল। মন্ত্রীমহাশয় হানা পরিদর্শনকালে উপস্থিত বন্যাপীড়িতদের নিকট অনেক আশ্বাস দিয়ে এলেন কিন্তু সরকার হতে এ পর্যন্ত তার কোন ব্যবস্থাই হয় নাই। ঐ সময়ই 'বারামতী' হানা আটকে দিলেও দেশবাসী অনেকটা রক্ষা পেত। ১৯৪৩ সালে যখন দামোদরের বাঁধ বাঁধে মনিকহাটির নিকট হানা হয়, তখন সরকার হতে দিনরাত সহস্র সহস্র মজুর লাগিয়ে রাত্রে পেট্রোম্যাক্স জ্বালিয়ে ঐ হানায় বালির বস্তা ফেলে জলস্রোত আটক করা হয়। কিন্তু দক্ষিণ দিকে 'হানা' বাঁধার কাজে তাঁহাদের মাথা ব্যথা নাই কেন? ইচ্ছা থাকলে সরকার নিশ্চয়ই এটা বন্ধ করে দিয়ে রবিশস্য চাষের সুবিধা করে দিতে পারতেন। হানার জন্য সব সময়েই ঐ অঞ্চলে বন্যা হইতেছে এবং এজন্য সরকারই দায়ী। এত বন্যার পর সরকারী পরিদর্শনের পরও যখন 'বারামতী' হানা সরকার বাঁধলেন না, তখন আমরা দামোদর বন্যা প্রতিকার সমিতি হতে ২রা অক্টোবর ওটা বাঁধবার দিন স্থির করলাম। গত ১লা অক্টোবর বিধানসভার অধিবেশন শেষ হয়েছে ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর পবিত্র জন্মতিথিতে বাঁধ বাঁধতে যাবে—গিয়ে দেখি তুফান কোন খবর নাই কেউ বলল না। বৃটিশ আমলে দামোদরের বন্যা আসছে বলে পূর্ব হতে সংবাদ জানানো হতো—আগে থাকতে খবরটা বলে দিত। দামোদর বন্যা প্রতিকার সমিতির আন্দোলনের ফলে রায়না এবং খণ্ডঘোষে দুটো টেলিগ্রাফ অফিস ছিল তারা অন্ততঃ বলত বন্যা আসিতেছে আসিতেছে। কিন্ত এ'রা এ বিষয়ে নির্বিকার। মন্ত্রী মশাই নিজেদের উচ্ছ্বসিত প্রশংসা করে বললেন, সরকারী কর্মচারীরা খুব খেটেছে। কেউ যদি খাটে সেটা স্বীকার করতে আমাদেরও দ্বিধা নাই। ও'রা বলেন আমরা অপোজিসন থেকে নাকি ভাল জিনিসটা বলি না। আরে, ভাল তো করবেনই এজন্যই আপনাদের পোষা হচ্ছে তবে মন্দটা করেন বলেই যা সমালোচনার যোগ্য। মন্ত্রীমশাই বলেছেন দামোদর বন্যায় বর্ধমানে মিলিটারী খুব ভাল কাজ করেছে। তার নমুনা দিচ্ছি। জামালপুর হতে ৮ খানি মিলিটারী নৌকায় সমস্ত দিনে মাত্র ৮৮ মণ গম নিয়ে যাওয়া হয়েছে। তাও আবার ঐ জিনিস মুটেরা নৌকায় তুলে দিয়েছে এবং মাত্র কয়েক মাইল দূরে গিয়ে সেখানকার লোক নামিয়ে নিয়েছে। মিলিটারীরা মাত্র দয়া করে মোটরে নৌকাগুলি চালিয়ে নিয়ে গেছেন মাত্র এবং এই কয় মণ গম বহন করতে প্রায় ৫০ গ্যালন তেল পুড়েছে। অন্য দিকে ঐ মিলিটারী দলের খাদ্যের ব্যবস্থা করতে স্থানীয় কর্মচারীদের বন্যার কাজ ছেড়ে আটকে থাকতে হয়েছে। বরং বেশী নৌকাতেই অধিকাংশ গম বন্যাপীড়িত অঞ্চলে পাঠানো হয়েছে। আরো আশ্চর্য যখন বন্যা কম হল তখন মিলিটারী ডাকা হল আর যখন বন্যা বেশী হল তখন কিন্তু ডাকা হল না। চমৎকার ব্যবস্থা। বন্যার পরেই যখন দেশবাসী দামোদর পার হচ্ছেন তখনও সরকারী কর্মচারীদের দেখা নাই। এরোপ্লেনে করে চাল ফেলার ব্যবস্থা হোল। এই সেদিন ডি ভি সি-তে মাংস খেয়ে এলাম -পাঞ্চেত হিলে গিয়ে দেখে এলাম অবস্থাটা। যা হোক এটা সম্পূর্ণ হবার পর এর উদ্বোধন হোল কিন্ত সব জলাধারগুলি সম্পূর্ণ না করেই আগে থাকতে দুর্গাপুর ব্যারেজ উদ্বোধন করা হয়েছিল। পাঞ্চেত হিল বাঁধ কিন্ত আসলে গান্ধীজীর জন্মদিনেই অর্থাৎ ২রা অক্টোবর প্রকৃতপক্ষে উদ্বোধন হয়েছে, কেননা, ঐ দিনই ডি ভি সি পাঞ্চেৎ বাঁধের জল ছেড়ে দেশের সর্বনাশ করেছেন। (রেড লাইট) লালবাতি জ্বালালেন! আমার আরও কিছু বলার ছিল! কিন্তু বলে তো লাভ নাই। ডি ভি সির হাতে এত টাকা—ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট দিচ্ছেন কিন্তু তার কোন পাওয়ার নাই। সেচমন্ত্রী একেবারে যে নীতবর সেই নীতবর। সেচমন্ত্রীর এ বিষয়ে বক্তৃতা করা শোভা পায় না। তাঁর পরিষ্কার বলা উচিত, আমার কিছু বক্তব্য নাই—আমার কথা কেউ শুনে না, ডি ভি সি-ও মানে না কেউ মানে না—অতএব সেই জায়গায় আমি ঠুঁটো জগন্নাথ। পরিতাপের সঙ্গেই আমাকে বলতে হচ্ছে, ডি ভি সি ও দামোদর বন্যা নিয়ন্ত্রণ ব্যাপারে আমাদের সেচমন্ত্রী অজয়বাবু অজয় নহেন—পরাজয়।

[6-15-6-25 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বেহালার অঞ্চল সম্পর্কে বলছি, কলকাতার এত কাছাকাছি এবং এটা মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে হওয়া সত্ত্বেও সেখানে ২০০টা বাড়ী পড়ে

গিয়েছিল। এবং যে সমস্ত লোক প্রফুল্লবাবুর রিফিউজি স্কীমে বাড়ী তৈরি করে বসেছে তার অধিকাংশ বাড়ী গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেচমন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন তাঁর নাকের ডগা দিয়ে কলকাতা সহরের একটা অংশ টালি নালা গিয়েছে। টালি নালা যদি সংস্কার হত তাহলে টালিগঞ্জ রেলওয়ে ব্রীজের নিচে এবং পুটিয়ারী অঞ্চলগুলি এইভাবে বিধ্বস্ত হত না। এবং এত সব বসতবাড়ী পড়ে পড়ে যেত না। টালিগঞ্জের ব্রীজের নীচে অনেক জল হয় এবং মাঝের হাটের ব্রীজের নিকটও একই অবস্থা। ঐ অঞ্চলে হাইড্রেন্ট-এর জল ও বর্ষার জল উপরে উঠে। ফলে সেই সমস্ত অঞ্চলে জল সরাবার কোন ব্যবস্থা না থাকায় সমগ্র অঞ্চলটা জলে ডুবে যায়। কলকাতা সহরের ৫ মাইলের মধ্যে মনিখালি খাল বেহালা মিউনিসিপ্যালিটির পশ্চিম দিকে। সেখানে সেন্ট্রাল গভর্নমেন্ট ও পশ্চিমবঙ্গ-সরকারের সম্মিলিত চেষ্টায় একটা এরোড্রোম তৈরি হয়েছে; ফলে খালটা ব্লক্‌ড হয়ে গিয়েছে। সমগ্র অঞ্চলটাই একেবারে ব্লক্‌ড হয়ে গিয়েছে। একটা খালকে খাল ব্লক্‌ড হয়ে গিয়েছে; যার ফলে বর্ষার সময় সেই অঞ্চলে ৭।৮ ফুট জল দাঁড়িয়ে যায়। আমার দ্বিতীয় কথা হচ্ছে রিফিউজি টেনেমেন্ট করার সময় মিউনিসিপ্যালিটির সঙ্গে কনসাল্ট করা হয় নি, এর ফলে বড় বড় নালাগুলি ব্লক্‌ড হয়ে গিয়েছে। এই সম্পর্কে দপ্তরে বারবার লেখা সত্ত্বেও কোন রকম ব্যবস্থা অবলম্বন করা হয় নি। যদি মনিখালি খাল, টালি নালা ও চড়িয়া খাল সংস্কার করা হয় তাহলে প্রতি বছর বৃষ্টিপাতের দরুন সেগুলি পড়ে যাবে না। বেহালা অঞ্চলে প্রচুর শাকসবজি চাষ হয় কিন্তু এবারে বন্যার জলের জন্য তা নষ্ট হয়ে গিয়েছে।

সবশেষে আমি আরেকটা কথা বলতে চাই যে রিফিউজিদের যেসব জায়গায় নিয়ে রাখা হয়েছে তাদের নিয়ে আপনারা কি করবেন? তাদের কি সাহায্য দেবেন তাদের বাড়ীগুলি নষ্ট হয়ে যাবার জন্য? এই সমস্ত ব্রীজের নীচে জল উঠে সমগ্র এলাকায় বাস চলাচল বন্ধ হয়ে যায় তার বা আপনারা কি ব্যবস্থা করছেন? কলকাতার বুকের উপর নৌকা চলে এটা কি আপনারা জানেন? আর আমি জিজ্ঞাসা করতে চাই টালি নালা আপনারা সংস্কার করবেন কি না? কেওড়াপুকুর খালের কথা আমরা বহুবার এখানে বলেছি তারও কোন ব্যবস্থা আপনারা করেন নি। আশা করি মন্ত্রী মহাশয় এই সমস্ত সংস্কার করবেন কী না তা বলবেন।

Shri Panchanan Bhattacharjee: Sir, in the year 1956, i.e., just after ten months of the flood of 1955, Shri Guljarilal Nanda presented a report before the members of Parliament wherein he made the following remarks —"Improvement of drainage—In many flooded areas, specially in the Ganga basin there is no adequate natural drainage with the result that intensive local precipitation causes immense damage. This has been the result of the 1955 flood and floods which have occurred during the current year. Efficient drainage systems including channel improvements will, therefore, have to be planned". So this was the policy declaration with regard to flood control in the Ganga basin in West Bengal. What do we find? The West Bengal Second Five-Year Plan started from 1956, i.e. just after ten months of the declaration of Shri Guljarilal Nanda. In Chapter VIII of the Government publication, "West Bengal Second Five-Year Plan", we find under heading "Irrigation Schemes", the D.V.C. Project, contour survey of areas, hydrological survey, Ganga Reservoir and Amta Basin Drainage Scheme, Greater Area Kalaberia Khal re-excavation, River Research Institute, Mayurakshi Reservoir Project and so on After that, in 1957, the general assessment of principles and policies enunciated by the High Level Committee on flood was published. But since 1957 we are unfortunate in not having any of the recommendations of that High Level Committee on floods implemented here in West Bengal, and how, I shall try to explain in my own way. We are after dams, we are after reservoirs, but if we go through an old book written by late Satish Chandra Majumdar, an Executive Engineer or the Chief Engineer of the then Bengal—'River Problems in Bengal', we shall find, there he stated that embankments are bound to become disastrous. He spoke against embankments, and if we go through the various reports prepared by

at least two committees and the remarks made by Sir M. Viswessaraya on Orissa floods, we shall find the same conclusions, viz., embankments cannot do away with the disastrous effect of excess water during the rainy season.

[6-25—6-35 p.m.]

So, experts have suggested various ways and means and some of the suggestions are to be found in the report of the High Level Committee on floods. Of course, the efficacy of embankments is to be found in Agartala. There the Agartala town is surrounded by high embankment and the result is during the rainy season no down hill water can enter into the area. So, if we go through the preventive measures suggested by the High Level Committee's report on floods we shall see that they are five in number—to store or tighten the excess volume of flood flows present, one reservoir and two detention basis. We are having only stress on reservoirs. That is the pathetic side of the whole controversy concerning D.V.C. We are taking expert opinions—and laymen, they are lying on opinions like Shri Kopila Bhattacharjee and other gentlemen. Unfortunately, they do not go through the whole nature of the problem. I know the head of the Assam Engineering College and one of the experts of the Bengal Engineering College, have expressed contrary views which are in some way in keeping with what has been expressed by non-official experts or amateurs However, we have only known one method—that is, the West Bengal Government and West Bengal experts—of flood control, viz., that through the reservoirs, but the question of having detention basins has perhaps never cropped up during all these years, i.e., up to the time of declaration of flood control policy by Shri Galjarilal Nanda in 1956. In the framing of the Second Five-Year Plan detention basins have been neglected. We do not find any arrangement for improvement and enlargement of channels; no arrangement for diversion of a part of flood discharge is to be found. There is no scheme in the whole story of the Second Five-Year Plan presented by the Government and distributed among the members. Only one suggestion came forth from Pandit Nehru, i.e., raising habitation above flood heights. Perhaps he remembered only one suggestion. I would suggest that soil conservation will help controlling floods. And finally, I shall suggest, and there is some hint in that report of the High Level Committee on Floods, about flood insurance. Is it not possible for you to start flood insurance in Bengal? In this respect my experience is that step-motherly treatment is being meted out to people, particularly in areas which are not being favoured or which have not been favoured by voters during the last general election in support of the Congress—that is my experience in my constituency, viz. Noapara. I would suggest to the Government to see that at least seeds for foodstuffs which can be swon during this season are distributed in proper measure and in proper quantities, and that can accord some relief to the hapless flood-stricken people.

Sj. Shyama Prasanna Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য মোটামুটি দামোদর অঞ্চলের উপরে সীমাবন্ধ রাখব। ডি ভি সি-তে প্রায় ১ শত কোটি টাকার উপর খরচ করা সত্ত্বেও আমরা এবং হাওড়া জেলার লোকেরা বন্যায় যে দুর্ভোগ ভোগ করছি তা অত্যন্ত অদ্ভুত ব্যাপার। বর্তমান বিজ্ঞানের যুগে এত টাকা খরচ করার পর এধরনের ঘটনা ঘটা শুধু আশ্চর্য এবং লজ্জার কথাই নয় বরং অত্যন্ত কলঙ্কজনক। এখন দামোদরের আপার ক্যাচমেণ্ট এরিয়া হোক আর লোয়ার ক্যাচমেণ্ট এরিয়াই হোক তার দু-দিকে যে ম্যাক্সিমাম রেনফল হয় সেটা হিসেব করা দরকার এবং ভুরদিন কমিটিও এই ম্যাক্সিমাম কজেস অফ রেনফল-এর একটা হিসেব করার চেষ্টা করেছিলেন। কিন্তু সেসব ব্যবস্থা বা ড্রেনেজ-এর কথা যা বলা হয়েছিল তা যখন অস্বীকার করা হয়েছে তখন যদি বন্যা হয়ে থাকে বা বাঁধ ভেঙ্গে থাকে তাহলে কাকে যে দোষ দেব তা আমি বুঝতে পারছি না।

এখানে বিনয় চৌধুরী মহাশয় বলেছেন যে এটা ম্যানমেড ফ্লাড—আমার মনে হয় তিনি ঠিকই বলেছেন। তারপর ফকিরবাবু বললেন যে হাওড়া, বর্ধমান ও হুগলী জেলার জল মোটামুটি এই হাওড়া জেলা দিয়েই যায়, কেন না সেখানকার লোক বলে যে অন্যান্য বারে যখন বন্যা হয়েছিল তখন ২।৩ দিনের মধ্যেই জল নেমে যেতে, কিন্তু এবারের বন্যার জল অত তাড়াতাড়ি নামল না। এ সম্বন্ধে যতদূর বুঝতে পারছি তাতে মনে হয় যে ড্রেনেজ ব্যবস্থা নষ্ট হয়ে যাওয়ায় এবং দামোদর বুজে যাওয়ায় এরকম অবস্থা হয়েছে এবং তার ফলে কোন প্রতিকার হয় নি। তারপর আমার অভিজ্ঞতা থেকে হাওড়া জেলা সম্বন্ধে আরেকটা কথা বলতে পারি যে, অন্যান্য বৎসর যতখানি উঁচুতে সাধারণতঃ জল ওঠে লোকেও সেইমত করে ঘরবাড়ী তৈরি করে কিন্তু এবারে সেই উচ্চতার সীমা ছাড়িয়ে যাওয়ার ফলে লোকের ক্ষতির পরিমাণ বেশী হয়েছে। যদি এনকোয়ারি হয় তাহলে আমরা জলের উচ্চতা যে এবারে বেশী হয়েছে তা প্রমাণ করিয়ে দিতে পারব কেন না এখনও লোকের ঘরের জানালা দরজায় জলের দাগ রয়েছে। হাওড়া জেলায় প্রচুর লোকের বাস এবং এখানে হাজার হাজার মণ ধান, রবিশস্য এবং পানের বরোজ নষ্ট হওয়ায় এই জেলার লোকের অপূরণীয় ক্ষতি হয়েছে। তারপর যদিও সরকার এখানে রিলিফ দেওয়ার ব্যবস্থা করেছেন কিন্তু দেখা যাচ্ছে যে সেই রিলিফ কমিটিগুলি সবই সরকারের পোষ্যপুত্র হয়ে কাজ করছে এবং এর ফলে সে জায়গার আরও ক্ষতি হচ্ছে। আমি একটা উদাহরণ দিচ্ছি। ইউনিয়নে রিলিফ কমিটির একজন মেম্বার বলেছেন আমাদের ওয়ার্ডে রিলিফ দিলে তাদের নামের লিস্ট ঢোকান হবে তা না হলে তাদের রিলিফ দেওয়া হবে না। এর ফলে সেখানে বহুদিন রিলিফ আটকে রইল এবং যার জন্য বন্যায় পীড়িত লোকেরা কোন সাহায্য পেল না। জনসাধারণের সহযোগিতা যাতে না হয় সেইভাবে রিলিফ কমিটিগুলি কাজ করছে। এবারের বন্যায় দেখবেন যে ইংরেজ আমলে যা সম্ভব ছিল এখন তাও হয় নি। কংগ্রেস রিলিফ কমিটিগুলি ব্যক্তিগতভাবে অনেক জায়গায় রিলিফ দিয়েছেন। এই ব্যাপারে একমাত্র পি আর সি ই কার্যতঃভাবে রিলিফ দিয়েছে। এই প্রসঙ্গে আমি ২।১টা কথা আরও বলতে চাই। আপনারা টেস্ট রিলিফ দিয়ে যদি সত্যি সত্যি কাজ চান তাহলে তাদের ১৷৷০ আনা রেজ দিতে হবে এবং যাতে ১।২।৩ ফসলা ফসল হয় তার চেষ্টা করুন। এবারে বন্যাপীড়িত অঞ্চলে খাজনা মকুব করার ব্যবস্থা করুন। আর একটা কথা হচ্ছে যে যেটুকু বাস্তু নিষ্কর সেটুকুন দয়া করে নোটিস দিয়ে জারী করুন যাতে বন্যাপীড়ির অঞ্চলে আইনে যেটুকুন পাওয়া উচিত সেটা পেতে পারে। এইসব করলেই লোকে বুঝবে যে তাদের বাঁচবার জন্য আপনারা কিছু করছেন।

Sj. Ananga Mohon Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা সত্যি যে এ বৎসরে বাংলাদেশের অধিকাংশ জেলাতেই বন্যা হয়েছে। এই বন্যা হওয়ার জন্য সরকারের তরফ থেকে কতকগুলি কারণ দেখান হয়েছে। একটা কারণে ও'রা বলেছেন যে এই বৎসরে যে জল হয়েছে প্রায় ১০০ বৎসরে এই রকম জল হয় নি এবং তার জন্য উপরের দুটো ড্যাম উপচাইয়া অতিরিক্ত জল-চাপে ময়ূরাক্ষী ও দামোদর নদীতে প্রবল বন্যা দেখা যায়। ও'রা এও বলেছেন যে এই বন্যায় বহু লোকের ক্ষতি হয়েছে, ঘরবাড়ী ও ফসল নষ্ট হয়েছে। এই বন্যার ফলে সরকারকে নানা দিক দিয়ে সমালোচনার সম্মুখীন হতে হয়েছে। কিন্তু এই সমালোচনা করার পূর্বে আমি বলব যে শুধু সমালোচনা না করে সরকারকে পথ বাংলান উচিত। আমাদের দেশে যেসমস্ত নদী আছে সেই নদীগুলো দুই প্রকারের—কতকগুলি নদী মাঠের জল নিয়ে আসে এবং বাকী কতকগুলি নদী পাহাড় থেকে জল নিয়ে আসে।

[6-35—6-45 p.m.]

এই দুই প্রকারের নদী যখন জল বয়ে নিয়ে আসে তখন আসতে আসতে উহার মাঝখানটা চওড়া হয়ে যায়, কিন্তু চওড়া হবার পরে যখন অন্য একটা বড় নদীর সঙ্গে অথবা সাগরের সঙ্গে মিশে তখন উহার মুখটা ছোট হয়ে যায়। এই ছোট হওয়ার ফলে বর্ষাকালে অতিরিক্ত জল হ'লে নদীর মাঝের চওড়া অংশ যখন ফেঁপে ওঠে তখন বন্যা হয়। এই দিক থেকে সরকারকে অনুরোধ করব যেখানটায় ফল অফ দি রিভার হয়েছে সেখানটায় নদীকে উপযুক্ত চওড়া করে দেওয়া হোক। যে সমস্ত নদী আঁকাবাঁকা হয়ে চলেছে সেগুলিকে সোজা করে দেওয়া হোক, তা না হলে বন্যা বহুদিন স্থায়ী হবে। ডি ভি সি বাঁধ করে, ময়ূরাক্ষী বাঁধ করে কয়েকটা জেলার

উপকার হয়েছে। বাংলাদেশে বহু নদী আছে, সবকটা নদীর পরিকল্পনা একদিনে হতে পারে না, দীর্ঘদিন আমাদের অপেক্ষা করতে হবে। বন্যা রোধ করতে গেলে সুপরিকল্পিত পরিকল্পনা নিয়ে সরকারকে এগিয়ে যাবার জন্য আমি অনুরোধ করছি। রিলিফ সংক্রান্ত বিষয়ে যেসমস্ত সমালোচনা হয়েছে, আমি মনে করি, এইগুলি সমস্ত ভুল বলা হয়েছে। কেন না রিলিফ ব্যাপারে সরকার যথেষ্ট কাজ করছেন। আমরা তো দেখছি যখন যেখানে একটা বিপদ এসেছে বন্যার জন্য হোক বা যে-কোন কারণে হোক বিপদ এসেছে, সরকারের তরফ থেকে অবিলম্বে সেখানে সাহায্যের ব্যবস্থা করা হয়েছে, যেখানে বন্যাতে লোক আটকে গেছে সেখানে নৌকার ব্যবস্থা করে তাদের রেসকিউ করার ব্যবস্থা হয়েছে। সাংঘাতিক বন্যা হওয়ার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে সাহায্য পাঠান হয়েছে। কাজেই রিলিফের দিক থেকে অনেক কাজ হয়েছে। তারপর রিলিফ কিভাবে দেওয়া হয়। প্রথমে গ্রাচুইটাস রিলিফ দেওয়া হয়, ডোল দেওয়া হয় ইত্যাদি। এই ডোল কম দেওয়া হয়েছে একথা ঠিক নয়। আমি যতদূর জানি যে সমস্ত ইউনিয়ন সম্পূর্ণরূপে বন্যা-বিধ্বস্ত হয়েছে সেই সমস্ত ইউনিয়নের শতকরা ৫৫ থেকে ৬০ জন লোককে ডোল দেওয়া হয়েছে এবং যেসমস্ত ইউনিয়নে কম দেওয়া হয়েছে সেইসকল ইউনিয়ন কম অ্যাফেকটেড হয়েছে। বিভিন্ন জেলার কলেক্টর অবস্থা বিচার করে রিলিফের যেরূপ হিসাব পাঠান সেরূপ ব্যবস্থা নেওয়া হয়। তারপর টেস্ট রিলিফ সংক্রান্ত বিষয়ে অনেক বলেছেন। টেস্ট রিলিফ স্কীমে ১৪ রকম কাজের ব্যবস্থা আছে—খাল খনন, পুকুর তৈরি করার ব্যবস্থা, পুকুর সংস্কার করার ব্যবস্থা, গ্রামের ভেড়ির বাঁধ করা ব্যবস্থা ইত্যাদি বিভিন্ন রকমের টেস্ট রিলিফের ব্যবস্থা আছে। কিন্তু টেস্ট রিলিফে বর্তমানে যে রেট দেওয়া হয় তা বাড়ান দরকার, কারণ ঐ রেট যৎকিঞ্চিৎ। আর একটা কথা হচ্ছে—রিলিফ ডিপার্টমেন্টটা অস্থায়ী কেন রেখেছেন। এটা ঠিক নয়, কারণ বাংলা-দেশে প্রায়ই বিপদ লেগে আছে—অতিবৃষ্টি, অনাবৃষ্টি লেগেই আছে। কাজেই এটাকে স্থায়ী বিভাগ করা হোক। এই কয়েকটি সাজেসন সরকারের কাছে উপস্থিত করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Saroj Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বাংলাদেশের বন্যা এবং তার সঙ্গে দামোদর ভ্যালি কর্পোরেশন নিয়ে অনেক কিছু আলোচনা হয়েছে; আমি সেদিক থেকে মুখ্যতঃ বলতে চাই না আমরা বাংলাদেশের মানুষ একটা কথা বুঝতে পারি যে বন্যা এবং দামোদর পরিকল্পনা নিয়ে এখানে এবং সারা বাংলাদেশে তীব্র সমালোচনা হওয়ার পর অন্ততঃ একটা জিনিষ হয়েছে, সেট হল বড় বড় ইঞ্জিনীয়ারদের নিয়ে একটা কমিটি করা হয়েছে এবং সেই কমিটিকে একটা রিপোর্ট তাড়াতাড়ি দিতে হবে, সেকথা প্রধানমন্ত্রী নেহেরু বলেছেন। সে দিক থেকে দামোদর ভ্যালি কর্পোরেশন একটা কথা স্বীকার করে নিয়েছেন যে উচ্চ উপত্যকায় বন্যা নিরোধ বাঁধ যদি বাঁধ যায় তাহলে তাতে নীচের অঞ্চলের বন্যা নিরোধ করা যায় না। সেদিক থেকে মেদিনীপুর জেলা সম্পর্কে একটা কথা বিশেষ করে সেচমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে বাঁকুড়ায় একট কংসাবতী বাঁধ হচ্ছে যার সঙ্গে মেদিনীপুরের ঘনিষ্ঠতম সম্পর্ক আছে। সেদিক থেকে আমি একটা কথা বলতে চাই যে মেদিনীপুর জেলার নিম্ন অংশে কংসাবতী, শিলাবতীর সুষ্ঠু জল-নিকাশের ব্যবস্থা না করে কংসাবতী বাঁধ নির্মাণ করা যদি হয় তাহলে ভবিষ্যতে মেদিনীপুর জেলার যথেষ্ট সর্বনাশ হবার সম্ভবনা আছে, কারণ সেখানের বাঁধে যেসমস্ত জল থাকবে সেই সমস্ত জল যখন ছাড়া হবে নীচের নদীগুলি যদি পরিষ্কার করা না যায় তাহলে হঠাৎ বন্যা হবার সম্ভাবনা আছে। আপনি গতবার যে রিপোর্ট দিয়েছিলেন তাতে ঘাটাল সম্পর্কে একট হতাশাজনক কথা বলেছেন। ঘাটাল সম্পর্কে কোন সুষ্ঠু পরিকল্পনার কথা বলেন নি। সেজন আমি একটা কথা বলতে চাই যে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় একটা ডিভাসটেটেড বন্যা হয়ে গেল, সেইজন্য অবিলম্বে একটা প্রস্তাব এখানে রাখতে চাই যে ঘাটাল থেকে ফুলেশ্বরি পর্যন্ত রূপনারায়ণের প্রসারতা যেটা হয়েছে সেটাকে কমিয়ে দিয়ে গভীরতর একটা ব্যবস্থা কর দরকার যাতে সেখান দিয়ে সুষ্ঠুভাবে জল বেরিয়ে যেতে পারে। ঘাটালের উপর একটা বন্দর আছে, সেই বন্দরের কাছে শীলাবতী, দামোদর ও দারকেশ্বরের যেটা মোহনা তার গভীরতা আরও বৃদ্ধি করা দরকার যাতে সুষ্ঠুভাবে জল নিকাশী হতে পারে। এই ব্যবস্থা যদি না করা যায় তাহলে আজকে কংসাবতী বাঁধ দিয়ে কিছু জলসেচের ব্যবস্থা হয়ত হতে পারে কিন্তু বন্যার

দিক থেকে আরো খারাপ অবস্থা মেদিনীপুর জেলায় হতে পারে। প্রফুল্লবাবু যখন প্রাথমিক রিপোর্ট দেন তখন তিনি খুব বড় বড় কথা বল্লেন এবং তিনি কেবল মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার কথা বললেন কিন্তু মেদিনীপুর জেলায় তমলুক মহকুমার তমলুক থানা, পাঁশকুড়া থানা, গড়বেতা থানার সদর মহকুমা, কেলপুর থানায় ব্যাপকভাবে বন্যা হয়েছে। এই বন্যার প্রধান কারণ হচ্ছে শীলাবতী নদীর বেড ক্রমশঃ উঁচু হয়ে গেছে এবং কেলপুরের কুবাই প্রভৃতি নদীর সংস্কার না করার জন্য তার বেড উঁচু হয়ে গেছে। তমলুক এবং পাঁশকুড়ায় যে বন্যা হয়েছে তার প্রধান কারণটা মন্ত্রী মহাশয়ও জানেন যে রূপনারায়ণ থেকে যেসমস্ত ড্রেনেজ খাল-গুলি গ্রামের ভেতর দিয়ে গেছে সেই সমস্ত ড্রেনেজ খালগুলি পরিষ্কার নেই—স্লুইস গেটগুলিও নষ্ট হয়ে গেছে যার ফলে রূপনারায়ণের জল ঢুকে খুব ব্যাপকভাবে বন্যা হয়েছে। তমলুকের ৭টা ইউনিয়নে এবং পাঁশকুড়ার ৯টা ইউনিয়নে এইভাবে ব্যাপকভাবে ক্ষতি হয়েছে। একটা কথা প্রায় সকলেই বলেছেন বন্যা সম্পর্কে প্রচার করা হয় যে এটা একটা দৈব দুর্বিপাকের মত এসে গেল, করার কিছু ছিল না। এখানে অন্ততঃ একটা লোককে ক্রিটিসিজম বাংলা সরকারের করা উচিত যে, যেটুকু তাঁরা করতে পারতেন সেটুকু সম্পর্কেও তাঁরা যথেষ্ট অবহেলা দেখিয়েছেন। কারণ মেদিনীপুর জেলায় যেসব ছোটখাট নদীগুলির কথা বললাম সেগুলি পরিষ্কার করে সুষ্ঠুভাবে যদি জল নিকাশের ব্যবস্থা হোত তাহলে এরকম হোত না। তা ছাড়া কোন কোন জায়গায় যেখানে নদী সাময়িকভাবে বুজে গেছে, সেখান থেকে এই বন্যার ফলে যাতে ক্ষতি না হয় সেজন্য গ্রামবাসীরা বহুবার সরকারকে সাজেসন দিয়েছে নদীর ধারে যাতে বাঁধ করা যায়। এই সূত্রে মন্ত্রী মহাশয়কে একটা কথা জানাতে চাই যে গত বছরের আগের বছর কেলপুর থানার ১১নং এবং ১২নং ইউনিয়নের গ্রামবাসীরা জানিয়েছে বিবেকপুর থেকে সীতাঘাট পর্যন্ত কবাই নদীর যেখানে একটা বাঁধ দেওয়া দরকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মারফত এটা জানানো হয়েছিল। তিনি জানিয়ে দিলেন যে এই বাঁধটা দেওয়ার প্রয়োজনীয়তা আছে—তা না হলে বন্যা হতে পারে কিন্তু তা হোল না। ফলে দেখা গেল ১১নং ও ১২নং ইউনিয়ন ভীষণভাবে ডিভাস্টেটেড হয়েছে। কাজেই ছোটখাট এমন কিছু কাজ আছে যে ভাল করলে বহু জায়গায় বন্যা নিরোধ করা যেত। সুতরাং এক কথায় বলা যায় একদিকে সরকারের অবহেলা যথেষ্ট রয়েছে, অপর দিকে সাধারণ মানুষের প্রতি মমতাবোধ বা তাদের স্বার্থ সংরক্ষণের যে দৃষ্টি সে দৃষ্টি সরকারের নেই—এটা অন্তত স্বীকার করে নিতে হবে। দ্বিতীয় প্রশ্ন হোল কিভাবে ক্ষয়ক্ষতি হয়েছে তার যে হিসাব রিপোর্টে দিয়েছেন সে সম্বন্ধে একটু বলতে চাই এবং মন্ত্রী মহাশয়ের কাছ থেকে তার জবাব চাই। আমরা নিজেরা খোঁজ করে স্ট্যাটিস্টিকস নিয়ে দেখেছি কোন মৌজায় হয়ত দেখলাম ১॥শো একর জমি সম্পূর্ণরূপে ডিভাস্টেটেড হয়েছে কিন্তু সরকারী রিপোর্টে দেওয়া হয়েছে ৮০ একর। খোঁজ নিয়ে ডিপার্টমেন্ট থেকে জানতে পারা গেল যে ১৯৪৪-৪৫-এর যে ঈশাক রিপোর্ট ছিল সেই ঈশাক রিপোর্ট অনুযায়ী তারা হিসাব করেছেন—অদ্ভূত লাগলো শুনে।

[6-45—6-55 p.m.]

মেদিনীপুর সম্পর্কে আমি কিছু বলতে চাই। দামোদর পরিকল্পনা হবার আগে সেখানে বহু পতিত জমি ছিল। তারপর জমিদারী উচ্ছেদ আইন আসার আগে যখন লোকে জমি বন্দোবস্ত দিতে শুরু করলেন, তখন সরকার সেটা বন্ধ করলেন, ফলে জমির পরিমাণ গেল বেড়ে। ১৯৫৯ সালে জমির পরিমাণ অনেক বেড়ে গেল। কিন্তু বর্তমান জমির হিসাব যা দেখান হয়েছে তা অনেক কম। কোন এলাকায়, যেখানে ১৫০ একর জমি হয় ঈশাক রিপোর্ট অনুযায়ী, তারপর যখন এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে রিপোর্ট বের হল, তার হিসাবে দেখা গেল সেটা কমিয়ে ৮০ একর করা হয়েছে। আমরা দেখছি তাঁদের হিসাবে অনেক কারসাজী করা হয়েছে। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে একটা জবাব দেবেন।

রিলিফের দিক থেকে আমার বেশী কিছু বলবার নেই, অনেকে অনেক কিছু বলেছেন। কংগ্রেস বেঞ্চ থেকে বলেছেন যে এবারকার অন্যান্য বারের তুলনায় ভীষণ হয়েছে। সেটা আমরা সকলেই স্বীকার করি। কিন্তু আমার এখানে বক্তব্য হচ্ছে যে সমস্ত ফসলের জমি বন্যার দরুন বালি চাপা পড়েছে, সেখানে তিন চার বছরের আগে আর ফসল হবে না। সুতরাং সেদিক থেকে

প্রয়োজন যাতে টেস্ট রিলিফের মাধ্যমে বালি তোলাবার তার ব্যবস্থা করা। এবং যে সমস্ত নদীর বাঁধ ভেংগে গিয়েছে, সেগুলিও যাতে টেস্ট রিলিফের মাধ্যমে হয়, তারজন্য ব্যবস্থা করা উচিত।

আজকে খাজনা আদায়ের দিক থেকে গভর্মেন্টের একটা ডিক্লারেশন থাকা দরকার যে বন্যার্থ এলাকায় যাতে পুরানো খাজনা আদায় করা না হয় এবং এবারের খাজনা সম্পূর্ণরূপে মকুব করা হোক, এবং সরকারী ঋণও এবারকার মত মকুব করা হোক। এইভাবে একটা প্রতিশ্রুতি আমরা গভর্নমেন্টের কাছ থেকে চাই। এর থেকে তাঁদের সিন্সিয়ারিটি টু দি পিপল প্রমাণ হবে। তাঁরা যদি সত্যই বন্যা রোধ করতে চান তাহলে তাঁদের নিজেদের অকর্মণ্যতা দূর করে কাজে অগ্রসর হন; তা না হলে তাঁদের দ্বারা কোন কাজই সফল করা সম্ভব হবে না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি কয়েকটা প্রশ্ন এখানে রাখতে চাই যা আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখেছি। আমার যে অভিজ্ঞতা সেটা হচ্ছে এমব্যাংকমেন্ট ও ইরিগেশন ব্যাপারে। আজ পশ্চিমবাংলায় এই যে ডিভাসটেসনগুলি হচ্ছে তার জন্য দায়ী এমব্যাংকমেন্ট ও ইরিগেসন ডিপার্টমেন্ট। এ-দুটির মধ্যে যে সম্পর্ক, সেটা ঠিক যেন ভাসুর-ভাদ্রবৌ-এর সম্পর্ক। অর্থাৎ কারও সংগে কারও মিল নেই। প্রত্যেক জায়গাতেই দেখা গেল এমব্যাংকমেন্ট-এর সমস্ত কাজ একটা ডিপার্টমেন্টের অধীনে আর স্লুইস ইত্যাদির কাজ ও ইরিগেসন সংক্রান্ত ব্যাপার অন্য আর একটা ডিপার্টমেন্টের অধীনে; কখনও দুটি সমন্বয় করে দুটার কাজ এক সংগে হতে দেখলাম না। যার ফলে দেখা গেল এবারকার বন্যায় সুন্দরবন অঞ্চলে যে-সমস্ত জায়গায় বাঁধ ভেংগেছে এবং বাঁধ ভেংগে যাওয়ায় ফসল নষ্ট হয়েছে, তার শতকরা ৯৯ ভাগ জায়গা হচ্ছে যেখানে স্লুইস আছে। জল নিকাশের পথ যেগুলি স্লুইস গেট অথবা স্লুইস-বক্স সেগুলি ঠিকভাবে কার্যকরী করে না রাখার ফলে ঐ অঞ্চলে বন্যা হয়। যখন বাঁধ ভাংগতে শুরু করছে, তখন আমরা ঐ সমস্ত এলাকার বিপদের কথা কতৃপক্ষকে জানিয়ে দিলাম এবং জল-নিকাশী পথগুলি সংস্কার বা মেরামত করে যাতে জল-প্রবাহ ঠিক মত হতে পারে তার জন্য ব্যবস্থা অবলম্বন করতে বলেছিলাম, কিন্তু কর্তৃপক্ষ সে বিষয় উদাসীন ছিলেন। যার ফলে সেখানে বন্যা হয়ে ফসল হানি হয়েছে। যদি বাঁধ বাঁধার সংগে সংগে জল নিকাশের ব্যবস্থা কার্যকরী না করেন তাহলে বাঁধ বাঁধার পিছনে যে টাকা খরচ করছেন তা একেবারে ব্যর্থ হয়ে যাবে। প্রতি বছর আমরা জানিয়ে আসছি এবং এ বছরও আমরা বিশেষ করে জানিয়েছিলাম যে জল-নিকাশী পথগুলি সংস্কার করা একান্ত প্রয়োজন। কিন্তু তা তাঁরা করলেন না। দেখা গেল বাঁধের জন্য মাটি পড়লো, কিন্তু স্লুইস গেট-এর প্রতি নজর দিলেন না, সেটা ভাংগা অবস্থায়ই রয়ে গেল, ফলে সেখানে যে মাটি পড়লো সেটা ভাংগা গেটের মধ্যে দিয়ে ভেসে চলে গেল। সুতরাং এই দুটা বিভাগকে একত্রিত করে, বিশেষ করে যেখানে শস্য উৎপাদনের প্রশ্ন রয়েছে, একটা পরিকল্পনা মাফিক কাজ করবার চেষ্টা কেন হচ্ছে না? জল আটকানো এবং বাঁধ-বাঁধা—এই দুটা কাজকে সমন্বয় রেখে কেন করা হচ্ছে না? ঐ সমস্ত অঞ্চলে প্রতি বছরই বন্যা দেখা দেয় এবং এ বছর আরও ব্যাপকভাবে হয়েছে। সেখানের জল-নিকাশী পথ বা স্লুইস গেটগুলি সামান্য দু-চার হাজার টাকা খরচ করলেই সংস্কার বা মেরামত করা যেতে পারা যায়, কিন্তু সেদিকে তাঁদের লক্ষ্য নেই। এক যায়গার স্লুইস গেট একেবারে ভেংগে যাবার পর সেখানে ১০ হাজার টাকার মালপত্র, জিনিষ গিয়ে পড়েছে, অথচ তার আগে এক হাজার টাকা খরচ করলেই ঐ সর্বনাশের হাত থেকে বাঁচান যেতে পারত। আমরা বলেছিলাম, সেটা এঁদের কানে গেল না, এঁরা সেটা উপলব্ধি করতে পারলেন না। এইভাবে প্রচুর টাকা অপব্যয় হচ্ছে। এই দুটো ডিপার্টমেন্টকে একত্র করে একটা পরিকল্পনা মাফিক কাজ করবার ব্যবস্থা কেন হবে না? জলকে আটকান এবং বের করবার যে প্রশ্ন সেগুলি যথাযথভাবে কেন যে আপনাদের মাথায় ঢুকছে না তা বুঝি না। প্রতি বছর এটা ঘটছে এবং এবার সেটা আরও ব্যাপক হয়েছে। আমরা বরাবর বলেছি ভেংগে যখন গেল সেখানে আগে পাঁচ শ' সাত শ' বা হাজার দুই হাজার টাকায় মেরামত করা চলত এই ভেংগে যাওয়ার পরে সেখানে পাঁচ, সাত, দশ হাজার টাকা খরচ করতে হচ্ছে, অর্থাৎ সর্বনাশ হয়ে যাবার পর। যেখানে এক হাজার, দুই হাজার টাকা সময়মত খরচ করলে সর্বনাশ এড়ান যেত, সেখানে তা করা হল না; পরে প্রচুর খরচ করা হল—এটা কি সাংঘাতিক অপব্যয়

সহজেই অনুমেয়। জমির বাঁধ বাঁধা হচ্ছে তাতে যে মাটি পড়ছে সেই মাটি একেবারে ধুয়ে গেছে। তার পরে অনেক ছোট ছোট শালের খুঁটি ইত্যাদি নিয়ে জড় করা হয়েছে। সর্বনাশের পর হাজার হাজার টাকা খরচ করার বন্দোবস্ত আছে। কিন্তু দুটো ডিপার্টমেন্টের মধ্যে একটা সমন্বয় এনে যদি একত্রে একটা কর্মসূচী না নেওয়া হয় তাহলে এই সর্বনাশ আবার আগামী বছর হবে এবিষয়ে তাঁরা যেন সচেতন থাকেন। কলকাতা থেকে বসিরহাট যাওয়ার যে প্রধান পথ সেই প্রধান প্রথটি তিন মাস ধরে জলে ডুবে ছিল—আমি কাল ওদিক থেকে এসেছি, এখনও ওই সমস্ত অঞ্চল জলে ডুবে আছে—সময়মত হস্তক্ষেপ করলে, কিছু টাকা ব্যয় করলে এই সর্বনাশ এড়ান যেত। আমার তাই প্রধান কথা আপনাদের যে ইরিগেসন ডিপার্টমেন্ট এবং এমব্যাঙ্কমেন্ট বিভাগ এ দুটোর মধ্যে সমন্বয় এনে যদি এখন থেকে পরিকল্পনা না করেন তাহলে বিপদ থেকে দেশকে বাঁচাতে পারবেন না। রিলিফ বিতরণের ব্যাপারে......

Mr. Deputy Speaker:

না, না—আপনি আর বলবেন না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাতলা ওদিককার প্রধান নদী—সেটা তো মজে গেল—তাকে কেন সংস্কার করা হচ্ছে না? নদীটা আজ প্রায় মৃত। কলকাতা থেকে কর্পোরেশনের ময়লা জল গিয়ে বিদ্যাধরীকে সিল্টেড্ করে ফেলছে—তাকে শেষ করে দিচ্ছে। প্রধান প্রধান নদীগুলি শেষ হয়ে যাচ্ছে—সেগুলিতে হাত দেওয়া দরকার। আমি আবার সবচেয়ে বেশী জোর দিয়ে বলছি ওই দুটো ডিপার্টমেন্টকে একত্র করে যদি পরিকল্পনা না করেন তাহলে এর চাইতেও ভয়াবহ অবস্থা দেখা দেবে।

Sj. Gobardhan Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, গত বন্যায় বীরভূম জেলার বিভিন্ন অঞ্চল যেভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে তার মধ্যে লাভপুর, নানুর ও রামপুরহাট মহকুমার ক্ষয়ক্ষতির পরিমাণ বিশেষভাবে উল্লেখযোগ্য। রামপুরহাট মহকুমার প্রধানতঃ তিনটি নদী—ময়ুরাক্ষী, দ্বারকা ও ব্রাহ্মণী নদীর বন্যায় মোড়েশ্বর ও রামপুরহাট থানায় কলেশ্বর এবং দ্বারকার প্লাবনে বাজিতপুর বড়নাশী, চাকপাড়া, মাদাপুর, মাড়গ্রাম, বিষ্ণুপুর এবং ব্রাহ্মণীর বন্যায় দুনিগ্রাম ইউনিয়ন প্রভৃতি বিশেষভাবে বিধ্বস্ত হইয়াছে—কেবল মাঠের পূর্ব গোপালপুরে শ্যামাপদ নস্কর নামে এক ব্যক্তি বন্যার জলে ডুবিয়া মারা গিয়াছে—তার স্ত্রী ও দুটি নাবালক ছেলে আছে।

[6-55—7-5 p.m.]

এই বিরাট ক্ষয়ক্ষতির পূরণ দেওয়া সরকারের পক্ষে সম্ভব না হলেও মানবতার দিক হতে দুঃখ ও দুর্গতির মধ্যে বেঁচে থাকার জন্য যৎসামান্য ব্যবস্থা যখন অত্যন্ত জরুরী তখন সরকারী কর্তৃপক্ষের ঔদাসীন্য আমাদের কাছে বিশেষ আশ্চর্যজনক লাগে। এত বিরাট ক্ষয়ক্ষতির মধ্যে মাত্র ২।৩ সপ্তাহের জন্য যৎসামান্য রিলিফ একটি হাস্যকর ব্যবস্থা। সে যাহা হউক, বর্তমানে আগামী বৎসর নতুন ফসল না ওঠা পর্যন্ত এই দুর্গত পরিবারকে বাঁচার ব্যবস্থা সরকার যদি না করেন তাহলে বহু মানুষকে অনাহারে প্রাণত্যাগ করতে হবে। তা ছাড়া এই বন্যায় নদীর বাঁধের মধ্যে যে সমস্ত বড় বড় ভাঙ্গন সৃষ্টি হয়েছে অবিলম্বে সেগুলি মেরামত করা প্রয়োজন। যেমন ময়ুরাক্ষী নদীর মোড়েশ্বর থানার অন্তর্গত উলকুণ্ডা গ্রামে সলকীতিলকুণ্ডা বাঁধের বিভিন্ন স্থানে যে ভাঙ্গন হয়েছে তাতে উলকুণ্ডা গ্রামের পশ্চিমে ও দক্ষিণে ময়ুরাক্ষী নদীর গতি পরিবর্তনের এক বিশেষ আশঙ্কা দেখা দিয়াছে। যদি অবিলম্বে এই সব ভাঙ্গন বন্ধ করা না হয় তবে আগামী বর্ষায় ঐসব ভাঙ্গনের পথে নদীর যেসব গতি পরিবর্তিত হবে তাতে উলকুণ্ডা ইউনিয়নের কেবল সমস্ত গ্রাম নহে মুর্শিদাবাদ জেলারও বিরাট অঞ্চল জলমগ্ন হবে। ঐ সঙ্গে মনিকর্ণিকার খাল সংস্কারও বিশেষ প্রয়োজন। মনিকর্ণিকার খালের জলে কুণ্ডলা প্রভৃতি ইউনিয়নের বিরাট ক্ষয়ক্ষতি হয়েছে সমস্ত ফসল ধ্বংস হয়েছে এবং এই মনিকর্ণিকা এখন নদীতে পরিণত হয়েছে। দ্বারকা নদীর উভয়তীরে যথা, বাজিতপুর ঝিকড্ডা কানারী, চাকপাড়া, মাহাপুর মাড়গ্রাম বিষ্ণুপুর ইউনিয়নে ফসল ¾ ভাগ নষ্ট হয়েছে, ঘরবাড়ীরও বিশেষভাবে ক্ষয়-ক্ষতি হয়েছে, এই নদীর উভয় তীরে বাঁধ দেওয়া অতীব প্রয়োজন মনে করি। মৌরাক্ষী, দ্বারকা মনিকর্ণিকা, ব্রাহ্মণী নদীর তীরবর্তী ইউনিয়নের লোকে বলিতেছে আমাদের এই নদীর ধারে

সোনার ফসল ফলাতো কিন্তু এখন আমাদের জীবন সংশয় হয়েছে। তারা সরকারকে দাবী জানাচ্ছে যে, এই নদীর বালিতে যেসব আবাদী জমির চর পড়ে মজে গিয়েছে তা টেস্ট রিলিফ দ্বারা সংস্কার করা চাই। যেসব জমির মালিকদের ফসল নষ্ট হয়েছে তাদের সরকার হতে গো-ঋণ, কৃষিঋণ দেওয়া হোক। ভূমিহীন চাষীদের বীজ ও খয়রাতি সাহায্য দেওয়া হোক ও তাদের গো-ঋণ দেওয়া হোক। ভূমিহীনদের যাদের ঘরবাড়ী পড়ে গিয়েছে তাদের খয়রাতি সাহায্য যতশীঘ্র সম্ভব দেওয়া হোক এবং বন্যাপ্লাবিত অঞ্চলে খাজনা এ বৎসর মকুব করা হোক।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্মরণাতীত কালের ইতিহাসে বন্যার এরকম ব্যাপকতা ও ভয়াবহ ধ্বংসলীলা আমরা দেখতে পাই না। দামোদরের উচ্চ উপত্যকায় বাঁধ নির্মাণে নিম্নাঞ্চলের প্লাবনকে রোধ করা যাবে না। একথা আমি বহুবার বলেছি এবং প্রথম যখন প্রিলিমিনারী সার্ভে হয়েছিল সেখানে এটা অকপট ভাষায় স্বীকার করা হয়েছিল উচ্চ উপত্যকা অঞ্চলে ৪টির জায়গায় ৮টি বাঁধ যদি বাঁধা যায় তবুও নিম্নের প্লাবনকে রুখতে পারবে না। কিন্তু সরকার তরফ থেকে এটা অস্বীকার করে, এতদিন গোপন রাখা হয়েছিল যার ফলে এটা এবারকার বন্যার পর ডি ভি সি স্বীকার করতে বাধ্য হয়েছে। আমরা দেখছি যখন ডি ভি সি পরিকল্পনা প্রথম গ্রহণ করা হয়েছিল তখন এই সঙ্গে যদি নিম্নাঞ্চলের সংস্কারের ব্যবস্থা তাঁরা করতেন তাহলে পশ্চিমবঙ্গকে প্লাবনের হাত থেকে অনেকাংশে বাঁচান যেত কিন্তু বন্যার পরে ডি ভি সি বাঁধের যেসমস্ত কুফলগুলি আমাদের চোখের সামনে প্রকট হয়ে পড়েছে তাতে আমরা দেখছি গত ৫ বছরের মধ্যে দামোদরের জলনিকাশের যে ক্ষমতা ছিল ৫০ হাজার কিউসেক থেকে ২০ হাজার কিউসেক-এ দাঁড়িয়েছে। হুগলী এবং ভাগীরথীর জলনিকাশের যে ক্ষমতা ছিল তার পরিমাণ ৪০ ভাগ কমে গিয়েছে গত পাঁচ বছরের মধ্যে। এবং এজন্য আজ মন্ত্রী মহাশয় স্বীকার করতে বাধ্য এবং নিজেও তিনি বলেছেন যে আগামী বর্ষায় বন্যার হাত থেকে বাংলাদেশকে বাঁচান সম্ভবপর হবে না। তিনি আজকে আমাদের সামনে বন্যার এক ভয়াবহ রূপ তুলে ধরেছেন। আগামী বছরে যদি বর্ষা হয় তাহলে বন্যা সর্বনাশী হবে। এ সম্পর্কে উত্তর দিতে গিয়ে পশ্চিমবাংলার মানুষকে বন্যার হাত থেকে বাঁচান সম্পর্কে উত্তর দিতে গিয়ে বলেছেন সর্ট টার্ম প্ল্যান বা অন্য কোন স্টেপ অল্প সময়ের মধ্যে নেওয়া সম্ভব নয়। যদি বহু জায়গায় বাঁধ করেন এবং ক্রপ প্যাটার্ন পরিবর্তন করতে পারেন তাহলে বন্যার প্রকোপ থেকে লোককে বাঁচাতে পারবেন, যখন এই বন্যা রোধ করা সম্ভব নয়। সঙ্গে সঙ্গে এই কথা বলছি যে দামোদরের উচ্চ উপত্যকায় যদি আরো বেশী বাঁধ বেঁধে দিই কিম্বা ফারাক্কা ব্যারেজ করে দিই তাহলেও বন্যার হাত থেকে পশ্চিমবঙ্গকে বাঁচান যাবে না, যেহেতু রূপনারায়ণ, দ্বারকেশ্বর, সুবর্ণরেখা ইত্যাদি নদীর জল নিকাশের ক্ষমতা যা ছিল তা নষ্ট হয়ে গিয়েছে এবং অন্য দিকে অজয়, জলঙ্গী, চুর্ণী ইত্যাদি নদীর জল নিকাশের ক্ষমতা নষ্ট হয়ে গিয়েছে, যার ফলে হাওড়া জেলার বিভিন্ন এলাকায় বন্যা হচ্ছে। গঙ্গায় বাঁধ দিলেও হাওড়া জেলার বিভিন্ন জায়গায় জল ঢুকছে এবং আমরা দেখেছি যে আজ উত্তর দিকে জল ছুটছে। তার কারণ প্রচুর পলিমাটী পড়ে গিয়েছে। এবং এই ড্রেনেজ-এর যদি ভাল ব্যবস্থা না করতে পারেন তাহলে কিছু কিছু টাকা গরীবকে দিয়ে বাঁচান সম্ভব নয়। শুধু হাওড়াতেই কয়েক কোটি টাকা ক্ষতিগ্রস্থ হয়েছে। হাওড়া ও কাঁদি এলাকায় গত বৎসরের তুলনায় এবার ৪।৫ গুণ বেশী ক্ষতি হয়েছে। এই ক্ষতির পরিমাণ কত তা এমন কি আমাদের মন্ত্রী মহাশয়রাও বলতে পারেন না। কি করে বন্যার হাত থেকে সামনের বৎসর বা তার পরের বৎসরে বাঁচাতে পারবেন তাও বলতে পারেন না। ডি ভি সি পরিকল্পনায় যে ক্যানাডা ড্যাম তৈরি হয়েছে, সেই ড্যাম-এর মধ্য দিয়ে ভাগীরথীতে জল উপর দিকে যাচ্ছে, নীচের দিকে না গিয়ে। এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে আগামী ৫ বৎসরের মধ্যে কোন বন্যা নিরোধ করার কোন প্রোগ্রাম নিতে পারছেন না। এই ভয়াবহ রূপ যা আমাদের সামনে রেখেছেন তাতে স্বভাবতই মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি যে প্রথমে সর্ট টার্ম প্রোগ্রাম নিয়ে রূপনারায়ণ, ভাগীরথীর ড্রেনেজ-এর ব্যবস্থা করে ঐ সমস্ত জেলাগুলিকে বাঁচান। নইলে বিশেষ কোন একটা জেলাকে বাঁচান সম্ভব নয়। সারা পশ্চিম বাঙলায় সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে বন্যা নিয়ন্ত্রণ ও জলনিকাশের সুষ্ঠু পরিকল্পনা যদি না করা যায় তাহলে বাংলাদেশকে বাঁচান যাবে না। সেইজন্য সেই দৃষ্টিভঙ্গী নিয়ে সামগ্রিকভাবে বন্যার হাত থেকে বাঁচাবার চেষ্টা করুন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আজকে বিতর্কে দেখতে পাচ্ছি বক্তৃতার তোড় ও চাপ মাননীয় সেচমন্ত্রীর উপর গিয়ে পড়েছে। রিলিফ-এর সম্বন্ধে মাননীয় সদস্যরা এমন কিছু বলেন নি যার উত্তর দেবার প্রয়োজন আছে। একটা কথা মাত্র বলবো একজন মাননীয় সদস্য বলেছেন সমস্ত টিউবওয়েল আরামবাগে দেওয়া হয়েছে। আরামবাগের প্রয়োজন হয়েছিল বলেই দেওয়া হয়েছে এতে এমন কিছু অন্যায় কাজ হয়েছে বলে মনে করি না যদিও এ কথাটা সত্য নয়। তবুও একটা কথা মাননীয় সদস্যদের বলে রাখা ভাল, টিউবওয়েল আমাদের রিলিফ ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয় না। টিউবওয়েল দেওয়া হয় পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে। তবে হ্যাঁ আমাদের তারা জিজ্ঞাসা করেন, চীফ ইঞ্জিনিয়ার, পাবলিক হেলথ জিজ্ঞাসা করেন যে কোন কোন জায়গায় বন্যা হয়েছে। আমরা জানিয়ে দিই যে অমুক অমুক জায়গায় বন্যা হয়েছে। আমার কাছে একটা তালিকা এইমাত্র এলো তাতে দেখছি কোথায় কত টিউবওয়েল দেওয়া হয়েছে। সবচেয়ে বেশী নূতন টিউবওয়েল দেওয়া হয়েছে মুর্শিদাবাদে ২০০টা; তারপর হুগলী জেলায় ১৪৯টা এবং সঙ্গে সঙ্গে ২৪-পরগনা জেলায় ৫০টা। কিন্তু রিসিঙ্কিং সবচেয়ে বেশী হয়েছে হাওড়া জেলায় এবং ২৪-পরগনা জেলায়।

[7-5—7-15 p.m.]

২৪-পরগণায় পুরানো টিউবওয়েল রিসিকিং হয়েছে ১৫০টি, হাওড়ায় ১০০টি—তারপর টিউবওয়েল যা ডিসইনফেকটেড হয়েছে, সবচেয়ে বেশী সংখ্যা হয়েছে বর্ধমান জেলায় ১৯০০টি, তারপর মুর্শিদাবাদ জেলায় ৮১০টি, হাওড়া জেলায় ৬৭২টি। বাদবাকী টিউবওয়েল রিপেয়ার করা হয়েছে—সবচেয়ে বেশী সংখ্যা মুর্শিদাবাদে, ৭০৭টি, নদীয়া জেলায় ৭০০টি। কাজে কাজেই যে জেলা থেকে যা ডিমান্ড হয়েছে সেই রকমই দেওয়া হয়েছে। তারপর, একজন মাননীয় সদস্য রিলিফ কমিটি সম্পর্কে বলেছেন, এতে কংগ্রেসের মনোনীত সদস্যই বেশী—সত্যি কথা, যাঁদের উপর আমাদের আস্থা আছে আমরা তাঁদেরই নমিনেসন দেব। তারপর একজন মাননীয় সদস্য বলেছেন আমাদের বিল্ড ইওর ওউন হাউস স্কিম কার্যকরী হয়নি। আমি সূচনাতেই বলেছি যে, ২১ হাজার বাড়ী তৈরী হয়েছে বিল্ড ইওর ওউন হাউস স্কিমএ—এখন দেখছি যে, এই বাড়ীগুলি তো সম্পূর্ণ হয়েছেই, তার বেশীও হয়েছে—প্রায় ৩০ হাজার। এই স্কীমে ১ লক্ষ বাড়ী তৈরী করার পরিকল্পনা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গ্রহণ করেছেন—এবং আমরা ঋণস্বরূপ কেন্দ্রীয় সরকারের কাছে খুব সম্ভব ৩ কোটি টাকা পাব। যারা গরীব তাদেরই আমরা গ্রান্ট হিসাবে দেব। যদি তারা রাজী না হন তাহলে আমরা বিল্ড ইওর ওউন হাউস স্কিম থেকেই তাদের গ্রান্ট দেব—এবং এবার যেসব বাড়ী পড়ে গিয়েছে সেইসব বাড়ী রিপেয়ার করার জন্য আমরা অনেক টাকা দেব। তারা যদি এই সুযোগ গ্রহণ করেন তাহলে তাঁদের ভাল হবে। যাঁরা এই পরিকল্পনায় আসতে চান না তাঁদের আমরা নিশ্চয়ই আমাদের মামুলি নিয়ম অনুসারে টাকা দেব। অনেকে বলেছেন কাপড় পর্যাপ্ত পরিমাণে দেওয়া হয়নি,—যেখানে পর্যাপ্ত পরিমাণে যায়নি সেখানে আমরা নিশ্চয়ই দেব। কম্বল সম্বন্ধেও এই কথা খাটে। টেস্ট রিলিফ সম্বন্ধে মাননীয় সদস্যরা অনেক কথা বলেছেন। বর্তমানে ১৬ লক্ষ লোক গ্রাটুইটাস ডোল পাচ্ছে, মাঝে এই সংখ্যা ৩০ লক্ষ পর্যন্ত হয়েছিল। বর্তমানে ১ লক্ষর উপর লোক টেস্ট রিলিফ-এর কাজে নিযুক্ত আছে। রিলিফ সম্বন্ধে একজন মাননীয় বন্ধু বলেছেন আমরা মানুষকে দিয়ে ঠোঙ্গা তৈরী করাচ্ছি। সত্য কথা, আমরা বিভিন্ন প্রকারে টেস্ট রিলিফ-এর কাজ করাই। যেমন, সুতা কাটার কাজ; অনেক জায়গায় আবার আমরা ইট তৈরীর কাজে লোককে নিযুক্ত করে টেস্ট রিলিফ দিয়ে থাকি। তারপর, রাস্তার কাজও আমরা করিয়ে থাকি, খাল কাটার কাজও করিয়ে থাকি। বর্তমানে ২৪-পরগণার কোন কোন থানায় টেস্ট রিলিফ-এর কাজ করা হচ্ছে। সুতরাং টেস্ট রিলিফ-এর কাজ কোন একটা বিশেষ কাজের মধ্যে সীমাবদ্ধ হয়নি, নানারকমভাবে আমরা টেস্ট রিলিফ-এর কাজ করছি। তারপর, মজুরীর প্রশ্ন, ১।৹ পর্যন্ত মজুরী হতে পারে। এখন আমরা ১ টাকা দিই, সেটাই পর্যাপ্ত বলে আমরা মনে করি। আজকাল আবার ডেভেলপমেন্ট-এর কাজ আছে, পাকা রাস্তা, বড় বড় বাড়ী তৈরীর কাজ চলছে, সেখানে মজুরীও বেশী। কিন্তু একটা জিনিস আমরা লক্ষ্য করেছি বেশী লোকে আমাদের কাজের জন্য আসতে চায় না। এবং কন্ট্রাক্টরদেরও আমরা বাধ্য করতে পারি না এত লোককে নিতে হবে। কাজে কাজেই আমরা অন্যান্য সাধারণ কাজের সঙ্গে প্রতিযোগিতা করতে চাই। অনেক জায়গা থেকে আমাদের কাছে অভিযোগ এসেছে —অনেকে আমাদের বলেছেন, মশাই, আপনারা দেশের সর্বনাশ করছেন টেস্ট রিলিফ-এর কাজ

আরম্ভ করে—আমরা ধান কাটার জন্য লোক পাচ্ছি না, বাইরে থেকে লোক আনিয়ে আমাদের কাজ করাতে হচ্ছে। কাজেই সমস্ত দিক বিবেচনা করে আমরা মজুরী নির্ধারণ করেছি। যদি কখনো মনে হয় দেশের লোক কাজ পাচ্ছে না বা এই মজুরী পর্যাপ্ত নয় তাহলে নিশ্চয়ই আমরা মজুরীর হার বাড়িয়ে দেব।

তারপর, খাজনা রেহাই সম্বন্ধে ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের একটা কথা এই প্রসঙ্গে উল্লেখ করা দরকার। আমাদের ল্যান্ড রেভেনিউ মিনিস্টার নির্দেশ দিয়েছেন যে, যেখানে বন্যার জন্য লোকে খাজনা দিতে পারবে না সেখানে খাজনা আদায় করা হবে না। আপাতত স্থগিত থাকবে, রেহাই দেবার কথা পরে ভাবা যাবে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৪ ঘণ্টা ধরে বন্যার উপর আলোচনা হল।—আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন আক্রমণটা আমার উপরই বেশী হয়েছে। অল্প সময়ের মধ্যে অধিকাংশ বিষয়েরই জবাব দেওয়া যায় না—আর বিশেষ করে যাঁরা আমাকে আক্রমণ করেছেন তাঁরা সরে পড়েছেন। সুধীর রায়চৌধুরী মহাশয় বলেছেন কি সব ছেপেছেন, কিছুই হদিস পাওয়া যাচ্ছে না—তাঁকে হদিস পাইয়ে দিতাম, কিন্তু তিনি এখানে নাই। এতগুলি টেবল ছাপা হয়েছে—তার প্রধান কারণ হচ্ছে, এবারকার বন্যা প্রবল ও দীর্ঘস্থায়ী হয়েছে।

[7-15—7-25 p.m.]

১৯৫৬ সালের সঙ্গে তুলনা করে দেখবেন যে সেখানে পরপর ২ বার বৃষ্টি হয়নি। ১৯৫১ সালের সঙ্গে তুলনা করলে দেখবেন যে নিচে বেশী বৃষ্টি হয়নি। অতএব এটা একটা বন্যার বড় কারণ। আর একটা দেখবেন ১৯৫৮ সালে বন্যা হয়েছিল, কিন্তু দামোদরে বান এসেছিল। অতিরিক্ত বৃষ্টি হয়েছিল ড্যামের উপর অঞ্চলে, ড্যামের নীচের অঞ্চলে অতিবৃষ্টি হয়নি তাই বন্যা হয়নি। ড্যামের উপরের অংশ জল আটকাতে পারেনি বলে বন্যা হয়েছিল। আর একটা জিনিস আমি টেবিলএ যেটা দেখিয়েছি সেটা হচ্ছে ডেঞ্জার লেবেল। এই বিপদসীমার উপর জল উঠলেই বুঝতে হবে যে বানেতে বাঁধ ভাঙ্গবে। রূপনারায়ণে ১২ দিন, কাঁসাইয়ে ১০ দিন, জলঙ্গীতে ২১ দিন, দামোদরে ২৪ দিন, চূর্ণীতে ২৫ দিন—অর্থাৎ এইসব জায়গায় এতদিন ধরে ডেঞ্জার লেবেলের উপর জল থেকে গেছে। ঐ ডেঞ্জার লেবেলের সামান্য ২।৪ ইঞ্চি উপরে নয়, এক এক জায়গায় ডেঞ্জার লেবেলের অনেক উপরে জল উঠেছিল—যেমন, রূপনারায়ণের রাণীচকে ডেঞ্জার লেবেলের উপরে ৯·২০ ফুট, কাঁসাইয়ে ৫½ ফুট, জলঙ্গীতে ৬½ ফুট, দামোদরে ৪½ ফুট, চূর্ণীতে ৪ ফুট। অতএব যেখানে ডেঞ্জার লেবেলের উপরে এত উঁচুতে জল উঠেছিল সেখানে যদি আপনারা বলেন যে আপনারা কিছুই করেন নি তাহলে আমি বলব যে আপনারা না জেনে-শুনেই সব বলেন। আমাদের হাজার মাইল ইরিগেশন বাঁধ আছে। এইরূপ বান হওয়া সত্ত্বেও এবং এতদিন ডেঞ্জার লেবেলের উপরে জল থাকা সত্ত্বেও মাত্র ৩টি জায়গায় ভেঙ্গেছে। এ ছাড়া দুর্ভাগ্যক্রমে ঐ সময় সমুদ্র থেকেও যে বান এল সেটা এমন যে ক্যালকাটা পোর্টের ইতিহাসে এমন বান কখনও হয়নি। এইসব জিনিস আপনারা দেখবেন। সেখানে ৫-১০-৫৯ তারিখে জলের উচ্চতা ছিল ২৪ ফুট ৩ ইঞ্চি। ক্যালকাটা পোর্টের রেকর্ডে এত উঁচু বান আর হয়নি। এইভাবে আগে ৩।৪ দিন এবং পরে ৩।৪ দিন ধরে ২৩ ফুট জল ছিল। ১।২।৩ তারিখে দারুণ বৃষ্টি এবং সমুদ্র থেকে যে বান এল তাতে সেইসব জল ঠেলে ভাগীরথী, গঙ্গা দিয়ে রূপনারায়ণের দিয়ে জল সমুদ্রে যেতে পারেনি এবং তাই এবার বন্যার বিস্তৃতি এত বেশীদিন হয়েছিল। একটা অভিযোগ করা হচ্ছে যে ১৯৫৬ সালে বন্যার পর যে এনকোয়ারী কমিটি আমরা বসিয়েছিলাম সেই এনকোয়ারী কমিটির রিপোর্ট অনুসারে আমরা কিছুই করিনি। ১৯৫৬ সালের জুলাই মাসে সেই রিপোর্ট আসার পর তাতে সর্ট টার্ম মেজার্স যা আছে তার ২।১টা ছাড়া সবই আমরা করেছি। তাতে লঙ টার্ম মেজার্স যা ছিল আমরা তার ইনভেস্টিগেশান শুরু করে দিয়েছি। অর্থাৎ তাতে যেমন গঙ্গা ব্যারেজ একটা ছিল, কিন্তু সেটা তো আমাদের হাতে নয়, সেটা হচ্ছে ইন্ডিয়া গভর্নমেন্টের ব্যাপার। তারপরের চ্যাপটার হচ্ছে রেকমেন্ডেশান। কিন্তু তাদের সেই রেকমেন্ডেশান-এর মধ্যে বেশীর ভাগ হচ্ছে অবজারভেশান-এর ডাটা কালেকশান। এইসব কাজ আমাদের চলছে। কাজেই কমিটির রিপোর্ট অনুসারে আমরা কিছুই করিনি একথা সত্য নয়। ওখানে বেশীর ভাগই ও'রা লঙ টার্ম মেজার্স-এর কতগুলি ডেফিনিট স্কীম দিয়েছেন

এবং সেইসব করতে তো সময় লাগবেই। কিন্তু তাঁরা যেসমস্ত সর্ট টার্ম মেজার্স দিয়েছিলেন তার প্রায় সবই আমরা করেছি। যাই হোক ও'রা যেসমস্ত সাজেসানস দিয়েছিলেন সেই অনুসারে আমরা কতকগুলি ডাটা কালেকশান করেছি। সেজন্য এবার আমরা কমিটিকে বলব যে, আপনারা কতকগুলি স্পেসিফিক স্কীম দিন যাতে সেই সেই স্কীম অনুসারে আমরা কাজ করতে পারি। এই কমিটি আজও নিযুক্ত হয়নি। পণ্ডিত নেহেরু, ডাঃ রায় এবং আমি নিজেও এই কমিটির কথা বলেছি। কিন্তু এটা এখনও নিযুক্ত হয়নি, কারণ আমরা চাচ্ছি যে এই কমিটিতে ভারতের বিভিন্ন অঞ্চলের লোক থাকবেন এবং একজন উপযুক্ত লোককে চেয়ারম্যান করা হবে। সেজন্য আমরা ৪ জন উপযুক্ত লোকের কাছে কমিটির চেয়ারম্যান হবার জন্য এ্যাপ্রোচ করেছি—এর মধ্যে ৩ জন আসবে না বলে দিয়েছেন এবং একজন আসবেন বলেছেন।

Sj. Subodh Banerjee:

বাংলাদেশে কি উপযুক্ত লোক নেই?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বাংলাদেশে উপযুক্ত লোক আছে এবং আমাদেরও ২।১ জন কর্মচারী আছেন যারা এ বিষয়ে যোগ্য—অবশ্য তাঁরা এখন বাইরে আছেন - কিন্তু যিনি প্রথমে বন্যা হওয়ার পর নিজের সুগঠিত মত সংবাদপত্রে প্রকাশ করেন অর্থাৎ অলরেডি ওপিনিয়ন দিয়ে দিয়েছেন তাকে কি করে চেয়ারম্যান বা মেম্বার করব? কাজেই আমরা বাংলার বাইরে এমন লোক খুঁজছি যিনি বাংলার ফ্লাড নিয়ে ইন্টারেসটেড নন এবং এ বিষয়ে বিশেষজ্ঞ—আশা করি তা পেয়ে যাব। তবে এটুকু আমি বলতে পারি যিনি অলরেডি এগেনস্ট-এ মত দিয়েছেন তাকে চেয়ারম্যান করে এনকোয়ারি করার কোন মানেই হয় না। তারপর আরেকটা কথা বলে আমাকে এখানে চ্যালেঞ্জ করা হয়েছে যে, বন্যার ব্যাপারে ডি ভি সি দায়ী কি দায়ী নয়। তার উত্তরে আমি বলব যে, আমরা বেঙ্গল গভর্নমেন্ট-এর পক্ষ থেকে একটা কমিটি এ্যাপয়েন্ট করে তাঁদের বলে দিয়েছি যে, তোমরা এর কারণ এবং প্রতিকারের কি উপায় সেটা আমাদের বলবে এবং এ ছাড়াও তাঁদের বলা হয়েছে যে, তোমরা জনসাধারণের কাছে তাদের বিভিন্ন মতামত চাইবে এবং তাঁরা যে মতামত দেবে তাকে ভিত্তি করেই তদন্ত করে তাঁদের রিপোর্ট মন্ত্রী হিসেবে আমাকে দেবেন এবং আমাকে তাই দেখে সমস্ত জিনিস বিচার করতে হবে। কাজেই সেসব রিপোর্ট পাওয়ার আগেই যদি আমি কোন একটা মত পোষণ করি বা বলি যে ডি ভি সি ভাল কি মন্দ তাহলে এই কমিটি নিয়োগ করবার কোন অর্থই হয় না বা এ'দেরও কোন মর্যাদা থাকে না। তারপর এখানে মিহিরবাবু বললেন যে ময়ূরাক্ষীর বাঁধ কোন ক্ষতি করে নি বলে যদি বলা হয় তাহলে সরকারের পক্ষ থেকে ব্যাপকভাবে ইস্তাহার বিলি করা হচ্ছে না কেন? তার মানে তিনি বলতে চান যে কমিটি হওয়ার আগেই আমরা ময়ূরাক্ষী কোন ক্ষতি করেনি বলে ব্যাপক ইস্তাহার বিলি করে দেব। আমি মিহিরবাবুকে ধৈর্য ধারণ করতে বলছি কেননা কমিটির রায় বেরুলেই সব শুনতে পাবেন। আর একজন প্রশ্ন করেছেন যে, আপনাদের ইরিগেশন ডিপার্টমেন্ট কি এ খবর পায়নি যে আকাশের অবস্থা অত্যান্ত খারাপ? তার উত্তরে আমি বলব যে খুব সম্ভব ৩১শে তারিখে মেটিওরোলজিক্যাল ডিপার্টমেন্ট থেকে খবর পাবার পর আমাদের চীফ ইঞ্জিনিয়ার ডি ভি সি-কে জানিয়েছিলেন যে আপনারা কিছু জল ছাড়তে পারেন।

[7-25—7-37 p.m.]

Sj. Subodh Banerjee:

ক্যাচমেন্ট এরিয়ায় ইনফরমেশন কালেক্ট করার কোন মেসিনারী আপনাদের আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সবই আছে, তবে আমাদের কিছু নেই, কারণ ক্যাচমেন্ট এরিয়া সবটাই বিহারে। সেটা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর মেটিওরোলজিক্যাল ডিপার্টমেন্ট থেকে করে। হেমন্তবাবু এখানে রাশিয়া, চীন প্রভৃতির কথা উল্লেখ করে বলেছেন যে আপনারা বন্যা নিরোধ করতে পারেন নি, ওরা সব করেছেন। আমি আপনাকে বলছি যে আপনি সেপ্টেম্বরের রিপোর্ট দেখবেন—আমরা দেখিয়েছি যে ইংলন্ড, ফ্রান্স, জাপানে বন্যা হয়েছে। যদি জানতে চান তাহলে আমি পড়ে সকলের ধৈর্যহানি করব না, আমি ২।১টা সংবাদপত্রের নাম দিয়ে দিচ্ছি, আপনারা দেখে নেবেন। গত বছর কেরালায়

কমিউনিস্ট শাসনে কি প্রবল বন্যা হয়ে গেছে। চীনের দক্ষিণাঞ্চলে প্রবল বন্যা এবং উত্তরাঞ্চলে তার চেয়ে প্রবলতম শুকো হয়েছে। আমি কয়েকটা কাগজের নাম দিচ্ছি, আপনারা পড়ে দেখবেন। অমৃতবাজার ১০-৫-৫৯, ১৫-৯-৫৯ এবং স্বাধীনতা কাগজ যেটা কমিউনিস্ট পার্টির জয়ঢাক তাতে ১৩-৬-৫৯ এবং ২১-৭-৫৯ তারিখে চীনের প্রবল বন্যা এবং ড্রাউট-এর কথা আছে। কাজেই বন্যাকে সম্পূর্ণভাবে আটক করতে বড় বড় দেশ পারেনি।

Sj. Sunil Das:

একজন মাননীয় সদস্য বলেছিলেন যে ৩০শে সেপ্টেম্বরের রাত্রে মাইথন রিজারভয়ার অপারেসন-এর যিনি ইনচার্জ তিনি ছিলেন না। তার কোন জবাব পাইনি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি বলছি এগুলি এনকোয়ারি কমিটি করবেন। আমি এখন সে সম্বন্ধে মতামত দিতে চাই না। ডি ভি সি-র কোন দোষ ছিল কি না, ত্রুটি ছিল কি না, সেটা যদি তদন্তের বিচার্য হয় তাহলে এখানে আমি তার কি রায় দেব। হেমন্তবাবু বলেছেন যে ভুরভুইন, মরগান দু'জনেই বলেছিলেন ৮টা ডাম করবার কথা, কিন্তু আপনারা মাত্র ৪টা ডাম করেছেন। আবার হেমন্তবাবু তারপরে বলে গেলেন কোপিল ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, ডাম করলে বন্যা বন্ধ হবে না। একই মুখে একই সঙ্গে তিনি দুইরকম কথা বললেন। বিরোধী দলের তো কোন দায়িত্ব নেই, তারা আবোলতাবোল বলতে পারেন। যতীনবাবু বলে গেছেন কান্দি মহকুমার লোকেরা জানে যে কানাডা ড্যামই তাদের বন্যার জন্য দায়ী। উনি জানেন কিনা বলুন, আমি সেকথা জিজ্ঞাসা করছি। লোকে আরো অনেক কিছু জানে এবং তার জন্য রীতিমত প্রচার চলছে। আমি কান্দি অঞ্চলে গিয়েছিলাম সেখানে থেকে একটা খবর শুনে এসেছি। লোকে কি বলে জানেন—তারা বলছে যে বন্যায় যেখানে ধান মরেনি সেখানে ধানের ফলন কেন ভাল হচ্ছে না জানিস? তার জবাবে আর একজন বলছে যিনি প্রচার করেন—এই যে জল এতে ইলেকট্রিসিটি হয়, তার ফলে জলের সমস্ত সারবস্তু উঠে যায়—এই জলে আর কি করে ফসল হবে। আবার আর একজন বলছে—দেখ, বন্যা হয়, ধানও মরে, কিন্তু এবারে যেন শীঘ্র শীঘ্র মরে গেল—কেন বলতে পারিস? আর একজন বললে জানিস না—এই জলের ইলেকট্রিফিকেসন-এর জন্য সব ইলেকট্রিফাইড হয়ে মরে যাচ্ছে। এইসব প্রচার চলে। কাজেই যতীনবাবুর প্রচার অসম্ভব।

তারাপদ চৌধুরী মহাশয় আয়ার ড্যাম সম্বন্ধে বলেছেন। আয়ার ড্যাম করা উচিত হবে কিনা এজন্য ডি ভি সি থেকে কেন্দ্রীয় সরকারের পরামর্শ মত একটা কমিটি নিযুক্ত হয়েছে যার নাম কোশ্গার কমিটি। এই কমিটি শুধু, যেটা উনি বলে গেলেন সয়েল কনজারভেশন, ওয়াটার রিজারভয়ের করে কি করে শিল্পাঞ্চলে জল দেওয়া যাবে সেই উদ্দেশ্যেই কেবল গঠিত হয়নি বা সেই উদ্দেশ্যেই আয়ার ড্যাম তৈরী করার কথা নেই। সেখানে টার্মস অব রেফারেন্স আছে আয়ার ড্যাম করা সম্বন্ধে। এই যে চারটে ড্যাম হয়েছে ডি ভি সির—এই চারটে ড্যামের ফলে নিম্ন দামোদর রূপনারায়ণের কোন ক্ষতি হয়েছে কিনা এটা রেফারেন্স আছে। আর দ্বিতীয় রেফারেন্স আয়ার ড্যাম হোলে তার খারাপ এফেকট হবে কিনা তা আছে। বৈজ্ঞানিক উপায়ে ভাল করে অনুসন্ধান করা হচ্ছে—শুধু যে শীলাবতীর জন্য একটা ড্যাম করে ফেলবো এ মতলব নেই। খগেন রায়চৌধুরী মহাশয় বলেছেন যে উত্তরভাগে দুটোর বেশী পাম্প চলে না। আমাদের নিয়ম হচ্ছে এক সঙ্গে চারটে চলবে না, নিতান্ত খুব বিপদের সময় না হলে তিনটে চলবে না। এই জল পাম্প করে তুলে ফেলা হয় পিয়ালীতে—এই পিয়ালীতে যদি অত্যধিক জল পড়ে তাহলে তার দুধারের বাঁধ ভেঙ্গে যেতে পারে এবং পিয়ালীর দুধারের জমির জল বেরুবে না যদি আমরা বরাবর চারটে পাম্প চালাই। সেজন্য অবস্থা দেখে মাঝে মাঝে ১।২।৩টা করে প্রয়োজনমত চালাতে হয়। অজয়বাবু বললেন পয়লা রাতে এত জল না ছাড়া হলে বীরভূমের ক্ষতি হোত না। আমরা পরিস্কার বলে এসেছি যে, ময়ূরাক্ষী ড্যামে বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা নেই। যদি রাত্তে সেখানে জল বিহার থেকে নেমে আসে তাহলে তাকে আসন পীড়ি দিয়ে বসিয়ে রেখে দেবার ক্ষমতা আমাদের নেই। কাজেই তার জন্য আমাদের দায়ী করলে কি হবে। অপূর্ববাবু বলেছেন যে ৪টার জায়গায় ৮টা বাঁধ হোলেও নিম্নাঞ্চলের বন্যা বন্ধ হবে না—নিম্নাঞ্চলের সংস্কার করা দরকার। ডি ভি সি-র কুফল তিনি ইতিমধ্যেই দেখতে পেয়েছেন। ডি ভি সি-র এই পাঞ্চেৎ ড্যাম ওপেনিং হোল এ বছর প্রায়—এক বছর আগে মাইথন ড্যাম ওপেন করা হয়েছিল।

অপর যে দুটো ড্যাম আছে—তাদের বন্যা নিয়ন্ত্রণের কোন ক্ষমতা নেই। এর মধ্যে অপূর্ববাবু সুক্ষ্ম দৃষ্টিতে তার কুফল দেখতে পেলেন—তাঁর এই সূক্ষ্মাতিসূক্ষ্ম যোগলব্ধ দৃষ্টি ছাড়া এটা আর কারো দৃষ্টিতে আসবে না। ৫।৭।১০ বছর আগে যেতে দিন। শুধু আজ নয়, ডি ভি সি আমাদের নিম্ন দামোদর ধ্বংস করে দিল, যখন ডি ভি সি কমপ্লিট হয়নি তখন থেকে আমরা এসব কথা শুনছি।

Shri Apurba Lal Majumdar:

এটা কি অস্বীকার করতে পারেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ডি ভি সি-র জন্য মরেছে এটা আমি স্বীকার করি না। নিম্ন দামোদরে রূপনারায়ণ, হুগলী, ভাগীরথী এসব অনেক মরে গেছে আগের চেয়ে এটা ঠিক কিন্তু ডি ভি সির জন্য মরেছে এটা ঠিক নয়। আর একটা কথা বলে আমি শেষ করবো সেটা হচ্ছে কালকে পণ্ডিত নেহেরু যে কথা বলেছিলেন সেটা আমি শুধু একটু পড়ে দিচ্ছি—

"Construction of dams and other big things was nothing but a symbol of the people's determination to lead the country to prosperity. The people of India were on their journey to transform the country from an old one to a more prosperous one. After the recent floods in West Bengal the people had criticised the D.V.C. system. When we undertake a great work, the mightiest work which will bring prosperity to 400 millions of people of India, we must remember that we may make mistakes, stumble on occasions but it does not matter if we have the strength to work again. We have the habit to blame each other. We spend our time in blaming instead of doing any work and as a result sometimes people dare not undertake any big job because risk is involved. We must face the risk always because without risk nothing big has been done in any country. I want you all to develop such a mentality that you are not afraid of any big risky job. The people's reaction in West Bengal to the damage and destruction was justified. But he did not think it was right to blame the D.V.C. for it. The flood this year exceeded its intensity compared to previous floods. It was good thing to relate one's experience and confess that someone had committed a mistake but it was not good to cast the blame on anybody after some unfortunate things had happened. Government had set up a committee of engineers to carry out a detailed survey for reviewing the entire position. If there was any wrong in any scheme anywhere, it should be corrected and on the committee's report would depend how they would proceed further."

Sj. Subodh Banerjee:

আপনার এ্যাটিচুড্‌টা বুঝলাম। কিন্তু আমার ওপিনিয়ন হচ্ছে—কমিটি রিপোর্ট পাবলিস করবার আগে ডি ভি সিকে এ্যাবজলভ করে দেওয়া হয়েছে আগের বছর—এটা স্টেটমেন্টে রয়েছে। I can understand your attitude. But Pandit Nehru has absolved the D.V.C.

আমার পয়েন্ট হচ্ছে ইজ ইট ফেয়ার?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

পণ্ডিত নেহেরু যে স্ট্যান্ড নিয়েছেন, আমিও তাই নিয়েছি। when the Committee is there

যেখানে এ্যাবজলভ করা হয়েছে, একথা বলা চলে না।

Mr. Deputy Speaker: The debate is closed. There will be no question tomorrow. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-37 p.m. till 3 p.m. on Tuesday, the 8th December, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th December, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mullick) in the Chair, 14 Hon'ble Ministers, 4 Deputy Ministers and 225 Members.

Adjournment Motion

[3—3-10 p.m.]

Shri Jatindra Chandra Chakraborty:

স্যার, আমার একটা
adjournment motion
আছে। আমি সেটা পড়ে দিচ্ছি। সেটা হচ্ছে
That the business of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance, viz., the failure of the Government to take steps to avoid the calling of a token general strike to be resorted to by 2 lakhs of jute workers on the 14th December, 1959.

এই জেনারেল স্ট্রাইকএর কলটা বি পি এন টি ইউ সি দিয়েছে, ইউ টি ইউ সি এবং বি পি টি ইউ সি এটাকে সাপোর্ট করেছে। ১৯৩৭ সালের পরে এইরকম সর্বাত্মক সাধারণ ধর্মঘট আর হয় নি। আমি লেবার মিনিস্টারএর কাছে অনুরোধ জানাচ্ছি, তিনি এ সম্পর্কে কিছু বলুন।

The Hon'ble Abdus Sattar:

এই বিষয়ে আলোচনা করার জন্য কলকাতায় ১১-১২ তারিখে ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন জুট এর মিটিং বসছে।

Point of Information

Sj. Gopal Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা বারাকপুর মহকুমার ভাড়াটিয়া এবং বাড়িওয়ালাদের পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ।

Mr. Deputy Speaker:

আপনি বসুন।

Sj. Gopal Basu:

বারাকপুর কোর্টে রেন্ট কন্ট্রোলার ৩ মাস যাবৎ নেই। সেইজন্য সেখানে ভাড়াটিয়ারা টাকা জমা দিতে পারে না; বাড়িওয়ালারা মামলা করতে পারে না, টাকা উইথড্র করতে পারে না।

Mr. Deputy Speaker:

ঠিক আছে, আপনি বসুন।

Sj. Rama Shankar Prasad:

I have got to elicit information from the Hon'ble Minister.

আমার কথা হচ্ছে, শপস অ্যান্ড এস্টাবলিশমেন্টস অ্যামেন্ডমেন্ট বিল এই সেসনএ আনার একটা আশ্বাস উনি দিয়েছিলেন। সেটা কি হল?

Mr. Deputy Speaker:
আপনি এখন বসুন।

STATEMENT SHOWING THE BILLS WHICH WERE PASSED BY THIS LEGISLATURE DURING BUDGET SESSION AND SEPTEMBER-OCTOBER SESSION, 1959, AND ASSENTED TO BY THE PRESIDENT OR THE GOVERNOR, AS THE CASE IS

Budget Session, 1959

A. Bills assented to by the President—

1. The Durgapur (Development and Control of Building Operations) Bill, 1958.
2. The Chandernagore (Assimilation of Laws) (Amendment) Bill, 1959.
3. The West Bengal Transferred Territories (Assimilation of Laws) Amendment Bill, 1959.

B. Bills assented to by the Governor—

1. The West Bengal Closing of Canals Bill, 1959.
2. The West Bengal Cattle Licensing Bill, 1959.
3. The West Bengal Appropriation Bill, 1959.
4. The West Bengal Tax Laws (Amendment) Bill, 1959.
5. The West Bengal Appropriation (No. 2) Bill, 1959.
6. The West Bengal Maternity Benefit (Tea Estates) Amendment Bill, 1959.
7. The Calcutta Sheriff's (Amendment) Bill, 1959.
8. The Bengal Public Parks (Amendment) Bill, 1959.

September-October session, 1959

A. Bills assented to by the President—

1. The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1959.
2. The West Bengal *Panchayat* (Amendment) Bill, 1959.

B. Bills assented to by the Governor—

1. The Calcutta Municipal (Amendment) Bill, 1959.
2. The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1959.
3. The West Bengal Khadi and Village Industries Board Bill, 1959.
4. The City Civil Court (Amendment) Bill, 1959.
5. The Calcutta Official Receiver's (Amendment) Bill, 1959.
6. The Howrah Bridge (Amendment) Bill, 1959.
7. The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1959.

Ruling of Mr. Deputy Speaker on the point of privilege raised by Sj. Siddartha Sankar Roy on the 4th December, 1959 on the question of election of the Speaker

Under article 178 of the Constitution of India, the Assembly is to choose a Member as Speaker so often as there is a vacancy in the office of the Speaker. For this purpose the Governor is to fix a date under rule 5(1)

of the West Bengal Legislative Assembly Procedure Rules for the holding of the election. Since the Governor has not yet fixed a date for holding an election, the question of election of the Speaker is as yet premature. No question of a breach of privilege arises in this context. Even in the House of Commons there is no such privilege. The Leader of the House has already assured the House that a date for holding the election of a Speaker will be fixed during the next session. When such date is fixed, the procedure laid down in rule 5(2) of the Assembly Procedure Rules will automatically come into operation. In view of this the matter need not be pursued. I also find that there has been an occasion in the past when the vacancy in the office of the Speaker was not filled up immediately after it arose. For example, when Sir Azizul Haque resigned no Speaker was elected until after a session had elapsed and another had advanced considerably. At that time also the election of the Speaker was governed by the Government of India Act, 1935 (section 65), provisions of which were the same as in article 178 of the Constitution of India. Any reference to the provisions of the British House of Commons is not relevant, as the procedure of election of the Speaker there is different from that which is prevalent here in India.

I do not consider, therefore, that there has been any breach of privilege or contempt of the House by not electing a Speaker immediately after the Speaker resigned. Furthermore, in view of the assurance given by the Leader of the House, the matter need not be pursued any further.

GOVERNMENT BILL

The Burdwan University Bill, 1959

Dr. Hirendra Kumar Chattopadhyay: Mr. Deputy Speaker, Sir, after about 10 days of labour and pain the Burdwan University Bill is going to be born today and I may remind you, Sir, that the conception was not the Education Minister's because the information of the conception or the conception was announced on the floor of the House by the Chief Minister but the product of conception has been transferred and the responsibility of the birth has been transferred on to the Education Minister.

Sir, I wanted to and certainly I would welcome this academic baby that is going to be born, but, Sir, as in all cases we expected that a beautiful, healthy baby would be born and many such academic babies will be born within our State. For example, the announcement of the conception of Kalyani University or a university in North Bengal was also being announced or talked of in many quarters. Therefore, Sir, we are always ready to hail and welcome healthy academic babies all over out State, because we do now that the importance of a University and the moral influence that the existence of a University has got over educational institutions cannot be over-emphasized. The proximity of an institution to a University certainly has got a beneficial effect. Therefore, we do know that when an educational institution is farthest away from its mother, that is the University, it suffers to a certain degree. The academic interest of a student is derived from the University or the institution when the University do thrive and develop in a healthy manner. But, Sir, it all depends upon how the mother produces the child and what is the character of the child. Therefore, I must admit that we have been disillutioned to some extent although we were very glad to welcome the baby and take it into our arms. The appearance of the baby is not what we expected. If I may use homer's Illiad:—Polyphemus was born in Mount Etna, a healthy person, but was blinded; he was a cyclop, a monster. Therefore, I do not congratulate the Education Minister on this cyclopean monstrosity not on the Mount Etna but on the plains of West Bengal. If we see to the Bill which has appeared after the second reading, we find there are certain features, and times without number during the second reading the Education Minister has quoted Delhi University, Viswa Bharati University and Kharagpur University compared to Bombay University, Madras University and Calcutta University each of which has completed one century of their existence and, therefore, has got behind them the traditions and wisdom of a full century. He was quoting only the babies that are still crawling, viz., Delhi University, Viswa Bharati and Kharagpur Universities. And why? Because the wisdom that we see in the composition of the Constitution of this University bespeaks of the evolution of the psychology of our Government itself. I shall quote here nothing less than London Economist of 12th September, 1959, because that is a barometer that can read the evolution of psychology of the present Ruling Party better than ourselves. It is said: We criticise the Government off and on without any basis for that. But why does the Education Minister quote his recent and the youngest child, but not the old men—hoaryheaded century-old Universities of Madras, Calcutta and Bombay? Because it is written here on page 835 thus: India's mood is reflected not only in the political sphere but also all spheres of Indian activities—academic sphere is no exception. It is said that "in the last six months for the first time since independence India has been shifting to the right dragging Mr. Nehru with it." Therefore, Sir, I can only assure the Education Minister that he is quite correct in quoting the Delhi University, Viswa Bharati University or

the Kharagpur University, because these three are the mirrors of the evolution of psychology of the present Government and the Ruling Party. Because it is a drift towards the right and that is why he is afraid of quoting the Calcutta University Act or the Madras University Act or the Bombay University Act, but he lays more stress on the recent Universities which have in their background this changing psychology of the Ruling Party and the Administration. That is why off and on he was quoting Delhi University, Biswa Bharati University and Kharagpur University and was scrupulously avoiding to mention anything about the Madras University, or Bombay University or Calcutta University. Sir, I have already told him in this House that the Calcutta University Act is now own child Is he ashamed of his own child?

[3-10—3-20 p.m.]

Is he proud of the monster which he has given birth to? That is what I want to know. We were very expectant that something of a very good academy would be coming into existence that is in the creation of the Burdwan University. We must say that there are very good clauses no doubt. I certainly welcome them but the Bill has been punched with so many pungent and absolutely preposterous clauses that we cannot welcome it. The whole beauty of the child has been sacrificed by the Government otherwise we would have welcomed it with a heart full of joy.

Sir, regarding the registered graduates, a very curious argument was advanced by the Hon'ble Minister. The reason for giving this curious argument is possibly that he is getting old and his brain must be failing. His own argument goes against his own. He says since the Burdwan University has not been created as yet there are no graduates of that University. I would say during the Calcutta University Act the explanation was that the new graduates were also registered under this Act. Now, Sir, apart from that fact my amendment was to include the registered graduates within the geographical limits of the Burdwan University. Does he think that there are no graduates within the geographical limits of the Burdwan University who are interested in education? Furthermore, there is another argument which I throw on his face. If on this ground he did not include the graduates then why did he include ex-Vice-Chancellors of the Burdwan University? Even the first Vice-Chancellor is in the process of conception. If he could include the ex-Vice-Chancellors when there is not even the first Vice-Chancellor then why this preferential treatment as regards the registered graduates? Sir, there must be something behind his mind as something like the product of a Swyambar Sabha. The ex-Vice-Chancellor has been put as something being indispensible and so he has to figure in the composition of the University but registered graduates who are likewise yet unborn they are Achhuts—untouchables. Why not put a clause there to include the registered graduates? If you justify your composition of the University by ex-Vice-Chancellors why not put one clause like that? So I give the lie direct to his own argument. Perhaps his brain is going wrong and that is why he is unable to bring about a reconciliation between his own accusation and his own argument.

Mr. Deputy Speaker, Sir, I will again refer to some other portion of the Bill which has emerged out of the second reading. During the discussion the Minister said—you also remember, Sir,—that it was no use consulting that old man of 100 years to get their wisdom.

He said that they are not going to do it. Sir, I challenge that statement. I do not know whether wisdom has grown by leaps and bounds within the last two years. But, Sir, I have got in my hand the report of the Calcutta

iversity Committee regarding another educational Bill of West Bengal. connection with that Bill, the Calcutta University wrote on the 12th ember, 1957, requesting the Government to wait a little to have the views of the Calcutta University. To that communication, the Secretary of the Education Department replied on the 16th December, 1957, and it runs thus: "It was further stated that if the views of the University were forwarded now, they might be considered, if not during the current session of the Council, before and during the next session of the Assembly." Therefore, Sir, it is not a fact that the wisdom that emanates today from the Education Minister in 1959 is the same wisdom which emanated from the Education Secretary, i.e., the Secretary of his own department in 1957. There has been a change within a couple of years and it is a change for the worse. Sir, the Education Minister has quoted a London paper showing the evolution of the psychology of the administration that is going on. Sir, this is an evolution from the right path to the wrong path. Therefore, we do find that although the Education Secretary could have the wisdom in 1957, if he were present today in 1959, he would have directly written that they do not want to consult the Calcutta University, but two years back they were charitable enough to say that the Calcuttta University might send their views and they will take them into consideration when the Bill comes up before the Assembly. Sir, the Education Minister has made the categorical statement that he does not want to consult the Calcutta University and has quoted some other University. Now, I told him during the consideration of the clauses that I do not understand this mentality of the Education Minister because he always quotes something for doing wrong things, but he does not quote anything for doing good things in order to support his good cause. That is what I find in the Education Minister and that he speaks of a pathological condition of the psychological set-up of his mind and I cannot but regret it.

Sir, the other day I did not find any of my friends on the opposite side to stand up to support very strongly this Burdwan University Bill. They kept their conscience in their pockets so that everything perhaps might be taken charge of by the Education Minister. Therefore, the Education Minister, finding that nobody was going to support him, said "I congratulate myself". That is the expression he used. He said "I congratulate myself". Sir, that reminds me of a very funny statement made by a musician. There was a musician who was practically a hunch-back. He used to play on his Aktara, but his voice was so harsh and unmelodius that nobody wanted to hear his song. So, in order to avoid that discomfiture, he used to close his eyes and sing his own. Then he used to clap on his Aktara saying "বাঃ বেটা বাঃ।" In this way he used to appreciate his own music. Here we find the Education Minister repeating the same story by saying "I congratulate myself on my achievement."

Sir, it is only this morning that I have received this book "A brochure on Educational Survey of India". It has been published by Mr. Saiyidain, Secretary, Education Department, Government of India. I will read out a few lines from that book at page 7: "The scheme was, therefore, to be implemented only through the active co-operation and collaboration of the State Governments. Participation of all State Governments except the Government of West Bengal could be secured in this survey scheme."

[3-20—3-30 p.m.]

Does the Education Minister congratulate himself because he non-co-oprated from All-India Survey Scheme? The name of West Bengal does not figure in this book in any of the pages. All these States have co-operated and therefore the survey, as reported, has been published as

brochure on educational survey of India and may I add, Mr. Deputy Speaker, that it is minus West Bengal. Therefore, the achievement of our Education Minister has been that his State has seceded from the activity of the whole of India and still does he congratulate himself? I congratulate for his achievement as it is a negative achievement and it is an achievement for which every sensible man ought to be ashamed and still he says of his achievement. I would appeal to my friends on the opposite side to note down that that is the achievement of our Education Department of the Government of India when an All-India Report is in print and it is said clearly by the same Government—the Congress Government in West Bengal and the Congress Government at the Centre. What a compliment that West Bengal Government does not participate and why Sir? Well, we remember that some time back there were quotations of certain data and figures and we saw that that the data and figure that were prepared inclusive of Education Department were, to say the least, absolutely stupid and therefore now they have become careful. They do not want to send figures and therefore they non-co-operated and kept out of it. Are we seceding from the academic sphere? Sir, that is the achievement of West Bengal Education Directorate and the Education Secretariat. It is not a shame of the Government alone but is also a shame of this House that West Bengal has been practically castigated like that. They did not participate in the activities and still they are self-complacent and the Education Minister says—we do not know anything, we are ignorant of educational matters and everything. I cannot but point out that times without number. Even Dr. Ghosh during the last session mentioned about the attitude of the Education Minister towards certain members of this House. Sir, I shall appeal to the Education Minister to remember that some psychological change ought to be made. Has he got the monopoly of wisdom? Then I say—is this the wisdom of West Bengal Government? It is a publication by the Central Government from the Education Department. Is not the Education Minister ashamed of this? Really speaking, when it is mentioned West Bengal State, it does not mean the Congress Party alone. West Bengal State means even the opposition and the Congress benches, but we are not responsible for the criminal negligence on the part of the Education Department of West Bengal. What a shameful achievement for the Education Department. Sir, Burdwan University is going to be established. I cannot but also mention certain things that when this Bill was drafted, certainly we welcomed it but the thing is that there was no proper planning. For your information, Mr. Deputy Speaker, Sir, I can only quote certain figures. Now at the present moment it is desirable to have a Vice-Chancellor who is appointed by the Chancellor on the advice of the Minister. Sir, I can tell you that the achievement of a University will always be measured by the achievement in the academic and the educational sphere and for that purpose you require teachers. I have got in my hand a report from the Calcutta University. Sir, in the month of January, 1959, not even a year hence—there existed 112 vacancies in the posts of teachers in different colleges and out of this I remind the Education Minister through you, Sir, that there were some vacancies—say 7 vacancies in the Presidency College. Not only that, Sir, I have got in my hand the Report of the Public Service Commission and we find therefrom that they could not appoint quite a sufficient number of teachers. There are many posts of teachers, viz., Professor of Electrical Engineering of the Sibpore Engineering College, Lecturer in Architecture, Lecturer in Mathematics, Lecturer in English, Lecturer in Organic Chemistry, Lecturer in Physics, Lecturer in Economics, Lecturer in Statistics, Lecturer in Pali, Lecturer in History and so on.

Now, these are not to be found and still do you want that there should be only a Vice-Chancellor appointed by the Chancellor on the advice of our Education Minister? Now, this Vice-Chancellor cannot produce the products of the University. He can administer but the academic products depend upon the actual workers, the teachers, and have you got sufficient number of teachers? If you have got sufficient number of teachers, what has been the result? In sponsored colleges quite a number of qualified teachers were appointed and on the report of your secret service you dismissed them and you want to build a university with your Vice-Chancellor and the Manager of the Chittaranjan Workshop! They will be imparting knowledge when there are qualified teachers whom you have practically got rid of on political grounds, on secret service reports and still the Education Minister brags and says that he can congratulate himself! Such a type of congratulation came really from Hiranyakashipu. Sir, we wanted a full-grown baby, a very healthy baby as the Burdwan University Act but instead of that our Education Minister has given birth to the demon and monster of Mount Etna, the Poliphemus of Homer's Illiad.

Sj. Mihirlal Chatterjee:

স্যার, বর্ধমান ইউনিভার্সিটি বিল আলোচনার শেষ অধ্যায়ে আমরা এসে পেঁছেছি। অবশ্য ডাক্তার চ্যাটার্জি ভাবী বর্ধমান ইউনিভার্সিটিকে যেরকম মনস্টার চাইল্ড হিসাবে দেখেছেন, আমি আজকে সেই হিসাবে তাকে মনস্টার চাইল্ড বলতে চাই না। তবুও এই কথা আমি বলব যে, গভর্নমেন্ট শুধু এই বিল পাশ করাবার দায়িত্ব নিয়েছেন তা নয়, এই আইনের মাধ্যমে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে, ইউনিভার্সিটি এলাকাভুক্ত যেসমস্ত জেলা সেই জেলার ছাত্রদের এবং তাদের অভিভাবকদের এবং ভবিষ্যৎ অনাগত যুগের মানুষদের বিরাট একটা দায়িত্ব গ্রহণ করছেন। এই দায়িত্ব গ্রহণ করবার পূর্বে গভর্নমেন্ট আশা করি, যথার্থভাবে দায়িত্ব পালনের যে ঝুঁকি সেটা হৃদয়ংগম করতে পারবেন এবং আশা করি গভর্নমেন্ট সেই দায়িত্ব পুরোপুরি পালন করবেন। বিলের বিভিন্ন ক্লজএর উপর যখন আলোচনা হয় তখন বিশেষ কিছু পরিবর্তন এই বিলে হয় নি। মাত্র এক জায়গায় পরিবর্তন হয়েছে, সেটা হচ্ছে এই ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত টিচার্সদের প্রতিনিধিত্বের ব্যবস্থা হয়েছে। কিন্তু ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত কনস্টিটিউয়েন্ট কলেজেস এবং অ্যাফিলিয়েটেড কলেজেস এর যে প্রিন্সিপ্যালস তাদের রিপ্রেজেন্টেশনএর কোন ব্যবস্থা নেই অন ইলেকশন বেসিস। আমরা চেয়েছিলাম যে ইলেকশন বেসিসএ কনস্টিটিউয়েন্ট কলেজেস এবং অ্যাফিলিয়েটেড কলেজেসএর প্রিন্সিপালসদের রিপ্রেজেন্টেশনএর ব্যবস্থা থাকবে। যদি প্রফেসরস, টিচার্স, ডেমনস্ট্রেটরস অফ অ্যাফিলিয়েটেড কলেজেস, গোত্রীয় ব্যক্তিদের জন্য রিপ্রেজেন্টেশন অন ইলেকশন বেসিস থাকে, আমরা বুঝি না কেন আমাদের শিক্ষামন্ত্রী অ্যাফিলিয়েটেড কলেজেস এবং কনস্টিটিউয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যালদের পক্ষে ইলেকশন বেসিসএ রিপ্রেজেন্টেশনএর ব্যবস্থা করতে চান না। অ্যাফিলিয়েটেড কলেজেস এবং কনস্টিটিউয়েন্ট কলেজেসএর প্রিন্সিপালসদের সংখ্যার চেয়ে টিচার্সদের সংখ্যা অনেক বেশি, যদি বেশিসংখ্যক টিচার্সদের প্রতিনিধির ব্যবস্থা করতে পারেন ইলেকশন বেসিসএ, তবে কম সংখ্যক প্রিন্সিপালদের বেলায় ইলেকশন বেসিসএ রিপ্রেজেন্টেশন ব্যবস্থা করলেন না কেন? এখানেও যদি ইলেকশন বেসিসএ ব্যবস্থা করতেন তা হলে এই বিলের একটা দোষ দূর হত।

[3-30—3-40 p.m.]

দ্বিতীয় কথা, স্যার, আমরা এখনও বিস্মিত বোধ করি, গভর্নমেন্টকে এই ইউনিভার্সিটির টিচিং সংক্রান্ত ব্যাপারে, এক্সামিনেশন সংক্রান্ত ব্যাপারে এনকোয়ারি করার এবং শুধু এনকোয়ারিই নয়, পরিপূর্ণ হস্তক্ষেপ করার অধিকার এই বিলে কেন দেওয়া হয়েছে। শিক্ষাক্ষেত্রে হস্তক্ষেপ করবার অবাধ অধিকার গভর্নমেন্টএর থাকা উচিত নয়, এবং আমি মনে করি যে, যদি শিক্ষার ব্যাপারে, বিশেষ করে এক্সামিনেশন এবং টিচিংএর ব্যাপারে গভর্নমেন্টএর হস্তক্ষেপ করার অধিকার থাকে এবং যদি গভর্নমেন্ট সেই অধিকার ঠিকভাবে ব্যবহার না করেন, তা হলে শিক্ষাক্ষেত্রে মহাবিপর্যয় দেখা দেবে। সেজন্য আমি সরকারকে বলতে চাই, সেই অধিকার ব্যবহার করার ব্যাপারে গভর্নমেন্ট যেন সংযত হন এবং বিশেষ ক'রে টিচিং অ্যান্ড এক্সামিনেশনএর ব্যাপারে ইন্টারফেয়ার করার সুযোগ যেন গভর্নমেন্ট গ্রহণ না করেন। কিন্তু সবচেয়ে বড় প্রশ্ন

হচ্ছে, এই ইউনিভার্সিটির অবস্থা কি হবে? এই ইউনিভার্সিটির এলাকাভুক্ত যতগুলি কলেজ আছে তার মধ্যে একটা বাদ দিয়ে আর কোন কলেজেই বি এস সি-তে অনার্স পড়ার ব্যবস্থা নাই। এই ইউনিভার্সিটির এলাকাভুক্ত কলেজের ছেলেরা যদি ইন্টারমিডিয়েট পাশ করার পর ফিজিক্স বা কেমিস্ট্রিতে অনার্স পড়তে চায় তা হলে সামনের বছর তো তারা বঞ্চিত হবেই, তা না হলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বদান্যতার উপর নির্ভর করতে হবে। সেজন্য ছাত্রসমাজ একটু আতঙ্কিত হয়েছে, কারণ তারা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মত বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বি এস সি-তে অনার্স পড়ার সুযোগসুবিধা পাবে না। আজকের দিনে ছাত্রদের টেন্ডেন্সি হচ্ছে সায়েন্স এবং টেকনোলজিক্যাল সাবজেক্ট পড়ার দিকে কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত এমন কোন কলেজ আছে যেখানে ছাত্ররা এম এস-সি পড়তে পারে? একটাও নাই। আমার যদি ভুল হয় শিক্ষামন্ত্রী আমার ভুল সংশোধন ক'রে দেবেন কিন্তু আমি যতদূর জানি, ম্যাথেমেটিক্স ছাড়া ফিজিক্স, কেমিস্ট্রিতে অনার্স পড়ার মত কোন কলেজ নাই। এবং এই ইউনিভার্সিটির এলাকাভুক্ত একটিমাত্র কলেজ আছে যেখানে বি কম পড়ার ব্যবস্থা আছে। কাজেই আপনারা এমন একটা ইউনিভার্সিটি গড়তে যাচ্ছেন যে তার অধীনস্থ এমন কোন কলেজ নাই যেখানে ছেলেরা ফিজিক্স, কেমিস্ট্রিতে অনার্স পড়তে পারে—বর্তমান কলেজগুলিতে তারা এগুলি পড়ার কোন স্কোপ পাবে না। কলিকাতা বিশ্ববিদ্যালয়কে পরামর্শ না করে, তাঁদের মতামত না নিয়ে গভর্নমেন্ট নিজেদের ইচ্ছা অনুযায়ী এবং শিক্ষাবিদদের সঙ্গে পরামর্শ না করে এমন একটা ইউনিভার্সিটি গড়তে যাচ্ছেন যার অ্যাফিলিয়েটেড কলেজগুলিতে বি এস সি-তে অনার্স পড়ার কোন সুযোগসুবিধা নাই। এবং এটা স্বাভাবিক যে, বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে যারা আই এ, আই এস সি পাশ ক'রে ক্যালকাটা ইউনিভার্সিটিতে পড়তে যাবে তারা সেখানে এখনকার মত সুযোগসুবিধা পাবে না, তারা সেখানে বাইরের ছাত্র হয়ে যাবে, এটা হিউম্যান নেচার, এটা অস্বীকার করতে পারা যায় না। যারা ক্যালকাটা ইউনিভার্সিটির অ্যাফিলিয়েটেড কলেজ থেকে আই এস-সি পাশ করবেন, তাঁরাই সেখানে অগ্রাধিকার পাবেন। তারপর, আপনারা যে ইউনিভার্সিটি গড়তে যাচ্ছেন সেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কোথাও ইঞ্জিনীয়ারিং কলেজ নাই —কাজেই এই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজে যারা ইঞ্জিনীয়ারিং পড়তে চায় তাদের কি ব্যবস্থা হবে? মন্ত্রিমহাশয়, এ জিনিসগুলি আপনি ভাল ক'রে শুনুন, এ সমস্ত ব্যাপারে ছাত্ররা খুব আতঙ্কিত হয়েছে এবং তারা এসমস্ত কথা ভাল ক'রে জানতে চায়। এই ইউনিভার্সিটি এলাকার মধ্যে যদিও একটিমাত্র মেডিক্যাল কলেজ আছে কিন্তু সেটি রেকগনাইজড নয়। [এ ভয়েসঃ না, না, সেটি রেকগনাইজড কলেজ] আই মে বি বং, কিন্তু আমি শুনেছিলাম যে, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল অ্যাসোসিয়েশন ঐ কলেজকে রেকগনাইজ করে নি। তবে ডাক্তার রায় হয়ত সঠিক বলতে পারবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

বাঁকুড়া মেডিক্যাল কলেজ আমরা নিয়ে নিয়েছি।

Sj. Mihirlal Chatterjee:

তা হ'লে আমি ভুল বলেছি—নাউ আই স্ট্যান্ড কারেক্টেড। তবে এই বর্ধমান ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত এলাকার মধ্যে আমরা আরও মেডিক্যাল কলেজ হওয়ার প্রয়োজনীয়তা অনুভব করছি এবং যতক্ষণ পর্যন্ত সেখানে উপযুক্তসংখ্যক ইঞ্জিনীয়ারিং, মেডিক্যাল কলেজ প্রভৃতি না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই এলাকার ছেলেরা যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে পড়বার সুযোগ-সুবিধা পায় সে সম্বন্ধে আমাদের শিক্ষামন্ত্রীর নজর রাখা উচিত।

Mr. Deputy Speaker:

আপনি আগেই তো সব বলেছেন, কাজেই তাড়াতাড়ি শেষ করুন।

Sj. Mihirlal Chatterjee:

স্যার, এটাই যখন বিলের লাস্ট স্টেজ তখন একটু ভাল ক'রে সব বলতে চাই। তারপর আর-একটি প্রশ্ন এই ইউনিভার্সিটি এলাকার ছেলেদের মনে উঠেছে এবং আমি সে এলাকার লোক ব'লে অরা আমাকে জিজ্ঞাসা করেছে যে, এই ইউনিভার্সিটির এলাকার মধ্যে যখন একটি-মাত্রই বি কম কলেজ আছে তখন যেসব ছেলেরা ভবিষ্যতে বি কম এবং এম কম পড়তে চাইবে তাদের কি অবস্থা হবে। তারপর আজ সরকার যখন একটা নূতন ইউনিভার্সিটি করতে চলেছেন,

তখন একটা কথা আমি বিশেষ ক'রে বলতে চাই যে, ভুলবেন না, স্যার আশুতোষ মুখার্জি শিক্ষার ব্যাপারে একজন জায়েন্ট ছিলেন এবং তিনি তিলে তিলে তাঁর মন, প্রাণ ও চিন্তাশক্তি সর্বকিছু নিয়োজিত করেছিলেন এই ক্যালকাটা ইউনিভার্সিটি গড়ে তুলতে। কেবলমাত্র সরকারী টাকাতেই ইউনিভার্সিটি গড়ে তোলা যায় না—তাকে গড়ে তুলতে গেলে চাই বিরাট ব্যক্তিত্বের প্রভাব যা ভাল ভাল প্রফেসর এবং লেকচারারদের দূর দূরান্ত থেকে অ্যাট্রাক্ট করতে পারবে। স্যার আশুতোষ শুধু ভারতবর্ষেই নয়, বাইরে থেকেও নামকরা কৃতবিদ্য প্রফেসরদের আকর্ষণ করতে পেরেছিলেন এবং যার মধ্যে ডক্টর রাধাকৃষ্ণ এবং সি ভি রমনএর মত লোকও ছিলেন। ঠিক একইভাবে রবীন্দ্রনাথ ঠাকুরও তাঁর ব্যক্তিত্বের জোরে বহু বড় বড় কৃতবিদ্যদের শান্তিনিকেতনের সেবায় আকর্ষণ করতে পেরেছিলেন। কাজেই আমার মনে হয় নূতন ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর অ্যাপয়েন্ট করার সময় সরকারের বিশেষ দৃষ্টি রাখা উচিত যাতে এমন ব্যক্তিত্বসম্পন্ন শিক্ষাবিদকে ঐ পদে নিয়োগ করা হয়, যিনি নিজের পার্সোন্যালিটি শিক্ষানুরাগ এবং ডায়নামিক কর্মক্ষমতার জোরে ভাল ভাল প্রফেসর অ্যাট্রাক্ট করতে পারবেন। স্যার, আপনি দেখবেন এই ইউনিভার্সিটি এলাকার মধ্যে যতগুলি স্পনসর্ড কলেজ আছে তার অধিকাংশ জায়গাতেই বহু সেকেন্ড ক্লাস এবং থার্ড ক্লাস এম এ-রা পড়ায়—ফার্স্ট ক্লাশ এম এ বেশি পাওয়া যায় না। নূতন বিশ্ববিদ্যালয়ের এলাকার মধ্যে কোথাও একটা আইন কলেজ নেই। এই ইউনিভার্সিটিতে এমন একজন ভাইস চ্যান্সেলর নিযুক্ত করা দরকার যিনি প্রয়োজন হলে খুঁজে খুঁজে সারা ভারতবর্ষ থেকে ফার্স্ট ক্লাস প্রফেসরদের সংগ্রহ ক'রে আনতে পারেন। এই ইউনিভার্সিটি ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে বিচ্ছিন্ন হলেও সকল দিক থেকে এই নূতন বিশ্ববিদ্যালয় যেন একদিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমপর্যায়ের গৌরব অনুভব করতে পারে।

Mr. Deputy Speaker:

আমরা রিসেসএর পূর্বেই এই বিলের আলোচনা শেষ করতে চাই, কিন্তু দেখা যাচ্ছে যে, এখনও ৬ জন স্পীকার রয়েছেন। কাজেই আমার মনে হয়, যদি প্রত্যেকে ৫ মিনিট ক'রে বলেন তা হলে রিসেসএর পূর্বেই শেষ হয়ে যাবে।

[3-40—3-50 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বর্ধমান ইউনিভার্সিটি বিলের তৃতীয় পর্যায়ে আলোচনা শুরু হয়েছে। এই বিল একরকম পাশ হয়ে গেছে বলেই ধরে নেওয়া যায়। এই বিলটা কার্যকরী করতে গিয়ে কি সুবিধা, অসুবিধা হবে সেগুলি একবার আলোচনা করা দরকার। আমরা দেখছি যে, আমাদের এই বর্তমান সরকার আমাদের দেশের সরকার সারা এশিয়ার মধ্যে যে আদর্শ বিদ্যালয়, সেই কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যথেষ্ট শিক্ষা গ্রহণ করতে পারেন নি। অর্থাৎ অত্যন্ত দুঃখের কথা যে, তখনকার যুগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বেসরকারী প্রচেষ্টার যে বিরাট অবদান হয়েছিল তা থেকে এ'রা শিক্ষালাভ করতে পারেন নি। গত ১০০ বছরের অধিককাল ধরে কলকাতা বিশ্ববিদ্যালয় যে নানা পরিবর্তনের মধ্য দিয়ে গেছে এবং তার জন্য এই সর্বশেষে ১৯৫১ সালে এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালনা সংক্রান্ত যে আইন রচিত হয়েছে তা থেকে কোন শিক্ষা গ্রহণ করেন নি। আমরা দেখলাম এই নূতন যে ইউনিভার্সিটি বিল এল, সেই বিল কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনের ধার দিয়ে গেল না। এর মধ্য দিয়ে আমরা একটা জিনিস লক্ষ্য করছি যে, সরকার উচ্চতর শিক্ষাকে নিজেদের কুক্ষিগত করার চেষ্টা করছেন। স্যার, এই বিলের অবজেক্ট অ্যান্ড রিজনসএর মধ্যে আমরা দেখছি যে, এখানে পরিষ্কারভাবে বলা হচ্ছে

The Calcutta University has for a long time served the cause of higher education not only in Bengal but large areas outside Bengal.

কলকাতা বিশ্ববিদ্যালয় আমাদের দেশের শিক্ষা বিস্তারের ক্ষেত্রে অনেক কিছু যে করেছে সেকথা এই সরকার স্বীকার করেছেন। এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ক্ষেত্রে যে ত্রুটি-বিচ্যুতি আছে এই বিল প্রণয়ন করার সময় সেসব সরকারের মনে উদিত হয় নি। আমরা দেখছি যে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত শিক্ষা দেবার ব্যবস্থা করা হবে। অর্থাৎ কতকগুলি কলেজকে অ্যাফিলিয়েশন দিয়ে এর এলাকাভুক্ত অঞ্চলের শিক্ষাব্যবস্থা করা হবে।

এ ছাড়া এই বিলের আর অন্য কোন উদ্দেশ্য নেই। এই বিলে পরিষ্কারভাবে একথা বলা হচ্ছে যে, যেহেতু কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা অতিরিক্ত বেশি হয়ে যাচ্ছে সেহেতু অন্য একটি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন। এই বিষয়ে আমরাও একমত এবং আরও বেশি বিশ্ববিদ্যালয় হোক এটা আমরাও চাই। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয়ের যে শিক্ষাব্যবস্থা সেই শিক্ষাব্যবস্থা এমনভাবে অগণতান্ত্রিক ও সরকারী কুক্ষিগত যে তাতে সেখানে বেসরকারী শিক্ষাবিদদের অবদান দেবার সুযোগ থাকবে না। সুতরাং এই ব্যবস্থার আমরা তীব্র নিন্দা করি। কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের আইন থেকে দূরে সরে যাওয়ার কারণ হিসাবে মন্ত্রিমহাশয় বলেছেন যে, একটা নূতন এক্সপেরিমেন্ট করা হচ্ছে। কিন্তু এই নূতন এক্সপেরিমেন্টের প্রয়োজন আমরা দেখছি না। অবশ্য যদিও এখানে হিউম্যানিটিজএর সায়েন্স কোর্সের বাহিরে

Technical subjects like engineering, mining, metallurgy

ইত্যাদির শিক্ষার ব্যবস্থা করা হবে। কিন্তু তা হলেও এই ইউনিভার্সিটিকে সরকারের তাঁবেদার লোকের আওতায় রাখার কোন যুক্তি নেই। আমরা যখন বলেছিলাম যে, জেনারেল ম্যানেজার, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, জেনারেল ম্যানেজার, ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি এবং জেনারেল ম্যানেজার, হিন্দুস্থান স্টীল ইত্যাদি, ব্যবসায়ী প্রতিষ্ঠানের ম্যানেজারদের কেন এখানে আনা হবে, তখন তিনি সেই প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, এই বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন টেকনিক্যাল বিষয়ে যারা শিক্ষালাভ করবে তারা এইসমস্ত ব্যবসায় সংক্রান্ত প্রতিষ্ঠানে চাকরি করবার সুযোগসুবিধা পাবে। কাজেই একটা প্রশ্ন মনে জাগে যে, এই বর্ধমান ইউনিভার্সিটিতে যে ইঞ্জিনীয়ারিং, মাইনিং, মেটালার্জি ইত্যাদি শিক্ষার ব্যবস্থা করেছেন, এখানকার উত্তীর্ণ ছাত্ররাই কি এই চিত্তরঞ্জন বা বার্নপুর কারখানাতে চাকরিবাকরির সুবিধা পাবে? এই বর্ধমান ইউনিভার্সিটি বিলের আওতার মধ্যে যে এলাকা পড়েছে তার বাইরে যে ইঞ্জিনীয়ারিং প্রতিষ্ঠান বা অন্য টেকনিক্যাল প্রতিষ্ঠান আছে সেই সমস্ত প্রতিষ্ঠানের ছাত্ররা কি সেইরকম সুযোগসুবিধা পাবে না? আমি মনে করি, এ প্রশ্ন উঠতে পারে না। কিন্তু এর মধ্য দিয়ে সরকারের যে সংকীর্ণ মনোভাবের পরিচয় পাওয়া গেছে সেটা আমরা অত্যন্ত নিন্দা করছি। এই বর্ধমান ইউনিভার্সিটির আওতায় কোন্ কোন্ এলাকা থাকবে সেই প্রসঙ্গে আলোচনা হয়েছিল যে, কলকাতা, বিশেষ করে হাওড়ার উত্তরে হুগলির দক্ষিণাংশ এলাকাকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত রাখতে যাতে এই সমস্ত এলাকার উচ্চশিক্ষার সুবিধা হতে পারে; কিন্তু সরকার সেদিকে কর্ণপাত করেন নি যদিও মেদিনীপুর জেলার পক্ষ থেকে আবেদন করায় মেদিনীপুর জেলাকে বর্ধমান ইউনিভার্সিটির আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। হুগলি জেলার দক্ষিণাংশ যেটা হাওড়ার নিকটবর্তী, এই অংশকে বাদ না দেওয়ার ফলে এই এলাকার শিক্ষাক্ষেত্রে বিশেষ অসুবিধা হবে ব'লে মনে করি। একে যদি বর্ধমান ইউনিভার্সিটির আওতায় রাখতে হয় তা হলে এমন সুযোগসুবিধা রাখতে হবে উচ্চশিক্ষার ক্ষেত্রে, যাতে এদের মনে সব সময় এই ভাব না জাগে যে, কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য অসুবিধা সৃষ্টি হয়েছে। কাজেই আমার বক্তব্য এই যে, দেশের শিক্ষাবিদদের পরামর্শ গ্রহণক্রমে, তাদের সঙ্গে যুক্তি-পরামর্শ ক'রে দেশের শিক্ষা যাতে প্রকৃত অগ্রসর হয় সেদিকে দৃষ্টি রেখে এই বিলের কার্যকারিতার ক্ষেত্রে সরকার যেন অগ্রসর হন।

Sj. Monoranjan Hazra:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই বিলের তৃতীয় পর্যায়ে যেসব আলোচনা হচ্ছে, আমি তার সঙ্গে একটু যোগ করতে চাই। ডাঃ হীরেন চ্যাটার্জি হেল্দি বেবি আশা করেছেন এবং সেই হেল্দি বেবি যদি হয় তা হলে মনস্টার বলা হবে না এটা আমারও মনের কথা। বিশ্ব-বিদ্যালয় বেশি ক'রে দেশে গড়ে উঠুক—জনসাধারণ থেকে এর চাহিদা আছে। কিন্তু সেই চাহিদা আছে ব'লেই তার সুযোগ নিয়ে এমন কিছু করা উচিত নয় যাতে আসল উদ্দেশ্য ব্যাহত হয়। সেদিক থেকে এই বিলটা আনার আগে বিভিন্ন জেলার যদি মতামত নেওয়া হত এবং কিভাবে কতখানি তাঁরা অগ্রসর হতে পারবেন এইরকম যদি তাঁদের কিছু পরামর্শ নেওয়া হত তা হলে এই বিলের চেহারা অন্য রকম হতে পারত, কিন্তু তা হয় নি। আজকে সেইজন্য বহু জায়গায় ছাত্রদের মুখে এই প্রশ্ন উঠেছে যে, আমরা কোথায় এম-কম পড়তে পারব, কোথায় গিয়ে এম এস সি পড়তে পারব, কোথায় আমরা অনার্স ক্লাস করতে পারব—এই জিজ্ঞাসা অন্তত আমরা হুগলির বহু জায়গায় পেয়েছি এবং সেদিক থেকে আশা করেছিলাম যে অন্তত কিছুটা

বিচার করা হবে এবং এই ফ্লোরএর মধ্যে অন্তত কিছুটা অদলবদল করা হবে, কিন্তু তা হ'ল না। সেদিক থেকে আমি বলতে চাই যে, তৃতীয় পর্যায়ে অন্তত এমন কতকগুলি আশ্বাস মাননীয় মন্ত্রিমহাশয় দিন যাতে ভবিষ্যতে ছাত্র মহল, অভিভাবক মহল এবং কলেজের কর্তৃপক্ষের মনে অন্তত কিছু সন্দেহ থাকবে না—তারা সাসপেন্সএর মধ্যে পড়বেন না। বাংলাদেশে ক্যালকাটা অ্যান্ড সুবারবস ব'লে একটা কথা প্রচলিত হয়েছে—বৃহত্তর কলকাতা ব'লে একটা কথা প্রচারন হয়ে আসছে দীর্ঘদিন ধরে, অন্তত সভ্যতার সঙ্গে সঙ্গে এটা চলে আসছে। আমরা আশা করেছিলাম যে, সেটা চিন্তা ক'রে অন্তত কিছুটা ব্যবস্থা করা হবে। কিন্তু এর আগে কিছু কিছু কথা আমরা মফঃস্বলে শুনেছি। কলেজ কর্তৃপক্ষগুলিকে এবং সেখানকার কিছু কিছু এম এল এ-কে একথা বলা হয়েছে যে, তোমরা তো বেশি টাকা পাবে, তোমরা কেন ওখানে যাবে, তোমরা বেশি সুযোগ পাবে—এই ব'লে তাদের চুপ করানো হয়েছে। কিন্তু যে ধারাটা গড়ে উঠেছে বিগত কয়েক শতাব্দী ধরে সেটাকে রাতারাতি এমনি করে খণ্ডটুকড়া করা যাবে না। আমি শিক্ষামন্ত্রীকে বলতে চাই হুগলী জেলাকে এই বিলের আওতার মধ্যে আনা হয়েছে —আমি আশা করি ইতিহাস সম্বন্ধে তাঁর জ্ঞান আছে তিনি ঊনবিংশ শতাব্দী থেকে আরম্ভ করে হুগলী জেলার ইতিহাসকে একটু অনুধাবন করলে দেখতে পাবেন যে সারা ভারতবর্ষে যত মনীষী জন্মগ্রহন করেছেন তার চেয়ে অনেক বেশী সংখ্যায় মনীষী জন্মগ্রহন করেছেন হুগলীতে। তাঁরা বর্ধমান বা অন্য কোন জায়গায় জন্মান নি—তাঁরা ঊনবিংশ শতাব্দীতে যে একটা নবজাগরণের যুগ গড়ে তুলেছিলেন সেই ইতিহাসকে আমি স্মরণ করতে বলি মাননীয় মন্ত্রীমহাশয়কে। মনীষীদের কথা হচ্ছে আমাদের দেশে নদী এবং শিক্ষা এই দুই ধারা আমাদের মানুষ করেছে। নদীগুলিকে ইংরাজ মজিয়েছে, আপনারা মজাচ্ছেন এবং শিক্ষাকে ইংরাজ নষ্ট করেছে, আপনারাও নষ্ট করছেন এই হচ্ছে অবস্থা। একটা মতামত এখানে পেলাম মাননীয় সদস্য মিহিরবাবু বলেছেন যে সরকারী হস্তক্ষেপ শিক্ষায় থাকুক এটা আমি পছন্দ করি না কিন্তু আমার কথাটা একটু ভিন্ন—যদি শিক্ষার গ্যারান্টি দেয়া যায় তাহলে নিশ্চয়ই সরকার শিক্ষার ভার গ্রহন করুন এবং সেদিক থেকে যখন শিক্ষার ভার গ্রহন করেছেন তখন বলবো যে শিক্ষার গ্যারান্টিটা এবার দিন। এই সমস্ত বিবেচনা করে আমরা আশা করেছিলাম যে অন্ততঃ কোলকাতার সঙ্গে যুক্ত যে অঞ্চল সেই অঞ্চলগুলিকে বাদ দেয়া হবে কিন্তু তা দেন নি। আমি য়্যামেন্ডমেন্ট এনেছিলাম যে শ্রীরামপুর কলেজকে বাদ দেয়া হোক কিন্তু তা হোল না। এটাকে বাদ দিলে এমন কিছু ক্ষতি হোত না, কাজেই এটা আমি একটু বিবেচনা করতে বলি। শ্রীরামপুর কলেজের একটা আইন আছে যে আইনের বলে তারা স্বতন্ত্রভাবে পারবেন। তাছাড়া গতকল্যকার ষ্টেটসম্যান পত্রিকায় শ্রীরামপুর কলেজের কর্তৃপক্ষের যে মতামত বেরিয়েছে সেটা নিশ্চয়ই অনেক সদস্য লক্ষ্য করেছেন—যদি প্রস্তাবিত বর্ধমান বিশ্ববিধ্যালয়ের মধ্যে তাঁরা যান তাহলে তাঁদের পেট্রনেজ নষ্ট হয়ে যাবে। অনেকে জানেন যে এটা মিশনারী কলেজ এবং তারা সেখানে বহু সাহায্য পেয়ে থাকেন, একটা দিক বিবেচনা করে তাঁরা এর বিরোধিতা করেছেন। তেমনি উত্তরপাড়া কলেজ, নবগ্রাম কলেজ, বিধানচন্দ্র রায় কলেজ সেটা রিষড়ায় আছে তারা সমস্ত এট'র বিরোধিতা করছেন এবং প্রতিবাদ করছেন কারণ এই কলেজগুলি উঠে যেতে বাধ্য। সেদিক থেকে মন্ত্রীমহাশয়কে একটু বিবেচনা করতে বলি, এবং বলি তিনি আবার ভাবুন—এই অঞ্চলে একটা কলেজ করা যায় না, তিনি যেন এগুলিকে উঠিয়ে না দেন এই আমার অনুরোধ।

[3-50—4 p.m.]

Dr. Radhakrishna Pal:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয় বিগত কয়েকদিন ধরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য এবং গণতান্ত্রিক পদ্ধতি সম্পর্কে আমাদের সিনেটার, মাননীয় সদস্য ডাঃ হীরেন চ্যাটার্জী মহাশয় বহু কথা বলে গেলেন এবং আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়কেও তিনি বহু কথা বলে গেলেন। একটু আগে মিহিরবাবু তাঁর গালাগালি শুনে বল্লেন যে আমি এতখানি যেতে চাই না, আমি শুধু তার কর্মপদ্ধতি নিয়ে সমালোচনা করতে চাই। আমি শুধু ডাঃ হীরেন চ্যাটার্জীকে, ওয়ান অব দি সিনেটারস অব দি ক্যালকাটা ইউনিভার্সিটি, তার ঐতিহ্যপূর্ণ ইতিহাস দিচ্ছি। গণতন্ত্রের ধ্বজাধারী ডাঃ চ্যাটার্জী এটা যেন শোনেন। মিঃ ডেপুটি স্পীকার স্যার, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের য়্যাফিলিয়েসন পেতে হোলে কোন কলেজকে, তাদের

প্রিভিয়াস ইয়ারের ১৫ই আগস্টের মধ্যে দরখাস্ত করতে হয়। আমাদের ওখানে এক কলেজ ১৪ই আগস্ট তারিখে দরখাস্ত করেছিল—আমি একটা একজামপল দিচ্ছি। উনি ত এতদিন ধরে খুব বুলি কপচাচ্ছেন সিনডিকেটের ঐতিহ্য ও গণতান্ত্রিক পদ্ধতি সম্বন্ধে। সেটা সেনেটে পাশ হয়েছিল, তারপর, সিনডিকেটে গিয়েছিল, সেখানে তাঁরা তাকে এ্যাফিলিয়েশন না দিয়ে—ক্যানসেল করে দেন।

মিঃ ডেপুটি স্পকার স্যার, আমি সেই কথা আজকে জানাচ্ছি—ইউনিভার্সিটির সেনেট ও সিন্ডিকেটের ঐতিহ্য এবং গণতান্ত্রিক পদ্ধতি সম্পর্কে আজ সাত দিন ধরে, দিনের পর দিন যে ভাবে সমালোচনা তিনি করে গেলেন।

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, কোন কলেজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েশন পেতে হলে, তার আর্থিক অবস্থা ঠিক আছে কিনা, তার অ্যাকসেসরিস ঠিক আছে কিনা এবং তার টাইটেল অফদি ল্যান্ড ঠিক আছে কিনা, দেখতে হয়। আমার ওখানকার কলেজটি সম্বন্ধে দেখা গেল তার টাইটেল ঠিক আছে, তার অ্যাকসেসরিজ ঠিক আছে এবং ৭০ হাজার টাকা জমা দেওয়া আছে। ইন্সপেক্টর অফ কলেজেস সোমেশ্বরপ্রসাদ মুখার্জি এবং তাঁর সঙ্গে গেলেন সৌমেন রায় মহাশয় ঐ কলেজ ইন্সপেকশন করতে এবং ইন্সপেকশন ক'রে তাঁরা সন্তুষ্ট হয়ে বললেন যে, ঐ কলেজ অ্যাফিলিয়েটেড হবার উপযুক্ত। তার অ্যাফিলিয়েশনএর সমস্ত ব্যবস্থা হয়ে যায়, ইতিমধ্যে আমি ডাঃ চ্যাটার্জিকে একটু ভাল ক'রে শুনতে বলছি—সাম অফ দি ইনফ্লুয়েন্সিয়াল মেম্বারসএর ইনফ্লুয়েন্সএ ঐ কলেজকে অ্যাফিলিয়েশন না দিয়ে, আর একটা কলেজকে অ্যাফিলিয়েশন দিয়ে দেওয়া হল। যিনি নিজেকে বড়াই ক'রে ব'লে থাকেন ডেমোক্র্যাসির নায়ক, গণতন্ত্রের নায়ক, নয়াচীনের বন্ধু সেই ডাঃ চ্যাটার্জিকে জানাচ্ছি এবং তাঁর কমিউনিস্ট বন্ধুদের
one inducement corrupts the whole company.

আমি তারপরে আপনাকে জানাচ্ছি যে, হঠাৎ দেখা গেল—যেখানে নিয়ম ছিল যে, ১৫ই অগাস্টের পূর্বে ইউনিভার্সিটিতে দরখাস্ত করতে হবে, সেখানে একটি কলেজ ২৩এ জানুয়ারি তারিখে, পরের বছর দরখাস্ত ক'রে অ্যাফিলিয়েশন পায়। সেই কলেজের ডিসপিউটেড টাইটেল ছিল এবং তা নিয়ে আমাদের সেখানকার মুন্সেফ ম্যাজিস্ট্রেটের কাছে কেস চলছিল। তিনি ইউনিভার্সিটিকে জানিয়ে দেন যে, সেই কলেজ সম্বন্ধে ইনজাংকশন জারি করা হয়েছে। সঙ্গে সঙ্গে ইন্সপেক্টর অব কলেজেস এবং তাঁর সঙ্গে অন্যান্য সভ্যরা সেখানে জেনারেল ইন্সপেকশন করতে যান এবং তাঁরা সকলে একমত হয়ে সেই কলেজের অ্যাফিলিয়েশন ক্যান্সেল করান। আমি এটা একটা এক্সাম্পল হিসাবে দেখালাম।

Dr. Hirendra Kumar Chattopadhyay: On a point of order, Sir. Is he speaking on the third reading of the Burdwan University Bill?

Shri Nepal Roy: Is that a point of order, Sir?

Mr. Deputy Speaker:

ও'কে বলতে দিন।

Dr. Radhakrishna Pal:

আমি যা বলছিলাম। হঠাৎ দেখা গেল সেই কলেজ জন্মে গেল এবং ওয়ান অফ দি সিন্ডিকেট মেম্বারস, তিনি জোর ক'রে সেই কলেজের অ্যাফিলিয়েশন দিয়ে দিলেন, সেটাকে ক্যান্সেল করলেন ইন্সপেক্টর অব কলেজেস।

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলে গেলেন যা—সেই বি এল মিত্র কমিশনের রাহু হয়ে যিনি বসে আছেন, তিনি সবাইকে ছাড়িয়ে দিয়ে সেই ডিসপিউটেড কলেজকে অ্যাফিলিয়েশন দিয়ে দিলেন। আমি ডাঃ চ্যাটার্জিকে সেই কলেজের নামটি জানিয়ে দিচ্ছি—সেটা হচ্ছে, রামকৃষ্ণ সারদা বিদ্যালয়, যেটা বিমলবাবুর একটি কলেজ ছিল এবং তিনি হীরেনবাবুর অন্যতম বন্ধু। তিনি হীরেনবাবুকে সেখানে [illegible] ক'রে এটা করান।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এতদিন ধরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে গণতন্ত্রের ধ্বজাধারী ডাঃ চ্যাটার্জির কার্যকলাপের পদ্ধতি আমরা বিশেষভাবে লক্ষ্য করেছি। সরকার বর্ধমান ইউনিভার্সিটিতে অটোক্রেসি নিয়ে রুল করতে চাচ্ছেন, এবং সেখানে গণতন্ত্রের কোন চিহ্ন নেই ব'লে মন্তব্য করেছেন। ঐ ইউনিভার্সিটির যিনি ভাইস-চ্যান্সেলর হবেন তাঁর সম্বন্ধে এবং সেনেট ও সিন্ডিকেটের মেম্বার যাঁরা হবেন, তাঁদের কার্যকলাপ সম্বন্ধে তিনি সরকারকে সজাগ হতে বলেছেন। কিন্তু আমি তাঁকে জানাচ্ছি, ডেমোক্রেসি যখন ফেলিওর হয় তখন অন্য জিনিস তার স্থানে আসে। আজ ভারতবর্ষে আফটার ইন্ডিপেন্ডেন্স, ১৯৪৭ সালের পর যদি পণ্ডিত নেহরু এই গণতন্ত্র না নিয়ে আসতেন, তা হলে আজকে সম্ভব হত না, এইরকম সব লোককে এই অ্যাসেম্বলির সামনে বসিয়ে, তাদের মুখ দিয়ে এই সমস্ত কুৎসিত কথা বলার। যিনি সেনেটের মেম্বার, তাঁর মুখ দিয়ে এই ধরনের কুৎসিত কথা বের হতে দেখলাম। কয়েক-দিন আগে আমি হাওড়ায় খাটা পায়খানা দেখেছিলাম, এটা যেন তার চেয়েও আরও বিশ্রী মুখ; সেপটিক ট্যাঙ্ক হ'লেও বাঁচা যেত। দিনের পর দিন একজন শিক্ষাবিদ, যিনি মেডিকেল কলেজের ভাইস-প্রিন্সিপ্যাল, তাঁর মুখ দিয়ে আজকে যেসমস্ত কথা শুনলাম, তাতে অত্যন্ত বিস্মিত হয়েছি। আজকে ক্যালকাটা ইউনিভার্সিটি কোন্ পথে চলেছে? তাই আমি ওয়ান অফ দি মেম্বারস অফ দি সিনেট ও বিশিষ্ট শিক্ষাবিদকে স্মরণ করিয়ে দিতে চাই, আজকে সময় এসেছে বিশেষভাবে চিন্তা করবার যে, শিক্ষার গতি কোন্‌দিক দিয়ে হবে। সেইজন্য বর্ধমান ইউনিভার্সিটি বিল আনয়ন ক'রে যে পন্থা সরকার অবলম্বন করেছেন সেটা আমরা চাই। এই ধরনের অটোক্রেসি না হ'লে এ দেশকে বাঁচানো যাবে না।

কালকে ও'রা চন্দননগরে মার খেয়ে এসেছেন এবং প্রতিদিন তাঁরা বাইরে মার খাচ্ছেন, আর এখানে এই অ্যাসেম্বলিতে এসে তাঁরা ভুরি ভুরি বুলি ছাড়ছেন। আজ দিনের পর দিন, সব জায়গায়, স্যার, দেখা যাচ্ছে, প্যান্ডাইজম ইজ দি বেস্ট ইজম—এইসমস্ত ক'রে তাঁরা এখানে চলে এসেছেন।

On a point of personal Explanation

[4—4-10 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, on a point of personal explanation because my name has been mentioned more than once. I can only inform the House through you that the episode that he has mentioned was a same-sided goal affair between two groups of the Congress—one, Professor Bimal Mukherjee, supported by the Hon'ble Minister Prafulla Chandra Sen and the other was supported by Dr. Radhakrishna Pal who went to Shri Satish Chandra Ghosh for the cause of his support. Therefore that is a stupid and silly argument that he has raised.

Dr. Radhakrishna Pal:

পার্সোন্যাল এক্সপ্লানেশন-এর কি মানে হল। সেই ভদ্রলোক সেদিনও আবার লালচীনের হয়ে চন্দননগরে বক্তৃতায় তিব্বত তারপর নেপাল তারপর সিকিম দখল করতে গিয়েছিলেন।

Sj. Dasarathi Tah:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের এখানে বর্ধমান বিশ্ববিদ্যালয় বিল পাস হয়ে যাচ্ছে। এটা আমাদের আনন্দের কথা। এই বিলের উপর যেটুকু সমালোচনা শুনলাম তাতে মনে হ'ল এতে যেন জমিদারের দৃষ্টিতে কৃষকের ছেলের পড়াশুনার ফলাফলের উপর মন্তব্যের মত। অর্থাৎ চাষীর ছেলের পাশ করবার কথা নয়, কিন্তু যখন পাশ করেই গেছে, তখন সে চাকরী পাবেই না। একটা কথা উঠেছে বর্ধমানে যে ইউনিভার্সিটি হচ্ছে সেখানে কি ভাল পড়াশুনা হবে? ডিগ্রি পেলে সেটা 'বর্ধমান মার্কা' ডিগ্রি হলে নাকি সেটা বাজারে চালু হবে না। কলকাতা মার্কা ডিগ্রিই বাজারে চালু হবে এই আশঙ্কা করা হচ্ছে। মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি যে বর্ধমান ইউনিভার্সিটির রূপ কি হবে, সেখানে পড়াশুনা কি রকম হবে এবং বর্ধমান মার্কা ডিগ্রি হলে সেটা বাজারে ভালভাবে সচল হবে কি না সেটা পরিষ্কার করে বলে আমাদের নিশ্চিন্ত এবং আশ্বস্ত করুন। এখানে একটা কথা বলব। বর্ধমানে মেডিকেল কলেজ

করবার কথা বলছি। বাঁকুড়ায় মেডিকেল কলেজ হয়েছে সুখের কথা, কিন্তু সঙ্গে সঙ্গে বর্ধমানে যে মেডিকেল স্কুল আছে তাকে যদি মেডিকেল কলেজে পরিণত করা হয় নিশ্চয়ই সেটা ভাল হবে। ইঞ্জিনীয়ারিং কলেজ সম্পর্কে জানি দুর্গাপুরে সেটা হবার কথা সেখানে আজও হল না অথচ অন্যত্র এজন্যে বিল্ডিং হয়ে গেল। তা ছাড়া কৃষিপ্রধান অঞ্চলে কৃষি কলেজ হওয়াটাও খুব দরকার। এই বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার ব্যবস্থা কি রকম করছেন এবং কি ধরনের অধ্যাপক তাঁরা আনতে পারবেন এটাও আমরা জানতে ইচ্ছা করি।

এবার উপচার্যের কথায় যাব। আমরা শুনেছি শ্রীসুকুমার সেন মহাশয়কে বর্ধমান বিশ্ব-বিদ্যালয়ের বর্তমান অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হয়েছে, তাঁকেই নাকি উপাচার্য করা হবে। কিন্তু আশ্চর্য হচ্ছি এই কারণে যে শ্রীসুকুমার সেন যিনি ভারতের নির্বাচনের ক্ষেত্রে নোতুন নোতুন পদ্ধতির স্রষ্টা হিসাবে বহুজনের প্রশংসা পেয়েছেন, যিনি ভারতের বাহিরেও সুদানের নির্বাচন পরিচালনায় অত্যন্ত খাতির পেয়েছেন এবং সেখানকার লোক তাঁর নামে সুকুমার রোড পর্যন্ত করেছে তাঁর পরিচালনার অধীনে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরিচালনা কমিটির নিয়মাবলী প্রণয়নে কেন গণতন্ত্রের সমাধি রচিত হচ্ছে? এই বিলের উত্থাপক শিক্ষামন্ত্রী মহাশয় যদিও বিদ্যা বিভাগীয় এবং সেজন্য তাঁহার বিনয়ী হওয়াই উচিত। কিন্তু তাঁর আচরণে মনে হয় টাকীর জমিদারী মেজাজ এখনো তাঁর গা হ'তে বিদায় নেয় নি।

আমার বক্তব্য হচ্ছে যে সুকুমার সেনের উপর নির্ভর করে ভারতবর্ষ নির্বাচনে শিক্ষা লাভ করেছে এবং যিনি বিশ্বের বিভিন্ন জায়গায় নির্বাচন ব্যাপারে কর্তা ব্যক্তি হয়ে যাচ্ছেন সেখানে আশা করি নির্বাচন পদ্ধতি ভালভাবে হওয়া উচিত এবং আগামী সেসানে এটার সংশোধন হবে।

এখন ডাঃ রায়কে আমি একটা কথা বলে রাখতে চাই। তিনি প্রতিশ্রুতি ভঙ্গ করছেন কিনা মনে করে দেখুন। এ হাউসে তিনি বলেছেন যে বর্ধমান ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার এ অধমকেই করা হবে এবং এটা অনাহারী হবে। এখন দেখছি যে তা নয়, ভাল করেই আহারের ব্যবস্থা আছে। যাই হোক বর্ধমান ইউনিভার্সিটিকে প্রথম শ্রেণীর বিশ্ববিদ্যালয় করা হবে এই আশ্বাস দিন। ছেলে রোগা হলে যেমন টনিকের ব্যবস্থা করেন এর বেলায়ও যেন সে ব্যবস্থা হয়। আর এক কথা যে রাজবাড়ীতে বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন হচ্ছে সেই রাজবাড়ীর প্রাঙ্গণ থেকে কুখ্যাত লর্ড কার্জনের মর্মর মূর্তি যেন অপসারিত হয়। বর্ধমানের প্রসিদ্ধ কার্জন গেটকে আমরা 'বিজয় তোরণ' নাম দিয়েছি দেশের স্বাধীনতার পরে।

আর একটা বিষয় বিবেচনা করবেন। বর্ধমানের মহারাজা তাঁর বাটী বিশ্ববিদ্যালয়ের জন্য ছেড়ে দিয়েছেন। কিন্তু সেই জায়গায় বিশ্ববিদ্যালয় যখন করতে যাচ্ছেন, সেখানে মিউজিয়ামের প্রয়োজন, সেখানে ঐতিহ্য রক্ষার ব্যবস্থা থাকা দরকার। বিশ্ববিদ্যালয় সংস্কৃতির ধারক ও বাহক কিন্তু বর্ধমানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য একটা ব্যতিক্রমের দিকে দৃষ্টি দিতে বলি। বর্ধমান রাজবাটী পায়রার জন্য বিখ্যাত। রাজবাটীর একদিকের বিশাল প্রাচীরে এক লক্ষ পারাবত থাকার গুহা ছিল। রাজবাটী হতে উহাদিগকে দৈনিক খাদ্যশস্য দেওয়া হতো। এক সঙ্গে এত পারাবত ভারতে কেন বিশ্বে কোথাও আছে কি না সন্দেহ। বহু দূর দেশ থেকে কত পর্যটক এই পায়রাখানা দেখতে আসতেন। পারাবত শান্তির প্রতীক। ভারতবর্ষ শান্তির অগ্রদূত, শিক্ষাও শান্তির জন্যই। আজ সরকার পরিচালিত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ কঠিন প্রাচীরকে ভাঙ্গিয়া দিয়া লক্ষ পারাবতকে বাস্তুচ্যুত করিতেছেন। যাহাতে বর্ধমানের তথা ভারতের এই সংস্কৃতি রক্ষিত হয় এবং শান্তির স্থলে অশান্তি না হয় সেদিকে পারাবতকুলের পুনর্বাসনের ব্যবস্থা করা হউক।

Shri Gokul Behari Das: Sir, under the covert attack of the Opposition I find disguised support for the Bill. There is no denying the fact that there is necessity for such a University but at the same time Government has taken upon itself a great responsibility and I hope that Government will rise to the occasion and discharge its responsibilities in a befitting manner.

Now, Sir, for the present we entertain certain doubts and apprehensions. One apprehension is that in distribution of its jobs the Government may show predilection for the alumni of the Calcutta University, and another apprehension is that those who are coming from the jurisdiction of the Burdwan University, may want to prosecute studies under the Calcutta University, may not find proper facilities and restrictions may be put in their ways. I hope, Sir, that on behalf of the Government the Hon'ble Minister will be able to dispel these fears as groundless.

I would like to point out in this connection that there is no convenient railway connection between Bankura and Burdwan. I would, therefore, suggest that the existing Bankura-Damodar River Railway line may be linked with Burdwan and I would appeal to the Government of West Bengal to take up this matter with the Central Government.

Sir, in the Statement of Objects and Reasons to the Bill we do not find any mention of medical teaching. I do not know why the Government is silent over it. So far as this university is concerned, I would appeal to them that they should develop the present existing medical institution, viz., Bankura Sammilani Medical College to its fulfil growth. Let us hope, Sir, that the university that is going to be launched will grow and take its place of pride among the premier universities of Bengal. Let it start with the blessings of all so that it may fulfil its destiny.

[4-10—4-20 p.m.]

Shri Benoy Krishna Choudhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি কয়েকটা সাজেসন এখানে দেবো, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এবং মুখ্যমন্ত্রীর বিবেচনার জন্য। প্রথমতঃ এখানে এটা আলোচনা হয়েছে এবং তাতে স্পষ্ট হয়েছে যে, বর্ধমান ইউনিভার্সিটি বিল-এর যে প্রস্তাব আনা হয়েছে তার পোস্ট গ্রাজুয়েট টিচিং সম্পর্কে সকলেই বলেছেন পোস্ট গ্রাজুয়েট টিচিং-এর মান ঠিক কি হবে, তার উপযুক্ত শিক্ষক পাওয়া যাবে কি না এবং সেই মান থাকবে কি না। এই সম্পর্কে আমি মনে করি বর্তমানে যে অবস্থা শিক্ষকদের পাবার জন্য অসুবিধা হচ্ছে তার জন্য অন্ততঃপক্ষে আগামী ৫ বৎসর ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে পোস্ট গ্রাজুয়েট টিচারদের অনুমতি দেওয়া যেতে পারে যাতে তারা বর্ধমান ইউনিভার্সিটিরে পড়াতে পারে। এটা অন্যান্য দেশেও হয়, অনেক সময় অন্য দেশের সঙ্গে টিচার্স এক্সচেঞ্জ করা হয়। এখানেও সেই রকম হওয়া উচিত, কারণ এখানেও ভাল শিক্ষকের প্রয়োজন আছে। তারপর শিক্ষকদের এই সমস্যা দূর করার জন্য যেমন সেকেন্ডারী স্কুল-এ প্রত্যেক শিক্ষককে বি টি অনার্স বি টি পাশ করাবার যেমন একটা কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেইভাবে পোস্ট গ্রাজুয়েট টিচার্সদের জন্যও একটা কার্যক্রম গ্রহণ করা উচিত। এটা দুইভাবে বলছি। একটা হচ্ছে হাইয়ার টিচিং ও হাইয়ার অ্যাকাডেমিক টিচার্সদের উপযুক্ত বেতনের ব্যবস্থা করতে হবে নইলে ভাল শিক্ষক পাওয়া যাবে না। দ্বিতয়তঃ যথেষ্ট পরিমাণ সাহায্য করতে হবে যাতে তাদের মধ্যে যারা প্রতিভাবান ছাত্র তারা বিদেশে গিয়ে হাইয়ার স্টাডিজ গ্রহণ করতে পারে। এইভাবে শিক্ষার মান উন্নত করতে হবে। দ্বিতীয় সাজেসন হচ্ছে বর্ধমানে ইউনিভার্সিটি হচ্ছে, উত্তর বাংলায় ইউনিভার্সিটি হবার কথা হচ্ছে, কল্যাণীতে হবে, এই দিক থেকে সরকারের সারা পশ্চিমবাংলার জন্য একটা ওয়েল থট্ আউট প্ল্যান থাকা দরকার। আমার মনে হয় কোন ইউনিভার্সিটি কিসের উপর জোর দেবে, কলিকাতা ইউনিভার্সিটি কিসের উপর থাকবে এইগুলি ভাবা উচিত। আমার মনে হয় কলিকাতা ইউনিভার্সিটির যে ট্রেডিশন আছে তাতে ভারতবর্ষ স্বাধীন হবার পর—আর এই ইনফেরিওরিটি কম্‌প্লেক্স থাকা উচিত নয়। কলিকাতা ইউনিভার্সিটি সারা ভারতবর্ষের মধ্যে একটা শ্রেষ্ঠ ইউনিভার্সিটি, এটা যাতে কেম্ব্রীজ, অক্সফোর্ড, হাভার্ডস-এর সমান হয়ে দাঁড়াতে পারে সেদিকে আমাদের নজর দেওয়া উচিত। সেই জন্য কলিকাতা ইউনিভার্সিটিতে হাইয়ার টিচিং, পোস্ট গ্রাজুয়েট টিচিং, রিসার্চ ইত্যাদির দিকে বিশেষ করে জোর দেওয়া উচিত। অন্য বিশ্ববিদ্যালয়েও তাই হয়। আমি ফার্স্ট রিডিংএ

বলেছিলাম ইউরোপে যা হয়ে থাকে তা এখানেও বলা যায় যে মডার্ন স্পিরিট অফ দি ইউনিভারসিটি থাকা দরকার। কারণ আজকে নানা দিক থেকে ইউনিভার্সিটি এডুকেশন-এর প্রয়োজন আছে, সেদিক থেকে এটা যদি কেমব্রিজ, নটিংহাম মত ঠিক হতে পারে তাহলে পোস্ট গ্রাজুয়েট থেকে বেরিয়ে যথেষ্ট সংখ্যক ছাত্র বিভিন্ন ব্যবসা বাণিজ্য, শিল্পে তাদের কাজের জন্য সাহায্য করতে পারে। আজকে অনেক জায়গায় দেখছি ইকনমিক্স-এর দরকার। নানা রকম শিক্ষা দেবার দরকার রয়েছে, যেমন আজকাল বি কম ছাড়া ক্লার্ক হয় না এবং হাইয়ার অ্যাকাউনটেন্সি শিক্ষা দেবার দরকার আছে।

আজ দেশের সর্বত্র টেকনলোজিক্যাল ইনস্টিটিউট গড়ে উঠা দরকার এটা আজকে সকলেই স্বীকার করছেন। আমি লন্ডন ইম্পিরিয়াল টেকনলোজিক্যাল ইনস্টিটিউট-এর উদাহরণ দিয়ে বলেছিলাম যে, বর্ধমানেও সেইরকম একটা টিকনলোজি ফ্যাকাল্টির ব্যবস্থা থাকতে পারে। আমার কথা হচ্ছে যে, বর্ধমানে নতুন বিশ্ববিদ্যালয় করতে গিয়ে তাঁদের মধ্যে যাতে কোন রকম ইনফিরিওরিটি কমপ্লেক্স না থাকে এবং এডুকেশন স্ট্যান্ডার্ড যাতে কোন প্রকারে ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। সেদিক থেকে আমর মনে হয় যে, ক্যালকাটা ইউনিভার্সিটির টিচারদেরও বর্ধমানে নিয়ে যাবার ব্যবস্থা করা যেতে পারে। আজকাল এই ব্যবস্থা করার কোন অসুবিধা হবার কথা নয়, কারণ, ইলেকট্রিক ট্রেন-এর ব্যবস্থা হওয়ায় যাতায়াতের সুবিধা হয়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটির পোস্ট গ্রাজুয়েট টিচিং স্টাফ-এর সঙ্গে এই ব্যবস্থা সহজেই হতে পারে। এবং বিদেশেও এই রকম এক্সচেঞ্জ অফ টিচার-এর ব্যবস্থা আছে। যাই হোক, এখন না হলেও আগামী ৬।৭ বৎসরে যদি এই ব্যবস্থা হয় তাহলেও আমরা কিছুটা আশ্বস্ত হতে পারি। এখানে বিশেষ করে মনে রাখা দরকার যে, বর্ধমান ডিভিশনের যে জায়গা এই ইউনিভার্সিটির আওতায় এসেছে সেটা ডি ভি সি ও ময়ূরাক্ষী পরিকল্পনার জায়গা। এবং এই অঞ্চল অর্থাৎ বর্ধমান, বীরভূম ও মেদিনীপুর থেকে প্রচুর পরিমাণে চাল প্রোকিওরমেন্ট করা হয়। সেজন্য আমি মনে করি একটা কোঅর্ডিনেটেড প্ল্যান থাকা দরকার—যাতে করে দেশের অভ্যন্তরে আরো বেশী করে এগ্রিকালচারাল কলেজ গড়ে উঠতে পারে—প্রত্যেক সাবডিভিসনে যাতে করে একটা এগ্রিকালচারাল স্কুল গড়ে উঠতে পারে সেদিকে দৃষ্টি রাখতে হবে। এর মাধ্যম আজকে আমাদের দেশের যেটা সবচেয়ে বড় হ্যারাসিং প্রবলেম, আনএমপ্লয়মেন্ট তারও কিছুটা সমাধান হতে পারে। এতে শুধু যে অধিকসংখ্যক ছেলে কৃষিবিদ্যা শিক্ষার দিকে আকৃষ্ট হবে তাই নয়, কৃষিজীবীরাও উন্নততর পদ্ধতিতে কৃষিকার্য পরিচালনার সুযোগ পেতে পারে। সেজন্য আমি মনে করি কৃষিবিদ্যার প্রসার যাতে ব্যাপকতর হতে পারে তার ব্যবস্থাও রাখা দরকার। শিক্ষামন্ত্রীর একটা কথা শুনে আমি আশ্চর্য হয়ে গেলাম—তিনি বলেছেন এবং যুক্তি দেখিয়েছেন যে, এই বিশ্ববিদ্যালয়ে কলকারখানার ম্যানেজারদের নিলে ছেলেদের চাকরী পাওয়া সুবিধা হবে। বিশ্ববিদ্যালয়ে যারা শিক্ষা পেতে আসবে, তারা কি চাকরীর উমেদারী শিখতে এখানে আসবে। এরকম গোলামী শিক্ষার ব্যবস্থা কোন আদর্শ শিক্ষাপ্রতিষ্ঠানের থাকা উচিত নয়। তারা প্রকৃত শিক্ষা পেয়ে দেশের সংস্কৃতির ভাবধারার ধারক হয়ে মানুষ হয়ে উঠুক এটাই আদর্শ হওয়া উচিত। তাদের মানুষ হওয়ার জন্য সমস্ত দিক থেকে ইকুইপ করে তোলার ব্যবস্থা করা দরকার। তাদের সামনে একটা নোবল আইডিয়াল তুলে ধরা দরকার, শুধুমাত্র একটা মাত্র প্রেগমেটিক যুক্তি দেখিয়ে বিশ্ববিদ্যালয়ের সম্মান ক্ষুণ্ণ করবেন না।

Shri Basanta Kumar Panda: Sir, I have got not much to say during the third reading of the Bill. I would only draw your attention and, through you, the attention of the House to two or three points only. The situation has been well settled, site has been well chosen and I welcome the establishment of a University at Burdwan. Throughout the clauses I was disappointed as to the constitution of the Bill. As an explanation one thing has been suggested, namely, that at the primary stage there should be greater amount of official control. I should like to say that by successive amendments in successive years when the University will be established and run, when the necessity will be felt, as it should be felt, by successive legislation the powers which should be in the hands of the educationists and in hands of the representatives of the educationists i.e., teachers, etc., should be handed back to them from the official class.

With regard to the area I would say that the area is a mixed one. On the eastern part of the area we see a developed portion of the land—the land of our ancient poets Chandidas, Vidyapati and Kasiramdas and so on, and the land of the latest activities of our Poet Tagore, but on the western side of the area we see an underdeveloped portion, but at the same time there are enough natural recources underneath the earth in the shape of coal, iron, mica, and so on. And this University should at least make an attempt and endeavour to revive the resources which are lying hidden in the earth by the establishment of a greater number of engineering, metallurgy and other similar colleges. So I would say that this should be done. Another thing that I want to mention about is that the western part of the area is mostly inhabited by poorer people. So responsibility should be taken by the University for the development of their culture, their position and their economic wellbeing. This is, Sir, with regard to two things about the development of the area.

[4-20—4-30 p.m.]

This is with regard to the development of education. Sir, in recent years we have seen how in competitive examinations our students have failed. Our students are unable to compete with other University students. It may be that our education system is not good, or it may be that our examination system is not good or it may be that our standard of education has gone down. Therefore, Sir, special attempts should be made to raise the educational system, the examination system as also the standard of education. At least from the very beginning attempts should be made to see that the standard does not lower in the Burdwan University. The standard should at least be like that of the Calcutta University. Therefore, if necessary, a joint council of examiners, a joint council of paper-setters and a joint council of syllabus-makers should be formed with regard to these two universities. If this is not done the purpose of this University will be lost. It may be that there will not be sufficient number of good professors in the beginning. It is very desirable that we get sufficient number of good professors in the Burdwan University. Then, Sir, I have got another misgiving. Though I congratulate the Hon'ble Minister for establishing this University but when I think that our resources are very meagre and that we have consecutive deficit budgets during the last few years, I am worried about the finances of the new University. I think the Centre and the Grants Commission should come to the help of this new University. We know, Sir, that there are no engineering colleges or well-equipped medical colleges in Burdwan. So arrangements should be made for giving such education to the students of the Burdwan University in the colleges of the Calcutta University and students from the Calcutta University should be given similar facilities to be admitted in these colleges. Attempts should be made from the very beginning to keep the standard of both the Calcutta University and the Burdwan University the same for many years to come.

Sir, I congratulte the Hon'ble Minister again for establishing this Burdwan University and I thank him also for excluding Midnapore from the purview of the Burdwan University.

Sj. Bejoy Lal Chattopadhyay:

মাননীয় ডেপর্টি স্পীকার মহোদয় এই বর্ধমান ইউনিভার্সিটি বিলকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। এই আলোচনার তৃতীয় পর্যায়ে ডাঃ চ্যাটার্জির বক্তৃতা যখন আমি শুনছিলাম তখন আমার মনে হচ্ছিল যে এই পৃথিবীতে দুই দল মানুষ আছে। একদল প্রচণ্ড আশাবাদী—যাদের আমরা অপটিমিস্ট বলে থাকি—এবং আর একদল লোক হচ্ছে যাদের

আমরা পেসিমিস্ট বলে থাকি—অর্থাৎ নিরাশবাদী। অর্থাৎ এক টাইপ হচ্ছে কার্লাইল টাইপের লোক যারা সব জিনিষকেই দেখেন অন্ধকারের মধ্যে—তারা আশার আলো খুঁজে পান না; আর একদল হচ্ছেন হুইটম্যান টাইপের লোক যারা সব সময় পৃথিবীতে আশার আলো দেখে; এবং আর একদল লোক হচ্ছেন যারা সূর্যের অন্তরালে সবকিছু দেখেন। ডাঃ চ্যাটার্জি যখন বলছিলেন যে এই ইউনিভার্সিটি বিল হবে দানব শিশুর মত তখন আমার মনে হচ্ছিল যে তার চোখ ঐ পশ্চিমের দিগন্ত বলয়ের দিকে যেখানে প্রতিদিন সূর্য ডুবে যায় এবং অন্ধকার ঘনিয়ে আসে। একটা প্রতিষ্ঠান সেটা দানব শিশু হবে, কি মানব শিশু হবে, কি দেবশিশু হবে সেটা একান্তভাবে নির্ভর করে কি রকম মানুষ সেই প্রতিষ্ঠানের হালে থাকবেন। অর্থাৎ লিডারসিপ-এর উপরই একান্তভাবে সব জিনিষ নির্ভর করে। আমি মনে করি না যে বঙ্গজননী এমন ব্যারেন হয়ে গেছেন যে এই দেশে আর বড় মানুষ জন্মচ্ছেন না বা ভবিষ্যতে জন্মাবার কোন সম্ভাবনা নেই। এই ইউনিভার্সিটির হালে একদিন ভাল ভাল মানুষ বসবেন এবং যাদের নেতৃত্বে এই ইউনিভার্সিটি একদিন বাংলাদেশের গৌরবস্থল হয়ে উঠবে এই বিশ্বাস আমার ষোল আনা আছে। কোন বড় সৃষ্টি করতে গেলেই খানিকটা পরিমাণে এই সব বিশ্বাস করতে হয়। কলম্বাস যখন অজানা সাগরে পাড়ি দিয়েছিলেন তখন কূলের রেখা তার সামনে ছিল না তবুও তিনি সাগর বক্ষে তরী ভাসিয়েছিলেন। দিনের পর দিন তিনি বায়নাকুলার দিয়ে দেখতেন যে কোথায়ও তীর আছে কি না, মাঝ সমুদ্রে নাবিকরা বিদ্রোহ করেছিল কিন্তু কলম্বাস চলছিলেন এই বিশ্বাস নিয়ে যে একদিন না একদিন কূল খুঁজে পাব এবং কূল যদি খুঁজে না পাই তাহলে তীর আঁকড়ে বসে থাকব না। আজকে কোলকাতার কলেজগুলির এমন অবস্থা যে সেখানে ছাত্রসংখ্যা আর ধরছে না। বেশী পরিমাণ ছাত্র থাকলে ছেলেদের পড়াশুনার অসুবিধা হয়। সেজন্য কোন রাজনৈতিক চক্রান্তের জন্য নয়, আজ বাংলাদেশের প্রয়োজনের তাগিদেই বর্ধমানে এরূপ একটি বিশ্ববিদ্যালয় গড়বার প্রয়োজন হয়েছে এবং তার সৃষ্টির প্রভাতে আমাদের সকলকেই কলম্বাস-এর মত বিশ্বাস করতে হবে: তেনজিং এবং হিলারীর মত আমরা বিশ্বাস করব যে আমরা ঠিক জায়গায় পৌঁছাব। এই বিশ্বাস যদি আমাদের থাকে তাহলে আমাদের আবহাওয়া অনুকূল হবে এবং আমরা এই বিশ্ববিদ্যালয়ের তরণীতে ঠিক ঠিক মতন মানুষ পাব যিনি আমাদের একদিন না একদিন উপকূলে পৌঁছে দিতে পারবেন। আর একটা কথা হচ্ছে টেকনলোজি সংক্রান্ত ব্যাপার এবং যেটার বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে এই বিশ্ববিদ্যালয়ে। আমরা জানি যে আমাদের সম্পদকে বৃদ্ধি করবার জন্য জড় প্রকৃতিকে জয় করতে হবে এবং তা করতে গেলে এই টেকনলোজির আশ্রয় নিতে হবে। কাজেই আমরা যদি বাংলাদেশের এই দিগন্ত-প্রসারী দারিদ্র্যকে প্রাচুর্যে রূপান্তরিত করতে চাই তাহলে শুধু রবীন্দ্রনাথের কবিতা পড়লেই হবে না—আমাদের প্রয়োজন বৈজ্ঞানিক ও টেকনিসিয়ান এবং শুধু ১।২।৫ জন নয়—আমাদের প্রয়োজন হাজার হাজার টেকনিসিয়ান, একটা কথা আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে বিশেষ করে বলতে চাই যে, টেকনলোজির উপরেই খুব বেশী জোর দিলে হবে না। মানুষ গত ২॥ শত বৎসর ধরে এই টেকনলোজির সাধনা এই জন্যই করেছিল যে পৃথিবী একদিন সব পেয়েছির দেশে গিয়ে পৌঁছবে। কিন্তু আজ দেখছি যে এই টেকনোলজি হাইড্রোজেন বোমা আবিষ্কার করে পৃথিবীকে প্রায় প্রলয় সাগর তীরে পৌঁছে দিচ্ছে। কাজেই শুধু টেকনলজিই নয় সংগে সংগে আমাদের লিটারেচার-এর উপরেও জোর দিতে হবে। আজকে বাধা বাইরে নয়—সব বাধা হচ্ছে অন্তরে। কাজেই যদি মানুষে মানুষে, জাতিতে জাতিতে একটা প্রীতির ও প্রেমের সম্বন্ধ সুপ্রতিষ্ঠিত করতে না পারি তাহলে এই টেকনলোজি আমাদের একটা মহা ধ্বংসের মধ্যে পৌঁছে দেবে। আর লিটারেচার-এর কাজ হচ্ছে মানুষের অন্তরের মধ্যে সেইসব মহৎ আদর্শকে প্রতিষ্ঠিত করা—যাকে আশ্রয় করে মানুষ বড় হতে পারবে। এখানে আমি গীতার একটি শ্লোক বলবঃ—

শ্রদ্ধাময়োঽয়ং পুরুষঃ

য যচ্ছ্রদ্ধঃ স এব সঃ॥

অর্থাৎ যার অন্তরে যে-রকম শ্রদ্ধা ও বিশ্বাস তার জীবন সেইভাবে গড়ে উঠবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের তৃতীয় পর্যায়ে আলোচনা করতে উঠে বর্ধমান বিশ্ববিদ্যালয়কে সমর্থন করে আমি তার একটা বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব। এর আগে প্রথম এবং দ্বিতীয় পর্যায়ে আলোচনা কালে প্রতিটি ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে আমরা আলোচনা করেছি এবং আমাদের বক্তব্য সেখানে পরিষ্কার করে রেখেছি। এই বিলের মধ্যে ক্লজ ৬-এ একটা প্রভিশন করা হয়েছে সেটা হচ্ছে provision as to discrimination on the grounds of religion, race, caste, sex—আমি এটার প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটা কথা বলতে চাই। প্রথম কথা হল এই যে যেদিন এই বিল আলোচনা হয়েছিল সেদিন শিক্ষামন্ত্রী হাউসের সামনে বলেছিলেন যে সমস্ত ফাইনানসিয়াল রেসপনসিবিলিটি অফ দি ইউনিভার্সিটি গভর্নমেন্ট টেক আপ করছেন এবং গভর্নমেন্ট তার মেন্টেন্যান্স-এর সমস্ত দায়িত্ব নিচ্ছেন, একথা আমরা এখানে শুনেছি। স্ট্যাটুট-এর মধ্য দিয়ে যেখানে ইউনিভার্সিটি আমরা গঠন করতে চলেছি এবং তার মেন্টেন্যান্স-এর দায়িত্ব সরকার নিয়েছেন, সেখানে গভর্নমেন্ট বা সেই ইউনিভর্সিটি কি এমন কিছু প্রভিশন রাখতে পারেন যারে ডিসক্রিমিনেশন অন দি গ্রাউন্ডস থাকতে পারে। এ বিষয়ে যখন মাননীয় সদস্য শ্রী পান্ডা হাউসের দৃষ্টি আকর্ষণ করেছিলেন তখন শিক্ষামন্ত্রী বলেছিলেন যে The onus of the discretion lies on the private individuals and not on the State which under the Constitution could not indulge in discrimination. এই কথাটা আমি এখনে এইজন্য বলছি যে ইউনিভার্সিটির ফাইনানসিয়াল মেন্টেন্যান্স-এর সম্পূর্ণ দায়িত্ব সরকার যখন নেন তখন এই প্রভিশন রাখা কনস্টিটিউশন-এর বার কি না? এই বিষয়ে আমার মত অত্যন্ত সুস্পষ্ট। আমি বলতে চাই যে কনস্টিটিউশন-এর আর্টিকল ১৫ যে অধিকার দেয় সেই অধিকার অনুসারে শিক্ষামন্ত্রী এই প্রভিশন রাখতে পারেন না। আমি তাঁকে একটা ইনস্ট্যান্স দেব—সেটা হল University of Madras vs. Santabay—A.I.R. 1954 এই মামলায় যে রায় দেওয়া হয়েছে সেই রায়েতে মাদ্রাজ হাই কোর্ট থেকে এই কথা পরিষ্কার করে দেওয়া হয়েছে যে যদি ইউনিভার্সিটি মেন্টেন করে বাই দি স্টেট তাহলে সেখনে কোন রকম ডিসক্রিপেন্সী থাকতে পারে না এবং যদি ডিসক্রিপেন্সী রাখা হয় তাহলে ইট গোজ এগেনস্ট দি কনস্টিটিউশন ইটসেল্ফ। যদি শিক্ষামন্ত্রী একথা বলেন যে ইউনিভার্সিটির ফাইনানসিয়াল রেসপনসিবিলিটি তাঁর এবং মেনটেন্যান্স তিনি করবেন তাহলে আমি বলব যে আনলেস ইট ইজ মেনটেইন্ড বাই দি স্টেট হচ্ছে। আমি অর একটু পরিষ্কার করে বক্তব্যটা রাখতে চাই যে উনি হয়ত বলতে চাইবেন স্টেট বলতে যা বোঝায়, তার ডেফিনিশন-এর মধ্যে ইউনিভার্সিটি পড়ে কি না। আর্টিকল ১২-এ স্টেট ডেফিনিশন কি হবে, ফান্ডামেন্টাল রাইটস-এর প্রসারতার জন্য এখানে স্টেট ডেফিনিশন অনেক বিস্তৃত করা হয়েছে এবং আর্টিকল ১২ বলছে স্টেট, লোকাল অ্যান্ড আদার অথরিটিজ এই আদার অথরিটিজ-এর উপর আমি আমার বক্তব্য রাখছি। যদি এইটাই উদ্দেশ্য থাকত কনস্টিটিউশন-এ যে শুধুমাত্র গভর্নমেন্ট ফাংশনস, এক্সিকিউটিভ ফাংশনস যাদের আছে অথরিটি এক্সারসাইজিং গভর্নমেন্ট ফাংশনস যদি এই কথা থাকত তাহলে আদার অথরিটিজ এই কথা কনস্টিটিউশন-এ উল্লেখ করার প্রয়োজন হত না। আদার অথরিটিজ যখন বলা হচ্ছে তখন আর্টিকল ১৩ এবং আর্টিকল ১২ যদি আমরা একসঙ্গে পড়ি তাহলে দেখা যাবে যে যদি কোন ল'মেকিং অথরিটি হয় বা কোন রুলস অর্ডিন্যান্স সেসব করবার যদি ক্ষমতা থাকে স্ট্যাটুটে তা যদি কোন ইউনিভার্সিটি করে এবং তাতে যদি রুল মেকিং ক্ষমতা দেওয়া হয় এবং ফাংশন অফ মেকিং লজ এই ক্ষমতা দেওয়া হয় তাহলে এই অথরিটিও স্টেটের ফাংশনের মধ্যে ডেফিনিটলি আসে।

Mr. Deputy Speaker:

এসব কথা সেকেন্ড রিডিংএ বললেই পারতেন।

Sj. Apurba Lal Majumdar:

একথা বলতাম না কিন্তু যখন শিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করে গিয়েছেন যে এটা এনটিয়ারলি স্টেট ম্যানেজড......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No, it will not be State-managed. You are making a confusion. I did not say that.

Sj. Subodh Banerjee:

অপোনেন্টের কোন প্রশ্ন নয়। একটা ইনডিভিজুয়াল ডিসক্রিমিনেশনের চার্জে পড়ে কিনা এই হল এক নম্বর আর দু' নম্বর হোল ইনডিভিজুয়াল যদি ডিসক্রিমিনেট করে এনডাউমেন্টস দেয়
whether the University is liable or not these are two law points that must be settled.

Sj. Apurba Lal Majumdar:

ইনডিভিজুয়াল যদি ডিসক্রিমিনেশন করে, তার এগনেস্ট প্রভিশন আছে ইন দি কনস্টিটিউশন কিন্তু আমি একটা কেস ল সাইট করেছি সেখানে একথা পরিষ্কার করে বলা হয়েছে যদি মেনটেন্ড বাই দি স্টেট হয়, ইউনিভার্সিটি হোলে......

Mr. Deputy Speaker:

থার্ড রিডিংএ বিলের বিষয়ে ভালমন্দ বলুন।

Sj. Apurba Lal Majumdar:

অন্যান্য ধারার উপর বিস্তৃত আলোচনা অনেক সদস্যই করেছেন কিন্তু এই ধারাটার উপর অন্যান্য বক্তারা বিশেষ জোর করে বলেন নি। সেজন্য এটার প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সুবোধবাবু যে কথাটা উত্থাপন করেছেন যে দুটো দিক আছে—একটা হোল স্টেট যখন ইউনিভার্সিটি মেনটেন করছে এবং স্টেটের বেনিফ্যাকসনে যদি এমন কোন টাকা তারা সেখানে দেন; ধরুন শুধু একটা পার্টিকুলার কমিউনিটির এডুকেশনের ব্যবস্থা করা হবে সেজন্য যদি সেখানেই ইউনিভার্সিটির একটা ডিপার্টমেন্ট বা একটা চেয়ার ওপেন করা হয়, সেখানে এনটায়ার বিল্ডিং ম্যানেজমেন্ট এবং ইউনিভার্সিটির স্টাফ ম্যানেজমেন্ট যদি গভর্নমেন্টের টাকায় হয় এবং গভর্নমেন্টের সমস্ত ফাইনান্সিয়াল রেসপনসিবিলিটি কি করে সেখানে এই প্রভিশন অফ ডিসক্রিমিনেসন থাকতে পারে? তা ছাড়া আমরা দেখি আর্টিকল ১৫(২), ১৭, ২৩ ক্লজ ১ সেখানে ইনডিভিজুয়ালের বিরুদ্ধে যাতে ডিসক্রিমিনেশন না করতে পারেন এই ব্যবস্থা করা আছে। আমি বিশেষভাবে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমরা স্ট্যাটুটের মধ্য দিয়ে যে ইউনিভার্সিটি ক্রিয়েট করছি তার মেনটেনেন্সের দায়িত্ব সরকার নিচ্ছেন—সেখানে যেন এমন কোন স্কোপ আমরা করে না দিই। কারণ, সেই স্কোপ করে দিলে যার বিরুদ্ধে আমরা দীর্ঘদিন ধরে সংগ্রাম করেছি এবং কনস্টিটিউশনের যে ফান্ডামেন্টাল রাইটস তার বিরুদ্ধে চলে যায়। কাজেই এটা সংশোধন করা প্রয়োজন বলে আমি আমার সাজেসন রাখছি।

[4-40—4-50 p.m.]

Sj. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় বিলের শেষ পর্যায়ের আলোচনায় অংশ গ্রহণ করে আমি আমার বক্তব্য অত্যন্ত অল্প কথায় রাখতে চাই। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের স্থান নির্বাচন এবং তার যৌক্তিকতা সম্বন্ধে এখানে সকলেই একমত হয়েছেন জেনে আমি যেমন আনন্দিত, তার সঙ্গে আমি এখানে দাঁড়িয়ে বর্ধমান ভূমির গৌরব ঘোষণা করতে চাই না। কিন্তু আমি আজ এই সুযোগে বর্ধমানের স্থান নির্বাচনের পিছনে যে সুমহান যুক্তি আছে সে সম্বন্ধে আমি দু-একটা কথা বলতে চাই। এই বর্ধমানের ভূমি পশ্চিমবঙ্গের মধ্যে প্রাচীনতম সভ্যতার পীঠস্থান বললে আজ এর প্রতিবাদ কেউ করবেন না জানি। আজ বর্ধমানের যে আয়তন, তার পিছনের ইতিহাসের দিকে চেয়ে দেখলে দেখবো বর্তমানে মানভূম জেলা বীরভূমের অংশবিশেষ, এমন কি কান্দি মহকুমা পর্যন্ত এই বর্ধমানের অন্তর্ভুক্ত ছিল। এই বর্ধমানের আয়তন হাওড়ায়ও

ছিল। আমি এই কথা বলতে গিয়ে এই কথা বলবো সেদিন বর্ধমান শুধু আয়তনেই বড় ছিল না, এই বর্ধমানকে কেন্দ্র করে রাঢ় বঙ্গের সংস্কৃতি এই অঞ্চলে প্রভাব বিস্তার করেছিল। এই পুণ্য-ভূমি বর্ধমানে বৈষ্ণব ও শাক্তের অপূর্ব সমন্বয় ঘটেছে, এখানে বৌদ্ধ ধর্মের প্রভাব এখনও পর্যন্ত রয়েছে। বৈষ্ণবের লীলাভূমি আজ বর্ধমানের একটা বিরাট অংশে রয়েছে। নদীয়ার নিমাই বর্ধমানেতেই দীক্ষা গ্রহণ করেছিলেন। আজ বৈষ্ণবের দিক দিয়ে বর্ধমান অতি পুণ্যভূমি, শাক্তের সাধনার পীঠস্থান ক্ষীরগ্রামকে কেন্দ্র করে চতুর্দিকে ছড়িয়ে পড়েছে। বৌদ্ধধর্মের ইতিহাস এবং প্রভাব আলোচনা করতে গিয়ে দেখা যায় অন্য রূপ নিয়ে বর্ধমানের নিভৃত অঞ্চলে এখনও প্রচলিত রয়েছে সেই ধর্মরাজের পূজা। এখনও বুড়া রায় ও শিবের গাজন, এই জিনিষকে কেন্দ্র করে বাংলার পল্লী অঞ্চলে অশিক্ষিত জনসাধারণের মাঝে সেই ধর্মরাজের পূজা এখনও পর্যন্ত চলে আসছে।

রামায়ণের পুণ্যকথা গায়ক, বাংলার অতীত ইতিহাস অনুবাদক বৈষ্ণব শাক্তদের বিভিন্ন ধারার প্রবর্তক এই বর্ধমান; বৌদ্ধধর্ম সাধারণ মানুষের মধ্যে প্রচারের পীঠস্থান এই বর্ধমান। বর্তমান যুগে বর্ধমানের মনীষা শুধু বাংলাকে কেন সারা ভারতকে সমৃদ্ধ করেছে—সারা দেশের কাছে বর্ধমানের মনীষীরা বর্ধমানের গৌরব ঘোষণা করে গিয়েছেন। সাহিত্যের ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, দার্শনিকতার ক্ষেত্রে, আইনের ক্ষেত্রে, চিকিৎসাবিদ্যার ক্ষেত্রে—সমস্ত দিকেই তাঁরা শীর্ষস্থান অধিকার করে গিয়েছেন। সেই বর্ধমানের নিভৃত পল্লীরে আমার জন্ম বলে আমি নিজেকে ধন্য মনে করি। সরকার আজ বর্ধমানে যে বিশ্ববিদ্যালয় স্থাপন করতে যাচ্ছেন তার জন্য আমি নিজেকে ধন্য মনে করি। এতে বর্ধমানের সম্মান বাড়ুক বা না বাড়ুক আজ রাঢ়বঙ্গের যে কৃষ্টি তার পুনরুজ্জীবন হবে, তার যে সংস্কৃতি প্রাচীন বাংলার যে সংস্কৃতি তাকে নোতুন করে গড়ে তোলা হবে, বাংলার শিল্পকলাকে নতুন রূপে গড়ে তোলা হবে। বিভিন্ন দেশের যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে তার পরিধি শুধু নিজেদের দেশের মধ্যে আবদ্ধ নয়। বড় বড় বিশ্ব-বিদ্যালয়ের নাম অনেকে করেছেন, আমি তার পুনরুল্লেখ করতে চাই না, কিন্তু অক্সফোর্ড থেকে আরম্ভ করে হার্ভার্ড ইউনিভার্সিটি তাদের সীমারেখা আজ তাদের দেশের মধ্যে সীমাবদ্ধ নেই, আজ দেশবিদেশ থেকে ছাত্র বিভিন্ন বিষয়ে শিক্ষালাভ করে নিজেদের দেশে সেবায় নিজেদের উৎসর্গ করেছেন। আমি মনে করি সেই দিনই সার্থক হবে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা যেদিন এর সীমারেখা সারা ভারতের এলাকায় ব্যাপ্ত হবে, এমন কি ভারতের বাইরের বিভিন্ন দেশ থেকে জ্ঞানপিপাসু লোক এখানে অধ্যাপনার জন্য সমবেত হবেন। আমি আশা করি আজকের এই দিনটিকে সারা বাংলার, সারা ভারতের পক্ষে একটি শুভদিন বলে গণ্য করা হবে; এই বলে আমি বিদায় গ্রহণ করছি।

Shri Panchanan Bhattacharjee: Mr. Deputy Speaker, Sir, simply opposition to the very proposal put forward in the Bill under discussion has got little or no meaning. The unborn baby will take at least three years to crawl. The difficulties can be explained in a summary manner. A university must have a decent library and I know that books on technical subjects, books on mathematics, books on history, books on even phylosophy are not available. If you want to have Dudley Stamp's geography you would not be able to procure it within two years. If you want to have an Integral Calculus by Edward, you would not be able to procure it within thre years. This is the difficulty with regard to books. And scientific instruments, apparatus and implements for laboratory will not come if indented properly, say, within three or four years. This difficulty is manifest in the management of the Science College in Calcutta also. In order to avoid these difficulties other people in other States who have been successful in establishing universities have adopted other methods. Take for example the Bihar University. The Bihar University is only an affiliating university and it has got its constituent colleges for teaching M.A. students and M.Sc. students. The Tej Narayan Jubilee College, the Ranchi College, perhaps the St. Xaviers College, Ranchi, these are know to be constituent colleges of the Bihar University and it functions outside the jurisdiction of the Patna University. In order to

avoid the difficulty in the matter of teaching this method has been very successfully adopted in Bihar. Here in the Calcutta University we have got no constituent college. Some people have got the idea that Presidency College and Sanskrit College are constituent colleges but that is a wrong idea. They can only accord coaching facilities to the M.A. students and research assistance to the research students. Unfortunately there is a lacuna in the Bill. I draw the attention of the Education Minister to this lacuna. In the definition we find many other phrases and words "constituent colleges" but in the body of the Bill itself there is no provision and there is no scope for defining a constituent college and how constituent colleges will be formed or affiliated. So the only way of getting some credit out of this Bill within the next three years is to have a number of constituent colleges within the jurisdiction of the proposed university, and in that matter you can have only three colleges, viz., the Hooghly Mohsin College, Serampore College and, if you spend some money and just utilise the services of some men with iron hand, you can just have the Burdwan Raj College for that purpose.

[4-50—5 p.m.]

So out of all the colleges in the area you can have only three colleges as constituent college and of them there will be some difficulty with regard to Hooghly Mohsin College because of the question of Provincial Educational Service. Therefore, the two colleges are only left namely the Burdwan Raj College and the Serampore College. The difficulty will be that if you do not have arrangements for post-graduate teaching, if you do not have any library, if you do not have any research facilities, if you do not have anybody to guide the research students, then those students who after graduating will proceed to the Burdwan University for Master degree will be in difficulty. There will be another difficulty about Serampore. I am quoting at length from the Serampore Act of 1918. It is stated there clearly that "if certain conditions are fulfilled the Serampore College can function as a University by virtue of the Charter of the King of Denmark". Unless and until that Act is repealed, you cannot have anything to the contrary, but if you just make arrangements for the functioning of that college as a constituent college that college and the Mohsin College, they will be able to impart education in the Master degree. The other day the Hon'ble Education Minister said that the Jadavpur University had a very rigid constitution. I had some connection with the National Council of Education and I know that their regulations are very rigid, but the motive behind that is very clear. It had to fight with the Government and fight with the Calcutta University—a big giant. Sir Ashutoth Mukherjee did not favour the existence of that National Council of Education and Government of Bengal did not favour the creation of the National Council of Education. That is why the constitution of the National Council of Education which is the nucleus of the constitution of the Jadavpur University has been very very rigid, but you do not follow that constitution in respect of the proposed Burdwan University. However, my request to the Education Minister is that the Government should look into the possibility of having a number of constituent colleges. I have got the premonition that the University Grants Commission will be the Master-maker of the plan. Government has not expressed here whether any money is coming from the University Grants Commission, but we know that University Grant Commission will have control, will have its regulations, will regulate the syllabus, method of teaching, appointment of teachers and so on. Unfortunately these professors who work in the Calcutta University and are supposed to guide the research students to carry on the research work they will not be able to travel this distance from Calcutta to Burdwan. I

need not go into that. However, if you give proper scope and proper temptation, I shall say that you will be able to recruit efficient hands. A very efficient man, a friend of mine, who stood second in Botany went to U.S.A., got the Doctorate degree, came over to Calcutta four months back. I requested the Principal, Maharaja Maniudra College, to take him. He went to Manindra College and remained there for two months and then he has been forced to leave India in order to join the Iraq University to earn his bread. The Professor of the Manindra College told me that he was over-qualified for the lecturership. Therefore, I say that if you announce that you should require qualified teachers, you can get young and energetic professors here. There will be no trouble about the University staff.

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের প্রথম রিডিং-এর সময় আমি বলেছিলাম যে বর্ধমানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হোক সেটা নীতিগতভাবে সমর্থন করি যদিও যে পদ্ধতিতে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করতে চাচ্ছেন গভর্নমেন্ট, তার আমরা তীব্র সমালোচনা করি। তখন মাননীয় মন্ত্রী মহাশয়কে কতকগুলি কথা আলোচনা করে বলেছিলাম এবং আশা করেছিলাম হয়ত মন্ত্রী মহাশয় আমাদের কিছু কিছু সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন। যদিও ক্লজ বাই ক্লজ আলোচনার সময় আমি অংশ গ্রহণ করতে পারি নি অসুস্থতার দরুন তবুও যা শুনলাম তাতে এটা পরিস্কার হয়েছে যে, বিশেষ কিছু সংশোধনী প্রস্তাব তিনি গ্রহণ করেন নি। তবুও এখানে একথা বলছি যে, বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হোক এবং উত্তর উত্তর শ্রীবৃদ্ধি পাক, এই কামনা জানাই কিন্তু সরকার যে পদ্ধতিতে করতে চাচ্ছেন সেটার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ না জানিয়ে পারছি না। কেন না যেভাবে করতে যাচ্ছেন, যে উদ্দেশ্য নিয়ে গভর্নমেন্ট এই বিশ্ব-বিদ্যালয় প্রতিষ্ঠা করতে যাচ্ছেন সেটা নষ্ট হয়ে যাচ্ছে। অন্ততঃ অনেক অংশে পঙ্গু হয়ে যায়। বিজয়বাবু বললেন যে তিনি আশাবাদী। বিজয়বাবুকে আমি বলতে পারি যে আমরাও আশাবাদী। কেন না গভর্নমেন্ট যে কাজ করতে চান এবং যেভাবে করতে চেষ্টা করেন তাতে যথেষ্ট দোষত্রুটি থাকে। আমরা যতটা পারি চেষ্টা করি সেই দোষত্রুটি জনমতের চাপে সংশোধন করে দিতে, যাতে একযোগে ভাল কাজ করতে পারা যায় তার চেষ্টা করি। এই গভর্নমেন্ট-এর আমলাতান্ত্রিক রাজত্বের যখন অবসান হবে, তখন সর্বাঙ্গীণ উন্নতির পথ উন্মুক্ত হবে এই বিশ্বাস আমরা রাখি। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এই বিল আলোচনা করতে গিয়ে এই কথা বলেছি এবং যে কথাগুলি প্রথম এই বিল আলোচনার সময় বলেছিলাম সেটা হল এই বিল আনার আগে শিক্ষাবিদদের সঙ্গে পরামর্শ করা উচিত ছিল, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করা উচিত ছিল। এবং পরামর্শের প্রয়োজন এই জন্য যে আজকে যেরকমভাবে এটা প্রতিষ্ঠিত হতে চলেছে তাতে একটা গভীর আশংকা আছে যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এবং বর্ধমান বিশ্ব-বিদ্যালয়ের মধ্যে একটা অস্বাস্থ্যকর আবহাওয়া সৃষ্টি হতে পারে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সুদীর্ঘকাল ঐতিহ্যকে কেন্দ্র করে তাকে মধ্যমণি হিসাবে রেখে বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হোক এই পরিকল্পনা নিয়ে কাজ করলে একটা সমন্বয় রেখে কাজ করা সম্ভব হোত। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সুদীর্ঘ অভিজ্ঞতা ও ঐতিহ্যের সাহায্য যাতে নূতন নূতন বিশ্ববিদ্যালয়গুলি পেতে পারে তার জন্য ব্যবস্থা হওয়া দরকার। তার জন্য যদিও বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করা হয় নি শিক্ষাদপ্তর থেকে এই বিল রচনার সময় তবুও এই কথা বলব যে এই জিনিস করা এখনও যায় এবং এখনও তার সময় আছে। দ্বিতীয়তঃ সরকারের মনোভাবের সমালোচনা আরো এইজন্য করছি যে আমি এখানে দাঁড়িয়ে সাজেসন দিয়েছিলাম যে এই বিলটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, সে প্রস্তাবটাও মন্ত্রী মহাশয় অগ্রাহ্য করলেন এবং শুধু মন্ত্রী মহাশয় নয় তাঁর সরকারও এ বিষয়ে নিজেদের খেয়ালখুসী মত করেন। কারণ আমরা দেখেছি যে বিল যে তাঁরা সিলেক্ট কমিটিতে পাঠান না তা নয়, এবং এর আগে খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ বিল, চিলড্রেন ওয়েলফেয়ার বিল সিলেক্ট কমিটিতে পাঠান হয়েছিল অথচ একটা বিশ্ববিদ্যালয় বিল, যে গুরুত্বপূর্ণ আলোচনার বিষয় এবং যার সম্বন্ধে এই সভার মৌলিক মতভেদ নেই, বর্ধমানে একটা নূতন বিশ্ববিদ্যালয় হোক এ ব্যাপারে কারো মতভেদ নেই, কিন্তু এই বিশ্ববিদ্যালয়ে কি ধরনের শিক্ষার ব্যবস্থা হবে, তার কি উদ্দেশ্য হবে, এই সব ব্যাপারে সভার বিভিন্ন দিক থেকে বিভিন্ন বক্তা বলেছেন, তাদের পদ্ধতি বুঝবার চেষ্টা করেছেন। তাদের

মতভেদ রয়েছে এবং সে জিনিষগুলি কিভাবে গ্রহণ করা যায়, এইগুলি সিলেক্ট কমিটিতে আলোচনা করতে পারতেন। পার্লামেন্টেও গুরুত্বপূর্ণ বিল যা আসে তা সিলেক্ট কমিটিতে যায় এবং তখন উভয় পক্ষের সদস্যরা সভাকক্ষে বসে তার তীব্র সমালোচনা করেন। কিন্তু সিলেক্ট কমিটিতে যখন সে প্রস্তাব আসে তখন সিলেক্ট কমিটি তাঁরা অনেক বাস্তব আলোচনা করেন কারণ সেখানে নীতি নিয়ে আলোচনা হয় না, এই বিলের উন্নতি কিভাবে হতে পারে তাই নিয়ে আলোচনা হয়।

[5—5-10 p.m.]

কিন্তু সেই ব্যাপার সম্পূর্ণভাবে নাকচ করে দিলেন। তখন আমি সমালোচনা প্রসঙ্গে এই কথা বলেছিলাম যে, বিশ্ববিদ্যালয় গঠন ব্যাপারে সরকারের শিক্ষানীতি সম্বন্ধে একটা মৌলিক প্রশ্ন এসে যাচ্ছে, কেন না, আজকের দিনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংস্কারমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে, এবং নতুন যুগের উপযোগী করে গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় কমিশন এবং অন্যান্য শিক্ষাবিদদের কাছ থেকেও আমরা এ সম্পর্কে আগে পরামর্শ পেয়েছি। আজকে যখন একটা নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হতে যাচ্ছে তখন দেশের লোক এটা আশা করেছিল যে, এই বিশ্ববিদ্যালয়ের গঠনপদ্ধতির মধ্যে নতুন যুগের এই দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হবে। কিন্তু এই বিলের মধ্যে তা হয় নি। তখন শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন যে সবই হবে। আজকে যদি শিক্ষামন্ত্রী বা শিক্ষাসচিব বা যিনি এই বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার হতে যাচ্ছেন—এ'রা যদি মনে করে থাকেন যে, তাঁর একারই সেই যোগ্যতা আছে তাহলে সেটা ঔদ্ধত্য ছাড়া আর কিছু নয়। কেন না, এই জিনিষ নতুনভাবে গড়তে গেলে এই ব্যাপারে যাঁদের উৎসাহ আছে, যাঁদের অভিজ্ঞতা আছে যাঁরা শিক্ষাসংক্রান্ত ব্যাপারে অধ্যাপনা করেন তাঁদের মতামত নিয়ে কাজে লাগাতে হবে। এই ইউনিভার্সিটি পরিচালনায় জন্য যে বডি হবে সে সম্বন্ধে এখানে অনেক সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছে—কিভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে এটা গঠন করা উচিত; কিন্তু শিক্ষামন্ত্রী সেইসব গুরুত্বপূর্ণ সংশোধনী কেন গ্রহণ করেন নি আমি জানি না। তিনি আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে, বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের প্রশ্ন এলে দলাদলির ক্ষেত্র প্রস্তুত হয়। কিন্তু দলাদলি কোথায় নাই—দণ্ডকারণ্য নিয়েও তো দলাদলি হয়ে গেল। যদি এখানে নির্বাচনের মাধ্যমে প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হোত ইউনিভার্সিটি পরিচালনা ব্যাপারে তাহলে আমার মনে হয় কোন দোষ হত না। তারপর ফার্স্ট রিডিং—এ যেকথা আমি বলেছিলাম ক্লজ ২৪ সম্বন্ধে সেই কথাই আবার এখানে বলতে চাই—ক্লজ ২৪এ গভর্নমেন্টকে এমন ক্ষমতা দেওয়া হয়েছে যাতে বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য নষ্ট হয়ে যাচ্ছে। সেদিন আমি বিশ্ববিদ্যালয় শিক্ষা কমিশনের উদ্ধৃতি দিয়ে দেখিয়েছিলাম যে তাঁরা পরিষ্কারভাবে বলেছেন বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য যাতে নষ্ট না হয় —শিক্ষামন্ত্রী সেদিন বলেছিলেন, তিনি এসব জানেন। কিন্তু তাঁর জানাটাই বড় নয়, সেটা এখানে প্রতিফলিত হয়েছে কি না সেটা দেখতে হবে। সেদিন আমরা সংশোধনী দিয়ে বলেছিলাম ক্লজ ২৪তে গভর্নমেন্ট-এর ক্ষমতা যেন শুধু ফাইনানসিয়াল ব্যাপারেই থাকে, অ্যাকাডেমিক ব্যাপারে না থাকে। গভর্নমেন্ট এটাও গ্রহণ করেন নি। একটা কথা অনেকেই বলেছেন যে, শিক্ষকের অভাব হবে। এটা সত্যি যে, শিক্ষকের অভাব হবে, কিন্তু এই অজুহাতে বিশ্ববিদ্যালয় গঠন স্থগিত রাখা ঠিক নয়। এই অভাব দূর করার জন্য চেষ্টা করতে হবে। সেই অভাব দূর করতে হলে যেসব অধ্যাপককে রাজনৈতিক কারণে বরখাস্ত করা হয়েছে তাঁদের কথা আমি এখানে উত্থাপন করায় মুখ্যমন্ত্রী বলেছিলেন "আমি দেখব"। তারপর, উত্তরবঙ্গ প্রভৃতি মফঃস্বল অঞ্চলে যেসব বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা আছে সেখানে যাঁরা যাবেন অর্থাৎ তাঁদের যদি সেখানে নিতে হয় তাহলে তাঁদের উপযুক্ত সুবিধা দিতে হবে। শুধু বাঁধা মাইনে দিলেই চলবে না—সেখানে বাসস্থান প্রভৃতির নানা রকম যে অসুবিধা আছে সেগুলোও দূর করে দিতে হবে। আমি এখানে কোন ব্যক্তির কথা বলব না এবং ভাইস-চ্যান্সেলার কে হবেন সেটা গভর্নমেন্টই ঠিক করবেন। তবে এটা করার সময় তাঁর যে শুধু প্রশাসনিক ব্যাপারে দক্ষতা আছে সেটা দেখলেই হবে না—শিক্ষার ব্যাপারেও তাঁর উদার মনোভাব থাকা উচিত। কাজেই আপনারা যেন এই সমস্ত জিনিষের প্রতি লক্ষ্য রেখে সব ব্যবস্থা করেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, in ten minutes I have got to answer ten speakers. Now, Sir, the first point that has been raised

is—we did not consult the Calcutta University. That point, I say, was fully debated in the second reading of the Bill. So I need not deal with that point again.

The second point is about the jurisdiction of the Calcutta University and of Burdwan University. You will see, Sir, that many of the graduates are or may be registered in the Calcutta University. Therefore, to avoid confusion we do not bring in the registered graduates at all.

The third point is about the survey report. This point was debated here before. In Bengal, the educational survey was made long before the Centre though of it. Their proforma and our proforma were somewhat different. They asked us to submit our return in their proforma and that could not be done in time and therefore, that is the observation in the survey report.

The next question is how are we going to get the teachers so far the Burdwan University is conncerned? Sir, that point has been answered by my two friends opposite, viz., Mr. Panda and Mr. Satyendra Narayan Mazumdar. After all, if new colleges can secure teachers, then new Universities will also be able to secure teachers. There is no doubt about that. Moreover, how can we get more teachers without having more provision for post-graduate teaching? Take for instance, the Calcutta University. What is the difficulty in the Calcutta University? So far as the Calcutta University is concerned, it is overcrowded. It is unable to accommodate all those who pass the Degree Examinations even with 1st Class Honours. They cannot be accommodated in the Post-Graduate classes. That being so, the urgent necessity of having another University should become quite apparent to any body. Take for instance the number of students that passed at the examinations held in 1955-56 by the Calcutta University and the U.P. Universities. 19,931 passed the Intermediate, 5,530 B.A. and B.Sc. and 1,052 M.A. and M.Sc. Examinations of the Calcutta University. But you will see, Sir, that in U.P. 31,000 students passed the Intermediate Examination and 11,325 passed the B.A. and B.Sc. Examinations, and as many as 4,596 passed the M.A. and M.Sc. Examinations. So much larger number can avail of the Post-Graduate teaching there. Why is it so? Simply because U.P. has got seven Universities altogether. Therefore, Sir, the urgent necessity of establishing more Universities in West Bengal must be quite apparent to those who desire that the students here should avail of more facilities for higher education; and unless you offer larger facilities, how can you expect more teachers? So even for the purpose of getting more teachers in future you will agree, Sir, that more Universities are required here in West Bengal.

[5-10—5-40 p.m.]

Then the next point that has been raised by Shri Mihirlal Chatterjee is 'why no representation through election has been given to the principals?' After all, principals are few in number and therefore, they will be represented by rotation on the basis of seniority. But so far as the teachers are concerned, their number is much larger and therefore, provision has got to be made for election.

Then, Sir, it has been said that the Burdwan University Bill has not been improved by the obtuseness of the Government in not accepting more amendments. It is not the fact. So far as the Burdwan University Bill is concerned, even at this stage, if we take a stock of the whole situation, we shall see that many sections have been improved by amendments moved either from the opposite benches or from the Government side. Take for instance, the question of Midnapore, exclusion of Midnapore has been made

by an amendment. Had the Government any fascist mentality, surely Government would not have agreed to do that. Midnapore has been excluded by Government out of regard for the opinion of the Midnapore people but with the hope that within a short time the opinion of the people will change and they will agree to have their institutions affiliated to the Burdwan University.

Now another point has been raised, viz., why then Serampore subdivision has not been excluded. Sir, in this way if we go on excluding subdivision after subdivision, district after district, then what will remain of the Burdwan University as an affiliating University? Nothing at all.

The House was accordingly adjourned at 7.3 p.m. till 3 p.m. on Wednesday, the 9th December 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 9th December, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 213 Members.

[3—3-20 p.m.]

Adjournment motion

Shri Apurba Lal Majumdar: Sir, my adjournment motion runs thus:—

"The proceedings of this Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., that in view of the distressed condition of the people of Howrah due to the last heavy rains and devastating floods and heavy traffic congestion in the vicinity of the Howrah Station area, no circus party should be allowed to hold circus shows on Grierson Road just west of Howrah Bridge and north of Howrah Station which is being objected to by the public in general."

স্যার, ডাঃ রায়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং এস পি-র অবজেকশন সত্ত্বেও, পিটিশন রিজেকট করে দেওয়া সত্ত্বেও উপর থেকে চাপ দিয়ে সার্কাস পোটা তৈরী করা হচ্ছে। এতে পাবলিক-এর অত্যন্ত অসুবিধা হবে। সেইজন্য হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি ডাঃ রায়ের ইন্টারভেনশন চাচ্ছি।

NON-INCLUSION OF QUESTIONS IN DAY'S BUSINESS

Sj. Ganesh Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে কোয়েশ্চনস নেই; কোয়েশ্চন না থাকলে আমাদের বড় অসুবিধা হয়। প্রায় ৮।৯ শত কোয়েশ্চন জমা হয়ে আছে। আমরা যাও জবাব পাচ্ছি তা ঐ ২/২॥ বছরের পুরাতন প্রশ্নের, তাতে প্রশ্নের গুরুত্ব কমে যায় এবং এতে আমাদের অসুবিধা হয়। কাজেই প্রশ্নের অধিকারটা বিরোধী পক্ষের বড় অধিকার। সরকার পক্ষের এ বিষয়ে ইণ্টারেস্ট নেই। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করছি নিজেদের এগ্রিমেন্ট ছাড়া প্রশ্ন যেন বন্ধ করা না হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

শুধু বিরোধী পক্ষের অধিকার আছে এটা স্বীকার করি না, সকল সদস্যের অ কার হচ্ছে এটা স্বীকার করি।

Sj. Ganesh Ghosh:

আপনাদের ইন্টারেস্ট নেই কিন্তু আমাদের ইণ্টারেস্ট আছে।

Mr. Deputy Speaker:

গণেশবাবু কোয়েশ্চন সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে আমি দু'একটা কথা বলছি। কোয়েশ্চনটা মেম্বারদের রাইট। সকল মেম্বার কোয়েশ্চন করতে পারেন। সুতরাং অপজিসন বলে নতুন কিছু নেই। আজকে কোয়েশ্চন কেন এজেন্ডা পেপারএ দেওয়া হয় নাই সে বিষয়ে আমার কিছু বক্তব্য আছে। কালকে সুবোধবাবু ৫০ মিনিট বক্তৃতা করলেন। তারপর সুনিলবাবু বক্তৃতা করলেন ১৫ মিনিট—আমি জিজ্ঞাসা করেছিলাম আপনি কতক্ষণ বলবেন, উনি বললেন আমি ২০ মিনিট বলব। সুবোধবাবুকে যখন জিজ্ঞাসা করেছিলাম তখন উনি বলেছিলেন ৫ ঘণ্টা বলব। কাজেই এসব বলে কিছু লাভ নেই—শুধু বিষয় বস্তুটা দেখতে হবে। আজকে আমরা

কনসিডারেশন মোশনটা শেষ করব—৪ ঘণ্টা টাইম দেওয়া আছে। সকলেই যদি এইভাবে বলতে চান এবং সকলকেই যদি আমাকে একোমোডেট করতে হয় ,তাহলে এই কোয়েশ্চনটা নেওয়ার প্রয়োজন আছে। সেইজন্য আমি এটা করেছিলাম, আমার আর অন্য কোন মতলব নেই। আমি মনে করি কোয়েশ্চন হওয়া উচিত এবং এগ্রিমেন্ট করে করা উচিত। এই হাউস সেইভাবে হয়ে আসছে, আমি অন্য কোন কারণে এটা করিনি। আমি বলব আমি সমস্ত মেম্বারদের একোমোডেট করার জন্য এটা করেছি। এখন ঐ বিষয়ে আলোচনা করে কোন লাভ নেই। এই কনসিডারেশন মোশনটা যাতে শেষ হয়ে যায়, ৪ ঘণ্টা টাইম আছে, সেইজন্য আপনাদের হুইপদের কাছে অনুরোধ যে সেইভাবে বক্তা আপনারা এ্যারেঞ্জ করুন। এই বিল পাশ করার জন্য সকলেই ব্যস্ত হয়ে আছেন। আমি মনে করি যে এই বিলের মধ্যে দুটো পয়েন্ট আছে—একটা পয়েন্ট হোল ন্যাশানালাইজেসন অব দি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী, আর একটা পয়েন্ট হোল কমপেনসেসন দেওয়া। ন্যাশানালাইজেসন সম্বন্ধে অর্থাৎ য়্যাকুজিসন সম্বন্ধে সকলেই বোধহয় সম্পূর্ণ একমত কিন্তু কমপেনসেসনের পয়েন্টটা একটু ডিবেটেবল পয়েন্ট। তবে একটা কথা বলতে হয় যে বারবার রিপিটিসান করে কিছু লাভ নেই। অবশ্য কিছু বলার প্রয়োজন আছে একথা আমি স্বীকার করি কিন্তু আপনারা সেইভাবে বক্তা ঠিক করুন। কোয়েশ্চন পিরিয়াডটা ইউটিলাইজ করা হবে কিনা সেটা এগ্রিমেন্ট করেই হওয়া উচিত।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার অনুরোধ বিরোধীপক্ষ যেন মনে না করেন যে কোয়েশ্চন করার অধিকারটা কেবল তাদেরই আছে। তবে তাঁরা যদি সাপ্লিমেন্টারিটা একটু কম করে করেন তাহলে ভাল হয়। কারণ আমরা দেখেছি যে এক একজন ৭ বার ৮ বার ৯ বার করে সাপ্লিমেন্টারী করেন, তাতে একটু দেরী হয়ে যায়।

Sj. Ganesh Ghosh:

আমরা এটা দেখেছি যে মিনিস্টাররা প্রশ্নের জবাব দেবার সময় প্রিপেয়ার্ড হয়ে আসেন না—কানেকটেড সাপ্লিমেন্টারী করলে তারা বলেন নোটিস চাই। আপনি তবুও একটা স্টেটমেন্ট পড়েছেন
other ministers do not do it. You naturally know how handicapped we are.

Sj. Somnath Lahiri:

ডেপুটি স্পীকার মহাশয়, আপনি বললেন যে, কয়েকজন সদস্যকে বক্তৃতা দেয়ার সুযোগ করে দেয়ার জন্য আপনি আমাদের সমস্ত সদস্যদের প্রশ্নের অধিকার থেকে আজকে বঞ্চিত করেছেন। সেই অধিকার থেকে বঞ্চিত করার ক্ষমতা আপনার আছে কিনা এবং সেটা উচিত কিনা সেটা জানতে চাই। আর বিধানবাবু যেকথা বললেন—অনেক সাপ্লিমেন্টারী হওয়াটা খুবই স্বাভাবিক কারণ দু বছর পরে যদি একটা প্রশ্নের উত্তর আসে তাহলে প্রশ্নকর্তার পক্ষে সেটা মনে রাখা সম্ভব নয়। কাজেই আজে-বাজে সাপ্লিমেন্টারী হবে। তাঁরা যদি দু মাসের মধ্যে জবাব দিয়ে দেন তাহলে এত আজে-বাজে সাপ্লিমেন্টারী হয় না কিন্তু যদি তাঁরা এরকম লিজরলি ফ্যাসানে ডিল করেন তাহলে এরকম হবে।

Mr. Deputy Speaker:

আমি তো বলেছি যে এগ্রিমেন্ট করে এটা হওয়া উচিত।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হোল কনস্টিটিউসনে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস-এর রিপ্রেজেনটেসনের সুযোগ আছে যার মধ্য দিয়ে আমাদের হাউসে ৪৫ জন সিডিউল কাস্ট এবং ১৫ জন সিডিউল ট্রাইবস রিপ্রেজেনটেটীভ আছেন। এটা কি সত্য যে মুখ্যমন্ত্রী চেষ্টা করেছিলেন যাতে পশ্চিমবঙ্গে রিজারভেশনটা উঠে যায় এবং তার জন্য তিনি দিল্লীতে তদবির করেছিলেন? সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই যে এখন যেমন জয়েন্ট কনস্টিটিউয়েন্সী আছে—গভর্নমেন্টের তরফ থেকে কি চেষ্টা করা হচ্ছে যাতে সেপারেট কনস্টিটিউয়েন্সী হয়ে যায় এবং জয়েন্ট কনস্টিটিউয়েন্সী না থাকে? এ বিষয়ে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কারণ বাইরে এটা নিয়ে কথা উঠেছে

এবং হাউসের বহু সদস্যের এতে রাইটস, প্রিভিলেজেস এবং ইন্টারেস্টস আছে। কাজেই এখানকার মেম্বারদের সঙ্গে কোন আলোচনা না করে তিনি এই ধরনের কোন চেষ্টা করেছেন কিনা এটা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই।

Message from the Council

Secretary to the Assembly (Sj. A. R. Mukherjea): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 8th December, 1959, agreed to the West Bengal Children Bill, 1959 without any amendments.

Calcutta:
The 8th December, 1959.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

GOVERNMENT BILL

The Oriental Gas Company (Acquisition) Bill, 1959.

[3-10—3-20 p.m.]

Sj. Sunil Das:

মাননীয় ডেপ্‌টি স্পীকার স্যার, আমি গতকাল ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী বিল সংক্রান্ত আলোচনায় একটা গুরুতর প্রসংগ উত্থাপন করেছিলাম। আমি আবার আজকে আমার বক্তৃতার শুরুতে সেই প্রসংগে ফিরে আসছি। প্রসংগটা হল এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর সংগে ক্যালকাটা গ্যাস কোম্পানীর যে সম্পর্ক রয়েছে সেই সম্পর্কের উপর বিলে কোন আলোকপাত করা হয়নি, কিংবা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তার বক্তৃতায় আলোকপাত করেন নি।

আমরা দেখতে পাচ্ছি দুইটি মালিকের সংগে সম্পর্কে আসতে হবে যদি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীকে সরকার গ্রহণ করেন, রাষ্ট্রিয়ত্ব করেন। একটি মালিক হল ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী আর দ্বিতীয় মালিক হল ক্যালকাটা গ্যাস কোম্পানী, যারা প্রায় ১ কোটি ১৬ লক্ষ টাকার শেয়ার ক্যাপিটাল দখলে রেখেছেন এবং তার মালিকানা ভোগ করছেন। এই দ্বিতীয় নম্বর যে মালিক সেই মালিকের সংগে, এই বিল পাশ হয়ে গেলে, কি সম্পর্ক দাঁড়াবে পশ্চিমবংগ-সরকারের সেই প্রশ্ন স্বভাবতই এসে পড়ে।

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনি দেখেছেন বিলে যেসমস্ত প্রভিশন আছে। আমি ক্লজ ২(৩)-এর দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—এখানে বলা হচ্ছে—
undertaking of the company means the properties of the company, movable or immovable, including work etc., etc.
আপনি আন্ডারটেকিং অফ দি কোম্পানী দখল করলেন, এবং দখল করবার পর কি দাঁড়াচ্ছে? ক্যালকাটা গ্যাস কোম্পানীর সংগে সরকারের সম্পর্ক কি একেবারে ছিন্ন হয়ে গেল, না, ক্যালকাটা গ্যাস কোম্পানীর ১ কোটি ১৬ লক্ষ টাকার মালিকানা বলে সেই আন্ডারটেকিং-এর উপরে মালিকানা বজায় রাখবার অধিকার থাকবে? সেই সম্পর্কে স্পষ্টভাবে এখানে কিছু বলা হয়নি। যদি অধিকার থাকে, তাহলে ক্যালকাটা গ্যাস কোম্পানীকে কমপেনসেসন দেবার প্রশ্ন সেই সময় উঠবে। সেই সম্পর্কে খুব স্পষ্টভাবে এই বিলে বলা দরকার, এবং সেদিকে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মিঃ ডেপুটী স্পীকার, স্যার, তা না হলে পরে ভবিষ্যতে আমরা দেখবো দ্বিতীয় আর একবার কমপেনসেসান দেবার প্রশ্ন উঠেছে এবং এটা নিয়ে লিগেল ডিফিকালটিজ দেখা দিতে পারে, এবং শেষ পর্যন্ত হয়ত হাউসে এসে কমপেনসেসান-এর ব্যবস্থা করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় হয় আর একটা নূতন বিল আনবেন, আর নয়ত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন।

মাননীয় ডেপুটী স্পীকার স্যার, এখন এই যে ক্যালকাটা গ্যাস কোম্পানী,—সেই ক্যালকাটা গ্যাস কোম্পানী প্রতি বছর দুটো খাতে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর কাছ থেকে টাকা পেয়ে থাকেন। প্রথম নম্বর হল ম্যানেজার হিসাবে, আর দ্বিতীয় নম্বর হল তাঁরা শেয়ার ক্যাপিটাল-এর ডিভিডেন্ড পাচ্ছেন। আমরা দেখতে পাচ্ছি—১৯৫৮ সালে ম্যানেজার হিসাবে ৪১ লক্ষ টাকা তারা পেয়েছেন এবং ডিভিডেন্ড হিসাবে পেয়েছেন ৫৮ লক্ষ টাকা। ডিভিডেন্ড হিসাবে ১৯৫৭ সালে পেয়েছেন ৫৮ লক্ষ টাকা। ১৯৫৮ সালেও ৫৮ লক্ষ টাকা পেয়েছেন, এবং ১৯৫৪ সালে ৬৪ লক্ষ টাকা পেয়েছেন। এবং ম্যানেজার হিসাবে কখনও ৩০।৩৮ লক্ষ টাকা তাঁরা পেয়ে আসছেন। সুতরাং এই যে তাঁদের আখের, তা কি তাঁরা সহজে ছেড়ে দেবেন? না, এর মধ্যে কোন নিহিত, গূঢ় ব্যবস্থা রয়েছে যেটা জানবার অধিকার আমাদের নেই বলে মুখ্যমন্ত্রী মহাশয় মনে করছেন, এবং যেটা মুখ্যমন্ত্রী মহাশয় জানাতে চাচ্ছেন না।

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমরা দীর্ঘকাল যাবত দুটো জিনিস ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর পরিচালনায় ভিতর দেখে আসছি—একটা হল এই যে লেবার রিলেশন অত্যন্ত ডিটারিওটেইট করে চলেছে ১৯৪৭ সালের পর থেকে, আর একটি হল টেকনিক্যাল এফিসিয়েন্সি যেটা সেটা একেবারে ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। আজকে যে বিল আনা হয়েছে সেই

বিলের উদ্দেশ্য নিশ্চয়ই হবে লেবার রিলেশনকে উন্নত করা এবং টেকনিক্যাল এফিসিয়েন্সি বাড়ান। তাই যদি হয় তাহলে লেবার রিলেশনস উন্নত করার দিক থেকে তিনি কোন প্রভিশন আমরা দেখতে পাচ্ছি না—ওয়ার্কার্স পার্টিসিপেসন-এর ব্যবস্থা কিংবা অন্যান্য ব্যবস্থা আমরা এই বিলের ভিতর দেখছি না। টেকনিক্যাল এফিসিয়েন্সি বাড়ান সম্পর্কে যদি চিপার গ্যাস সাপ্লাই কি উপায়ে করা যায় এই উদ্দেশ্য হয় তাহলে টেকনিক্যাল এফিসিয়েন্সি যাতে বাড়ান যায় তা দেখতে হবে এবং সেক্ষেত্রে কেন আরও অল্প দামে গ্যাস পাওয়া যাবে না তার কোন সংগত কারণ নেই। মুখ্যমন্ত্রী মহাশয় নিজে বলেছেন দুর্গাপুর গ্যাস এলে তিন টাকা পার থাউজান্ড কিউবিক ফিট হিসাবে পাওয়া যাবে। যদি আজ ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী ৫½ টাকা করে পার থাউজান্ড কিউবিক ফিট আদায় করে থাকেন, তাহলে এই বিলে পরিষ্কার লেখা থাকা উচিত ছিল যে চিপার গ্যাস সাপ্লাই করবার জন্য এবং লেবার রিলেশনস ইমপ্রুভ করবার জন্যে এই বিল আনা হয়েছে। যখন আমরা কমপেনসেসান সম্পর্কে আলোচনায় যাব তখন আবার এই প্রশ্ন উত্থাপন করব। কয়েকটি এক্সপার্টস সিটি এই গ্যাস কোম্পানী সম্পর্কে বিভিন্ন সভায় আলোচনা করেছেন এবং তারা সুপারিশ সরকারের কাছে পাঠিয়েছেন সেটা আমরা এই রিপোর্টের ভিতরে দেখতে পাই। সেই রিপোর্ট-এর ভিত্তিতে গতকাল শ্রীসুবোধ ব্যানার্জী· মহাশয় যা বলেছিলেন আমি তাই বলছি যে যে-কোন অবস্থা হোক না কেন পাঁচ বছরের বেশী এই যে প্ল্যান্ট তা চলবে না। ইমমিডিয়েটলি যদি ২৫ লক্ষ টাকা ব্যয় করা যায় এবং তার সংগে ১৫ লক্ষ টাকা তিন মাসের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে নিয়োগ করা যায় তাহলে ২ বছর এই কারখানা চলবে। এই হল এই যে রিপোর্ট আমাদের কাছে দিয়েছেন—দুটো কমিটির—ফাইভম্যান কমিটি এবং টেকনিক্যাল এ্যাডভাইসরস যার ভিতর দুর্গাপুর কোক ওভেন প্রোজেক্ট-এর অফিসার্স বসেছেন, টেকনিক্যাল এক্সপার্টস রয়েছেন—এই দুই কমিটি বলছে যে পাঁচ বছরের বেশী এই কোম্পানীর প্ল্যান্ট চালু থাকবে না। কিন্তু তাও সর্তসাপেক্ষ—শর্ত হল দুই বছর চলতে হলে ২৫ লক্ষ টাকা নিয়োগ করতে হবে, ১৫ লক্ষ টাকা ওয়ার্কিং ক্যাপিটাল লাগবে তিন মাসের জন্য এবং আরও ৪০ থেকে ৪৫ লক্ষ টাকা নিয়োগ করতে হবে যদি পাঁচ বছর চালাতে হয় এবং একটা গ্যাস হোল্ডার কেনা অনিবার্য এবং নোতুন গ্যাস হোল্ডার-এর জন্য অন্ততঃপক্ষে ১৫ লক্ষ টাকা লাগবে অর্থাৎ সর্বসমেত ৮৫ লক্ষ টাকা খরচ করলে পরে এই গ্যাস কোম্পানী পাঁচ বছরের জন্য চলতে পারে। তাহলে দাঁড়াল কি? মুখ্যমন্ত্রী মহাশয় যে হিসাব দিয়েছিলেন ১০ থেকে ১১ লক্ষ টাকা কোম্পানীর গত আট বছর ধরে গড় আয় তার আট গুণ হয়। ৯০ লক্ষ টাকা আর তার সংগে ৮৫ লক্ষ টাকা যোগ দিলে তাতে যা দাঁড়ায় এই টাকার পরিমাণ যদি নিয়োগ করা যায় অর্থাৎ প্রায় এক কোটি ৭০ লক্ষ টাকা যদি নিয়োগ করা যায় তাহলে এই কারখানার প্ল্যান্ট পাঁচ বছর চলতে পারে এবং এই পাঁচ বছর পরে এর আয়ু নিঃশেষ হয়ে যাবে।

[3-20—3-30 p.m.]

প্রথম পাঁচ বছর পর এই আয় নিঃশেষ হয়ে যাবে এত টাকা নূতন করে নিয়োগ করার পর। আমার প্রশ্ন হ'ল আজকে এই অবস্থায় এই কারখানা কেন নিচ্ছেন? ধরুন যদি এই কারখানা আপনারা না নেন, আপনারা কারখানাকে কমপেনসেসন না দেন তা হ'লে দাঁড়াবে কি? দাঁড়াবে এই যে কারখানা বন্ধ হয়ে যাবে। কলকাতার লোকের অসুবিধা হবে। সেই জায়গায় আপনারা এসে দাঁড়াচ্ছেন এবং কোম্পানীকে এক কোটি টাকা পাইয়ে দিবার ব্যবস্থা করছেন। কিন্তু প্রশ্ন হলো এই যদি এই কারখানা নেন, যে নীতিতে কমপেনসেসান নির্ধারিত করতে যাচ্ছেন সেই নীতির ফলে এই কারখানা ওভার ক্যাপিটালাইজড হয়ে যাবে। কমপেনসেসানের যেসমস্ত নীতি আছে সেই সমস্ত নীতির ভিতর দুইটি ফ্যাকটর-এর উপর এই কমপেনসেসান-এর পরিমাণ নির্ভর করা উচিত। একটা হল ফিজিক্যাল এ্যাসেটস যেটা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আর একটা হ'ল আর্নিং পাওয়ার ফিজিক্যাল এসেটস দিয়ে কি হবে যদি তার আর্নিং পাওয়ার না থাকে? কাল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা যুক্তি দিলেন যে ফিজিক্যাল এসেটস আছে তার ডেড ওয়েট, ওজন করে ৩ শত টাকা করেও যদি পার হন্দর হয় তা হলেও এক কোটি টাকা দর হবে। এই যুক্তি হাস্যকর বলে মনে হচ্ছে। যদি এই যুক্তি বলে সরকার টাকা নিয়োগ করতে চান তাহলে কলকাতার কালোয়ারদের যত রদ্দি কারখানার যন্ত্রপাতি আছে তা কিনে ফেলুন না কেন তারও একটা স্ক্র্যাপ ভ্যালু আছে, মেটাল ভ্যালু আছে। এই যুক্তি বলেই কি এই কারখানা নিতে যাচ্ছেন? সুতরাং ফিজিক্যাল এসেটস এক কথা আর আর্নিং পাওয়ার আর এক

কথা। যদি এ দ্বারা একটি পয়সা না উপায় হয়, উপার্জন করার সম্ভাবনা না থাকে তাহলে সেই ফিজিক্যাল এসেটস-এর মূল্য কি? তার কোন মূল্যই নাই। কাজেই ফিজিক্যাল এসেটস-এর আর্নিং প্যাওয়ার আছে কিনা সেটাই দেখতে হবে। যে ফিজিক্যাল এসেটস আছে তার আর্নিং পাওয়ার নিঃশেষ হয়ে গেছে। যদিও আপনারা দেখিয়েছেন ১০।১১ লক্ষ টাকা প্ল্যান্ট আছে, বেসমস্ত মন্তব্য এক্সপার্ট কমিটি করেছে তাতে এ'রা বলেছেন—

"It is however felt that long term planning is justified if both the cost of acquisition of the work and the total capital expenditure are taken into consideration and therefore we do not recommend any capital expenditure on the plant beyond the immediate repair that is to be carried out in order to ensure supply of gas in the next two years.

সুতরাং এই ধরনের আর একটা রিপোর্ট
appendix II
তে চারের পৃষ্ঠায় যেটা আছে সেটা আমাদের কাছে দেন নি
committee had gone into the matter of repair of the plant in great details and came to the conclusion that practically complete rebuilding is necessary."

তার মানে কি? তার মানে হলো নূতন করে কারখানা তৈরী করতে হবে। এটাই এক্সপার্ট কমিটি বলছে। যতই আপনারা নিয়োগ করুন না কেন ফুটো পাত্রে জল ঢালার মত সমস্ত তলিয়ে যাবে। কোন মূল্য ফেরত আসবে না। আজকে কেন কমপেনসেসান-এর কথা উঠে। যে ভিত্তিতে কমপেনসেসান নির্দিষ্ট করতে যাচ্ছেন তাতে কোম্পানী ওভার ক্যাপিটালাইজড হয়ে যাবে। সে বারডেন বহন করতে পারবে কিনা? এই ওভার ক্যাপিটালাইজড হওয়ার মানে কি? মানে হচ্ছে তার খরচ বাড়বে এবং খরচ বাড়লে পর কনজামশন কমবে। কনজামশন কমলে কোম্পানীর ক্ষতি হবে।

সুতরাং ওভার ক্যাপিটালাইজড ইন্ডাস্ট্রি সেটা আখেরে একটা মস্তবড় বোঝা হয়ে যাবে এবং সেই বোঝা সরকার বহন করতে সক্ষম হবে না এটা খুবই নিশ্চিত। এই প্রসঙ্গে লন্ডন ট্রান্সপোর্ট ন্যাশনালাইজেশন-এর যে পরিণতি হয়েছিল সেদিকে আমি. মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এবং সেখানে ওভার ক্যাপিটালাইজ হবার ফলে লন্ডন ট্রান্সপোর্ট একেবারে সর্বনাশের মুখে গিয়ে দাঁড়িয়েছিল এবং তার খেসারৎ সেখানকার গভর্নমেন্ট ও দেশের লোককে দিতে হয়েছিল। সুতরাং আজকে আমরা কি দেখতে পাচ্ছি, আজকে দেখতে পাচ্ছি যে ক্যালকাটা গ্যাস তার যে শেয়ার-এর প্রিমিয়াম, সেই পরিমাণ প্রিমিয়াম তাদের কমপেনসেসান দিতে চাচ্ছেন। তা ছাড়া সাবসিডিয়ারি কোম্পানিজ রয়েছে, এশিয়া লিমিটেড রয়েছে, স্টার্লিং কোম্পানী রয়েছে, তাদের কি অবস্থা হবে। আপনারা কি এগুলিও নিচ্ছেন, না তাদের পৃথক করে কমপেনসেসান দিতে হবে, সে সম্পর্কে আপনি বিলে কিছু বলেন নি। সুতরাং আমি বলতে চাই যে এবং আর্নিং ক্যাপাসিটি আর নেই এবং প্রসপেকটিভ আর্নিং যেটা সেটাই সেখানে মূল নীতি হওয়া উচিত কমপেনসেসান-এর। সেখানে প্রেসিডিং ফাইভ ইয়ারসের ভিত্তিতে হলে অত্যন্ত ভুল হবে এবং সর্বনাশ হবে, কারণ আজকে পাস্ট এসিওর করবেন না, আমরা ফিউচার এসিওর করছি। যদি এই নীতি হয় যারা স্টক হোল্ডারস তাদের বর্তমান আয় পারপিচুয়েট করবার জন্য কমপেনসেসান দিচ্ছেন এবং সেই পরিমাণ কমপেনসেসান দিচ্ছেন তাহলে সেটা স্পষ্ট করে বলুন, এটা ন্যাশানালাইজেশন-এর প্রশ্ন নয়। বিশেষ করে সোসালিস্টিক প্যাটার্ন-এর কথা যাঁরা বলেন তাঁরা যদি এই ধরণের ব্যবস্থা করতে চান, বুঝতে হবে সরকারী খরচে তারা পুঁজি-পতিদের পোষণ করতে চান, তাদের পুঁজিপতি বন্ধুবান্ধবদের পোষণ করবার জন্য এই ধরণের বিল উপস্থাপিত করতে চান। আর তা যদি না হয় তাহলে, ডেপুটী স্পীকার মহাশয়, তাদের আমি বলবো এই বোঝা আপনারা আর চাপাবেন না এবং কমপেনসেসান-এর এই ভিত্তি আপনাকে পরিবর্তন করতে হবে। কারণ ওভার ক্যাপিটালাইজ করলে পর এই কোম্পানী চলবে না যেমন স্টেট ট্রান্সপোর্ট-এ হয়েছে। পশ্চিমবঙ্গের স্টেট ট্রান্সপোর্ট-এর খেসারৎ আমাদের জেনারেল রেভেনিউজ বাজেট থেকে গত ১০ বৎসর দিয়ে এসেছি তেমনি আমাদের জেনারেল রেভেনিউজ-এর উপর যদি আর একটা হোয়াইট এলিফেন্ট নিয়ে এসে চাপান হয় তাহলে পশ্চিমবঙ্গের জনসাধারণের আর একটা নূতন দুর্গতির কারণের সূচনা আপনারা এই বিলের ভিতর দিয়ে করবেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, গতকাল ডাঃ রায়ের বক্তৃতা শ্যুনলাম এক্সপার্ট কমিটি রিপোর্ট পড়েছেন। ডাঃ রায়ের বক্তৃতার পর, এক্সপার্ট কমিটি রিপোর্ট পড়বার পর মনে হল যে ডাঃ রায় কেবলমাত্র একজন বিচক্ষণ চিকিৎসক নয়, এখন দেখছি তিনি একজন অত্যন্ত বিচক্ষণ মেক আপ ম্যান। স্যার, একটা পলিত কেশ, গলিত দন্ত, লোল জিহ্বা বৃদ্ধাকে তিনি মেজে ঘসে রং, পাউডার মাখিয়ে মনহারিণী মূর্তিতে আমাদের সামনে দাঁড় করিয়েছেন। স্যার, একটা পুরানো সুপারয়েনুয়েটেড কোম্পানীই আমি বলবো, এটা সুবোধবাবু, সুনীলবাবুও বলেছেন। কারণ এই কোম্পানী গ্যাসপিং খাবি খাচ্ছে। এই রিপোর্ট পড়ে দেখছি যে এটা একটা সুপারয়েনুয়েটেড কোম্পানী এবং এটাকে পেনসন দেওয়াই উচিত ছিল। অন্যান্য ক্ষেত্রে যেমন সুপারয়েনুয়েটেডকে অবশ্য তিনি নিজের বেলাও—অনুগ্রহ দেখান সেই জন্যই এই কোম্পানির প্রতি দুর্বলতা দেখাচ্ছেন এটা সন্দেহ হতে পারে কিন্তু এর রহস্য আরো গভীর। স্যার, আমি দেখছি, সুবোধবাবুও বলেছেন যে কোম্পানির এ্যাসেট হচ্ছে ৪০ লক্ষ টাকা অথচ কমপেনসেসান দেবার বেলায় এইট টাইমস দি নেট প্রফিট দিচ্ছেন।

[3-30—3-40 p.m.]

স্যার, আমি দেখাব যে এখন আরো কম, এবং কমপেনসেসান-এর রেট যা দেওয়া হচ্ছে সেটা ১ কোটি ৭ লক্ষ নয়. সেটা গিয়ে দাঁড়াবে ১ কোটি ৪০ লক্ষ। তারপর, কমপেনসেসান ছাড়াও আজকে এই কোম্পানি যদি নিতে হয় তাহলে এক্সপার্ট কমিটি বলছেন ৮৫ লক্ষ টাকা ইনভেস্টমেন্ট করতে হবে। তা ছাড়া জমি কিনতে হবে, তাতেও এক্সপার্ট কমিটি বলেছেন সবশুদ্ধ ১ কোটি টাকা আরো ইনভেস্টমেন্ট করতে হবে। যদি ১ কোটি টাকা ইনভেস্টমেন্ট করতে হয় এবং যদি ১ কোটি ৪০ লক্ষ টাকার মতো কমপেনসেসান দিতে হয় তাহলে আজকে এই কোম্পানি আমরা কেন নেব—এবং গতকাল মুখ্যমন্ত্রী যেকথা বলেছেন—দুর্গাপুর থেকে গ্যাস গ্রীড তৈরী করে গ্যাস আনাবেন, তাহলে আজকে কোন প্রয়োজনে আমরা এই কোম্পানি নিতে যাচ্ছি। স্যার, প্রথমেই দেখুন, ক্লজ ২(৩) জমির কথা—কোন জমি নেবেন?—

lands appertaining thereto actually in use immediately before the commencement of this Act.

স্যার, ঠিক সেই জমিটাই নেওয়া হবে যেখানে কারখানা আছে, কারণ এর দ্বারা—আমার মনে হয় এইজন্যই এই ক্লজটা ঢুকিয়েছেন- এই কোম্পানির সঙ্গে কথাবার্তা বলে যোগসাজসে এই পরিকল্পনা হয়েছে; তা যদি না হত তাহলে কোম্পানি—যেখানে হাওড়ায় ১০ লক্ষ টাকা প্রফিট করেছেন—সেই জমি বিক্রি করে দিয়েছেন। আমি জিজ্ঞাসা করতে চাই—আজকে জমি করা সত্ত্বেও যেখানে ১০ লক্ষ টাকা প্রফিট হয়েছে—১৯৫৭ সালে যে ফিক্সড এ্যাসেটস ভ্যালু ছিল, ১৯৫৮ সালের ব্যালেন্স সীট-এ ১০ লক্ষ টাকা প্রফিট দেখান সত্ত্বেও একই ধরনের দেখান হয়েছে, এখানে দেখুন কতখানি হিসাবের কারচুপি করা হয়েছে। কোন জমি বেচে লাভ করা হয়েছে:—আমি জিজ্ঞাসা করতে পারি কি যে জমিতে কারখানা সেটা বেচে দেওয়া হয়েছে কেন—এটার কি জবাব দেবেন? ডাঃ রায়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে জমির উপর কারখানা আছে সেটা ওউনড, না, রেন্টেড। তারপর, আজকে তিনি

clause 7(1) এ income-tax যা accountable assessment depreciation

ইত্যাদির কথা বলেছেন: ইনকাম ট্যাক্স পার্পাস-এ ডেপ্রিসিয়েশন- এলাউড হয় ১২ পারসেন্ট, এবং দুটো সিফট-এ যদি কারখানা চলে তাহলে সেখানে আরো ৫০ পারসেন্ট বেশী দেওয়া হয়—তাহলে আমরা দেখছি ১৮ পারসেন্ট ডিপ্রিসিয়েশন এলাউড করা হয় ইনকাম ট্যাক্স-এর জন্য—তাহলে আমরা দেখছি ১৮৫৩ সালে যে কোম্পানির টোটাল এ্যাসেটস ছিল ৭০ লক্ষ টাকা, সেটা এই ৫ বৎসরে ওয়াইপট আউট হয়ে গিয়েছে। আজকে যদি আমাদের ভ্যালুয়েশন করতে হয়

on the basis of the value of the undertaking and on the basis of the profit

স্যার, আজকে অন দি বেসিস অফ্ দি ভ্যালু অফ দি আন্ডারটেকিং। যদি করা হয় তাহলে দেখা যাচ্ছে যে, তার যে এ্যাসেটস, ইনকাম ট্যাক্স এ্যাসেসমেন্ট ধরে যা ডিপ্রিসিয়েশন দেওয়া উচিত—টোটাল এ্যাসেটস যা ছিল সেই এ্যাসেটস আজকে নীল দাঁড়িয়েছে, অথচ তার সঙ্গে সঙ্গে এটাও আমরা দেখতে পাই যে, যেটা এলাইড বলে গত ৫ বৎসরে দেখছি—১৯৫৩-৫৪-৫৫ সালে এই

তিন বৎসরে নরম্যাল ডিপ্রিসিয়েশন এ্যাভারেজ-এ ২০ হাজার টাকার মত দেখান হয়েছে—অথচ তারপরে আমরা দেখছি যে, ১৯৫৬ সালে ৫ লক্ষ ৩৩ হাজার টাকা ডিপ্রিসিয়েশন দেখান হচ্ছে, ১৯৫৭ সালে ৫ লক্ষ ৩৫ হাজার ডিপ্রিসিয়েশন দেখান হয়েছে, ১৯৫৮ সালে ৪ লক্ষ ৯২ টাকা ডিপ্রিসিয়েশন দেখান হয়েছে। এই ফিকটিসাস ডেপ্রিসিয়েশন ইনকাম ট্যাক্স এলাউ করবে না, এটা প্রফিট-এর খাতে গিয়ে ঢুকবে। সেজন্য ডাঃ রায় কমপেনসেসান ক্লজ-এ রেখেছেন যে, এইট টাইমস অফ দি নেট প্রফিট ইনকাম ট্যাক্স যেখানে ডেপ্রিসিয়েসন এলাউ করে না, যেখানে এ্যাসেটস ভ্যাল্যু নিল হয়ে যাচ্ছে সেই জায়গায় আজকে এইট টাইমস দি নেট প্রফিট করে দেখান হচ্ছে ১ কোটি ৭ লক্ষ টাকা এভারেজ প্রফিট। এবং তার সাথে সাথে ফিকটিশাস ডেপ্রিসিয়েসন হিসাব করলে দেখা যায় আরো প্রায় ৩৩ লক্ষ টাকা এই প্রফিট খাতে গিয়ে পড়বে, এবং ট্রাইবিউন্যাল যখন বিচার করবে কত কমপেনসেসান দেওয়া উচিত তখন এই প্রিন্সিপল লে ডাউন করা হচ্ছে যে কমপেনসেসান দাবী করতে পারবে ১ কোটি ৪০ লক্ষ টাকা পর্যন্ত, অথচ এক্সপার্ট রিপোর্ট যা কথা বলছে তাতে আমরা দেখছি যে, ইনকাম ট্যাক্স ডেপ্রিসিয়েসন ধরে আজকে এ্যাসেটস ভ্যাল্যু অত্যন্ত কমে গিয়েছে। শুধু তাই নয়, আরো দেখুন, সুরজমল নাগরমল ৪০ লক্ষ টাকা দিয়ে লন্ডন-এর যে কোম্পানির শেয়ার কিনেছিল—আমি সেসব কথার পুনরাবৃত্তি করতে চাই না—সেটা ১ কোটি ১১ লক্ষ টাকায় ক্যালকাটা গ্যাস কোম্পানিকে বিলি করে দেওয়া হয়। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই যে, আজকে যদি সেই কোম্পানি নিতে হত, তার শেয়ার যদি নিতে হত তাহলে কত টাকা লাগত। প্রেফারেন্স শেয়ার-এর কোন প্রয়োজন নাই, কারণ প্রেফারেন্স শেয়ার-এর ভোট নাই। ১০ টাকা করে শেয়ার-এর দাম, এ শেয়ার হচ্ছে ৩২ লক্ষ ৫০ হাজার টাকা, বি শেয়ার হচ্ছে ৩২ লক্ষ ৫০ হাজার টাকা, মোট হচ্ছে, ৬৫ লক্ষ টাকা। স্যার, এই যে শেয়ার ভ্যাল্যু তার মার্কেট রেট কত জানেন? ১০ টাকা শেয়ার-এর দাম। আমি ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ থেকে কোটেসন নিয়ে এসেছি—১০ টাকার শেয়ার-এর দাম ৫ টাকা ৬ নয়া পয়সা, অর্থাৎ, ৬৫ লক্ষ টাকার শেয়ার-এর দর ৩২।৩৩ লক্ষ টাকা। অর্থাৎ, স্টক এক্সচেঞ্জ সেই কিনতে হলে ৩২ লক্ষ টাকার বেশী হয় না। যে শেয়ার ৩২ লক্ষ টাকার কেনা যায় এবং ৩২ লক্ষ টাকার তো দরকার নাই, কারণ ৫১ পারসেন্ট শেয়ার কন্ট্রোল করতে পারলেই আজকে এই কোম্পানি পাওয়া যাবে এবং ৫১ পারসেন্ট দিয়ে ক্যালকাটা গ্যাস কোম্পানিও কিনে নেওয়া যেতে পারে। ইম্পিরিয়াল ব্যাঙ্ক যখন কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন তখন মার্কেট ভ্যাল্যু অনুযায়ী কমপেনসেসান দেওয়া হয়েছিল, কিন্তু আজকে যেখানে ১৬ লক্ষ টাকা দিয়ে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানিকে কিনতে পারা যায় সেখানে কেন ১ কোটি ৪০ লক্ষ টাকা দেবার বন্দোবস্ত হচ্ছে কেন? কেন্দ্রীয় সরকার যখন এল আই সি গঠন করলেন তখন আমরা দেখেছি যে, এ্যাসেটস বেসিস-এ সেখানে ক্যালকুলেশন করা হয়েছে।

[3-40—3-50 p.m.]

লাইসেন্স-এ এমন কোন শর্ত নেই যে লাইসেন্স শেষ হলেই গভর্নমেন্টকে কিনতে হবে এবং সেটা ইয়ার টু ইয়ার রিনিউ করা হবে। কর্পোরেশন থেকে খবর পেয়েছি বর্তমানে যে লাইসেন্স চলছে স্টো ১৯৬০ সালের মার্চ মাস পর্যন্ত চলবে এবং তারপর সে লাইসেন্স রিনিউ নাও করা যেতে পারে। অথচ দেখছি যে কর্পোরেশন লাইসেন্স বছর বছর রিনিউ হচ্ছে। ১৯৬০ সালের মার্চ মাস পর্যন্ত যখন লাইসেন্স-এর মেয়াদ রয়েছে তখন এত তাড়াতাড়ি বা ব্যগ্রতা কেন সেটা আমি ডাঃ রায়ের কাছ থেকে জানতে চাই। তারপর আর একটা খবর আমি পেয়েছি যে after the publication of the Bill in the Gazette, Eastern Railway Company গভর্নমেন্টের কাছে লিখেছে যে ঐ ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর কাছে তাঁরা বেশ কয়েক লক্ষ লক্ষ টাকা পান। একথা সত্য কিনা তারও জবাব আমি ডাঃ রায়ের কাছ থেকে জানতে চাই। এখন কথা হোল যে এই কোম্পানীর এ্যাসেটস যখন নিচ্ছেন তখন লায়েবিলিটিসও নিতে হবে এবং সেইজন্যই আমি গভর্নমেন্টের কাছে জিজ্ঞাসা করি যে এই কোম্পানিকে যত টাকা কমপেনসেসন দিচ্ছেন তা' ছাড়া ঐ ইস্টার্ন রেলওয়ে কোম্পানী মত আর ক'টা কোম্পানির কাছে এ'দের লায়েবিলিটিস আছে এবং সেগুলোও আমাদের পরিশোধ করতে হবে কিনা? স্যার, আজ প্রশ্ন উঠেছে যে এর রহস্য কোথায়? তবে যদি আপনি অনুগ্রহ করে বোর্ড অফ ডিরেক্টরস-এর দিকে একটু নজর দেন তাহলেই বুঝতে পারবেন যে রহস্য কি এবং কোথায়। এই বোর্ড অফ

ডিরেক্টরস-এর মধ্যে শ্রীসুকুমার রায় বলে একজন ভদ্রলোক আছেন যিনি আমাদের মুখ্যমন্ত্রীর ভ্রাতুষ্পুত্র এবং তিনি মুখ্যমন্ত্রী হবার আগে যে যে কোম্পানির ডিরেক্টর ছিলেন—এখানেও ছিলেন —সেইসমস্ত জায়গায় তিনি তার স্থলে এই সুকুমার রায়কে বসিয়েছেন। কাজেই আজ এই সুকুমার রায়কে এখানে দেখে আমি যদি বলি অথবা কোন দুষ্ট লোকে বলে বা সন্দেহ করে যে আসলে উনিই হচ্ছেন তার বেনামদার তাহলে কি সেটা অন্যায় হবে? তারপর আমি জিজ্ঞাসা করি এবং দুষ্ট লোকেরা যে কথা রটিয়ে থাকে যে এই সুরজমল নাগরমল কোম্পানীর সঙ্গে তাঁর গভীর সম্পর্ক রয়েছে এবং যার ফলে ইনকামট্যাক্স ইনভেস্টিগেশন কমিশন-এর মেম্বার জাস্টিস পি বি চক্রবর্তী যখন ঐ সুরজমল নাগরমল কোম্পানীকে তদন্ত করবার জন্য ফোন করে পুলিসের অনুমতি চেয়েছিলেন তখন আমাদের মুখ্যমন্ত্রী তাতে আপত্তি জানিয়ে পুলিসের সাহায্য নিতে অস্বীকার করেছিলেন কিনা? তারপর আমি জানিনা তবে শ্রীহরিপদ চ্যাটার্জী মহাশয় এই হাউসে বহুবার বলেছেন যে, যখন আমাদের মুখ্যমন্ত্রী তার দলবল নিয়ে সুইজারল্যান্ড-এ গিয়ে লাসেলা হোটেল নামে একটা লাক্সারি হোটেল-এ ছিলেন তখন এই সুরজমল নাগরমল কোম্পানীর ১২ আনা অংশীদার শ্রীচিরঞ্জীলাল বাজোরিয়াই সেখানকার তাঁর সমস্ত খরচ বহন করেছিলেন। তারপর শ্রীআনন্দীলাল পোদ্দার মহাশয়কে সাক্ষী করে আমি আর একটি প্রশ্ন করব কেননা তিনিই জানেন যে কোন একটি কোম্পানীর লিজ এক্সটেনশন হওয়ার পর ঐ সুকুমার রায়ের দমদমে যে একটি কারখানা আছে এবং আনন্দীলাল পোদ্দার যার ডিরেক্টর সেখানে ১৫ লক্ষ টাকার মেসিনারী এসে গেল এবং এখন শুনছি যে সেখানে শেড প্রভৃতিও তৈরী হচ্ছে। কাজেই আমি বলতে চাই যে, সেই কোম্পানীর লিজ এক্সটেনশন হওয়ার পরে যখন দেখা গেল যে সুকুমার রায়ের কারখানায় ১৫ লক্ষ টাকার মেসিনারী এসে গেল এবং এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী যাকে ১৬ লক্ষ টাকার শেয়ার কিনে কুক্ষিগত করা যেত তাকে যখন আজ ট্রাইবুনাল-এর মারফত ১ কোটি ৪০ লক্ষ টাকা কমপেনসেসান দেওয়া হচ্ছে তখন যদি কেউ সন্দেহ করে যে আবার কয়েক লক্ষ টাকার মেসিনারী ঐ সুকুমার রায়ের কোম্পানীতে গিয়ে পড়বে তাহলে কি সেটা অন্যায় হবে? তারপর সুবোধবাবু বলেছেন যে ট্রাইবুনাল-এর সামনে প্রিন্সিপল লে ডাউন করা হবে এবং তারপর ট্রাইবুন্যালই বিচার করবে। কিন্তু আমি বলব যে প্রিন্সিপল লে ডাউন করলে হবে না কারণ যে ক্লস-এ ট্রাইবুন্যাল বসাবার কথা হয়েছিল, তাতে ছিল যে এ হাইকোর্ট জাজ: অর এ ডিস্ট্রিক্ট জাজ থাকবে। স্যার, কেবলমাত্র হাই কোর্ট জাজ থাকবে বলে আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সে সম্বন্ধে আমি পরে বলব। কেননা যদি কেবলমাত্র ডিস্ট্রিক্ট জজকে নিয়ে ট্রাইবুন্যাল করেন তাহলে আমি জানি যে ঐ গ্রেট ইস্টার্ন মোটর ওয়ার্কস-এর সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীর একটা জমি নিয়ে বহুদিন ধরে যে মামলা চলছিল এবং তাতে নিচের কোর্টে যে রায় হয়েছিল তার উপর হাই কোর্ট থেকে আবার রিট্রায়াল অর্ডার হয়েছিল এবং শেষ পর্যন্ত উনি যদিও হাই কোর্ট-এ জিতেছেন কিন্তু সুপ্রিম কোর্ট-এ নন্দী কোম্পানী আবার লিভ অব এ্যাপিল পেয়েছে। সুতরাং ট্রাইবুন্যাল-এর কাছে কি হবে আমি জানি না। আজ যে বিল এনে এই কমপেনসেসন দেবার বন্দোবস্ত হচ্ছে তাতে আমি বলব যে ইট ইজ এ মনস্ট্রাস ফ্রড এবং আমার মনে হয় কংগ্রেসপক্ষীয় লোকেরাও তা স্বীকার করবেন। তবে যদি এই মনস্ট্রাস ফ্রড হয় এবং কমপেনসেসন-এর টাকা যদি স্বীকার করে নেওয়া হয় তাহলে অন্তত আমাদের দিক থেকে ঠিক করেছি যে সমস্ত তথ্য দিয়ে আমরা প্রাইম মিনিস্টার পন্ডিত নেহেরুর কাছে এ্যাপিল করব, যে সুরজমল নাগরমল কোম্পানীকে মাত্র ১৬ লক্ষ টাকার শেয়ার কিনে হাতে নেওয়া যেত তাকে আজ ১ কোটি ৪০ লক্ষ টাকা দিয়ে দেওয়া হচ্ছে এবং এইভাবে যেসমস্ত টাকা আমরা ঋণ হিসেবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই সেগুলো খোলা পথে এক একটা কোম্পানীকে পাইয়ে দেওয়া হচ্ছে। তারপর একে চালু করতে এই ১ কোটি ৪০ লক্ষ টাকার সঙ্গে আরও ১ কোটি টাকা ইনভেস্ট করতে হবে, অথচ এই ১ কোটি টাকা দিয়ে আমরা একটা নুতন কোম্পানী চালু করতে পারতাম। কিন্তু না করে এরকম একটা অসাধু কোম্পানী, যারা গোড়াতে ৪০ লক্ষ টাকার শেয়ার কিনে লন্ডনে অন্য নামে একটা কোম্পানী গঠন করে ৬০ লক্ষ টাকা মেরেছে তাকে কোন রহস্যে বা মতলবে এত টাকা পাইয়ে দেওয়া হচ্ছে এবং যখন এক বৎসর বাদেই কর্পোরেশন লাইসেন্স-এর মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে। অবশেষে আমি এটুকু বলব যদি মুখ্যমন্ত্রীকে এই বিল এখানে পাশ করাতে হয় তাহলে এইসব রহস্যের জবাব আমরা চাই।

Shri Anandilal Poddar: On a point of personal explanation, Sir, Jatin Babu has mentioned my name and said that I am a director of Motor Machinery Corporation. I am neither a shareholder nor a Director of this firm nor do I know where this firm is situated. I have asked Jatin Babu several times that whenever he would refer me, he should consult with me —we are sitting side by side—but it has become a fashion with him.... (Noise and interruptions) (SHRI JATINDRA CHANDRA CHAKRAVORTY: I will show). I challenge you, my dear Sir, hundreds of Jatin Babu cannot show that. I say I am neither a shareholder nor a Director of this wretched company nor do I know who is this Mr. Sukumar Ray.

[Noise]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Chakravorty cannot tell a lie.

[3-50—4 p.m.]

Sj. Ganesh Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী এ্যাকোয়ার করলে পশ্চিমবঙ্গ সরকারের বহু টাকা খরচ হবে। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। যেখানে আমাদের সরকার টাকার অভাবে সমাজসেবামূলক কাজ করতে পারছেন না সেখানে এতগুলো টাকা খরচ হবে বলেই সেইজন্য বলছি এটা গুরুত্বপূর্ণ। আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে ডাঃ রায়ের কাছ থেকে আমরা অনেক আগেই এই রিপোর্টটা চেয়েছিলাম কিন্তু প্রথমে উনি এটা দিতে চাইছিলেন না। যাই হোক, উনি যে শেষকালে এটা দিয়েছেন সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই রিপোর্টটা খুব ইলুমিনেটিং-এর মধ্যে অনেকগুলি খবর আছে। আর একটা জিনিস আমরা পাইনি, সেটা হচ্ছে কোম্পানীর ব্যালান্স-সিট। এই ব্যালান্স-সিট-এর উপর নির্ভর করে কোম্পানীকে ক্ষতিপূরণ দেওয়া হবে। মুখ্যমন্ত্রী চেষ্টা করলে এবং ইচ্ছা করলে সেই ব্যালান্স-সিট আমাদের যোগাড় করে দিতে পারতেন এবং বিরোধীপক্ষ ও কংগ্রেসপক্ষ সকলে মিলে চেষ্টা করলে সকলের শুভেচ্ছা এবং সম্মতি নিয়ে বিলটাকে হয়ত ভালভাবে তৈরি করা যেত। আজ এই যে নন-কো-অপারেটিং এ্যাটিটিউড এটা অত্যন্ত দুঃখের এবং এটা আমাদের কাছে ভাল লাগছে না এবং অনেক বিষয় রহস্যজনক মনে হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা নিশ্চয়ই স্বীকার করবেন যে এটা একটা পাবলিক ইউটিলিটি কনসার্ন। এই কনসার্নে জনসাধারণের অত্যন্ত প্রয়োজনীয় সেবা করছে। এটা বহুদিন থেকে খারাপ হয়ে গেছে, যা প্রয়োজন তা মেটাতে পারছে না। এর বিরুদ্ধে বহু প্রতিবাদ এসেছে, সরকারের কাছে দাবীও এসেছে এটার উন্নতি করবার জন্য। কিন্তু বহুদিন এই সরকার উদাসীন ছিলেন। এত দিন বাদে এটাকে নেওয়া হচ্ছে কেন? আমরা জিজ্ঞাসা করতে পারি কি এই কনসার্ন-এর যারা ডাইরেক্টর তাদের প্রসিকিউট করা হয়নি কেন? যেভাবে নেগলেকটেড হয়েছে, যেভাবে এরা পাবলিক ডিম্যান্ড স্যাটিসফাই করতে পারেনি তাতে এদের প্রসিকিউট করা উচিত ছিল। আমরা জানি না আমাদের কনস্টিটিউশান-এ আমাদের আইনে প্রসিকিউশন-এর কোন ধারা আছে কিনা। কিন্তু এই কোম্পানীকে ইমপ্রুভ করবার জন্য বাধ্য করা উচিত ছিল। আরও ফারদার শেয়ার ম্যানেজেন্ট করে এর সার্ভিসটাকে ইমপ্রুভ করার জন্য আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর তরফ থেকে তাদের বাধ্য করা উচিত ছিল।

Mr. Deputy Speaker:

গভর্নমেন্ট কি করে অ্যারেস্ট করবে?

Sj. Ganesh Ghosh:

অ্যারেস্ট না করলেও বাধ্য করতে পারতেন কোম্পানীকে ইমপ্রুভ করবার জন্য। তাও যদি সম্ভব না হয় তাহলে ৩১এ সেকশন অনুযায়ী যেভাবে জেসপ কোম্পানীর ম্যানেজমেন্টকে সরকার নিয়ে নিলেন সেইভাবে এর ম্যানেজমেন্টকে নিয়ে নিলে—অন্ততঃ আমরা কমন সেন্স দিয়ে যতটা বুঝি—সার্ভিসটা আরো ইমপ্রুভ করা যেতে পারত। যদি সেন্ট্রাল গভর্নমেন্ট জেসপ কোম্পানীর ম্যানেজমেন্টকে নিয়ে নিতে পারেন তাহলে বেঙ্গল গভর্নমেন্ট এইরকম একটা ভেরি ইমপরট্যান্ট

পাবলিক ইউটিলিটি কনসার্ন-এর ম্যানেজমেন্টকে নিয়ে নিতে পারবেন না কেন? তাও সম্ভব না হয়, জানি না আমাদের আইনে কি আছে, তাহলে অনেক আগে এর এ্যাকুইজি সম্পর্কে একটা আইন আনা উচিত ছিল। কিন্তু আজকে যখন এক্সপার্ট কমিটির রিপোর্ট থে দেখতে পাচ্ছি যে কোম্পানীর আর কিছু বাকি নেই তখন সেই অবস্থায় কোম্পানীটাকে এ প্রচণ্ড কমপেনসেশন দিয়ে এ্যাকোয়ার করছেন। কি রকম কমপেনসেশন দিয়ে কোম্পানীটা নিয়ে নেওয়া হচ্ছে সেকথা এই বিলের প্রারম্ভে বলা হয়েছে। এই কথাগুলি আমার কাছে ম হচ্ছে যে অত্যন্ত রহস্যজনক এবং অদ্ভুত, এর ভিতর ইলিউমিনেশন নেই। বলা হচ্ছে

It is expedient to provide for increasing the production of gas and impro ing the quality thereof.

কালকে ডাঃ রায় অনেকক্ষণ ধরে বক্তৃতা দিলেন, তিনি তাঁর বক্তৃতায় শতকরা ৯০ ভাগ অ দুর্গাপুরের কথা বললেন—দুর্গাপুরে কত গ্যাস হচ্ছে, কি রকম কোলটার হবে, আরও অনে কথা বললেন। কিন্তু যে কথাটা আমরা শুনবার জন্য সবচেয়ে বেশী উদগ্রীব হয়েছিলাম—ি পরিমাণ কমপেনসেশন হবে তা বললেন না। দুর্গাপুরে যে গ্যাস তৈরি করছেন, সেই গ্য গ্রীড দিয়ে আনতে কত মাইল রাস্তা হবে এবং সেইরকম পৃথিবীতে কোথায় কোথায় নজীর আ সেইসব অনেক কথা বললেন। তা যদি হয় তাহলে ফর ইনক্রিজিং দি প্রডাকশন অব ভাঙ্গাচো কোম্পানীকে নেওয়া হচ্ছে কেন সেকথা ডাঃ রায় নিশ্চয়ই পরে আমাদের বলবেন। যে রিপো আমরা পেয়েছি সেই রিপোর্টের বহু জায়গায় টানাটানি করে ঝোলাঝুলি করে বলা হয়ে ম্যাক্সিমাম ফাইভ টু সেভেন ইয়ার্স কোন জায়গায় বলা হয়েছে টু ইয়ার্স এই কোম্পানীটা খাড়া করে রাখা যায় যদি অনেক পরিমাণ টাকা এর পিছনে খরচ করা যায়। তাই যদি হ দুর্গাপুরে গ্যাস গ্রিড করা হচ্ছে, দুর্গাপুরে কোক ওভেন প্ল্যান্ট চালু হয়ে গেছে, গ্যাস তৈ হচ্ছে। ডাঃ রায় কিছুদিন আগে প্রশ্নোত্তরে বলেছিলেন যে সেখানে ৯·৫ হান্ড্রেড থাউজেন কিউবিক ফিট সব গ্যাস বোধহয় ডেলি তৈরি হচ্ছে এবং সেটা ওয়েস্টেজ হচ্ছে গ্রিড না থাকা জন্য। আমি চাই ডাঃ রায় এই কথাগুলি শুনুন ওখানে গ্যাস প্রডিউস হচ্ছে ৯·৫ মিলিয়া কিউবিক ফিট পার ডে। যদি ওয়ান থাউজেন্ড কিউবিক ফিট অব গ্যাসের দাম এক টাকা হ তাহলে আমাদের আজকের দিনে ডেলি ওয়েস্টেজ অব গ্যাস হচ্ছে ৯ হাজার ৫ শো টাকার। এ গ্যাস হাওয়াই উড়ে যাচ্ছে গ্রিড তৈরি হল না, কোক ওভেন প্ল্যান্ট চালু হয়ে গেল এবং যে গ্যা থেকে আমরা ৯ হাজার ৫ শো টাকা ডেলি পেতে পারতাম সেই গ্যাসটা নষ্ট হচ্ছে। ডাঃ রা এখানে বলেছেন যে এর ক্যাপাসিটি হচ্ছে ১৫ টু ১৬ মিলিয়ান কিউবিক ফিট এবং সেন্ট্রা গভর্নমেন্টের কাছ থেকে পার্মিশন পাওয়া গেছে এটা ডবল করার য়্যাবাউট ৩২ মিলিয়া কিউবিক ফিট অব গ্যাস প্রডিউস করার পার্মিশন পেয়েছেন। এই অবস্থায় একটা স্পেসিফিবে বলা হচ্ছে

for the purpose of increasing the production of gas and improving the quality

দ্যাট মিনস সাপ্লাই। আমরা তো জানি অন্ততঃ বিলের কথাগুলি খুব প্রিসাইজ, একজ্যাকট য়্যাকিউরেট হয় অথচ এখানে আছে

to provide for increasing the production of gas.

জানি না এর মানে কি? মিঃ ডেপুটী স্পীকার স্যার, এই কোম্পানীটার কি কণ্ডিশনে আছে? দুটো কমিটি করা হয়েছিল—এক্সপার্টরা দেখেশুনে যে কথা বলেছেন তা দিয়ে আমরা বুঝতে পারছি যে এই কোম্পানীর ভেতর যদি হিউজ য়্যাকাউন্ট অব ফার্দার ক্যাপিটাল ইনজেক্ট করা না যায় তাহলে এটা দু বছর চলবে না। আমরা জানি না গ্যাস গ্রিড করতে কতদিন লাগবে। ডাঃ রায় বলেছিলেন একটা প্রশ্নের জবাবে হয় দু বছর লাগতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

মে, ১৯৬১।

Sj. Ganesh Ghosh:

তাহলে আরো কম। দু বছরের ভেতর যদি হয়ে যায় গেল। আগে কস্ট লাগবে বলেছিলেন ৩ কোটি টাকা, কালকে বললেন ২ কোটি ৪৫ লক্ষ তার সামথিং লাইক দ্যাট। তবুও যে ১৯৬১

পর্যন্ত এই কোম্পানীকে খাড়া রাখতে গেলে কত টাকা খরচ হবে দেখুন। আমি কিন্তু ন্যাশেনালাইজেশনের বিরুদ্ধে বলছি না কিন্তু যে অবস্থায় এই কোম্পানীটা নেওয়া হচ্ছে সেই অবস্থার একটু পর্যালোচনা করা ভাল। এই কমিটি বলছেন

The total cost of renovation Mr. Deputy Speaker, mark the word 'renovation'—The total cost of renovation plus additional holder expected will be in the order of about 50 to 60 lakhs. To this figure has to be added the immediate repairing cost of 25 lakhs which brings the total sum of approximately 85 lakhs in order that the plant may continue for the next five to seven years.

যে, ১৯৬১-তে আমরা গ্যাস পাবো। তাহলে ৫।৭ বছরের জন্য এত লক্ষ টাকা দ্যাট মিনস ৮৫ ল্যাখস দেবার কোন প্রয়োজন আছে কিনা?
Dr. Roy is not only the Chief Minister but also is a businessman.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আপনি কি প্রশ্ন করছেন, বলুন?

Shri Ganesh Ghosh: 85 lakhs for renovation and repair of holders which will enable the plant to continue for the next give to seven years

যে, ১৯৬১-তে আমরা যদি গ্যাস পাই কোলকাতাতে তাহলে ৫ থেকে ৭ বছর এই টটারিং কোম্পানী যেটা ভেঙ্গে পড়ে যাচ্ছে—সেই কোম্পানীটাকে খাড়া করে রাখবার জন্য এতগুলি টাকা খরচ করা কি যুক্তিযুক্ত? শুধু ৮৫ লক্ষ নয়—এক্সপার্ট কমিটি বলছেন যে এক্সপার্ট কমিটিতে মিঃ লাহিড়ী, জে কে ঘোষ প্রভৃতি ছিলেন।

It is estimated that the working of it requires for three months operation raw materials, etc., which will be of the order of Rs. 15 lakhs, that brings it to about Rs. 1 crore.

[4—4-10 p.m.]

এই এক কোটি টাকা আমরা দিচ্ছি কোম্পানিকে পাঁচ থেকে সাত বছরে। কিন্তু এঁরা বলছেন পাঁচ থেকে সাত বছরে নয়, এতদিন হয়ত একটা টিঁকবে না।

তারপর কোয়ান্টিটির কথা বলা হয়েছে। আমাদের যেটা দরকার তার হাফ এখন প্রোডিউস হচ্ছে। অবশ্য এখানে বিগ ডিম্যান্ড আছে—সেভেন টু এইট মিলিয়ন কিউবিক ফিট ডেইলি দরকার আছে। এক কোটি টাকা খরচ করবার পর এঁরা যা দেবেন সেটা হচ্ছে থ্রি অ্যান্ড এ হাফ মিলিয়ন কিউবিট ফিট পার ডে। এত টাকা খরচ করবার পরে

this will enable the plant to deliver gas at the rate of approximately three and half million cubic feet

মাত্র। এখন এখানে যা ডিম্যান্ড, এখানে যা অভিযোগ রয়েছে গ্যাসের অভাবের জন্য তার চেয়ে কিছু ভাল হবে না। ইম্প্রুভমেন্ট ইন সাপ্লাই পজিসন কিছুই হবে না। ফারদার বলা হচ্ছে ইট ইজ এস্টিমেটেড দ্যাট ইমিডিয়েটলি ৪০ লক্ষ টাকা খরচ হচ্ছে।

This expenditure of Rs. 40 lakhs will be required for the renovation, for prolonging the life of the gas works to an additional period of say five years only.

এই হচ্ছে তার ম্যাক্সিমাম। আবার একখানে বলা হচ্ছে, এটা ফাইভ ইয়ার্সও যাবে না।

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এখানে প্রিন্সিপলও বলা হয়েছে—ফর ইম্প্রুভিং দি কোয়ালিটি দেয়ারঅফ। এক কোটি টাকা আমরা ইমিডিয়েটলি খরচ করছি, কিন্তু এঁদের রিপোর্ট থেকে জানা যাচ্ছে যে,

the existing system, even if it is repaired, would still be inadequate for purifying 3.5 million to 4 million c.ft. of gas per day.

যদি এক কোটি টাকা ঢালা যায়—
would still be inadequate for purifying 3.5 million to 4 million c.ft. of gas per day.

যেটা আমরা এখানে চাচ্ছি—এটা পিউরিফাই করতে পারব না। সুতরাং এখানে যে দুটো কথ বলা হয়েছে, প্রোডাকশন ফর ইম্প্রুভিং দি সাপ্লাই—এ দুটোর নামই মিসনোমার, র‍্যাদার মিসলিডিং। এখানে আরও দুটো কথা আছে, আপনাকে শুনিয়ে দিই, তারপর আমি অন্য প্রশ্নে যাব। এক্সপার্ট কমিটি বলছে—

taking all the factors into consideration the operation of the plant by Government management will be uneconomic and will lead to direct loss.

সেটা ডাঃ রায় জেনে শুনে করেছেন। কারণ, এর লস হ'লেও ডাঃ রায়ের ব্যাঙ্কএ হাত পড়বে না। সুতরাং তাঁর এতে কিছু আসে যায় না। উনি যে এটা খুব ভাল ক'রে পড়েছেন, তাও মনে হচ্ছে না। এই যে বলা হচ্ছে, ইম্প্রুভিং দি কোয়ালিটি—অর্থাৎ হাই প্রেসারএ গ্যাস সাপ্লাই করবার ব্যবস্থা করা হবে। কিন্তু এখানে এ'দের যা সিসটেম আছে, সেটা কি অ্যাডিকোয়েট? এক্সপার্ট কমিটি বলছেন, কোম্পানির যে গ্যাস প্ল্যান্ট আছে সেটা একটু রিপেয়ার ক'রে নিলে কিছুদিন মাত্র সার্ভিস দিতে পারে। এই প্রোডিউসার গ্যাস প্ল্যান্টএর একটা হিস্ট্রি আছে। এক্সপার্ট কমিটি বলছেন—

The Company has procured the Producers Gas Plant after it has been rejected after use from the Tata Chemical. It has also secured a second Gas Plant at a practically scrap value from the United Kingdom with a capacity of one million c. ft. of gas per day.

সুতরাং এই অবস্থাতে ইম্প্রুভড সাপ্লাই হবে কি? কোয়ালিটি অফ সাপ্লাই বাড়বে কি? আমরা মনে করছি তা করা সম্ভব নয়। কারণ, আমাদের চেয়ে যাঁরা ভাল বোঝেন, তাঁরাও এইসব কথা বলেছেন, এক্সপার্ট কমিটি, তাঁরাও এই কথা বলেছেন। ফারদার ডাঃ রায় জানেন আমাদের এখানে ওয়ান থাউজান্ড কিউবিট ফিট গ্যাসের দাম হচ্ছে ৫ টাকা ১২ আনা, প্রাইভেট কনজিউমারদের পক্ষে এবং ডোমেস্টিক সার্ভিসের জন্য বোধহয়।

বোম্বেতে এটা বর্তমান অবস্থাতে অনেক কম, চার টাকা। ডাঃ রায় কাল আমাদের আশা দিয়েছেন, এর দাম কমাবার চেষ্টা করা হবে এবং অ্যাভারেজ কস্ট যা পড়বে তাতে

it will be possible for us to sell at Rs. 3 or Rs.3.25 nP. per 1000 c.ft.

আচ্ছা, সে তো ভবিষ্যতের কথা, দুর্গাপুর থেকে আসার পরে, বর্তমানে কি হবে? বর্তমানে এই কমিটি বলছেন—

The cost of gas will also be higher as curburation will be required with fuel oil to increase the calorific value of water gas

এই আমরা বুঝতে পেরেছি। যেমন স্টেট বাস যে মুহূর্তে অর্গানাইজড হ'ল, সেই মুহূর্তে ভাড়া বাড়ানোর প্রয়োজন দেখা দিল। ঠিক তেমনি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি থেকে পাঁচ টাকায় ১,০০০ কিউবিক ফিট পাচ্ছি ডাঃ রায়ের হাতে পড়বার পর দেখা যাবে ৬ টাকায় পেতে হচ্ছে, তখন ওয়ার্কার্স অ্যামেনিটিজএর প্রশ্ন আসবে,

better management better quality, improved supply

ইত্যাদির প্রশ্ন এসে দাঁড়াবে। সুতরাং আশা করবার কিছু নেই। এই অবস্থাতে আমরা এটাকে অ্যাকোয়ার করতে যাচ্ছি—অ্যাকোয়াল করা অনেক আগে উচিত ছিল। আজকে করা হচ্ছে সেটা তবুও ভাল। কিন্তু প্রশ্ন হ'ল এজন্যে আমাদের কি দিতে হবে? ডাঃ রায় কাল পার্টিকুলারলি কিছু বলেন নি। আমরা নিউ ইয়র্ক, লন্ডন প্রভৃতির কোথায় কোথায় গ্যাস গ্রীড আছে ইত্যাদি শুনলাম। যাই হোক, এর অথরাইজড ক্যাপিট্যাল ৪০ লক্ষ, আমার কাছে ১৯৩৭ অবধি পিছনের ব্যালান্স শীট আছে তার পরে নেই

authorised capital 40 lakhs paid up capital 40 lakhs—dividend

দিয়েছে

1937—7,80,000, 1956—8 lakhs, 1955—4,75,000, 1954—5 lakhs, 1953—6 lakhs, 1952—4,16,000, 1951—3,80,000, 1950—4,30,000

এই আট বছরে অ্যাভারেজ যদি ৬ লক্ষ ধরে নি, ডিভিডেন্ড তা হ'লে আট বছরে ৬×৮=৪৮ লক্ষ টাকা তাঁরা পেয়েছেন—১০০ বছরের কোম্পানি ৮০ বছর ধরে ভাল ফাংশন করেছে।

আট বছরে ৪৮ লক্ষ টাকা নিয়ে নিয়েছে—অথরাইজড ক্যাপিটাল এবং ইস্যুড ক্যাপিট্যাল ৪০ লক্ষ। তা হলে এদের যা ক্যাপিট্যাল ইনভেস্টেড তার চেয়ে কত গুণ এরা নিয়ে নিয়েছে ভেবে দেখুন। এই ডিভিডেন্ডএর পরিমাণ যদি ৬ লক্ষ টাকা অ্যাভারেজ ধরি, তা হলে ৪০ লক্ষ টাকার উপর ৬ পারসেন্ট হলে কত পারসেন্ট হয়? ১৫ পারসেন্ট হয়। এই ডিভিডেন্ড কি আজকাল কোন কোম্পানি দেয়? ১৫ পারসেন্ট হিসাবে ডিভিডেন্ড দিচ্ছে এই কোম্পানি আট বছর ধরে। এই আট বছরে তার যা অথরাইজড ক্যাপিট্যাল তার চেয়ে বেশি নিয়ে গেছে। ডাঃ রায়কে জিজ্ঞাসা করছি টোকন কম্পেনসেশন এক টাকা দিয়ে কেন এই কোম্পানি এক্ষেত্রে নিয়ে নেওয়া হবে না? যতক্ষণ আমাদের কন্টিনিউয়েশনএ কর্পোরেশনের কথা আছে তা আমাদের দিতে হবে, কিন্তু এক টাকার বেশি কেন আমরা দিতে যাব? তারা যা ইনভেস্ট করেছে অলরেডি তার সেভারেল টাইমস বেশি নিয়ে নিয়েছে।

[4-10—4-20 p.m.]

এইট টাইমস অফ দি নেট ইনকাম, কিন্তু কত হবে তাঁরা তা ফিক্স আপ ক'রে দিচ্ছেন না। যেমন ক'রে স্টেটস অ্যাকুইজিশনএ দিয়েছিলেন—এত থেকে এত হ'লে এত টাকা, এত থেকে এত হ'লে এত টাইমস, একটা স্ল্যাব ক'রে দিয়েছিলেন, এখানে যেটা ডেলিবারেটলি অ্যাভয়েড ক'রে যাচ্ছেন। যদি বলা হ'ত, ২৫ লক্ষ টাকা হ'লে নেট ইনকামএর এত টাইমস ৭০ লক্ষ টাকা হ'লে এত টাইমস, তা হলে বুঝতাম, কিন্তু সেকথা বলা হয় নি। এখানে চুপ ক'রে গিয়েছেন। নেট ইনকাম সম্বন্ধে আমাদের কোন ধারণা নেই। একটা ট্রাইবুনালএর উপর ভার দেওয়া হয়েছে এবং ভার দেওয়ার সময় যে কথা বলা হয়েছে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেটা আপনার দৃষ্টিতে আনতে চাই। যেটা মাইল্ডলি বলতে গেলেও মিস্টিরিয়াস ব'লে মনে হয়। বলা হয়েছে—

"In this sub-section 'net income of the undertaking of the Company' means the difference between the amount of gross revenue receipts and other general receipts accountable in the assessment of Indian income-tax arising from, and ancillary or incidental to, the business of the Company and the amount of expenditure incurred on the following:—rents, receipts and taxes, interest on loans and security deposits, etc., etc.

এখানে একটা কথা আছে
'accountable in the assessment of Indian income-tax'
এটা হল একটা ফাঁদ, ডাঃ রায় সেটা জানেন
If we have got enough intelligence to understand or got your intelligence"
কিন্তু বুঝি এই ফাঁক দিয়ে আমাদের বহু টাকা বেরিয়ে যাবে। আমি ব্যালান্স সিট দেখিয়ে দুই-একটি কথা বলতে চাই। উনি জানেন এই যে ব্যালান্স সীট দেখানো হচ্ছে, এই যে খরচ ম্যানুফ্যাকচার অফ গ্যাস, ডিস্ট্রিবিউশন অফ গ্যাস, পাবলিক লাইটিং, ইত্যাদি, এই সমস্ত কামস আপ টু ৭০ লক্ষ ৫৭ হাজার টাকা ১৯৫৭ সালে এবং গ্রস রিসিট হচ্ছে ৮৪ লক্ষ টাকা। আজ যেটা নেট ইনকাম বলা হচ্ছে ১৩ লক্ষ ৮১ হাজার টাকা, কিন্তু গত ৫ বছরের ১৯৫৪—১৯৫৮ পর্যন্ত অ্যাভারেজ প্রফিট ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা। যদি ধরেও নেই ১৫ লক্ষ টাকা তা হলে তার এইট টাইমস ১৫×৮ হয় ১ কোটি ২০ লক্ষ টাকা। একটা কথা খুব রটে গিয়েছে যে, অ্যাসেটস এত বেশি—১ কোটি ৪০ লক্ষ টাকা, এটা আমরা যদি ১ কোটি ২০ লক্ষ টাকা দিয়ে কিনতে পারি তা হলে ২০ লক্ষ টাকা স্টেটএর বেঁচে যাবে। আমরা কত বড় কাজ করছি। এরকম কথা শুনছি অ্যাসেটস কিছু নাই। রিপোর্ট পড়লেই বোঝা যায় তবু দুই একটি কথা বলতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাই। অ্যাসেটস এর ভিতর ফিক্সড অ্যাসেটস ৬৯ লক্ষ টাকা। তার মধ্যে অ্যাডিশন সাবসিডিয়ারি কনসার্ন আছে এশিয়ান লিমিটেড এটসেট্রা এত ইনভেস্টমেন্ট আছে সাড়ে সাত লক্ষ টাকা। এটা বাদ যাবে, কারণ এটা কি অবস্থায় আছে, কোথায় আছে, ফেরত পাবার সম্ভাবনা আছে কিনা কিছুই জানা নাই। আর কারেন্ট অ্যাসেটস—কোল, কোক, টার অ্যান্ড সাপ্লিজ ইত্যাদি আছে। এই কয়লাগুলো গুঁড়ো হয়ে মাটির সঙ্গে মিশে গেছে কিনা তার কি ভ্যালু আছে, ওয়ান আউন্সও রিকভারএবল কিনা জানা নাই। সাপ্লিজ স্টোর্স যা আছে, কি অবস্থায় আছে এটা

কারণার ইউটিলাইজেবল কিনা জানি না। এটা বাদ যাচ্ছে। সান্ড্রি ডেটরস ১২ ল টাকা—সট এ ম্যাটার অফ জোক. এই ডেটসগুলি সিকিউরড ডেটস অর আনসিকিওর ডেটস কিছুই জানি না। এটা নিশ্চয়ই বাদ হওয়া উচিত। পেমেন্ট ইন অ্যাডভা এক কোটি টাকার উপর এটা পড়ে কিনা. এটা নিশ্চয়ই বাদ যাবে। এটা রিকভারেব কিনা সেটা ট্রাইব্যুনাল বিচার করবে। অ্যামাউন্ট অফ কম্পেনসেশন তাদের কাছে কত হ সেসব কথা বলা নেই। সুতরাং কি দেখতে পাচ্ছি অ্যাভারেজ নেট ইনকাম যা ধরা হয়ে সেটা গত ৫ বৎসরে ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা, তার মানে প্রায় ১৫ লক্ষ টাকা। ইট কাম টু ওয়ান স্কোর অ্যান্ড টোয়েন্টি ল্যাখস। কিন্তু এটাকে নেট ইনকাম বলা হয়েছে। তাঁরা যে বলছেন তাতে আইনের ভাষার কারচুপি যদি বাদ দিই, তা হলে দেখতে পাচ্ছি, ডেপুটি স্পীকা মহাশয়, প্রভিশন ফর ফিউচার ট্যাক্সেশনএ ১০ লক্ষ টাকা রাখা হয়েছে ১৯৫৭ সালে। তারপ ৮ লক্ষ টাকা, তারপর সাড়ে সাত লক্ষ টাকা ইত্যাদি। এই ১০ লক্ষ টাকা বাদ যাবে। ইনকা ট্যাক্স দিতে হয়, এই ট্যাক্স ঘরে আসে না। এটা কোম্পানিকে দিতে হবে কেন। সুতরাং ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা থেকে ১০ লক্ষ টাকা বাদ যাবে এবং তাতে অ্যাভারেজ ফাইভ ইয়াস নেট ইনকাম ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা, তার মানে প্রায় ১৫ লক্ষ টাকা, ইট কামস টু ওয়া স্কোর অ্যান্ড টোয়েন্টি ল্যাখস। কিন্তু এটাকে নেট ইনকাম বলা হয়েছে। তাঁরা যেটা বলছে তাতে আইনের ভাষার কারচুপি যদি বাদ দিই তা হ'লে দেখতে পাচ্ছি, ডেপুটি স্পীকার মহাশয় প্রভিশন ফর ফিউচার ট্যাক্সেশনএ ১০ লক্ষ টাকা রাখা হয়েছে ১৯৫৭ সালে, তারপর ৮ লক্ষ টাকা, তারপর সাড়ে সাত লক্ষ টাকা ইত্যাদি। এই ১০ লক্ষ টাকা বাদ যাবে। ইনকাম ট্যাক্স দিতে হয়, এই ট্যাক্স ঘরে আসে না। এটা কোম্পানিকে দিতে হবে কেন। সুতরাং ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা থেকে ১০ লক্ষ টাকা বাদ যাবে এবং তাতে অ্যাভারেজ ফাইভ ইয়ার্স নেট ইনকাম হবে ৪ লক্ষ ৭৮ হাজার, প্রায় ৫ লক্ষ টাকা এবং তার এইট টাইমস হ'ল ৪০ লক্ষ টাকা। এখানে ১০ লক্ষ টাকা ট্যাক্স বাদ দেওয়া হয় নি, সেইজন্য বলা হয়েছে intelligently—revenue receipts and other general receipts accounted in assessment of income tax.

কেন ইনকাম ট্যাক্স বাদ দেওয়া হয় নি। সুতরাং এদের যে টাকা দেওয়া হবে যেভাবে সে সম্বন্ধেও আমাদের আপত্তি আছে। আমরা একথা নিশ্চয়ই বলি যে, এটা নিয়ে নেওয়া উচিত যদিও অনেক দের়ি হয়েছে তবুও আজকে এটা নিয়ে নেওয়া উচিত। তবে যেসব কথা বলছেন সেগুলি কাজের কথা নয়। নূতন ক'রে পাইপ লাইন বসানোর জন্য কমিটি বলেছে pipe line corroded due to existence of infiltration and other corrosive causes.

নিঃশেষ হয়ে গিয়েছে, তার খরচ পড়বে এক কোটি টাকার উপর এবং অ্যাকোয়ার করার পর বহুরকমভাবে বহু টাকা খরচ করতে হবে। সুতরাং তাদের এক টাকার বেশি কম্পেনসেশন দেওয়া উচিত নয়। এবং তা যদি সম্ভব না হয় তা হলে ক্লজ ৩১এ অনুসারে তাদের ম্যানেজমেন্ট নিয়ে দেওয়া উচিত। কম্পেনসেশন এত টাকা দেওয়া উচিত নয় এবং এর উপর রিপেয়ার এর খরচ আছে তা হলে ইট কামস টু অ্যাবাউট টু ক্রোরস এবং এর পরেও আরও নানা রকম রিপেয়ার করতে আরও বহু লক্ষ টাকা খরচ হবে। এত টাকা আমাদের দেবার উপায় নেই। সেইজন্য আজকে এখানে যাঁরা বিজনেসম্যান আছেন যাঁরা বিজনেস বোঝেন, ডাঃ রায় হয়ত বোঝেন, কিন্তু এখানে কো রাপশন আছে ব'লে আমাদের সন্দেহ আছে এবং সেইজন্য যেখানে লক্ষ লক্ষ টাকা যখন আমাদের স্টেট বাজেট থেকে বেরিয়ে যাবে তখন বিজনেসম্যানদের নিয়ে একটা কমিটি ক'রে দিন। আমি আশা করব যে এখানে শ্রীআনন্দীলাল পোদ্দার আছেন, তিনি বিজনেস বোঝেন, তিনি এই কোম্পানী দেখ্যা সম্বন্ধে এবং বর্তমানে এই কোম্পানি কিভাবে চলছে, কিভাবে নিলে আমাদের পশ্চিমবঙ্গের ভাল হবে সে সম্বন্ধে আমাদের কিছু বলবেন এবং তা হলে আমরাও উপস্থিত হব।

[4-20—4-30 p.m.]

Sj. Chitto Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি রা[illegible] প্রস্তাব সরকারপক্ষ থেকে করা হয়েছে, সেটা আমাদের পক্ষে গ্রহণযোগ্য কিনা, সেটাই হচ্ছে প্রথম কথা।

আর দ্বিতীয় কথা, যদি গ্রহণযোগ্য হয় তা হলে সরকারপক্ষ থেকে যে পরিমাণ ক্ষতিপূরণ দেবার কথা বলা হয়েছে সেই পরিমাণ ক্ষতিপূরণ দেওয়া উচিত কিনা? গত কয়েকদিন ধরে যে কয়েকজন বক্তা বলেছেন তাঁদের বক্তৃতা থেকে এবং সর্বোপরি যে রিপোর্ট আমরা এখানে পেয়েছি সেটা বিশ্লেষণ ক'রে আমি যে সিদ্ধান্তে পেঁাছেছি তা আমি আপনাকে বলব। এই প্রসঙ্গে একটা কথা বলা দরকার যা আমি সার্কুলেশনএ উল্লেখ করি নি—তার কারণ আমরা ভেবেছিলাম পশ্চিমবঙ্গ-সরকার যদি কোম্পানিকে রাষ্ট্রায়ত্ত করতে চান তা হ'লে নিশ্চয়ই আমরা সমর্থন করব, কিন্তু অনেক পীড়াপীড়ির পর যে রিপোর্টটা আমাদের কাছে এল সেটা পড়ে বুঝতে পারলাম কেন এই কোম্পানিকে মুখ্যমন্ত্রী রাষ্ট্রায়ত্ত করতে চান। এর পিছনে একটা গূঢ় রহস্য রয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই কোম্পানি গ্রহণযোগ্য কিনা সেটা চারদিক থেকে বিচার করব। প্রথম, কমার্সিয়াল পয়েন্ট অফ ভিউ। দ্বিতীয় দৃষ্টিকোণ হচ্ছে, এত এসেন্সিয়াল যে প্রতিষ্ঠান তা রক্ষা করবার ব্যাপারে আমাদের করণীয় কি; তৃতীয় হচ্ছে, সোসিও-পলিটিক্যাল ইকনমিক পয়েন্ট অফ ভিউ। চতুর্থ হচ্ছে, ম্যানেজারিয়াল পয়েন্ট অফ ভিউ। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, বিশদ আলোচনা ক'রে একথা আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলতে পারি যে, এই যে রিপোর্ট তার পাতায় পাতায় উল্লেখ করা আছে, অত্যন্ত পরিষ্কারভাবে যে, এই কোম্পানি নেওয়া সরকারপক্ষের পক্ষে মোটেই লাভজনক নয়। এই কোম্পানির যা ডিল্যাপিডেটেড কন্ডিশন তাতে এই কোম্পানিকে গ্রহণ করা উচিত হবে না। যে এক্সপার্ট কমিটি নিয়োগ করা হয়েছে তাঁরা একথা বিবেচনা করেছিলেন যে, যেহেতু এটা একটা এমন জরুরি প্রতিষ্ঠান সেই কারণেই ৫-৬ বৎসরের জন্য সরকারের গ্রহণ করা উচিত এবং এটা আমরা ভেবেছিলাম। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করুন ৩নং পাতায় এক্সপার্ট কমিটি তিনটা পদ্ধতির উল্লেখ করেছিলেন—এটা অত্যন্ত জরুরি বিধায় এসেনসিয়াল পয়েন্ট অফ ভিউ থেকে তাঁরা তিনটা প্রস্তাব করেছিলেন—এটা প্রস্তাবে আছে,

"purchase of the undertaking from the existing Company by negotiation and vesting the same in a new Company to be formed under the aegis of the Government

আর একটা প্রস্তাব আছে

purchasing most of the shares and thereby obtaining the control over the management of the company".

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ আমি সর্বপ্রথম অভিনন্দন জানাচ্ছি সেই সমস্ত শ্রমিক কর্মচারীদের যারা বারংবার ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি প্রতিষ্ঠানটি যাতে সরকারের অধীনে আসে তার জন্য আবেদন নিবেদন করেছে, বার বার ডেপুটেশন নিয়ে এসেছে। অনেক দেরিতে এটা নেওয়া হচ্ছে তা সত্ত্বেও আজ দেখতে পাচ্ছি সেইজন্য বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে। সুতরাং যারা প্রথম থেকে চেষ্টা করেছিল তারা নিশ্চয়ই সম্বর্ধনা পাবার যোগ্য। যখন দুর্গাপুরে কাজ ওপেন্‌ড হয় সেখানে সরকার আমাদের নিমন্ত্রণ ক'রে নিয়ে গিয়েছিলেন এবং আমাদের হাতে ২-৩খানা প্যামফ্লেট দিয়েছিলেন তার কপি আমার কাছে আছে। সেই প্যামফ্লেটএর মধ্যে পরিষ্কার লেখা আছে যে, বর্তমানে দুর্গাপুর থেকে যদি ১৫ মিলিয়ন কিউবিক ফুট গ্যাস কলকাতায় এনে সাপ্লাই করতে পারি এবং অতি অল্প সময়ের মধ্যে তা করতে পারব—তা হলে আপাতত কাজ চলবে। সেজন্যে আমরা অপেক্ষা করেছিলাম কত তাড়াতাড়ি সেটা কলকাতায় আসে এবং তার জন্য যুগোশ্লাভ কোম্পানি টেন্ডার দিয়েছে এবং কাজেও তারা অগ্রসর হয়ে গেছে। কিন্তু ইতিমধ্যে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি নেবার কথা উঠল। তাকে নেবার কারণ, অন্যত্র—কারণ হচ্ছে (ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি অনেকদিন পর্যন্ত কলিকাতার অধিবাসীদের উপর এবং যারা এর গ্যাসের উপর নির্ভরশীল এই ইন্ডাস্ট্রি তাদের উপর অকথ্য অত্যাচার করেছে, অন্যায় ব্যবহার করেছে—বছরের পর বছর তাদের চীট করেছে আর সরকার নীরব দর্শক হয়েছিলেন কিছুই তখন করেন নি। সরকারের জানা উচিত ছিল এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির বর্তমান মালিক কারা, এই সূত্রে একটি কাগজ ডেপুটি স্পীকার মহাশয় আপনার সামনে উপস্থিত করছি—খুব সম্ভবত এটা আনন্দ-বাজার পত্রিকার একটা অংশ। কারণ তলায় লেখা আছে, সম্পাদক শ্রীচপলাকান্ত ভট্টাচার্য, ১নং বর্মণ স্ট্রীট, ইত্যাদি। এর মধ্যে বিজ্ঞাপন দেওয়া হয়েছে ক্যালকাটা গ্যাস কোম্পানি, প্রাইভেট লিমিটেড কিভাবে প্রতিষ্ঠিত হয়েছে। তাতে দেওয়া আছে যে, বর্তমানে এই কোম্পানির মূলধন পাঁচ কোটি টাকা এবং একে বর্তমানে সরকার কিনবেন এবং তাঁরা আশা করছেন যে, ভবিষ্যতে যদি সম্ভব হয় তা হলে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির অন্যান্য যেসমস্ত সম্পত্তি আছে, আসবাবপত্র আছে তা কিনবেন অর্থাৎ ক্যালকাটা গ্যাস কোম্পানি নোটিস দিয়ে বলতে চাইছেন যে, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি ব'লে যে আন্ডারটেকিং—হ্যাঁ, আন্ডারটেকিং কথাটা ব্যবহার করা হয়েছে—এটা তাঁরা নিচ্ছেন। অন্যান্য সম্পত্তি বোধ হয় ধরেন নি, এর মধ্যে ধরে নেওয়া হচ্ছে—ওই মেনএর কথা আছে। আর একটি লেখা আছে এই ক্যালকাটা গ্যাস কোম্পানি ১৭ পারসেন্ট শেয়ার কিনছেন আর তার সঙ্গে সঙ্গে কিছু জমি—১৮ বিঘা কিনছেন। আর বলা আছে, তিন বছর আগে থেকে কি এই কোম্পানি লাভ করছে—তার নিদর্শন দেওয়া আছে, সেটা অবশ্য পাউন্ডএ দেওয়া হয়েছে। এখানে আছে ৩০-৬-৪৪ যেখানে শেষ হয়েছে সেখানে ১ লক্ষ ১২ হাজার ৭০৯ পাউন্ড এই কোম্পানির লাভ হয়েছিল অর্থাৎ ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির। ১৯৪৫ সালের জুন মাসে সেটা শেষ হয়েছে তাতে কোম্পানির লাভ

হয়েছিল এক লক্ষ ২০ হাজার ৫৩০ পাউন্ড। ১৯৪৫ সালের জুন মাসে যে বৎসর শেষ হয় সেখানে কোম্পানির লাভ হয়েছিল ১২০,৫৮২ পাউন্ড এবং ১৯৪৬ সালে, যে সময় এটা কিনেছিল, তখন লাভ হয়েছিল ১৮,৭৩৫ পাউন্ড। এদিক থেকে দেখলে দেখা যাবে যে, কোম্পানির কোনদিনই লোকসান হয় নি এবং কোম্পানির লাভই হয়েছিল এবং এটাই ক্যালকাটা গ্যাস কোম্পানি কিনেছে। তারপর দেখা গেল কিভাবে ডিভিডেন্ড দেওয়া হয়েছে, তার অ্যাসিওরেন্স দেওয়া হয়েছে এবং এই বিজ্ঞাপনের কপি হয়ত সরকারের কাছেও আছে। এই কোম্পানি কেনার পর—মুখ্যমন্ত্রী মহাশয়কে বলতে চাই—সেখানে উৎপাদন বৃদ্ধি করার জন্য অনেক শেয়ার বাড়ান হয় এবং কিছু কিছু প্রফিট দেওয়া হয়। সেখানে অনেক কথা আছে। আমি জানি না ১৯৪৮ সালে যখন এই কোম্পানি গঠিত হ'ল তখন যেসমস্ত অ্যাসেট নিয়ে কোম্পানি শুরু করেছিল সেই সমস্ত অ্যাসেটএর যে ডকুমেন্ট তার কপি সরকারের কাছে আছে কিনা। এখানে জিজ্ঞাসা করি, এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি তাদের সঙ্গে বোম্বে গ্যাস কোম্পানির কোন সম্পর্ক ছিল কিনা। কারণ বম্বের এক অজ্ঞাতনামা ভদ্রলোক তিনি এই সমস্ত কিনেছিলেন কিনা এবং সেখান থেকেই এই ক্যালকাটা গ্যাস কোম্পানি কিনেছিলেন কিনা। আমি অনেক চেষ্টা করলাম কিন্তু পেলাম না ক্যালকাটা গ্যাস কোম্পানি, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি শেয়ারগুলি কিনেছে, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির আন্ডারটেকিং কিনেছে এমন কথা পরিষ্কারভাবে বলেন নি। অর্থাৎ সমস্ত সম্পত্তি কিনেছেন তা পরিষ্কারভাবে নেই। কাজেই এখানে সন্দেহ হচ্ছে, সেই অজ্ঞাতনামা ভদ্রলোক যিনি সব কিনলেন তিনি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির সমস্ত সম্পত্তি কিনেছেন কিনা। তারপর একটা কোম্পানি শুরু করলেন এবং কোম্পানি শুরু করার পর যেভাবে বিলিব্যবস্থা করতে হয় যেমনভাবে মুন্দ্রা কোম্পানি করেছিল সেইভাবে করেছে কিনা এবং বর্তমানে আমাদের সামনে যা হাজির করা হয়েছে তাতে দেখছি যে জিনিসগুলি ক্যালকাটা গ্যাস কোম্পানি, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির কাছে কিনেছিল তাই দেখানো হচ্ছে, তাই গুরুতর সন্দেহ থেকে যাচ্ছে এবং খবর নিয়ে এই জিনিসগুলি দেখা দরকার যে কোথায় কি আছে। আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দেবার সময় এই কথাগুলি বলবেন। যেমন ল্যান্ড প্রপার্টি যা ছিল তার মধ্যে একটা গার্ডেন হাউস ছিল, যেটা পরে জালান হাউস হয়েছে, এটা কার জানি না, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি কিনা জানবেন। কিন্তু ১৮নং বালিগঞ্জে এখনও সে বাড়ি রয়েছে। তারপর ৩৬ ডায়মন্ড হারবার রোডএ একটা বিরাট কোয়ার্টার আছে এবং তার সংলগ্ন বিরাট জমি আছে যেটা আলিপুর ডিস্ট্রিক্ট অফিস ব'লে পরিচিত ছিল এখন সেখানে বি মুরারকা থাকেন। তারপর ১৮৪ লোয়ার সার্কুলার রোডএর জমিটা কার? এটা কি প্রপার্টির মধ্যে ধরা হয়েছে? তাপর হাওড়া ওয়াকর্স সেটা ১০ লক্ষ টাকায় বিক্রয় করা হয়েছে এবং তার সংলগ্ন যেসমস্ত জমি আছে, যেখানে স্টাফ কোয়ার্টার ছিল, সেসমস্ত জমি কার। তারপর কাঁচড়াপাড়ায় যেসমস্ত জমি আছে তা বিক্রি করার চেষ্টা হচ্ছে। সেখানকার জমি ও বাড়ির মালিক হচ্ছে শ্রীযুক্তা মাধুরী জালান। এটা ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির কাছ থেকে ক্যালকাটা গ্যাস কোম্পানি কিনেছে কিনা। অর্থাৎ সেই সব জায়গা পরে বিক্রয় করেছে কিনা তা বুঝতে পারছি না।

[6-5—6-15 p.m.]

তারপর ১৪ ক্যানাল ওয়েস্ট রোড এই জমিটা কার? ১০০ টাকা ভাড়া দেয়। এই জমিটা কি ক্যালকাটা কর্পোরেশনএর? আমি জানতে চাই এই জমিটা কার এবং কাকে ভাড়া দেয়? তারপরে ১৮ নম্বর বালিগঞ্জ প্লেস এই জমিটাই বা কার? তারপর ৩৬ ডায়মন্ড হারবার রোড এটা একটা বিরাট বাড়ি। এখানে দুটো অ্যাড্রেস আছে, এটা কার বাড়ি? ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি, না ক্যালকাটা গ্যাস কোম্পানি? তারপর ১১ গড়পার লেন, এখানে একটা গুদাম আছে। ব্যানার্জি কোম্পানিকে ভাড়া দিয়েছে। এই গুদামটাই বা কার? তারপর ১/১ কাটাপুকুর লেন—এটার খোঁজ পেলাম না। টেলিফোন গাইডএ এই ঠিকানাটা পেলাম। এই জমিটাই বা কার? শ্রীমতী মাধুরী জালানের নাম দেখলাম। এটা কি ওরিয়েন্টাল গাস কোম্পানির না ক্যালকাটা গ্যাস কোম্পানির। এটা কাকে ভাড়া দেয় জানি না।

[At this stage the blue light was lit]

আমি স্যার জানতে চাই যে, এই যে কোম্পানি সরকার নিতে যাচ্ছেন সেসব সম্পত্তি কোথায় কোথায় আছে, কার নামে আছে ইত্যাদি না জেনে সরকার কিভাবে নেবেন? যে সম্পত্তি কিনতে যাচ্ছেন তার ইতিহাস জানা দরকার। এই সমস্ত না জেনে কি করে কিনবেন। এই কোম্পানির অ্যাসেটস অ্যান্ড লায়েবিলিটিজ না জেনে কি ক'রে সরকার কিনতে যাচ্ছেন আমি বুঝতে পারি না। আমি যা লিস্ট দিচ্ছি এতে সরকারেরই সুবিধা হবে। কারণ এর মধ্যে অনেক ব্যাপার আছে। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির ৯৭ পারসেন্ট কিনলেন ক্যালকাটা গ্যাস কোম্পানি আমার প্রশ্ন হচ্ছে সেই সঙ্গে কি জমিগুলিও নিলেন না। কিন্তু আমরা জানি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি কিছু জমি দিলেন এবং আর কিছু জমি দিলেন না। এই সমস্ত ইতিহাস আমাদের জানা দরকার।

[A voice from Government benches:

আমরা কিছুই বুঝতে পারছি না।

আপনারা যদি বুঝতে না পারেন তা হলে আমি লিস্টটা আবার পড়ে দিচ্ছি। ৩৬ ডায়মন্ড হারবার রোড যেখানে কোয়ার্টার্স হয়েছে। একজন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি থাকে এটা কার? ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির না ক্যালকাটা গ্যাস কোম্পানির। কাকে ভাড়া দেয়? তারপর যেখানে স্টাফ কোয়ার্টার্স আছে। তার পর ৮০/১১ গ্রে স্ট্রীট এবং নারিকেলডাঙ্গায় যে জমি এবং কাদাপাড়াতে জমি আছে সেগুলি কার এবং কাকে ভাড়া দেয়? তারপর ১৪, ক্যানাল ওয়েস্ট রোড, এটা আমার যতদূর জানা আছে এটা ক্যালকাটা কর্পোরেশনএর জমি। ১ টাকায় লীজ দেওয়া আছে। তারপর বেহালায় যে জমি আছে সেটা কার? তারপর ১/১ কাঁটাপুকুর লেন এই প্রপার্টি কার? আমার কথা হচ্ছে, যখন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি শেয়ার ট্রান্সফার ক'রে দিলেন ক্যালকাটা গ্যাস কোম্পানিকে তখন বাড়ি জমি সবই কি সুরযমল নাগরমল ক্যালকাটা গ্যাস কোম্পানিকে দিয়েছিলেন না কিছু জমি বাড়ি নিজের জন্য রেখে দিয়েছিলেন। এটাই আমার জিজ্ঞাস্য।

তারপর কন্ডিশন অফ প্ল্যান্ট যা আছে আমাদের মত লেম্যানও বুঝতে পারে যে কি অবস্থা। কারণ, এটা কেনবার পর তারা শুধু কিভাবে লাভ বেশি হবে তাই কেবল দেখেছে এর কোন-রকম উন্নতি কিছু করে নি। কোন ডেভেলপ কিছু করে নি। তারপর কতকগুলি সাবসি-ডিয়ারি কোম্পানি আছে তার কে মালিক তা খুঁজে পাওয়া যায় না। যেমন এশিয়ান লিমিটেড কোম্পানি কোক নিয়ে কারবার করে। হাজরা রোডে আছে। এইসব সাবসিডিয়ারি কোম্পানিতে ইনভেস্টমেন্ট করেছে তা ঠিক পাওয়া যায় না। এটা কি সরকারের হাতে আসবে? না, কে এর মালিক এসব সরকারের জানা উচিত।

[6-15—6-25 p.m.]

অর্থাৎ ২ টাকা ৫ নয়া পয়সা রিটেল যাঁরা সাপ্লায়ার—হোলসেলার নন—তাঁদের কাছ থেকে নেওয়া হয়। এটা কার্টেজ ব'লে চার্জ করা হয়। এটা আসলে কার্টেজ নয়, কিন্তু কার্টেজ ব'লে কোম্পানির খাতায় লেখা থাকে। এইভাবে কোক মারফত যেসমস্ত বিক্রি হ'ল বা কোক আউটপুট থেকে যেসমস্ত বিক্রি হ'ল এবং তা মারফত যে লাভ হল এবং সেই লাভ যে করল সে ইন কোক সাপ্লাই হোক বা নিউ কোক সাপ্লাই হোক বা আর কেউই হোক সেই টাকাটা কোথায় গেল? এইসব কি এই কোম্পানির খাতায় জমা থাকে? কোলটার সম্বন্ধে খবর পাওয়া গেল যে, ইন্ডিয়ন্‌কোলটার ব'লে একটা কোম্পানি আছে। এটা কে? এটা যদি সরাসরি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি হয় তা হলে আমার আপত্তি নেই। কিংবা মনোহরদাস চকে, হ্যারিসন রোড, যে একটা কোম্পানি আছে সেটা কি এই কোম্পানি নয়? স্যার, আপনি জানেন যে, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি অনেক বাই প্রোডাক্ট করবার চেষ্টা করে। ঐ সমস্ত প্রোডাক্টের অবস্থা আজকের মত ছিল না। এই গ্যাস কোম্পানিতে আগে বাই প্রোডাক্ট হিসাবে নেপথোলিন, অ্যাসফালটাম ইত্যাদি হ'ত। কিন্তু এখন আর কিছু হয় না—টার, কোন থেকে আর কিছু হচ্ছে না। সেখানে অ্যাসের সংখ্যাও কম। এই গ্যাসের জন্য কয়লা যেখানে রোজ আড়াই টন ক'রে পোড়ে, সেখানে অ্যাস নিশ্চয় কম নয়। ঐ অ্যাস যে বিক্রি হয় সেটা কি জমা হয়? এখানকার ব্যবসার নিয়মটা পুরানো নিয়মে চলছে। সেই নিয়ম অনুসারে যত রকম উপায়ে

সম্ভব এই ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির প্ল্যান্ট, মেসিন যা কিছু আছে সব কিছু তারা শুষে নিয়েছে। কিন্তু তাঁদের রিপোর্টের মধ্যে যন্ত্রের অবস্থা সম্পর্কে কিছু নেই। তারপর পারচেজ সম্বন্ধে কিছু বলব। এটা আরও খারাপ। এই পারচেজ সম্বন্ধে রিপোর্টে বলছে যে, আগে যে টাইপের কয়লা কেনা হত, সেইরকম কয়লা এখন নেওয়া হয় না। এই কয়লার কোন ভ্যালু আছে কিনা সন্দেহ। এইজন্য রিপোর্টে বলছে যে, এটা ডেঞ্জারাস। এই কোল সম্বন্ধে আমি লন্ডন, ব্রিস্টল ইত্যাদির কথা বলতে চাই না। কিন্তু এখানে যে টাইপের কোল ব্যবহার করা হয় সেই কোল সবচেয়ে খারাপ। সেখানকার ওয়ার্কাররাও এই কোল সম্বন্ধে অভিযোগ করেছে। মুখ্যমন্ত্রী যদি এনকোয়ারি করেন, তা হলে দেখবেন যে, সেখানে যে কয়লা একবার পোড়ানো হয়েছে সেই কয়লার সঙ্গে নূতন কয়লা মিশিয়ে দিয়ে কাজ হচ্ছে। এতে কি প্ল্যান্টের পদার্থ থাকে? এর জন্য সেখানে বেশ গ্যাস হচ্ছে না, ঠিকমত হিটিং হচ্ছে না এবং প্ল্যান্টও খারাপ হয়ে যাচ্ছে। এই যে কয়লা কেনা হচ্ছে, এই কয়লা কিন্তু সরাসরি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি কিনছে না। এটা করমচাঁদ কোম্পানির কাছ থেকেও নেওয়া হচ্ছে না। এখানে করমচাঁদ থাপার যদি না হয় বা ক্যালকাটা কোম্পানি যদি না হয়, বা ক্যালকাটা কোক কোম্পানি যদি না হয় তা হলে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি কার থেকে এই কয়লা নিচ্ছে? এই হল কোম্পানির ভেতরকার ব্যাপার। গ্যাসের দাম সম্বন্ধে উনি খুব অ্যাসিওরেন্স দিয়েছেন যে, দাম সস্তা হয়ে যাবে এবং ৩ টাকা দাম সস্তা কিনা জানি না। কিন্তু এই ক' বছরের মধ্যে গ্যাসের দাম যেভাবে বেড়েছে তাতে তারা নিশ্চয় অত্যধিক করেছে। তাঁদের যেখানে ভাল মেটিরিয়াল, কয়লা দিয়ে কাজ করা উচিত ছিল, কেয়ারফুল মেনটেনেন্স করা উচিত ছিল সেখানে সেসব তাঁরা যা ক'রে গ্যাসের দাম বাড়ালেন। কিন্তু সব জায়গা থেকে কনজিউমাররা বলছে যে, গ্যাসের কোয়ালিটি অত্যন্ত খারাপ, তার কোন ফরম্যাল ভ্যালু নেই, লাইট জ্বলে না ইত্যাদি। প্রোডিউসার গ্যাস সম্বন্ধে ও'রা বলেছেন ইননার গ্যাস হতে পারে না, প্রেসার ঠিক থাকলে। অথচ আমরা দেখছি যে, আলো জ্বলে না, রান্নার কোন উপায় নেই। মিন্ট একটা গভর্নমেন্ট অর্গ্যানিজেশন, সেখান থেকেও কমপ্লেন হয়েছে এই কোম্পানির বিরুদ্ধে এবং কোম্পানিকে বাধ্য করায় আলিপুর থেকে পাইপ নিয়ে যেতে যাদবপুর ইউনিভার্সিটি থেকে কমপ্লেন হয় যে, গ্যাস তাদের কোনরকম কাজে লাগছে না এবং তাদের জন্য আলাদা পাইপ লে করতে হয়। কিরণ বালব তারাও কমপ্লেন করে এবং তাদের জন্য লাইন তৈরি করতে বাধ্য হয়। কিন্তু এর জন্য টাকা কে দিয়েছেন জানি না—অর্থাৎ ঐসব কোম্পানি টাকা দিয়েছে না ইউনিভার্সিটি দিয়েছে, না মিন্ট দিয়েছে ইত্যাদি কিছুই জানি না। আলিপুরে যেসমস্ত সাহেবরা গেছেন তাঁরা তাঁদের বাড়িতে রান্নার জন্য গ্যাসের কানেকশন চাইছেন এবং এজন্য তাঁরা বর্তমান মালিককে অ্যাডভাইস করেছেন। এদের এই টাকাগুলো কোন্ অ্যাকাউন্টে রাখা হয়েছে? তারা সবাই একসঙ্গে মিলে টাকা জমা দেয়। তাদের বলা হয় যে, টাকা জমা দিলে পাইপ করা হবে। কিন্তু বর্তমানে যে গ্যাস হয় তাতে বোধহয় তাঁরা রান্না করতে পারবেন না। তাঁদের অ্যাসেট সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় অনেক কথা বলেছেন। এ'দের এক্সপার্ট কমিটির যে ইনটারিম রিপোর্ট তাতে তাঁরা স্বীকার করেছেন ৪ ইঞ্চিটা ১ ইঞ্চি হয়েছে। এখানে সব ময়লা জমছে এবং এর কোন পদার্থ নেই। আমি ২-১টা জায়গা ক্লিন করেছিলাম, কিন্তু আমাদের পরিশ্রম, মিস্ত্রিদের পরিশ্রমণ সার হ'ল, কিছুই সাফ হ'ল না এবং গ্যাস সেখান থেকে বেরুল না। সেখান থেকে কাস্ট আয়রন ছাড়া অন্য কিছু ডিস্ট্রিবিউশন হচ্ছে না। প্রাইভেট কানেকশন বা মিটার কানেকশন পর্যন্ত যে পাইপ......।

Mr. Deputy Speaker:

আপনার পার্টির হুইপ যে টাইম দিয়েছিলেন সে সময় শেষ হয়েছে। আপনারা যদি এতক্ষণ ধরে বলবেন ঠিক করেন তাহলে সেটা হুইপকে ব'লে ঠিক করলেই তো হয়।

Sj. Dhirendra Nath Dhar:

আমি আর অল্প সময়ের মধ্যেই শেষ ক'রে দেব। প্রশ্ন হচ্ছে যে, আমরা যে প্ল্যান্ট নেব সেই প্ল্যান্ট কি দেখে নেব না? দুর্গাপুর থেকে আসছে এই অ্যাসিওরেন্স আমরা পেয়েছি এবং তার জন্য আমরা ওয়েট করব। কিন্তু এই প্ল্যান্ট নিয়ে কোন কাজ হবে না। এই প্ল্যান্ট নিয়ে কাজ করলে কমপ্লেনের পর কমপ্লেন হবে। ডিস্ট্রিবিউশনের জন্য হোল্ডার, বুস্টিং

স্টেশন, ডিস্ট্রিবিউশন পাইপ ইত্যাদির উপর তিনি খুব গুরুত্ব দিয়েছেন। কিন্তু এই তিনটার বারোটা বেজে গেছে। একজন বক্তা বলেছেন যে, এদের জেলে দেওয়া উচিত, আমি বলব যে, নিশ্চয় দেওয়া উচিত ছিল। একজন মাননীয় সদস্য বলেছেন যে, এদের এক টাকা কম্পেনসেশন দেওয়া উচিত, কিন্তু আমি বলব যে, এদের ৫ আনা ১৫ নয়া পয়সায় দেওয়া উচিত এবং তা হলে আনকনস্টিটিউশনাল হবে না। এই গ্যাস কোম্পানি যখন ট্রান্সফারের কথা উঠে তার আগে থেকেই ইংরাজেরা বহু জিনিস বিক্রি ক'রে চলে গেছে। স্বাধীনতা আন্দোলনে যারা কোন অংশ গ্রহণ করে নি সেই একটা বিশেষ গোষ্ঠী তারা সেইসব কোম্পানি গ্রহণ করে এবং তারা সকলের স্কন্ধে চড়ে গাছের তলা থেকে মই কেড়ে নেন। তাঁরা যথেষ্ট লাভ করেছেন, তার হিসাব অন্যান্য বন্ধুরা দিয়েছেন, আমি তার হিসাব দিতে চাই না। নানা ক্ষেত্রে উঠতে বসতে, কিনতে বেচতে বহুরকমে লাভ করেছেন, এ থেকে নেবার আর কিছু নেই, এই প্ল্যান্টএর আর কোন পদার্থ নেই, একমাত্র জিনিস আছে শুধু কলকাতায় ডিস্ট্রিবিউট করার রাইট, জানি না এটা কনস্টিটিউশনাল কিনা। ডাঃ রায় যেন আইনজ্ঞদের সঙ্গে মিলে পরামর্শ ক'রে কি ক'রে এই কোম্পানিটাকে গ্রহণ ক'রে দেশের জনসাধারণের স্বার্থে নিয়োজিত করা যায়, ল্যাবরেটরি, স্কুল, হসপিট্যাল সকলের মঙ্গলার্থে কি ক'রে এটাকে গ্রহণ করা যায় তার ব্যবস্থা করেন।

[6-25—6-35 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের প্রথম পর্যায়ে যথেষ্ট আলোচনা হয়েছে। আমি বেশি সময় নেব না, দু'-একটা কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করব। প্রথম কথা হচ্ছে, যদি কোন প্রতিষ্ঠানকে জাতীয়করণ করা হয় তা হলে নিশ্চয়ই তাকে আমরা আন্তরিকভাবে সমর্থন করব, কিন্তু জাতীয়করণ করার নামে যদি শুধু সামান্য কিছু, যাকে বলে এক মুঠো ধুলো, নিয়ে আসা হয় তা হলে তাতে কিছু লাভ হয় না। সেইজন্য সেইদিকটা দৃষ্টি দিতে হবে। বাংলাদেশে ন্যাশানালাইজ করবার অনেক প্রতিষ্ঠান ছিল অথচ সেগুলিকে কেন করা হ'ল না তা আমি বুঝতে পারি না। ট্রামওয়ে কোম্পানি, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন প্রভৃতি যেসমস্ত প্রতিষ্ঠান আমাদের দেশকে শোষণ করছে এবং প্রচুর মুনাফা লুঠছে, কেন জনস্বার্থে সেগুলিকে জাতীয়করণ করা হয় নি? আজকে যখন জাতীয়করণের প্রশ্ন উঠেছে এবং সেইরকম মনোভাব যখন মানুষের তৈরি হয়েছে তখন তার সুযোগ নিয়ে মানুষ যা চায় তা না ক'রে মানুষ যা চায় না সেটা ক'রে অত্যন্ত অনিয়ম করা হচ্ছে এবং অপরাধপ্রবণ মনের পরিচয় দেওয়া হচ্ছে। আমি সেইজন্য এইদিক থেকে ডাঃ রায়ের কাছে আবেদন করব যে, আপনি ভাবুন, ভেবেচিন্তে ঠিক করুন, তাড়াহুড়া ক'রে, যে জিনিসের আপনারা খোঁজ রাখেন না এবং আপনার ডিপার্টমেন্ট জানে না—এএই জিনিসটাকে নেবেন না। মাননীয় সদস্য ধীরেন ধর মহাশয় একটু আগে দেখালেন যে, প্রচুর কারচুপি এবং জুয়াচুরি করা আছে। কেন এই জুয়াচুরির পাল্লায় পড়ে আপনি এইরকম একটা বিল এনে দেশের সর্বনাশ করবেন আমি বুঝতে পারি না। সেইজন্য আবেদন করছি আপনি আর একটু ভাবুন, ভেবে ব্যবস্থা করুন।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে কাগজটা দেওয়া হয়েছে যাকে বলা হচ্ছে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি (অ্যাকুইজিশন) বিল, এটাকে ঠিক আইন বলা যায় না, এটা আইনের নামে একটা গ্যাঁড়াকল। অবশ্য গ্যাঁড়াকলের একটা অংশ আমরা এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি, আর বাকি অংশটুকু অর্থাৎ ভাগাভাগির ব্যাপারটা অন্তরালে থেকে যাচ্ছে, সেটা ঠিক বোঝা যাচ্ছে না। তবে এটুকু বুঝতে পারছি যে, ঐ শ্রীসুকুমারকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য আইনটা আনা হচ্ছে। প্রথমে বৈধতার প্রশ্ন আসে—ডাঃ রায়ের ভ্রাতুষ্পুত্র যখন এই কোম্পানিতে ইন্টারেস্টেড তখন তিনি এই বিলটা পাইলট করতে পারেন কিনা এবং করা উচিত কিনা—কেননা এই বিলটা আমাদের মতে একটা
huge fraud—fraud on the people, fraud on the Legislature and fraud on the public exchequer.

প্রথম জিনিস হচ্ছে, কি নেওয়া হচ্ছে। তাঁরা নিজেরাই স্বীকার করেছেন যে, অচল মাল নেওয়া

হচ্ছে। তাদের কমিটি রিপোর্ট করছেন যে, এর যা কিছু মালমশলা, ডিস্ট্রিবিউশন সিস্টেম আছে, সবই

"in a very bad state of disrepair".

সেই কারণে

"recommend that the work should be taken up"

কেন নেওয়া হচ্ছে তার কারণ দর্শাচ্ছেন, এই মাল একেবারে অচল মাল, সেইজন্য আমাদের সরকারকে তাকে রাষ্ট্রীয়করণ করতে হবে। অচল মাল আমরা কেন নেব? এই বিলের স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসএ সরকার স্বীকার করেছেন যে, মালটা সম্পূর্ণ অচল; এই বিলটা আগাগোড়া পড়লে দেখা যায় যে, চতুর্দিকে ফাঁক। কি নিচ্ছেন আমরা জানি না—নিচ্ছেন একটা আন্ডারটেকিং—তার আবার একটা গণ্ডী টেনে দিয়েছেন। তার যা কিছু সম্পত্তি থাকবে

on the date of the commencement of the Act

মাত্র তাই পাওয়া যাবে তর্কবিতর্কের পর এই বিল পাশ হবে, তারপরে অ্যাসেন্ট দেবেন গভর্নর, তারপরে কমেন্সমেন্ট হবে—তখন তার যা কিছু সম্পত্তি থাকবে সেগুলি আমরা পাব। তার আগে যদি সমস্ত সম্পত্তি সরিয়ে নিয়ে যায় তা হলে আমরা কিছুই পাব না। এটা একটা ভয়ঙ্কর বিশ্রী ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। এখানে দেখছেন

undertaking of the company

মানে

the properties of the company, movable and immovable machinery, lands, etc. actually in use immediately before the commencement of this Act in connection with the production of Gas or supply thereof in Calcutta.

সুতরাং এই আইনে তাদের বলে দেওয়া হচ্ছে যে, কমেন্সমেন্টের পূর্বে তোমরা জমি বেচে দিতে পার, যদি কিছু মালমশলা থাকে তা সরিয়ে দিতে পার—এই আইনের দ্বারা তোমাদের কিছু করা যেতে পারে না। তারপর খরচের তালিকা বন্ধুরা অনেকে দিয়ে গেছেন, আমি জানি না, এটা কলিকাতায় করা হয়েছে কিনা। বলা হচ্ছে, দেড় হাজার এমপ্লয়িজ আছে, কিন্তু তাদের মতে ৭৫০ জন আছে। সুতরাং কি রকম রিপ্রেজেন্টেশন হচ্ছে দেখুন—এই যদি হয় তা হলে তাদের সততার উপর কি ক'রে ডাঃ রায় বিশ্বাস ক'রে আজকে ব্ল্যাঙ্ক চেক দিয়ে দিচ্ছেন? কথা হচ্ছে এইসমস্ত এমপ্লয়ীদের গ্র্যাচুয়িটিজ রয়েছে, তাদের কত টাকা দিতে হবে—তাদের টাকা এ'রা দেবেন, সব লায়েবিলিটিজ নিয়েছেন কিন্তু সেই টাকার পরিমাণ কত হবে তা আমরা বুঝতে পারছি না এই বিল থেকে। তারপর গোড়ায় অদ্ভুত কথা বলছেন

I shall vest in the Government free from all encumbrances.

এনকামব্রেন্স মানে কি? এর কোন অর্থ বা এক্সপ্লানেশন বা কোন ডেফিনিশন কিছু এখানে দেন নি, কিন্তু দেখছি যেসমস্ত এক্জিস্টিং কনট্রাক্টস, সেই কনট্রাক্টএ কি আছে না আছে তা আমরা জানি না—সেটা এনফোর্সেবল এগেনস্ট দি গভর্নমেন্ট। তারপরে আরও ভয়ঙ্কর কথা রয়েছে, সেটা হচ্ছে ক্লজ ৪এতে

subject to the provisions of clause (3) any proceeding pending or any cause of action existing.

একটা কজ অব অ্যাকশনের লিমিটেশন ৩ বছর হ'তে পারে, ৬ বছর হ'তে পারে। কোথায় কি সব কজ অব অ্যাকশন আছে এগেনস্ট দিস কনসার্ন সেই সমস্ত কজ অব অ্যাকশনে তারা মামলা ক'রে টাকা আদায় করতে পারবে সরকারের কাছ থেকে। আমরা তো শুনেছি তাঁরা ৬-৭ লক্ষ টাকা কয়লার দাম দেয় নি। কোন কনট্রাক্ট দিয়ে কোন ডিসপুট হয়েছে,

"hundred of thousands of causes of action against this company

ওরা বলে দিয়েছেন কিনা

existing causes of action in relation to the undertaking of the Company may be continued or enforced by or against the State of West Bengal and

shall cease to be continued or enforced by or against the Company, its agents, surety or guarantors".

গ্যারান্টর পর্যন্ত ছেড়ে দিলেন। যেখানে যা দেনা আছে, যদি দেখিয়ে দেয়

ascuming they create cause of action

এবং কজ অব অ্যাকশনে যদি খুব মোটা পরিমাণ টাকা হয় তা আমাদের স্টেটকে দিতে হবে —এ কি পৈত্রিক সম্পত্তি দিচ্ছেন ডাঃ বিধানচন্দ্র রায়? তারপরে দেখুন এই আইনটা কার্যকরী হ'তে পারে না, এর প্রতি স্টেজে ডিফেক্ট রয়ে গেছে। এত তাড়াতাড়ি করছেন কেন—হাতছাড়া হয়ে যাবে? শ্রীমান প্রতিষ্ঠিত হবে না? একটু দেরি করলে ক্ষতি কি—এটাকে যদি সার্কুলেশনে দেওয়া যায় তা হলে

hundreds of information about the mismanagement, about the contracts, about the claims.

আপনাদের কাছে আসবে এবং এটা হচ্ছে

only fittest case of circulation of a Bill.

যেখানে আপনারা আউটস্ট্যান্ডিং ক্লেমস, এক্জিকিউটিং কজ অব অ্যাকশন, এক্জিস্টিং কনট্রাক্টস সমস্ত কিছুই মেনে নিচ্ছেন। এই সমস্ত জিনিস সম্বন্ধে এনকোয়ারি কিছুই করেন নি, আমাদের সামনে কিছুই রাখেন নি। আজ যদি এই বিলটা সার্কুলেশনে দেওয়া হয় তা হলে তাঁরা বলবেন এত পাওনা, এত কজ অব অ্যাকশন রয়েছে এগুলি তো জানা যাবে।

[6-35—6-45 p.m.]

আপনি এত তাড়াতাড়ি করছেন কেন এই কোম্পানিকে নেবার জন্য? পুরানো মালকে সারাতে অনেক সময় লাগবে। তা ছাড়া গ্যাসই বা কোথায়? আর গ্যাস যদি এসে যায়, তা হলে সেই গ্যাস দেবেন কাকে? এটা কি গঙ্গাজলে দেবেন? সেই গ্যাসকে কনজিউম করবার মত অবস্থা কি তৈরি হয়েছে? কলকাতায় গ্যাস কনজাম্পশন তো ক'মে গিয়েছে। ক্যালকাটা কর্পোরেশনের যে গ্যাস-বাতি জ্বলত, তাও তো কমে গিয়েছে। সব লোক এখন ইলেকট্রিক বাতি চাচ্ছে। আজ কয়টা বাড়িতে গ্যাস ব্যবহার করে। আগে দেখা গিয়েছে, বাড়িতে বাড়িতে গ্যাসের উনুন জ্বলত, এখন সেখানে ইলেকট্রিকের উনুন হয়েছে। সুতরাং আগে গ্যাস কনজাম্পশনের ব্যবস্থা করুন, গ্যাস আসুক, তারপর বিবেচনা করবেন এই কোম্পানিকে নেবেন কিনা। তা ছাড়া আমাদের নূতন পাইপ বসাতে কত টাকা খরচ হবে, কত সময় লাগবে সে সম্বন্ধে এক্সপার্টদের কাছ থেকে কেন জানছেন না? এই সমস্ত বিষয়ের রিপোর্ট কেন আনলেন না? দু বছরে বড় বড় ফ্যাক্টরি তৈরি করা যায়। যখন ভারতের প্রধানমন্ত্রী বলছেন আমাদের এখানে বড় বড় ফ্যাক্টরি তৈরি করতে হবে, আমাদের এখানে হেভি ইন্ডাস্ট্রিজ তৈরি হবে, আর্মস অ্যান্ড অ্যামিনিউশন তৈরি হবে, তাড়াতাড়ি সব জিনিস তৈরি হবে, তখন আপনাদের এত চিন্তা করবার কি কারণ আছে? সুতরাং আপনারাও কাজ এক্ষণি নূতন ক'রে শুরু করতে পারেন। এই পুরানো কোম্পানিটা তাড়াতাড়ি নেবার কি প্রয়োজন আছে? [এ ভয়েসঃ সুরজমল নাগরমলের জন্য।] সুরজমল নাগরমলের সঙ্গে ডাঃ রায়ের কি যোগাযোগ আছে তা আমরা সকলেই জানি। অনেকদিন থেকে তিনি গ্যাস কোম্পানিতে নিজে ছিলেন, এখন তাঁর ভাইপোকে খাড়া ক'রে দিয়েছেন। এই জিনিস যদি এখানে সাপোর্ট করা হয় তা হলে খুব অন্যায় হবে। সেইজন্য আমি আবার বলছি বিলটাকে সার্কুলেশনএ দিন। এই বিলকে যদি-জোর ক'রে পাশ করান তা হলে অন্যায় হবে। আমি জানি এর মধ্যে অনেক ব্যাপার রয়েছে, শেয়ারহোল্ডারদের বিশেষ ইন্টারেস্ট রয়েছে। উনি তা স্বীকার করবেন না। উনি তো সব সময় মিথ্যা কথা ব'লে, হেসে উড়িয়ে দেন। আপনাদের হাতে ওয়েটেজ রয়েছে। মেজরিটি মেম্বার আপনাদের হাতে, তার জোরে বিল্ পাশ করিয়ে নিতে পারেন, সেটা কি ঠিক হবে? অন্তরের সঙ্গে বলুন, এই কাজটা কি ঠিক হচ্ছে? উনি যা করতে যাচ্ছেন তাতে আমার মনে হয়, তিনি ডেফিনাইটলি অন্যায় করছেন।

When he has a personal interest he should not pilot this Bill, he should not say a single word about this Bill, because he is somehow or other interested in this concern.

ও'র কিছুই বলা উচিত নয়, ও'র নির্বাক থাকা উচিত। আমি এই ব'লে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আবার অনুরোধ করব—তিনি একটা ভীষণ অন্যায় কাজ করতে যাচ্ছেন, তিনি একটা গহ্বরে পা দিচ্ছেন; নিজের ও তাঁর পার্টির স্বার্থে এইভাবে দেশের স্বার্থ ক্ষুণ্ণ করা ঠিক হবে না; এবং তিনি যেন এই বিলটাকে সার্কুলেশনের জন্য পাঠিয়ে দেন।

Sj. Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমরা খুব অস্বস্থি বোধ করছি এই বিলটা আসাতে। এটাকে ন্যাশনালাইজেশন কিম্বা সোসালিয়াজেশন বলে আমরা মনে করি না। আমরা অস্বস্থি বোধ কেন করছি, সেই পয়েন্টার উপর আপনার কাছে বলবো। এ ছাড়া আমি আর অন্য কোন ফ্যাক্টস অ্যান্ড ফিগারএ যাবো না। আমরা মনে করি ইট ইজ কম্পালসন অফ কনসপিরেসি। এই কম্পালসন অফ কনসপিরেসির কিভাবে বাংলা করতে হবে তা বুঝতে পারছি না। সেই কনসপিরেসি যা হচ্ছে, সেটা আজকের কনসপিরেসি নয়। কোম্পানীকে ৮০ লক্ষ টাকা দেওয়া হবে, সেটা শুধু কনসপিরেসি নয়, এটা হল কনসপিরেসির শেষ ধাপ। এটা একটা কনসপিরেসির চেইন। ফার্স্ট চেইন হল ব্রিটিশ ক্যাপিটালিস্টস, যারা এই কোম্পানির মালিক ছিল। সেকেন্ড চেইন হল সুরজমল নাগরমল এবং তার লাস্ট চেইন হল আমাদের দুর্ভাগ্যবশত ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট। তাই আমি বলতে চাই কিভাবে সুরজমল নাগরমল এই কোম্পানি কিনে নিলে। ফরেইন ক্যাপিটালিস্টদের কাছ থেকে। সে কি জানত না যে এর মোশন খারাপ? সে একটি টাকাও এখানে ইনভেস্ট করে নি। এই সমস্ত বিষয় ডাঃ রায় কিছুই উল্লেখ করেন নি।

ডাঃ রায় একথা বলেন নি যে সোসালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি করব, সেজন্যে এই কোম্পানি নিচ্ছি বা ন্যাশনালাইজেশন করব—ফর দি সেক অফ ন্যাশনালাইজেশন অথবা একটা প্রাইভেট ইউটিলিটি কনসার্ন আমরা প্রাইভেট কোং-র হাতে থাকতে দেব না এ জন্যে এটা নিচ্ছি। তিনি বলেছেন

consequent upon the receipt of numerous complaints from various industrial concerns. About what? About the unsatisfactory condition of supply of gas in Calcutta. Supply of gas

এটা একটা এ্যাফেক্ট—গ্যাস-এর কোন নিজস্ব হাত-পা নেই সে নিজে ইচ্ছে করে ইনসাফিসিয়েন্ট হতে পারে না। একটা কোম্পানি ভাল নয়, ভাল সাপ্লাই দিতে পারল না, সে যদি সাপ্লাই দিতে না পারে তাহলে নিল কেন? সুরজমল নাগরমলের টেনেন্ট নেই একথা স্বীকার করে নিতে পারি না। সুতরাং আমরা যদি এই থিওরিতে যাই যে ইট ইজ দি বিগিনিং অফ এ কোম্পানি তাহলে বলবার কি আছে। ব্রিটিশ কোম্পানিকে তাদের প্রাপ্য দিয়ে যদি সুরজমল নাগরমল এই ফরেন কোম্পানি না নিত তাহলে এই কোম্পানি লিকুইডেশনএ যেত তারা এই সমস্ত প্ল্যান্ট নিয়ে যেত পারত না, আন্ডারগ্রাউন্ড মেইন নিতে পারতাম আমরা দরকার হলে কিনতাম, আমাদের কোন বাধ্যবাধকতা ছিল না, তাদের সঙ্গে কোন কন্ট্রাক্ট ছিল না। সুরজমল নাগরমল কিনতে গেল। সে কি চোখ বুজে কিনল? আমি বলেছি—হিয়ার ইজ দি বিগিনিং অফ কনসপিরেসি। সুরজমল নাগরমল কিনল ব্রিটিশ ক্যাপিটালিস্টকে কিছু দিয়ে তার পরে জানত, ইট ইজ এ পাবলিক ইউটিলিটি কনসার্ন এবং ভারত রাষ্ট্রের নীতি হচ্ছে সমস্ত পাবলিক সেক্টরএ নিয়ে আসা সুতরাং এটা পাবলিক সেক্টরএ যাবে এবং আমরা তখন এটাকে গভর্নমেন্টের কাছে বিক্রি করে টাকা নেব। একথা যদি সত্যি হয় যে দুর্গাপুর থেকে গ্যাস আসবে তাহলে এটা নেব কেন? ডাঃ রায় বললেন যে পাইপএ এত হাই প্রেসার থাকবে যে এখানে হোল্ডার টিকবে না—তাহলে তো দ্যাট ইজ অল দি মোওর রিজন হোয়াই। উই সুড নট টেক ইট। যদি এমন হত যে দুর্গাপুর থেকে গ্যাস আসবে না—আমাদের এখানে হোল্ডার নেই, আমাদের এখানে ডিস্ট্রিবিউটিং এরেঞ্জ-মেন্ট নেই তাহলে এই কোম্পানি নেবার প্রয়োজন হত। উনি বলেছেন দুর্গাপুর থেকে গ্যাস আসবে দুই বছর পরে, ঠিক আছে আমরা দুই বছর অপেক্ষা করব। কিন্তু তাও রায় অপেক্ষা করতে পারেন না, সেই কম্পালশন কোথায়? সেখানে ও'র দুইদিক থেকে বিপদ—এই কোম্পানি দুই বছর চলুবে কিনা এবং দুই বছর পরে স্ক্রাপ হয়ে গেলে টাকা দিতে পারবেন না। সুতরাং আজকে এই কনসপিরেসিকে আনআর্থ করা দরকার। সেজন্যে যে নেকস্ট পয়েন্ট আমি বলছি তা হচ্ছে

এই যে যদি কখনও কোন ফরেইন কনসার্ন হস্তান্তরিত হয় পশ্চিম বাংলার সেটা বিট্রইন প্রাইভেট ইনডিভিজুয়াল হওয়া কখনও উচিত নয়। সেই ফরেইন কোম্পানি এবং আমাদের দেশের একটা প্রাইভেট কোম্পানির মধ্যে কোন ডিল হওয়া উচিত নয়।

[6-45—6-55 p.m.]

করতে হবে উইথ দি গভর্নমেন্ট। অন্ততঃ গভর্নমেন্ট থেকে থাকবে ওয়াচ এবং গ্যারান্টি। আমি এই কথা বলছি যে, আমাদের অভিজ্ঞতা অত্যন্ত তিক্ত। ব্রিটিশ ফরেইন ক্যাপিটাল চলে যাবার পর আমরা মুন্দ্রাকে পেয়েছি। সকলেই জানেন মুন্দ্রা কি করেছে। মেকলিওড এ্যান্ড কোং কি করেছে, কানোরিয়া কোম্পানিতে কি করেছে। সকলেই জানেন যে আমাদের কোটি কোটি টাকা ধ্বংস করেছে। এবং আমি বলতে চাই ফরেইন কম্পেনিজ আমাদের ছোট ছোট ক্যাপিটালিস্টদের কাছে বিক্রয় করছে এবং অধিকাংশ সময়ে আনফেয়ার কন্ট্রোলএ বিক্রয় করে চলে যাচ্ছে। আমাদের এই সমস্ত মালিকরা বুঝতে পারছে না। এই নিয়ে পেপারএও বের হয়েছে। সুতরাং আমরা এই ব্যাপারে অত্যন্ত অস্বস্থি বোধ করছি। আপনারা বলছেন যে আজকে এত টাকা দিতে হবে। এতে আমরা বলতে চাই যে এখানে একটা কনসপিরেসি হচ্ছে। আমার নেকস্ট পয়েন্ট হচ্ছে এই কথা এবং এটা সত্য কথা যে কনসপিরেন্সি হচ্ছে। সুরজমল নাগরমল আমাদের কাছে বলছে যে চালাতে পারছে না। তাহলে কে তাকে কিনতে বলেছিল, তিনি কি কিনবার সময় গভর্নমেন্টএর পরামর্শ নিয়েছিলেন সুতরাং আজকে তার কোন রাইট নেই আমাদের কাছে কিছু চাইবার। কারণ এসেটগুলি সমস্ত ক্ষয় হয়ে গিয়েছে। এই রিপোর্ট এই এক জায়গায় বলেছে, এখানে জায়গাটা ঠিকমত কোট করতে পারছি না,

The vicious circle of faulty operation and attempt to get the maximum recovery of capital in the shortest possible time has damaged the plant.

সুতরাং ফ্রম দি ভেরি ডে তারা এই কনসপিরেসি করেছে যে যত পার লুঠে নেও, এবং লুঠে নিয়ে প্ল্যান্ট ধ্বংস থেকে গভর্নমেন্ট নিয়ে নেবে। এই কথা ব্রিটিশ কোম্পানি জানতো, সুরজমল নাগরমল জনাতো, আমি জানিনা যে পশ্চিমবঙ্গ সরকার তখন সেটা জানতেন কিনা। আমাদের সন্দেহ হচ্ছে যে তখন তারা এটা জানতেন অন্ততঃ এই কনসপিরেসি থেকে তা প্রমাণিত হয়। সুতরাং আমার প্রশ্ন হচ্ছে কনসপিরেসি যদি হয়েই থাকে তাহলে আমরা কমপেনসেশন দেবো কেন। এক টাকা শুনে মুখ্যমন্ত্রী মহাশয় হেসেছিলেন, কিন্তু আমার এক টাকাও দেবার ইচ্ছা নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কনসপিরেসি কার বিরুদ্ধে?

Sj. Deben Sen: Conspiracy against the tax-payers of West Bengal, against the people of West Bengal. I also live in Calcutta and so it is against me also.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনার উপর কনসপিরেসি হচ্ছে তার প্রমাণ কি?

Sj. Deben Sen:

প্রমাণ ত করেছি। আপনারা টাকা খরচ করে একটা কোম্পানি কিনে নিলেন তারপর একদিনও সেটা চালাতে পারলেন না। আমি বিয়ে করলাম তারপর দিনই তাকে তালাক দিলাম এবং এর জন্য আবার কমপেনসেশন দিচ্ছি। আমাদের প্রমাণের জন্য অন্য জায়গায় যেতে হবে না, এই রিপোর্টএর মধ্যেই এর প্রমাণ আছে

They had no intention to run this plant and yet they purchased it. Why?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

নো ইনটেনশন কি করে বুঝলেন?

Sj. Deben Sen:

কজন্য নো ইনটেনশন এইজন্য বলছি কারণ তারা একটা প্ল্যান্ট রিপেয়ার করে নি একটা প্ল্যান্ট রিনোভেট করে নি। এমন কি একজন এক্সপার্ট ছিলেন, যিনি ডিটেলস জানতেন, ডাঃ সাক, জার্মানী থেকে আনা হয়েছিল, যে

Managing Director of several gas companies in Germany. He is considered to be an expert.

তাকে তাড়িয়ে দেওয়া হল এবং তার জায়গায় এনে বসালেন ওয়ান মিঃ কে এন সেন, যিনি সুগার ফ্যাক্টরির সংগে কানেকটেড এবং মিঃ এডওয়ার্ডস যিনি জুট ইন্ডাস্ট্রিজএর সংগে কানেকটেড, তাদের নিয়ে আসা হল গ্যাস কোম্পানি চালাবার জন্য। সুতরাং কনসপিরেসি ছাড়া আর কি বলা যায়, আর তা না হলে বলতে হয় সুরজমল নাগরমল বোকা।

আমার সেকেন্ড পয়েন্ট হচ্ছে এই যে, ফরেইন কোম্পানি যদি হস্তান্তর হয় তাহলে গভর্নমেন্ট-এর মারফত হতে হবে। এই সুরজমল নাগরমল আসানসোলে তিনটা কলিয়ারী এক সি মিল বেরির কাছ থেকে কিনছে ফার্স্ট জানুয়ারিতে। এতে আমরা আতংকিত হচ্ছি। কোথায় ব্রিটিশ ক্যাপিটালিস্টএর হাত থেকে ক্যাপিটাল ইন্ডিয়ান ক্যাপিটালিস্টএর হাতে এনে আমরা আনন্দিত হবো, তা না, এখানে আমরা আতঙ্কিত হচ্ছি।

আমরা এ বিষয়ে আতংকগ্রস্ত হচ্ছি। আমি তাই বলি যদি ন্যাশনাল ইন্টারেস্ট, পিউপিল ইন্টারেস্ট, রক্ষা করতে হয় তাহলে এই ট্রেন্সএকশনএ গভর্নমেন্টএর ইমিডিয়েটলি হস্তক্ষেপ করা উচিত—যদি তা না করেন তাহলে সেই কোলিয়ারী উঠে যাবে এবং তারা মিছামিছি ভিক্টিমস অফ এ কনসপিরেন্সি হবে। সেজন্য আমি আমার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

[6-55—7-1 p.m.]

Sj. Jyoti Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি ভেবেছিলাম আমি থার্ড রিডিংএ বলব, কিন্তু এখানে একটা অনুরোধ করবার জন্যই আমি কিছু বলতে চাই। এখানে অনেক বক্তৃতা হয়েছে; এবং মুখ্যমন্ত্রী মহাশয় ও তাঁর ওপেনিং স্পিচএ অনেক কথা বলেছেন। আমার অনুরোধ হচ্ছে, এত বড় ব্যাপার এত টাকা যেখানে খরচ, এত টাকা যেখানে খেসারত হিসাবে দিতে হবে এই কোম্পানিকে তাতে এত তাড়াহুড়া না করে আমার মনে হয় যে, একটু দেরী করলে বোধ হয় ভাল হয়। এখনো অনেক সময় আছে—অনর্থক ক্লজএর মধ্যে না গিয়ে যদি আমরা সবাই মিলে আরও ভালো করে ভেবেচিন্তে দেখে একটা কমিটি করি— আমি সিলেক্ট কমিটির কথা বলতে পারছি না, গভর্নমেন্ট এবং অপজিশন সবাই মিলে যদি চেষ্টা করি তাহলে সমস্ত ব্যাপারটা আমার মনে হয় ভালো করে বাজেট অধিবেশনে আনতে পারি। তা না হলে যেসমস্ত চার্জএর কথা মুখ্যমন্ত্রী বলেছেন তার প্রমাণ কি? আমি সত্যই আশ্চর্য হয়ে গেলাম শুনে যে এক্সপার্ট কমিটির রিপোর্টে গণেশবাবু মুখ্যমন্ত্রীর কাছে যোগাড় করতে পারেন নি। মুখ্যমন্ত্রীর এটার কি দরকার আছে? তিনি বলেছেন, এমন কিছু নেই তার মধ্যে, ওতে তোমাদের কি সাহায্য হতে পারে। এই রিপোর্টটাই যদি শুধু পড়ে যাই তাহলেও তার চেয়ে বড় ইনডিক্টমেন্ট আর কিছু হতে পারে না। এত টাকা খরচ হবে, এক কোটি টাকার উপর চলে যাচ্ছে—এসব তারা বলেছেন তার কোন মর্যাদা মুখ্যমন্ত্রী দিলেন না। যাঁরা এসব ব্যাপারে এক্সপার্ট তাঁরা তাঁদের রিপোর্টে এসব কথা বলেছেন, আমরা লেমেন, আমরা এসব বুঝি না। কিন্তু মুখ্যমন্ত্রী তার থেকে কি সিদ্ধান্ত করলেন? তিনি বলেছেন, মেশিনারী খারাপ হয়ে যাচ্ছে, কাজেই গ্যাস সাপ্লাই করা যাচ্ছে না—আমি গ্যাস কোম্পানি নিয়ে ভালো কোয়ালিটির গ্যাস বেশি কনজিউমারকে দেব। তিনি এই সিদ্ধান্ত করেছেন। কিন্তু মুখ্যমন্ত্রী একথা বলেন নি এবং মালিককে এত টাকা খেসারত দেবার প্রয়োজন কি? এটা চিন্তা করবার বিষয়—মুখ্যমন্ত্রী আরবার আমাদের ইতিপূর্বে বলেছেন যে বাজে কোম্পানি যার মেশিনারী খারাপ হয়ে যাচ্ছে—আমরা তা কিনব না। যখন আমরা দুইবার এই হাউসে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন জাতীয়করণ করার ব্যাপারে এখানে বলি—এবং তার জন্য প্রস্তাব এনেছিলাম তখন তিনি আমাদের বিরোধীপক্ষ থেকে এই যুক্তি দিয়েছিলেন যে, আমি কেন এইসব নিতে যাব? কত কমপেনসেশন দিতে হবে। এই নীতি কেন এই কোম্পানির বেলায় প্রযোজ্য হল না এই প্রশ্ন এখানে উঠে।

আমি তাঁকে এই কথা স্মরণ করিয়ে দিচ্ছি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির ব্যাপারে তিনি একথা বলেছিলেন—পুরানো মেশিনারী আমি কিনতে পারব না—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি বলি নি।

Sj. Jyoti Basu:

আপনি বলেছেন, বুড়ো হয়েছেন, এখন সব কথা মনে থাকে না। এখন ভুলে যাচ্ছেন। তিনি বলেছেন যে, লোকের গ্যাস দরকার কিন্তু তারা লোককে গ্যাস দিতে পারছে না। লোকের গ্যাস দরকার বলে কি একটা কোম্পানির সব ভেজাল মাল, পুরানো ভাঙ্গাচুড়ো জিনিস নিয়ে নিতে হবে? আপনি এতই লোকের দরদী। তিনি আরও বলেছেন, দুর্গাপুর হতে এখনো দেরী। তা হলে কি এটা নেবার আর কোন উপায় নাই? যেমন করে আর জি কর, জেসোপ, শোলাপর হয়েছে অনেক জায়গায় এই রকম হয়েছে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া করেছে এখানেও আমরা করেছি—এটাও যদি করতাম ক্ষতি কি হত? ক্ষতি হত সরজমল নাগরমলএর কিন্তু তাদের ক্ষতি হলে তে আমরা বুঝব না। দেশের স্বার্থের চেয়ে একটা লোকের স্বার্থ বড় হতে পারে না। সেজন্যই বলি এটা নেকস্ট সেসনএ আনুন। যারা ক্রিমিনাল কাজ করেছে তাদের হাতে এটা আমরা রাখতে পারি না। কিন্তু কমপেনসেশন দিয়ে সেটা আমরা কিভাবে করতে পারি? সেজন্য আমি বলছি এটা টেক ওভার করতে অসুবিধা কোথায়? ম্যানেজারিয়েল কন্ট্রোল আন্ডার ৩১এ(২)এতে আপনারা এটা নিতে পারেন। আপনারা বারে বারে বলেন, আমরা দেশে হাসপাতাল করতে পারি না, স্কুল করতে পারি না, নানা রকম জিনিস আমরা করতে পারছি না। যখন গঠনমূলক কাজই করতে পারছেন না তখন এতগুলি টাকা এভাবে নষ্ট করার কি দরকার। তাই আমি এটা বলব—যেটা সুধীর রায় চৌধুরী মহাশয় বলেছেন—এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার পার্লিয়ামেন্টারি ডেমোক্রেসি আমরা যতটা দেখেছি বিলাতে এবং অন্যান্য জায়গায় তাতে আমার মনে হয় কারুর যদি ইনডাইরেকটলি অর ডারেকটলি কোন রকম সম্পর্ক থাকতো, যদি কোন রকমে সন্দেহের উদ্রেক করতো তাহলে সেটা সেই মন্ত্রী পাইলট করতেন না। এখানে গুরুতর সন্দেহ থেকে যাচ্ছে কারণ এই পরিবারের সঙ্গে ডাঃ রায়ের সম্পর্ক আছে—সম্পর্ক মানে ডাক্তারের সম্পর্কই অন্য কথা আমি বলছি না—সেজন্যই এখানে যাতে সন্দেহ করা না হয় তারই জন্য এই সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে, একটা রটন্ রদ্দি কোম্পানির মেশিনারীর জন্য। আমি একথা বলছি না কমপেনসেশন পেলে তাঁরা কয়েক লক্ষ টাকা ডাঃ রায়কে দিয়ে দেবেন। কিন্তু আমাদের সন্দেহটা আরও গভীর হচ্ছে এই কারণে যে, এইভাবে বড় বড় বাড়ীর মালিকদের আপনি অনেক দিয়েছেন। সেজন্যই আমি একটা কমিটি করতে বলি বিচারের জন্য। পার্লিয়ামেন্টারি ডেমোক্রেসির কথা আপনারা বলেন, এটা গণতান্ত্রিক বিধিসম্মত। বিশেষ করে তিনি আগে এই কোম্পানির ডাইরেকটর ছিলেন, এখন সুকুমার রায়কে ওখানে দিয়েছেন—তিনি বেড বিজিনেস কিনা তার মধ্যে আমি এখন যাচ্ছি না—ডাঃ রায়ের সম্পত্তি তিনি পাবেন এসব কথার মধ্যে আমি এখন যাচ্ছি না। কিন্তু এখানে গভীর সন্দেহ থেকে যাচ্ছে। এবং এটা নেশনালাইজেশন নয়। এর পিছনে গূঢ় রহস্য আছে আমার মনে হয়, আমি মনে করি এটা একটা সুইনডল্ অ্যান্ড ফ্রডএ গিয়ে দাঁড়াচ্ছে। ফ্রড এর পর্যায়ে গিয়ে দাঁড়াচ্ছে। সেইজন্য আমার মনে হয় এখনও যখন সময় রয়েছে তখন ভাল করে সর্বদিক বিবেচনা করে দেখুন কি করা যায়। তবে যদি শুধু রাগ বা জেদের বশবর্তী হয়ে কোন কাজ করেন তাহলে কোন ল হবে না বরং ক্ষতিই করবেন। আমরা সকলেই ইন্টারেস্টেড যে লোকে গ্যাস পাক্ এবং তাদের সুবিধা হোক, কিন্তু তার জন্য এভাবে টাকা খরচ না করে অন্যভাবে করা যায় কিনা যাতে সত্যিই তাঁদের সেই সুবিধা হয় সেটাই আজ বিচার্য। তারপর মুখ্যমন্ত্রী যদিও তার বক্তৃতার সময় এক্সপার্ট কমিটির রিপোর্টকে কোন মূল্য দেন নি, তাহলেও আমি বলব যে যখন তাঁরাও বলেছে তখন বর্তমানে এটা স্থগিত রেখে পরের সেসনএ আনা হোক।

Adjournment

The House was then adjourned at 7-1 p.m. till 3 p.m. on Thursday, the 10th December, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 10th December, 1959, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (SHRI ASHUTOSH MULLICK) in the Chair, 12 Hon'ble Ministers, 6 Deputy Ministers and 206 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Control of flood by D.V.C.

***64A.** (Short Notice.) (Admitted question No. *3407.) **Shri Monoranjan Hazra):** Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(*a*) If it is a fact that the severity of the last flood in many parts of West Bengal was largely increased due to the defects in the flood control scheme of the D.V.C.; and

(*b*) if so, what steps have been recommended to the D.V.C. authority by this Government to prevent the recurrence of similar floods?

***64B.** (Short Notice.) (Admitted question No. *3408.) **Shri Taher Hussain:** Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(*a*) if it is a fact that during the last flood (1959) in the district of Burdwan the flood control scheme of the D.V.C. has been found to be wholly ineffective; and

(*b*) if so, the reasons thereof?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kumar Mukherji): An enquiry into the causes of the 1959 floods will soon be undertaken by a Flood Enquiry Committee consisting among others of the representatives of the D.V.C. and the State Government. It is not possible to answer this question before the findings of that Committee are known.

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এই অবস্থায় বলা সম্ভব নয়। আমি কতকগুলি প্রশ্ন এ সম্পর্কে করছি।

Mr. Deputy Speaker:

এ বিষয়ে ইনকোয়ারী কমিটি তো তাগিদ করবেন।

Sj. Monoranjan Hazra:

আপনি নিশ্চয়ই জানেন মিঃ ব্যুরডুইনের যে অরিজিনাল প্ল্যান ছিল তাতে ৮টা বাঁধ নির্মাণ করার পরিকল্পনা ছিল।

The Hon'ble Ajoy Kumar Mukherjee: This is in the report.

Sj. Monoranjan Hazra:

৮টা ড্যাম করার পরিকল্পনা এই রিপোর্টে ছিল কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

৮টা নয়, ৬টা ছিল।

Sj. Monoranjan Hazra:

লোয়ার দামোদরে জল নিকাশের কিছু ব্যবস্থা ছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

লোয়ার দামোদরের যে অংশ আছে সেখান দিয়ে জল বেরুবে।

Sj. Monoranjan Hazra:

মন্ত্রীমহাশয় কি বলতে পারেন যে ১লা অক্টোবর যে জল ছাড়া হয়েছিল......

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এসব কমিটি তদন্ত করে বলবেন, এখন আমি কিছু বলতে পারবো না।

Sj. Saroj Roy:

ডি ভি সির এটা কি মত ছিল যে দামোদরের উচ্চ উপত্যকায় যদি বন্যা নিরোধ করার জন্য বাঁধ দেওয়া যায় তাহলে নিম্নস্থলের বন্যা নিরোধ হবে—এটা কি ডি ভি সির প্রিন্সিপল ছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

উপরে বাঁধ দিলে উপরে জল নিরোধ হবে, নীচে যদি বন্যা হয় তাহলে উপরের বাঁধ কি করবে?

Sj. Saroj Roy:

আমি বলছি যে এটা ডি ভি সির মত ছিল ঐ বাঁধ নির্মাণের পূর্বে যে উচ্চে বাঁধ নির্মাণ করলে নীচের দিকে যেসমস্ত বন্যা হয় সেগুলিতে কোনরকম জল নিকাশের ব্যবস্থা না করলেও সেই সমস্ত জায়গায় ফ্লাড্ নিবারণ করা যাবে।

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন আসে না।

Sj. Saroj Roy:

আমি বলছি ডি ভি সির এরকম মত ছিল কি যে উপরে যদি বন্যা নিরোধের জন্য বাঁধ নির্মাণ করা যায় তাহলে নিম্ন উপত্যকায় বন্যা নিরোধ করা যায়?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

যদি নীচে বৃষ্টি হয় তাহলে ডি ভি সি কি করবে?

Sj. Saroj Roy:

নিম্ন উপত্যকার নদীগুলিতে যদি জল নিকাশের ব্যবস্থা না করা যায় এবং উপরে জল যদি ছাড়ার দরকার হয় তাহলে সেসব জায়গায় বন্যা হোতে পারে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নিম্নে নদীতে জল নিকাশের ব্যবস্থা যেমন ছিল তেমন আছে।

Sj. Saroj Roy:

ভালভাবে জল প্রবাহিত না হওয়ার জন্য নীচের দিকটা যেভাবে বুজে যায় এবং নদীর বেড যেভাবে উঁচু হয়ে যায় তার যদি কোনরকম জল নিকাশের ব্যবস্থা না হয় তাহলে ডি ভি সির জল ছাড়াতে বন্যা হবে—এটা জানেন কি?

Mr. Deputy Speaker: That question does not arise.

Sj. Monoranjan Hazra:

আপনি বলেছেন শুন বি আন্ডার টেকন—কতদিন লাগবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি ফ্লাড ডিবেটে বলেছি কমিটির চেয়ারম্যান এখনও ঠিক করা যায়নি। সেটা ঠিক করে সব ডিক্লেয়ার করবো।

Sj. Deben Sen:

মন্ত্রীমহাশয় জানাবেন কি ডি ভি সির যে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা তার ভেতর দামোদরের নিম্ন উপত্যকা ইনক্লুডেড ছিল কি ছিল না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ডি ভি সি নিম্নাঞ্চলে বন্যা হোলে সেটা হয়ত নিয়ন্ত্রিত করা যাবে না।

Sj. Deben Sen:

তার যে পরিকল্পনা, পরিকল্পনায় সবখানা দামোদর ভ্যালী আপ টু নিম্নাঞ্চল বন্যা নিয়ন্ত্রিত হবে এ পরিকল্পনা ছিল কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা ছিল।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি অপরিকল্পিতভাবে জল ছাড়ার জন্য নিম্নাঞ্চলে বন্যা হয়েছিল কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা তদন্ত কমিটি তদন্ত করবেন।

Sj. Hemanta Kumar Basu:

নিম্ন দামোদর হেজেমজে যাওয়ার জন্য এই বন্যার প্রকোপহানি হয়েছে এটা জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বন্যার সমস্ত কারণ সম্পর্কে কমিটি রিপোর্ট দিবেন।

Sj. Hemanta Kumar Basu:

মন্ত্রীমহাশয় জানেন কি ব্যুরডুইন কমিটির রেকমেন্ডেশন ছিল নিম্ন দামোদর অঞ্চলে গভীরতা রক্ষা করবার জন্য ব্যবস্থা করতে হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ব্যুরডুইন কমিটির রিপোর্টে কি ছিল, না ছিল সেটা সেই কমিটির রিপোর্ট পড়ে দেখে নেবেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

মন্ত্রীমহাশয় জানাবেন কি ক'জন সদস্যকে নিয়ে এই ইনকোয়ারী কমিটি হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সেটা আমি সঠিক বলতে পারি না, বোধহয় ১০।১২ জন হবে।

Sj. Jatindra Chandra Chakravorty:

এই কমিটির যে খরচ সেই খরচ কি পশ্চিমবঙ্গ সরকার বহন করবেন? এই যে কমিটি সম্বন্ধে বললেন যে কমিটি সেট আপ হবে—এই কমিটির খরচ এক্সক্লুসিভলি কি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট বহন করবেন?

Mr. Deputy Speaker: That question does not arise.

Sj. Saroj Roy:

১৯৫৯ সালের অক্টোবরে যে বন্যা হোল সে সম্বন্ধে ডি ভি সির কর্তৃপক্ষ যা প্রচার করেছেন ব বলেছেন—সে সম্পর্কে মন্ত্রীমহাশয় কিছু জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সেটা হয়ত আপনারা কাগজে দেখেছেন—আমাদের কাছে ফরম্যালি কিছু আসেনি।

Sj. Saroj Roy:

কাগজে যে জিনিসটা বেরিয়েছে ডি ভি সির কর্তৃপক্ষের দিক থেকে সেটা কি অফিসিয়াল বলে মনে করেন না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

Sj. Sunil Das:

ইনকোয়ারী কমিটির টার্মস অব রেফারেন্সগুলি আমরা জানতে পারি কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

যখন ওটা ডিক্লেয়ার করবো তখন টার্মস অব রেফারেন্স তখন দেবো।

Sj. Benoy Krishna Chowdhury:

কেলাড় কন্ট্রোল অপারেশন ব্যাপারে যাঁর উপর অপারেশনের ভার আছে তিনি একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার এবং তাঁর কোন সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেনিং নেই বা ড্যাম, রিজারভয়ের কন্ট্রোলের ট্রেনিং নেই—অর্থাৎ রিজারভয়ের এবং ড্যাম অপারেশনের চার্জে যিনি আছেন মিঃ আয়েঙ্গার তাঁর এরকম কোন ট্রেনিং নেই এটা মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

সেটা ডি ভি সি বলতে পারেন।

[3-10—3-20 p.m.]

Sj. Subodh Banerjee:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমার একটা সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন আছে। এই যে Enquiry Committee consisting among others of the representatives of D.V.C. and the State Government, বলা হয়েছে। এখানে আমি শুধু একটা ইনফরমেশন জানতে চাচ্ছি—এই কমিটির মধ্যে স্টেট গভর্নমেন্টের রিপ্রেজেন্টেটিভস থাকবেন, এবং ডি ভি সির রিপ্রেজেন্টেটিভসও থাকবেন। এই টোটাল নাম্বার-এর মধ্যে কারো সংখ্যাধিক্য হবেন এই কম্পোজিসন অফ দি কমিটিতে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

সেটা এখন আমি বলতে পারি না, কমিটির ডিক্লারেসন হলে বলতে পারবো।

Pay scales of teachers of Purulia district

***65.** (Admitted question No. *568.) **Shri Satya Kinkar Mahato:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে পুরুলিয়া জেলার সকল পর্যায়ের শিক্ষকদের বেতনের হার সরকার কর্তৃক নির্দিষ্ট করা হইয়াছে;

(খ) সত্য হইলে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের জন্য নির্দিষ্ট বেতনের হার পুরুলিয়া জেলার সমপর্যায়ের শিক্ষকদের জন্য মঞ্জুর করা হইয়াছে কিনা;

(গ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(ঘ) ১৯৫৭ সালের ১লা এপ্রিলের পরিবর্তে পুরুলিয়া জেলার বঙ্গভুক্তির তারিখ হইতে, অর্থাৎ ১৯৫৬ সালের ১লা নবেম্বর হইতে, পুরুলিয়া জেলার শিক্ষকদের বেতনের হার মঞ্জুর করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) না, এ অঞ্চলের শিক্ষকদের জন্য বিহার সরকার কর্তৃক প্রবর্তিত বেতনের হারই ১৯৫৬ সালের ১লা নবেম্বর হইতে বহাল রাখা হইয়াছে।

(খ) এখনও হয় নাই।

(গ) এবং (ঘ) বিষয়টি বিবেচনাধীন আছে।

I may add that the rates have been equalised from 1st April, 1958.

Constitution of the Managing Committee of Maharaja Cossimbazar Polytechnic Institute, Baghbazar

***66.** (Admitted question No. *1191.) **Shri Deben Sen:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) whether it is a fact that the total number of members of the School Committee of the Maharaja Cossimbazar Polytechnic Institute, Baghbazar, has been increased from 12 to 13;

(*b*) if so, the reasons therefor;

(*c*) whether it is a fact that on the School Committee there are three nominees from the side of the Maharaja of Cossimbazar's heirs although no monetary contribution is made to the Institute nowadays by the heirs of Maharaja of Cossimbazar; and

(*d*) whether it is a fact that various representations have been made before the Government for changing the constitution of the Committee so as to reduce the representation given to Maharaja of Cossimbazar and his heirs?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) Yes.

(*b*) For better co-ordination in the working of the two schools functioning in the same premises, the Headmistress of Maharaja Cossimbazar Savitri Sikshalaya has been taken as an ex-officio member of the Managing Committee of the Maharaja Cossimbazar Polytechnic Institute and the President, Headmaster and another member of the Maharaja Cossimbazar Polytechnic Institute have been taken as members of the Managing Committee of the Maharaja Cossimbazar Savitri Sikshalaya.

(*c*) Yes; according to the special constitution approved for the school by the Calcutta University there are three nominees of the Cossimbazar Estate.

(*d*) Yes; but these could not be acceded to because of the special constitution referred to in (*c*) above.

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন—এই যে

reply as given in (c)—according to the special constitution approved for the school by the Calcutta University

কবে এই স্পেশাল কনস্টিটিউশন য়্যাপ্রুভড হয়েছে—এবং এটা কি?

What is the speciality?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It provides for the nomination of 3 members by the Maharaja Cossimbazar. This was adopted for the school by the Calcutta University before the Board of Secondary Education was constituted.

Sj. Deben Sen:

ক্যালকাটা ইউনিভার্সিটি কেবল মহারাজা কাশিমবাজার পলিটেকনিক স্কুলের জন্য এই প্রভিসনটা করেছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That particular constitution was adopted for the school by the Calcutta University.

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন এই স্পেশিয়ালিটির কারণ কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Because Maharaja of Cossimbazar donated one lakh of rupees towards this institution.

Shri Deben Sen: In reply (b)

সেখানে বলা হয়েছে

President, Headmaster and another member of the Maharaja Cossimbazar Polytechnic have been taken as members of the Managing Committee of the Maharaja Cossimbazar Savitri Sikshalaya

এটা কি স্পেশ্যাল কন্সিটিউশনএর জোরে হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, it is for the special constitution that these members have been taken just to secure better co-ordination.

Sj. Deben Sen:

আমার প্রশ্নটা ছিল এদের কি নেওয়া হল স্পেশ্যাল কনস্টিটিউশনএর জোরে না, এডু-হব কতকগুলি নমিনেশান দেওয়া হল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It has been done consistently with the special constitution.

Number of free primary schools in Santipur Municipality

***67.** (Admitted question No. *1263.) **Shri Haridas Dey:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) নদীয়া জেলার শান্তিপুর পৌর এলাকায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে;

(খ) কতগুলি বিদ্যালয় পৌর প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হয়;

(গ) এই বাবত পৌর প্রতিষ্ঠানকে মাসিক কত টাকা সাহায্য করা হয়;

(ঘ) ইহা কি সত্য যে, পৌর প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন ও ভাতা সরকারী পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন ও ভাতা অপেক্ষা অনেক কম; এবং

(ঙ) সত্য হইলে, এই তারতম্যের কারণ কি এবং এই তারতম্য দূর করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) আটাশটি।

(খ) পাঁচটি।

(গ) বাৎসরিক প্রায় ১২,১৩০ টাকা (৭,৫১৩ টাকা মিউনিসিপ্যালিটিকে এবং ৪,৬১৭ টাকা মিউনিসিপ্যালিটির শিক্ষকগণকে সরাসরি দেওয়া হয়)।

(ঘ) না।

(ঙ) এই প্রশ্ন উঠে না।

Sj. Amarendra Nath Sarkar:

এই যে ২৮টির হিসাব দিয়েছেন—এর ৫টি মিউনিসিপ্যালিটিও চালায়, বাকি ২৩টি তাহলে কে চালায়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The rest of the schools are private aided schools.

Sj. Amarendra Nath Sarkar:

পৌরসভা এলাকায় যে প্রাথমিক বিদ্যালয়গুলি চলে এবং গ্রামাঞ্চলে যে বিদ্যালয়গুলি চলে সবগুলির ম্যানেজমেন্ট সরকার সরাসরি নিয়ে নিচ্ছেন না কেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Because there is no provision for the Government taking up the management of these institutions. These institutions are private institutions and municipal institutions—they are managed by private bodies and municipalities.

Sj. Amarendra Nath Sarkar:

যে টাকা এদের সাহায্য দেওয়া হয় সেই টাকায় তারা শিক্ষকগণের বেতন সম্পূর্ণরূপে দিতে পারেন না এটা কি সত্য?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The aids are given just to enable them to pay according to the municipal scales.

Sj. Amarendra Nath Sarkar:

উনি যা বললেন সেটা আর একবার বললে ভাল হয়—ভাল করে বুঝতে পারলাম না। আমার বক্তব্য মিউনিসিপ্যালিটি যে স্কুল পরিচালনা করে সেই স্কুলগুলিকে যে টাকা দেওয়া হয় সেই টাকায় শিক্ষকদের বেতন সম্পূর্ণরূপে চলে না। সরকার সরাসরি কেন স্কুলগুলির ম্যানেজমেন্ট নিচ্ছেন না?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

"সেই টাকায় যে শিক্ষকদের বেতন দেওয়া চলে না"
That is not our information.

Dr. Kanailal Bhattacharya:

এখানে (ঘ) প্রশ্নের উত্তরে আপনি বলেছেন—না। তার মানে আপনি বলতে চেয়েছেন যে পৌরসভা কর্তৃক পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন ও ভাতা সরকারী পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন ও ভাতা অপেক্ষা কম এটা সত্য নয়। আমি এখানে জিজ্ঞাসা করতে চাইছি

এই পাঁচটা স্কুলের জন্য সাত হাজার টাকা দিচ্ছেন বাদবাকী তেইশটি স্কুলের জন্য যে চার হাজার টাকা দিচ্ছেন এর দ্বারা কি মনে হয় না পৌরপ্রতিষ্ঠানের স্কুলের জন্য অনেক কম দেওয়া হচ্ছে? এখানেই তো তারতম্য দেখা যাচ্ছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না। এই টাকা এড দেবার ফলেই বেতনে সমতা স্থাপিত হয়েছে।

Number of free primary schools in the South Suburban Municipality

***68.** (Admitted question No. *1468.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) দক্ষিণ শহরতলী মিউনিসিপ্যালিটিতে মোট কতগুলি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় আছে এবং উক্ত বিদ্যালয়গুলিতে মোট ছাত্রসংখ্যা কত;

(খ) প্রাথমিক শিক্ষার জন্য উক্ত মিউনিসিপ্যালিটিতে সরকার কি পরিমাণ অর্থসাহায্য করিয়া থাকেন; এবং

(গ) উক্ত শহরতলীতে লোকসংখ্যা এবং বিশেষভাবে উদ্বাস্তু পরিবারের সংখ্যা বিপুল পরিমাণে বৃদ্ধি পাওয়ায় কয়েকটি নতুন প্রাথমিক বিদ্যালয় খুলিবার জন্য সরকারের নিজস্ব কোন পরিকল্পনা অথবা মিউনিসিপ্যালিটিকে বর্ধিত হারে সাহায্য দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) প্রাথমিক বিদ্যালয়—২৬।

ছাত্রসংখ্যা—৩,৯৭৫।

(খ) বাৎসরিক প্রায় ২১,৮২২ টাকা।

(গ) এই বৎসর এই শহরতলীতে কয়েকটি নতুন স্কুল অনুমোদিত হইয়াছে। মিউনিসিপ্যাল অঞ্চলে প্রাথমিক শিক্ষা বিস্তারের প্রচেষ্টা সম্পর্কে পশ্চিমবঙ্গের সকল মিউনিসিপ্যালিটিকে পত্র লেখা হইয়াছে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই যে (ক)-এর উত্তরে বলেছেন ছাব্বিশটি এর মধ্যে প্রত্যক্ষ মিউনিসিপ্যালিটির পরিচালনাধীন স্কুলের সংখ্যা কত?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I cannot answer that question offhand.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই যে বাৎসরিক প্রায় ২১,৮২২ টাকা দেওয়া হয় এটা কি ভিত্তিতে দেওয়া হয়ে থাকে? অর্থাৎ এটা ২১,৮২২ টাকা? কেন ৪৫ হাজার বা ২০ হাজার নয়। এটা কি কি হিসাবে দেওয়া হয়? এটা কি বাৎসরিক একটা গ্রান্ট হিসাবে দেওয়া হয় না মাস্টার মহাশয়দের মাইনের জন্য?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Dearness allowance and increased salary

বাবদ দেওয়া হয়।

[3-20—3-30 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

সাধারণভাবে মিউনিসিপ্যালিটির হাতে কত টাকা দেওয়া হয় জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The amount is given directly to the teachers Rs. 8,762 and Rs. 6,604 to the Municipality.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
মিউনিসিপ্যালিটিকে ছয় হাজার কয়েক শত টাকা দিয়ে থাকেন,—সমগ্র মিউনিসিপ্যালিটির স্কুল-গুলিকে একথা কি সত্য?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Apparently the answer to this question he knows better than myself.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
যে বিস স্কিমের কথা এককালে শুনা গিয়েছিল সেটা কি এখনও জীবিত আছে? সেই পরি-কল্পনা অনুযায়ী কোন কাজ করার পরিকল্পনা আছে কি না?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: According to Biss Scheme one municipality had made primary education in its area free in West Bengal. So far as the other municipalities are concerned, they did not adopt Biss Scheme and that scheme is now replaced by our development scheme.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
(গ) প্রশ্নোত্তরে যেটা জানিয়েছেন, যে মিউনিসিপ্যাল অঞ্চলে প্রাথমিক শিক্ষা বিস্তারের প্রচেষ্টা সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার থেকে মিউনিসিপ্যালিটিকে পত্র লেখা হয়েছে এই পত্রের বিবরণ কি জানতে পারি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Forty-six municipalities have responded. They have submitted their reply. Of the 42 municipalities 14 municipalities have informed that they are prepared to go ahead. Five of them are agreeable to impose cess, and nine desire advancement of primary education but they require supplementary grants.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
সরকার এই মিউনিসিপ্যালিটির কাছে শিক্ষা বিস্তারের প্রচেষ্টা সম্পর্কে যে পত্র লিখেছে তাতে কি জানতে চেয়েছিল এটাই আমি জানতে চাচ্ছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: We requested them to submit their schemes for making primary education compulsory and free in their respective areas.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
সাধারণভাবে সামগ্রিকভাবে মিউনিসিপ্যালিটি স্কুলগুলির পরিচালন ভার সরকারের গ্রহণ করবার কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Under the Act of 1919 the municipalities are required to frame schemes. The Government will think of making grants that will be required to give effect to their schemes in their respective areas. We are not going to divest the municipalities of their responsibility under the Act of 1919.

Sj. Rabindra Nath Mukhopadhyay:
সোজাসুজিভাবে আমার প্রশ্নটা হচ্ছে প্রাথমিক শিক্ষাকে সরকার নিজস্ব পরিচালনাধীনে নিয়া আসার কোন পরিকল্পনা আছে কি না?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
না, নাই।

Dr. Jnanendra Nath Majumdar:

(ক) ও (খ)-তে যে উত্তর আছে সেটা হিসাব করলে দেখা যায় মাথাপিছু গড়পড়তা ৷৷/০ করে পড়ে। সরকার কি মনে করেন এটাই যথেষ্ট?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

দরকারমত সাহায্য দেওয়া হয়। মিউনিসিপ্যালিটি যা ব্যয় করেন বা করতে পারেন তা দেখে আবশ্যকীয় সাহায্য দেওয়া হয়।

Dr. Jnanendra Nath Majumdar:

তা ছাড়া যে সাহায্য দেওয়া হয় রিফিউজী রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে আপনি কি জানেন? কিছু সংখ্যক প্রাইমারী টিচারস এখানে আছে যারা বেশ কিছুকাল যাবৎ বেতন পান না?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, আমি অবগত নই।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই অঞ্চলে যে মিউনিসিপ্যালিটির কথা বলা হয়েছে, এখানে প্রায় ২ লক্ষ লোকের বাস। সেখানে বাৎসরিক ২১,৮২২ টাকা প্রাথমিক শিক্ষার জন্য ব্যয় করেন, এটা সরকার যথেষ্ট মনে করেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপাততঃ তাই মনে করা যায়। কারণ মিউনিসিপ্যালিটি যে পরিমাণ বেতন দিচ্ছেন তার সংগে সামঞ্জস্য রাখতে এই পরিমাণে সাহায্য দেওয়া হয়।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

একথা কি জানেন যে, এই মিউনিসিপ্যালিটি যেখানে ৬৪ হাজার টাকা ব্যয় করে সেখানে মাত্র ৬ হাজার টাকা সরকার দিয়ে থাকেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনিও এটা জানেন তবে আবার প্রশ্ন কিসের? আপনি যে সংখ্যা এখানে দিলেন সেটা ঠিক কিনা বলতে পারি না।

Sj. Pabitra Mohon Roy:

(খ)র উত্তরে বলেছেন বাৎসরিক প্রায় ২১,৮২২ টাকা দেওয়া হয়। বিস স্কীম অনুসারে ১৯১১ সালে যেখানে মিউনিসিপ্যালিটি এবং গভর্নমেন্ট-এর আধাআধি দেবার অনুপাত ছিল এর বেলাও কি সেই অনুপাতে দেওয়া হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমিও বলেছি সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটি এই বিস স্কীম য়্যাডপট করেনি।

Sj. Pabitra Mohon Roy:

এই যে ২১,৮২২ টাকা দেওয়া হয়, এটা কি অনুযায়ী দেওয়া হয়, কত প্রোপর্শন গভর্নমেন্ট দেন কত প্রোপর্শন মিউনিসিপ্যালিটি দেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কোন নির্ধারিত প্রোপর্শন নেই। এই পরিকল্পনায় যেখানে যে সাহায্য দরকার হয় তাই দেওয়া হয়।

Sj. Pabitra Mohon Roy:

(গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে সব মিউনিসিপ্যালিটিকে পত্র লেখা হয়েছে যে তাদের কত খরচ হবে এই এডুকেশন স্কীম বাড়াতে গেলে। কিন্তু এখানে আমার জিজ্ঞাস্য যে সরকার এবং মিউনিসিপ্যালিটির মধ্যে খরচের অনুপাত কি হবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মিউনিসিপ্যালিটি আগে স্কীম করবে, তাঁরা কত টাকা দিতে পারবেন, তাঁদের এডুকেশন সেস-এর থেকে কত টাকা আসবে সেটা তাঁরা বলবেন এবং তারপর সরকার সেসমস্ত বিবেচনা করে সাহায্যের পরিমাণ নির্ধারিত করবেন।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মিউনিসিপ্যালিটির এডুকেশন-এর জন্য যে খরচ হয় সেই খরচের আধাআধি ব্যবস্থা করতে সরকার প্রস্তুত আছেন কিনা ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সরাসরি এমন কোন উত্তর দেওয়া যেতে পারে না।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

কি হলে সরাসরি উত্তর দিতে পারেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

১৯১৯ সালের আইনটা পড়ে আসবেন। আসলে তারপরে সংগত প্রশ্নের উত্তর দেওয়া যেতে পারবে।

Social (Audit) Education Scheme in Darjeeling district

***69.** (Admitted question No. 1514.) **Shri Deo Prakash Rai:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if it is a fact—

(*i*) that the post of the District Social Education Officer has been remaining vacant since March, 1957, in the district of Darjeeling;

(*ii*) that Social Adult Education Scheme is not functioning in that district; and

(*iii*) that clerical and other establishments are being maintained for the last one year?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the reason for keeping the post vacant for so long;

(*ii*) whether Government propose to restore functioning of the said scheme in the district;

(*iii*) if so, when;

(*iv*) what are the qualifications required of an intending candidate for this post;

(*v*) whether Government received any applications for this post; and

(*vi*) if so, the number of applications so far received?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (*a*)(*i*) and (*ii*) No.

(*iii*) Yes.

(*b*) Does not arise.

Grants to Cyclone-affected schools of Contai subdivision

***70.** (Admitted question No. *1574.) **Shri Natendra Nath Das:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) কাঁথি মহকুমায় গত ১৯৫৬ সালের সাইক্লোন-বিধ্বস্ত স্কুলগৃহের জন্য কত টাকা কোন্ কোন্ বিদ্যালয়ে দেওয়া হইয়াছে;

(খ) কোন্ কোন্ বিদ্যালয়ের জন্য টাকা মঞ্জুর করা হইয়াছে, কিন্তু এখনও তাহা দেওয়া হয় নাই; এবং

(গ) মঞ্জুরী টাকা না দেওয়ার কারণ কি?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) গত ১৯৫৬ সালের ঝড়ে কাঁথি মহকুমার ৭৯১টি বিধ্বস্ত প্রাথমিক বিদ্যালয়ের গৃহ মেরামতের জন্য মোট ২,২৯,০৭৬ টাকা জেলা স্কুল বোর্ড মারফত সরকারী সাহায্য হিসাবে মঞ্জুর করা হইয়াছিল। লাইব্রেরী টেবিলে উপস্থাপিত তালিকায় বিদ্যালয়সমূহের নাম ও সাহায্যের পরিমাণ প্রদত্ত হইল।

(খ) ১৪৪টি প্রাথমিক বিদ্যালয়ে মঞ্জুরীকৃত টাকা এখনও দেওয়া হয় নাই এবং ৭০টি প্রাথমিক বিদ্যালয়ে মঞ্জুরীকৃত টাকার আংশিক টাকা এখনও দেওয়া হয় নাই। উপরি-উক্ত তালিকার তারকা-চিহ্নিত অংশগুলি দ্রষ্টব্য।

* মঞ্জুরীকৃত অর্থ আংশিকভাবে দেওয়া হইয়াছে।

* * মঞ্জুরীকৃত অর্থ এখনও দেওয়া হয় নাই।

(গ) মঞ্জুরীকৃত টাকা না দেওয়ার কারণ ক্ষেত্রবিশেষে—

(১) স্কুল বোর্ডের অনুকূলে বিদ্যালয়ের জমির দানপত্র রেজেস্ট্রি না করিয়া দেওয়া;

(২) মেরামতী কার্য সম্পূর্ণ না করা;

(৩) মেরামতী কার্যের বিল দাখিল না করা; এবং

(৪) মেরামতী কার্যের যথাযথ হিসাব দাখিল না করা।

[3-30—3-40 p.m.]

Sj. Gobinda Charan Maji:

আপনি (খ) প্রশ্নের উত্তরে বলেছেন, "মঞ্জুরীকৃত অর্থ আংশিকভাবে দেওয়া হয়েছে, **মঞ্জুরীকৃত অর্থ এখনো দেওয়া হয়নি"—কোন সময়ের কথা বলছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এই প্রশ্নের বৎসর (১৯৫৮) পর্যন্ত, তাই বলা হয়েছে।

Sj. Gobinda Charan Maji:

সরকার পক্ষ থেকে মেরামতী কার্য সম্পূর্ণ করা নিয়ে বা বিল দাখিল করা সম্পর্কে তত্ত্বাবধান করা হচ্ছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

স্কুল কর্তৃপক্ষ তত্ত্বাবধান করবেন বিভাগীয় পরিদর্শকও করবেন। ১৯৫৬ সালে বন্যাবিধ্বস্ত অঞ্চলে সরকার ২ লক্ষ ১ হাজার ৭৬৭ টাকা দিয়েছেন, বাকী আছে মাত্র ২৭ হাজার।

Number of High Schools in West Dinajpur district

***71.** (Admitted question No. *1593.) **Shri Basanta Lal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় সরকারী, সরকারী সাহায্যপ্রাপ্ত ও বে-সরকারী উচ্চ ইংরেজী বিদ্যালয়ের সংখ্যা থানা হিসাবে কত;

(খ) ইহা কি সত্য যে, কোন কোন থানায় একটিও উচ্চ ইংরেজী বিদ্যালয় নাই;

(গ) সত্য হইলে, কোন্ কোন্ থানায় ঐরূপ স্কুল নাই এবং তথায় উচ্চ ইংরেজী বিদ্যালয় আগামী বৎসরে এবং তৎপরে স্থাপন করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা;

(ঘ) বর্তমান উচ্চ ইংরেজী বিদ্যালয়গুলিতে থানা হিসাবে ছাত্র-ছাত্রীসংখ্যা কত;

(ঙ) উক্ত উচ্চ ইংরেজী বিদ্যালয়গুলিতে থানা হিসাবে শিক্ষকসংখ্যা কত;

(চ) দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের সরকার হইতে কি কি সাহায্য করা হয় এবং মাসিক কত; এবং

(ছ) প্রয়োজনীয় গৃহনির্মাণ আসবাবপত্র (চেয়ার, টেবিল, বেঞ্চ, হাইবেঞ্চ, বোর্ড ইত্যাদি) ও লাইব্রেরী বাবত গত ৫ বৎসরে ঐ জেলায় বাৎসরিক কি পরিমাণ সাহায্য করা হইয়াছে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কোন সরকারী বিদ্যালয় নাই।

সরকারী সাহায্যপ্রাপ্ত ও বে-সরকারী উচ্চ ইরেজী বিদ্যালয়সংখ্যা (থানা হিসাবে)—

থানা	বালক	বালিকা	মোট
বালুরঘাট	৬	১	৭
হিলি	২	১	৩
কুমারগঞ্জ	২	—	২
গঙ্গারামপুর	১	—	১
বংশীহারী	১	—	১
কালিয়াগঞ্জ	২	১	৩
রায়গঞ্জ	৫	২	৭
কুশমণ্ডী	১	—	১
কারণদীঘি	১	—	১
ইসলামপুর	১	—	১
ইতাহার	—	—	—
হেমতাবাদ	—	—	—
তপন	—	—	—
চোপরা	—	—	—
গোয়ালপুকুর	—	—	—
মোট ...	২২	৫	২৭

(খ) হ্যাঁ।

(গ) উপরের (ক) প্রশ্নের উত্তরে তালিকা হইতে দেখা যাইবে যে, পাঁচটি থানায় কোন উচ্চ ইংরেজী বিদ্যালয় নাই; তথায় কোন সরকারী উচ্চ বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা আপাততঃ নাই।

(ঘ)—

থানা	ছাত্রছাত্রীসংখ্যা
বালুরঘাট	২,১১০
হিলি	৬৪৭
কুমারগঞ্জ	৪২০
গঙ্গারামপুর	৪৫২
বংশীহারী	২১২
কালিয়াগঞ্জ	৭৯৮
রায়গঞ্জ	১,৮৪৫
কুশমণ্ডী	২২০
কারণদীঘি	১৪৮
ইসলামপুর	১৮৪

(ঙ)—

থানা	শিক্ষকসংখ্যা
বালুরঘাট	৯৬
হিলি	৩৩
কুমারগঞ্জ	১৭
গঙ্গারামপুর	১৫
বংশীহারী	১১
কালিয়াগঞ্জ	৩৬
রায়গঞ্জ	৭০
কুশমণ্ডী	৯
কারণদীঘি	৭
ইসলামপুর	৮

(চ) উপযুক্ত দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদিগকে নিম্নোক্ত সাহায্য দেওয়া হয়ঃ

(১) উদ্বাস্তু ছাত্রদিগকে দেয় বেতনের সমপরিমাণ সাহায্য;

(২) অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদিগকে মাসিক ৪ টাকা হইতে ৬ টাকা স্পেশাল স্টাইপেন্ড;

(৩) ২০ টাকা হইতে ৩০ টাকা পর্যন্ত পুস্তকক্রয় বাবত এককালীন সাহায্য (অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদিগের ক্ষেত্রে ৪০ টাকা পর্যন্তও দেওয়া হয়);

(৪) স্কুল ফাইনালের ফি-এর সমপরিমাণ এককালীন সাহায্য; এবং

(৫) হোস্টেলের অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদিগকে বার্ষিক ১০০ টাকা হইতে ৩০০ টাকা পর্যন্ত আবাসিক সাহায্য

(boarding grants)

(ছ)—

		টাকা
১৯৫২-৫৩	...	৯৬,০৩৯
১৯৫৩-৫৪	...	১,৫৭,৪৫১
১৯৫৪-৫৫	...	৩,৫০,৯১১
১৯৫৫-৫৬	...	১,৪৪,৮৪৫
১৯৫৬-৫৭		২,৬৫,৭১৬

Sj. Basanta Lal Chatterjee:

যে পাঁচটি থানায় উচ্চ ইংরাজী বিদ্যালয় নাই সেখানে এই বিদ্যালয় স্থাপন সম্পর্কে সরকার দৃষ্টি দেবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সরকার বিদ্যালয় স্থাপন করেন না, সরকার সাহায্য করতে প্রস্তুত আছেন যদি স্থানীয় লোকেরা নিজেদের উৎসাহে বিধ্যাদয় স্থাপনে চেষ্টা করেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার প্রশ্ন হচ্ছে, কয়টা দরখাস্ত পড়েছিল সাহায্য চেয়েছে এবং যে পরিমাণ টাকার জন্য দরখাস্ত পড়েছিল সেই পরিমাণ সাহায্য দেওয়া হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

বলতে পারি না।

Sj. Somnath Lahiri:

মন্ত্রীমহাশয় বলেছেন উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপনে তাঁর কোন পরিকল্পনা নাই—এই না থাকার জন্য কারণটা কি জানাবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

উচ্চ বিদ্যালয় সাধারণতঃ স্থানীয় প্রয়োজনেই স্থাপিত হয় সরকার প্রয়োজনীয় সাহায্য করেন। সরকার নিজে স্থাপন করতে যান না—আগে তো প্রাইমারী এডুকেশন ফ্রি এ্যান্ড কম্পালসরি করতে হবে, তারপরে জুনিয়ার হাই স্কুল, তারপরে সরকারী হাই স্কুল স্থাপনের কথা উঠতে পারে।

Dr. Golam Yazdani:

আপনি (চ) প্রশ্নের উত্তরে বলেছেন উদ্বাস্তু ও অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদের মাসিক ৪-৬ টাকা ভাতা দেবার ব্যবস্থা আছে, উদ্বাস্তু বা অনুন্নত সম্প্রদায়ের ছাত্র ছাড়া কি অন্য ধরনের ছাত্র স্কুলে পড়ে না যাঁরা দরিদ্র ও মেধাবী এবং সাহায্য পেতে পারে!

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সাহায্যপ্রাপ্ত স্কুলে ২০ পারসেন্ট ফ্রি স্টুডেন্টশিপ দেওয়া হয়—সেই হিসাবে সাহায্য দেওয়া হয়।

Sj. Mihirlal Chatterjee:

আমি একটা কথা জানতে চাই এইসব হাই স্কুলএ সহশিক্ষা আছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That question cannot arise out of this

এখানে এ প্রশ্ন উঠে না।

Sj. Mihirlal Chatterjee:

২৭টা বয়েজ স্কুল, না গার্লস স্কুল?

(No answer)

Public schools in West Bengal

***72.** (Admitted question No. *1790.) **Shri Amarendra Nath Basu:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) how many schools there are in West Bengal which are run on public school lines; and

(*b*) what is the reason for allowing such schools to continue at present?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) There is no such school in the State of West Bengal.

(*b*) Does not arise.

Sj. Somnath Lahiri:

পাবলিক স্কুল ধরনের স্কুল নাই বলেছেন, পাবলিক স্কুল বলতে কি বোঝেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

যেমন হ্যারো, ইটন, রাগবি,—এইরকম কতগুলি স্কুল স্থাপনে পরিকল্পনা ভারত সরকার করেছেন। বিভিন্ন প্রদেশে চেষ্টা হচ্ছে, পশ্চিমবঙ্গে এখনো হয়নি।

Sj. Somnath Lahiri:

দার্জিলিং ডাউ হিল গার্লস স্কুলকে কি পাবলিক স্কুল বলবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

বলব না, এটা আমাদের বিশেষ স্কুল।

Dr. Jnanendra Nath Majumdar:

ক্যালকাটা মডার্ন হাই স্কুলকে কি বলবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মডার্ন হলেই পাবলিক স্কুল হয় না।

Sj. Jyoti Basu:

আপনি তো হ্যারো, রাগবি ইত্যাদি অনেক কথা বললেন, কিন্তু এটা জানেন কি যে, এসব স্কুলে বড়লোকের ছেলেরা পড়ে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

বড়লোকের ছেলেরা তো পড়েই, আধুনিক ব্যবস্থা হচ্ছে, সরকার থেকে উপযুক্ত ও মেরিটোরিয়াস ছেলেদের পড়ার জন্য লার্জ অ্যামাউন্ট অব স্টাইপেন্ডস দেওয়া হয়।

Sj. Jyoti Basu:

এটা জানেন কি না যে, অন্ততঃ শতকরা ৭০ ভাগ বড়লোকের ছেলেরা সেখানে পড়ে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

যদি জানেন তো প্রশ্নের কি দরকার?

Sj. Jyoti Basu:

পাবলিক স্কুল সম্বন্ধে যে কমিশন বসেছিলো তার খবর জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
রিসেন্টলি যে কমিশন বসেছিলো তার রিপোর্ট আমি পড়েছি, আপনি পড়েছেন কিনা জানি না।

Shri Subodh Banerjee: For the information of the Education Minister I can tell him that only 20 per cent.
সাধারণ ঘরের ছেলেরা সেখানে পড়ার সুযোগ পায়, এটাই হচ্ছে
latest British information—only 20 per cent.
এটা জানেন কি?

Sj. Dhirendra Nath Dhar:
এই যে আপনি হ্যারো, রাগবি ইত্যাদি পাবলিক স্কুল-এর কথা বললেন, আমেরিকারও এই পাবলিক স্কুল আছে—আমাদের এখানে কি ধরনের হবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhi: That does not arise out of this question.

Pausi Primary School, Midnapore district

***73.** (Admitted question No. *1998.) **Shri Natendra Nath Das:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) whether a Managing Committee of the Pausi Primary School was formed at a meeting of the guardians held under the presidency of the Sub-Inspector of Schools of Mugberia Circle, district Midnapore, on the 6th December, 1957;

(*b*) whether that elected Committee has been superseded by the Midnapore District School Board;

(*c*) if so, the reasons therefor;

(*d*) whether Government have received any representation against this action of the School Board from the guardians of the boys; and

(*e*) if so, what steps have been taken to redress the grievances?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) An Advisory Committee was constituted on 6th December, 1957, under the presidency of the Sub-Inspector of Schools, Mugberia Circle.

(*b*) and (*d*) No.

(*c*) and (*e*) Do not arise.

Night schools in Birbhum district

***74.** (Admitted question No. *2033.) **Dr. Radhanath Chattoraj:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) বীরভূম জেলায় সরকার-পরিচালিত নৈশ বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) ঐ-সকল বিদ্যালয়ের অধ্যয়নরত ছাত্রসংখ্যা কত;

(গ) গত ১৯৫৭-৫৮ সালে কত ছাত্র ঐ-সকল বিদ্যালয় হইতে লিখিতে ও পড়িতে শিখিয়াছে;

(ঘ) ১৯৫৭-৫৮ সালে ঐ জেলায় নৈশ বিদ্যালয়ের জন্য সরকারের কত ব্যয় হইয়াছে; এবং

(ঙ) ঐ-সকল বিদ্যালয় হইতে এতাবৎ প্রাপ্তবয়স্ক ও অপ্রাপ্তবয়স্ক কত লোক লিখিতে পড়িতে শিখিয়াছে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) ৫৯।

(খ) ৩,৭৮২।

(গ) ১,১০৪।

(ঘ) টাকা ২৮,৫১৩·০৫ নয়া পয়সা।

(ঙ) ৬,৬৮৮।

Dr. Radhanath Chattoraj:

(ক) প্রশ্নের উত্তরে বলেছেন ৫৯টি নৈশ বিদ্যালয় আছে, এদের কি নির্দিষ্ট বাড়ী আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, নির্দিষ্ট বাড়ী নাই।

Dr. Radhanath Chattoraj:

তাহলে পড়ান হয় কোথায়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ওখানকার স্কুলে পড়ান হয়।

Dr. Radhanath Chattoraj:

কোন পাঠ্যক্রম আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এদের প্রাথমিক শিক্ষা আরম্ভ হয় বর্ণপরিচয় থেকে, সেখানে নিরক্ষরদের অক্ষর জ্ঞান আরম্ভ হয়।

[3-40—3-50 p.m.]

Dr. Radhanath Chattoraj:

এই শিক্ষকদের মাইনে কত?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

১০ টাকা করে য়্যালাউন্স দেওয়া হয়।

Dr. Radhanath Chattoraj:

শিক্ষকদের শিক্ষার যোগ্যতা কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

অন্ততঃ ম্যাট্রিকুলেশান পাশ।

Dr. Radhanath Chattoraj:

১০ টাকা মাইনেতে কি ম্যাট্রিক পাশ শিক্ষক পাওয়া যায়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মাইনে না, য়্যালাউন্স।

Sj. Subodh Banerjee:

এই ১০ টাকা য়্যালাউন্সের মধ্যে থেকে কি শিক্ষকদের তেলের বা অন্যান্য খরচ বইতে হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এর জন্য আলাদা কন্টিনজেন্সি দেওয়া হয়।

Dr. Radhanath Chattoraj:

এই নাইট স্কুলে পড়ার পর কি তারা হাই স্কুলে পড়ার জন্য যেতে পারে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না তা পারে না, তবে যেতে হলে প্রাইমারী স্কুল থেকে যাবে।

Sj. Somnath Lahiri:

এই নাইট স্কুলে পড়ার পর কি ছেলেরা আরও মূর্খ হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেটা মূর্খেরাই বলতে পারবে।

Sj. Suhrid Mullick Choudhury:

এই সমস্ত স্কুলে কজন করে শিক্ষক আছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কোন কোন স্কুলে ২ জন করে আছেন।

Sj. Monoranjan Hazra:

এই সমস্ত স্কুল কি আপনি ভিজিট করেছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না।

Dr. Radhanath Chattoraj:

পল্লী অঞ্চলে মাধ্যমিক স্কুলগুলিতে রাত্রে পড়াবার কোন ব্যবস্থা কি সরকার করবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

করা যেতে পারে, কিন্তু সেখানে সকলক্ষেত্রে লোকাল এনথুজিয়াজম নেই—অর্থাৎ উদ্যোগী লোক নেই সেখানে নয়।

Pay-scales of primary school teachers of the transferred territories of Islampur subdivision, district West Dinajpur

***75.** (Admitted question No. *2250.) **Shri Basanta Lal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বিহার হইতে আগত ইসলামপুর মহকুমার প্রাইমারী শিক্ষকদের বেতন জেলার অন্য অংশের শিক্ষকমহাশয়দের সমতুল্য কিনা;

(খ) না হইলে, বেতন সমতুল্য করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) কতদিনে উহা কার্যকরী করা হইবে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) হ্যাঁ।

(খ) এবং (গ) এই প্রশ্ন উঠে না।

Sj. Basanta Lal Chatterjee:

আপনি এখানে ক প্রশ্নের উত্তরে বলেছেন "সম পরিমাণ বেতন দেওয়া হয়"। কিন্তু কোন তারিখ থেকে এটা দেওয়া হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: 1st April, 1958.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Development of Public Libraries in Midnapore district

21. (Admitted question No. 1501.) **Shri Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় সরকারী, পরিচালনাধীন, সরকারী সাহায্যপ্রাপ্ত ও সাহায্যপ্রাপ্ত নহে অথচ অনুমোদিত, এই তিন প্রকারের কতগুলি পাঠাগার (লাইব্রেরী) রহিয়াছে;

(খ) কি কি শর্তে সরকার কোনও লাইব্রেরীকে সাহায্য দিয়া থাকেন এবং সরকারী পরিচালনাধীনে গ্রহণ করেন;

(গ) পল্লী-অঞ্চলে যাহাতে লাইব্রেরীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পায় তজ্জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(ঘ) কোন লাইব্রেরীর পরিচালক সমিতি গঠনের কোন নিয়মকানুন আছে কি; এবং

(ঙ) থাকিলে, তাহা কি আর কাহার নিকট মঞ্জুরী লইতে হইবে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) ১৯৫৭-৫৮ আর্থিক বৎসরে মেদিনীপুর জেলায়—

সরকার পরিচালনাধীন পাঠাগারের সংখ্যা—নাই।

সরকারী সাহায্যপ্রাপ্ত পাঠাগারের সংখ্যা—১৩৮টি।

সরকারী সাহায্য না দিয়া পৃথকভাবে কোন লাইব্রেরীকে কেবলমাত্র অনুমোদন দেওয়া হয় না।

(খ) সরকারী সাহায্য পাইতে হইলে পাঠাগারকে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করিতে হয়:

(১) পাঠাগার সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হয়।

(২) পরিচালক সমিতি শিক্ষা-অধিকার কর্তৃক অনুমোদিত হইতে হয়।

(৩) পাঠাগারের গ্রন্থসংখ্যা অন্যূন ৫০০ হইতে হয়।

(৪) পাঠাগারের বার্ষিক আয় অন্যূন ৩০০ টাকা হওয়া চাই।

(৫) পাঠাগারের বার্ষিক ব্যয় অন্যূন ৩০০ টাকা হওয়া চাই।

(৬) পাঠাগারের নিজস্ব গৃহ থাকা বাঞ্ছনীয় এবং ইহার সদস্যসংখ্যা অন্যূন ৫০ জন হওয়া চাই।

সাক্ষাৎ সরকারী পরিচালনাধীনে কোন সাধারণ পাঠাগারকে আনিবার ব্যবস্থা নাই।

(গ) সরকারী সাহায্য পল্লী-অঞ্চলের জনসাধারণকে নতুন নতুন লাইব্রেরী স্থাপনে উদ্যোগী ও উৎসাহিত করিতেছে। প্রত্যেক বয়স্ক শিক্ষার সঙ্গে একটি ক্ষুদ্রায়তন পাঠাগার স্থাপন করা হয়। পল্লী-অঞ্চলে সরকারী ব্যয়ে আঞ্চলিক (এরিয়া) এবং পল্লী পাঠাগার স্থাপন করা হইতেছে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) "ক" বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

পাঠাগারের পরিচালক সমিতির গঠনতন্ত্র শিক্ষা-অধিকর্তা কর্তৃক অনুমোদিত হয়।

Number of schools and students in West Dinajpur district and amount of building grants given to the schools

22. (Admitted question No. 1673.) **Shri Basantalal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার হিলি, বালুরঘাট, গঙ্গারামপুর, কালিয়াগঞ্জ, রায়গঞ্জ শহরে যথাক্রমে বালক ও বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) ঐ বিদ্যালয়গুলিতে স্থান হিসাবে যথাক্রমে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত;

(গ) ঐ বিদ্যালয়গুলির কতগুলিতে গৃহনির্মাণ বাবত অর্থসাহায্য দেওয়া হইয়াছে এবং ১৯৫৪-৫৫ হইতে ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত প্রতি বৎসরে ঐ বাবত কত টাকা খরচ হইয়াছে; এবং

(ঘ) পুনর্বাসন বিভাগ হইতে ঐসব বৎসরে ঐ স্থানগুলিতে বিদ্যালয়ের গৃহনির্মাণ বাবত ও অন্যান্য বিষয় শিক্ষা খাতে টাকা দেওয়া হইয়াছে কিনা, এবং দেওয়া হইলে, তাহার পরিমাণ প্রতি বৎসরে কত?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

এতৎসহ বিবরণী প্রদত্ত হইল।

(ক) পশ্চিম দিনাজপুর জেলার হিলি, বালুরঘাট, গংগারামপুর, কালিয়াগঞ্জ ও রায়গঞ্জ শহরের বালক ও বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:

স্থানের নাম।	উচ্চ বিদ্যালয়		জুনিয়ার হাই স্কুল		মোট	
	বালক	বালিকা	বালক	বালিকা	বালক	বালিকা
হিলি	১	১	..	১	১	২
বালুরঘাট	৪	১	..	..	৪	১
গংগারামপুর	১	..	.	..	১ } (up-graded)	..
কালিয়াগঞ্জ	১	১	..	..	১ } (up-graded)	১
রায়গঞ্জ	৪	১	১	..	৫	১
	১১	৪	১	১	১২	৫

(খ) [illegible]

স্থানের নাম	উচ্চ বিদ্যালয়		জুনিয়ার হাই স্কুল		মোট	
	বালক	বালিকা	বালক	বালিকা	বালক	বালিকা
হিলি	৩৬১	১০৮	...	১২	৩৬১	১২০
বালুরঘাট	১,৪১৩	৪০১	...	...	১,৪১৩	৪০১
গংগারামপুর	৪১১	...	...	...	৪১১	...
কালিয়াগঞ্জ	৫২৫	১৭০	...	...	৫২৫	১৭০
রায়গঞ্জ	১,০১০	৫৬০	২৫০	...	১,২৬০	৫৬০
	৩,৭২০	১,২৩৯	২৫০	১২	৩,৯৭০	১,২৫১

(গ) ১৯৫৪-৫৫ সাল হইতে ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত ঐ বিদ্যালয়গুলির মধ্যে নয়টি বিদ্যালয়ে গৃহনির্মাণ বাবত অর্থসাহায্য দেওয়া হইয়াছে। সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে প্রতি বৎসরে কত টাকা গৃহনির্মাণ বাবত খরচ হইয়াছে তাহার হিসাব নিম্নে প্রদত্ত হইল:

১৯৫৪-৫৫		১৯৫৫-৫৬		১৯৫৬-৫৭		তিন বৎসরের মোট	
সরকারী সাহায্য	স্থানীয় সংগ্রহ	সরকারী সাহায্য	স্থানীয় সংগ্রহ	সরকারী সাহায্য	স্থানীয় সংগ্রহ	সরকারী সাহায্য	স্থানীয় সংগ্রহ
টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
৭৫,৮৫০	১০,৭২৫	৮৫,৬৭২	১৬,৫৮০	১,৪৬,৮২০	১৮,১২৭	৩,০৮,৩৪২	৪৫,৪৩২

(ঘ) পুনর্বাসন বিভাগ হইতে এ-সব বৎসরে এ-স্থানগুলিতে বিদ্যালয়ের গৃহনির্মাণের জন্য এবং অন্যান্য সাহায্য কত দেওয়া হইয়াছে তাহার পরিমাণ নিম্নে প্রদত্ত হইল:

স্থানের নাম	১৯৫৪-৫৫		১৯৫৫-৫৬		১৯৫৬-৫৭		তিন বৎসরের মোট	
	গৃহনির্মাণ	অন্যান্য সাহায্য	গৃহনির্মাণ	অন্যান্য সাহায্য	গৃহনির্মাণ	অন্যান্য সাহায্য	গৃহনির্মাণ	অন্যান্য সাহায্য
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
হিলি	...	৪,৩৫৬	...	১,৬১৬	৭,২০০	৩,৮৯৬	৭,২০০	৯,৮৬৮
বালুরঘাট	৭,৫০০	১৯,৯৯২	...	২২,৮৪৩	৪,০০০	৩৫,৮০৭	১১,৫০০	৭৮,৬৪২
গংগারামপুর	৪,০০০	৩,২৫৯	...	৩,৪৭২	...	৩,৬৬৬	৪,০০০	১০,৩৯৭
কালিয়াগঞ্জ	...	৫,৭১৮	...	৩,০১৯	...	৯,৭১০	...	১৮,৪৪৭
রায়গঞ্জ	...	৯,৮৮৯	...	২১,৩৪৮	১৬,৭২০	২২,৮৩৪	১৬,৭২০	৫৪,০৭১
	১১,৫০০	৪৩,২১৪	...	৫২,২৯৮	২৭,৯২০	৭৫,৯১৩	৩৯,৪২০	১,৭১,৪২৫

Sj. Basanta Lal Chatterjee:
আপনি খ-প্রশ্নের উত্তরে বলেছেন যে "গৃহনির্মাণ বাবদ টাকা এবং অন্যান্য সাহায্য দেওয়া হয়", কিন্তু আমরা জানতে চাই যে স্কুল বিল্ডিংগুলি কিভাবে পাওয়া যায় এবং সরকার থেকে দেবার নিয়ম কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Please read the school code and you will learn.

Teachers' Training Institutions in the State

23. (Admitted question No. 1771.) **Shri Phakir Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) the number of Teachers' Training Institutions in existence in this State;

(*b*) the distribution of the Institutions, districtwise;

(*c*) the category and number of trainees which each Institution is sanctioned to admit;

(*d*) the number of Institutions under each category proposed to be set up during the Second Plan period; and

(*e*) what effective steps, if any, have been taken for the establishment of B.T. and Undergraduate Teachers' Training Institutions in the district of Burdwan?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) Seventy-eight.

(*b*) and (*c*) Statements "A" and "B" are laid on the Library Table.

(*d* Four Post-Graduate Training Colleges, five Undergraduate and Senior Basic Training Colleges, four Junior Basic Training Colleges, and two Pre-Basic and Nursery Teachers' Training Institutions have been set up since the beginning of the Second Five-Year Plan.

Starting more institutions are under contemplation subject to the availability of fund.

(*e*) One Undergraduate (Senior Basic) Training College has been set up at Saktigar, district Burdwan. B.T. Colleges are not set up on district basis.

Sj. Sunil Das:
২৩ 'বি' এবং 'সি'-এর উত্তর হিসাবে 'এ' এবং 'বি'-তে বলে
statement laid on the library table
তাতে দেখা যাচ্ছে যে বিভিন্ন জেলাতে প্রায় ১,৪০০ বি টি ছাত্রদের জন্য ব্যবস্থা আছে। আমার প্রশ্ন হল যে অদূর ভবিষ্যতে এই সংখ্যা জেলাওয়ারীভাবে বাড়াবার কোন প্রস্তাবনা আপনাদের আছে কিনা, এবং তা যদি থাকে তাহলে ক' বছরে এটা বাড়াবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
বি টি সম্বন্ধে আমাদের এমন কোন পরিকল্পনা নেই, তবে দ্বিতীয় উন্নয়ন পরিকল্পনার আমলে ৪টা নূতন কলেজ স্থাপিত হওয়ায় মোট হয়েছে ১২টি। প্রাইমারী ট্রেনিং সম্বন্ধে যেটা হচ্ছে জুনিয়ার বেসিক ট্রেনিং কলেজ—এখন উপস্থিত আমাদের রাজ্যে হচ্ছে ১৮টা। জুনিয়ার বেসিক ট্রেনিং ছাড়া পি টি স্কুল আছে ২৮টা—এর মধ্যে এ বছর আরও ৯টা জুনিয়ার বেসিক ট্রেনিং কলেজ এবং ৬টি পি টি স্কুল নূতন করা হচ্ছে। এ ছাড়া আমাদের পরিকল্পনা আছে যে ৯টা একজিস্টিং জুনিয়ার বেসিক এবং ১২টি পি টি স্কুল এক্সপ্যান্ড করা হবে।

Sj. Subodh Banerjee:

আমরা দেখছি যে পশ্চিম বাংলার সব জেলাতেই বি টি কলেজ নেই। এই অবস্থায় এক এক কলেজকে কি জোনাল বেসিকও করা যায় না? এর কারণ আপনাকে বলে দিচ্ছি যে আমি এ প্রশ্ন করছি। আমরা দেখছি
Institute of education for women
বিভিন্ন জেলা থেকে প্রার্থী আসছে। আবার সেই য়্যাপ্লিক্যান্ট কল্যাণীতে য়্যাপ্লিকেশান করছে, ক্যালকাটা ইউনিভার্সিটিতে করছে। অর্থাৎ সেম এ্যাপ্লিক্যান্ট ৬।৭ জায়গায় দরখাস্ত করছে। এর ফলে সিলেকশন করার ক্ষেত্রে গণ্ডগোল হচ্ছে। সেজন্য আমার জিজ্ঞাস্য হচ্ছে যে
in view of this fact and in view of these difficulties
এক একটা কলেজকে জোন করে ভাগ করে য়্যাডমিশান করার কথা আপনারা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমাদের বি টি কলেজ এখনই আরও বাড়াবার কোন পরিকল্পনা করা হয়নি, কারণ এত টাকা আমাদের বর্তমানে নেই। আপাততঃ আমরা জুনিয়ার বেসিক ট্রেনিং-এর ব্যবস্থাটা বেশি করছি। আপনি যে জোনাল বেসিক-এর কথা বলেছেন তাতে আমি বলছি যে জোনাল বেসিকে ভাগ করা যায় না। যেমন ধরুন ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ, বাণীপুর ট্রেনিং কলেজ ইত্যাদিকে জোন বিভাগ করে বলি যে ডেভিড হেয়ারে অমুক অমুক জেলার ছাত্ররা পড়বে, বাণীপুরে অমুক অমুক জেলার ছাত্র ছাড়া আর কেউ পড়তে পারবে না যদি বলেন তাতে আমি বলব যে সে ব্যবস্থা করা সম্ভব নয়।

[3-50—4 p.m.]

Sj. Sunil Das:

গত ৩ বছর ধরে কত ছাত্র বি টি কলেজে ভর্তি হতে যেয়ে ভর্তি হতে পারে নি, তার কোন হিসাব আপনি আমাদের দিতে পারবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এ প্রশ্নের উত্তর এখন দিতে পারি না, তবে যদি আপনি নূতন প্রশ্ন করেন উত্তর দিতে পারব।

Sj. Pabitra Mohon Roy:

এই প্রশ্নটা বর্ধমান ডিস্ট্রিক্ট নিয়ে করা হয়েছিল। আমার সাপ্লিমেন্টারি প্রশ্ন হল বর্ধমান ইউনির্ভাসিটি বিল পাস হয়ে যাবার পর বর্ধমানে বি, টি, কলেজ করার কি কোন পরিকল্পনা সরকার করছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: There is a B. T. College at Hooghly.

Sj. Pabitra Mohon Roy:

আমার প্রশ্ন হল বর্ধমান জেলায় কোন বি, টি, কলেজ করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

করতে হবে বৈকি। বিশেষতঃ ইউনিভারসিটি যখন করা হল, তখন করতে হবে।

Sj. Subodh Banerjee:

আমি একটু রিলিভ্যান্সি টেনে বলছি, যদিও এর সংগে খুব রিলিভ্যান্ট হবে না। আপনারা কয়েকটা বি, টি, কলেজ করেছেন যেখানে
both for male students and female students, as for example, Kalyani
কল্যাণীতে ছেলেরাও পড়ে, মেয়েরাও পড়ে, ছেলেদের থাকার হোস্টেল আছে, কিন্তু মেয়েদের থাকার হোস্টেল নেই। আমি জিজ্ঞাসা করি এইরকম জায়গায় কোন এ্যারেঞ্জমেন্ট আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
উপস্থিত আমি কিছু বলতে পারি না।

Sj. Subodh Banerjee: The Principal has written a letter to me. I shall show you that letter.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Very well, put up that letter and I shall see what it is.

Reservation of seats for educationally backward hill students of Darjeeling (other than Scheduled Castes and Tribes) in the State Medical and Engineering Colleges

24. (Admitted question No. 2031.) **Shri Deo Prakash Rai:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state the number of seats, if any, reserved for the educationally backward hill students of Darjeeling (other than Scheduled Tribes and Castes) in the following institutions:

(*i*) Calcutta Medical College;

(*ii*) N. R. Sarkar Medical College;

(*iii*) R. G. Kar Medical College;

(*iv*) Sibpore Engineering College; and

(*v*) Jadavpur Engineering College?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): No seat is specially reserved in the State Medical Colleges for the educationally backward hill students of Darjeeling (other than Scheduled Tribes and Castes) But there are districtwise allocation of seats for admission of the students of the respective districts of West Bengal. The quota of seats allocated for the students of Darjeeling in the M.B.B.S. course at the three State Medical Colleges are noted below—

(1) Medical College, Calcutta—2.

(2) N. R. Sarkar Medical College—2.

(3) R. G. Kar Medical College—2.

Admission in the B.E. College, Sibpore, is made strictly in order of merit. Nevertheless, all possible considerations are given to accommodate the students of Scheduled Castes, Scheduled Tribes and other backward class communities (including hill students of Darjeeling).

There are no reserved seats at the Jadavpur University for the backward hill students of Darjeeling.

Dr. Golam Yazdani:
আপনি উত্তরে এক জায়গায় বলেছেন
There are districtwise allocations for admission of students from the different districts of West Bengal.
এই ডিস্ট্রিক্টওয়াইজ এ্যালোকেশন কেন করেছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
তা না হলে সকল ডিস্ট্রিক্ট সুযোগ পাবে না। এইজন্য করা হয়েছে।

Dr. Golam Yazdani:

সাধারণতঃ দেখা যায় যে ফার্স্ট ডিভিসন ক্যান্ডিডেটস হয়ত কোন ডিস্ট্রিক্টে থাকে না কিন্তু সেকেন্ড ডিভিসন ক্যান্ডিডেটস অনেক থাকে। সেই ডিস্ট্রিক্টে যথেষ্ট সেকেন্ড ডিভিসন ক্যান্ডিডেটস থাকা সত্ত্বেও তাদের না দিয়ে কলকাতার ছেলেদের নেওয়া হয়। তাহলে এই এ্যালোকেশন-এর অর্থ কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ডিভিশনওয়াইজ শুধু নয়, এ্যাডমিশন টেস্ট করে নেওয়া হয়। প্রত্যেক কলেজের কমিটি আছে, তাঁরা এ্যাডমিশন টেস্ট করে নেন।

Dr. Golam Yazdani:

আমার প্রশ্নটা হচ্ছে আলাদা। ডিস্ট্রিক্টওয়াইজ এ্যালোকেশন যখন রয়েছে তখন প্রত্যেক ডিস্ট্রিক্ট থেকে সমান সংখ্যক ছেলে নেওয়া উচিত। যেরকমভাবে এ্যালোকেটেড রয়েছে সেই পার্টিকুলার ডিস্ট্রিক্ট থেকে হয়ত ফার্স্ট ডিভিশন ছেলে পাওয়া গেল না, সেকেন্ড ডিভিশন পাওয়া গেল......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

হাই সেকেন্ড ডিভিশন নেওয়া হয়।

Dr. Golam Yazdani:

হাই সেকেন্ড ডিভিশন-এর স্ট্যান্ডার্ড কি? কত মার্কস পেতে হবে?

[No reply]

Adjournment Motions

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, my adjournment motion runs thus:

> "The Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the failure of the Government to take action against the jotedars of the Naxalbari area of the Siliguri subdivision who have started an offensive against the bargadars of that area which culminated in the looting of 100 maunds of paddy from the field of a bargadar of the Kilaram Jote by about 100 persons and brutal assault by the same rowdies on the same bargadar and his wife causing serious injuries to both."

Dr. Golam Yazdani: Sir, my adjournment motion runs thus:

> "That the business of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, a big Jotedar of Habibpur P.S., Malda District, employed his men to cut and take away paddy crops from land cultivated and possessed by Santals under protection of fifteen armed police constables, thereby trying to dispossess and crush the rights of the Santal cultivators."

স্যার, একটা কথা আমি বলতে চাই। আমি যে এ্যাডজার্নমেন্ট মোশন দিয়েছিলাম, সেটাকে এডিট করা হয়েছে। আমি একটা ঘটনার কথা উল্লেখ করেছিলাম, তার একটা ডেট ছিল, সেই ডেটটা কি এমন দোষ করল যে সেই ডেটটা উঠিয়ে দেওয়া হয়েছে?

Mr. Deputy Speaker:

ডেটটা আপনার ঠিক ছিল না। এটা একটা আরজেন্ট ব্যাপার কিন্তু ডেটটা ঠিক ছিল না।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি যে হাওড়ার ঘুসুড়ি ক্যাম্পে ২॥ হাজার মত মানুষের ক্যাশ ডোল বন্ধ করে দেওয়া হয়েছে উইদাউট

শোয়িং এনি রিজন। দন্ডকারণ্যের নোটিশ তাদের দেওয়া হয়নি, কিছুই দেওয়া হয়নি। নারী, শিশু নির্বিশেষে সেই ২॥ হাজার লোককে গত মঙ্গলবার ক্যাশ ডোল দেবার কথা ছিল। আমি মনে করি তারা হয়ত অনাহারে আছে। কেন এটা করা হল, কি বৃত্তান্ত। আমি বুঝতে পারলাম না যে কেন এই ২॥ হাজার লোকের ক্যাশ ডোল একসঙ্গে বন্ধ করে দেওয়া হয়েছে।

Non-availability of Assembly Proceedings in time.

Shri Narendra Nath Sen: Mr. Deputy Speaker, Sir, we have not been receiving the Assembly proceedings since 1957. We are unable to make any reference to any previous speech or any proceedings of this House. You know, Sir, that previously there was the system of printing these proceedings twice—first the unrevised and then finally the revised edition. Even then, we used to get these proceedings in the next session, but for the last three years we are not getting any copy of the proceedings. May I know when we can expect to have these proceedings?

Mr. Deputy Speaker: I will see what can be done.

Point of information

Sj. Jyoti Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কালকে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর একটা বক্তৃতার কথা যখন বলছিলাম উনি তখন উঠে বললেন এইরকম কিছু উনি বলেন নি অর্থাৎ আমি বলছিলাম ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনকে জাতীয়করণ করার ব্যাপারে এবং এ সম্বন্ধে আমরা যে প্রস্তাব এনেছিলাম সে সম্বন্ধে উনি বলেছিলেন সেই পুরান কোম্পানীতে এই রকম মাল আছে, এই রকম মেসিন আছে, সেটা আমরা কেন নেব, আমরা নতুন তৈরি করব। আমি সেটা ১৯৫৫ সালের প্রসিডিংস থেকে পড়ে দিচ্ছি। এতে ডাঃ রায় বলেছেন

The question is whether we should take over, by paying compensation, an old concern or we shall generate electricity at Durgapur and other places.

অর্থাৎ উনি বলেছিলেন ওল্ড কনসার্ন। দ্বিতীয়তঃ, আর একটা কথা, ১৯৫৭ সালে এ্যাপ্রোপ্রিয়েশন বিল—গভর্নমেন্ট বিল আলোচনা করতে গিয়ে উনি বলেছেন

I will not take over and pay compensation to an old industry which was established fifty years ago and take over the machinery when the whole world is now busy working with new machinery. That would not be a very profitable concern.

কাজেই আমি কথাটা ভুল বলিনি। ওনার সেটা মনে ছিল না বলে আমি সেটা মনে করিয়ে দিচ্ছি।

GOVERNMENT BILL

The Oriental Gas Company (Acquisition) Bill, 1959

[4—4-10 p.m.]

Sj. Hemanta Kumar Basu:
মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, ওরিয়েন্টাল গ্যাস বিল সম্বন্ধে যেসমস্ত আলোচনা হয়ে গেল, যেসমস্ত ত্রুটি এবং গলদের কথা এখানে অবতারণা করা হল তাতে আমার মনে হয় যে ২॥ কোটি টাকা খরচ করেও ৩॥ মিলিয়ানের বেশী গ্যাস উৎপাদন করা যাবে না। কাজেই সেদিক থেকে ডাঃ রায়ের কাছে আবেদন করছি যে যখন দুর্গাপুর থেকে ৫।৬ মিলিয়ান গ্যাস পাওয়া যাবে, বিলের সম্বন্ধে যখন এইভাবে আলোচনা হয়েছে এবং এই ধরনের আলোচনা এ পর্যন্ত যখন কোন বিলে হয়নি এবং আমার মনে হয় কংগ্রেসী সদস্যরা মনে মনে ভাবছেন বিলটার আলোচনা না করে তুলে নিলে ভাল হয়, বিলটা যখন এনেছিলেন তখন হয়ত এত ত্রুটি এত গলদের কথা জানতেন না, এই সমস্ত বিবেচনা করে তিনি যেন বিলটা তুলে নেন এবং কলকাতা শহরে যে ৮ মিলিয়ান গ্যাসের দরকার তা ঐ দুর্গাপুর থেকে সরবরাহ করবার ব্যবস্থা করেন।

কলকাতা শহরে ৮ মিলিয়ান গ্যাসের দরকার বর্তমানে, কিন্তু পরে সারা শহরের জন্য গ্যাসের দরকার ৩০।৩৫ মিলিয়ান। কাজেই সেদিক দিয়ে এই ২২ কোটি টাকা খরচ করে যখন তার দ্বারা ব্যবস্থা করা যাবে না তখন দুর্গাপুরের দিকেই আমাদের সমস্ত প্রচেষ্টা নিবন্ধ করে সেখান থেকে প্রয়োজন মেটাবার ব্যবস্থা করা উচিত।

Sj. Bijoy Singh Nahar:
মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, আমি এই বিল সম্বন্ধে এই কথা বলতে চাই যে আজকে কলকাতা শহরে চারিদিকে যেভাবে ধুঁয়া রয়েছে সেটা যত তাড়াতাড়ি সরান যায় তার ব্যবস্থা নিশ্চয়ই করা উচিত। আমি তাই আমাদের মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই যে এরকম একটি পরিকল্পনা তিনি এখন করেছেন যাতে কলকাতা শহরের ধুঁয়োর জন্য মানুষের যে অসুবিধা আছে সেটাকে সরিয়ে দেবার ব্যবস্থা করেছেন। তার সঙ্গে বলব গ্যাস কোম্পানী নিয়ে কলকাতার জন্য গ্যাসের ব্যবস্থা যদি সুন্দরভাবে করা যায় তাহলে জনসাধারণ নিজেদের বাড়ীতে সস্তায় রান্নার ব্যবস্থা করতে পারে, ধুঁয়ার হাত থেকে নিষ্কৃতি পেতে পারে। অনেক দিন আগেই এই পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল। আজকে যেটা এনেছেন সেটা খুব ভাল জিনিস আমি অন্ততঃ তাই মনে করি। দুইদিন ধরে এই বিলের এখানে আলোচনা চলছে। আমি বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের আলোচনা যখন শুনছিলাম তখন সাধারণভাবে আমার মনে হচ্ছিল তাদের যে স্বভাব সেই স্বভাবের উপরে তারা আলোচনা করছেন—তারা সব সময় ভাল জিনিসের মধ্যে কতটা খারাপ বের করা যায় তার চেষ্টা করেছেন এবং সঙ্গে সঙ্গে ব্যক্তিগত আক্রমণ করা সেটা তাদের স্বভাব তা তারা করেছেন এবং ভাল জিনিসকে হেয় করবার চেষ্টা করেছেন এবং এই বিলের আলোচনায় অনেকবার এই আক্রমণের মনোভাব দেখিয়েছেন। আমি তাদের কাছে আপনার মাধ্যমে বলতে চাই যে ব্যক্তিগত আক্রমণ করে কাউকে ছোট করে ভাল কাজ কোনদিনই বন্ধ করা যায় না এবং অপরকে গালাগাল দিয়ে নিজের গায়ে লাগে সেটা মাননীয় সদস্যরা যেন ভুলে না যান। আমি আরও মনে করি যারা যে-কোন কাজের পিছনে নিজেদের স্বার্থ নিয়ে কাজ করেন যেমন এর পূর্বে আমরা দেখতে পেয়েছি যে চালের কারবারে অন্ধ্র রাইস ডিল-এ নিজেদের স্বার্থ নিয়ে ব্যবস্থা হয়েছিল কিংবা বিড়লার সঙ্গে প্যাকট করে কেরালায় যে ব্যবস্থা হয়েছিল তার পিছনে যে মন ছিল, সে স্বার্থসিদ্ধির প্রশ্ন ছিল সেই মন নিয়ে যারা কাজ করেন তারা সমস্ত জিনিসের পিছনে স্বার্থসিদ্ধির কথা ছাড়া আর কিছু ভাববেন কি করে? তারা অপরের কনসপিরেসির কথা, অপরের ব্যক্তিগত কথা নিয়ে আলোচনা করতে উদ্যোগী হন। আর একটি কথা বলতে চাই কালকের বক্তৃতায় ডাঃ রায়ের সম্বন্ধে একজন বক্তা এমন কয়েকটি কথা বললেন

[Noise and disturbance from the Opposition benches]

আমি শুধু বলব নিজেরা কত নীচু এবং ছোট হতে পারেন তার উদাহরণ দেখতে পেয়েছি। কিন্তু এত গর্ব আলোচনার মধ্যে দেখতে পেয়েছি বিরোধীপক্ষের সদস্যরা এই কথা মেনে নিয়েছেন যে এই গ্যাস কোম্পানি ভালভাবে চলতে পারছে না সরকারের হস্তক্ষেপ করা উচিত, ইমিজিয়েটলি

একে সরকারের গ্রহণ করা উচিত। এটা ঠিক যে কলিকাতাবাসীরা যাতে ভাল করে গ্যাস পায়, যে গ্যাস-এর আলোগুলি এখনও আছে সেগুলি ভাল করে যাতে জ্বলে এ সম্বন্ধে কারও দ্বিমত নেই। এজন্যে আমি মনে করি সরকারের এই গ্যাস কোম্পানির ব্যাপারে নিশ্চয়ই হস্তক্ষেপ করা উচিত। এই বিল আমরা পেয়েছি, পড়েছি এবং এক্সপার্ট কমিটির যা রিপোর্ট আছে সেটা আমরা দেখেছি। কিন্তু এসবের মধ্যে আমরা বর্তমানে কোম্পানির কি অবস্থায় আছে কি এর এ্যাসেটস আছে, কি লায়াবিলিটিস আছে কি নেই কিছুই জানতে পারি নি। একজন মাননীয় সদস্য বলেছেন যে, কোম্পানি ইতিমধ্যে তাদের কিছু জায়গা জমি যন্ত্রপাতি বিক্রি করতে আরম্ভ করেছে। আমরা মনে করি হয়ত কোম্পানী যখন হিসাবপত্র দেবেন তাদের লাভের অঙ্ক দেবেন সেগুলি ঠিকমত দেবেন না—অনেক বাড়িয়ে হয়ত দেবেন—আরও অনেক রকমের গোলমাল এর মধ্যে সৃষ্টি করতে পারেন। আমি এসব বিষয়ে এ পক্ষের সদস্যদের সঙ্গে আলোচনা করেছি। আমরা মনে করি যে বর্তমানে এইভাবেতে এই কোম্পানী না নিয়ে সরকার যদি এর ম্যানেজমেন্ট এখুনি গ্রহণ করবার ব্যবস্থা করেন এবং কনস্টিটিউশন-এর ৩১এ(১)বি ধারা প্রয়োগ করে কয়েক বছরের জন্য কোম্পানীর ম্যানেজমেন্ট হাতে নেন এবং পরে কিভাবে এই কোম্পানীকে জাতীয়করণ করা যায় বা নেওয়া যায় তা বিবেচনা করলে বোধহয় ভাল হবে। তাই আমি অনুরোধ জানাচ্ছি আমাদের কংগ্রেস বেঞ্চ-এর তরফ থেকে যে এই বিল যেভাবে আপনারা এনেছেন সেভাবে না করে এখন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির ম্যানেজমেন্ট আপনারা নিন, তার পরে আবার সমস্ত দেখেশুনে নিয়ে এ্যাসেটস অ্যান্ড লায়াবিলিটিস সব জেনেশুনে একে জাতীয়করণের ব্যবস্থা যেন করা হয়। এই আমার বক্তব্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Deputy Speaker, Sir, I am glad that this Bill was placed before the House because it has clarified certain issues for which the people of this State were greatly exercised. There is no doubt whatsoever that the present Gas Company services are very unsatisfactory. There is no doubt whatsoever that those who use the gas do not get it properly. Shri Siddhartha Ray says he should have never used the gas ring in his house which was put, as he says, at my instance. Sir, it is not a fact. In any case, I hope cooking by gas is cleaner. I was told that Bengali food cannot be cooked in gas ring. I deny that charge because everyday I have food which is cooked in gas ring.

Sir, I have been approached by various industrialists, big and small, who have complained to me that they do not get enough gas for the purpose of blowing their ampoules or for the purpose of filling their ampoules, or utilising it for the purpose of sterilising etc. There is no doubt whatsoever either, as you have noticed, that the illumination of the lamps in Calcutta area has been very defective. Therefore we felt that now that the coke oven plant has been functioning and we have got coke oven gas available we might utilise that gas for the purpose of using it for the people of this State.

My friend Shri Deben Sen thinks this is a conspiracy. Well, evil mind always thinks of evil. There is no conspiracy at all. As a matter of fact, let me tell him that not only the Company's Director but also the members of the Bengal National Chamber of Commerce and industrialists from Bombay have written very strongly against the provision of the Bill, for they thought it was not a case of compensation but of expropriation.

[4-10—4-20 p.m.]

Therefore it is not a question of conspiracy; it is merely a question of how to serve the people. Here is some gas available—7 to 8 million cft. of gas. It would be a pity if I am to throw away the gas at Durgapur and not utilise it for the service of our people in the State. The trouble is not that; the whole trouble was—and I believe I have sensed the feeling of the House—I believe that the majority of people would like to have better gas service in Calcutta. The only difficulty that came in is why should I take

the Gas Company? Some people suggested, why should I not have a new distribution system in Calcutta. The other point raised was, why should I pay to this man a very large sum? I will address myself to these particular points immediately. Meanwhile let me give specific answers to points raised by my friends.

